NOT TO BE LENT OUT

NOT TO BE LENT OUT

লুপ্তরত্নোদ্ধার

বা

৺ প্যারী চাঁদ মিত্রের গ্রন্থাবলী।

বঙ্গের সুপ্রসিদ্ধ লেখক শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

বিরচিত ভূমিকা সহিত।

GEMS

RECOVERED FROM THE DEEP

OR

THE WORKS IN BENGALI

OF

PEARY CHAND MITTRA.

কলিকাতা;

শ্রীযোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।

১২৯৯ সাল।

NOT TO BE LENT OUT 2 7 88

সমালোচনা।

"* * ইহ সংসারে তাঁহার প্রধান গৌরব, প্রধান যশ—তাঁহার 'আলালের ঘরের দুলাল'। যখন বাঙ্গালা ভাষায় উপন্যাসের জন্ম হয় নাই, লোকে যখন সহজ কথায়, সাধারণের ভাষায়, গদ্য লিখিতে শিখে নাই—প্যারীচাঁদ চুটকি সুরে, সাধারণের বোধগম্য ভাষায় 'আলালের ঘরের দুলাল' নামক উপন্যাস রচনা করেন। বঙ্কিম বাবু এখন যে সুরে গাইতেছেন, সেই সুরের প্রথম জন্মদাতা—প্যারীচাঁদ। তবে বঙ্কিম বাবুর সুর মার্জ্জিত, বিশদ,—শিশির-ধৌত চম্পকবৎ,—প্যারীচাঁদের সুর খনির তিমির গর্ভস্থ হীরক, পাঁশে ঢাকা আগুন। প্যারী বাবু সংস্কৃতী গদ্যের স্রোত ফিরাইলেন,—সেইজন্য বঙ্গভাষা তাঁহার নিকট বিশেষ ঋণী। * * 'রামারঞ্জিকা'—এখানি স্ত্রীলোকের পাঠ। * * তৎকৃত ডেভিড হেয়ারের জীবনচরিত সুখপাঠ্য।" বঙ্গবাসী। ১৬ই অগ্রহায়ণ, ১২৯০ সাল।

"প্যারী চাঁদ ও কালী প্রসন্ন সিংহ বাঙ্গালা ভাষায় তরল সাহিত্যের প্রথম প্রবর্ত্তক। তাঁহার (প্যারী চাঁদের) 'আলালের ঘরের দুলাল' এক দিকে দূষিত রীতিনীতির উপর তীব্র বিদ্রূপ, অন্যদিকে মহামূল্য উপদেশে পূর্ণ। 'আলালের ঘরের দুলাল' বাঙ্গালা ভাষার প্রথম উপন্যাস। তিনি মদ্যপান ও জাতি ভেদ আক্রমণ করিয়া "মদ খাওয়া বড় দায় জাত থাকার কি উপায়" নামক এক সুন্দর পুস্তিকা লেখেন। স্ত্রীশিক্ষার জন্য নীতি উপদেশ ও আদর্শ স্ত্রী জীবনী সম্বলিত 'রামা রঞ্জিকা' নামক এক গ্রন্থ বাহির করেন।"

সঞ্জীবনী। ১৬ই অগ্রহায়ণ, ১২৯০ সাল।

"বাঙ্গালা ভাষার প্রথম উপন্যাস, আলালের ঘরের দুলাল, ইঁহার লেখনী সম্ভূত। রামারঞ্জিকা, যৎকিঞ্চিৎ, অভেদী, আধ্যাত্মিকা, গীতাঙ্কুর, বামাতোষিণী, কৃষিপাঠ প্রভৃতি পুস্তক প্রনয়ন করিয়া বাঙ্গালা ভাষা, স্ত্রীশিক্ষা ও ধর্ম্ম শিক্ষার বিশেষ সহায়তা করিয়াছেন।"

সময়। ১৮ই অগ্রহায়ণ, ১২৯০ সাল।

"ইঁহার লিখিত বাঙ্গালা গ্রন্থ এখনও আদরে পঠিত হইয়া থাকে। 'আলালের ঘরের দুলাল' বহুদিন তাঁহার যশ রক্ষা করিবে।" চারুবার্ত্তা। ২৫শে অগ্রহায়ণ, ১২৯০ সাল।

"বাবু প্যারী চাঁদ মিত্রের রচিত বাঙ্গালা পুস্তকের মধ্যে 'আলালের ঘরের দুলাল' এক খানি উৎকৃষ্ট পুস্তক।" এডুকেশন গেজেট। ১৫ই অগ্রহায়ণ, ১২৯০ সাল।

"* * মাতৃভাষাকে পুষ্ট করিবার জন্য তিনি যে বিশেষ প্রয়াস পাইতেন—'আলালের ঘরের দুলাল' তাহার উজ্জ্বল দৃষ্টান্ত * *।"

প্রভাতী। ১৪ই অগ্রহায়ণ, ১২৯০ সাল।

OPINIONS.

Allàler Ghorer Dulál.

Extract from the Introductory Essay in the English Translation of *Kapálkundalá* by H. A. D. Phillips, Esq., C.S.

"The above remarks are merely general, and there exist of course bright and notable exceptions, among whom may be mentioned the names of Peary Chand Mittra (the father of Bengali novelists), Bunkim Chandra Chatterji, Romesh Chandra Dutt, and Tarrak Nath Ganguli. The "Allaler Ghorer Dulal" of the first-mentioned author may be called a truly indigenous novel, in which some of the reigning vices and follies of the time are held up to scorn and derision. A deep vein of moral earnestness runs through all the writings of Peary Chand Mittra and he takes the opportunity to interweave with the incidents of his story disquisitions on virtue and vice, truthfulness and deceit, charity and niggardliness, hypocrisy and straightforwardness. Not only general vices, such as drinking and debauchery, but particular customs, such as a Kulin marrying a dozen wives and living at their expense, are condemned in no measured terms. The book is written in a plain colloquial style, which, combined with a quiet humour, procured for it considerable degree of popularity. Towards the latter end of his life Peary Chand Mittra gave up novel writing and wrote several pamphlets on religious subjects and short memoirs of eminent men, of which the "Life of David Hare" (first written in English and then translated into Bengali) is best known."

BABU Peary Chand Mittra, who writes under the *nom de plume* of Tekchand Thakur, has produced the best novel in the language, *Allaler Ghorer Dulal*, or "The spoilt Child of the House of Allal." He has had many imitators, and certainly stands high as a novelist. His story might fairly claim to be ranked with some of the best comic novels in our own language, for wit, spirit, and clever touches of nature.

He puts into the mouth of each of his characters the appropriate method of talking, and thus exhibits to the full the extensive range of vulgar idioms which his language possesses.

The literature of a nation to be of any value must be a vigorous spontaneous growth, not a hot-house plant. Translations of Goody Children's Stories, or Histories of India, Dialogues on Agriculture, Robinson Crusoe, and the like, though useful for school boys, do not form a national literature. No Tekchand Thakur appears yet to have arisen in Gujarat.—*John Beames' Modern Aryan Languages of India.*

WE hail this book as the first novel in the Bengali language. Tek Chand Thakur has written a tale, the like of which is not to be found within the entire range of Bengali literature.

Our author's quiet humour reminds us of Goldsmith, while his livelier passages bring to our recollections the treasures of Fielding's wit. With our whole heart, we wish success to the author of the first novel in the Bengali language.—*Calcutta Review*, Vol. 31.

It was reserved to Tek Chand Thakur to deal the first blow to this insufferable pedantry, and all honor to the man who did it.

Endowed as he was with strong common sense, as well as high culture, he saw no reason why this idol of unmixed diction should receive worship

NOT TO BE LENT OUT

it his hands, and he set about writing *Alaler Gharer Dulal* in a spirit at which the Sanskritists stood aghast and shook their heads. Going to the opposite extreme in point of style, he vigorously excluded from his works, except on very rare occasions, every word and phrase that had learned appearance. His own works suffered from the exclusion, but the movement was well-timed. In matter he scattered to the winds the time-honoured common places, and drew upon nature and life for his materials. His success was eminent and well deserved.—*Calcutta Review, Volume* 52.

Mada Khaoya Bara Daya Jat Thakar Ki Upaya.

WE are right glad to meet Tek Chand Thakur again so soon. He made his first appearance before the public as a novelist; and he comes now to us as a satirist, or, what Thackeray would call, a "humourist." Tek Chand Thakur's satirical powers are of no mean order. What the poet says of Chesterfield is true of our Thakur.

"——His well tempered satire, smoothly keen,
Steals through the soul, and without pain corrects."

Unlike Dutch painters, he does not indulge in minute delineations, but finishes off his business by a few masterstrokes. The chief subject of the picnic sketched before us is Drunkenness, of which several species are racily described; while sundry anecdotes of first-class Bengali drunkards are told with infinite drollery. Nor does the author display less skill in depicting the detestable hypocrisy of those *Brahmans* and heads of the *dals*, who, themselves devoted followers of Bacchus, sit in judgment over, and fulminate threats of excommunication against, the bold innovator in his country's customs.—*Calcutta Review*, Vol. 32.

Ramaranjika.

I HAVE to thank you very much for your kind gift of the Ramaranjika. It is a very fine little book which I have read with interest. It is the very sort of thing to put into the hands of female pupils, the language having the rare excellency of being free from the bombastic on the one hand and vulgarity on the other, and the subjects being calculated to furnish the mind with useful information, and to impart a healthy impetus to its thinking powers. It has, in fact, all the characteristics of your chaste style, long experience, and familiar knowledge of the mental state of our community.

As remarked at the meeting of the Sub-Committee last week, some extracts from it (with your permission of course) may be advantageously taken for the Bengali Entrance Course of the University, for our young men may also benefit by the reading of the book as well as our young women.

15th November, 1877. (Sd.) K. M. BANERJEA.

Jat Kinchit, by TEK CHAND THAKUR.

THIS is a little Bengali work from the pen of the native gentleman to whom are already due those real and animated pictures of native social life which we have had in the Spoilt Child of the Family, and other similar publications. On this occasion the author aims at something higher than a mere description of the manners and customs of his countrymen, or the acquisition and management of landed estates, or the impurities and anomalies of our Mofussil Courts. We know not how we can describe this volume better, than by saying that it is a short treatise, in

ten chapters, relative to the existence and attributes of the Deity, the immortality of the soul, and the existence of a future state, the laws of God's government, and the modes by which the Deity is to be worshipped, sought, and found. The form of the story is as follows :—Two brothers, named Gyananda and Premananda, endowed with sound morality, and of pious, mild and devotional habits, proceeded by railway to visit several well-known places, such as Bhaugulpore, Monghyr, Bankipore or Patna, Allahabad and Agra. At each of these stations they remain some time, alighting at divers' houses and partaking of native hospitality. They gather round them a small band of curious & attentive listeners, and discuss unaffectedly and earnestly the vast and important subjects which we have alluded to above. The work is written in clear and forcible Bengali, ranging from the lowest conversational style to a diction not unworthy of the topics which the work discusses. While the duty of prayer, the reward of good, the punishment of evil, and the necessity of faith in God are advocated, illustrations and morals are aptly drawn & pointed from incidents startling or familiar to Indian residents, such as death from a snake bite, destructive storms in the Ganges, and raging fires in the bazar.

We hail this little work as a sure sign of enquiry and rational progress. It brings home forcibly to the Bengalis the paramount duties of prayer, of earnestness, and of good works. It is written by one of themselves. And though it does allude to spirit-rapping as an evidence of a future state, and necessarily comes short of the great truth of Christ's atonement for sin which it required a Revelation to make known to man, the whole tone of the book is eminently healthy and sound. That Hindus, and Bengalis especially, possess several amiable and good qualities, is denied by none, even of those who grieve the most over their inertness, corruption, and incapacity for truth. If native society could be only leavened with the principles of this little work, if those, who profess to lead native thought, were not only acting thereon themselves, but were steadily seeking to impregnate the minds of their numerous relatives and dependants with such active doctrines, the Bengali might surpass other races of India in sterling virtues and in real earnestness, as much as he excels them in docility, in patience, in quickness of perception, and in aptitude for various kinds of intellectual work. But till this "far off divine event" shall happen, we can only commend the isolated reformer, who devotes his time and energies to the moral improvement of his fellows, while we lament either the utter apathy and indifference of the majority of his rich countrymen, or denounce and protest against that spurious sort of energy which expends itself in pretentious addresses, captious criticism, and general obstructiveness to reform and law. Meanwhile, we heartily commend this well-timed little work to Europeans who know Bengali, and to the educated portion of the native community.—*Friend of India for* 1865.

Culture of Hindu Females in Ancient Times, showing that Hindu females were brought up spiritually.

MAHARANEE SURNOMOYEE, *Member of the Imperial Order of the Crown of India, Cossimbazar*, a most respected, pious, and literary lady, writes as follows :—

I received your much esteemed letter, as also your very excellent work. I have perused the latter several times, and each time I perused it, I was delighted and amused in the highest degree. To say the least, the work is worthy of the hand it came from, and will add to the many ornaments of Bengali literature, I need hardly remark that to *my sex*, for whose particular benefit it has been written, the work is an acquisition.

রামারঞ্জিকা।

শ্রীটেকচাঁদ ঠাকুর কর্ত্তৃক বিরচিত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।

সন ১২৯৯ সাল।

BHOWANIPORE :

B. M. BOSE : SAPTAHIK SAMBAD PRESS.

1892.

PREFACE.

—oo—

The want of suitable books for the Hindu Females has induced the writer to undertake this little work, the contents of which are as follow. , Though he is aware that he has not been able to do justice to the subjects treated of in this publication, he hopes that the imperfections will be overlooked as the book is the first attempt of the kind.

The first sixteen papers are in the form of a dialogue (Household Words) between a Husband and Wife. Papers Nos. 1, 2 and 3 treat of Female Education in an intellectual, moral and industrial point of view. Paper No. 4 treats of the great efficacy of maternal instruction with notices of the mothers of Sir W. Jones, Poet Gray, Bishop Hall, George Herbert, John Wesley and of Queen Victoria. Paper No. 5 treats of Exemplary Female Benefactresses with notices of Mrs. Fry, Margaret Mercer, Hannah More, Florence Nightingale, Mrs. Rowe and Rosa Govana. Paper No. 6 treats of Female Fortitude with notices of Spartan Mothers, Cornelia the mother of the Grachii, Kowsula, Coontee, Seeta, Drowpadee &c. Paper No. 7 is on the Spiritual Culture. Paper No. 8 is on the Government of the Passions. Paper No. 9 is on Self-Examination with notices of the modes followed by Benjamin Franklin, John Gurney and Pythagoras. Paper No. 10 is on Truth and the Shastrical authorities strongly inculcating it. Paper No. 11 is on the efficacy of Prayer, on Repentence &c. Paper No. 12 is on the Duties of a Faithful Wife as laid down in the Shastra. Papers No. 13 and 14 contain short biographical sketches of distinguished faithful wives, *viz.*—Sutee, Seeta, Sabhitree, Damayantee, Lopamoodra, Chinta, Foolara, Khoolana, and Bahoola. Paper No. 15 is on the Duties of the Husband. Paper No. 16 is on the former state of the Hindu Females

considered with reference to the cultivation of letters, marriage, seclusion, and concluded with remarks as to the real advancement of every country depending on the education of Females. Paper No. 17 is on the Japanese Women with notice of a Japanese Lucretia. Paper No. 18 is a Tale illustrative of a Good Wife. Paper No. 19 (A dream) is on the Paths to Virtue and Vice (Choice of Hercules) and Paper No. 20 is a Tale showing what a Holy Woman can do.



রামারঞ্জিকা।

(১) গৃহকথা, স্ত্রী শিক্ষা—জ্ঞানকরী বিদ্যা। সংখ্যা ১।

হরিহর ও তাঁহার স্ত্রী পদ্মাবতী আপনাদিগের কন্যার শিক্ষার বিষয়ে যে কথোপকথন করিয়াছিলেন, তাহা বিস্তার পূর্ব্বক লেখা যাইতেছে।

পদ্মাবতী। ওগো, আমাদের মেয়ে কামিনীর প্রায় আট বৎসর বয়স হইল, ভাল একটী বর দেখ, বিয়ের সময় হইয়াছে।

হরিহর। বিবাহের জন্য এত ব্যস্ত কেন? কন্যার বয়ঃক্রমই কত, আরও চার পাঁচ বৎসর অপেক্ষা করা যাইতে পারে।

পদ্মাবতী। ওমা আরো চার পাঁচ বছর মেয়েকে কেমন করে আইবড় রাখ্‌বো? বার তের বছরের মেয়ে আইবড় থাকিলে লোকের কাছে কেমন করে মুখ দেখাব? আর ছোট ব্যালা বে দিতে কি তোমার সাদ যায় না? অধিক বয়সে বিয়ে দিলে একটা মস্ত দিক্‌ধাব্‌ড়ে জামাই আস্‌বে, ছেলে ব্যালা বে দিলে ছোট জামাই হবে—দেখ্‌তে ভাল—শুন্‌তে ভাল —যেমন পুতুল খেলার মত।

হরিহর। অল্প বয়সে বিবাহ দেওনের দোষ গুণ পরে বলিব; এখনকার কথা জিজ্ঞাসা করি, মেয়ে কি পর্য্যন্ত লেখা পড়া শিখিয়াছে বল দেখি? আমি পুনঃ২ তোমাকে কহিয়াছি, বাড়ীর গুরুমহাশয়ের নিকট প্রতিদিন কন্যাকে পাঠাইয়া দেও, পাঠাও কি না?

পদ্মাবতী। গুরুমহাশয়ের নিকট পাঠাইয়াছিনু, মেয়ে বড় অল্‌বড্যা; অস্থির, পাঠশালা হতে পালিয়া আস্‌তো, আর ছেলে মানুষ—খেলাতেই মন।

হরিহর। এ বিষয় আমাকে কেন জানাও নাই? এ তো ভাল কর্ম্ম হয় নাই, কন্যার শিক্ষা হইতেছে না, এ যে বড় মন্দ!

পদ্মাবতী। এমন মন্দই বা কি, মেয়ে মানুষ লেখা পড়া শিখে কি কর্‌বে? সে কি চাকুরি করে টাকা আন্‌বে? মেয়েছেলে লেখা পড়া শিখ্‌লে বরং লোকে নিন্দা কর্‌বে। রবিবার দিন দিদির কাছে গিয়াছিনু, সেখানে মাসী মামী পিসী সকলেই আসিয়াছিলেন; তাঁহাদের নিকট মেয়ের লেখা পড়ার কথা উপস্থিত হইলে তাঁহারা সকলে বল্‌লেন মেয়ে মানুষের লেখা পড়া শেখায় কার্য কি? আবার কেউ২ বল্‌লেন, মেয়ে মানুষ লেখা পড়া শিখ্‌লে বিধবা হয়। মাগো মা! সে কথাটা শুনে অবধি মনটা ধুক্ পুক্ কর্‌ছে। কায নাই বাবু আর লেখা পড়ায় কায নাই! মেয়ে আমার অমনি থাকুক। যে

কয়েক দিন পাঠশালে গিয়াছিল তার দোষ কাটাবার জন্যে ঠাকুরের কাছে তুলসী দেওয়াবো।

হরিহর। লেখা পড়ার প্রতি তোমার এত দ্বেষ কেন? তুমি যে সকল কথা বলিলে ক্রমেং তাহার উত্তর দিতেছি। শুন—শিক্ষা দুই প্রকার—জ্ঞান করী ও অর্থকরী*। জ্ঞানকরী শিক্ষাতে সুবিবেচনা ও ধর্ম্মে মতি হয়। অর্থ-করী শিক্ষা উপার্জ্জনের পথ। পুরুষের এই দুই প্রকার শিক্ষা পাওয়া উচিত। বল দেখি, উত্তম বিবেচনা ও ধর্ম্মে মতি এবং উপার্জ্জনের ক্ষমতা যে পুরুষের না থাকে, সংসারে তাহার কি গতি হয়?

পদ্মাবতী। এমন পুরুষের কোথাও মান থাকে না। বাহিরে দশ জনার কাছে বস্‌তে পান না, বাড়ীতে স্ত্রী পুত্রও দূর ছি করে। আরং লোকের কথা কি দশবার ডাকিলে চাকরেরাও এক ছিলিম তামাক দেয় না। যেমন আমার বনপো মূর্খ হইয়া গোঁয়ার গাঁজাখোর ও চোর হইয়াছে তাহাকে যে দেখে সেই দূর ছি করে। কিন্তু আমার ভাইপো লেখা পড়া শিখে ভাল হয়েছে ও দশ টাকা উপায় কর্‌তেছে। তার কেমন মান সম্ভ্রম! লেখা পড়া না শিখিলে পুরুষের বাঁচা মিথ্যা।

হরিহর। তুমি স্বীকার করিলে পুরুষের শিক্ষা করা আবশ্যক, কেননা তদ্‌ভাবে অবিবেকতা, দুষ্কর্ম্মে প্রবৃত্তি ও অর্থোপার্জ্জনে অক্ষমতা হওয়াতে জীবন বৃথা হয়। তবে স্ত্রীলোকের সদ্বিবেচনা ও ধর্ম্মজ্ঞান হওয়া কি আবশ্যক নহে? যে স্ত্রীলোকের সদ্বিবেচনা ও ধর্ম্মে মতি না হয়, তাহাকে কি তাহার স্বামী ভাল বাসে ও সন্তান সন্ততি কি মনের সহিত সম্মান করে, না তিনি গৃহ ও সাংসারিক কর্ম্ম সকল উত্তমরূপে সম্পন্ন করিতে পারেন? যে গৃহের গৃহিণীর সদ্বিবেচনা ও ধর্ম্মে মতি নাই, সে গৃহ ত্বরায় ছিন্নভিন্ন হইয়া যায় ও সেখানে শীঘ্র অলক্ষ্মীরও দৃষ্টি পড়ে।

পদ্মাবতী। কিসে সদ্বিবেচনা হয় ও সদ্বিবেচনা কাহাকে বল? অনেক মেয়েমানুষ লেখা পড়া করে না বটে, কিন্তু তাহাদিগের বেস বিবেচনা—যেমন আমার মেজো ভাজ। কেমন আঁট্য শাঁটা—সকলকে নিয়ে সংসার কর্‌তেছে। সকলেই বলে, তাহার বুদ্ধি শুদ্ধি বড় ভাল।

হরিহর। তোমার মেজ ভাজ শেয়ানা বটে, কিন্তু সর্ব্বপ্রকারে চৌকোস নহে। তিনি চারি আনার বাজারের এক আনা কসুর কাটিয়া বাঁচাইতে পারেন কিন্তু কি প্রকার আহার ও নিয়ম পালন করিলে ও কোন্ স্থানে থাকিলে সন্তান সন্ততি ভাল থাকে—কি প্রকারে তাহাদিগকে লালন পালন ও রক্ষণা-বেক্ষণ করিতে হয়—কি প্রকারে তাহাদের সদুপদেশ হইতে পারে,—কি প্রকার ব্যক্তির সহিত তাহাদের সহবাস করা উচিত—কি প্রকারে তাহাদি-গের স্বভাবের উন্নতি হইতে পারে এ সকল বিষয়ে তাঁহার কিছু মাত্র বুদ্ধি

* শ্রেণি অল্প করিবার জন্য "জ্ঞানকরীর অন্তর্গত নীতিকরী" করা গেল।

নাই। তাঁহার তৃতীয় পুত্র পীড়িত হইলে ডাক্তার কহিলেন, শীঘ্র ভাল স্থানে না গেলে আরাম হইবে না। তোমার ভাজ কহিয়া বসিলেন, আমি ছেলেকে কোথাও পাঠাব না— এত কালের কি লোকে বাটীতে থেকে আরাম হয় নাই? তাহাতে তিন মাস পরেই তাঁহার সেই পুত্রটী মরিয়া গেল। অপর তাঁহার দ্বিতীয় পুত্র যাদবের চট্টগ্রামে উত্তম কর্ম্ম হইয়াছিল, সে যাত্রা করিয়া যায় তিনি কাঁদিতে আরম্ভ করিলেন—"বাবারে তোকে না দেখে কেমন করে থাক্‌ব," সুতরাং যাদবকে কর্ম্ম পরিত্যাগ করিতে হইল। সে তদবধি নিষ্কর্ম্মা হইয়া ঘরে থাকাতে এমত জড়ভরত হইয়াছে যে, তাহার মাসে ১০ টাকা উপার্জ্জন করা ভার। যদি চট্টগ্রামে যাইত, তবে বিষয় কর্ম্মে পড়ে তাহার বুদ্ধি প্রখর হইত ও ২০০। ৩০০ টাকা উপার্জ্জনের ক্ষমতা হইত। অন্যান্য পরিবারেতেও এই রূপ অনেক দৃষ্টান্ত দেখিয়াছি। ভাল শিক্ষা না হইলে ভাল বিবেচনা হয় না। সুবিবেচনা তো গাছের ফল নয় যে হাত বাড়াইলেই পাবে। তাহা উপার্জ্জন করিতে সাধনার আবশ্যক হয়, সেই সাধনা জ্ঞানকরী বিদ্যা শিক্ষা। তুমি জিজ্ঞাসা করিয়াছ সুবেবেচনা কাহাকে বল? তাহার উত্তর এই, যাহাতে দূরদৃষ্টি আছে তাহাকেই সুবিবেচনা বলি। যে কর্ম্মে আপাততঃ লাভ অথবা সুখ, কিন্তু পরে ক্ষতি অথবা ক্লেশ, সে কর্ম্মে দূরদৃষ্টি নাই, সুতরাং তাহা সুবিবেচনা শূন্য।

পদ্মাবতী। তুমি যে সুবিবেচনার কথা বলিলে তাহা পুরুষের পক্ষে আবশ্যক হইতে পারে, মেয়ে মানুষের তাতে কায কি? মেয়ে মানুষ বাট্‌না বাট্‌বে কুট্‌ন কুট্‌বে, দুদ জ্বাল দেবে, রাঁধ্‌বে, বাটা সাজাবে ও ঘর কন্নার আর২ কর্ম্ম কর্‌বে, তাদের দূরদৃষ্টিতে বা কাযই কি ও সুবিবেচনাতেই বা কায কি।

হরিহর। তুমি যে সকল গৃহ কর্ম্মের কথা বলিলে তাহা স্ত্রীলোকের জানা আবশ্যক বটে, কিন্তু কেবল তাহা জানিলেই তো হয় না। পিত্রালয়ে থাকুক অথবা শ্বশুর বাটীতেই থাকুক, সুবিবেচনা থাকিলে কাহার সহিত কিরূপ ব্যবহার করিতে হয়, তাহা বুঝিয়া করিতে পারে। বিবেচনা পূর্ব্বক অগ্র পশ্চাৎ দৃষ্টি না করিয়া ব্যয় করিলে স্বামির অধিক আয় হইলেও প্রতুল হয় না, এজন্য স্ত্রীলোকের সুবিবেচনা সর্ব্বদা আবশ্যক হয়। অপর স্বামির আয় দেখিয়া কোন্ বিষয়ে ব্যয় কিরূপ ন্যায্য ও কোন বিষয়ে ব্যয় কিরূপ অন্যায্য সুবিবেচনা না থাকিলে এসকলও বুঝিতে পারে না। রামহরির মাসির পুত্রের পুনর্ব্বিবাহ কালীন স্বামিকে ১০০ টাকা কর্জ্জ করাইয়া কর্ম্ম নির্ব্বাহ করেন, কিন্তু যে বাটীতে আছেন তাহা ভগ্ন হইয়া যাইতেছে, একটা ঝড় আসিলেই চাপা পড়িয়া মরিবেন, তাহা ভাল করিতে চাহেন না। রামহরি মাসের যে টাকা গুলি পান আনিয়া স্ত্রীর হাতে দেন—তিনি কি করিবেন?

হরিশ্চন্দ্রের স্ত্রীও ঐরূপ। পুত্র কন্যার জন্য সর্ব্বদা ঐরির পোশাক খরিদ করিতেছেন, কিন্তু বাটীর নিকট একটা নবদামা আছে, তাহাতে

ময়লা পোরা, দুর্গন্ধে নিকটে থাকা যায় না, ও পরিবারের পীড়া সর্ব্বদা হইতেছে, পাঁচ টাকা খরচ করিলে তাহা পরিষ্কার হয়, সে ব্যয়ে তিনি অতি কাতর, কেবল জরির কাপড় পরাইয়া দশজনকে ছেলে দেখাইবেন সর্ব্বদা এই সাদ, কিন্তু তাহাদের গা খোস পাঁচড়ায় গলিয়া পড়িয়াছে, কখন পরিষ্কার করান হয় না। প্রতিদিন পাঁচ সাতখানা ব্যঞ্জন প্রস্তুত হয়, কিন্তু পচা সড়া দ্রব্যের কিছুমাত্র বিচার নাই, তাহা অপেক্ষা টাট্‌কা দ্রব্যের দুই একটা ব্যঞ্জন করিলে সন্তানাদি শারীরিকও ভাল থাকে, ও ডাক্তারের ব্যয়ও বাচিয়া যায়। সুবিবেচনা থাকিলে এই সকল কর্ম্ম কাহাকেও বলিতে হয় না। এইরূপ আরো অনেক দৃষ্টান্ত দিতে পারি, যাঁহা বলিলাম তাহাতে স্পষ্টই বোধ হইবেক যে, স্বামির নিকটে থাকিলেও স্ত্রীর সুবিবেচনা ব্যতিরেকে গৃহ কর্ম্ম উত্তমরূপে নির্ব্বাহ হয় না। স্বামী যদি বিদেশে থাকেন, অথবা মরিয়া যান, তবে স্ত্রীর সুবিবেচনা নানা বিষয়ে ও নানা প্রকারে সর্ব্বদাই আবশ্যক হয়, তখন স্ত্রীলোককে গৃহিণীর কর্ম্ম করিতে হয় ও কর্ত্তার কর্ম্মও করিতে হয়—তৎকালীন সুবিবেচনা না থাকিলে বিষয় সম্পত্তি নষ্ট হয়, ও গৃহ এলো মেলো হয়ে পড়ে, এবং সন্তান সন্ততিও মন্দ হইয়া উঠে। ইহারও ভূরি২ প্রমাণ দিতে পারি।

পদ্মাবতী। এই কথাটী তুমি সত্য বলিয়াছ। আমার কাকার মেয়ে ৩০ বৎসর বয়সে বিধবা হয়। তাহার স্বামী তাহাকে লেখা পড়া ভাল শিখাইয়াছিল। তাহার ভাশুরপো ও জ্ঞাতিরা তাহাকে ফাঁকি দিবার জন্য কত চেষ্টা করে, কিন্তু সে মেয়ে মানুষ, হিসাব পত্র ভাল বুঝতো ও তাহার বুদ্ধি শুদ্ধি ভাল ছিল, এজন্য এক পয়সাও কেহ ঠকাইতে পারে নাই, কিন্তু আমার মামার মেয়ে কিছুমাত্র লেখাপড়া জানেনা, তাহার স্বামী মরিলে পর তাহার ভাই ও দশজনে পড়িয়া চোকে ধূলা দিয়া সব লুটে পুটে লয়েছে, আজ খান এমন যোও নাই।

হরিহর। তবে দেখ দেখি, স্ত্রীলোকের সুবিবেচনা থাকাতে কত উপকার? ইহা গৃহকর্ম্মে লাগে—স্বামির কর্ম্মে লাগে—সন্তানাদির কর্ম্মে লাগে—নিজের কর্ম্মেতেও লাগে। সুবিবেচনা লেখাপড়ার চর্চ্চার দ্বারাই হয়।

ইউরোপ দেশে মাতাই সন্তানকে প্রথম শিক্ষা দেন। সে শিক্ষা যে কেবল পুস্তকের দ্বারা হয়, এমত নহে। নানা প্রকার স্নেহ ও আদরের কৌশলে মাতা হিতাহিত বাক্য বলেন, ঐ হিতাহিত বাক্য তৎকালে শিশুর মনে যেমন বসে, এমন পাঠশালায় পড়াতে হয় না, কিন্তু এদেশে স্ত্রীলোকেরা লেখাপড়া শিখে না, তাহারা সন্তানকে কেমন করিয়া সৎ উপদেশ দিবে? যে ব্যক্তি নিজে অন্ধ, সে কি অন্য অন্ধের হাত ধরিয়া লইয়া যাইতে পারে? এদেশে যদাপি স্ত্রীলোকেরা লেখাপড়া জানিত, তবে সন্তানদিগের সুশিক্ষা অল্প বয়সে অনায়াসে হইত। ও তাহারা যে কুকথা ও কুরীতি শিখিত, ঘরে আসিলে তাহার শোধন হইত। অপর স্ত্রীলোকের লেখাপড়া জানাতে

আরও এই এক উপকার যে, জ্ঞানের প্রতি দৃষ্টি হইলে মন আমোদে থাকে, ব্যর্থ কথায় কাল ক্ষেপণ হয় না, এবং সার ও অসার বোধ হয় ও শীঘ্র কুমতি হয় না।

জ্ঞানকরী বিদ্যা শিক্ষায় ধর্ম্মে মতি হয় কি না, ও অর্থকরী বিদ্যা স্ত্রীলোকের শেখা উচিত কি না ইত্যাদি যে তোমার কয়েকটী কথা রহিল তাহা পরে বলিব, অদ্য অধিক রাত্রী হইল।

পদ্মাবতী। খুব ব্যানে লিখাপড়া শিখেছো। আমার বুদ্ধি শুদ্ধি ঘুরিয়ে দিলে—আমাকে নিরুত্তর করিলে। কথা গুলনতো ভাল বলিলে। কাল রাত্রে একটু সকাল২ বল্‌তে আরম্ভ করিও।

---

(২) গৃহকথা, স্ত্রী শিক্ষা—জ্ঞানকরী বিদ্যা। সংখ্যা ২।

পদ্মাবতী। কাল রাত্রে বলিযাছ জ্ঞানকরী বিদ্যায় সুবিবেচনা জন্মে, তাহাতে ধর্ম্মে মতি কি রূপে হয় বল দেখি।

হরিহর। ধর্ম্ম দুই প্রকার,—প্রথম পরমেশ্বরের প্রতি ঐকান্তিক ভক্তি, দ্বিতীয় সংসারে সৎকর্ম্ম করা। পরমেশ্বরের প্রতি ভক্তি জন্য মনের সহিত ধ্যান উপাসনা ও আত্ম স্বভাব শোধনের আবশ্যক। আর যদিও পরমেশ্বরের প্রতি ভক্তি সকল ধর্ম্মের মূল, তথাচ সংসারে সৎ কর্ম্ম করা কি উপায়ে হয় বল দেখি?

পদ্মাবতী। মা খুড়ী ও অন্যান্য দশ জন প্রবীণ মেয়ে মানুষ যেমন করে তেমন করিলেই ভাল কর্ম্ম করা হয়।

হরিহর। তবে ভাল কর্ম্ম করাতে অন্যের উপদেশ অথবা সহবাসের অপেক্ষা হইল। বিনা উপদেশেও কেহ২ আপন সুস্বভাব বশতঃ সৎকর্ম্মে প্রবৃত্ত হয় বটে, কিন্তু সকলে হয় না। যেমন দশটা বীজের মধ্যে একটা বীজ ভাল—মাটিতে ফেলিলেই অনায়াসে গাছ হয়; কিন্তু সকল বীজের চারা করিতে গেলে জল সেচন ও অন্যান্য উপায়ের আবশ্যক হয়। যদ্যপি মা খুড়ী ও অন্যান্য স্ত্রীলোক সংসারে সৎকর্ম্মে সর্ব্বদা রত থাকেন তবে, তাঁহাদিগের উপদেশ অথবা সহবাসই শিক্ষা এবং সেই শিক্ষাতেই ধর্ম্মে মতি হয়।

পদ্মাবতী। সংসারে স্ত্রীলোকদিগের ভাল কর্ম্ম করা কাহাকে বল?

হরিহর। স্ত্রীলোক যাবজ্জীবন আপন সতীত্ব রক্ষা করিবে। স্বামী কৃতী হউক বা অকৃতী হউক তাহাকে অন্তঃকরণের সহিত স্নেহ ও ভক্তি করিবে। অন্য পুরুষের প্রতি মননও মহা পাপ। পতিই জ্ঞান, পতিই ধ্যান, পতিই প্রাণ, অহরহ ইহাই মনে করিবে। এতদ্ব্যতিরেকে পুত্র কন্যাকে সমান রূপে স্নেহ করিবে। পিতা মাতা, শ্বশুর শাশুড়ী, জ্যেষ্ঠ ভ্রাতা, ভাশুর ও অন্যান্য গুরুতর লোককে সম্মান করিবে। কনিষ্ঠ ভ্রাতা ও দেবরাদিকে

পুত্রবৎ দেখিবে। দাস দাসীদিগকে কখন নিগ্রহ করিবে না। জ্ঞাতি ও পল্লীস্থকাহারো হিংসা করিবে না। স্বামী ধনী অথবা কৃতী হইলেও অহঙ্কার করিবে না। ধনৈশ্বর্য্য সম্পন্ন অথবা বহুমূল্য অলঙ্কারে ভূষিতা হইলেও দম্ভ ত্যাগ করিবে। আপন ক্ষতি হইলে অন্যের সহিত কলহ করিবে না। কাহাকেও কোন প্রকারে বঞ্চনা করিবে না। জ্ঞাতি কুটুম্ব ও সুহৃদ্গণ ক্লেশে পড়িলে সাধ্যক্রমে সাহায্য করিবে। অনাথ, দীন, দরিদ্র লোক দৃষ্টি গোচর হইলে শক্তি অনুসারে দুঃখ মোচন করিবে। কথা ব্যাপিকা হইবে না, অভিমান প্রকাশ না করিয়া, সকলের প্রতি সর্ব্বদা নম্রভাবে ব্যবহার করিবে। যে স্ত্রীলোক এই সকল সাংসারিক ধর্ম্ম করে, তাহার যশঃ চিরকাল সংকীর্ত্তন হয়,—তিনি পরকালে পরম গতি প্রাপ্ত হন।

পদ্মাবতী। হাঁ, তা বটে তো, এমন তর মেয়ে মানুষ দেখিলে চক্ষু জুড়ায়। আমরা যে সকল মেয়ে মানুষ দেখি, তাদের এ সব ধর্ম্ম দুটা একটা আছে, সব কোথা? মলো! কেহ বা স্বামিকে দিবারাত্রি কটু বাক্য বলে, কেহবা ঠেকারে ফেটে মরে, কেহবা মিথ্যা কথা লইয়া কোঁদোল করিয়া বাড়ী ফাটায়, কেহবা গুরুতর লোকের সাম্নে দম্ভ করে, কেহবা জ্ঞাতি অথবা অন্যের হিংসাতে শরীর ঢালে, কেহবা আপনার বেশ ভূষণেই ব্যস্ত থাকে, অন্যে বাঁচলো, কি মরিলো, একবার ফিরিয়াও দেখে না। কিন্তু এসব দোষ কি লেখা পড়া শিখ্‌লে যায়?

হরিহর। মূর্খতা অথবা অসদুপদেশে মনের প্রকৃত ধর্ম্ম নষ্ট হয়, সুতরাং তাহাতে কুমতি জন্মে, কিন্তু সদুপদেশ ও সাধুসঙ্গ হইলে মনঃ ক্রমে নির্ম্মল হয়, তাহাতে ধর্ম্মে মতি জন্মে। যেমন উত্তম দেশে বাস করিলে—উত্তম বায়ু সেবন করিলে—উত্তম দ্রব্য ভোজন করিলে—নিয়ম পূর্ব্বক থাকিলে শরীর নীরোগ ও বলবান হয়, তেমনি সদুপদেশ পাইলে ও সাধু সঙ্গ করিলে মনঃ বিশুদ্ধ হইয়া ধর্ম্মে রত হয়। দেখ এদেশে বেশ্যার কন্যা প্রায় বেশ্যাই হয়, কারণ বাল্য কালাবধি কুসঙ্গে থাকে ও অসদুপদেশ পায়, কিন্তু বিলাতে অনেকে বেশ্যার গর্ভে জন্মিয়াও পিতার সদুপদেশে এমত ভদ্র আচার শিখে যে, কতং ভদ্রলোক তাহাদিগকে বিবাহ করিতে আগ্রহ যুক্ত হয়; অতএব সদুপদেশ ও সৎসঙ্গের কেমন ফল দেখ।

পদ্মাবতী। ও মা, ভদ্রলোকে বেশ্যার কন্যাকে কেমন করে বে করে গো! যে বে করে তার জাত যায় না?

হরিহর। ইংরাজদিগের জাতি কর্ম্মাধীন,—সৎ কর্ম্মে থাকে, কুকর্ম্মে যায়। সে যাহা হউক, এ কথার বিস্তার পরে কহিব, সদুপদেশ ও সৎসঙ্গের কত গুণ, দেখ।

পদ্মাবতী। সত্য বটে,—আমার একটা কথা মনে পড়িল, বলি শুন। আমার বাপের বাড়ীর দরয়ান শীতল সিংহের দুটী মেয়ে ছিল, শীতল সিংহ

শ্রবেগেলে একটা মেয়ে পাঁচালির দল করিয়া বেশ্যা হইয়াছে, আর একটা আগড়পাড়ার বিবির স্কুলে পড়িয়া এক জন ঋষি কিষ্টকে বে করেছে। ভাল মন্দ ধর্ম্ম জানেন, কিন্তু শুনিতে পাই, ঐ ছুঁড়ী ভাল আছে, তার ব্যবহার ভদ্রলোকের মেয়েদের মত। আমার বোধ হয়, ভাল উপদেশ পাইয়া ভাল হইয়াছে। ভাল—ভাল উপদেশে কেমন করে ভাল হয়?

হরিহর। আমাদিগের মন অতি কোমল, যেমন একটী চারাকে যে দিকে ইচ্ছা করি সেই দিকে নোয়াইতে পারি, মনও তদ্রূপ—সুপথে যাইতে পারে, কুপথেও যাইতে পারে। কিন্তু মনকে নিয়ত সুপথগামি করিতে গেলে বাল্যাবস্থা অবধি সদুপদেশ ও সৎসঙ্গের আবশ্যকতা হয়। নীতিকথা ও ধর্ম্মোপাখ্যান শুনিলে সদ্ভাব ও সুসংস্কার জন্মে এবং সাধু লোকের সহিত সহবাস করিলে ঐ সদ্ভাব ও সুসংস্কার দৃঢ়তর হয়। বিদ্যাসুন্দর দূতীবিলাস চন্দ্রকান্ত ও ঐরূপ পুস্তক পড়িলে সুশিক্ষা বা সদুপদেশ হয় না। কিন্তু উপর উক্ত নিয়মানুসারে যাহার শিক্ষা হয়, সে বালক হউক—অথবা বালিকা হউক অবশ্য তাহার ধর্ম্মে মতি হয়।

পদ্মাবতী। কেন?

হরিহর। সৎ কথা পুনঃ পুনঃ পাঠ ও শ্রবণ করিলে কুকথা শ্রবণ বা চিন্তন প্রায় রহিত হয়। সংস্কার অভ্যাসাধীন—যেরূপ অভ্যাস করিবে সেইরূপ সংস্কার হইবে, কতক কাল ক্রমাগত সদুপদেশে রত থাকিলে অসদুপদেশ প্রায় ভাল লাগেনা।

পদ্মাবতী। একথা সত্য, কি মিথ্যা, কেমন করিয়া জানিব?

হরিহর। আপনার মনের ভাব পরীক্ষা করিয়া দেখিলেই জানিতে পারিবে, যখন সীতার বা সাবিত্রীর বা দময়ন্তীর উপাখ্যান শুন, তখন মন সদ্ভাবে পরিপূর্ণ হয় কি না? সে সময় কুকথা শ্রবণে অথবা চিন্তনে ইচ্ছা হয় না, অর্থাৎ সৎকর্ম্ম ব্যতিরেকে সকলই অসার বোধ হয়। যদ্যপি ক্ষণিক সদুপদেশে মনের এতাদৃশ গতি হয়, তবে নিরন্তর নীতি বাক্য ও ধর্ম্মোপাখ্যান পঠনে ও শ্রবণে কি বিপরীত ফল হইতে পারে?

পদ্মাবতী। বটে, এ কথাটী আমার মনে বড্ডো ভাল লাগ্‌লো।

হরিহর। জ্ঞানকরী বিদ্যাতে কি প্রকারে সুবিবেচনা ও ধর্ম্মে মতি হয় তাহা শুনিলে। স্ত্রীলোকের অর্থকরী বিদ্যা শিক্ষা করা আবশ্যক কি না পরে কহিব, অদ্য রাত্রি অধিক হইল বিশ্রাম করি।

পদ্মাবতী। তুমি কথাগুলা সাজিয়া গুজিয়া বেশ বল, এ সব ইংরাজী পড়িয়া শিখিয়াছ—না?

---

(৩) গৃহকথা, স্ত্রীশিক্ষা—অর্থকরী বিদ্যা। সংখ্যা ৩।

পদ্মাবতী। মেয়ে মানুষের অর্থকরী বিদ্যা শিখিবার প্রয়োজন কি? মেয়ে মানুষ কি জামা জোড়া পরিয়া কুঠি যাবে?

হরিহর। স্ত্রীলোকের অগ্রে গৃহকর্ম্ম শিখা উচিত কেননা, রন্ধন করা—ঘাটনা বাটা—কুটনা কোটা—দুধ জ্বাল দেওয়া—বড়ি ও আচার করা—ভাণ্ডারের হিসাব রাখা—দাস দাসীকে শাসনে রাখা ইত্যাদি কর্ম্ম উত্তমরূপে না জানিলে ভাল মতে সংসার চলে না। পুরুষ অর্থোপার্জ্জন নিমিত্ত অর্থকরী বিদ্যা অভ্যাস করে বটে, কিন্তু স্ত্রীলোকেরও তাহা জানা ভাল এবং জানিলে অশেষ উপকার দর্শিতে পারে।

পদ্মাবতী। মেয়ে মানুষ আবার কবে রোজকার করিবার বিদ্যা শিখেছে গা? মেয়েতে কবে পাগড়ি বেঁধেছে?

হরিহর। স্ত্রীলোকে পাগড়ী বান্ধিয়া কুঠি না যাউক, কিন্তু গৃহে বসিয়া শিল্পকর্ম্ম করিতে পারে, ঐ শিল্পবিদ্যাতে অর্থের উপার্জ্জন হয়, এইকারণ শিল্প বিদ্যাও অর্থকরী বিদ্যার অন্তর্গত। ঐ শিল্পকর্ম্ম নানা প্রকার যথা—সেলাই করা, রিপু করা, কাপড়ে ঝাড়বুটা তোলা, ছাঁচ ঢালা, মোমের ও অন্যান্য দ্রব্যের গড়ন গড়া, খেলনা তৈয়ার করা, নক্সা করা এবং চিত্র করা, ইত্যাদি।

বিলাতে ও এ দেশে দীনদুঃখি স্ত্রীলোকেরা শিল্পকর্ম্ম করিয়া কিঞ্চিৎ২ অর্থ উপার্জ্জন করে, তাহাতে তাহাদিগের সংসারের ব্যয়ের অনেক সাহার্য্য হয়, ইংরাজি পুস্তকে যে ক্ষুদ্র২ ছবি দেখা যায়, বিলাতে প্রথমে তাহা কাষ্ঠের উপর অঙ্কিত করে, পরে দীন দরিদ্র স্ত্রীলোকেরা তাহা খুদিয়া দেয়, এ দেশে ও চুব্‌ড়ি, কাটের ছোট বাটি, লাটিম ইত্যাদি দুঃখি স্ত্রীলোকেরা প্রস্তুত করে। বিলাতে মধ্যবর্ত্তি লোকের স্ত্রীলোকেরা সূঁচের কর্ম্ম ও পোষাক তৈয়ার করিয়া বিক্রয় করে, এদেশে ঐ অবস্থার স্ত্রীলোকেরা চর্কা ও আসনা সূতা কাটে, গুম্‌সি ভাঙ্গে, চুলের দড়ি প্রস্তুত করে, কাপড়ে বুটা তোলে, পসমের জুতা বোনে ও খয়েরের গড়ন গড়ে।

অপর বিলাতে বড়মানুষের স্ত্রীলোকেরা নানা প্রকার শিল্প ও সংগীত বিদ্যা শিখে এবং অবকাশ পাইলে একটা না একটা ঐ প্রকার প্রকরণে মন নিযুক্ত রাখে। এদেশে ভাগ্যবন্ত মনুষ্যদিগের স্ত্রীলোকেরা ইদানী শিল্প বিদ্যার কিছু২ চর্চ্চা করেন বটে, কিন্তু তাহাতে যে কি উপকার তাঁহাদিগের বোধগম্য হয় নাই।

পদ্মাবতী। তাহাতে আবার কি উপকার? যে সকল স্ত্রীলোকের অবস্থা মন্দ, তাহাদিগের ঐ শিক্ষায় সংসারের অপ্রতুল ঘুচিতে পারে বটে, কিন্তু বড়মানুষ লোকের মেয়েদের শিখিবার আবশ্যক কি?

হরিহর। স্ত্রীলোক মাত্রেরই পরিশ্রমী হওয়া উচিত, কেবল আড়া গড়া দিয়া, পা টিপাইয়া, হাই তুলিয়া, আলতা পরিয়া, চুল বান্ধিয়া, টিপ কাটিয়া, তাস খেলিয়া কাল কাটান শ্রেয় নহে। ইহাতে অলস স্বভাব হয়, আলস্যেতে নিজের কুমতি ও সন্তানাদির কুউপদেশ হইবার সম্ভাবনা। স্ত্রীলোকের গৃহ কর্ম্ম, পড়া শুনা ও শিল্প বিদ্যারও অনুশীলন করা কর্ত্তব্য, ক্রমাগত

এক প্রকার কর্ম্ম ভাল লাগে না। কিছু কাল বা গৃহ কর্ম্ম করিলে, কিছু কাল বা পড়া শুনো করিলে, কিছু কাল বা শিল্প কর্ম্মের চর্চ্চা করিলে। বড়মানুষদিগের স্ত্রীলোকের শিল্প কর্ম্ম শিক্ষা করা অর্থের জন্যে নয় বটে, কিন্তু তাহাতে নিযুক্ত থাকিলে শরীর ও মন ভাল থাকে। পল্লীগ্রামের ভদ্র২ ঘরের স্ত্রীলোকেরা পুষ্করিণী হইতে কলসী করিয়া জল আনে—রন্ধন করে,—ঢেঁকিতে ধান ভানে—চাউল কাঁড়ে ও যাবতীয় গৃহ কর্ম্ম করে, এবং অবকাশ পাইলে কাপড়ের বুটা তোলে ও অন্যান্য শিল্প কর্ম্ম করে, এজন্য তাহারদিগের ঔষধের ব্যয় অধিক হয় না এবং লজ্জা ও ধর্ম্ম ভয় বিলক্ষণ থাকে। সহরের বড়মানুষের স্ত্রীলোকেরা পরিশ্রমকে বাঘ দেখেন, সুতরাং ডাক্তার ও কবিরাজ ক্রমাগত লাগিয়া থাকে আর বৃথা কথা লইয়া কাল কাটাইতে হয়।

পদ্মাবতী। তুমি বলিলে যে স্ত্রীলোকে কিছুকাল গৃহ কর্ম্ম করিবে—কিছুকাল পড়া শুনো করিবে—কিছুকাল শিল্প কর্ম্মের চর্চ্চা করিবে। ভাল, জিজ্ঞাসা করি, যে সকল স্ত্রীলোকের দাস দাসী ও রাঁধুনী আছে তাহাদের গৃহ কর্ম্ম করার আবশ্যক কি?

হরিহর। তোমার এ বড় ভ্রম। গ্রিক ও রোম দেশে ভদ্র২ ঘরের স্ত্রীলোকেরা আপন২ গৃহ কর্ম্ম করিতেন। গ্রিক সেনাপতি ফোশনের স্ত্রী স্বয়ং পুষ্করিণী হইতে জল আনিতেন—তাঁহার কি দাস দাসী ছিল না? বিলাতে ইংরাজদিগের ভদ্র২ ঘরের স্ত্রীলোকেরা নিজে পাকশালার তত্ত্বাবধারণ ও অন্যান্য গৃহ কর্ম্ম করিয়া থাকে, ফলতঃ গৃহিণী হইতে গেলে গৃহ কর্ম্ম সকল উত্তমরূপে জানা আবশ্যক; কেবল দাস দাসীর উপর নির্ভর করিলে ঐ সকল কর্ম্ম কখনই উত্তমরূপে নির্ব্বাহ হইতে পারে না। যদ্যপি দাস দাসী সত্ত্বেও গৃহিণী আপন হস্তে গৃহ কর্ম্ম করেন, তবে তাহাতে তাঁহার নিজের সদভ্যাস ও সন্তানাদির সদুপদেশ হয় এবং দাস দাসীর কর্ম্মের প্রতি ভয় থাকে। আর তুমি জান উত্তমরূপ রন্ধন প্রশংসনীয় কর্ম্ম, তাহাও এক প্রকার শিল্প বিদ্যা।

পদ্মাবতী। শিল্পবিদ্যা শিক্ষাতে আর কিছু ফল আছে?

হরিহর। শিল্পবিদ্যা শিক্ষাদ্বারা শরীর ও মন ভাল থাকে ও মেজাজ উত্তম হয়। যে স্ত্রীলোক শিল্প কর্ম্মে নিযুক্ত থাকে তাহার কর্কশ স্বভাব পরিবর্ত্তন হইয়া শান্ত প্রকৃতি হয়, কারণ এক প্রকটা কর্ম্মে কিয়ৎকাল মন নিবেশ করিলে তাহার সঙ্গে ধৈর্য্য অভ্যাস হয়। অপর সংসারে নানা প্রকার দুর্ঘটনার সম্ভাবনা আছে, যখন ঐ প্রকার ঘটনা ঘটে, তখন স্ত্রীলোকের পক্ষে মনকে সুস্থির করিবার উপায় নাই। এই নিমিত্ত শোক উপস্থিত হইলে স্ত্রীলোকেরা কেবল বিলাপ করে, দীর্ঘকাল গত না হইলে সেই শোকের শমতা হয় না, কিন্তু তাহাদিগের যদি কোন প্রকার শিল্প জ্ঞান থাকে তাহা হইলে, সময়ে২ শিল্প কর্ম্মে মনোনিবেশ করিলে, ক্রমে২ শোক ঢাকা পড়িতে পারে, কারণ তদ্দ্বারা অন্যমনস্কতা হয়। আর ধন চিরস্থায়ি নহে,

দৈববশতঃ ধন সম্পদ নষ্ট হইলে যদ্যপি পতি দুরদৃষ্ট অথবা রোগ প্রযুক্ত উপার্জ্জনে অক্ষম হন, অথবা তাঁহার হঠাৎ নিধন হয়, তাহা হইলে ঐ অবস্থায় স্ত্রীলোক শিল্প বিদ্যার দ্বারাও কিছুকাল সংসার নির্ব্বাহ করিতে পারে।

পদ্মাবতী। একথা সত্য বটে। দয়াল বাবু বাণিজ্য করিতেন। তাঁহার হঠাৎ ব্যবসাতে অনেক নোকসান হইল, তিনি সকল অর্থ হারাইয়া কিছুকাল ক্লেশ ভোগ করিয়া মরিয়া গেলেন। তাঁহার স্ত্রীর এমত যোত্র ছিলনা যে সন্তানাদির ভরণ পোষণ করেন—তিনি খয়েরের বাগান করিতে, কাপড়ের বুটা তুলিতে, পশমের জুতা বুনিতে ও অন্যান শিল্প কর্ম্ম করিতে জানিতেন। সেই সকল উপায়ের দ্বারা কিছু২ অর্থ উপার্জ্জন করিয়া প্রায় দশ বৎসর সংসার চালাইয়াছিলেন, পরে তাঁহার জ্যেষ্ঠ পুত্রের একটী কর্ম্ম হয় এক্ষণে তাঁহাদের ক্লেশ ঘুচিয়া গিয়াছে। দয়ালের স্ত্রী যদ্যপি শিল্প কর্ম্ম না জানিতেন তবে আপনার ও ছেলেপুলের দশা কি হইত? তাহাকে কেহ একমুটা চাউল দিয়াও জিজ্ঞাসা করে নাই।

হরিহর। তবে দেখ শিল্প বিদ্যা শিখিলে কত উপকার। স্ত্রীলোক দীন কিম্বা মধ্যবর্ত্তি লোকের ঘরে পড়িলে শিল্প কর্ম্মের দ্বারা স্বামিকে সাহায্য করিতে পারে, বড় মানুষের ঘরে পড়িলে তাহার দ্বারা গৃহ কর্ম্ম ভালরূপে নির্ব্বাহ হয়। আপন শরীর, মনঃ ও মেজাজ ভাল রাখিতে পারে, আর দুর্ঘটনা ঘটিলে অন্তঃকরণকে সুস্থির করিতে ও সংসারের ক্লেশ ঘুচাইতে সক্ষম হয়। আমি যাহা বলিলাম, তাহার দৃষ্টান্ত অনেক দিতে পারি।

পদ্মাবতী। আর দৃষ্টান্ত দিতে হবে না, তুমি চকে আঙ্গুল দিয়া বুঝায়ে দিলে। আমি কাল অবধি বোনা টোনা শিখিতে আরম্ভ করিব।

---

(৪) গৃহকথা,—স্ত্রী শিক্ষ্যা, মাতার দ্বারাই সন্তানের প্রকৃত শিক্ষা হয়। সংখ্যা ৪।

পদ্মাবতী। তবে মেয়ে মানুষের শিক্ষা না হইলে ছেলে পুলের শিক্ষা হয় না?

হরিহর। সুমাতা না হইলে সুসন্তান হওয়া ভার। মাতার দ্বারাই সন্তানদিগের মনের কলিকা প্রকাশ পায়—মায়ের যেমন মন প্রায় সন্তানাদির সেইরূপ মন হয়। দেখ কৌশল্যার দয়ালু স্বভাব ছিল, তাহা না হইলে চরুর অংশ সপত্নী সুমিত্রাকে কেন দিবেন। তাঁহার পুত্র রামচন্দ্র কেমন দয়ালু ছিলেন! কুন্তীও বড় দয়ালু ছিলেন—জতুগৃহে চণ্ডালিনী পাঁচটী পুত্র লইয়াছিল তাহা স্মরণ হয় নাই, পরে উহা যখন মনে হয় তখন জতুগৃহে অগ্নি প্রজ্বলিত হইয়াছে তবুও কাতর হইয়া মধ্যম পুত্রকে বলিয়াছিলেন—বাবা! শীঘ্র যাও, চণ্ডালিনী ও তাহার পাঁচটী পুত্রকে উদ্ধার কর। কুন্তীর পুত্র যুধিষ্ঠির সত্য ও দয়াতে বিখ্যাত, আর তাঁহার অন্য পুত্র কর্ণও কম দয়ালু

ছিলেন না। গান্ধারী দ্বেষ হিংসায় পরিপূর্ণা ছিলেন—পাণ্ডবদিগের সুখে তাঁহার অতিশয় অসুখ হইত। দুর্য্যোধন ও দুঃশাসন তাঁহারই মত হইয়াছিল। এইরূপে অনুসন্ধান করিলে উদাহরণ অনেক দেওয়া যাইতে পারে। ভাল হওয়া বা মন্দ হওয়া এ বিষয়ে সন্তান মায়ের নিকট যেমন শিক্ষা পায় এমন শিক্ষকের নিকট শিখে না। সন্তান দেখিতেছে যে, মাতা মিথ্যা কথা, চুরি, কটু বাক্য কহন, গালাগালি দেওন, পরনিন্দা, পরহিংসা ও পরাপকার করণে অতিশয় বিরক্ত এবং সত্য শিষ্টালাপ, পরোপকার ক্ষমা ও দয়া ধর্ম্মে সন্তুষ্ট। সর্ব্বদা এরূপ দর্শনে সন্তানের মনোমধ্যে যে সদ্ভাব ক্রমশঃ বৃদ্ধি পায় তাহাতে সন্দেহ নাই। বিলাতের ও অন্যান্য দেশের অনেক মহৎ ব্যক্তির মহৎ হওয়ার মাতৃ উপদেশই মূল। ঐ উপদেশ যে কেবল পুস্তকের দ্বারা হয় তাহা নহে, মাতার স্বভাব, ব্যবহার ও সচ্চরিত্র হইতেই হইয়া থাকে—মাতা যেমন মিষ্টালাপ ও হিতাহিত বাক্য দ্বারা সন্তানদিগকে ধর্ম্ম পথে লওয়াইতে পারেন, এমন আর কাহার দ্বারা হয় না।

পদ্মাবতী। কই অন্যান্য দেশের মায়ের দ্বারা শিক্ষিত লোকের কথা বল দেখি।

হরিহর। (১) সার উইলেম জোন্‌স কলিকাতায় বড় আদালতের এক জন জজ ছিলেন। তিনি সংস্কৃত ভাল জানিতেন। ইংরাজিতে মনুসংহিতা অনুবাদ করিয়াছিলেন। তাঁহার তিন বৎসর বয়ঃক্রম কালে পিতৃবিয়োগ হয়। মাতা বড় বুদ্ধিমতী ছিলেন, পুত্রকে সর্ব্বদা নিকটে রাখিয়া, তাহার জ্ঞান ইচ্ছা উদয়ার্থে নানা দ্রব্য দেখাইতেন। পুত্র স্বভাবতঃ জিজ্ঞাসা করিত—মা এ কি, ও কি? তখন মাতা অতি সহজে তাঁহাকে বুঝাইয়া দিতেন। এইরূপ করাতে অল্প দিনের মধ্যে সার উইলেম জোন্‌স অধিক শিক্ষা করিয়াছিলেন। মাতা বড় ধার্ম্মিকা দাতা অথচ পরিমিত ব্যয়ী ও নম্র ছিলেন; তাঁহার সহবাসে পুত্রের সৎ চরিত্র হইয়াছিল ইহাতে আশ্চর্য্য কি?

পদ্মাবতী। স্বামী গেলে মেয়ে মানুষের ধৈর্য্য ধরিয়া এত করা কম কথা নয়।

হরিহর। (২) গ্রে নামে বিলাতে এক জন প্রসিদ্ধ কবি ছিলেন। তাঁহার পিতার চরিত্র অতি মন্দ ছিল, আপন স্ত্রীকে অপমান ও প্রহার করিতেন, কিন্তু কেবল সন্তানের সদুপদেশের জন্য সেই সকল অপমান ও প্রহার সহ্য করিয়াও তাঁহার স্ত্রী নিকটে ছিলেন। গ্রের মাতার প্রকৃতি ও চরিত্র উত্তম ছিল, এই কারণে গ্রে সদ্‌গুণ বিশিষ্ট হইয়াছিলেন।

পদ্মাবতী। ও মা তবে নাকি ইংরাজেরা বিবিদের বড় আদর করে—আপনার স্ত্রীকে ধরে মারিত!

হরিহর। ভাল মন্দ লোক সকল জেতেই আছে। উক্ত প্রকার অন্যান্য উদাহরণ আরও বলি স্থির হইয়া শুন। (৩) বিশাপহাল নামে

এক জন বিখ্যাত পাদ্রি ছিলেন। তিনি আপনার পুস্তকে লিখিয়াছেন যে, পরমেশ্বরের প্রতি ভক্তি শ্রদ্ধা করিতে মাতার নিকটেই শিক্ষা হয়—তিনি যখন উক্ত উপদেশ দিতেন, তখন তাহার পুত্রের মন একেবারে ঐ উপদেশে সংলগ্ন হইত। (৪) জার্জ হারবর্ট নামে এক জন ধার্ম্মিক লোক ছিলেন। তিনি উপাসনা কালে উত্তম রূপে গান করিতে পারিতেন। চার বৎসর বয়ঃক্রম কালে তাঁহার পিতার কাল হয়—তাঁহার মাতা অতিশয় যত্ন পূর্ব্বক তাঁহাকে সদুপদেশ দিয়াছিলেন ও যেং পাঠশালায় তিনি পড়িতেন, তাহার নিকটে মাতা আসিয়া বাস করিয়া থাকিতেন—মাতা সর্ব্বদা বলিতেন—"যেমন শরীর আহারানুসারে পুষ্ট হয়, তেমনি মন্দ লোকের কথায় ও কর্ম্মে ক্রমশঃ আত্মার পাপ বৃদ্ধি হয়, অতএব পাপ না জানা ধর্ম্ম রক্ষার উপায়—পাপ জানিলেই পাপে দগ্ধ হইতে হয়"। এ কারণে আপন সন্তানদিগকে শৈশবাবস্থা অবধি সর্ব্বদা নিকটে রাখিয়া খেলা ভুলা ও অহানিজনক কৌতুক ইত্যাদিতে কাল ক্ষেপণ করিতেন।

পদ্মাবতী। একথা মিছে নয়—ছেলে যেমন দেখে, যেমন শুনে, তেমনি শিখে—তার পর আর আর কি আছে বল দেখি—তোমার কথাবার্ত্তা যে দ্রৌপদীর পাকস্থালী—ফুরায় না।

হরিহর। (৫) জান ওয়েস্‌লি বিলাতে এক জন বিখ্যাত লোক হইয়াছিলেন। তিনি সদা ধর্ম্ম পথে চলিতেন। পৃথিবীর সুখ সম্পত্তি অথবা লোকের প্রশংসায় কদাপি মন দিতেন না, কেবল ঈশ্বর উদ্দেশে আপন কর্ত্তব্য কর্ম্মের প্রতি দৃষ্টি করিতেন। তাঁহার যিনি জননী, তাঁহার উনিশ বা কুড়ি বৎসর বয়সে বিবাহ হয়, ক্রমে উনত্রিশটী সন্তান প্রসব করেন, তাহার মধ্যে তেরটী সন্তানকে নিকটে রাখিয়া স্বয়ং শিক্ষা দিতেন। জান ওয়েস্‌লির মাতাকেও গৃহ কর্ম্ম, বিষয় আশয় রক্ষণাবেক্ষণ, অন্যান্য কর্ম্ম দেখিতে শুনিতে হইত, কিন্তু সকল কর্ম্ম নির্ব্বাহ পক্ষে এমন সুশৃঙ্খলা করিয়াছিলেন এবং তাঁহার নিজের এমন শান্ত প্রকৃতি ছিল যে, অতিশয় ঝনঝাটেও আপন সন্তানদিগকে উত্তম রূপে শিক্ষা করাইতেন। তাঁহার শিক্ষা করাইবার প্রণালী কি বলিব! কি রূপে ঈশ্বরের উপাসনা করিতে হয় তাহা পর্য্যন্ত ও চাকরদিগের প্রতি কি রূপ ব্যবহার করিতে হয় তাহারও কিছু বক্রি রাখেন নাই। তাঁহার দৃঢ় বিশ্বাস এই ছিল—যে ছেলেরা যা মনে করিবে তাহা করিতে দিলে তাহাতে সর্ব্বনাশ উপস্থিত হইবে, ঐরূপ স্বভাব দমন না হইলে পরে অধর্ম্মের বৃদ্ধি হইবেক।

পদ্মাবতী। ঐ বিবির স্বামী একুশ বিয়ানের পরে আবার তাঁহাকে বিয়া করে নাই?

হরিহর। সে রীতি ইংরাজদিগের মধ্যে নাই। এখন বলি শুন—অনেক২ মহৎ ব্যক্তির জীবন চরিত্রে মাতৃ কর্ত্তৃক বাল্য উপদেশের বিশেষ উল্লেখ নাই বটে, কিন্তু অন্যান্য আনুসঙ্গিক কথা বিবেচনা করিতে গেলে সুস্পষ্ট বোধ হয়

যে, জননীর সুমধুর ও স্নেহযুক্ত শিক্ষাতেই সন্তানদিগের আসল শিক্ষার মূল বদ্ধ হইয়াছিল। সম্প্রতি আর একটী কথা মনে পড়িল, তাহা বলি শুন।

(৩) ইংলণ্ডের মহারাণী ভিক্টোরিয়া বড় পুণ্যবতী, লোকের সহিত দেখা হইলেও মিষ্টালাপ করিয়া থাকেন। তিনি সামান্য আপন সন্তানাদির সুশিক্ষা বিষয়ে বড় যত্নশীলা, রাজপুত্র ও রাজকন্যা বলিয়া সন্তানেরা দম্ভ না করেন, এজন্য তিনি বিশেষ করিয়া উপদেশ দেন। কথিত আছে, মহারাণীর জ্যেষ্ঠ পুত্র একদিন পাঠশালা হইতে মাতার নিকট আসিয়া বলিল—মা, আমাকে অমুক বালক প্রহার করিয়াছে। মহারাণীর স্বামী প্রিন্স্ আলবর্ট রাগান্বিত হইলেন, কিন্তু মহারাণী সুস্থির চিত্তে সেই বালককে ডাকাইয়া আনিয়া জিজ্ঞাসা করিলেন—তুমি রাজপুত্রকে কেন মারিয়াছ? সেই বালক বলিল—আপনার পুত্র আমার নিকট বিজাতীয় অহঙ্কারপূর্ব্বক আমাকে অসম্মান করিয়াছিল—এজন্য আমি প্রহার করিয়াছি। মহারাণী বলিলেন—যেমন কর্ম্ম তেমনি ফল, তুমি উত্তম করিয়াছ, বাটী যাও।

পদ্মাবতী। ওমা, আমরা হলে ইটী করিতে পারিতাম না।

---

(৫) গৃহকথা,—স্ত্রী শিক্ষা, স্ত্রী পরোপকারিণী। সংখ্যা ৫।

পদ্মাবতী। সুমাতা হইলেই সুসন্তান হয়, ও সুমাতা হইতে গেলেই শিক্ষার আবশ্যক হয়, এ কথাটী বুঝলাম। বোধ করি ইউরোপে অনেক সুমাতা আছেন, তাহা ছাড়া বিবিদিগের আর কিছু গুণ আছে কি?

হরিহর। এদেশের স্ত্রীলোকেরা অতিশয় স্নেহযুক্ত ও অনেকেই পিতা মাতা ভ্রাতা ভগিনীর জন্য সর্ব্বদাই যত্নশীল ও অনেকে পরের বিপদ আপদে কায়িক পরিশ্রম করিতে ত্রুটী করেন না, এবং সহমরণের প্রথা থাকাতে যে তাঁহারা পতিপ্রাণা, তাহাতেও কিছুমাত্র সন্দেহ নাই, কিন্তু সাধারণ উপকারার্থ তাঁহারা তত তৎপর নহেন।

পদ্মাবতী। ওমা, এ কেমন কথা গো! এত ঘাট পুষ্করিণী অতিথিশালা কোথা থেকে হল? এসব কীর্ত্তি যে অনেক স্ত্রীলোকের দ্বারা হইয়াছে? এখন তাদের নিন্দা করলেই কি হল? নিন্দে করতে চাও কর, তাদের গায়ে ফোস্কা পড়বে না।

হরিহর। একটু স্থির হও, আমার কথাটা তলিয়ে বোঝ। আমি ভালরূপে অবগত আছি যে, অনেক ঘাট, পুষ্করিণী, তড়াগ, অতিথিশালা, পঞ্চবটী, রাস্তা ইত্যাদি স্ত্রীলোক কর্ত্তৃক হইয়াছে, কিন্তু এ সকল কর্ম্মে কেবল তাহারা ব্যয় করিয়াছেন, কায়িক অথবা মানসিক পরিশ্রম অল্পই। ইউরোপীয় কোনং বিবিদের বিবরণ শুনিলে আশ্চর্য্য হবে।

পদ্মাবতী। তবে একটা বিবরণ বল দেখি—ঈশ্বর কাণ দিয়াছেন শুনি।

হরিহর। (১) বিলাতে বিবি ফ্রাই নামে এক জন স্ত্রীলোক ছিলেন।

বাল্যকালেই তিনি পরোপকারে রত হয়েন। নিকটস্থ দীন দরিদ্র লোকের সন্তানদিগের শিক্ষার্থে পিতৃ আলয়ে একটী পাঠশালা স্থাপন করিয়া অনেক উপকার করেন। বিশ বৎসর বয়সে তাঁহার বিবাহ হয়। স্বামির নিকট থাকিয়া পল্লীর দুঃখী লোকের বাটী যাইয়া তাহাদের দুঃখ বিমোচন করিতেন। এইরূপে দশ বৎসর গত হইলে নিউগেট নামে জেলে গিয়া দেখিলেন, প্রায় ৩০০ স্ত্রীলোক নানা অপরাধ জন্য কয়েদ আছে। তাহাদিগের চরিত্র শোধনার্থে সর্ব্বদা সেখানে গিয়া বস্ত্রাদি প্রদান পূর্ব্বক ধর্ম্ম উপদেশ দিতে লাগিলেন। তাঁহার ঐ উপদেশ এমত সুমিষ্ট হইত যে, তৎ শ্রবণে তাহাদিগের অশ্রুপাত হইত। পরে উক্ত কয়েদিদিগের কুড়িটী ছেলেকে লইয়া নিত্য শিক্ষা দিবার প্রস্তাব হওয়াতে, জেলের অধ্যক্ষেরা বলিল, ইহাতে কিছু ফল হইবে না ও স্থানও নাই। বিবি ফ্রাই তাহাতে ভগ্নোৎসাহ না হইয়া, একটী অন্ধকার খুবরি ঘরে বসিয়া শিখাইতে লাগিলেন—এইরূপ শিক্ষাতে অনেক কয়েদিদের স্বভাব পরিবর্ত্তন হইল। অনেকং স্ত্রীলোক, যাহারা পূর্ব্বে কেবল বকাবকি, কচকচি ও গালাগালি করিত, তাহারা এক্ষণে শান্ত হইল। যাহারা বসিয়া থাকিত, আলস্যে তাহারা পাছে বিগড়িয়া যায়, এজন্য তিনি তাহাদিগকে বুনন ও সিলাইয়ে নিযুক্ত করিলেন। পূর্ব্বে কয়েদিদের কর্ম্ম করাইবার ও উপদেশ দিবার প্রথা ছিল না। বিবি ফ্রায়ের দৃষ্টান্তে ইউরোপের অন্যান্য দেশের জেলে ঐ রূপ সুনিয়ম হইতে লাগিল, তাহাতে এই উপকার হইয়াছে যে, জেলে থাকিয়া অনেকে পরিশ্রম দ্বারা আপনার ভরণ পোষণ করণ বিষয়ে সদুপদেশ পাইয়া ভাল হইতেছে। অনন্তর বিবি ফ্রাই ধনশালী ভদ্র লোকদিগকে বুঝাইয়া নিরাশ্রয় ও দরিদ্র ব্যক্তিদিগের আশ্রয় জন্য সভা স্থাপন করান্ ও পরহিতে সর্ব্বদাই রত থাকিতেন। এমন প্রকার হিন্দুদিগের স্ত্রীলোক হইলে হইতে পারে, কিন্তু অদ্যাপি দৃষ্ট হয় নাই।

পদ্মাবতী। তা বটে, কিন্তু এমন প্রকার বিবিও দুই এক জন।

হরিহর। (২) মারকিনদেশে মরসর নামে এক জন গবর্ণর ছিলেন। কিছু কাল পরে সরকারি কর্ম্ম পরিত্যাগ করিয়া চাসবাস করিতে আরম্ভ করিলেন। মারকিনদেশে অনেকে আফ্রিকা হইতে আনীত হাবসি গোলামের দ্বারা চাসবাস করে। ঐ সকল হাবসি গোলাম ক্রীত, এ প্রযুক্ত কেবল তাহাদিগের খাওয়া পরা লাগে, মাহিনা দিতে হয় না। মরসরের কেবল এক কন্যা ছিল, তাহার নাম মারগেরেট মরসর। পিতার মৃত্যুর পর তাঁহার সমস্ত বিষয়ের অধিকারিণী হইয়া, তিনি কেবল পরহিতে রত থাকিতেন। প্রথমে দেখিলেন, তাঁহার অধিনে অনেক গোলাম আছে, তাহাদিগকে ক্রয় করিতে বিস্তর ধন ব্যয় হইয়াছে, মনুষ্য যে মনুষ্যের গোলামি করে এবং নিষ্ঠুর রূপে প্রহারিত হইলেও কিছু বলিতে পারে না, ও গোরু ঘোড়ার ন্যায় স্বেচ্ছাক্রমে ক্রীত বিক্রীত হয়, ইহার মূল কেবল মনুষ্যের অসদ্বিবেচনা, এমত কর্ম্ম ঈশ্বরের প্রীতিজনক কখনই হইতে পারে না, অতএব এ কর্ম্ম পাপ কর্ম্ম বলিয়া গণ্য

করিতে হইবে, পাপ কর্ম্ম পরিত্যাগে যদি সর্ব্বনাশ হয় তাহাও করা বিধেয়। এই বিবেচনায় ঐ অবলা সমস্ত দাসদিগকে নিষ্কৃতি দিলেন। তাহারা পরিত্রাণ প্রাপ্ত হইয়া তাঁহাকে অসীম আশীর্ব্বাদ করিতে২ গমন করিল। মারগেরেট মরসবের প্রচুর আয় ছিল, এক্ষণে তাহা ঘুচিয়া যাওয়াতে তাঁহাকে পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে হইল। এই মহৎ কর্ম্ম করিয়া তিনি এক বালিকা বিদ্যালয় স্থাপন করিলেন ও যাহাতে তাহাদিগের পরমেশ্বরের প্রতি ঐকান্তিক ভক্তি হয় এমত উপদেশ দিতে লাগিলেন। এইরূপ পঁচিশ বৎসর পরোপকার করিয়া লোকান্তর গমন করেন। তিনি সর্ব্বদা এই কথা কহিতেন যে, ব্যর্থ কথা লইয়া গোলযোগ অথবা পর দোষানুসন্ধান কিম্বা পরনিন্দা পুরুষ ও স্ত্রীলোক উভয়েই করিয়া থাকে—পরহিতে মন নিবেশই ঐ রোগের ঔষধ। যেমন পুষ্পে ফল রক্ষিত হয়, তেমনি ভদ্র আলাপে সুমতি বৃদ্ধিশীল হয়।

পদ্মাবতী। এ দুইটী বিবিই ভাল। ওমা, এমন তর কথা তুমি কত জান গো? তুমি যে ভূষণ্ডী!

হবিহর। (৩) হেনামোর নামে এক জন বিবি ছিলেন। তিনিও পর হিতে সর্ব্বদা রত থাকিতেন। তিনি দোকানি চাসি ও অন্যান্য লোকদিগের জ্ঞানবৃদ্ধি জন্য পুস্তকাদি লিখিয়াছিলেন ও দারিদ্রলোকের সন্তানাদির শিক্ষার্থে পাঠশালা স্থাপন করিয়াছিলেন, ফলতঃ সৎ বিষয়ে ধন ব্যয় করিতে ত্রুটী করেন নাই। যৎকালীন তাঁহার মৃত্যু হয়, তৎকালীন গ্রামস্থ যাবতীয় লোক নিকটে আসিয়া নয়ন বারি নিক্ষেপ পূর্ব্বক আপন২ কৃতজ্ঞতা প্রকাশ করিয়াছিল।

পদ্মাবতী। আর কোন মেয়ে মানুষ এমন প্রকার ছিল?

হবিহর। (৪) ফ্লাবেনস্ নাইটেঙ্গেল নামে একজন অতি বড়মানুষের কন্যা অদ্যাপি আছেন। পিতা মাতা কর্ত্তৃক উত্তম শিক্ষিতা হইয়া তিনি নানা দেশ ভ্রমণ করেন, তাঁহার এমন সৎস্বভাব যে, যাহার সঙ্গে আলাপ হইত তিনি আপ্যায়িত হইতেন। বাল্যাবস্থাবধি তাঁহার দয়ালু স্বভাব প্রকাশ পায়। পিতার জমিদারিতে যে সকল দরিদ্র ব্যক্তি থাকিত, আপনি ক্লেশ স্বীকার করিয়াও তাহাদিগের দুঃখ নিবারণ করিতেন। অনেকেই তাহাকে উপদেশক ও বন্ধু বলিয়া গণ্য করিত। অনন্তর রাইননদী তীরস্থ এক ধর্ম্মশালায় কতিপয় ধার্ম্মিক স্ত্রীলোকের সহিত থাকিয়া, রোগীদিগের সেবা ও তত্ত্বাবধান করেন, তাহার পর বিলাতে প্রত্যাগমন করিয়া দুঃখিনী পীড়িতা নারীগণের আশ্রয় জন্য যে এক ধর্ম্মশালা ছিল তাহার উন্নতি করেন। এই সময়ে ইউরোপে রুশিয়াদিগের সহিত ইংরেজ ও ফরাসিদের এক ঘোরতর যুদ্ধ ক্রিমিয়া নামে স্থানে আরম্ভ হয়। ঐ সংগ্রাম ব্যাপক কাল হইয়াছিল। বিলাত ও ফ্রান্স হইতে অনেক সৈন্য প্রেরিত হয়। ফ্লাবেনস্ নাইটেঙ্গেল কতিপয় ভদ্র ঘরের কন্যার সহিত ক্রিমিয়ায় আসিয়া সৈন্যদিগের ঔষধ পথ্যাদি প্রদান ও ধর্ম্ম উপদেশদ্বারা সান্ত্বনা করণে দিবা রাত্রি অসীম পরিশ্রম করেন। এদিগে যুদ্ধ হই-

তেছে—গোলার শব্দ—কামানের ধূম—অশ্বের নাদ—সৈন্যের কোলাহল, ওদিগে ঐ দয়াময়ী কন্যা অকুতোভয়ে সস্নেহপূর্ব্বক রোগীদিগের রোগের যন্ত্রণা নিবারণে যুক্তা আছেন। এরূপ কষ্টে তাঁহার জ্ঞান হয়, তথাপি পরোপকারে বিরত হয়েন নাই। যুদ্ধ সাঙ্গ হইলে তিনি বিলাতে ফিরিয়া আইসেন, তৎকালীন যাবতীয় লোক অসীম সম্মান পূর্ব্বক ধন্যবাদ করিয়া তাঁহার অভ্যর্থনা করিতে লাগিল। মহারাণী আপন প্রশংসা প্রকাশার্থ এক বহুমূল্য অলঙ্কার তাহাকে প্রদান করিয়াছিলেন, কিন্তু ফ্লারেনস নাইটেঙ্গেল 'আপন স্বকৃত কর্ম্ম অধিক বোধ না করিয়া সদিদিগেরই অনেক গুণ বর্ণনা করেন। যথার্থ ধার্ম্মিক লোকেরা ঈশ্বর উদ্দেশেই ধর্ম্ম কর্ম্ম করে—লোক সমাজে যশের জন্য করে না, বরং আপন পুণ্য কর্ম্মের গৌরবে কুণ্ঠিত হইয়া থাকেন।

পদ্মাবতী। আর কোন এমনতর মেয়েমানুষ ছিল?

হরিহর। (৫) বিবি বো নামে একজন অসাধারণ স্ত্রীলোক ছিলেন। তিনি দরিদ্র ও দুঃখিত ব্যক্তির জন্য সর্ব্বদা কাতর হইতেন। পুস্তকাদি লিখিয়া বিক্রয় করিয়া যাহা উপার্জ্জন করিতেন, তাহা তাহাদিগকে দান করিতেন। একবার হাতে টাকা না থাকাতে, আপনার এক খানা রূপার বাসন বিক্রয় করিয়া পরদুঃখ বিমোচন করিয়াছিলেন। বাহির যাওন কালীন সঙ্গে সর্ব্বদা নানাপ্রকারে টাকা থাকিত, দুঃখী দরিদ্র লোক দেখিলেই যে যেমন পাত্র তাহা বিবেচনা করিয়া দান করিতেন। এতদ্ব্যতিরিক্ত ধর্ম্ম বিষয়ক পুস্তকাদি বিতরণ করিতেন ও বস্ত্রহীন ব্যক্তিদিগকে বস্ত্র দিবার জন্য স্বহস্তে বস্ত্রাদি বুনিতেন। পরদুঃখ তাঁহার হৃদয়কে এমন বিদীর্ণ করিত যে, তাহা শ্রবণে তিনি রোদন করিতেন অথচ স্বীয় দুঃখ সম্বরণ করণে অসীম সহিষ্ণুতা ছিল। লোক পীড়িত হইলে অথবা বিপদে পড়িলে তাহাদিগের নিকট যাইয়া তত্ত্বাবধারণ করিতেন ও অনেক২ দুঃখী বালক ও বালিকাকে আপনি শিক্ষা করাইতেন, অথবা আপন ব্যয়ে শিক্ষা দিতেন। তাঁহার মৃত্যু হইলে শত২ দুঃখী দরিদ্র লোক বিলাপ পূর্ব্বক তাঁহার গুণকীর্ত্তন করিয়াছিল।

পদ্মাবতী। আহা! এমন সকল মেয়েমানুষের দেব অংশে জন্ম। বাঙ্গালিদিগের মেয়েরা যদি পরহিতে রত হয় তো দ্বেষ হিংসা অনেক ঘুচে যাইতে পারে, আর অনেক মেয়ে মানুষ বড় কুড়ে ও অলস, কেবল ঘরে বসিয়া২ থাকিয়া সর্ব্বদাই মিছামিছি কথা লইয়া বিবাদ করে।

হরিহর। তবে আর একটী কথা শুন—(৬) ইটেলি দেশে বোজাগোভানা নামে একজন বালিকা থাকিতেন। তাঁহার পিতা মাতা ছিল না, তিনি উত্তমরূপ সেলাই করিতে পারিতেন, ঐ কর্ম্মের দ্বারা জীবিকা নির্ব্বাহ হইত। পৃথিবীর সুখ ভোগ অথবা বিবাহ করণে তাঁহার কিছুমাত্র ইচ্ছা ছিল না। দৈবাৎ এক দিবস একটী দুঃখী অনাশ্রয় বালিকাকে দেখিয়া তাঁহার দয়া হইল। তিনি তাহাকে বলিলেন, তুমি অনাথা—আমি তোমাকে প্রতিপালন

করিব—তুমি আমার নিকট থাক। এই প্রস্তাবে ঐ অনাথা বালিকা সম্মত হইলে রোজাগোবানা অন্যান্য অনাথা বালিকা সংগ্রহ করিয়া সকলকে শিল্প কর্ম্ম শিক্ষা করাইতে লাগিলেন। ইহার তাৎপর্য্য এই যে, ঐ সকল বালিকারা পরে আপন জীবিকা নির্ব্বাহে সক্ষমা হইবে ও পরিশ্রমি স্বভাব হইলে মন্দ পথে যাইবে না। প্রথমং অনেকং মন্দ ও লম্পট ব্যক্তি রোজাগোবানার প্রতি পরিহাস ও দোষারোপ করিয়াছিল, কিন্তু পরমেশ্বর উদ্দেশ্য কর্ম্মে চরমে ইষ্ট লাভ অবশ্যই হইয়া থাকে। অল্প দিনের মধ্যে রোজাগোবানার শিল্প কর্ম্মালয় পরিপূর্ণ হইয়া পড়িল ও দেশের অনেক অনাথা বালিকার উপকার প্রাপ্তি দেখিয়া রাজপুরুষেরা বিবির উৎসাহ প্রদান করিতে লাগিলেন। কিছু দিনের পর রোজাগোবানা দুই এক জন শিষ্য লইয়া ঐরূপ শিক্ষালয় অন্যান্য স্থানে স্থাপন করিয়া, একুশ বৎসর পরোপকারার্থ আপনি পরিশ্রম করিয়া আক্রান্ত হইয়া লোকান্তর গমন করিলেন।

পদ্মাবতী। এরূপ প্রকার স্ত্রীলোকরা স্বর্গ যাইবে তাহার সন্দেহ নাই।

---

(৬)—গ্রহকথা—স্ত্রী শিক্ষা, সাহস। ৬ সংখ্যা।

হরিহর। পুরুষের সাহস অত্যাবশ্যক। সাহস অভাবে মানসিক ক্লেশ বৃদ্ধি ও সংসারে নানা উৎপাত ঘটে। যাহারা প্রকৃত সাহসী তাহারা সাহসের আস্ফালন করে না—সর্ব্বদা নম্রভাবে চলে, প্রয়োজন হইলে সাহস প্রকাশ করিয়া কার্য্য উদ্ধার করে। যাহারা আপন সাহসের আস্ফালন করে তাহারা প্রায় আবশ্যক সময়ে ভীত হয়—তাহাদিগের সাহস কেবল আড়ম্বর মাত্র। যেমন পুরুষের সাহস আবশ্যক—তেমন স্ত্রী লোকের সাহস কিঞ্চিত প্রয়োজনীয়। সাহস অভাবে বঙ্গদেশের নারীরা আপনারা যেমন ভীত, তেমনি সন্তানদিগকে ভয় দেখাইয়া ভীত করেন।

পদ্মাবতী। তা কি হবে, ছেলে কেঁদে বাড়ী ফাটিয়া দেয়, ভয় না দেখালে চুপ করবে কেন?

হরিহর। এটী বড় ভ্রম! ছেলেকে অন্য উপায়ের দ্বারা শান্ত করা উচিত—ভয় দেখাইয়া চুপ করান ভাল নহে। অদ্যাবধি অনেকে ভূত প্রেত মানে না, কিন্তু বাল্য সংস্কারাধীন দুই প্রহর রাত্রের পর ঘোর অন্ধকার স্থানে যাইতে পারে না ও অনেকের বাল্য সংস্কার জন্য এমন ভীরু স্বভাব হয় যে, সাহস সম্বন্ধীয় কর্ম্ম করিতে তাহাদিগের পা কাঁপে। অতএব সন্তানদিগকে ঐ জুজু ঐ কাণকাটা বলিয়া ভয় দেখান কু শিক্ষা তাহাতে সন্দেহ নাই।

পদ্মাবতী। পুরুষ সবল, স্ত্রীলোক দুর্ব্বল—স্ত্রীলোকের সাহস কিরূপে হইতে পারে?

হরিহর। একথা কতক দূর সত্য বটে, কিন্তু সাহস দুই প্রকার উপায়ে জন্মে। প্রথমতঃ ঈশ্বরের প্রতি নিষ্ঠা—ঈশ্বর উদ্দেশেই সকল কর্ম্ম করিতে

থাকিলে আপনাপনি সাহস হয়। দ্বিতীয়তঃ শরীর পুষ্টি ও বলবান হইলে সাহস জন্মে। এতদ্দেশীয় নারীগণের যে সাহস নাই, এমন বলিতে পারি না, কারণ ঈশ্বর উদ্দেশে পতিপ্রাণা হইয়া মৃত পতির সঙ্গে কোন্ দেশের স্ত্রীলোক পুড়িয়া মরে? ঐ বিষয়ে হিন্দুজাতীয় স্ত্রীগণের অসীম সাহস। কিন্তু তাহারা বিপদ আপদে ও বিচ্ছেদ বিয়োগাদি শোকে অতিশয় বিহ্বল হয়—ধৈর্য্য অবলম্বন করিতে পারে না। যেরূপ অভ্যাস, সেইরূপ ফল—দেখ, স্পার্টাদেশে যুবা লোক যখন যুদ্ধ যাত্রা করিত, তৎকালীন তাহাদিগের মাতারা বলিত—দেখো বাবা! রণে কদাচ পরাঙ্মুখ হইও না—রণস্থল থেকে পলাইয়া আসিবার অপেক্ষা তথায় প্রাণ ত্যাগ করা শ্রেয়, ও যুদ্ধে ভগ্ন হওয়া অপেক্ষা তোমার মৃত দেহ চর্ম্মের উপরে আনীত হওয়া আমার প্রীতিজনক।

পদ্মাবতী। ছি—ছি! একি মায়ের উপযুক্ত কথা! পাষাণহৃদয় না হলে এমন কথা বল্‌তে পারে না।

হরিহর। ইহার সিদ্ধান্ত পরে করিব—এক্ষণে আর একটী কথা শুন। রোমদেশে এক জন মহাকুলোদ্ভব ধনির করনিলিয়া নামে কন্যা ছিলেন, তাঁহার দুইটী পুত্র। তাহাদের নাম গ্রেকাই। তিনি পুত্রদিগকে উত্তমরূপে শিক্ষিত করিবার জন্য বিশেষ যত্ন করিতেন—আপনার বেশ ভূষায় তাঁহার কিছুমাত্র মনোযোগ ছিল না। দুইটী পুত্রই জননীর সদুপদেশে বিদ্বান ও গুণশালী হইয়াছিল। একদা এক রমণী স্বর্ণ, রৌপ্য, হীরক, মাণিক্য অলঙ্কারে ভূষিতা হইয়া, তাঁহার নিকট আসিয়া আত্ম সৌভাগ্যে গর্ব্বিতা হইয়া জহরাতের প্রতি দৃষ্টি করিতে কহিলেন। করনিলিয়া তৎহাতে চুপ করিয়া থাকিলেন। ইতি মধ্যে তাঁহার পুত্রদ্বয় আসিয়া উপস্থিত হইল, তখন তিনি উত্তর করিলেন—"দেখ আমার জহরাত এই," এ কথা যাউক। সেই অবলা ঘরে পুত্রদিগকে সর্ব্বদা বলিতেন—লোকে আমাকে কবে তোমাদিগের মাতা বলিয়া ডাকিবে—তোমরা অদ্যাপিও দেশোপকারে বিখ্যাত হইলে না। পরে তাঁহার পুত্রেরা দেশের হিত জনক কর্ম্মে উন্মত্ত হইয়া যুদ্ধে প্রাণ ত্যাগ করে ও সেই স্থানে রোমদেশের লোকেরা তাহাদিগের প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া রাখে। করনিলিয়া পুত্রদিগের ঐ সদ্গতিতে কৃতার্থ হইয়া সহরের প্রান্তভাগে গিয়া বাস করেন। আত্মীয়েরা নিকটে গেলে তিনি অশ্রুপাত না করিয়া, ধীরতা পূর্ব্বক আপন তনয় দ্বয়ের গুণ বর্ণন করিয়া মনের তৃপ্তি প্রাপ্ত হইতেন।

পদ্মাবতী। এমন মেয়ে মানুষের কথা কখন শুনি নাই—বোধ হয় তাহার শরীরে মায়া ছিল না।

হরিহর। মূল কথা মনঃ অভ্যাসাধীন, যেরূপ অভ্যাস কর সেই রূপ মনের গতি হয়। স্পার্টা ও রোমদেশে স্ত্রী পুরুষ উভয়েই দেশ রক্ষা ও দেশের মঙ্গল জনক কর্ম্মের অহরহ চিন্তা করিত, যাহার বিপরীত আচরণ দৃষ্ট হইত তিনি জাতিচ্যুত হইতেন, এ কারণ তত্রত্য স্ত্রীদিগের উক্ত প্রকার মনের

গতি হইয়াছিল। ভারতভূমিতেও স্ত্রীজাতির এবম্প্রকার সাহসের অভাব নাই। তাড়কা রাক্ষসীর বধ নিমিত্ত কৌশল্যা রাম লক্ষ্মণকে সাজাইয়া বিশ্বামিত্র মুনির সহিত পাঠাইয়া দিয়াছিলেন। পাণ্ডবেরা একচক্রা নগরে আসিলে, বকা রাক্ষসের নিকট ব্রাহ্মণপুত্রের পরিবর্ত্তে কুন্তি স্বয়ং ভীমকে প্রেরণ করেন। রামের সহিত যুদ্ধার্থে সীতা কুশলবকে সজ্জিত করিয়া পাঠাইয়া দিয়া যাত্রা কালীন এইরূপ আশীর্ব্বাদ করেন।

"কায় মনোবাক্যে আমি যদি হই সতী।
তোসবার যুদ্ধে কার নাহি অব্যাহতি"॥

দ্রৌপদী আপন পাঁচটী পুত্র লইয়া কুরুক্ষেত্রের শিবিরে ছিলেন। স্বয়ং তাহাদিগকে রণে প্রেরণ করেন। অতএব বীর কন্যা, বীরপত্নী ও বীরমাতার লক্ষণ স্বতন্ত্র। যে স্থলে এমন দৃঢ় বিশ্বাস যে, ঘোর যুদ্ধে প্রাণত্যাগ করিলে শঙ্খ চক্র গদা পদ্ম ধারী হইয়া বৈকুণ্ঠ প্রাপ্তি হইবে, সে স্থলে সাহস হইবে ইহাতে আশ্চর্য্য কি? অপর পুরাণাদি পাঠে স্পষ্টই বোধ হইতেছে যে, পূর্ব্বকালে লোকে ঐহিক সুখাদিতে মগ্ন হইত না—আত্মার অবিনাশিত্বে দৃঢ় বিশ্বাস ছিল, তাহারা কি প্রকারে আত্মার সদ্গতি হইবে তদর্থই অধিক মনোযোগ করিত।

পদ্মাবতী। কথা গুলা বেস বল্‌ছো।

হরিহর। পূর্ব্বকালে ভগবতী প্রভৃতি অবলাগণ স্বয়ং যুদ্ধ করিয়াছিলেন। অন্বেষণ করিলে এরূপ দৃষ্টান্ত অনেক পাওয়া যাইতে পারে।—সে যাহা হউক, যাহা কথিত হইল তাহাতেই বোধ হইবেক এদেশের রমণীগণের সাহসের অভাব ছিল না। এক্ষণে এই সিদ্ধান্ত করি, যাহার যাহাতে দৃঢ় বিশ্বাস তাহাতেই তাহার সাহস হইয়া থাকে। অনেকেই স্বীয় সতীত্ব রক্ষার্থ প্রাণ দিতে প্রস্তুত হয়, তাহার কারণ দৃঢ় বিশ্বাস আছে, সতীত্ব নষ্ট হইলে ঘোর নরকে পড়িতে হইবে—এইরূপ বিশ্বাস সহমরণ ও অনুমরণের মূল। অতএব স্ত্রীলোকদিগের যে সাহস নাই এমন বলিতে পারি না। তাহাদের কর্ত্তব্য যে মনঃসংযম করিয়া বিচ্ছেদ বিপদ ও বিয়োগ কালে সাহস অবলম্বন করিয়া কর্ত্তব্য কর্ম্মে রত থাকেন। সাহসান্বিত মাতা না হইলে সাহসী সন্তান প্রায় হয় না।

---

(৭). গৃহকথা—স্ত্রীশিক্ষা, সদভ্যাস। ৭ সংখ্যা।

পদ্মাবতী। সংসারে পুরুষ অথবা স্ত্রীলোকের প্রধান কর্ম্ম কি?

হরিহর। পুরুষ এবং স্ত্রীলোকের প্রধান কর্ম্ম পরমেশ্বরের প্রতি ঐকান্তিক ভক্তি ও প্রীতি করা। পরমেশ্বরের প্রতি ঐকান্তিক ভক্তি ও প্রীতি করার লক্ষণ এই যে, মন শুদ্ধ ও নির্ম্মল হইবে, অর্থাৎ দ্বেষ হিংসা রাগ ইত্যাদি কুমতি মন হইতে বিগত হইবে, ঈশ্বরের অপ্রিয় কর্ম্মাদি, অর্থাৎ কোন প্রকার পাপ কর্ম্ম মনোমধ্যে আসিতে দিবে না, নিষ্কাম হইয়া, অর্থাৎ ফলাভিলাষ না করিয়া

কেবল ঈশ্বরোদ্দেশেই নম্রভাবে পুণ্য কর্ম্ম করা হইবে ও মনুষ্যমাত্রের প্রতি ভ্রাতৃবৎ ব্যবহার করিবেক, আর অহিংসা পরম ধর্ম্ম এই বাক্য স্মরণ করতঃ ক্ষমাশীল হইয়া শত্রুদেরও মঙ্গল চেষ্টা করিবে। ভগবদ্গীতায় অষ্টমাধ্যায়ে যাহা লিখিত আছে তাহা শ্রবণ কর।

"সুহৃৎ এবং মিত্র আর শত্রু* উদাসীন, মধ্যস্থ দ্বেষযোগ্য লোক, কুটুম্ব, সাধু, পাপিষ্ঠ, এ সকলের মধ্যে কাহারও প্রতি যাঁহার রাগ দ্বেষ না থাকে সেই যোগী সর্ব্বাপেক্ষা প্রধান"।

"যে ব্যক্তি আত্ম দৃষ্টান্তে সর্ব্ব প্রাণিতে সম দৃষ্টি করেন (অর্থাৎ যেমন সুখ আপনার প্রিয় সেইরূপ অন্যেরো প্রিয়, এবং দুঃখ যেমন আপনার অপ্রিয় অন্যেরও সেইরূপ অপ্রিয়, সর্ব্বত্র এই প্রকার সমান দৃষ্টি পূর্ব্বক কাহারো দুঃখের প্রার্থনা না করিয়া, সকলেরই সুখ ইচ্ছা করেন) আমার মতে সেই যোগী সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ"।

স্মৃতিতে লেখেন যথা,—

"পরে বা বন্ধুবর্গে বা মিত্রে দ্বেষ্টরি বা সদা।
আত্ম বদ্বর্ত্তিতব্যংহি দয়ৈষা পরি কীর্ত্তিতা" ॥

"কি উদাসীন, কি বন্ধুবর্গ, কি মিত্র, কি শত্রু সকলের প্রতি আত্ম দৃষ্টান্তে যে ব্যবহার করা তাহার নাম দয়া।"

উক্ত বচনের দ্বারা স্পষ্ট প্রতীয়মান হইতেছে যে, সকল মনুষ্যের প্রতিই আত্মবৎ দেখা কর্ত্তব্য ও শত্রুর প্রতিও রাগ দ্বেষ করা কর্ত্তব্য নহে, তাহার কারণ এই যে, রাগ দ্বেষ ইত্যাদি জন্মিতে দিলে মনের বিশুদ্ধতা ভ্রষ্ট হয়। যাহার মনে মালিন্য জন্মে, তিনি পরমেশ্বর হইতে অন্তর হইয়া পড়েন।

ভগবদ্গীতার অষ্টমাধ্যায়ে লিখিত আছে।

"সেই পরম পুরুষ সর্ব্বজ্ঞ অনাদি, জগতের প্রতিপালক, তিনি সূর্য্যের ন্যায় স্বপর প্রকাশক কিন্তু তাঁহার রূপ অশুদ্ধ চিত্ত ব্যক্তিদের মনঃ ও বুদ্ধির গোচর নহে"।

ইংরাজদিগের শাস্ত্রেও লেখে যাঁহার চিত্ত নির্ম্মল, কেবল তিনি পরমেশ্বরকে দেখিতে পান।

পদ্মাবতী। ভাল, গীতার মতে কাহারা মোক্ষ পায়।

হরিহর। ইহা চতুর্দ্দশ অধ্যায়ে দেখিতে পাইবে।

"যে ব্যক্তি একান্ত ভক্তি দ্বারা কেবল পরমেশ্বর সেবা করে, সেই ব্যক্তি তাবৎ গুণাতীত হইয়া মোক্ষ প্রাপ্তির যোগ্য হয়"।

পদ্মাবতী। পূর্ব্বে যে মুনি ঋষিরা তপস্যা করিতেন সে কি?

হরিহর। তাহাও গীতায় সপ্তদশাধ্যায়ে লিখিত আছে।

---

* দ্বাদশাধ্যায়ে "যে ব্যক্তির শত্রু মিত্রে সম ব্যবহার" ইত্যাদিতে আরো স্পষ্ট প্রতীত হইতেছে যে, শত্রুর প্রতিও দ্বেষ করিবে না।

"মনের নির্ম্মলত্ব এবং অক্রূরতা ও মনন আর আত্মনিগ্রহ অর্থাৎ জ্ঞানেন্দ্রিয় দমন আর ব্যবহারে কাপট্য শূন্যতা এই কয়েকটী তপস্যা মনোদ্বারা হয়, অতএব ইহাকে মানস তপস্যা কহেন"।

পদ্মাবতী। তুমি বলিলে পরমেশ্বরের প্রতি ঐকান্তিক ভক্তি আমাদিগের প্রধান কর্ম্ম ও তাহার জন্য মনকে শুদ্ধ করিতে হইবে, সকল পাপ কর্ম্ম ত্যাগ করিয়া নম্র ভাবে কেবল ঈশ্বর উদ্দেশেই পুণ্য ক্রিয়া করিতে হইবে ও সকল মনুষ্যের প্রতি ভ্রাতৃবৎ ব্যবহার করিতে হইবে, এবং ক্ষমাশীল হইয়া শত্রুরও মঙ্গল চেষ্টা করিবেক—এটি বড় কঠিন কর্ম্ম—কিরূপে হইতে পারে'?

হরিহর। ইহার উপায়, অভ্যাস—গীতার ষষ্ঠাধ্যায়ে লিখিত আছে।

"হে অর্জ্জুন'! চাঞ্চল্যাদি প্রতিবন্ধক প্রযুক্ত মনকে বশীভূত করণ অসাধ্য যাহা বলিতেছ তাহা যথার্থ বটে, তথাপি অভ্যাসে অর্থাৎ মন যখন যে বিষয়ে ধাবমান হয় তখন সেই বিষয় হইতে আকর্ষণ করিয়া পরমেশ্বরেতে অবস্থিত করা আর বিষয় বৈরাগ্য এইরূপে মন বশীভূত হয়"'?

পদ্মাবতী। অভ্যাস প্রথমে কিরূপে হয়?

হরিহর। প্রথমে প্রতিদিন মনের সহিত পরমেশ্বরকে ধ্যান ও উপাসনা করিতে হইবে—পরমেশ্বর সৃষ্টিকর্ত্তা—পালনকর্ত্তা—সংহারকর্ত্তা—তিনি সর্ব্বনিয়ন্তা—সর্ব্বব্যাপী—সর্ব্বশক্তিমান—সর্ব্বজ্ঞ—অন্তর্য্যামী—করুণাময়—ক্ষমাময়—নির্ম্মলাত্মা—শিষ্ট পালন ও দুষ্ট দমন। তাঁহার এমনি গুণ যে, তাঁহার ধ্যান ও উপাসনায় মতির ক্রমশঃ উত্তমতা জন্মে। কেবল মুখে ঈশ্বর২ বলিলে কিছুই হইতে পারে না—ধ্যান ও উপাসনা অন্তঃকরণের সহিত করিতে হইবে, এবং তদনুযায়ি কর্ম্মের দ্বারাই দেখাইতে হইবেক—ফল কথা পরমেশ্বরের গুণ সকল সর্ব্বদা স্মরণ করতঃ সংসারে অর্থাৎ কি গৃহে কি বাহিরে দয়া ধর্ম্ম সত্য ক্ষমা ইত্যাদি অবলম্বন করিতে অভ্যাস করিবেক।

পদ্মাবতী। ধ্যান ও উপাসনা কিপ্রকারে করিতে হইবে?

হরিহর। পরমেশ্বরের শক্তি মহিমা ও গুণাদি চিন্তা করিবে। শিশুরা যে প্রকার অকপটে ও সরল চিত্তে বাপ মার নিকট গিয়া সকল কথা কহে সেইরূপে উপাসনা করিবে—পাপ করিয়া থাক তাহার জন্য মনের সহিত সন্তাপ প্রকাশ পূর্ব্বক ক্ষমা ভিক্ষা করিবে। সুমতির ও আত্ম বিশুদ্ধতার কারণ প্রার্থনা করিবে—এইরূপ করিলেই পরমেশ্বরের প্রতি ভক্তি ও প্রীতি উদিতা হইবেক।

---

(৮) গৃহকথা—স্ত্রীশিক্ষা, মনঃসংযম। ৮ সংখ্যা।

পদ্মাবতী। মনঃসংযম কিরূপে হইতে পারে?

হরিহর। গীতার মতে মনঃসংযমের উপায় বলিয়াছি—ঐ পুস্তকের দ্বিতীয় অধ্যায়ে আরও লিখিত আছে "যে পুরুষ নিরন্তর বিষয় ভাবনা করেন

কারণ ঈশ্বরের সুবিচারে দৃঢ় বিশ্বাসী হইয়া চিত্তকে শান্ত রাখা কর্ত্তব্য। বিয়োগ শোক উপস্থিত হইলে আমাদিগের এই ভাবা উচিত—শরীর বিনাশী, আত্মা অবিনাশী—যখন ঐ আত্মা স্রষ্টার নিকট গমন করিল, তখন মঙ্গলের জন্যই গমন করিল—ঈশ্বর যাহা করেন তাহাই ভাল।

আর ক্রমশঃ কোন২ বিষয়ে নিযুক্ত হইলে শোকের শমতা হইতে পারে, নিরন্তর শোকে নিমগ্ন হইলে শোক বৃদ্ধি হয়।

আমাদিগের যে সকল রিপুর দ্বারা ধর্ম্মের হানি হয়, তাহার দমনের বিশেষ২ উপায় বলিলাম। মনুষ্য যদি সর্ব্বদা ভাবে যে, "গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্ম মাচরেৎ," ধর্ম্ম কর্ম্ম অনুষ্ঠান জন্য বোধ করিবে মৃত্যু যেন কেশাকর্ষণ করিয়া টানিতেছে ও দেহ শীঘ্র হউক বিলম্বে হউক, অবশ্যই নাশ হইবে, তবে রাগ দ্বেশ হিংসা অহঙ্কার প্রভৃতির প্রাবল্য হইতে পারে না। প্রতিদিন মৃত্যু চিন্তাও ধর্ম্ম পথে যাওনের প্রধান কাণ্ডারী।

---

(৯) গৃহকথা—স্ত্রী শিক্ষা, আত্মদোষ শোধন। সংখ্যা ৯।

পদ্মাবতী। তুমি বলিয়াছ—আপনার দোষ অনুসন্ধান করিলে পরের প্রতি দ্বেষ হিংসা খর্ব্বতা হয় ও নম্রতা জন্মে—আত্ম দোষ অনুসন্ধান কিরূপ হয়?

হরিহর। কি পুরুষ, কি স্ত্রীলোক, উভয়েরি ধর্ম্মে বুদ্ধি হওয়া জীবনের প্রধান কর্ম্ম। পরমেশ্বরের নিকট উপাসনা, সুমতির স্থৈর্য্য, সাধু সঙ্গ এবং সুবুদ্ধিজনক পুস্তক পাঠ ও সাময়িক আত্ম-চিন্তন প্রয়োজনীয়। চিন্তা করণের তাৎপর্য্য এই স্বীয় কর্ম্ম ও মনের গতি উল্টেপাল্টে যথার্থ রূপে দেখিলে বোধ হইবে—আপনার কি২ দোষ হইয়াছে, কি কারণে ঐ সকল দোষ জন্মিয়াছে ও কি উপায়ে পুনরায় না হইতে পারে, আর সংকল্পিত ধর্ম্ম কর্ম্ম ও মনের সৎ মতি বৃদ্ধি হইতেছে কি না। মনুষ্য স্বভাবতঃ আত্ম অনুরাগী, এজন্য আপনার দোষ দেখেও দেখে না, আত্ম দোষ পরিজ্ঞান ও তৎ শোধন জন্য ঈশ্বরের নিকট উপাসনা করা আবশ্যক—ঈশ্বরের কৃপা ভিন্ন কি হইতে পারে? তাঁহার নিকট এই প্রার্থনা করিতে হইবেক যে, মন যেন কুপ্রবৃত্তির বশীভূত না হইয়া সদ্ভাবে পরিপূর্ণ ও নির্ম্মল হয় ও তাঁহার প্রতি ভক্তি ও প্রীতি অকপট ও যথার্থ হয়, আর প্রাণি মাত্রেতেই যেন দয়া ধর্ম্ম ও প্রেম বাড়িতে থাকে। যে সকল মহাত্মা ব্যক্তি ধর্ম্মে বিখ্যাত হয়েন, তাঁহারা আত্ম দোষানুসন্ধান জন্য আপনাদিগের মন ও কর্ম্মাদি প্রতি দিন পরীক্ষা করিয়া থাকেন।

বেনজামিন ফ্রাঙ্কলিন নামে মারকিনদেশে এক জন মহৎ ব্যক্তি ছিলেন, তিনি কহেন, কেবল ধার্ম্মিক হওনের বাঞ্ছা করিলেই ধার্ম্মিক হওয়া যায় না—ধার্ম্মিক হইতে গেলে বিশেষ অভ্যাসের আবশ্যক। তিনি নিম্ন লিখিত তেরটী ধর্ম্ম ক্রমে২ অভ্যাস করিয়া কৃতকদূর কৃতকার্য্য হইয়াছিলেন।

১ মিতাহার ও পান।

২ মৌন থাকা অর্থাৎ ব্যর্থ কথা না কহা ও এমন কথা কহা, যাহাতে আপনার অথবা অন্যের অপকার না দর্শে।

৩ শৃঙ্খলা—অর্থাৎ সকল কার্য্যাদি নিয়মিতরূপে করা।

৪ প্রতিজ্ঞা—যাহা কর্ত্তব্য ও প্রতিজ্ঞেয়, তাহা অবশ্য করা।

৫ পরিমিত ব্যয়—অর্থাৎ এমন ব্যয় করিও না, যাহাতে আপনার ও অন্যের কর্ম্মে না লাগে।

৬ পরিশ্রম—মিথ্যা কর্ম্মে সময় ক্ষেপণ না করা।

৭ সরলতা—কপটতা ত্যাগ করা—পরসম্বন্ধীয় বিষয়ে মন্দ ও অযথার্থ-রূপে চিন্তা না করা।

৮ কাহার প্রতি অত্যাচার করিও না ও যাহার প্রতি উপকার করা তোমার কর্ত্তব্য কর্ম্ম তাহা অবশ্য করিবে।

৯ ধৈর্য্য—আধীরতা ত্যাগ কর—কেহ অপমান অথবা অপকার করিলে যে পর্য্যন্ত সহ্যসামর্থ্য হয় সে পর্য্যন্ত সহ্য করা।

১০ পরিষ্কারতা—শরীর বস্ত্রাদি ও বাটী সর্ব্বদা পরিষ্কার রাখা।

১১ স্থিরতা—অল্পেতে অথবা সামান্য কিম্বা অনিবারণীয় ঘটনায় অস্থির না হওয়া।

১২ শুদ্ধতা—অর্থাৎ পরস্ত্রী গমন না করা।

১৩ নম্রতা।

তিনি প্রতি সপ্তাহে এই তেরটী ধর্ম্মের তালিকা করিতেন ও সায়ং-কালে যখন আপন মন ও কর্ম্মাদির বিচার করিতেন, তখন যাহা ধর্ম্মের বিপরীত কর্ম্ম হইত তাহার গায়ে কালির দাগ দিতেন। তালিকা পুনঃ২ দেখাতে কোন২ ধর্ম্মে তাঁহার উন্নতি হইতেছে কি না তাহা বোধ হইত ও সেই মত সাবধান হইয়া অভ্যাস করিতেন।

পদ্মাবতী। আর এমনতর লোক কেহ ছিল?

হরিহর। পূর্ব্বে তোমাকে বিবি ফ্রাইসের কথা বলিয়াছি। তাঁহার ভ্রাতা গরনি সচ্চরিত্রশালী ও পরোপকারী ছিলেন। তিনিও প্রতি রাত্রে আপনাকে এইরূপ পরীক্ষা করিতেন।

১ আজ কি সকল কথাবার্ত্তা ভদ্ররূপে কহিয়াছি? তাহা কি সত্য নির্ম্মল ও পরসম্পর্কীয় সদ্ভাব বিশিষ্ট হইয়াছিল?

২ অন্য মনুষ্য, যাহাকে ভ্রাতৃবৎ জ্ঞান করা উচিত, তাহার প্রতি ভ্রাতৃবৎ ভাব কি আমার মনে উদয় হইয়াছিল?

৩ পরের প্রতি যে২ কর্ম্ম করিতে হয় তাহা কি আমি করিয়াছি?

৪ সকল বিষয়ে কি সুস্থির ভাবে ছিলাম—আমার কি কোন অন্যায় বাসনা ও চিন্তা হয় নাই?

৫ কর্ম্ম কি মনোযোগ পূর্ব্বক করিয়াছি—অদ্য কি বিদ্যাভ্যাস জন্য প্রকৃত সময় দিয়াছি ?

৬ পরমেশ্বরের ভয় ব্যতিরেকে আমার মনে অন্য ভয় কি উদয় হইয়াছিল ?

৭ অদ্য কি আমি সম্পূর্ণ নম্র ভাবে চলিয়াছিলাম—অর্থাৎ ঈশ্বরের সাহায্য ব্যতিরেকে কিছুই হইতে পারে না, এই কি মনে হইয়াছিল ?

৮ ঈশ্বরের আজ্ঞানুসারে কি সকল কর্ম্ম করিয়াছি ?

৯ তাঁহাকে কি প্রাতে ও সায়াহ্নে ভজনা করিয়াছি ?

পদ্মাবতী। এরূপ উপদেশ আর কাহার আছে ?

হরিহর। গ্রীসদেশে পাইথেগোরস নামে এক জন বিজ্ঞ ব্যক্তি লিখিয়াছেন—নিদ্রা যাওনের অগ্রে দিবসে যাহা২ করিয়াছ তাহা এইরূপ পর্য্যালোচনা কর। যথার্থ কর্ম্মের বিপরীত আমি কি করিয়াছি ? আমি কি করিয়াছিলাম ? যে২ কর্ম্ম সম্পন্ন করা কর্ত্তব্য তাহা কি না করিয়াছি ? এই প্রকার প্রথম কর্ম্ম ধরিয়া পরীক্ষা সমাপ্ত হইলে, যাহা মন্দ করিয়াছ তাহার জন্য দুঃখিত হও এবং যাহা ভাল করিয়াছ তাহার জন্য তুষ্ট হও"।

রামচন্দ্র বিদ্যাবাগীশ ব্রাহ্ম সভায় পঠিত সপ্তম ব্যাখ্যানে লিখিয়াছেন, "পুরুষের উচিত যে আপনার অন্তঃকরণগত দোষের অন্বেষণে বিশেষ চেষ্টা এবং তাহার উপশমার্থ সর্ব্বদা যত্ন করেন। এই সকল অন্তঃকরণগত অনিষ্টকারি ও ইষ্টকারি ধর্ম্ম মনুষ্যের স্বভাবসিদ্ধ এবং আমাদিগের পরীক্ষার নিমিত্তে হইয়াছে"।

ফলতঃ ধর্ম্মেতে বর্দ্ধিত হইতে গেলে নির্জ্জনে বসিয়া আত্মার সারত্ব ও ঐহিক সুখের অসারত্ব পুনঃ২ ধ্যান করা আবশ্যক, তাহা করিলে রিপু সকল বশীভূত হইয়া আইসে এবং মনঃ সংযমার্থ মনোজ ও কর্ম্মজ পাপের দৈনিক অনুসন্ধান ও নিবারণের চেষ্টা করিলে ক্রমশঃ মনের বিশুদ্ধত্ব হয়। মনুষ্যেরা সংসার মধ্যে বিষয় ব্যাপারে ও ইন্দ্রিয় সুখে নিমগ্ন, সুতরাং অধিক অংশ লোক এ প্রকার সাধনায় মনঃনিবেশ করে না। মনঃসংযম সাধনের উপায় এই যে, মনকে এমত রূপে রাখিতে হইবে যে, কোন প্রকার মন্দ চিন্তা অথবা অপরিমিত বাসনা মনের মধ্যে উদয় অথবা স্থায়ি না হয়। যদি উদয় হয়, তবে তৎক্ষণাৎ দূর করা কর্ত্তব্য, নতুবা কোন সময়ে না কোন সময়ে তাহাতে হানি হইবেক।

আত্ম দোষানুসন্ধান ও আত্মদোষশোধনের প্রধান ব্যাঘাত এই যে মনুষ্য আত্মগৌরবে এমন রত হয় যে আপন দোষ দেখিয়াও দেখে না এবং অন্যে উল্লেখ করিলে বিরক্ত হইয়া উঠে; এই কারণে সংসারে তোষামোদের প্রাবল্য হইয়াছে, কিন্তু ধর্ম্মব্রতী ব্যক্তি স্বীয় দোষ অন্য কর্ত্তৃক কথিত হইলে কৃতজ্ঞতার সহিত স্বীকার করেন। যে ব্যক্তি আপন দোষানুসন্ধানে নিযুক্ত থাকেন, তাঁহার আত্মগৌরবী জন্য অন্ধতা ক্রমশঃ নষ্ট হয়।

(১০) গৃহকথা—স্ত্রীশিক্ষা, সত্য কথন। ১০ সংখ্যা।

পদ্মাবতী। তুমি বলিয়া থাক সর্ব্বদা সত্য কহিবে—এক্ষণে তাহার উল্লেখ কেন করিলে না?—শাস্ত্রেতে কি বিধি আছে?

হরিহর। আমি পূর্ব্বে বলিয়াছি যে "ঈশ্বরের অপ্রিয় কর্ম্মাদি অর্থাৎ কোন প্রকার পাপ মনেতেও আনিবে না"। মিথ্যা কহা পাপ কর্ম্ম অতএব কদাপি কহা কর্ত্তব্য নহে। এক্ষণে শাস্ত্রানুসারে সত্য কত আদরণীয় তাহা শুন।

সত্যমেব জয়তে নানৃতং।
সত্য বাক্যের দ্বারাই ইহামুত্র জয় হয়, মিথ্যায় কখন হয় না।
শ্রুতিঃ।

সত্যমায়তনং।
যে ব্যক্তি সত্য বাক্য কহেন তিনি ব্রহ্মবিদ্যার আধার হন।
কেন শ্রুতিঃ।

মৌনাৎ সত্যং বিশিষ্যতে।
মৌনব্রত অপেক্ষা সত্য কথন শ্রেষ্ঠ। মনুসংহিতা।

সকল ধর্ম্ম শ্রেষ্ঠত্বাৎ সত্যস্য পৃথগুপাদানং।
সত্য সর্ব্ব ধর্ম্মের শ্রেষ্ঠ একারণ পৃথক গৃহীত হইয়াছে।
কুল্লুকভট্ট।

যমো বৈবস্বতো দেবো যস্তবৈষ হৃদি স্থিতঃ।
তেন চেদবিবাদ স্তে মা গঙ্গাং মা কুরূন্ গমঃ।

সকলের নিয়ম কর্ত্তা ও পাপের দণ্ড দাতা, প্রকাশ স্বরূপ, পরমাত্মা, যিনি তোমার অন্তঃকরণে অন্তর্য্যামি রূপে আছেন, মিথ্যা কথনের দ্বারা তাঁহার সহিত বিরোধের সম্ভাবনা, যেহেতু তিনি সত্যস্বরূপ হয়েন, মিথ্যা তাঁহার বিরোধী ধর্ম্ম হয়, অতএব সত্য কথনের দ্বারা তাঁহার তুষ্টি জন্মাইলে তুমি তদ্দ্বারাই নিষ্পাপ হইবে, সুতরাং পাপ ক্ষয়ের নিমিত্ত গঙ্গা ও কুরুক্ষেত্রে গমনের প্রয়োজন নাই। মনুসংহিতা।

সত্যই যাহার ব্রত এবং সর্ব্বদা দীনেতে যাহার দয়া এবং কাম ক্রোধ যাঁহার অধীন, তাঁহার দ্বারা তিন লোক জিত হয়। ব্রাহ্মধর্ম্ম।

সত্য কথা কহ, যে ব্যক্তি মিথ্যা কহে সে সমূলে শুষ্ক হয়। ব্রাহ্মধর্ম্ম।

সত্য পালন যে পরম ধর্ম্ম তাহা যে রূপ শাস্ত্রে আছে সেই রূপ লোকের বিশ্বাস ও সংস্কারও ছিল। সত্য পালনার্থ রাজা হরিশ্চন্দ্র রাজ্য ত্যাগ ও স্ত্রীপুত্র বিক্রয় করিয়া শূকর চরাইয়াছিলেন,—সত্য পালনার্থ মহাবীর ভীষ্ম দারপরিগ্রহ করেন নাই,—সত্য পালনার্থ রামচন্দ্র বনে গমন করেন—সত্য পালনার্থ পাণ্ডবেরা দ্বাদশ বৎসর বনবাস ও এক বৎসর অজ্ঞাত বাস স্বীকার করেন,—সত্য পালনার্থে কর্ণ আপন পুত্রকে বিনাশ করেন,—সত্য পালনার্থ অর্জ্জুন দ্বাদশ বৎসর অরণ্যচারী হয়েন। শকুন্তলা পুত্রের সহিত দুষ্মন্ত রাজার নিকটে গিয়া

যখন আপন পরিচয় দিয়াছিলেন, তখন রাজা তাঁহাকে চিনিতে পারেন নাই এবং বলিলেন, তুমি তপস্বিনী, তোমাকে আমি বিবাহ করি নাই। শকুন্তলা সক্রোধে বলিলেন।

মিথ্যা হেন বল রাজা কভু ভাল নহে।
মিথ্যাতুল্য পাপ নাহি সর্ব্ব শাস্ত্রে কহে॥
সত্য সম পুণ্য রাজা না পাই তুলনা।
মিথ্যা হেন পাপ নাহি কহে মুনি জনা॥
হেন মিথ্যা বাদী তুমি হইল নিশ্চয়।
তোমার নিকটে রহা উচিত না হয়॥ আদিপর্ব্ব।

ধনপতি সৌদাগর সিংহলে যাইয়া শালবান রাজাকে বলিয়াছিলেন কালিদহে কমলে কামিনী দেখিয়াছি, সিংহলাধিপতি তাঁহার কথায় অবিশ্বাস করত কাণ্ডারিদিগের সাক্ষ্য লওন কালীন বলেন।

সত্য বাক্যে স্বর্গে যায় মিথ্যা যদি নয়।
হেন মিথ্যা হেতু কেহ নাহি করে ভয়॥
তীর্থ যজ্ঞ দানে হয় পিতার উদ্ধার।
মিথ্যা বাক্যে নরকে নাহিক প্রতিকার॥
পড়িয়া শুনিয়া পুত্র হয় সুপুরুষ।
গয়ায় করে পিণ্ড দান ধরে তিল কুশ॥
সেই ফল পায় যেবা কহে সত্য বাণী।
কহিল পুরাণে শুক ব্যাস মহামুনি॥
সত্য বাণী সম ধর্ম্ম না শুনি শ্রবণে।
অসত্য সমান পাপ নাহি ত্রিভুবনে॥
অবনী বলেন আমি সবাকারে বই।
মিথ্যা যেবা বলে তার ভার নাহি সই॥ কবিকঙ্কণ চণ্ডী।

রাজা যুধিষ্ঠির বিখ্যাত সত্যপরায়ণ ছিলেন। ব্যাসের বাক্যানুসারে তিনি সত্য কথন জন্য সশরীরে স্বর্গে গমন করেন কিন্তু তাঁহারও একবার নরক দর্শন হইয়াছিল, কারণ দ্রোণ বধ কালীন ছলে মিথ্যা কহিয়াছিলেন। সত্য ঈশ্বরের অংশ, সত্য ভ্রষ্ট হইলেই অনর্থ ঘটে।

পদ্মাবতী। তবে তো সত্য পরমপদার্থ! সকল মাতার কর্ত্তব্য যে শৈশবাবস্থা অবধি শিশুদিগকে সত্য পালনের অভ্যাস করান।

---

(১১) গৃহকথা—উপাসনা, মোক্ষ এবং প্রায়শ্চিত্ত। সংখ্যা ১১।

পদ্মাবতী। আমরা সকলে উপাসনা করি বটে কিন্তু আমরা যাহা চাহি ঈশ্বর তাহা কি দেন?

হরিহর। উপাসনা করাই আমাদিগের স্বভাবসিদ্ধ ধর্ম্ম। ইহাতে কাহারো উপদেশ অপেক্ষা করে না—আপনা আপনি মনে উদয় হয়। পরমেশ্বর সর্ব্বশক্তিমান—আমাদিগের সৃষ্টিকর্ত্তা—পালনকর্ত্তা—সংহারকর্ত্তা—তিনি যাহা ইচ্ছা করেন তাহাই করিতে পারেন। এমন দেশ নাই যেখানে ঈশ্বরের সত্তা ও সর্ব্বশক্তিমত্তা স্বীকৃত না হয়, এই জন্যে নানা দেশের লোকেরা নানা প্রকারে উপাসনা করে এবং নাস্তিক ভিন্ন বিপদে পড়িলে তাঁহাকে সকলেই ডাকে। লোক আপন২ প্রবৃত্তি অনুসারে নানা প্রকার প্রার্থনা করে, সেটি আমাদিগের স্বভাব কিন্তু ঈশ্বরের বিবেচনায় যাহা বিচার সংগত তাহাই গ্রাহ্য হয়।

পদ্মাবতী। যদি ঈশ্বর যাহা ভাল বুঝেন তাহাই করেন তবে উপাসনার ফল কি?

হরিহর। এ কথাটি অনেকে বলিয়া থাকে। উপাসনার প্রধান ফল এই যে ঈশ্বরকে পুনঃ২ ধ্যান করিলে মনের স্থিরতা, শান্তি ও সদ্গতি হয়। আমাদিগের মন রিপু সম্বন্ধীয় কুপ্রবৃত্তির মালিন্যে পরিপূর্ণ। এই সকল মলা যিনি পবিত্রাধার তাঁহার পবিত্রদ আনুকূল্য ব্যতিরেকে কি প্রকারে নষ্ট হইতে পারে? ঈশ্বরের উপাসনা ব্যতিরেকে ধর্ম্ম বৃদ্ধি হওনেরও অন্য উপায় নাই, মনের ভাব সরল চিত্তে মুখে পুনঃ পুনঃ প্রকাশ করিলে সেই ভাব মনে বৃদ্ধিশীল হয়। মনুষ্য মনের সহিত পরমেশ্বরের শক্তি ও গুণাদি যত ধ্যান করে ততই নম্রতা, সত্য, সরলতা, দয়া, ক্ষমা, শুদ্ধতা ইত্যাদি ধর্ম্ম বৃদ্ধি পাইতে থাকে। আর সাংসারিক বিষয় জন্য প্রার্থনা করাও আবশ্যক কারণ তাহাতে প্রার্থিত বিষয়ে উদ্যম জন্মে। উদ্যম ও চেষ্টা ব্যতিরেকে সাংসারিক কর্ম্ম নির্ব্বাহ হয় না। যদি কৃষক কহে পরমেশ্বর দয়ালু, আমাকে অবশ্য আহার দিবেন—ভূমি কর্ষণ করণে কি প্রয়োজন? তবে শস্যাদি কিরূপে উৎপন্ন হইতে পারে? সৃষ্টির নিয়ম এই যে, উৎসাহী ও উদ্যোগী না হইলে কৃতকার্য্য হওয়া যায় না। এ স্থলে একটা সামান্য কথা আছে তাহা বলা আবশ্যক। এক গাড়োয়ান গাড়ি চালাইতেছিল, দৈবাৎ তাহার গাড়ি নরদমায় পতিত হইল। গাড়োয়ান জোড় হস্তে দেবতার আরাধনা করিতে লাগিল, দেবতা উপস্থিত হইয়া বলিলেন—আমি আনুকূল্য করিতেছি কিন্তু তুমি নিজে গাড়িতে কাঁধ দিয়া তুলিতে চেষ্টা কর। সাংসারিক বিষয়ের জন্য প্রার্থনার সেইরূপ ফল।

পদ্মাবতী। ভাল—মোক্ষ কি?

হরিহর। এক মতে মোক্ষের অর্থ নির্ব্বাণ অর্থাৎ জীবাত্মার পরমাত্মাতে লীন হওন, কিন্তু যোগবাশিষ্ঠ রামায়ণে দ্বাদশ সর্গে লেখেন "মনের শান্তি হইলেই জ্ঞানিরা তাহাকে মোক্ষ কহেন" এবং পঞ্চদশ সর্গে লেখেন "ভোগ ত্যাগের নাম মোক্ষ জানিবা"। বোধ হয় ইহার তাৎপর্য্য ইন্দ্রিয়াদি নিগ্রহ মনঃ সংযম, যেহেতু ঐ গ্রন্থের চতুর্থ সর্গে লেখেন "কায় ক্লেশ কাতরতা এবং তীর্থ স্থানাশ্রয় এতদ্দ্বারা ব্রহ্ম পদ প্রাপ্তির কোন উপকার দর্শে না কেবল

মনোজয় দ্বারাই পর ব্রহ্ম প্রাপ্তি হয়" এবং উনবিংশ সর্গে লেখেন "ইনি বন্ধু, ইনি বন্ধু নহেন," এইরূপ গণনা ক্ষুদ্র চিত্ত অজ্ঞানি লোকের হয়, উদার চরিত্র জ্ঞানির পক্ষে জগতের সকল লোকই কুটুম্ব'। এবং চতুর্বিংশতিতম সর্গে লেখেন "যে জ্ঞানী আত্মার ন্যায় সকল প্রাণিকে দর্শন করেন এবং পর দ্রব্য স্বভাবতঃ লোষ্ট্র ন্যায় বোধ করেন, কেবল ভয়ক্রমে করেন এমত নহে, সেই ব্যক্তিই যথার্থ দর্শন করেন"। অতএব এই সকলই "মনের শান্তির" লক্ষণ বলিতে হইবে।

পদ্মাবতী। পাপ কর্ম্ম করিলে কোন্ প্রায়শ্চিত্ত উত্তম?

হরিহর। অকপটে সন্তাপ ও পাপ না করণের দৃঢ় প্রতিজ্ঞাই পাপশান্তির উত্তম প্রায়শ্চিত্ত। রাজা পরীক্ষিত এই প্রস্তাব করিলে শুকদেব কহেন।—

রাজন্! চান্দ্রায়ণাদি যে সকল প্রায়শ্চিত্ত, তদ্দ্বারা পাপের একেবারে মূল সহিত উচ্ছেদ হইবেক এমত বাঞ্ছা কখন হইতে পারে না, কারণ প্রায়শ্চিত্তের অধিকারী যে সকল অবিদ্বান্ পুরুষ, তাহাদের অবিদ্যা বিনাশ না হওয়াতে প্রায়শ্চিত্ত দ্বারা একবার পাপ ক্ষয় হইলেও সংস্কার বশতঃ পুনর্বার পাপান্তরের প্ররোহ হইয়া থাকে। রাজন্! আমার এই কথায় এখন যদি জিজ্ঞাসা কর তবে মুখ্য প্রায়শ্চিত্ত কি? তাহার উত্তর এই, জ্ঞানই মুখ্য প্রায়শ্চিত্ত। (১০) কিন্তু নিত্য অপ্রমত্ত হইয়া যত্ন করিলে ক্রমে২ ঐ জ্ঞান লাভ করিতে পারা যায়, একেবারে লভ্য হয় না, যেমন যে ব্যক্তি নিত্য কেবল পথ্য অন্নই আহার করিয়া থাকে তাহাকে অভিভব করিতে ব্যাধি সকল ক্রমে অসমর্থ হয় তাহার ন্যায় নিয়মকারী পুরুষও ক্রমে২ তত্ত্বজ্ঞানার্থ সমর্থ হইয়া থাকেন। (১১) ফলতঃ ধর্ম্মজ্ঞ ধীর পুরুষ শ্রদ্ধান্বিত হইয়া তপস্যা (মন ও ইন্দ্রিয় সকলের একাগ্রতা) ব্রহ্মচর্য্য, শম (মনের নিগ্রহ) দম (বাহ্যেন্দ্রিয় নিগ্রহ) দান, সত্য, শৌচ, যম (অহিংসা) অথবা নিয়ম (জপাদি) দ্বারা কায় মনোবাক্য কৃত সুমহৎ দুষ্কৃতকেও, অগ্নির দ্বারা বেণুগুল্ম নাশের ন্যায়, সম্পূর্ণরূপে বিনষ্ট করিয়া থাকেন। (১২) অতএব ঐ প্রকার প্রায়শ্চিত্তই মুখ্য। পরন্তু তদ্ব্যতিরিক্ত অন্য প্রায়শ্চিত্তও আছে। অর্থাৎ বাসুদেব পরায়ণ কোন২ ব্যক্তি দিবাকরের কিরণে নীহার বিনাশের ন্যায় কেবল ভক্তি দ্বারা সমুদায় কলুষ সম্পূর্ণরূপে উন্মূলিত করিয়া থাকেন। (১৩)

হে কৌরবরাজ! এই ভক্তিমার্গ জ্ঞানমার্গ অপেক্ষাও শ্রেষ্ঠ, যেহেতু পাপী পুরুষ ভগবানে মনঃ সমর্পণ পূর্ব্বক ভগবদ্ভক্ত পুরুষদিগের সেবা করিয়া যেমন পবিত্র হইতে পারে তপস্যাদি দ্বারা তদ্রূপ তাহার পবিত্রতা জন্মে না। (১৪) অতএব ইহলোকে ভক্তিমার্গই সমীচীন পথ এবং পরম কল্যাণদায়ক, এই পথে কোন প্রকার বিঘ্নাদি সম্ভাবনাও নাই। ফলতঃ সুশীল দয়ালু নিষ্কাম ও নারায়ণপরায়ণ সাধুগণ এই বর্ত্মে নিত্য বর্ত্তমান, এই কারণেই জ্ঞানমার্গের ন্যায় এই মার্গে সহায়তার অভাব নিমিত্ত ভয় অথবা কর্ম্মমার্গের ন্যায় মৎসরান্বিত পুরুষ হইতে বিঘ্ন হইবার সম্ভাবনা নাই। (১৫)

শ্রীমদ্ভাগবত, ষষ্ঠ স্কন্ধ।

(১২) গৃহকথা—পতিব্রতার লক্ষণ। সংখ্যা ১২।

পদ্মাবতী। শাস্ত্রে পতিব্রতা বিষয়ে কি লেখে ?

হরিহর। সে বিষয়ে যাহা লিখিত আছে তাহা সকল উপস্থিত নাই যাহা স্মরণ হইতেছে তাহা শুন।

পতিং যা নাভিচরতি মনোবাগ্‌দেহসংযতা।
সা ভর্তৃলোকানাপ্নোতি সদ্ভিঃ সাধ্বীতি চোচ্যতে।

যে সৌভাগ্যবতী স্ত্রীর মনঃ কখন পতি ভিন্ন অন্য পুরুষে কামনা না করে, যাহার বাগিন্দ্রিয় অসদ্বুদ্ধিতে পরপুরুষের নামোচ্চারণ না করে, যাঁহার দেহ কখনই পরপুরুষ স্পর্শ করে না, তাহাকেই সাধু পুরুষেরা পতিব্রতা বলিয়া সম্বোধন করেন, তিনিই পতির সহিত অনন্ত স্বর্গ সুখ সম্ভোগ করিয়া থাকেন।

মনুসংহিতা।

অনুকূলা ন বাগদুষ্টা দক্ষা সাধ্বী পতিব্রতা। এভিরেব গুণৈর্যুক্তা শ্রীরেব স্ত্রী ন সংশয়ঃ।

যা হৃষ্টমানসা নিত্যং স্থানমানবিচক্ষণা। ভর্ত্তুঃ প্রীতিকরী নিত্যং সা ভার্য্যা হীতরা জরা॥

যে স্ত্রী স্বামির বশীভূতা, প্রিয়বাদিনী, গৃহকার্য্যে নিপুণ, সদাচার যুক্তা, পতিব্রতা ও গুণ যুক্তা হয়েন তিনি গৃহস্থাশ্রমের লক্ষ্মী স্বরূপ, ইহাতে কোন সংশয় নাই।

যে পতিব্রতা স্ত্রী স্বামির অবস্থা ও সম্মানের প্রতি দৃষ্টি রাখিয়া সন্তুষ্ট মনে সর্ব্বদা প্রিয় কার্য্য সাধনে তৎপরা হয়েন, তাঁহাকেই যথার্থ রূপে ভার্য্যা বলা যায়, তদ্ভিন্ন ভর্ত্তৃ বিদ্বেষিণী অপতিব্রতা স্ত্রী পুরুষের সম্বন্ধে ভার্য্যা না হইয়া কেবল জরা স্বরূপ হয়।

দক্ষসংহিতা।

মনুসংহিতায় ও কাশীখণ্ডে লেখেন যে গৃহে পতি ও পত্নী উভয়ে প্রেম-রসে নিমগ্ন থাকে সে গৃহ মঙ্গলের আবাস হয়। কাশীখণ্ডে আরও লেখেন যে স্বামী অন্য স্ত্রীতে উপগত হইলেও পতিব্রতা পত্নী ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক তাঁহার প্রতি অনুকূল হইবেন। যাহা মনুসংহিতায় লেখা আছে তাহাও শুন।

"বিশীলঃ কামবৃত্তো বা গুণৈ র্বা পরিবর্জিতঃ।
উপচর্য্যঃ স্ত্রিয়া সাধ্ব্যা সততং দেববৎপতিঃ।

যদি দৈবযোগে স্বামী সদাচারশূন্য কিম্বা পরস্ত্রীতে আসক্ত, অথবা পতির যে সকল গুণ আবশ্যক সেই সকল গুণে বিহীন হয়েন, তথাপি পতিব্রতা স্ত্রী তাঁহাকে অবজ্ঞা না করিয়া দেবতার ন্যায় পূজা করিবেন।

পদ্মাবতী। তবে মেয়ে মানুষকে এক প্রকার বেঁধ মারা। স্বামী গুণী হউক বা নির্গুণ হউক, তাঁহাকে সর্ব্বতোভাবে ভক্তি করা উচিত বটে কিন্তু অধার্ম্মিক হইলে কি তত ভক্তি থাকে ?

হরিহর। আমি কি বলিব?—যাহা শাস্ত্র তাই বলিতেছি কিন্তু পতি ধর্ম্মচ্যুত হইলে পূজ্য হইতে পারে না এজন্য পতিরও কর্ত্তব্য যে কোন অংশে পতিত না হয়েন।

পদ্মাবতী। ভাল পতিব্রতা স্ত্রীর আর কি লক্ষণ?

হরিহর। ব্যাস সংহিতায় লেখেন।

নোচ্চৈর্ব্বদে ন্ন পরুষং ন বহূন্ পত্যু রপ্রিয়ন্।
নচ কেনাপি বিবদেব দপ্রলাপ বিলাপিনী॥
প্রমাদোন্মাদরোষের্ষ্যা বঞ্চনঞ্চাভিমানিতাং।
পৈশুন্যহিংসাবিদ্বেষমোহাঙ্কারধূর্ত্ততাঃ॥
নাস্তিক্যসাহসস্তেয় দম্ভান্ সাধ্বী বিবর্জয়েৎ।

পতিব্রতা স্ত্রী উচ্চৈঃস্বরে কথা কহিবেন না, নিষ্ঠুর বাক্য ব্যবহার করিবেন না, কোন ব্যক্তির সহিত বিবাদ করিবেন না, কাহারো সহিত নিরর্থক কোন কথা কহিবেন না, পতির ধর্ম্মার্থ বিষয়ে কোন বিরুদ্ধাচরণ করিবেন না, এবং নিরর্থক বাক্য, উন্মত্ততা, ক্রোধ, ঈর্ষা, ছল, অভিমান, খলতা, হিংসা, দ্বেষ, অহঙ্কার, শঠতা, নাস্তিকতা, দুঃসাহস, চৌর্য্য, দম্ভ, এই সকল মহানিষ্টকর দোষ একেবারে পরিত্যাগ করিবেন।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লেখেন ভার্য্যা স্বামির প্রতি সমান উত্তর করিবেক না ও প্রহারিত হইলেও ক্রোধ করিবেক না, যেহেতু "পতিই বন্ধু, পতিই গতি, পতিই ভরণ পোষণ কর্ত্তা, পতিই দেবতা, পতিই গুরু, সকল গুরু হইতে পতি গুরুতর, পতি হইতে অধিক গুরুতর কেহ নাই"।

নারদ মুনি রাজা যুধিষ্ঠিরকে স্ত্রীধর্ম্ম যাহা বলিয়াছিলেন তাহাও শুন।

হে রাজন্! অতঃপর স্ত্রীধর্ম্ম বলি শুন। পতিশুশ্রূষা, পতির অনুকূলবর্ত্তিনী হওয়া, পতি বন্ধুর অনুবৃত্তি করা, নিত্য পতির নিয়ম ধারণ, এই চারিটী পতিব্রতা স্ত্রীদিগের লক্ষণ ও ধর্ম্ম। (২৪) এই ধর্ম্ম চতুষ্টয় বিশিষ্টা সাধ্বী নারী সদা মণ্ডিতা হইয়া সম্মার্জ্জন, উপলেপন, গৃহমণ্ডন এবং গৃহ সুগন্ধীকরণ তথা উচ্চাবচ কাম, বিনয়, দম, সত্য অথচ প্রিয় বাক্য এবং প্রেম এই সকল দ্বারা সময়ে২ পতিসেবা করিবেক আর গৃহের উপকরণ সকল সর্ব্বদা পরিষ্কার করিয়া রাখিবেক। (২৫) অপিচ যথালাভে সন্তুষ্টা হইবেক, তাবন্মাত্র ভোগেও লোলুপা হইবেক না, সদা অনলসা ও ধর্ম্মজ্ঞা হইবেক, সর্ব্বদা সত্য অথচ প্রিয়বাক্য কহিবেক, সর্ব্বরিষয়ে অবহিতা, সদা শুচি এবং স্নিগ্ধা হইয়া মহাপাতক শূন্য ভর্ত্তার ভজনা করিবেক। (২৬) হে রাজন! যে নারী লক্ষ্মীর ন্যায় তৎপরা হইয়া হরিভাবে পতির সেবা করেন তিনি লক্ষ্মী তুল্য হরিস্বরূপ সেই পতির সহিত হরিলোকে আমোদিতা হইয়া থাকেন। (২৭) শ্রীমদ্ভাবত, সপ্তম স্কন্ধ।

এতদ্ব্যতিরিক্ত পতিব্রতা স্ত্রীর সদা পতি সেবা এবং বিদেশে গেলে

বিশেষ২ নিয়ম পালন করিতে হয়, সে সকল বিস্তার পূর্ব্বক বর্ণনা করিতে গেলে বাহুল্য হইয়া পড়িবেক।

পদ্মাবতী। পতিব্রতার লক্ষণ যাহা শুনিলাম তাহা আমি কতক২ জানিতাম। যাহাহউক, পুরুষ জাতি আপন সুবিধা ভাল বুঝে।

---

(১৩) গৃহকথা—পতিব্রতা স্ত্রী। ১৩ সংখ্যা।

পদ্মাবতী। পতিব্রতার লক্ষণ তো শুনিলাম, এখন দুই এক জন পতিব্রতা স্ত্রীর উপাখ্যান বল দেখি।

হরিহর। (১) দক্ষের কন্যা সতী বিখ্যাত পতিব্রতা। পিতার মুখে শিব নিন্দা শুনিয়া সহ্য করিতে না পারিয়া আপন দেহ পরিত্যাগ করিয়াছিলেন। তিনি তৎকালীন এই বলেন।

গুরুজন নিন্দা নাহি করিবে শ্রবণ।
যেই নিন্দা করে তারে করিব শাসন॥
সেই স্থান ছাড়ি কিম্বা যাই অন্য স্থান।
পাপ প্রতীকার হেতু ত্যজিব পরাণ॥ কবিকঙ্কণ চণ্ডী।

পদ্মাবতী। তাঁহার কথা ছেড়ে দেও, তিনি নামেতেও সতী কর্ত্তব্যেতেও সতী।

হরিহর। (২) সীতাও বড় পতিব্রতা ছিলেন। তাঁহার বিবরণ রামায়ণে বিস্তার পূর্ব্বক লিখিত আছে, অতএব বাহুল্যরূপে বলিবার আবশ্যক নাই। কেবল পতিব্রতাসংক্রান্ত প্রমাণ দিতেছি। সীতার কিরূপ শিক্ষা হইয়াছিল তাহা কিছু পাওয়া যায় না কিন্তু সুশিক্ষা না হইলে এত গুণ কি প্রকারে হইল? রামচন্দ্রের বিবাহের পর বিদায় কালীন।

"লক্ষ লক্ষ চুম্ব দিয়া বদন কমলে।
জানকীরে জনক করিয়া কোলে ঘলে॥
করিলাম বহু দুঃখে তোমাকে পালন।
বারেক মিথিলা বলি করিহ স্মরণ॥
শ্বশুর শাশুড়ি প্রতি রাখিও সুমতি।
রাগ দ্বেষ অসূয়া না কর কার প্রতি॥
সুখ দুঃখ না ভাবিও যা থাকে কপালে।
স্বামি সেবা সীতা না ছাড়িও কোন কালে"॥ আদিকাণ্ড।

রামচন্দ্র পিতৃ সত্য পালনার্থ চোদ্দ বৎসরের জন্যে বনে যাইতে উদ্‌যোগ করিতেছিলেন সেই সময় পত্নীকে মাতার নিকটে রাখিয়া যাইবার কথা প্রস্তাব করাতে সীতা উত্তর দেন। স্বামি বিনা আমার কিসের গৃহ বাস।

তুমি সে পরম গুরু তুমি সে দেবতা।
তুমি যাও যথা প্রভু আমি যাই তথা॥

স্বামি বিনা স্ত্রীলোকের আর নাহি গতি।
স্বামির জীবনে জীবে মরণে সংহতি॥
প্রাণনাথ! একা কেন হবে বনবাসী?
পথের দোসর হব করে লও দাসী॥
বনে প্রভু ভ্রমণ করিবা নানা ক্লেশে।
দুঃখ পাসরিবা যদি দাসী থাকে পাশে॥
যদি বল সীতা বনে পাবে নানা দুঃখ।
সব দুঃখ ঘুচিবে যদি দেখি তব মুখ॥
তোমার কারণ রোগ শোক নাহি জানি।
তোমার সেবায় দুঃখ সুখ হেন মানি॥ অযোধ্যাকাণ্ড।

বনে রামচন্দ্র বনিতা ও অনুজ সহ কিছুকাল ভ্রমণ করত অত্রি মুনির আশ্রমে উপস্থিত হইলেন। মুনিপত্নী পতিব্রতা সীতাকে দেখিয়া বলিলেন, মা! তুমি রাজকন্যা! এত সুখ ভোগ ত্যাগ করিয়া স্বামির সঙ্গে যাইতেছ ইহাতে তুমি পিতৃ ও শ্বশুর দুই কুল উজ্জ্বল করিলে—জানকী তুমি ধন্য, রাম বহু তপস্যায় তোমাকে পাইয়াছেন।

সীতা কহিলেন মা সম্পদে কিবা কাম।
সকল সম্পদ মম দূর্ব্বাদল শ্যাম॥
স্বামি বিনা স্ত্রীলোকের কায কিবা ধনে।
অন্য ধনে কি করিবে পতির বিহনে।
জিতেন্দ্রিয় প্রভু মম সর্ব্ব গুণে গুণী।
হেন পতি সেবা করি ভাগ্য হেন মানি॥
ধন জন সম্পদ না চাহি ভগবতি।
আশীর্ব্বাদ কর যেন রামে থাকে মতি॥ অরণ্যকাণ্ড:

পরে পঞ্চবটী বনে রাবণ কর্ত্তৃক সীতা হৃত হয়েন এবং দুরাচার রাক্ষসরাজ তাঁহাকে সর্ব্বোপরি মহারাণী করণের প্রস্তাব করে, জনক দুহিতা তাহাতে কোপান্বিত হইয়া তিরস্কার করেন। দশানন বারম্বার ধনৈশ্বর্য্য প্রদর্শন করিয়া সীতার মনোলোভ জন্য চেষ্টা পাইয়াছিল কিন্তু পতিব্রতা স্ত্রী স্বামী ব্যতিরিক্ত আর কাহাকেও জানে না—এমত রমণীর মন ধনে বা ঐশ্বর্য্যে কিম্বা পরপুরুষের সৌন্দর্য্যে চঞ্চল হইতে পারে না। রাবণ সীতাকে লইয়া অশোকবনে রাখিয়াছিল ও তাঁহার মন পরিবর্ত্তন জন্য চেড়ী দ্বারা প্রহার করাইত, কিন্তু তাহাতে কোন উপকার হয় নাই, অতএব পরে স্বয়ং যাইয়া নানা প্রকার লোভ দেখাইয়া বিস্তর কাকুতি বিনতি করে। তাহাতে সীতা উত্তর করেন।

কি হেতু রাবণ মোরে বলিস্ কুবাণী।
তোর শক্তি ভুলাইবি রামের ঘরণী?
রাম প্রাণনাথ মোর রাম সে দেবতা।
রাম বিনা অন্য জন নাহি জানে সীতা॥ সুন্দরাকাণ্ড।

অনন্তর রাম সাগর বন্ধন পূর্ব্বক লঙ্কায় আসিয়া রাবণকে বধ করেন। সীতার উদ্ধার হইলে রাম তাঁহাকে গ্রহণ করিবেন কি না এই সন্দেহ প্রকাশ হইলে জানকী অতিশয় দুঃখিত হইয়া বলিয়াছিলেন।

জনক রাজার বংশে আমার উৎপত্তি।
দশরথ হেন শ্বশ্রূ তুমি হেন পতি॥
ভালমতে জান প্রভু আমার প্রকৃতি।
জানিয়া শুনিয়া কেন করিছ দুর্গতি?
বাল্যকালে খেলিতাম বালক মিশালে।
স্পর্শ নাহি করিতাম পুরুষ ছাওয়ালে॥
সবেমাত্র ছুঁইয়াছি পাপিষ্ঠ রাবণে।
ইতর নারীর মত ভাব কি কারণে? লঙ্কাকাণ্ড।

সীতার পরীক্ষা হইলে অনুজ সহিত রামচন্দ্র স্বদেশে প্রত্যাগমন করেন, এবং কিছু কাল রাজ্য করিয়া সীতার সতীত্ব বিষয়ে লোকে পুনর্ব্বার সন্দেহ জন্মাইয়া দিলে তৎক্ষণাৎ ছল পূর্ব্বক তাঁহাকে বনবাস দেন। বাল্মীকির তপোবনে উপস্থিত হইয়া লক্ষ্মণ সীতাকে রামচন্দ্রের অভিপ্রায় ব্যক্ত করিয়া বলিয়াছিলেন, তাহা শুনিয়া জানকী এমত কাতর হন যে, সকল যন্ত্রণা ঘুচাইবার জন্য আপন প্রাণ বিনাশ করিতে উদ্যত হইয়াছিলেন, কেবল সসত্ত্বা প্রযুক্ত তাহাতে ক্ষান্ত হন। স্বামী কর্ত্তৃক অপমানিত ও ক্লেশে পতিত হইয়াও তিনি দুঃখে রোদন করিতে২ বলিয়াছিলেন।

রাম হেন স্বামী হউক জন্ম জন্মান্তরে।
আমা হেন কোটি নারী মিলিবে তাঁহারে॥ উত্তরাকাণ্ড।

ঐরূপ পতিব্রতাত্ব ও ক্ষমাশীলত্ব শুনিলে কে না আশ্চর্য্যেতে মগ্ন হয়? অশ্বমেধ যজ্ঞের অশ্ব ধৃত হইলে পিতা পুত্রে ঘোর যুদ্ধ হয় পরে পুত্রদ্বয় বাল্মীকির সহিত রামচন্দ্রের নিকট আসিয়া রামায়ণ গান করে, তখন তাহাদিগের পরিচয় লইয়া রামচন্দ্র সীতার জন্য বিলাপ করত তাঁহাকে আনয়ন করিতে আদেশ দেন। সেই সংবাদ শুনিয়া সীতা অভিমান ত্যাগ করিয়া তৎক্ষণাৎ স্বামীর নিকটে আসিয়া প্রণাম করেন; তখন রামচন্দ্র তাঁহাকে সভার মধ্যে পুনর্ব্বার পরীক্ষা দিতে আদেশ করেন। সীতা সেই প্রস্তাবে অতিশয় বিরক্ত হইয়া অন্তর্ধ্যান হন ও প্রস্থান কালীন বলেন;

জন্মে২ প্রভু মোর তুমি হও পতি।
আর কোন জন্মে মোর না কর দুর্গতি॥ উত্তরাকাণ্ড।

পদ্মাবতী। সীতার নাম প্রাতে স্মরণ করিলে সে দিন সুখে যায়।

---

(১৪) গৃহকথা—পতিব্রতা স্ত্রী। সংখ্যা ১৪।

পদ্মাবতী। আর২ পতিব্রতাদের কথা বল দেখি।

হরিহর। যে২ পতিব্রতা নারীর কথা স্মরণ হয় তাহা ক্রমে২ বলিতেছি।

(৩) অশ্বপতি নামে এক রাজা ছিলেন। তাঁহার সাবিত্রী নামে এক কন্যা ছিল। ঐ কন্যা পরম সুন্দরী এবং

রূপের সমান তাঁর গুণের গণনা।
শুদ্ধমতি সকল শাস্ত্রেতে বিচক্ষণা॥
কদাচ না হয় অন্য মতি ধর্ম্ম বিনা।
নানাবিধ শিল্প কর্ম্মে অতি সুপ্রবীণা॥
প্রিয় বাক্য বাদিনী সকল ভূতে দয়া।
অশ্বপতি হৃষ্টমতি দেখিয়া তনয়া॥ বনপর্ব্ব।

সাবিত্রীর "পবিত্র আচার" দেখিয়া তাঁহার জনক তাঁহাকে সখীগণ সঙ্গে রথ আরোহণ করাইয়া আপন রাজ্যে ভ্রমণ করিতে আজ্ঞা দিয়াছিলেন। এক দিবস বন পর্য্যটন করিতে২ সাবিত্রী এক মুনির আশ্রমে উপস্থিত হইলেন, তথায় একটী রাজকুমারকে দেখিয়া তাঁহার পরিচয় লইয়া বাটী প্রত্যাগমন করিয়া জননীকে বলিলেন—মাঁ! অমুক ঋষির আশ্রমে সত্যবান নামে এক রাজপুত্র আছেন, আমি তাঁহাকে মনে২ বরণ করিয়াছি। মাতা ইহা শুনিয়া রাজাকে জানাইলেন। পরে তাঁহারা পরস্পর বলাবলি করিলেন, সত্যবানের কোন্ বংশে জন্ম ও তাহার কি ধর্ম্ম, আমরা কিছুই জানি না—কন্যারও বয়স অল্প, "যোগ্য অযোগ্য, ভাল মন্দ" কিছুই বিবেচনা করিতে পারে না। এই রূপ আন্দোলন করিতেছেন ইতি মধ্যে একজন মুনি আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে জিজ্ঞাসা করাতে তিনি বলিলেন সত্যবান কুলে শীলে ও রূপে গুণে সর্ব্বপ্রকারেই শ্রেষ্ঠ কিন্তু তাহার এক বৎসরের পর ফাঁড়া আছে এবং এক্ষণে তাহার পিতা রাজ্যচ্যুত হইয়া অরণ্যে বাস করিতেছেন, এজন্য ঐ সম্বন্ধ ভদ্র নহে। পিতা মাতা উভয়েই ঐ কথা শুনিয়া তনয়াকে বলিলেন—সাবিত্রি! ঐ মানস ত্যাগ কর, আমরা তোমাকে স্বয়ম্বরা করাইয়া পৃথিবীর যাবতীয় রাজকুমারকে আনয়ন করাইব, তোমার আর যাহাকে ইচ্ছা হয় তাহাকে বরণ করিও, বিধবা আশঙ্কা জানিয়া শুনিয়া আমরা তোমার কথায় কেমন করিয়া সম্মত হইতে পারি? সাবিত্রী করযোড়ে বলিলেন।

শুনহ জনক মম সত্য নিরূপণ।
কদাচিত্ নয়নে না হেরি অন্য জন॥
যখন মানসে তাঁরে বরিয়াছি আমি।
জীবন মরণে সেই সত্যবান স্বামী॥
বিধবা যন্ত্রণা যদি থাকে মোর ভোগ।
খণ্ডন না যাবে পিতা দৈবের সংযোগ॥

অনিত্য সংসার হবে অবশ্য মরণ।
না মরিয়া চিরজীবী আছে কোন্ জন?
অসার সংসার মাত্র আছে এক ধর্ম্ম।
তাহা ছাড়ি কি মতে করিব অন্য কর্ম্ম?
ধিক২ সে ছার সুখের অভিলাষ!
ধর্ম্ম ছাড়ি অধর্ম্মে যে করে সুখ আশ॥
কি করিবে সুখে পিতা কত কাল জীব?
কু কর্ম্মে আজন্মকাল নরকে থাকিব॥ বনপর্ব্ব।

পরে রাজা সত্যবানকে আনয়ন করাইয়া তাঁহার সহিত সমারোহ পূর্ব্বক তনয়ার বিবাহ দিলেন। অনন্তর সাবিত্রী পিতার নিকট হইতে বিদায় হইয়া স্বামির আশ্রমে থাকিলেন। সত্যবান বনে যাইয়া সর্ব্বদা ফল মূল কাষ্ঠ আহরণ করেন এবং তাঁহার সর্ব্বভূতে দয়াবতী ভার্য্যা গৃহকর্ম্মে নিযুক্তা থাকেন। এক দিন দুইজনে বনে প্রবেশ করিয়াছেন—নানা স্থানে নানা প্রকার রম্য দৃশ্য দর্শন করিতেছেন, ইতিমধ্যে সত্যবানের শিরঃ পীড়া উপস্থিত হওয়াতে তিনি অতিশয় অস্থির হইতে লাগিলেন। সাবিত্রী চতুর্দ্দিকে অন্ধকার দেখিয়া আপন উরুতে পতিকে শোয়াইলেন কিন্তু রোগের শমতা না হইয়া ক্রমেং বৃদ্ধি হইয়া অবশেষে তাঁহার প্রাণ বিয়োগ হইল।

পুরাণে কথিত আছে যে তাঁহার নিকটে যম স্বয়ং উপস্থিত হইলেন ও পারমার্থিক বিষয়ে সাবিত্রীর সহিত তাঁহার যে কথোপকথন হইাছিল তদ্বিষয় কিঞ্চিৎ বলি—যমকে তিনি বলেন।

মায়াতে মোহিত সব কেবা কার পতি।
সবে সত্য ধর্ম্মমাত্র অখিলের গতি॥
সুখ দুঃখ ধর্ম্মাধর্ম্ম সদা অনুগত।
পূর্ব্বাপর নিয়মিত আছে শাস্ত্রমত॥
একারণে প্রাণপণে করিবেক ধর্ম্ম।
সৎসঙ্গ সঙ্গতি হৈলে করে নানা কর্ম্ম॥ বনপর্ব্ব।

সাবিত্রীর এবম্প্রকার নানা রূপ সৎ কথা শ্রবণ করিয়া যম তুষ্ট হইয়া অনেক আশীর্ব্বাদ পূর্ব্বক সত্যবানের জীবন প্রদান করেন।

পদ্মাবতী। সাবিত্রীর কথা শুনিলে মন পবিত্র হয়—এমন মেয়ে মানুষ কি আর হবে?

হরিহর। (৪) দময়ন্তীর উপাখ্যান অবশ্য শুনিয়াছ—তিনিও বড় পতিব্রতা ছিলেন। যখন পুষ্কর নলের রাজ্য লন তখন দময়ন্তী পিতার আলয়ে না গিয়া স্বামির দুঃখে দুঃখিনী হইয়া তাঁহার সহিত বনে গমন করিয়াছিলেন। অরণ্য মধ্যে নল তাঁহাকে নিদ্রিত অবস্থায় ত্যাগ করিয়া গেলে তিনি জাগরিত হইয়া ধূলায় ধূসর অঙ্গ পাগলিনী প্রায় রোদন করিতে লাগিলেন।

লুক্কায়িত আছ কোথা দেও দরশন।
দুঃখ সিন্ধু মধ্যে প্রভু কেন দেও দুঃখ ?
অতিশীঘ্র এস নাথ দেখি তব মুখ ॥
ক্ষুধার্ত্ত ফলের হেতু গিয়াছ কি বনে।
তৃষ্ণার্ত্ত হইয়া কি বা গেলে জল পানে ?

পদ্মাবতী। আহা ! পুরুষ জাতি কি নিষ্ঠুর !

হরিহর। এইরূপ শোকে বিহ্বলা হইয়া কিঞ্চিদ্দূর যাইয়া এক মুনিকে দর্শন করিয়া—

দময়ন্তী বলিলেন পতি বিরহিনী।
এই বনে হারালাম মম পতিমণি ॥
অন্বেষণ করি তাঁরে করি সেই ধ্যান।
হারা ধন পাই যদি তবে রহে প্রাণ ॥ বনপর্ব্ব।

পরে দময়ন্তী সুবাহু নগরে সৈরিন্ধ্রী বেশে কিছু দিবস অবস্থিতি করিয়া পিত্রালয়ে গমন করেন ও মাতাকে আপন মনের দুঃখ প্রকাশ করিয়া বলেন।

জীয়ন্তে যে আছি আমি নাহি কর মনে।
কেবল আছয়ে তনু নল দরশনে ॥
নিশ্চয় নলের যদি না হয় উদ্দেশ।
অনলের মধ্যে আমি করিব প্রবেশ ॥ বনপর্ব্ব।

দুহিতার কাতরতা দেখিয়া পিতা মাতা নানা দেশে নলের অন্বেষণ করিতে লাগিলেন ও তাঁহাকে শীঘ্র আনয়ন জন্য কন্যার ভৌতিক পুনঃ স্বয়ম্বর হওন সমাচার ঘোষণা করাইয়া দিলেন। নল ছদ্মবেশে অশ্বশালে আসিয়া উপস্থিত হইয়াছেন। এই সংবাদ শুনিয়া দময়ন্তী অশ্রুবারি মুচিতে২ প্রাণেশ্বরের মুখচন্দ্র দর্শন করত পূর্ব্ব দুঃখ প্রকাশ করিতে লাগিলেন। নল পত্নীকে বলিলেন "যেই নারী পতিব্রতা, না ধরে স্বামির কথা, স্বামি দোষ নয়নে না দেখে"—পরে জিজ্ঞাসা করিলেন এখন তুমি কোন বরকে মাল্য দিবে ?

দময়ন্তী যোড় করে বলিলেন—প্রাণনাথ ! কেবল তোমার জন্যই কুল-লাজ ত্যজিয়া এই কর্ম্ম করিয়াছি—অনেক স্থানে দূত গেল, অনেক স্থান হইতে অনেক সংবাদ পাইলাম—কিছুতেই নির্ণয় না হওয়াতে অবশেষে মনে বিচার করিলাম যে এই কৌশল করিলে তোমাকে পাইব। তোমার প্রতি আমার মন যেরূপ তাহা পরমেশ্বর জানেন—তোমা ভিন্ন অন্য পুরুষকে আমি নয়নের কোণেও কখন দেখি নাই—

"যদি কর পাপ জ্ঞান, তোমার সাক্ষাতে প্রাণ, বাহির হউক এইক্ষণে"।

অনন্তর নল স্ত্রীর পতিব্রতাত্ব নিশ্চয় জানিয়া প্রেমার্দ্রচিত্তে তাঁহার বারম্বার মুখচুম্বন করত স্বদেশে গমন করিলেন।

(৫) লোপামুদ্রা অগস্ত্যের স্ত্রী, তিনিও বড় পতিব্রতা ছিলেন। কাশীখণ্ডে তাঁহার যেরূপ বর্ণনা আছে তাহা বলি শুন।

লোপামুদ্রা পতিব্রতা পতি আজ্ঞাকারি।
পতি সেবা নিযুক্ত সতত সুআচারি॥
পতি সুখে সুখী পতি দুঃখে অভিমানী।
ছায়া যেন পতি সঙ্গে চরণ চারিণি॥
পতির অধিক কার প্রতি নাহি জ্ঞান।
পতিকে পরম জ্ঞান মনে করে ধ্যান॥
ব্রহ্মা বিষ্ণু শিব আদি যত দেবগণ।
পতির অধিক নাহি হয় কোন জন॥

(৬) প্রাগ্‌জোতিষ দেশে শ্রীবৎস রাজার স্ত্রী চিন্তা বড় পতিব্রতা ছিলেন। শ্রীবৎস রাজা নলের ন্যায় রাজ্যচ্যুত হইয়া পত্নী সহ বনে গমন করেন। সম্মুখস্থ এক নদী দিয়া এক সদাগর বাণিজ্য করিতে যাইতেছিল দৈবাৎ তাহার নৌকা চড়ায় আটক হয়। বনের কাঠুরে রমণী সকলকে আনাইয়া তরী তুলিতে চেষ্টা করিয়াছিল কিন্তু তাহাতে নিষ্ফল হওয়াতে চিন্তা আসিয়া নৌকা উদ্ধার করেন। ইহা দেখিয়া সদাগর বুঝিল এই স্ত্রীলোকের নৌকা উদ্ধার করণের বিশেষ ক্ষমতা আছে, এই সংস্কারে চিন্তাকে বল পূর্ব্বক আপন নৌকায় উঠাইয়া নিলেন। শ্রীবৎস-পত্নী এই বিপদে পড়িয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন ও আপন প্রার্থনা অনুসারে মনঃ পীড়া হেতু জরাযুক্ত হইলেন অনন্তর বহুদিবস পরে পতি দর্শনে পুনর্বার যৌবন প্রাপ্ত হয়েন।

(৭) ফুল্লরা কালকেতু ব্যাধের পত্নী ছিলেন। কালকেতু ধন প্রাপ্ত হইয়া গুজরাট দেশে বাস করিলে, কলিঙ্গ রাজা হিংসা প্রযুক্ত সৈন্য প্রেরণ করিয়া তাহাকে বন্ধন করেন। ঐ সময়ে ফুল্লরা ব্যাকুলা হইয়া বলেন।

নামারুং বীরে শুনহে কোটাল।
গলার ছিঁড়িয়া দিব শতেশ্বরী হার॥
কারো নাহি লই রাজ কারো এক পণ।
বুঝিয়া গণিয়া লহ যত আছে ধন॥
নিশ্চয় বধিবে যদি বীরের পরাণ।
অসিঘাত কৃষি আগে ফুল্লরাকে হান॥
তবে সে করিবে তুমি বীরে প্রাণ দণ্ড।
পিতৃ পুণ্যে জালি মোরে দেহ অগ্নি কুণ্ড॥ কবিকঙ্কণ চণ্ডী।

(৮) পতিব্রতা স্ত্রী নীচ জাতিতেও জন্মে, তাহার প্রমাণ দর্শাইলাম আরও এক প্রমাণ দিতেছি।

খুল্লনা ইছানি নগরের লক্ষপতি বণিকের কন্যা—তাঁহার রূপের তুলনা নাই। বাল্যকালে সখী সহিত ধূলা খেলা করিতেছিলেন, এমত সময়ে একটা

পারাবত ভীত হইয়া তাঁহার অঞ্চলে পড়িল। খুল্লনা ঐ পক্ষিকে বস্ত্র আচ্ছাদন করিয়া লইয়া যাইতেছেন ইতিমধ্যে উজানি নগরের ধনপতি বণিক দনাই পণ্ডিত সহ শীঘ্র আসিয়া বলিলেন সুন্দরি! এ পারাবত আমার, ইটি আমাকে দেও। খুল্লনা প্রত্যুত্তর করিলেন—পায়রা প্রাণ ভয়ে আমার শরণ লইয়াছে, আমার কর্ত্তব্য প্রাণ দিয়া শরণাপন্ন প্রাণিকে রক্ষা করা একারণ পায়রা কখনই দিব না। পরে ঐ অবলার সৌন্দর্য্য ও সংস্বভাব দেখিয়া ধনপতি তাঁহাকে বিবাহ করেন এবং অচিরাৎ রাজকার্য্য জন্য গৌড় দেশে যান। খুল্লনা স্বীয় সপত্নী লহনার নিকট থাকেন। হিংসায় প্রজ্জ্বলিত হইয়া লহনা খুল্লনাকে যৎপরোনাস্তি ক্লেশ দেন—তাঁহাকে প্রহার করিয়া অঙ্গ হইতে সকল অলঙ্কার লইয়া খুঞা পরাইয়া ছাগ রক্ষণার্থ নিযুক্ত করেন ও কেবল খুদ সিদ্ধ আহার দিয়া অর্দ্ধাশনে রাখেন। খুঞাতে সকল অঙ্গ আচ্ছাদন হইত না তাহাতেই সারিয়া লইয়া ছাট হস্তে ও পাত মাথায় পাগলিনী প্রায় খুল্লনা ছাগের পশ্চাৎ২ গমন করিতেন। চতুর্দ্দিকে নব২ কুসুম,—শস্য সকল লাবণ্যে ভাষয়মান—গো মহিষ মেষের ধ্বনিতে দ্বীপান্ত সকল প্রতিধ্বনিত—দূরস্থ নব মেঘে সুশোভিত পর্ব্বত, নানা পক্ষির কলরব—এই সকল দর্শন ও শ্রবণ করত খুল্লনা যাইতেছেন। মধ্যে২ ছাগ সকল স্বাধীনত্ব আনন্দে এক২ বার দৃষ্ট অগোচর হইতেছে, রক্ষক যেন অমূল্য ধন হারা হইয়া প্রাণ ভয়ে পর্ব্বতোপরি উঠিয়া "সর্ব্বশী"২ বলিয়া এক২বার ডাকিতেছেন ও এক২ বার নিম্নে আসিয়া জ্ঞান শূন্য হইয়া তরু গুল্ম লতাকে জিজ্ঞাসা করিতেছেন, আমার "সর্ব্বশীকে" তোমরা কি লুকাইয়া রাখিয়াছ? বসন্তের আগমন—নব২ পল্লব সকলের কিবা শোভা! অশোক কিংশুক কেতকী ধাতকী জাতি জূতী শেফালিকা চন্দ্রমল্লিকা জবা—সহস্র২ নানা বর্ণ ও গন্ধযুক্ত-পুষ্প বিকশিত হইয়াছে—অজয়ের নীর তীরে আসিয়া ক্রীড়া করিতেছে—সুশীতল বায়ু যেন জীবন উদ্দীপন করিতেছে, খুল্লনা ক্লেশশ্রান্তি ও দুঃখে কাতর হইয়া চতুর্দ্দিকে দৃষ্টি করিতেছেন ও পতি বিরহে মনঃ সঞ্চিত খেদসিন্ধু নেত্র-কমণ্ডলু হইতে নির্ঝরিত হইতেছে। জনকের আলয় নিকটেই ছিল কিন্তু পতি প্রাণা, পতি ধ্যানী, পতি নিমিত্ত উন্মাদিনী হইয়া এইরূপ ক্লেশে কাল-যাপন করত অবশেষে পতি প্রাপ্ত হন। যদিও খুল্লনা যৌবন কালে সপত্নীর তাড়না বশতঃ গৃহ ত্যাগ পূর্ব্বক একাকিনী বনে২ ভ্রমণ করিয়াছিলেন তথাপি তাঁহার মন এমন পবিত্র ও চরিত্র এমন উত্তম যে সকলেই তাঁহাকে পতিব্রতা বলিয়া জানিত। কিছু দিন পরে রাজ আজ্ঞায় ধনপতি সিংহলে গমন করেন ও তাঁহার উদ্দেশ না হওয়াতে খুল্লনার পুত্র শ্রীমন্ত সিংহলে যাইয়া পিতাকে উদ্ধার করত তাঁহাকে লইয়া বাটী প্রত্যাগমন করেন। যে পর্য্যন্ত পতি অনুপস্থিত ছিলেন সে পর্য্যন্ত খুল্লনা গৃহে ম্রিয়মাণা হইয়াছিলেন।

(৯) আর এক জন পতিব্রতার উপাখ্যান বলি, সে গল্প কিছু অসম্ভব বটে কিন্তু পতিব্রতার উদাহরণ পক্ষে ভাল। বেহুলা নিছানি নগরের শাঁই

বণিকের কন্যা। চম্পক নগরের চাঁদ বণিকের পুত্র নখিন্দরের সহিত তাঁহার বিবাহ হয়। নখিন্দরকে বাসর ঘরে সর্পে দংশন করে। বেহুলা মৃত পতির দেহ কলার মান্দাসে লইয়া ভাসিতে২ দেশান্তর যান। যাত্রা কালীন সকলেই নিবারণ করে কিন্তু ঐ অবলা কাহারো কথা না শুনিয়া হয় পতিকে পুনর্ব্বার পাইব নতুবা জীবনে জীবন ত্যাগ করিব এই প্রতিজ্ঞা করেন। পথে স্থানে২ দুষ্টলোকে তাঁহার অনুপম রূপে মোহিত হইয়া পরিহাস ও মনোলাভার্থ নানা ছলনা করে কিন্তু ঐ দৃঢ়ব্রতা ধর্ম্মপরায়ণা কোন কথা কর্ণে না দিয়া আপন ইষ্টদেবতার ধ্যান ও পতি প্রাপ্তির নিরন্তর প্রার্থনা করেন। পরে পতি জীবিত হইলে তাঁহাকে লইয়া প্রথমে পিতার আলয়ে ছদ্মবেশে যান অবশেষে শ্বশুরের ভবনে গমন করেন।

---

(১৫) গৃহকথা—স্বামির কর্ত্তব্য। ১৫ সংখ্যা।

পদ্মাবতী। স্ত্রীর যাহা কর্ত্তব্য তাহা তো শুনিলাম—স্বামির কি করা কর্ত্তব্য বল দেখি।

হরিহর। এই প্রশ্নে আমি বড় আহ্লাদিত হইলাম, এক্ষণে বলি শুন। মহানির্ব্বাণ তন্ত্রে লেখেন।

ন ভার্য্যাং তাড়য়েৎ ক্বাপি মাতৃবৎ পালয়েৎ সদা।
নত্যজেৎ ঘোর কষ্টেপি যদি সাধ্বী পতিব্রতা॥
যস্মিন্নরে মহেশানি তুষ্টা ভার্য্যা পতিব্রতা।
সর্ব্বো ধর্ম্মঃ কৃত স্তেন ভবতি প্রিয় এ বসঃ॥

ভার্য্যাকে কদাপি তাড়না করিবে না এবং মাতার ন্যায় প্রতিপালন করা উচিত এবং সাধ্বী ও পতিব্রতা হইলে ঘোর কষ্টেও ত্যাগ করা কর্ত্তব্য নহে। হে মহেশানি! যে ব্যক্তি পতিব্রতা ভার্য্যাকে তুষ্ট রাখে তাহা কর্ত্তৃক সকল ধর্ম্ম কর্ম্ম কৃত হয় এবং তিনি সকলের নিকটে প্রিয় হয়েন।

শকুন্তলা যাহা দুষ্মন্ত রাজাকে বলিয়াছিলেন তাহাও শুন।

অর্দ্ধেক শরীর ভার্য্যা সর্ব্ব শাস্ত্রে লেখে।
ভার্য্যা সম বন্ধু রাজা নাহি কোন লোকে॥
পরম সহায় সখা পতিব্রতা নারী।
যাহার সহায় রাজা সর্ব্ব কর্ম্ম কারী॥
ভার্য্যা বিনা গৃহ শূন্য অরণ্যের প্রায়।
বনে ভার্য্যা সঙ্গে থাকে গৃহস্থ বলায়॥ আদিপর্ব্ব।

স্বামী প্রাণপণে স্ত্রীকে সুখি করিবেন। এক্ষণে জিজ্ঞাস্য স্ত্রীর সুখ কি রূপে হইতে পারে? ইহার উত্তর—স্বামী সচ্চরিত্রযুক্ত ও ধর্ম্ম পরায়ণ হইলে স্ত্রীর যেমন সুখ হয় এমন বস্ত্র অলঙ্কার ও ধন প্রদানে হয় না। যেমন স্ত্রীর

কর্ত্তব্য যে আপন সতীত্ব প্রাণপণে রক্ষা করে—সেইরূপ স্বামিরও এই ধর্ম্ম যে "মাতৃবৎ পরদারেষু"—পরের দারাকে মায়ের ন্যায় জ্ঞান করে।

যিনি সৎ স্বামী হন তিনি পরের স্ত্রী পরমা সুন্দরী হইলেও কখন মনেতেও অভিলাষ করেন না।

রাবণ বধের পর বিভীষণ রামচন্দ্রকে ক্লান্ত দেখিয়া বলিয়াছিলেন—হে রঘুনন্দন! আপনি অনেক দিন অনাহার আছেন—আপনকার অনেক ক্লেশ হইয়াছে কিঞ্চিৎ কাল লঙ্কায় অবস্থিতি করিয়া শ্রান্তি দূর করুন। দাসীগণ কস্তুরী সুগন্ধি চন্দন দ্বারা আপনার কোমল তনুকে নির্ম্মল করুক এবং সহস্রং যুবতী কন্যা আপনার সেবাতে নিযুক্ত হউক। রামচন্দ্র উত্তর করেন।

লোকে বলে বিভীষণ তুমি ধর্ম্ম ময়।
পরনারী চোর তুমি মম মনে লয়॥
পর পত্নী নাহি দেখি নয়নের কোণে।
স্পর্শ সুখ দূরে যাক না চাই নয়নে॥
কোটি কোটি দেব কন্যা এক ঠাঞি করি।
সীতা তুল্য তারা কেহ না হয় সুন্দরী॥

নেপলিয়ন বোনাপার্টি ফরাসিস দেশের রাজা ছিলেন, সেই সময়ে মাদাম ডাভাল নামে এক পরমা সুন্দরী ও সুপণ্ডিতা নারী তাঁহার রাজ্যে থাকিতেন। তিনি আপন সৌন্দর্য্য মদগর্ব্বিতা হইয়া একদা রাজার নিকট আসিয়া জিজ্ঞাসা করিলেন—রাজন! আপন রাজ্যে পরমা সুন্দরী রমণী কে? রাজা উত্তর করিলেন আমার চক্ষে আমার প্রিয় পত্নীই পরমা সুন্দরী।

যেরূপ সাধ্বী স্ত্রী আপন স্বামী ভিন্ন অন্য পুরুষকে সুন্দর দেখেন না, সেইরূপ সৎ স্বামীও আপন স্ত্রী ব্যতিরেকে অন্য স্ত্রীকে সুন্দরী দেখেন না।

পদ্মাবতী। ধর্ম্মশীল স্বামী হইলে স্ত্রী যেমন সুখি হয় এমন বস্ত্র অলঙ্কারে হয় না এটি সত্য বটে কিন্তু স্বপত্নী গলগ্রহেও বড় অসুখ।

হরিহর। যিনি সৎ স্বামী তাঁহার এক স্ত্রী ব্যতিরেকে দুই স্ত্রীতে কখনই মতি হইতে পারে না। পুরুষের এক বই আর দুই মন নহে—মনের ভাগাভাগি হইলে যেমনিয়া ভালবাসা হওন অসাধ্য। মিতাক্ষরার বচন অনুসারে দ্বিতীয় পত্নী গ্রহণ স্বেচ্ছাক্রমে হইতে পারে না। যদি প্রথম স্ত্রী সুরাপানে রত, ব্যধিত, ধূর্ত্ত, বন্ধ্যা, অপ্রিয়বাদিনী অথবা কেবল কন্যা প্রসব করেন—এইরূপ কয়েক অবস্থাতেই তাঁহার অনুমতিক্রমে দ্বিতীয় স্ত্রী গ্রহণীয় হইতে পারে, কিন্তু অভিনব বঙ্গালীয় কুলধর্ম্ম প্রাচীন স্মৃতিকে একেবারে জলাঞ্জলি দিয়াছে। সে যাহা হউক, মূল কথা যথার্থ পত্নীপ্রেমানুরাগির এক বই দুই পত্নী কখনই হইতে পারে না। যিনি বলেন যে দুই স্ত্রীকে তুল্য ভাল বাসেন তিনি অসম্ভব কথা সম্ভব করিতে অনর্থক চেষ্টা করেন।

পদ্মাবতী। তোমার কথাবার্ত্তা শুনে আমার বড্ডো ভর্ষা হল, এত দিনের পর জানলাম যে তুমি আর বিয়ে কর্‌বে না।

(১৬) গৃহকথা—স্ত্রীলোকদিগের পূর্ব্ব অবস্থা। ১৬ সংখ্যা।

পদ্মাবতী। পূর্ব্বে স্ত্রীলোকদিগের অবস্থা কি রূপ ছিল?

হরিহর। পুরাণ ও কাব্য পুস্তকাদি পাঠে বোধ হইতেছে যে, স্ত্রীলোকেরা পূর্ব্বকালে লেখা পড়া শিখিতেন। কুমার সম্ভব ও বিক্রমোর্ব্বশী নাটকে প্রমাণ পাওয়া যাইতেছে যে, স্ত্রীলোকেরা ভূর্জপত্রে পত্রাদি লিখিতেন। রুক্মিণী শ্রীকৃষ্ণকে যে পত্র লিখিয়াছিলেন তাহার বিশেষ বিবরণ শ্রীমদ্ভাগবতে আছে। ভাস্করাচার্য্যের কন্যা লীলাবতী পাটীগণিত ও বীজগণিত এই দুই গ্রন্থ লেখেন। শঙ্করাচার্য্যের সহিত মণ্ডনমিশ্রের তর্কবিতর্ক কালীন মণ্ডনমিশ্রের স্ত্রী লীলাবতী মধ্যস্থ হইয়াছিলেন। তৈলঙ্গ দেশীয় ভগবান নামে এক ব্রাহ্মণের চারি কন্যা ছিল। তাঁহারা বিবিধ বিষয়ে বিবিধ গ্রন্থ লিখিয়াছেন। কালিদাসের ও কর্ণাট রাজার পত্নী, যাজ্ঞবল্ক্যের স্ত্রী গার্গী, বাহ্বটের কন্যা, এবং অত্রিমুনির বনিতা, ইঁহারা সকলেই বিদ্যাবতী ছিলেন। অতএব স্ত্রীলোকেরা যে পূর্ব্বকালে বিদ্যা শিক্ষা করিতেন তাহাতে সন্দেহ নাই। বিশেষতঃ মহানির্ব্বাণ তন্ত্রে বলেন,

কন্যাপেবং পালনীয়া শিক্ষণীয়া তু যত্নতঃ।

কন্যাকেও পুত্রবৎ পালন ও যত্নপূর্ব্বক শিক্ষা দান করা কর্ত্তব্য।

এক্ষণে অল্প বয়সে বিবাহ দেওনের প্রথা হইয়াছে ইহাতে বড় অনিষ্ট হইতেছে। পূর্ব্বে রাজকন্যাদিগের যৌবনাবস্থায় বিবাহ হইত ও স্বয়ম্বরার প্রথা থাকাতে তাঁহারা আপন স্বেচ্ছাক্রমে পতি বরণ করিতেন। পিতা মাতা অথবা অন্যান্য লোক দ্বারা রাজপুত্রদিগের আহ্বান হইলে বিবাহের দিবস ধাত্রী কন্যাকে লইয়া পরিচয় দিত, কন্যা সকল কথা কর্ণে শুনিয়া ও আপন চক্ষে দেখিয়া যাহার প্রতি মনঃ হইত তাঁহার গলায় বরমাল্য দিতেন। এই রূপে কুন্তী দময়ন্তী ইন্দুমতী ও ভানুমতী প্রভৃতির বিবাহ হইয়াছিল। ক্ষত্রিয়দিগের মধ্যে সময়ের এই রূপ পণ হইত যে বিশেষ বীরত্ব প্রকাশ করিতে পারিবে সেই কন্যা পাইবে। শ্রীরাম ধনুক ভঙ্গ করিয়া সীতাকে পান। অর্জ্জুন লক্ষ্যভেদ করিয়া দ্রৌপদীকে লাভ করেন। ক্ষত্রিয়দিগের মধ্যে আর এক প্রথা ছিল যে কন্যার যাহার প্রতি মনঃ হইত তাহাকেই বিবাহ করিতেন এবং সেই ব্যক্তি হরণ করিলে ঐ বিবাহ অসিদ্ধ হইত না। কাশী রাজার তিন কন্যাকে ভীষ্ম অন্যান্য রাজার সহিত সংগ্রাম করিয়া হরণ করিয়া লইয়া যান। জ্যেষ্ঠ কন্যা অম্বা হস্তিনায় যাইয়া বলিলেন আমি শাল্ব রাজাকে মনে২ বরণ করিয়াছি অন্যকে বিবাহ করিতে পারি না; তৎক্ষণাৎ ভীষ্ম তাঁহাকে বিদায় করিয়া দেন। শিশুপালের সহিত রুক্মিণীর বিবাহ স্থির হইয়াছিল কিন্তু রুক্মিণীর মনঃ কৃষ্ণের প্রতি ছিল এই জন্য কৃষ্ণ তাঁহাকে হরণ করেন। বলরামের বাসনা ভদ্রাকে দুর্য্যোধনকে দিবেন, কৃষ্ণের ইচ্ছা তাঁহাকে অর্জ্জুন বিবাহ করেন এবং ভদ্রারও মনঃ অর্জ্জুনের প্রতি ছিল এজন্য অর্জ্জুন তাঁহাকে হরণ

করেন এবং হরণ কালীন অর্জ্জুনকে যদুদিগের সহিত যুদ্ধ করিতে হয়, ও ভদ্রা স্বয়ং সারথিব কর্ম্ম করেন।

ক্ষত্রিয়দিগের পক্ষে মনু বচন অনুসাবে এই নিয়ম ছিল যে তাহারা মহাকুল প্রসূতা মনোহারিণী সুরূপা গুণবতী ভার্য্যাকে বিবাহ কবিবে। এক্ষণে কুলীনেরা যেরূপ পণ গ্রহণ করেন পূর্ব্বে এ প্রকার প্রথা নিন্দনীয় ও নিষিদ্ধ ছিল। মনুব ৯ অধ্যায়ে লেখেন শূদ্রেরাও কন্যা দানকালে পণ গ্রহণ করিবেক না।

মহানির্ব্বাণ তন্ত্রে বলেন "দেয়া বরায় বিদুষে" অর্থাৎ সুপণ্ডিত পাত্রে কন্যা দান করিবেক। মনুসংহিতাতেও লেখেন যে উৎকৃষ্ট ও সুরূপ বরকে কন্যা দান দিবেক ও অপাত্রে নষ্প্রদান অপেক্ষা কন্যাকে চিবকাল গৃহে বাখা শ্রেয়ঃ।

স্ত্রীলোকদিগের অবস্থা শিক্ষা ও বিবাহ বিষয়ে পূর্ব্বে যেরূপ প্রথা ছিল তাহা সংক্ষেপে লিখিত হইল। এক্ষণে জিজ্ঞাস্য হইতে পাবে পূর্ব্বে স্ত্রীলোকেবা কি অন্তঃপুরে রুদ্ধ থাকিত? আব সকল লোকের কি এই সংস্কাব ছিল যে স্ত্রীলোককে রুদ্ধ না রাখিলে তাহাদিগের ধর্ম্ম রক্ষা হইতে পাবে না? মনু ৯ অধ্যায়ে বলেন।

অবক্ষিতা গৃহে রুদ্ধাঃ পুরুষৈ বাপ্তকারিভিঃ।
আত্মন মাত্মনা যাস্তু রক্ষেয়ুস্তাঃ সুরক্ষিতাঃ॥

স্ত্রীলোকেবা আপ্ত পুরুষদের কর্ত্তৃক গৃহে রুদ্ধ হইলেও রক্ষিত নহে। যাহারা আপনাহইতে আপনাকে রক্ষা করে তাহাবাই সুরক্ষিত।

এবং ঐ অধ্যাযেব ৪৮ শ্লোক পাঠে বোধ হয় যে পূর্ব্বে স্ত্রীলোকেবা নাট্যশালা প্রভৃতি স্থানে গমন করিত। অন্যান্য গ্রন্থ পাঠেও প্রতীয়মান হইতেছে যে স্ত্রীলোকেরা উৎসব অথবা অন্যান্য সময়ে অন্তঃপুর হইতে বাহিরে আসিত ও বনে মৃগযায় এবং যুদ্ধে ও তীর্থে স্বামী সঙ্গে গমন করিত এবং কুটুম্ব ভিন্ন অপর২ ব্যক্তিও অন্তঃপুরে যাইতে পাবিত। পূর্ব্বে বলিয়াছি যে সাবিত্রী সখী সঙ্গে রথারূঢা হইয়া পিতার রাজ্যে ভ্রমণ করিতেন। সুভদ্রা হৃতা হইয়া আসিতেই রথে অর্জ্জুনকে পরিচয় দেন।

এই রথে সত্যভামা রুক্মিণীর সঙ্গে।
ভ্রমিতেন তিন পুর ইচ্ছামত রঙ্গে॥
স্নেহে মোরে সত্যভামা সঙ্গে করি লয়।
সারথি হইয়া আনি চালাইব হয়॥ আদিপর্ব্ব।

যখন রাজকুলীয় নারীরা ঐ প্রকাব ভ্রমণ করিতেন তখন এ প্রথা অবশ্যই চলিত ছিল। বিশেষ২ সময়ে প্রকাশ্য স্থানে রাণী রাজাব নিকটে বসিতেন, আর রাজকুমার না থাকিলে কুমারীই রাজ্যাভিষিক্ত হইতেন। পরন্তু হিন্দুদিগের রাজত্ব সময়েই স্ত্রীলোকদেব ঐ প্রকার অবস্থা ছিল। মুসলমানদিগেব রাজ্যাবধি তাহাদেব দৌরাত্ম্য জন্য এখানকার অঙ্গনারা অন্তঃপুরে রুদ্ধ হযেন।

অপর পূর্ব্বকালে স্ত্রীলোকদের বিলক্ষণ সম্মান ছিল। স্ত্রীলোকের সতীত্ব হরণ অথবা প্রাণ হরণ করিলে প্রাণ দণ্ড হইত আর যদি কেহ কোন কুমারীর কুমারীত্বের প্রতি দোষারোপ করিত তবে তাহারও দণ্ড হইত। শাস্ত্রে পরপত্নীকে "সুভগে ভগিনি" বলিয়া সম্বোধন করিবার বিধি আছে কিন্তু মাতৃ সম্বোধনের প্রথাই সাধারণ রূপে প্রচলিত ছিল, কারণ তাহা অদ্যাপিও চলিত আছে এবং অভ্যর্থনা ও শিষ্টাচারে স্ত্রীলোকের মান্যতার ত্রুটি কোন অংশে ছিল না; আর স্ত্রীলোকের রক্ষার্থে প্রাণি বধ অথবা প্রাণ দান করণ প্রশংসনীয় জ্ঞান হইত। ঐ প্রথা ইংরাজদিগের ব্যবহারের সদৃশ। তাঁহারা রমণীগণকে এমন সমাদর করেন যে আবশ্যক মতে আপন প্রাণ দিতে প্রস্তুত হয়েন ও যে ব্যক্তি এরূপ ব্যবহার না করে সে ভদ্র সমাজে হেয় বলিয়া গণ্য হয়।

যে দেশে স্ত্রীলোক মান্য সে দেশে সভ্যতার উন্নতি হয়। যে দেশে স্ত্রীলোক অমান্য ও দাসীর ন্যায় গণ্য সে দেশের লোকের সভ্যতা ও ধর্ম্ম-বৃদ্ধি হইতে পারে না। স্ত্রীলোক সুশিক্ষিত ও সম্মানিত হইলে পুরুষের চিত্তোৎকর্ষক স্বরূপ হন—এমত স্ত্রীলোকের নিকট প্রশংসা প্রাপ্তি জন্য পুরুষ সর্ব্বদা যত্নবান ও মন্দ কর্ম্ম করণে সর্ব্বদা ভীত হন। তাঁহার মনে এই ভয় হয় যে এ কর্ম্ম করিলে পরিবারের নিকট কেমন করিয়া মুখ দেখাইব এবং এই রূপ মনের ভাব সর্ব্বদা হওয়াতে সচ্চরিত্র হওনের অভ্যাস হইয়া পড়ে। সুশিক্ষিতা স্ত্রী পুরুষের এক প্রকার শাস্তা ও উপদেষ্টা এজন্য স্ত্রীশিক্ষা না হইলে পুরুষের শিক্ষা প্রকৃত রূপে হইতে পারে না। যে গৃহে সুশিক্ষিতা ও ধর্ম্মপরায়ণা নারী থাকে সে গৃহে সন্তান সন্ততি কি মন্দ চিন্তা কি মন্দ কথা কি মন্দ কর্ম্ম কখনই শিখিতে পারে না।

---

(১৭) জাপানদেশের স্ত্রীলোক।

জাপানদেশ চীনদেশের নিকটবর্ত্তী। ঐ দেশের লোকেরা পুত্র ও কন্যাকে সমানরূপে শিক্ষা দেয়। যে পাঠশালায় তাহারা প্রথমে প্রেরিত হয় তথায় লিখন পঠন এবং স্বদেশের পুরাবৃত্ত শিক্ষা করে। যাহারা মজুরি করিয়া দিনপাত করে তাহাদিগের কন্যারাও ঐরূপ শিক্ষা প্রাপ্ত হয়। যে সকল লোকের অবস্থা ভাল অথবা যাহারা ভদ্র লোক বলিয়া গণ্য, তাহাদিগের দুহিতারা প্রথমে উক্ত প্রকার শিক্ষা পাইয়া অন্যান্য বিদ্যালয়ে গমন করে ও সেখানে নীতি, শিষ্টাচার, এবং ব্যক্তি বিশেষে বিশেষ২ ভদ্র ব্যবহার, জ্যোতিষ, শিল্পবিদ্যা, গৃহকর্ম্ম নির্ব্বাহক বিদ্যা এবং গৃহিণী ও মাতার প্রয়োজনীয় কর্ম্ম সকল শিক্ষা করিয়া থাকে।

শিক্ষকেরা বালকদিগকে নীতি ও ধর্ম্ম বিষয়ে যত্নপূর্ব্বক উপদেশ প্রদান করেন এজন্য স্ত্রীলোকদিগের ভদ্র স্বভাব ও ভদ্র ব্যবহার হয়, যদিও তাহারা

ইংরাজদিগের বিবিদের ন্যায় অন্তঃপুরে রুদ্ধ থাকে না, নাট্যশালা প্রভৃতি স্থানে গমন করে, তথাপি ধর্ম্মজ্ঞান প্রভাবে তাহাদিগের মধ্যে ভ্রষ্টা প্রায় নাই। জাপানদেশের লোকদিগের স্ত্রীলোকের প্রতি এত বিশ্বাস যে কাহার স্ত্রীর অসতীত্ব প্রকাশ হইলে তাহারা আশ্চর্য্য হয়। ধর্ম্মের মূল পরমেশ্বরের প্রতি দৃঢ়তর বিশ্বাস—ঐ মূল ভালরূপ হইলে কোন উৎপাতেই ব্যাঘাত হয় না। জাপানদেশের লোকেরা পৌত্তলিক বটে কিন্তু সকলেই ঈশ্বরের প্রতি অনুরাগী। যৎকালীন জাপানদেশের লোকেরা বন্ধু বান্ধব লইয়া পরিবার সহিত সদালাপ করে তখন স্ত্রীলোকদিগের শিল্প গঠন সকল বড় আমোদজনক হয়। সুন্দর২ বাক্স, নানা প্রকার ফল, বিচিত্র পাখা, এবং পক্ষী ও জন্তুর চিত্র, পাকেট বহি, ছোট২ বেটুয়া, চুল বাঁধিবার দড়ি ইত্যাদি দ্রব্যের দোষ গুণ আলোচনায় নারীদিগের শিল্পবিদ্যানুশীলনে উৎসাহ প্রদত্ত হয়। জাপানদেশের স্ত্রীলোকেরা যেমন গুণবতী তেমনি সুন্দরী কিন্তু দুঃখের বিষয় এই যে স্বামী স্বেচ্ছাক্রমে অন্যান্য স্ত্রীলোককে স্ত্রীবৎ ভাবে প্রধানা স্ত্রীর নিকট রাখিতে পারেন এবং স্ত্রীর এমন সাধ্য নাই যে আপন ভর্ত্তাকে বিষয়াশয়ের কথা কিছু জিজ্ঞাসা করেন। স্ত্রীলোকেরা স্বামীর সঙ্গের সঙ্গী, দুঃখের দুঃখী এবং সুখের সুখী অতএব যে২ বিষয়ে পরামর্শ দিতে সক্ষম, সেই২ বিষয়ে পরামর্শ দেন না দিবেন? এ বিষয়ে জাপানদেশের লোকদিগের সভ্যতা সম্পূর্ণ হয় নাই।

যাহাহউক জাপানদেশের স্ত্রীলোকের মধ্যে অনেকে উত্তম২ ইতিহাস, নীতিশাস্ত্র ও বাক্য গ্রন্থ লিখিয়াছেন, ফলতঃ তাঁহারা সকলেই বিদ্যার আলোচনা করিয়া থাকেন।

জাপানদেশের এক জন স্ত্রীলোক সতীত্ব বিনষ্ট হইলে কি করিয়াছিল তাহার বিবরণ নিম্নে লিখিত হইতেছে।

এক জন ভদ্র ব্যক্তি বিদেশে গমন করিলে কোন এক সম্ভ্রান্ত পরাক্রমশীল ব্যক্তি তাঁহার পত্নীকে নষ্ট করিবার জন্য নানাপ্রকার চেষ্টা করে কিন্তু কৃতকার্য্য হইতে না পারাতে অবশেষে ছলক্রমে ইষ্ট সিদ্ধি করে। সেই স্ত্রীর ভর্ত্তা প্রত্যাগমন করিয়া তাঁহার মুখ ম্লান দেখিয়া বলিলেন—প্রিয়ে! তোমার বদনের ভাবে প্রকাশ পাইতেছে তুমি বড় অসুখী আছ—ইহার কারণ কি? পত্নী উত্তর করিলেন—নাথ! অদ্য ক্ষান্ত হও, কল্য যৎকালীন কুটুম্ব ও দেশের প্রধান২ লোককে নিমন্ত্রণ করিবে তৎকালে আত্ম মনঃ পীড়ার কথা ব্যক্ত করিব। পরদিন নিমন্ত্রিত ব্যক্তিরা উপস্থিত হইলে ছাতের উপর ভোজ হইল। নিমন্ত্রিত ব্যক্তিদিগের মধ্যে ঐ দুরাচার সম্ভ্রান্ত পরাক্রমশীল ব্যক্তিও উপস্থিত ছিল। আহার সমাপ্ত হইলে সেই অবলা উত্থান পূর্ব্বক বলিলেন —নাথ! এই স্থানের এক মহাপাপী দুরাত্মা ছল ও প্রতারণা করিয়া আমার ধর্ম্ম নষ্ট করিয়াছে, পরমেশ্বর তাহার দণ্ড করিবেন—আমার দেহ অপবিত্র—আমি তোমার সহবাসের যোগ্য নহি—আমার জীবনে আর সুখ

যাই—মন অহরহ জলন্ত অগ্নির তাপে তাপিত হইতেছে—নিধন না হইলে নিষ্কৃতি হইবে না—এক্ষণে আমাকে সংহার কর। স্বামী ও অন্যান্য নিমন্ত্রিত ব্যক্তিরা বলিল—ভদ্রে! একটু সুস্থির হও—তোমার দেহ অপবিত্র হইয়াছে বটে কিন্তু মন অপবিত্র হয় নাই—যে ব্যক্তি এ দুষ্কর্ম্ম করিয়াছে তাহারই প্রাণ দণ্ড করা কর্ত্তব্য। পত্নী সকলকে নমস্কার করিয়া স্বামীর গলা ধরিয়া রোদন করিতে লাগিলেন, স্বামীও তাঁহার গলায় হাত দিয়া তাঁহাকে সুস্থির করিতে চেষ্টা করিলেন। পত্নী সস্নেহে আপন ভর্ত্তার মুখচুম্বন করণান্তর দৌড়িয়া গিয়া ছাতের আলসিয়ার উপর হইতে পতিত হইয়া প্রাণ ত্যাগ করিলেন। এই গোলযোগে ঐ দুরাত্মা সন্তাপিত হইয়া নীচে আসিয়া আপনি আপন প্রাণ বিনাশ করিল।

---

(১৮) সৎস্ত্রীকে স্বামী কখন ভুলিতে পারে না।

আমার পিতা সওদাগরি কর্ম্ম করিতেন। এজন্য তাঁহাকে অনেক স্থানে ভ্রমণ করিতে হইত, তাঁহার সঙ্গে সর্ব্বদা থাকিয়া দৌড় ধাপ আমাকে বড় ভাল লাগিত। ঘরে বসিয়া কেবল গুড়ুক টানা ও ফালতু গাল গল্প করায় দেকসেক বোধ হইত। পিতার লোকান্তর প্রাপ্তি হইলে আমি নানা দেশ ভ্রমণ করিতে লাগিলাম—নানা দেশ ভ্রমণ করাতে নানা প্রকার নূতন২ বস্তু দেখিতে পাইলাম। নানা প্রকার নূতন২ বস্তু দেখিতে২ নানা প্রকার বিষয়ে বিবেচনা হইতে লাগিল। এই প্রকারে অনেক স্থান পর্য্যটন করিয়া বারাণসীতে উপস্থিত হইলাম। তথায় কিছুদিন অবস্থিতি করিতে হইয়াছিল, তাহাতে কালভৈরবের গলিস্থ এক বাটীতে থাকিয়া প্রতিদিন বৈকালে চৌষট্টিযোগিনীর ঘাটের নিকট বেড়িয়া বেড়াইতাম। ঐ ঘাটের উপরে একজন পরমহংস শাস্ত্র পাঠ করিতেন, অন্য এক ব্যক্তি তাঁহার নিকট বসিয়া নিস্তব্ধ হইয়া শুনিতেন। দিবা অবসান হইলে পরমহংস সায়ংসন্ধ্যার উদযোগ করিলে ঐ শ্রোতা তাঁহাকে প্রণাম করিয়া অধোমুখে ভাবিতে২ বাটী যাইতেন ও পথিমধ্যে এক২ বার দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতেন। ঐ ব্যক্তিকে কয়েক দিবস ঐরূপ দেখিয়া তাহার সহিত আলাপ করিতে আমার বড় ইচ্ছা হইল, অতএব তদবধি এক২ দিন তাহার সম্মুখে দাঁড়াইতাম কিন্তু তিনি আমাকে দেখিয়াও দেখিতেন না—পাশ দিয়া চলিয়া যাইতেন। এক দিবস তাঁহার পশ্চাৎ২ গমন করিয়া বরাবর তাঁহার বাটীতে উপস্থিত হইলাম। তিনি আমাকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন—আপনি কে? আমি আপন পরিচয় দিয়া বলিলাম আপনকার সহিত আলাপ করিতে আমার বড় ইচ্ছা হইয়াছে এনিমিত্ত এপর্য্যন্ত আসিলাম। তিনি আমার হাত ধরিয়া বসাইয়া যথেষ্ট সমাদর করিলেন। তাহার পরে নানা বিষয় সংক্রান্ত কথাবার্ত্তা হইল, তাঁহার কথায় আমার বোধ হইতে লাগিল যে আমার সহিত

আলাপে তাঁহার তুষ্টি জন্মিতেছে। এই অবকাশে আমি জিজ্ঞাসা করিলাম মহাশয়ের পূর্ব্ব বৃত্তান্ত কি? আপনি সর্ব্বদা অন্যমনা থাকেন কেন? আমি এই প্রশ্ন করিবামাত্রে তিনি নিশ্বাস ত্যাগ করিয়া আপন বস্ত্র দিয়া নয়নের জল মুছিতে লাগিলেন। ইহা দেখিয়া আমি কুণ্ঠিত হইলাম। কিছু কাল পরে তিনি একটু সামলিয়া বলিলেন—মহাশয়! পরিচয় কি দিব? আমার নাম কৃষ্ণকিশোর দেব—আমি অতি দুর্ভাগ্য—বোধ করি আমার মত দুরদৃষ্ট নর সংসারে দ্বিতীয় নাই। আমার আদি বাসস্থান কৃষ্ণনগর। বিশ বৎসর বয়সের সময় পিতা মাতার কাল হয়—বিষয় আশয় অনেক ছিল কিন্তু আমার অপ্রবীণতা প্রযুক্ত ক্রমে২ নষ্ট হইতে আরম্ভ হয়, টাকা হাতে পাইয়া আমি মত্ত প্রায় হইয়াছিলাম। আমার পিতা বহু পরিশ্রমে বিষয় আশয় করিয়াছিলেন। তিনি সাংসারিক বিষয় সকল ভাল বুঝিতেন ও সর্ব্ব বিষয়ে সুদর্শী ছিলেন। আমার বিবাহের সম্বন্ধ অনেক ভারি২ জায়গা থাকিয়া আসিয়াছিল কিন্তু তিনি অনেক বিবেচনা করিয়া একজন মধ্যবর্ত্তি ভদ্র লোকের কন্যার সহিত আমার বিবাহ দেন। আমার শ্বশুরের যেমন সঙ্গতি, তেমনি বরাভরণ দানসামগ্রী ও সামাজিক দিয়াছিলেন। আমার মাতা তাহাতে বিরক্ত হইয়া পিতাকে অনুযোগ করেন। পিতা উত্তর করেন—পাওনা থোওনায় বড় আইসে যায় না—ভদ্র ঘরের মেয়ে আনাই আসল কথা—অনেক অনুসন্ধান করিয়া মেয়ে আনিয়াছি—যদি কিছুকাল বেঁচে থাক তবে এ কর্ম্মটি কেমন হইল তাহা দেখিবে। বল্‌তে কি—পিতার কথা প্রথমে আমার বড় ভাল লাগে নাই, কিন্তু সেটি ছেলেবুদ্ধি—ছেলেকালের ধর্ম্ম এই যে সকল কর্ম্মই ধুমধামে হইবে—যদি বিবাহ হয় তো খুব বড় মানুষের ঘরে হবে—শ্বশুর শাশুড়ী খুব দেবে থোবে—তত্ত্ব তাবাস ঘন২ আসিবে ও জামাই লয়ে সর্ব্বদা সাদ আহ্লাদ করিবে। পরন্তু কিছুকাল পরে আপন স্ত্রীর কথা বার্ত্তা শুনিয়া ও রীতি ব্যবহার দেখিয়া মনে২ পিতাকে অনেক প্রশংসা করিতে লাগিলাম। পিতা মাতার লোকান্তর প্রাপ্তি হইলে স্ত্রী বাটীর গৃহিণী হইয়া গৃহকর্ম্ম সকল এমত সুচারু রূপে করিতে লাগিলেন যে বর্ণনা করিতে পারি না। বসৎবাটী সর্ব্বদা পরিষ্কার রাখিত—বিছানা ও বস্ত্রাদি কখন অপরিষ্কার হইত না—দ্রব্যাদি যথাযোগ্য স্থানে শৃঙ্খলাপূর্ব্বক থাকিত, গোলমাল কোন প্রকারেই হইত না। ভাণ্ডারের চাবি আপনি রাখিতেন—যখন যে দ্রব্যের প্রয়োজন হইত আপনি বাহির করিয়া দিতেন, দ্রব্যাদি যাহা খরিদ হইত তাহা ভালই হইত, অথচ দর বেহিসাবি হইত না ও জিনিসপত্র অকারণে নষ্ট কিম্বা তছরূপাৎ কোন প্রকারে হইত না অথচ পরিবারের ও চাকর দাসীদিগেরও পরিতোষ রূপ ভোজন হইত। রান্না বান্না আপন হস্তে করিতেন, পচা মাছ, পচা তরকারি, কিম্বা অন্য কোন দুর্গন্ধ দ্রব্য বাটীর ভিতর আনিতে দিতেন না। সকল হিসাব কিতাব স্বহস্তে করিতেন; গোরুর ও ঘোড়ার খোরাক প্রতি দিন আপন চক্ষে দেখিয়া দিতেন। আমার পিতা

যে২ বিষয় আশয় রাখিয়া গিয়াছিলেন তাহার সবিশেষ সকলই জানিতেন, আমি যে ঐ বিষয় আশয় পাইয়া বাবু হইয়া উঠিয়াছি তাহা দেখিয়া ভঙ্গিক্রমে শান্ত ভাবে মধ্যে২ আমাকে দুই এক কথা এমত করিয়া কহিতেন যে তাহা শুনিয়া আমার সাময়িক চট্‌কা হইত।

কালক্রমে আমার দুই পুত্র ও এক কন্যা জন্মিল। সন্তানদিগের যে প্রকার লালন পালন ও শিক্ষা হইতে লাগিল তাহা কি বলিব? আমার স্ত্রী প্রতি দিন প্রত্যূষে দুই এক জন লোক দিয়া ছাওয়ালদিগকে নদীতীরে পাঠাইয়া দিতেন। ছেলেরা হাওয়া খাইয়া ও খেলা করিয়া আসিয়া ঘরের গাইর দুধ ও রুটি খাইত। তিনি তিনটী ছেলেকে সর্ব্বদা আপনার নিকট রাখিতেন, চাকর দাসীর সঙ্গে বড় সহবাস করিতে দিতেন না, কারণ চাকর দাসীতে ছেলে পুলেকে ভয় দেখাইয়া অথবা কুকথা শিখাইয়া প্রায় নষ্ট করে। আপনার ভোজনের পর ছেলেদের লইয়া মিষ্ট বাক্যে স্নেহ ও কৌশলের দ্বারা নানা প্রকারে সৎ উপদেশ দিতেন, শিশুরাও জননীর এইরূপ শিক্ষাতে কাহাকে মন্দ বলে তাহার নামও জানিত না। তাহারা খেলা দুলা করিত ও গুরুমহাশয়ের কাছে লেখা পড়া শিখিত কিন্তু খেলা দুলা ও লেখা পড়া অপেক্ষা মায়ের কাছে থাকিতে অধিক ভাল বাসিত। মাযের সৎ উপদেশে কখনই পরস্পর গালাগালি অথবা কলহ করিত না—পরস্পর এমনি ভাল বাসিত যে একটী কোন ভাল মন্দ জিনিস পাইলে আর দুটীকে না দিয়া খাইত না ও একটীর কোন অসুখ হইলে আর দুটী আনা গোনা করিয়া এবং ভাবিয়া ও সেবা করিয়া সারা হইত। তাহাদিগের মধ্যে কেহই এমত বলিত না যে অমুক জিনিসটী কিম্বা খেলেনাটী কেবল আমাকে দাও। এক জন কোন বিষয়ে বঞ্চিত হইলে আর দুই জন বড় অসুখী হইত। ছেলে বয়স পর্য্যন্ত এইরূপ অভ্যাস হইলে ক্রমে পরোপকারক স্বভাব হয় কিন্তু এই প্রকারে নীতি দেওয়া সৎ মাতা ব্যতীত অন্য কাহা হইতেও হয় না।

অপর আমার স্ত্রী দাস দাসী যাহাতে ভাল থাকে সর্ব্বদাই এমত চেষ্টা করিতেন, তাহাদিগের ব্যামোহ হইলে কাছে বসিয়া ঔষধ পথ্য দিতেন ও পাড়ার গরিব দুঃখি লোকদের সতত তত্ত্ব লইতেন। তিনি কখনই কাহার সহিত উচ্চ কথা কহিতেন না, যদ্যপি কেহ অকারণে বিবাদ করিতে আসিত তাহাতে কিছু উত্তর করিতেন না। কিছুকাল পরে ভাল কথার দ্বারা তাহাকে শান্ত করিতেন। তিনি সর্ব্বদা নম্রভাবে চলিতেন—অহঙ্কার কাহাকে বলে তাহা জানিতেন না।

আমার কিছু বিষয় থাকাতে কড়ির গন্ধে অনেক পারিষদ জুটিয়াছিল, তাহাদের কুহকে পড়িয়া আমার পেয় দোষ উপস্থিত হইল। সবারে যে প্রকার মত্ততা ও দোষ জন্মে তাহা আমার সম্পূর্ণ হইল। আমি বিষয় আশয় ও পরিবারকে একেবারে জলাঞ্জলি দিয়া ইন্দ্রিয় সুখে উন্মত্ত হইলাম। এই বিপদ দেখিয়া আমার স্ত্রী প্রতিদিন সন্ধ্যার প্রাক্কালীন আমাকে ডাকাইয়া

আহার করাইতেন, তৎপরে সেবা করিতে২ বাক্য কৌশলে একটী২ নীতি বিষয়ক মনোরম্য গল্প কহিতেন। তিনি জানিতেন ভাল গল্প শুনিতে আমি বড় ভাল বাসিতাম। একং দিন গল্প শুনিতে২ অনেক রাত হইত তাহাতে পারিষদেরা আমাকে না দেখিতে পাইয়া বাটী ফিরিয়া যাইত। কিছু কাল এইরূপ করিতে২ মদ্য পান ইত্যাদির উপর একেবারে আমার ইচ্ছা ঘুচিয়া গেল। তখন আমার চৈতন্য হইলে ভাবিতে লাগিলাম কি কুকর্ম্ম করিয়াছিলাম! আমি স্ত্রীকে কত কুকথা বলিয়াছি কিন্তু তিনি তাহা কিছু ধর্ত্তব্য না করিয়া আমাকে কি দায় থেকে মুক্ত করিলেন!

অবকাশ পাইলেই আমার ভার্য্যা শিল্প কর্ম্ম করিতেন এবং কন্যাকেও শিখাইতেন। এক দিবস জিজ্ঞাসা করিলাম—তুমি সূঁচ সূতা লইয়া এত ক্লেশ কেন কর?—এসব জিনিস দরকার হইলে কি বাজারে মেলে না? তিনি আমাকে বিরক্ত দেখিয়া সূঁচ সূতা রাখিয়া বলিলেন শিল্প কর্ম্ম শিখাতে অনেক উপকার আছে। ইহাতে মনঃ সুস্থির থাকে ও ঠাণ্ডা মেজাজ হয় আর দুরবস্থায় পড়িলে কর্ম্মে লাগে।

কিছু কাল পরে পত্নী এক দিবস বলিলেন—দেখ ছেলে দুটীর লেখা পড়া এক রকম হইতেছে কিন্তু মেয়েটির একটী ভাল শিক্ষক হইলে উত্তম হয়। আমি তাহাকে কিছু২ শিখাইয়াছি কিন্তু শিখিবার অনেক বাকি আছে। এই কথা শুনিয়া আমি পরিহাস করিয়া বলিলাম মেয়ের শিক্ষা দিবার জন্য টাকা নষ্ট করার তাৎপর্য্য কি? আজ আছে কাল পরের ঘরে যাবে. কড়ি খরচ করিয়া মেয়েকে শিখাইলে কি লাভ হইবে? আমার এই কথাতে পত্নী ঘাড় হেঁট করিয়া থাকিলেন। তাঁহাকে ঐ রূপ দেখিয়া আমি জিজ্ঞাসা করিলাম—তুমি কি বিরক্ত হইলে? তিনি উত্তর করিলেন—না বিরক্ত হই নাই—স্বামীর উপরে কি কখন স্ত্রী বিরক্ত হইতে পারে? কিন্তু এবিষয়টি তোমাকে কি প্রকারে বুঝাইব তাহাই ভাবিতেছি। আমার একটী কথা শুন দেখি। বাপ মার কর্ম্মই এই যে ছেলে মেয়ে উভয়কেই সৎ উপদেশ দিবে। যদি কন্যার উপদেশ না হয় তবে তিনি সংসারে কোন্ কর্ম্মের যোগ্যা হইতে পারেন? না গৃহকর্ম্ম ভাল করিয়া জানিতে পারেন—না সন্তানাদির লালন পালন করিতে পারেন—না স্বামী ও পরিবারস্থ অন্যান্যকে সুখী করিতে শক্ত হয়েন—না তাঁহার ধর্ম্মের প্রতি দৃঢ় বিশ্বাস হয়? এই বিষয়ে আমার বোধ শোধ পূর্ব্বে তোমার মত ছিল কিন্তু আমার উপদেশ জন্য বাবা ব্যয় করিতে কসুর করেন নাই। আমার ভাগ্য ক্রমে এক জন ইংরাজি বিবি আমাকে পড়াইতে আসিতেন—সেই বিবির যেমন শান্ত স্বভাব ও ঈশ্বরের প্রতি ভক্তি এমন কোন মেয়েমানুষের অদ্যাপি আমি দেখি নাই, তাঁহার সহিত সহবাসে আমার অনেক উপকার হইয়াছে, এই জন্যে মেয়েটির শিখিবার কথা বলিতেছি, বাপ মাকে ছেলে পুলের বিবাহ দিতে হয় বটে কিন্তু বিবাহ দেওয়া অপেক্ষা সৎ করা অধিক আবশ্যক কর্ম্ম।

স্ত্রীর এই সকল কথা আমার উপদেশ স্বরূপ বোধ হইল, তৎক্ষণাৎ কন্যার শিক্ষার উপায় করিলাম।

আমি পত্নীকে যত দেখিতাম ততই তাঁহার প্রতি আমার প্রেম বাড়িত। তিনি প্রতি দিন প্রাতে বিছানাহইতে উঠিতেন, সূর্য্য উদয় হইলে আমি উঠিতাম। দৈবাৎ এক দিবস প্রাতে উঠিয়া বাহিরে যাই সেই সময়ে তিনি অন্তরে বসিয়াছিলেন। আমার সন্দেহ হইল তাঁহার কোন পীড়া হইয়াছে। আস্তে২ নিকটে আসিয়া দেখিলাম স্থির চিত্তে দুই নয়ন মুদিত করিয়া ধ্যান করিতেছেন। পরমেশ্বরের প্রেমে তাঁহার মন এমনি আর্দ্র হইয়াছে যে মধ্যে২ দুই চক্ষু দিয়া প্রেমাশ্রুবহিতেছে, পত্নীর এইরূপ ভক্তি দেখিয়া আপনার প্রতি ঘৃণা জন্মিল, এবং এই ধিক্কার হইতে লাগিল আমি অতি পাষণ্ড, ঈশ্বরের উপাসনা কখনই করি না এই জন্য আমার চিত্ত এত অপবিত্র ও অধর্ম্মে অহরহ প্রবৃত্ত হয়।

পূর্ব্বেই বলিয়াছি আমার বিষয় আশয়ের রক্ষণাবেক্ষণ বড় ভাল হইত না, অতএব ক্রমে২ আমাকে জড়িয়ে পড়িতে হইল। অর্থের হ্রাস দেখিয়া পাওনা ওয়ালা সকলে চাগিয়া উঠিয়া আমার নামে আদালতে এক তর্ফা ডিগ্রি করিতে লাগিল। আমি যৎকালে বাবু হইয়া উঠিয়াছিলাম তৎকালেই জমী জেরাৎ বন্ধক পড়ে, ভদ্রাসন বাটীও গ্রিথির মধ্যে লেখা ছিল। এই সকল বিষয় দখল লইবার হুকুম হইলে উকিলেরা আমাকে পরামর্শ দিল যে ভদ্রাসন বাড়ী খানা তোমার স্ত্রীর নামে পূর্ব্ব তারিখের বন্ধকি খত বানাইয়া রাখিলে রক্ষা হইতে পারে। এই কথা শ্রবণ করিয়া আমি ভার্য্যার সহিত পরামর্শ করিতে গেলাম। আমার স্ত্রী এই সকল কথা শুনিয়া ধীরতাপূর্ব্বক বলিলেন এত দিনের পর ঘোর বিপদে পড়িতে হইল—বোধ করি অন্ন বস্ত্রের জন্যে লালায়িত হইতে হইবে। পরমেশ্বরের যা ইচ্ছা, তাই হবে, কিন্তু আমার নামে মিথ্যা বন্ধকি খত করিও না, এমত জুয়াচুরি করা কখনই উচিত হয় না। হাতে দুগাছা পিতলের বালা পরিয়া থাকব, আমার যে কিছু অলঙ্কার পত্র আছে বিক্রয় করিয়া তোমার ও সন্তানদিগের ভরণ পোষণ করিব—তাহা গেলে পর তোমার ও সন্তানদিগের জন্য দাসীবৃত্তি করিতে হয় তাহাও করিব কিন্তু অধর্ম্ম পথে যাওয়া হইবে না। স্ত্রীর এই কথা শুনিয়া আমি চমৎকৃত হইয়া থাকিলাম। কিছু দিন পরে পাওনা ওয়ালারা সকল বিষয় আশয় দখল করিয়া লইয়া ভদ্রাসন বাটী হইতে আমাদিগের হাত ধরিয়া বাহির করিয়া দিল। স্ত্রী ও সন্তানদিগকে লইয়া একখানি কুঁড়েঘর ভাড়া করিয়া থাকিলাম। দুরবস্থায় পড়িয়া অতিশয় কাতর হইলাম কিন্তু এরূপ অবস্থা হওয়াতে অনেক উপদেশ পাইলাম। আত্মীয় কুটুম্ব কেহ একবার তত্ত্বও করিল না, যে সকল লোক আমার চাকর ছিল তাহারাও নিকটে আইল না। আমি কর্ম্মকাজ করিতে শিখি নাই ও কর্ম্মকাজ করিয়া দেয় এমন কেহ মুরব্বিও ছিল না। রাতদিন স্ত্রী পুত্রের নিকট বসিয়া থাকিতাম

এবং কেবল তাঁহাদিগের মুখ দেখিয়া দুঃখ দূর করিতাম, কাহারো সহিত দেখা করিতে ইচ্ছা হইত না। স্ত্রী আপন অলঙ্কার বিক্রয় করিয়া শিল্প কর্ম্মের দ্বারা কিছু দিন ভরণ পোষণ করিলেন, মেয়ে মানুষের শিল্প কর্ম্ম শিখিবার উপকার আমার তখন বোধগম্য হইল। অবশেষে পত্নীর সহিত পরামর্শ করিয়া এই স্থির করিলাম স্বদেশ ত্যাগ করিয়া কানপুর অথবা মিরাটে গিয়া এক খানি ছোট খাট দোকান করিলে জীবিকা নির্ব্বাহ হইতে পারিব। এই অভিপ্রায়ে নৌকা ভাড়া করিয়া পরিবার সকলকে লইয়া রাহি হইলাম। রাজমহল বরাবর পৌঁছিলে একটা ঘোরতর ঝড় উঠিল—নিমেষ মধ্যে নৌকা টলমল করিয়া উল্টিয়া গেল—নৌকার তক্তা ভিন্ন ভিন্ন হইতে লাগিল—স্বচক্ষে দেখিলাম আমার দুইটী সন্তান চীৎকার করিতে২ ডুবিয়া পড়িল। আমার স্ত্রী কোলের ছেলেটি লইয়া কিয়ৎকাল আঁকু পাঁকু করিয়াছিলেন কিন্তু জলের তোড় এমনি হইতে লাগিল যে তিনিও শীঘ্র দৃষ্টির অগোচর হইলেন—আমি না মরিয়া ভাসিতে২ কিনারায় উত্তীর্ণ হইলাম। মনে হইল যদাপি পরমেশ্বর আমাকে কাণা করিতেন তবে চক্ষু দিয়া এসকল দেখিতে হইত না—সমস্ত রাত্রি রোদন করিয়া প্রাণ ত্যাগ করিতে ইচ্ছা হইয়াছিল—যে পরমহংসের নিকট প্রতিদিন বৈকালে যাই তিনি আমাকে নিবৃত্ত করাইয়া এই ধামে সঙ্গে করিয়া আনিয়া নানা প্রকারে সান্ত্বনা করিতেছেন। আমার দুর্ব্বল চিত্ত—সর্ব্বদাই প্রাণ কেঁদে উঠিতেছে—সন্তানেরা বা কোথায় গেল? আর আমার সেই প্রাণেশ্বরীই বা কোথায় গেলেন? * * *

---

(১৯) ধর্ম্ম ও অধর্ম্মের পথ—স্বপ্ন।

আমি টোলে অধ্যয়ন করি। পাঠ অভ্যাস নিমিত্ত রাত্রি জাগরণ করিতে হয়। দৈবাৎ এক দিন রাত্রে শ্রান্তি বোধ হওয়াতে মাথায় পুস্তক দিয়া আলস্য দূর করিতে২ নিদ্রিত হইলাম। ক্ষণৈক কাল পরে স্বপ্ন দেখিতেছি—যেন ভ্রমণ করিতে২ এক দেশে উপস্থিত হইলাম—স্থানে২ নদ নদী গিরি গুহা হাট মাট পশু পক্ষী ও নানা জাতীয় মনুষ্য। গমন করিতে২ অন্বেষণ নামক পর্ব্বতের উপর উঠিয়া দেখিলাম দুই দিকে দুই পথ—সেই দুই পথে দুইটী কন্যা দাঁড়াইয়া আছেন। জিজ্ঞাসা করিলাম আপনারা কে? উত্তর দিকস্থ কন্যা বলিলেন আমার নাম ধর্ম্ম ও দক্ষিণ দিকস্থ কন্যা কহিলেন আমার নাম অধর্ম্ম। আমি কিঞ্চিৎ কাল তাহাদিগকে নিরীক্ষণ করিয়া দেখিতে লাগিলাম। ধর্ম্ম নামিকা কন্যা শ্বেতবসনা—শান্তবদনা—মৃদু-হাসিনী—স্নেহভাষিণী ও কৃপাবলোকিনী। অধর্ম্ম রক্তবস্ত্রা—নানালঙ্কারে ভূষিতা—সুগন্ধি চন্দনে চর্চ্চিতা ও হাব ভাব কটাক্ষে সম্পূর্ণা। ধর্ম্ম আমাকে বলিলেন বাছা তুমি যে দেশে আসিয়াছ ইহার নাম সংসার—এই দেশের

এই দুইটী পথ ব্যতীত অন্য পথ নাই। যে পথ আমি দেখাইতেছি যদি এই পথে আইস তাহা হইলে তোমার ইহকাল ও পরকাল উভয় কালেরই মঙ্গল। কিন্তু আমার পথগামী হইলে অনেক পরিশ্রম ও কঠিন২ নিয়ম পালন করিতে হইবে। এই সকল করিতে কিঞ্চিৎ ক্লেশ হইবে বটে কিন্তু তাহাতে প্রকৃত সুখ প্রাপ্ত হইবে। কোন২ সময়ে ঐ ক্লেশ অসহ্য হইলেও হইতে পারে ও সাংসারিক অনেক উৎপাতও ঘটিতে পারে—অর্থ নাশও হইতে পারে, মানের খর্ব্বতাও হইতে পারে—স্ত্রী পুত্র বন্ধু বিয়োগ জন্য শোকও ঘটিতে পারে কিন্তু তুমি উক্ত প্রকার উৎপাতে পতিত হইলেও আমাকে স্মরণ করিয়া সুস্থির হইয়া থাকিও। এই রূপ করিলে তোমার চিত্ত ক্রমশঃ নির্ম্মল ও দৃঢ়তর হইবে, চিত্তের মালিন্য বিগত হইলেই পরম গতি প্রাপ্ত হইবে।

এই সকল কথা আমার মনে ভাল লাগাতে আমি ধর্ম্মের পথে গমন করিতে উদ্যত হইলাম। এমত সময়ে অধর্ম্ম হাস্য করিতে২ বলিলেন—অহে ব্রাহ্মণ পুত্র! বুঝে শুঝে যাও। ধর্ম্মের পথে গেলে কষ্টে প্রাণ যাবে—আমার পথটা একবার চেয়ে দেখ—বসন্ত চির দিন বিরাজমান—মলয় পবন মন্দ২ বহিতেছে—তরু সকলের সদাই নব২ পল্লব—সুবর্ণবর্ণ পক্ষির সুমধুর কলরব—স্থানে২ অমৃত কুণ্ড—মনোহর সরোবর—নর্ত্তকীগণ নাচিতেছে—কিন্নর সকল গান করিতেছে—দিবা রাত্রি উল্লাস ও আমোদ প্রমোদের ধ্বনি হইতেছে। আমার পথে শ্রম নাই, কষ্ট নাই, কঠোর নাই, ভাবনা নাই,—লোকে কেবল চক্ষু মুদিত করিয়া সদানন্দে সদাই সুখামৃত পান করিতেছে—এ পথে আশু সুখ পাওয়া যায়।

অধর্ম্মের প্ররোচনায় আমার মনঃ ফিরিয়া গেল, ধর্ম্মের পথ ছাড়িয়া অধর্ম্মের পথে গমন করিতে যাই এমন সময় এক জন জীর্ণ শীর্ণ প্রাচীন ব্যক্তি আমাকে টানিয়া বলিলেন—বাছা ক্ষের, আমার নাম বিবেচনা—লোকে অস্থির হইলে আমি পরামর্শ দিই। অধর্ম্মের কথায় ভুলিও না—অধর্ম্মের পথে গেলে ইহকালও যাবে—পরকালও যাবে। ঐ পথে আপাততঃ সুখ আছে বটে কিন্তু সে সুখ প্রকৃত সুখ নহে, তাহাতে শরীর ও মনঃ ক্রমশঃ অসার হইয়া পড়ে। ধর্ম্মের পথে গেলে শরীর ও মনঃ বলবৎ হয়, তাহাতে ইহকালে প্রকৃত সুখ ও পরকালে পরম গতি পাওয়া যায়।

এই কথা শেষ হইবা মাত্রেই কাক গুলা কা কা করিয়া ডাকিয়া উঠিল, নিদ্রা ভঙ্গ হওয়াতে উঠিয়া দেখিলাম রাত্রি প্রভাত হইয়াছে।

---

(২০) ধর্ম্মপরায়ণা নারী।

রজনী ঘোর। ভূচর জলচর খেচর সকলই নিস্তব্ধ। আকাশ নিবিড় মেঘে আচ্ছন্ন। বায়ু যেন আয়ুঃ সংহারক ভাবে প্রচণ্ড ও বেগবান হইয়া

উঠিতেছে। বৃক্ষ অট্টালিকাদি দোদুল্যমান। নদীর সলিল কল২ রবে বিশাল তরঙ্গাকৃতি মেরু চূড়ার ন্যায় হইয়া বহিতেছে। চতুর্দ্দিক অন্ধকারে আচ্ছন্ন—মধ্যে২ তড়িৎ প্রকাশমান। বৃষ্টি অবিশ্রান্ত পড়িতেছে, বজ্রের ঝন্২ শব্দে রজনীর বদন ভীষণ বোধ হইতেছে। ফলতঃ অতিশয় ভয়ানক রাত্রি—এ রাত্রিতে কে বাহিরে যাইতে পারে? কিন্তু বিপদ কি সুবিধার সময়ে ঘটে?

মাসাবধি জগন্নাথ বাবুর ব্যামোহ হইয়াছে। চিকিৎসা নানা প্রকার হইয়াছে কিন্তু পীড়ার কিছুই শমতা হয় নাই। নিকটে পত্নী দ্রবময়ী, দুই পুত্র, এক কন্যা ও অন্যান্য পরিবার সকলে বসিয়া আছেন। এক জন প্রাচীন বৈদ্য মুহুর্মুহু হাত দেখিতেছেন ও ম্লান বদনে অন্তরে যাইয়া বসিতেছেন। দ্রবময়ী অতি সুশীলা ধীরা ও ধর্ম্মপরায়ণা। রূপ অনুপম—স্বভাবতঃ হাস্য বদনা—কুরঙ্গনয়নী—গৌরাঙ্গী—সুগঠনা—সুকেশী। পতির পীড়ায় পীড়িতা—পতির শুশ্রূষায় একান্ত রতা—পতির আরামে আনন্দিতা—পতির ক্লেশে মৃতকল্পা—পতি সেবা নিমিত্ত আহার নিদ্রা ত্যাগ করিয়া দিবারাত্রি ব্যস্ত—একটু মঙ্গল চিহ্ন দেখিলে বদন ভর্ষার প্রভায় ভাসমান হয়, আবার পীড়া বৃদ্ধি শুনিলেই ঘোর মনঃপীড়ায় নয়ন ও বদন ম্লান হয়। কবিরাজ বলেন মা দেখ কি? আর বিলম্ব নাই, তখন দ্রবময়ী—এলোকেশী ও দীর্ঘশ্বাসিনী হইয়া কষ্টে দুঃখ সম্বরণ করত অঞ্চল দিয়া স্বীয় অশ্রুবারি মুছিতে২ স্বামির নিকটে বসিয়া ক্ষণেক কাল চক্ষু মুদিত করিয়া থাকিলেন। নিকটস্থ লোকদিগের বোধ হইল যেন সাক্ষাৎ অরুন্ধতী বা সাবিত্রী উপস্থিত হইয়াছেন। দ্রবময়ী ভক্তিতে দ্রব হইয়া আস্তে২ স্বামির গাত্রে হাত দিয়া বলিলেন—নাথ! আমার কপালে যাহা আছে তাহা হইবে—এক্ষণে তুমি জগৎ পিতা পরমেশ্বরকে স্মরণ কর ও আমি যাহা বলি তাহা শুন। পরে নয়ন মুদিত করত কর যোড়ে বলিতে লাগিলেন—হে পরম কারুণিক পরমেশ্বর! তুমি করুণানিধান। তোমাকর্ত্তৃক যাহা হয় তাহা অবশ্যই মঙ্গলজনক। আমরা দুর্ব্বল স্বভাব ও অল্প বুদ্ধি, এজন্য তোমার সকল কর্ম্মের মর্ম্ম বুঝিতে পারি না, সেই কারণেই শোক সম্বরণ করণে অশক্ত। যদিও এক্ষণে দুঃখে আমার চিত্ত অত্যন্ত ব্যাকুল ও স্ত্রীলোকের পতি বিয়োগ যন্ত্রণা ঘোর যন্ত্রণা তথাচ ইহার কারণ এ অবলার বোধগম্য হওয়া সুকঠিন। প্রভো! তোমার যাহা ইচ্ছা তাহাই হউক! এক্ষণে এই কৃপা কর আমার পতির যেন সদ্গতি হয় ও আমার মনঃ যেন তোমাতে সম্পূর্ণ রূপে থাকে।

এই আরাধনা করিয়া দ্রবময়ী পুনঃ২ পতির মুখ চুম্বন করিয়া অস্থির হইয়া পড়িলেন। অল্প ক্ষণের পরেই জগন্নাথ বাবুর প্রাণ বিয়োগ হইল।

পল্লীর কোন২ রমণীরা বলিল দ্রবময়ীর কাণ্ড দেখিয়া আমাদিগের পেটের ভাত চাউল হইয়া গেল। ধন্য মেয়ে মানুষ মা! ঐ সময়ে কি মুখে কথা আইসে?—চোকের জলেই ভেসে যায়। অন্যান্য প্রবীণা অবলারা বলিল দ্রবময়ী সাক্ষাৎ লক্ষ্মী—দুঃখ ও শোকের সময় এত ধীর হইয়া পরমেশ্বরকে

স্মরণ ও ধ্যান করা অল্প ক্ষমতার কর্ম্ম নয়। এইরূপ নানা কথা হয় কিন্তু তাহাতে কর্ণপাত না করিয়া দ্রবময়ী আপন স্থৈর্য্য জন্য উপাসনা ও কর্ত্তব্য কর্ম্মের চিন্তা করেন ও মনোমধ্যে এই ভাবেন শোক ও দুঃখ ভোগ কে না করে; যদিও তাহাতে আমাদের হৃদয় বিদীর্ণ হয় কিন্তু শোক ও দুঃখ না হইলে মনের সদ্ভাব প্রগাঢ় হইতে পারে না।

কিছু দিন পরে তাঁহার মাতা দুহিতার বৈধব্য দুঃখে বিহ্বলা হইয়া নিকটে উপস্থিত হইয়া রোদন করিতে লাগিলেন। কন্যা প্রাচীনা মাতাকে অতিশয় কাতরা দেখিয়া বলিলেন মা! তোমার কান্না দেখিয়া আমার শোক উথলিয়া উঠে, যদিও শোক নিবারণ করা বড় কঠিন কিন্তু ব্যাকুল হইলে কি হইবে? এই রূপ সান্ত্বনা পাইয়া চক্ষের জল চক্ষে রাখিয়া মাতা কিঞ্চিৎ স্থির ভাবে থাকেন। কন্যাকে অন্যমনস্ক দেখিয়া এক দিন নির্জ্জনে জিজ্ঞাসা করিলেন— বাছা! তুই বসিয়া২ কি ভাবিস্? কন্যা বলিলেন মা! দুঃখ বিপদ ও শোকের ঔষধ ঈশ্বরের ধ্যান—ইহা ব্যতিরেকে মনকে শান্ত করিবার আর কোন উপায় নাই। আমি এই জন্যে অহরহ তাঁহাকেই স্মরণ করি। শরীর আজ হউক কাল হউক দশ দিন পরে হউক অবশ্যই বিনষ্ট হইবে কিন্তু আত্মা অমর। আত্মাকে ধর্ম্ম কর্ম্মের দ্বারা উত্তর২ নির্ম্মল করাই প্রধান কর্ম্ম। সংসারে মুগ্ধ হইয়া এটী ভুলিলে কি গতি হইবে?

অসার সংসার এই মায়ামদে মজে।
সকল করয়ে নষ্ট ধর্ম্ম পথ ত্যজে॥
আমার আমার বলে কেহ কার নয়।
কস্য মাতা কস্য পিতা শাস্ত্রে এই কয়॥
কেবা কার পতি পুত্র কেবা বন্ধু জন।
মায়া বদ্ধ হয়্যে প্রাণী করিছে ভ্রমণ॥
আপনার রক্ষাহেতু যদি রাখে ধর্ম্ম।
আপনার নাশ হেতু করয়ে কুকর্ম্ম॥ বনপর্ব্ব।

এই বলিয়া কি পরিবারের প্রতি ভগ্নস্নেহ হবে তাহা নহে। যাহার প্রতি যাহা কর্ত্তব্য তাহা করিবে—তাহা না করিলে অধর্ম্ম হইবে। কিন্তু মা! সাংসারিক সুখ দুঃখ ক্ষণিক, ও ঈশ্বরের নিয়ম এমন নহে যে প্রাণী নিরন্তর কেবল দুঃখ অথবা কেবল সুখ ভোগ করিবে তাহা হইলে মনের শিক্ষা ও পরীক্ষা হইতে পারে না। আমাদিগের চিত্ত দুর্ব্বল এই জন্য আমরা শোকে কাতর হইয়া ঈশ্বরকে ভুলি কিন্তু মহাত্মা ব্যক্তিরা ঘোর বিপদে পড়িলেও ধীরতা সহিষ্ণুতা ও নম্রতা পূর্ব্বক তাঁহার প্রেমে আরো প্রেমী হয়েন এবং বিপদকে চিত্তনির্ম্মলকারক জানিয়া সম্পদ বলিয়া গণ্য করেন। মহাত্মা ব্যক্তিরা ভাল রূপে জানেন যে পরমেশ্বর করুণাময়—তাঁহা হইতে মন্দ কখনই হইতে পারে না। তিনি যাহা করেন তাহা আমাদিগের অবশ্য মঙ্গল জনক কিন্তু তাহা আপাততঃ আমাদিগের বুদ্ধি গোচর না হইলেও হইতে পারে।

জ্ঞানবান লোকে যে কাতর নাহি হয়।
স্থির হয়ে ধর্ম্ম করে ঈশ্বরেতে রয়॥ বনপর্ব্ব।

অতএব শোক মগ্ন হইয়া কি পরকাল হারাইব? মাতা বলিলেন—দ্রব! তোমাকে সার্থক গর্ভে ধারণ করিয়াছিলাম। তোমার কথা বার্ত্তা শুনিয়া আমারও ধর্ম্মে মতি হয়। কন্যা বলিলেন মা! আমাকে এমন করিয়া বলিও না। তোমার এ প্রকার প্রশংসাতে আমার অহঙ্কার হইতে পারে, তাহাতে চিত্তের শান্তি নষ্ট হইবার সম্ভব। চিত্তে নম্রতা না থাকিলে পরমেশ্বরের পথে যাওয়া যায় না। তিনি দয়াময়—যে অকপট ও নম্রভাবে তাঁহার তত্ত্ব করে সে তাঁহারই হয়—তাঁহার প্রতি মনঃ যত হইবে ততই মনঃ নির্ম্মল হইবে ও মনঃ যতই নির্ম্মল হইবে ততই তাঁহার নিকটবর্ত্তী যাওয়া হইবে। ঈশ্বরের অদ্ভুত গুণ। ঐ সকল গুণই গ্রহণ করা ধর্ম্ম ও তাহা অভ্যাসেতেই মনঃ নির্ম্মল হয়। অন্যান্য দ্রব্য ব্যয় করিলে ক্ষয় হয় কিন্তু তাঁহার গুণ অভ্যাস করিয়া যত ব্যয় করিবে ততই বাড়িবে। যে রূপ পর্ব্বতের ঝর্ণা দিয়া জল পড়িয়া নদ নদী, হইয়া সমুদ্রে গমন করে, পুনর্ব্বার বৃষ্টি দ্বারা ঐ ঝর্ণা পরিপূরিত হয়, সেইরূপ দয়া ধর্ম্ম ইত্যাদি যত ব্যয় করিবে ততই মন ঐ সকল গুণে সঞ্চারিত হইবে। এ রূপ ব্যয়ী জন কখন দরিদ্র হয় না—যত ব্যয় করিবেন তাহার পুঁজি ততই বাড়িবে। এই প্রকারে মাতা ও কন্যা দুই জনে ধর্ম্ম বিষয়ে কথোপকথন করিয়া কালযাপন করেন।

জগন্নাথ বাবুর বাটী ভগলপুরে—সম্মুখে গঙ্গা— চারিদিগে বৃহৎ২ ঝাউ ও দেবদারু বৃক্ষ, তাহার ভিতরে ময়দানের ন্যায় প্রশস্ত ভূমি—স্থানে২ তরকারি ফল ফুলের গাছ, তন্মধ্যে সরোবর ও ঝিল। সীমার নিকটেই কতকগুলি দুঃখী লোক বসতি করিত, খিড়কি দ্বার দিয়া তাহাদিগের কুটীরে যাওয়া যাইত। দ্রবময়ী অতি প্রত্যূষে উঠিয়া আহ্নিক সমাপ্তানন্তর দুইটী পুত্র ও কন্যাকে লইয়া উদ্যানে আসিয়া তাহাদিগের সাহায্যে নিড়ন জলসেচন ইত্যাদি করিতেন ও বৃক্ষের পত্র ফুল ফল দেখাইয়া স্রষ্টার অসীম শক্তির আলোচনায় মগ্ন হইতেন। ছোট মেয়েটি বলিত—মা! একটী বীচি পুতিলেই গাছ হয় আবার সেই গাছের পাতা হইয়া ফুল ফল হয়, —আহা, ফুল গুলির কত রং!—এ সব কে করে মা? মাতা বলিতেন—বাছা! যিনি জগৎ পিতা, তিনিই করেন। তিনি এই আকাশ চন্দ্র সূর্য্য বায়ু মনুষ্য পশু পক্ষি পতঙ্গ বৃক্ষ সকলই করিয়াছেন। মেয়েটি অমনি জানিতে ইচ্ছা করিয়া বলিত—তিনি এমন, মা! কোথায় আছেন? একবার দেখাও। মাতা উত্তর করিতেন—বাছা! তিনি সর্ব্বত্রে আছেন কিন্তু চিত্ত পরিষ্কার না হইলে তাঁহাকে কেহ দেখিতে পায় না—আপনার মনের সহিত তাঁহাকে প্রতি দিন স্মরণ কর—এই রূপ করিতে২ তোমাদিগের চিত্ত পরিষ্কার হইবে। ছোট পুত্রটি এক২ দিন জিজ্ঞাসা করিত—মা! গাছ কাটিলে বোধ হয় যেন রস উঠিতেছে ও নামিতেছে—এ কি? মাতা বলিতেন—বাছা! যেমন সিকড়

দিলে রস উঠে আর ডাল পালা পাতা হইতে রস সিকড়ে যায় এই প্রকার হওয়াতেই গাছ জীবিত থাকে। বাহ্যবস্তুর বিচারেও বিলক্ষণ দেখা যাইতেছে যে দান নিষ্ফল হয় না, যেমন দিবে তেমনি পাবে কিন্তু পাব বলে দিও না। সন্তানদিগের সহিত এ রূপ কথাবার্ত্তা কহিয়া, দ্রবময়ী বাটী আসিয়া গৃহকর্ম্ম করিতেন ও স্বহস্তে পাক করিয়া পরিবারদিগের সকলকে খাওয়াইতেন। পরে প্রাচীনা মাতাকে আহার করাইয়া তিনি বিশ্রাম করিতে গেলে খিড়কি দ্বার দিয়া পল্লীর দুঃখী লোকদিগের কুটীরে গমন করত সকলের তত্ত্ব লইতেন। যে অনাহারী থাকিত তাহাকে আহার দিতেন, যে বস্ত্র হীন তাহাকে বস্ত্র দিতেন, যে রোগী তাহাকে ঔষধ ও পথ্য প্রদান করিতেন, যে বিপদ্‌গ্রস্ত তাহাকে সুপরামর্শ ও সাহস দিতেন, যে শোকান্বিত তাহাকে সান্ত্বনা ও ধর্ম্ম উপদেশ প্রদান করিতেন, যে দুঃখান্বিত তাহার দুঃখে দুঃখিত হইতেন, যে আনন্দিত তাহার আনন্দে আনন্দিত হইতেন। বহুকাল এই রূপ অনাড়ম্বর সদ্ব্যবহারে কুটী স্থ কি বালক কি বৃদ্ধ কি যুবা সকলেই তিনি উপস্থিত হইলে অকপট কৃতজ্ঞ চিত্তে বলিত—"অরে ঐ দয়াময়ী মা এলেন আর আমাদিগের দুঃখ নাই"। দ্রবময়ী মধ্যাহ্ন সময়ে বাটী আসিয়া কেবল জীবন ধারণ জন্য কিঞ্চিৎ আহার করিতেন কিন্তু যদি-স্যাৎ ঐ সময়ে অতিথি বা অভ্যাগত উপস্থিত হইত তাহাদিগের প্রতি আতিথ্য না করিয়া আপনি ভোজন করিতেন না। আহারান্তে আপন বিষয় কর্ম্ম দেখিতেন। জগন্নাথ অপ্রবীণতা হেতু সকল বিষয় নষ্ট করিয়া গিয়াছিলেন, কেবল কিছু বাইয়তি জমি ছিল ও সুন্দরবনে এক খানি আবাদ রাখিয়া গিয়াছিলেন কিন্তু বাদ ভাঙ্গাতে প্রজাবিলি হয় নাই সুতরাং ঐ বিষয় সংক্রান্ত যে ব্যয় হইয়াছিল তাহাতে কোন উপকার দর্শে নাই। ভর্ত্তার মৃত্যুর পর দ্রবময়ী বড় ক্লেশে পড়িয়াছিলেন, সংসার নির্ব্বাহ হওয়া বড় কঠিন হইয়াছিল তথাচ স্বামী নিন্দা এক দিনও করেন নাই, আপনি অলঙ্কারাদি বন্ধক অথবা বিক্রয় করিয়া স্বীয় কর্ত্তব্য কর্ম্ম করিতেন। মাতা মধ্যে২ বলিতেন—দ্রব! বাছা দান ধ্যান একটু কমাও, সময় হলে ভাল করিয়া করিও। কন্যা উত্তর করিতেন—আমার কি শক্তি যে দান করি কিন্তু অন্যের ক্লেশ দেখিলে আমি অস্থির হইয়া পড়ি। আপনি উপবাসী থাকি সেও ভাল কিন্তু অন্যের কাতরতা দেখিতে পারি না, আর রাজা যুধিষ্ঠির যাহা বলিয়াছিলেন তাহা আমার মনে সর্ব্বদা স্মরণ হয়।

ধার্ম্মিক না ছাড়ে ধর্ম্ম যদি হয় ক্লেশ। সভাপর্ব্ব।

আমি কিছু আপনাকে ধার্ম্মিক বলিয়া গণ্য করি না কিন্তু ধর্ম্ম কর্ম্ম না করিলে জীবন বৃথা। শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরকে যাহা বলিয়াছিলেন তাহাও মনে পড়িতেছে—

যতেক দেখহ কর্ম্ম, সকলের সার ধর্ম্ম,
ধর্ম্মবলে ধর্ম্মী বলবন্ত।

অধর্ম্মী যে জন হয়, চিরদিন নাহি রয়,
অল্প দিনে অধর্ম্মির অন্ত ॥
ইহা জানি ধর্ম্মরাজ, সাধিয়া আপন কায,
সত্যে না হইবে বিচলিত।
পূর্ব্বে মহাজন যত, সবাকার এক পথ,
কেহ নাহি করিয়া বিনীত ॥ বনপর্ব্ব।

সন্ধ্যার প্রাক্কালীন সন্তানদিগের সহিত বাগানে আসিয়া বসিতেন। সুশীতল সমীরণে উচ্চ বৃক্ষাদির চূড়া সকল পরস্পর আলিঙ্গন করিত—পুষ্করিণীর বারি যেন সহাস্যবদনে ক্রীড়ায়মান হইত—নানাজাতীয় পুষ্পের আঘ্রাণে স্থানটী আমোদিত হইত—পক্ষী সকলের কলরবে প্রতিধ্বনিত হইত। অমনি দ্রবময়ী বলিতেন,—দেখ, এই সকল সুখের মূল কেবল তিনিই।

সন্ধ্যা হইলে আহারাদি সমাপ্ত করিয়া সন্তানদিগকে লইয়া পরমেশ্বরের উপাসনা নীতি ও বিদ্যা বিষয়ক কথোপকথন করিতেন ও সময়ে২ দুঃখী দরিদ্র লোকের জন্য শীতবস্ত্র আপন হস্তে প্রস্তুত করিতেন। কন্যার অবিশ্রান্ত পরিশ্রম দেখিয়া মাতা একং বার বলিতেন—দ্রব! একটু বিশ্রাম কর; এমন করে খাটিলে আবার একটা কি রোগে পড়িবে? কন্যা মাতাকে বলিতেন—মা! আমার জন্যে চিন্তিত হইও না। আলস্যকে আমি বড় ভয় করি। আলস্যেতে মনে কুপ্রবৃত্তি জন্মে। মনে কুপ্রবৃত্তি না জন্মিবার দুই উপায়। প্রথমতঃ মনকে সর্ব্বদা শান্ত রাখা ও অভ্যাসের দ্বারা কুচিন্তা ও দুষ্টমতি নিবারণ করা—এটি বড় কঠিন কর্ম্ম, সংসারে নানা প্রকার বিষয় দর্শন ও শ্রবণে মনের গতি চঞ্চল হইয়া পড়ে, অর্থাৎ দ্বেষ হিংসা লোভ ইত্যাদি জন্মে। যখন চলবিচলের উপক্রম হয় তখন সতর্ক হওয়া কর্ত্তব্য, তাহাতে যদি অশক্ত হয় তবে অনুতাপ ও প্রতিজ্ঞা দ্বারা চলবিচলকে নিবারণ করা কর্ত্তব্য যে সর্ব্বদা পরকাল ভাবে তাহার মনঃ প্রায় অহরহ শান্ত থাকে। দ্বিতীয়তঃ সর্ব্বদা কায়িক ও মানসিক পরিশ্রমে নিযুক্ত থাকিলে মনে কুচিন্তা বা কুপ্রবৃত্তি উদয় হয় না। ফলতঃ মনের সংযম বড় আবশ্যক—কুচিন্তা হইতে হইতেই কুকথা হয়, কুকথা হইতে হইতেই কুকর্ম্ম হয়। মাতা বলিলেন—দ্রব! তোর কথা গুলিন শুনিলে প্রাণ জুড়ায়, তোর এত ধর্ম্ম জ্ঞান কোথাথেকে হইল? কন্যা কহিলেন—মা! আমাকে এমন করে কেন বল?

দ্রবময়ী সন্তানদিগকে লইয়া রাত্রে কথাবার্ত্তা কহেন। এক দিন জ্যেষ্ঠ পুত্র এক জন চাকরকে রাগপ্রযুক্ত গালাগালি দিয়াছিলেন। মাতা অনুযোগ করাতে তিনি অস্বীকার যান, পরে তাহার দোষ সপ্রমাণ হইলে মাতা দুঃখান্বিত হইয়া বলিলেন—বাবা! তোরা দুঃখিনীর সন্তান, আমার ধন নাই, ও ধনের প্রার্থনাও করি না কিন্তু আমি কায় মন বাক্যে নিয়ত প্রার্থনা করি যে তোরা সর্ব্ব প্রকারে সৎ হ। মিথ্যা কথা কহা বড় পাপ।

আর যত ধর্ম্ম কর্ম্ম সত্য সম নহে।
মিথ্যা সম পাপ নাহি সর্ব্ব শাস্ত্রে কহে॥ আদিপর্ব্ব।

এক দিবস মাতা পাকশালায় ব্যস্ত আছেন এমন সময়ে এক জন দরিদ্র ব্যক্তি আসিয়া উপস্থিত হইল। একে শীত কাল তাতে প্রবল উত্তরে বাতাস, ঐ বস্ত্রহীন ব্যক্তি শীতে থরথর করিয়া কাঁপিতে লাগিল। দুই পুত্র ও কন্যা দ্বারে ছিল তাহাদিগের মধ্যে কন্যা অতিশয় কাতরা হইয়া আপনার গায়ের দোলাই খুলিয়া তাহাকে দিল। দরিদ্র ব্যক্তি বিস্তর আশীর্ব্বাদ করিয়া চলিয়া গেল। ভ্রাতারা বলিল—দোলাই খানা দিলি একবার মাকে জিজ্ঞাসা করলি না? কন্যা কিছু ভীত হইয়া ভ্রাতাদ্বয় সঙ্গে জননীর নিকট যাইয়া সকল কথা বলিল। মাতা কন্যাকে কোলে লইয়া মুখ চুম্বন করিতে২ কহিলেন তুমি খুব্ করেছ, আমি বড় তুষ্ট হইলাম—"দরিদ্রের প্রতি দান, বিভব সত্ত্বেও শান্তি, যুবার তপস্যা, জ্ঞানবানের মৌন, সুখোচিত ব্যক্তিদের সুখ ভোগে অযত্ন এবং সর্ব্বভূতে দয়া, এই সকল গুণ স্বর্গসাধক হয়"। বাল্মীকি।

মেয়েটি অমনি মায়ের কোলথেকে হাত তালি দিতে২ বাহির বাটীতে দৌড়ে আসিয়া আপনা আপনি বলিতে লাগিল—মা আমাকে আদর করেছে আমি এখন গরিব দুঃখি দেখিলেই খুব দিব। এই কথা শুনিয়া ভ্রাতারা তাহাকে পরিহাস ছলে বিরক্ত করিতে চেষ্টা করিতে আরম্ভ করিল। ঐ বালিকা অমনি দৌড়িয়া যাইয়া মাতার নিকট আবেদন করিল। ভ্রাতারা আস্তে২ পশ্চাতে যাইয়া অন্তরে দাড়াইয়া শুনিল। মাতা ঈষদ্ধাস্য করত বলিলেন—তুই ওদের কথায় খেপিস্ কেন? ওরা তোকে খেপাচ্ছে, কিন্তু এই কথাটি স্মরণ রাখিস্।

নীতিজ্ঞ লোকেরা নিন্দাই করুন অথবা প্রশংসাই করুন, লক্ষ্মী থাকুন অথবা যথেচ্ছ ত্যাগ করিয়া যাউন, অদ্যই মরণ হউক কিম্বা যুগান্তেই হউক, ধীর জনেরা কিছুতেই ন্যায় পথ হইতে বিচলিত হন না। নীতিশতক।

এক দিন আবাদের কর্ম্মকারী আসিয়া ছোটদিগের নিকট বলিল, ভেড়ি বন্ধি এক্ষণে অল্প ব্যয়ে হইতে পারে ও প্রজা বিলির ও সোপান হইতেছে, অন্যের কয়েক বিঘা জমি নিকটে আছে তাহা অনায়াসে সীমার ভিতর সংলগ্ন করিয়া লওয়া যাইতে পারে ও লইলে তাহার নালিস ফৈরাদ হইবে না। ইটি হইলে বিষয়টি বড় গুল্জার হইবে। ছেলেরা এই কথা শুনিয়া মাতার নিকটে যাইয়া বলিল। মাতা বিরক্ত হইয়া বলিলেন—তোদের কি বল্‌বো যে এ কথা আমাকে আবার শোনাস! তোমরা কি জান না যে পরের দ্রব্য গ্রহণে মহা পাপ? ধৃতরাষ্ট্র দুর্য্যোধনকে বলিয়াছিলেন—

পর দ্রব্য দেখি হিংসা না করে যে জন।
স্বধর্ম্মেতে সদা বঞ্চে সন্তোষিত মন॥
স্বকর্ম্মে উদ্যোগ করে পর উপকার।
সদা কাল সুখে বঞ্চে কি দুঃখ তাহার? সভাপর্ব্ব।

গান্ধারীও আপন স্বামীকে বলিয়াছিলেন—

অধর্ম্মে অর্জ্জিত লক্ষ্মী সমূলেতে যায়।
মহা দুঃখ পায় প্রভু দুষ্টের আশ্রয়॥ সভাপর্ব্ব।

শ্রীকৃষ্ণও বলরামকে বলিয়াছিলেন—

পাপেতে পাপির ধন বৃদ্ধি হয় নিতি।
পশ্চাতে হইবে সমূলেতে বিনিশ্যতি॥
কালেতে অবশ্য জয় লভে ধর্ম্ম জন।
সুখ দুঃখ কত কাল দৈবের লিখন॥ আদিপর্ব্ব।

শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরকেও বলিয়াছিলেন—

অধর্ম্মী জনার সুখ কভু সিদ্ধ নয়।
জোয়ারের জল প্রায় ক্ষণেকেতে রয়॥ বনপর্ব্ব।

অতএব পরের দ্রব্য ডেলার ন্যায় জ্ঞান করিবে ও ধর্ম্ম পথে থাকিয়া আপন পরিশ্রম দ্বারা যাহা উপার্জ্জন কর তাহাতেই সন্তুষ্ট হইবে।

পল্লিতে বলরাম বাবু সর্ব্বদাই অন্যের উপর পীড়ন করেন, তাঁহার কথা উল্লেখ করাতে মাতা বলিলেন "যে সকল ব্যক্তি স্বার্থ পরিত্যাগ করিয়া পরের হিত সম্পন্ন করেন তাঁহারাই সৎ পুরুষ। যাঁহারা আপন হিতের অবিরোধে অন্যের হিত করেন তাঁহারা মধ্যম। যাহারা আপনার লাভার্থে অন্যের হিত নষ্ট করে তাহারা মানুষ রাক্ষস। কিন্তু যাহারা নিরর্থক পরহিত রহিত করে তাহারা কে আমরা জানিতে পারিলাম না।" নীতিশতক।

সন্তানেরা জিজ্ঞাসা করিল সৎ পুরুষের লক্ষণ কি? মাতা উত্তর করিলেন তাহা ঐ নীতি শতকেই আছে—"তৃষ্ণাচ্ছেদন, ক্ষমা অবলম্বন, মত্ততা ও পাপে রতি ত্যাগ, সত্য কথন, সাধুজনের পদবীর অনুগমন, বিদ্বজ্জনের সেবা, মান্য জনে মান দান, শত্রুরও অনুনয় করণ, আত্মগুণ গোপন, কীর্ত্তি পালন এবং দুঃখিতে দয়া এই সকল সাধু জনের কর্ম্ম।" কিন্তু সাধুজনের মূল লক্ষণ ঈশ্বরের প্রতি ঐকান্তিক ভক্তি ও তাঁহার প্রিয়কার্য্য সাধনা করা।

মাতা সন্তানদিগকে লইয়া কথাবার্ত্তা কহিতেছেন ইত্যবসরে এক জন দাসী আসিয়া বলিল—মাঠাকুরাণি! আমি তোমার ভেয়ের বাড়ী হইতে আসিয়াছি—তাঁর তো আর চলা ভার—তাই তোমার কাছে পাঠাইয়া দিলেন। নিকটে এক জন প্রাচীন চাকর ছিল সে বলিল—মামা বাবু যদি বুঝশুঝে চলতে পারতেন তো এমন ক্লেশ কেন হবে? একদফা তহবিল ওচরূপাত করেন তাতে আমাদের বাবু জামিন থাকাতে একেবারে মজেন তার পরে আবাদের হিসাবে অনেক টাকা লন সে টাকার নিকাস কিছুই দেন নাই আর এই বিপদটা গেল একবার উঁকিটাও মারলেন না। সন্তানেরা মাতার মুখ নিরীক্ষণ করিতে লাগিলেন—মাতা অধোবদনে থাকিয়া বলিলেন—যা হবার তা হইয়াছে এক্ষণে তাঁহাকে আমার নিকট আসিতে

বলিবে। দাসী এই সংবাদ লইয়া যায় এমত সময়ে ঐ প্রাচীন চাকর বলিতে লাগিল—মাঠাকুরাণীর কি দয়ার শরীর! আমি ভূষণ্ডি—সব জানি। ছেলে-বেলা বাপের বাটীতে মামা বাবু মাঠাকুরাণীকে "দূর, ছি, পোড়ার মুখী" বই আর ভাল কথা এক দিনও বলেন নাই ও বাপমায়ে ভাল মন্দ দ্রব্য দিলে হিংসায় ফেটে মরতেন, তার পর ভগিনী বড় হলে ভগিনীপতির দশটাকার যোত্র দেখিয়া তাহার সহিত মিলিয়া তাঁহাকে নানা প্রকারে নাস্তানাবুদ খানেখারাব করিয়া একেবারে ডুবিয়া চলেযান। তাঁহার বিপদে একবার তত্ত্বও লন নাই ও তাঁহার কাল হইলে ভগিনী ও ভাগিনেয়ারা বেঁচে আছে কিনা তাহা কিছুই খোঁজ খবর লন নাই, এত দিনের পর মামা বাবুর ঘুম ভাঙ্গিল। হায়! হায়! মানুষ গরজে কি না করে।

অল্প দিনের মধ্যে মামা বাবু ফটাস২ করিয়া আসিয়া উপস্থিত হইলেন। ভাগিনেয় দ্বয় ও ভাগিনীকে দেখিবামাত্রেই এমনি মায়া প্রকাশ করিলেন যেন দরিদ্র রত্ন লাভ করিল। বাটীর ভিতরে তাহাদিগের হাত ধরিয়া লইয়া যাইয়া ভগিনীকে দেখিয়া সাতিশয় বিলাপ করিতে লাগিলেন। দ্রবময়ীর মাতা অন্তরে ছিলেন, পুত্রের গুণ জর্জ্জর, তবু নিকটে আসিয়া বলিলেন—বাবা! আমার দ্রবর এত বিপদ গেল একবার একটা লোক পাঠাইয়া জিজ্ঞাসা করলে না? মামা বাবু বলিলেন—মা! জানওতো আমার কত ঝঞ্ঝাট, আর বলিতে কি ভগিনীর জন্যে আমি এত কাতর যে আস্তে পা এগোয় না। প্রাচীন চাকর দূরে থেকে আস্তে আস্তে আপনা আপনি বলিতেছে—মামা বাবু রাবণের বা দুর্য্যোধনের মামা ছিলেন। বেটা বড় কাতর, শোকে শয্যাগত ছিলেন, গলা দিয়া জল ওলে নাই, এক্ষণে কেবল আবাদের ভাল খবর শুনিয়া সাত করবার পস্থায় আসিয়াছেন। দ্রবময়ী ভ্রাতার সকল কথা শুনিয়া বলিলেন—এক্ষণে ভোজনের সময় হইল, আপনি স্নান আহ্নিক করুন, দাদা! তোমার ক্লেশের কথা শুনিয়া বড় ব্যাকুল হইলাম, আমি যাহা পারিব তাহা অবশ্যই করিব—এস্থলে করিলে যশ নাই, না করিলে পাপ। তা বটেতো—তা বটেতো, আমাকে এক মুটা না দিয়া তুমি কেমন করে খাবে? দ্রব! বেলা হল আমি বাহিরে যাই, একটু আফিং আনিতে পাঠাইয়া দেও, দুই একটা গুলি না টেনে এলে ভাত গলাদিয়া ওলবে না। দ্রবময়ী এই কথা শুনিয়া ঘাড় হেঁট করিয়া থাকিলেন। এদিগে সন্তানেরা মামাকে বাহিরে রাখিয়া আসিয়া মাতার নিকট আবার আইল। কনিষ্ঠ পুত্র বলিল—মা! মামাকে কি মাসহ টাকা দিবে? তাঁহার যেরূপ ব্যবহার তাহাতে কিছুই দেওয়া কর্ত্তব্য নহে। মাতা উত্তর করিলেন—বাবা! ঈশ্বর দয়াময় ও ক্ষমাশীল, আমাদিগেরও দয়া ও ক্ষমা অভ্যাস করা কর্ত্তব্য। যে ব্যক্তি মহাপাপী সেও যদি ক্লেশে বা রোগে পড়ে তাহারও মঙ্গল চেষ্টা করা কর্ত্তব্য, তাহার কি কারণে ক্লেশ বা রোগ হইয়াছে তাহা অনুসন্ধানে আবশ্যক নাই, কিন্তু তাহার ক্লেশ অথবা রোগ যাহাতে কমে এই চেষ্টাই করিবে।

রাত্রে মাতা ও সন্তানেরা উত্তম বিষয় লইয়া সদালাপ ও কথোপকথন করেন। কখন উদ্ভিজ্জের গুণ—কখন কোনং পশু পক্ষি পতঙ্গের অদ্ভুত স্বভাব ও বুদ্ধি—কখন বিশেষং ধাতুর উপকারক শক্তি, ও পৃথিবীর গর্ভস্থ অন্যান্য বস্তুর গুণ—কখন মানব শরীরের অন্তরস্থ ক্রীয়া ও ঐ শরীর রক্ষা ও পুষ্টি করিবার সুনিয়ম কি,—কখন চন্দ্র সূর্য্য ও নক্ষত্রের গতি ও তথায় অন্যান্য লোকের বসতির সম্ভাবনা ও যেমত সূর্য্য রাশিচক্রে ধাবমান পৃথিবী চন্দ্র গ্রহাদির নিয়ন্তা সেইরূপ কোটিং নক্ষত্রের সতন্ত্রং তাদৃশ নিয়ামক ক্রীয়া,—কখন সৃষ্টি প্রকরণ অসীম ও অসংখ্য ও কি জলে কি স্থলে কি বায়ুতে কি প্রস্তরে কি বৃক্ষেতে, কি শরীর মধ্যে নানা প্রকার প্রাণি বিরাজ করিতেছে,—কখন মানব স্বভাব কি প্রকারে উত্তম হইতে পারে ও জীবের মোক্ষ কর্ম্ম কি, এবং ধার্ম্মিক না হইলে কেবল বিদ্যা শিখিলে উৎপাত ঘটে—কখন জ্ঞান ও ধর্ম্ম বৃদ্ধি জন্য স্ত্রী ও পুরুষ উভয়েরই বিদ্যা শিক্ষা করা আবশ্যক—এই সকল নানা প্রশ্ন লইয়া সন্তানেরা মাতৃ উপদেশ গ্রহণ করে। একদা জ্যেষ্ঠ পুত্র হরিহর বাবুর কথা প্রসঙ্গ করেন। ঐ বাবু জগন্নাথ বাবুর নানা প্রকারে হিংসা ও অপকার করিয়াছিলেন ও তাহাতে বিস্তর ক্ষতি হয়। দ্রবময়ী সকলই জ্ঞাত ছিলেন। হরিহরের কথা উপস্থিত হওয়াতে তিনি বলিলেন—বাবা! তাহার কথা ভুলিয়া যাও। সকল লোকের সর্ব্বসময়ে সুমতি হয় না ও লোকে দুর্ম্মতিই কুকর্ম্ম করে। আমাদিগের কর্ত্তব্য তাহাদিগের প্রতি কি মনের দ্বারা কি বাক্যের দ্বারা কি কর্ম্মের দ্বারা কোন প্রকারেই দ্বেষ ও হিংসা না করা, চিত্তের শান্তি নষ্ট করিও না ও শত্রু মিত্রকে সমভাবে দেখিও। যাহারা তোমাদিগের মন্দ করে তাহাদিগেরই অগ্রে শুভানুধ্যায়ী হইও এবং ভাল করিও এমত করিলে চিত্তে দ্বেষ হিংসা জন্মিবে না—চিত্ত উত্তরং নির্ম্মল হইবে এবং ঈশ্বর তোমাদের সদা হইবেন।

দুর্য্যোধন যুধিষ্ঠিরের ঘোর শত্রু ছিলেন—অসীম হিংসা ও অত্যাচার করিয়াছিলেন কিন্তু যখন প্রভাসতীর্থে চিত্রসেন গন্ধর্ব্ব দুর্য্যোধনকে বন্ধন করিয়া কুরুপত্নীদিগকে অপহরণ করেন তখন যুধিষ্ঠির ব্যগ্রতা পূর্ব্বক তাঁহাকে ঐ দায় হইতে মুক্ত করিয়াছিলেন। অতএব ক্ষমা সহিষ্ণুতা ও প্রেম সকলের প্রতি প্রকাশ করার বাড়া আর ধর্ম্ম নাই। মাতার এরূপ কথায় সন্তানদিগের উত্তরং চমৎকার হইতে লাগিল। অনেকেই ভাল উপদেশ দিতে পারে বটে কিন্তু কর্ম্মের সময় তাহাদিগের ব্যবহার বিভিন্ন হইয়া পড়ে। দ্রবময়ীর ধর্ম্ম বিষয়ে এমত দৃঢ়তা ছিল যে তাঁহার বাক্য হইতে কর্ম্মেতে অধিক শুদ্ধমতি দেখা যাইত। তিনি অকারণে কাহার নিকট আপন অভিপ্রায় ব্যক্ত করিতেন না—স্বাভাবিক মিতা বাচী, কেবল সন্তানেরা অথবা অন্য কেহ জিজ্ঞাসা করিলে অথবা আবশ্যক সময়ে আপন অভিপ্রায় প্রকাশ করিতেন।

বাটীতে একটী অল্প বয়োনী চাকর ছিল তাহার হঠাৎ ঘোরতর জ্বর

বিকার হইয়া ব্যামোহ ভয়ানক হইয়া উঠে। দ্রবময়ী অতিশয় ব্যাকুলা হইয়া সমস্ত রাত্রি তাহার নিকট বসিয়া থাকিয়া ঔষধ পথ্য প্রদান করেন। পীড়া কিঞ্চিৎ উপশম হইয়াছে এমত সময়ে ঐ চাকরের মাতা একেবারে জ্ঞানশূন্যা হইয়া আস্তে ব্যস্তে আসিয়া দেখিল যে তাহার পুত্রের মস্তক দ্রবময়ীর ক্রোড়ে স্থিত আছে ও তিনি তাহার শুশ্রূষার জন্য স্বয়ং পাকা হাতে করিয়া বাতাস করিতেছেন। চাকরের মাতা এই দেখিয়া গলায় বস্ত্র দিয়া বলিল—"মা! তোমার এত দয়া!—এর ফল তুমি অবশ্যই পাবে"। দ্রবময়ী তাহাকে সান্ত্বনা করিয়া বলিলেন—তুমি স্থির হও, পীড়া কমিয়াছে—ভয় নাই।

কিয়ৎকাল পরে আবাদের সুগতিক হওয়াতে আয় বৃদ্ধি হইতে লাগিল। দুই পুত্র ও কন্যা মাতার সদুপদেশ পাইয়া ও তাঁহার সৎচরিত্র দেখিয়া প্রকৃত ধার্ম্মিক ও ঈশ্বর পরায়ণ হইল। তাহারা কেবল বিদ্যাভ্যাস ও ঈশ্বর আরাধনা করে এবং সদভ্যাস ও ধর্ম্মানুষ্ঠানের দ্বারা চিত্তকে শান্ত ও বিমল ভাবে রাখে। কোন মন্দ কথা শুনে না, মন্দ কথা বলেওনা ও মন্দ লোকের সহিত সমসর্গ করে না। তাহারা সকলই বিজাতীয় পরোপকারী হইল—পরের দুঃখে দুঃখী—পরের সুখে সুখী ও কি অনুরোধের দ্বারা কি পরামর্শের দ্বারা কি পরিশ্রমের দ্বারা কি অর্থের দ্বারা সাধ্যানুসারে পরোপকারে কোন অংশেই ত্রুটী করে না। এবং কি প্রাতে কি মধ্যাহ্নে কি সায়াহ্নে কি রাত্রে সকল সময়ে তাহারা পরোপকারে সযত্নবান ও আগ্রহায়ক। কালক্রমে তাহাদিগের সকলেরই বিবাহ হইল ও ভাগ্য বশতঃ দুইটি পুত্রবধু ও জামাতা সর্ব্বাংশেই উৎকৃষ্ট হইল। আপন আয় বৃদ্ধি দেখিয়া দ্রবময়ী সন্তানদিগকে বলিলেন এই সময়ে বড় সাবধান হওয়া কর্ত্তব্য—ধনেতে মত্ততা জন্মাইয়া সর্ব্বনাশ করে, যুধিষ্ঠির দুর্য্যোধনকে যে পরামর্শ দিয়াছিলেন তাহা সর্ব্বদা স্মরণ করিবে—

বিশেষে বৈভব কালে ধর্ম্ম আচরণ।
ধন হলে নাহি করে ধর্ম্মেতে হেলন॥ বনপর্ব্ব।

দুইটী সুশীলা পুত্রবধু হওয়াতে দ্রবময়ী গৃহকর্ম্মে কিঞ্চিৎ অবকাশ পাইলেন এবং অর্থের বিষয়ের টানাটানি শৈথিল্য হওয়াতে তাঁহার ধর্ম্মানুষ্ঠানে মতি আরো বৃদ্ধি হইতে লাগিল। তিনি মনে এই বিবেচনা করিলেন যে, জীবন জলবিম্ববৎ এবং "শুভস্য শীঘ্রং"—আর যে পর্য্যন্ত পরিবারের অপ্রতুল থাকে সে পর্য্যন্ত তাহাদিগের ক্লেশ বৃদ্ধি করিয়া অপরের জন্য ব্যয় করা বিধেয় নহে কিন্তু যে স্থলে অপ্রতুল নাই, সে স্থলে পুণ্য কর্ম্মে পূর্ব্বাপেক্ষা অধিক ব্যয় কেন না হইবে? এই বিবেচনা করিয়া তিনি আপন আবাদে একটী পাঠশালা স্থাপন করিলেন, তথায় অনেক প্রজার ছেলেরা পড়িতে লাগিল, এবং ঐ সকল বালকদিগের বিদ্যা বিষয়ে মনোনিবেশ হওন জন্য পুস্তক, বস্ত্র ও টাকা সময়ে ২ প্রদান করিতেন। মিঠা জল পাইবার জন্য

আবাদের মধ্যস্থলে দুই তিনটী পুষ্করিণী খনিত হইল এবং প্রজাদিগের প্রতি কোন প্রকারে অত্যাচার না হয়, এজন্য বিশেষ২ হুকুম জারি হইল। চতুষ্পার্শ্বে লবণাক্ত ভূমি জন্য অনেকের পীড়া হইত। পীড়া শীঘ্র আরোগ্য হয়, এই অভিপ্রায়ে তিন চারি জনা বৈদ্য নিযুক্ত হইল, তাহারা আপামর সাধারণকে অবৈতনিক চিকিৎসা করিতে লাগিল।

এদিগে ভদ্রাসনের বাগানের ভিতর একখানি আটচালা প্রস্তুত হইল। তাহার চারিদিগে এতদ্দেশীয় ও বিদেশীয় ফুলগাছের শোভাময় স্থানটী অতি রমণীয় বোধ হইত। কোন খানে বেল, জুঁই, মল্লিকা, মালতী, শেফালিকা, চাঁপা, গন্ধরাজ, নাগকেশর, অপরাজিতা—কোন খানে অলিয়া ফ্রেগেন্স এমহর্ষ্টিয়া নোবেলিস, বিগনোনিয়া ভিনিষ্টা, বিউগনভেলিয়া স্পেকটিবিলিস, পিত্রিয়াষ্টিপেলি, হার্টস্যাইজ, সুইট ব্রায়ার, পোনসেটিয়া পলকবিম, ইযফরবিয়া জেপনিফ্লোরা, কেমিলিয়া ইত্যাদি—কোন খানে তরুলতা, ঝুমকলতা, মাধবীলতা, কুঞ্জলতা, রাধালতা। এই সকল নানা পুষ্পের নানা বর্ণ ও নানা গন্ধে চক্ষেন্দ্রীয় ও ঘ্রাণেন্দ্রীয় মোহিত হইত ও সমুদ্রের সুশীতল বায়ুর সঞ্চারণে যখন গন্ধ সকল মিলিত হইয়া মন্দ২ গতিতে বহিত, তখন ঐ বন সাক্ষাৎ নন্দনবন জ্ঞান হইত। আটচালা প্রস্তুত হইলে দ্রবময়ী বিবেচনা করিলেন যে, এমন রমণীয় স্থানে যদি ভগবান বিষয়ক কর্ম্ম না হইল তবে ইহা বৃথা ও কেবল ইন্দ্রীয় ভোগার্থে এখানে আগমন করা আমার কর্ত্তব্য নহে।

এই পর্য্যালোচনা করিয়া ঐ স্থানে পল্লির বালিকাগণকে আপন ব্যয়ে পাল্কি করিয়া আনয়ন করত প্রতি দিন বৈকালে শিক্ষা প্রদান করিতে লাগিলেন। পুস্তকের দ্বারা যত হউক বা না হউক দ্রবময়ী আদর স্নেহ সদালাপ ও গল্প ছলে উত্তম২ নীতি উপদেশ দিতেন ও বালিকাদিগের ক্রমে২ বোধ হইতে লাগিল যে তাহাদিগের কর্ত্তব্য কর্ম্ম কি—ঈশ্বরের প্রতি বা কি করিতে হইবে ও সংসারে বা কি করিতে হইবে। পরোপকার নানা প্রকারে কৃত হইয়া থাকে কিন্তু যে পরোপকারের দ্বারা অন্যের ধর্ম্মজ্ঞান হয়, চিত্ত শুদ্ধ হয় ও পরকাল ভাল হয় তাহার তুল্য পরোপকার আর নাই। দ্রবময়ীর এই সংস্কার বিশেষ রূপে ছিল। ঐ বালিকাদিগের মধ্যে একটী বালিকা কিছু বিবিয়ানা গোছে চলিত—কাপড় চোপড়ের উপর অধিক মনোযোগ করিত। কিন্তু ইহাতে তাহার দোষ নাই—ছেলের জাত যাহা দেখে তাহাই শিখে। ঐ বালিকার পিতা সাহিবি চালে চলিতেন ও সময়২ গোপনে স্ত্রীকে গাউন পরাইতেন ও সর্ব্বদাই বলিতেন "বাঙ্গালি মেয়েদের পোশাকটা বদল হইলেই সভ্যতা হইবে।" এইরূপ বাহ্যিক ইংরাজি নকল গ্রাহী হইয়া প্রায় "সর্ব্বস্য বিক্রয় করিয়া" একটী পিয়ানাফর্ট ক্রয় করিয়া ঘরে আনিয়া রাখিয়াছিলেন, সময়ে২ স্ত্রীকে লইয়া ঢনর২ করিয়া একং বার বাজাইতেন কিন্তু ইংরাজি সঙ্গীতের সারিগামাই সাধেন নাই। সঙ্গীত

বাস্তবিক নিন্দনীয় নহে—ইহার দ্বারা চিত্তের উৎকর্ষতা ও প্রফুল্লতা জন্মে কিন্তু মন শোধনের আসল উপায় কিছুই হইতেছে না, কেবল একটা পেখানা-ফোর্ট ও গাউন লইয়া কি হইবে? দ্রবময়ী ঐ বালিকাটীর সকল বিষয় অবগত হইয়া বহু ক্লেশে তাহার সংস্কার ভিন্ন করিয়া দিলেন ও অবশেষে সকল বালিকারই দৃঢ়রূপে এই সংস্কার জন্মিল যে বিদ্যা শিক্ষার প্রধান তাৎপর্য্য ধর্ম্মপরায়ণ হওয়া এবং বিদ্যাশিক্ষা না হইলে সুবুদ্ধিও হয় না এবং সাংসারিক কর্ম্ম উত্তমরূপে নির্ব্বাহ হইতে পারে না।

কয়েক বৎসর অসীম পরিশ্রম করিয়া দ্রবময়ী পল্লির অনেক বালিকাকে ধর্ম্মপরায়ণা গুণবতী ও বুদ্ধিমতী করিলেন ও তাহারা যে সৎকন্যা, সৎ-ভগিনী, সৎস্ত্রী, সংগৃহিণী, সৎমাতা, সৎজ্ঞাতিনী, সৎকুটম্বনী ও সৎমৈত্রয়নী হইবে তাহা সম্পূর্ণরূপে সম্ভব বোধ হইল ও এই সমভাবা সুখ চিন্তনে দ্রবময়ী মুর্হুমুর্হু পুলকিত হইতেন। পুণ্য কর্ম্ম করণে তৃষ্ণা মিটেনা, যত করা ততই করিতে আকাঙ্ক্ষা হয়। অনন্তর বাটীর নিকট এক অতিথি শালা এবং ঔষধালয় স্থাপিত হইল তথায় সহস্র২ ক্ষুধার্ত্ত, তৃষ্ণার্ত্ত, দুঃখী, দরিদ্র অনাশ্রয়ী, অন্ধ, অথর্ব্ব, খঞ্জ, রোগী পরিত্রাণ পাইয়া কৃতজ্ঞ চিত্তের ভাবে পরিপূর্ণ হইত। এই সকল দেখিয়া শুনিয়া মামা বাবু বারম্বার ভগিনীকে বলিতেন —এরেটাদের জন্যে এত টাকা ব্যয় করার কি আবশ্যক? এরা আমাদের মাসীর মার কুটুম? দ্রবময়ী প্রায় উত্তর করিতেন না—একদা বলিলেন।

ভীতে ক্ষুধার্ত্তে বিকলান্তরাংতরে
রোগাভিভূতে বহু দুঃখিতান্তরে
দয়ান্তরং যঃ পুরুষো ন সেবেতে
বৃথান্তরং তস্য নরস্য জীবিতং। শুকোপনিষৎ।

এইরূপ কয়েক বৎসর শুদ্ধচিত্তে নানা প্রকারে পরোপকার করিয়া দ্রবময়ী আক্রান্ত হইয়া পীড়িতা হইলেন। তাঁহার রোগোদ্রের সংবাদ শুনিয়া সকলেই সসব্যস্ত হইল ও বাটীতে লোকে পরিপূর্ণ হইতে লাগিল।

তপনের তাপ তাপিত হইয়া সন্ধ্যার ক্রোড় বিলীন হইতেছে—সৃষ্টির উজ্জ্বলবর্ণ নভোবর্ণ হইতেছে—পশ্চিম দিগস্থ আকাশ স্বর্ণের শয্যা হইতেছে—মেঘ সকলের উষ্ণীষ বিচিত্র আভাতে শোভিত—মেঘ সকল যেন মণি মাণিক্যে ভূষিত হইয়া উড্ডীয়মান করিতেছে—নিবিড় বনোপবনের মরকত মুখাবরণ যেন অরুণ উত্তোলন পূর্ব্বক চুম্বন করত বিদায় হইতেছে—সুর-ধনীর নীর স্থির হইয়া সমীরণের আলিঙ্গন আহ্বান করিতেছে—গোমহিষ পালক গোচারণান্তর প্রেমপূর্ণ গৃহে প্রত্যাগমনের কৌতুহলে ধাবমান হইয়াছে—দৃঢ়ব্রত বৈদান্তিক গদগদ ভক্তিতে বেদধ্বনি করিতে উদ্যত হইয়াছেন—সন্ন্যাসী উদাসীন হরি সংকীর্ত্তনে নিমগ্ন হইতেছে—দূরস্থ দেবালয়ের বাদ্যোদামের লহরি আরব্ধ হইতেছে। এই গোধূলি সময়ে দ্রবময়ী জাহ্নবী তীরে আনীত হইলেন—তটের উপর শাখা বিশিষ্ট বৃক্ষতে

আচ্ছাদিত, তাহার ভিতর দিয়া দিনমণির হিঙ্গুল বর্ণ গলিত আভা তাঁহার মুখোপরি চপলিত হইতেছে। ঐ পুণ্যবতীর তখনও এমন সৌন্দর্য্য যে সকলেই দেখিতেছেন যেন সাক্ষাৎ রাজরাজেশ্বরী শায়িনী হইয়াছেন। যে পরমাত্মাকে যক্ষ কিন্নর গন্ধর্ব্ব যোগী দেবতা সকলে অসীম ধ্যানেও পায় না, তাঁহারই প্রেমে ঐ ধর্ম্মপরায়ণার প্রেমাশ্রু বহিতেছে। দ্রবময়ীর চতুষ্পার্শ্বে পুত্র, জামতা, পৌত্র, দৌহিত্র ও পল্লিস্থ যাবতীয় লোক শোকে নিমগ্ন এবং শতং বালক বালিকা যুবা বৃদ্ধ অবলা হাহাকার রবে বলিতেছে—"এতদিনের পর আমরা সকলে মাতৃ হীন হইলাম, আর আমাদিগের এমন দয়া কে করিবে?" সরল চিত্তের অমূল্য তুল্য বিগলিত রত্ন নেত্রবারি—সেই বারি শ্রাবণের ধারার ন্যায় শতং চক্ষুদিয়ে অবিশ্রান্ত বহিতেছে। দ্রবময়ীর জ্ঞানের বৈলক্ষণ্য, কিছুই হয় না—তিনি বলিতেছেন তোমরা রোদন করিও না, এক্ষণে আমার কর্ণকুহরে ভগবানের নামামৃত শ্রবণ করাও। এই শুনিয়া সকলেই ঈশ্বরের নাম ডাকিতে লাগিল ও সন্ধ্যা হয়ং এমত সময়ে বোধ হইল যেন তাঁহার নয়নদিয়া আত্মা ব্যোম পথে গমন করিল ও কেবল তাহার নিষ্পাপ ও পবিত্র দেহ নিকটস্থ সকলের দুঃখ ও খেদজনক হইয়া পড়িয়া থাকিল।

ত্রাণ কর পরমেশ্বর। ভবের ভৌতিক ভাব ভাবিয়া কাতর॥
দয়া কর মোর প্রতি, আমি অতি মূঢ় মতি, করযোড়ে করি স্তুতি,
পাপে জরজর।
চঞ্চলিত সদা মন, বিষয়েতে উচাটন, তুমিহে অমূল্য ধন,
সারাৎসার পরাৎপর।

সমাপ্তোয়ং।

যৎকিঞ্চিৎ।

শ্রীটেকচাঁদ ঠাকুর কর্ত্তৃক বিরচিত।

"আত্মাববোধাদধিকং ন কিঞ্চিৎ।"

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।
শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।
সন ১২৯৯ সাল।

BHOWANIPORE :

B. M. BOSE : SAPTAHIK SAMBAD PRESS.

1892.

যৎকিঞ্চিৎ।

১ অধ্যায়। ঈশ্বরের অস্তিত্ব।

ভাব সেই একে।
জলে স্থলে শূন্যে যে সমান ভাব থাকে॥

রামমোহন রায়।

ঢং—ঢং—ঢং। হি—স, হি—স। ছোটং বেলগাড়ি যায়। ওহে ভুবন উঠেছ—ও ভুবন! এখানে স্থান নাই, ঐ গাড়িতে যাও। পুনর্ব্বার হি—স, হি—স, অমনি হুড়াহুড়ি, দৌড়াদৌড়ি, ঠেলাঠেলি, ঘেঁসাঘেঁসি, হইতে লাগিল। এদিকে গাড়ির দ্বার সকল ঝনাৎঝনাৎ শব্দে বন্দ হইল ও গাড়ি ঢক ঢক শব্দে যেন মত্ত হস্তীর ন্যায় চলিল। গাড়ির প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ক্লাস সকলেতেই লোক পরিপূর্ণ। কাহার গাত্রে বস্ত্র আছে—কাহার গাত্রে বস্ত্র নাই,—কেহবা আপন লম্বোদর নিরীক্ষণ পূর্ব্বক দণ্ডায়মান, —কেহবা চাপকানের দুই পাকেটে দুই হাত দিয়া শিষ দিতেছেন,—কেহবা নাসিকার উপর আই গ্লাস দিয়া দূরস্থ বস্তু সকল দৃষ্টি করিতেছেন। একখানি দ্বিতীয় ক্লাস গাড়িতে মধ্যবয়স্ক দুই জন ব্যক্তি বসিয়াছেন—ইহাঁরা অতি শান্ত, মিতাবাকী ও অনন্যমনা। সূর্য্য অস্তমিত হইতেছে—আকাশে কি চমৎকার শোভা! সকল কোলাহল যেন স্থৈর্য্যসাগরে নিমগ্ন হইয়াছে—বায়ুর মন্দমন্দ গতি—এই সকল একত্রিত হওয়াতে বৈকালিক মাধুর্য্য প্রকৃত শান্তিদায়িনী হইয়াছে। ঐ দুই ব্যক্তি একএক বার নভোমণ্ডল দর্শন করিতেছেন এবং একএক বার দর্শনোদ্ভব আনন্দ উপভোগ করিতেছেন। ইহাঁরা কে? ইহাঁরা দুই ভ্রাতা—জ্ঞানানন্দ ও প্রেমানন্দ, দুই জনেই ঈশ্বর-পরায়ণ ও ধর্ম্মানুরাগী, ভ্রমণার্থে দেশান্তর যাইতেছেন। যাঁহারা সৎ চিন্তায়; সৎ ভাবে, সৎ আলাপে, সৎ কর্ম্মে সদা রত তাঁহারা ব্যর্থ ও অলীক বিষয়ে কাল যাপন করেন না, ও তাঁহাদিগের নিকটে ভিন্ন প্রকার লোক সুতরাং আপ্যায়িত হইতে পারে না। কিন্তু উক্তপ্রকার একমনা লোকের সম্মেলন হইলেই সদালাপের স্রোত আপনা আপনি প্রবাহিত হয়। জ্ঞানানন্দ ও প্রেমানন্দ শান্ত হইয়া বসিয়া অন্তরের আনন্দে আনন্দিত আছেন—গাড়ির অন্যান্য লোক বলাবলি করিতেছে—এ দুটা গুঁম অবতার কোথা হইতে এল? বোধ হয় অজ পাড়াগেয়ে অথবা জঙ্গুলে।

পর দিবস বেলের গাড়ি ভগলপুরে উপস্থিত হইল। জ্ঞানানন্দ ও প্রেমানন্দ নামিয়া নগরের ভিতর প্রবেশ করিলেন। স্নান আহার করিয়া

বৈকালে ক্লিবলেণ্ড উচ্চ গৃহের নিকটস্থ সুরম্য উদ্যানে ভ্রমণ করিতে গেলেন। সেই উদ্যানে কতকগুলি নব বাবুরা একত্র বসিয়া ধর্ম্ম বিষয়ক নানা তর্ক করিতেছেন। এক এক বার এমনি গোল উঠিতেছে যে হাতাহাতির বড় বিলম্ব নাই। তাহারা উক্ত ভ্রাতা দ্বয়কে দেখিয়া বলিলেন—আস্তে আজ্ঞা হউক, আপনারা ধর্ম্ম বিষয় কিছু জানেন? আমাদিগের মতের স্থির কিছুই হইতেছে না, আমরা চার্বাক প্রভৃতি গ্রন্থ ও বিশেষ বিশেষ ইংরাজি পুস্তকও অনেক পড়িয়াছি—আমাদিগের কাহার কাহার মত যে ঈশ্বর আছেন ও কাহার কাহার মত ঈশ্বর নাই, সকলেই স্বভাবত হইতেছে। আপনারা কি বলেন?

জ্ঞানানন্দ সকলকে মিষ্ট বাক্য দ্বারা শান্ত করিয়া বলিলেন—সত্য অন্বেষণার্থে উগ্র ভাব ত্যাগ পূর্ব্বক শান্ত ভাব অবলম্বন আবশ্যক। আপনারা কেহ কেহ বলিতেছেন ঈশ্বর আছেন—কেহ কেহ বলিতেছেন ঈশ্বর নাই, এবিষয়টি আপনা আপনি শান্ত হইয়া না বুঝিলে কেহও বুঝাইয়া দিতে পারে না। যদ্যপি অনুমতি করেন তবে আমি কিঞ্চিৎ বলি। নব বাবুরা সকলেই বলিলেন—মহাশয় বলুন, ভাল দেখি আপনকার কি নূতন কথা আছে।

জ্ঞানানন্দ। কথা নূতন কিছুই নাই, কথা বুঝিলেই নূতন বোধ হয়।

নাস্তিক বাবুরা। এত ক্ষণের পর জগন্নাথ তর্কপঞ্চানন এলেন—দেখা যাউক এঁর তর্জ্জন গর্জ্জন কত দূর।

জ্ঞানানন্দ শান্তভাবে ঈষদ্ধাস্য পূর্ব্বক বলিলেন—সংশয় এই যে সৃষ্টির স্রষ্টা নাই। "একমেবাদ্বিতীয়ং"—একই অদ্বিতীয় ঈশ্বর যে আছেন এই জ্ঞান তিনি কৃপা পূর্ব্বক মনুষ্য জাতিকে প্রদান করিয়াছেন। আমাদিগের ন্যায় পশুদিগের রাগ, কাম, স্নেহ, কৃতজ্ঞতা, স্বাভাবিক বুদ্ধি, দূরদৃষ্টি ও অন্যান্য ভাব ও শক্তি আছে কিন্তু তাহাদিগের ঈশ্বর বিষয়ক জ্ঞান নাই। ঈশ্বর বিষয়ক জ্ঞান যে আমাদিগের স্বাভাবিক জ্ঞান অর্থাৎ ঈশ্বর কর্ত্তৃক প্রদত্ত তাহা আপন আপন আত্মার পরিচয়ে সপ্রকাশ। যেমন মার্জ্জনা করিবে তেমনি ঐ জ্ঞান বৃদ্ধি হইবে, কিন্তু এ জ্ঞানের অঙ্কুর-শূন্য কোন মনুষ্যই নাই। শিশুর সুমিষ্ট বাণী উচ্চারিত হইতে হইতেই—অবলা কোন উপদেশ না পাইয়াও কিরূপে এ জ্ঞান প্রকাশ করে? যদি বল এটি সংস্কারাধীন, তাহারা যেমন দেখে, যেমন শুনে তেমনি বলে, তবে যে সকল জাতি নিবিড় অরণ্যে বাস করে, যাহারা আহারে, পরিচ্ছদে, এবং গৃহ ও সামাজিক কর্ম্মে সম্পূর্ণ অসভ্য—যাহারা জ্ঞানালোক কাহার কর্ত্তৃক প্রাপ্ত হয় নাই, তাহারা এ জ্ঞান কি রূপে প্রকাশ করে? আরব দেশে এক জন মূর্খ লোক জিজ্ঞাসিত হয়, পরমেশ্বর আছেন তাহা তুমি কি রূপে জান? ঐ ব্যক্তি উত্তর করে "যেমন বালুকার উপর পায়ের চিহ্ন দেখিয়া আমি জানি যে পশু কি মনুষ্য তাহার উপর দিয়া গিয়াছে, সেই রূপ।"* সুমেট্রা উপদ্বীপে

* Md' Arvieux's Travels in Arabia.

দুই জন বন্য লোক একটী ঘড়ি দেখিতেছিল। এক জন বলিল সূর্য্য এই রূপ ঘড়ি। অন্য জন জিজ্ঞাসিল, সূর্য্যকে ঘড়ির ন্যায় কে ফিরাইয়া দেয়? ঐ ব্যক্তি উত্তর করিল—আর কে আল্লা *! কোন কোন ভ্রমণকারী কোন কোন দেশ ভ্রমণ করিয়া এমন লিখিয়া থাকেন যে ঐ দেশীয় লোকদিগের ঈশ্বর বিষয়ক জ্ঞান কিছু মাত্র নাই। এসকল কথা অতি সাবধানতা পূর্ব্বক গ্রহণ করা কর্ত্তব্য, কারণ বিশেষ অনুসন্ধানে ইহার অসত্যতা প্রমাণ হয়। এরূপ পূর্ব্বেও ঘটিয়াছে এবং এক্ষণেও ঘটিতেছে। এণ্ডামন উপদ্বীপে এক জন ডাক্তার গমন করেন। তিনি বর্ণন করেন যে ঐ উপদ্বীপের লোকদিগের ঈশ্বর জ্ঞান নাই। পরে আর এক জন ডাক্তার যাইয়া ঐ অসভ্য জাতির সহিত ব্যাপক কাল সহবাস করিয়া দেখিলেন যে তাহারা চন্দ্রকে ঈশ্বর স্বরূপ উপাসনা করে। অতএব ঈশ্বরজ্ঞানরহিত জাতি বর্ণন ভ্রমণকারীর ভ্রম হইতে উৎপন্ন হয়। যে জ্ঞান করুণাময় ঈশ্বর প্রদান করিয়াছেন তাহা সর্ব্ব স্থানেই এক প্রকার না একপ্রকার ভাবে অবশ্যই প্রকাশ হইবে,—একে বারে নির্ব্বাণ কখনই হইতে পারে না। যে সকল জাতি অসভ্য ও প্রাথমিক অর্থাৎ স্বাভাবিক অবস্থায় আছে, তাহাদিগের মধ্যে উক্ত জ্ঞানের চিহ্ন বিশেষ রূপে দৃষ্ট হইয়াছে। যে যে স্থানে বাণিজ্য এবং ইন্দ্রিয়সুখের প্রাবল্য অথবা উক্ত জ্ঞানকে মূল না করিয়া অন্যপ্রকার জ্ঞানের আলোচনা ও সুতরাং কেবল পাণ্ডিত্যের আধিক্য, সে সকল স্থানে ঈশ্বর বিষয়ক জ্ঞান যেন লুক্কায়িত ভাবে থাকে; এজন্য নাস্তিকতার বৃদ্ধি আত্মার নিগূঢ় তত্ত্ব অনুসন্ধান অল্প হইয়া থাকে—কেবল বাহ্য ক্রিয়া, বাহ্য উন্নতি, বাহ্য সুখ একারণ আত্মার বাণীকে শুনে ও সৃষ্টির বিষয়ও বা কে আলোচনা করে? মেডাগস্কর উপদ্বীপের লোকেরা অসভ্য বলিয়া গণ্য। সেখানে বাণিজ্য বা ইন্দ্রিয় সুখ বা পাণ্ডিত্যের আধিক্য নাই। দেখ কি রমণীয় স্তোত্রে † তাহারা ঈশ্বরের উপাসনা করে।

একাত্ম প্রত্যয়সারং। মাণ্ডুক্য। এক আত্মপ্রত্যয়ই তাঁহার অস্তিত্বের প্রতি প্রমাণ হইতেছে।

---

* Marsden's Sumatra,

† O Eternal! have pity on me because I am transitory; O Infinite because I am but an atom; O Almighty because I am weak; O source of light because I am drawing nearer to the grave; O thou who seest all things because I am in darkness; O all bounteous because I am poor; O all sufficient because I am nothing.

Flancourt's Madagascar, 14th Chap.

আত্মার প্রত্যাবেই সকল দেশীয় লোকেরা এক প্রকার না একপ্রকারে ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ দিতেছে। এপর্য্যন্ত শুনা যায় নাই যে অবনীমণ্ডলে এমত জাতি আছে যাহারা প্রকৃত নাস্তিক। যদিও এমত জাতি থাকে তাহা কোন কারণ বশতঃ হইতে পারে কিন্তু এজন্য ঈশ্বরের অস্তিত্বের জ্ঞান যে স্বভাবসিদ্ধ নহে তাহার প্রামাণ্য হইতে পারে না। এক জন জন্মান্ধ থাকিলে সকলেই জন্মান্ধ হয় না।

নাস্তিক বাবুরা। আপনি বল্‌ছেন ঈশ্বরের অস্তিত্বের জ্ঞান আপন আপন আত্মা দ্বারা পাওয়া যায়। কই মহাশয়! আমরা আত্মাকে নেড়ে চেড়ে দেখিয়াছি. কিছুই তো পাই না?

জ্ঞানানন্দ। (মৃদুভাবে) একটী গল্প স্মরণ হইতেছে আপনারা অনুগ্রহ করিয়া শুনুন। এক জন নাস্তিক ও এক জন আস্তিক দুই জনে এক জাহাজে গমন করিতেছিল। দুই জনে ঘোর বিচার করিতেছে, গজকচ্ছপের ন্যায় কেহই কাহাকে পরাজয় করিতে পারে না। দৈবাৎ আকাশ ঘন মেঘে পূর্ণ হইল—বায়ু ঘোরতর প্রচণ্ড হইতে লাগিল,—তরঙ্গ যেন মাতঙ্গের ন্যায় ভয়ঙ্কর হইল—জাহাজ ডুবুডুবু হয় এমত সময়ে নাস্তিক প্রাণভয়ে অতিশয় ব্যাকুল হইয়া চীৎকার করিয়া উঠিল—"পরমেশ্বর রক্ষা কর।" কিয়ৎকাল পরে বায়ু শান্ত হইলে, আস্তিক নাস্তিককে জিজ্ঞাসা করিল—মহাশয়, ঈশ্বরের অস্তিত্ব বারম্বার অস্বীকার করিয়াছেন তবে কেন তাঁহাকে ডাকেন? নাস্তিক কহিল, আমি ইচ্ছা পূর্ব্বক ডাকি না—কে যেন আমাকে ডাকালে। বোধ হয় বিপদে পড়িলে সকলে এইরূপ করে।

নাস্তিক বাবুরা। আপনি বলছেন ভাল, আর কি আছে বলুন।

জ্ঞানানন্দ। যে জ্ঞান স্বভাব সিদ্ধ সে জ্ঞান কখনই অসত্য হইতে পারেনা। ঐ জ্ঞানকে মূল করিয়া আনুসংগিক জ্ঞানের প্রকৃত পরিচালনা না হইলে আনুসংগিক জ্ঞানের ভ্রম অবশ্যই হইবে কিন্তু যে জ্ঞান স্বভাবসিদ্ধ তাহা অভ্রান্ত রূপে থাকিবে। এক ঈশ্বর আছেন তাহা সকলেই স্বীকার করিতেছে কিন্তু তিনি কিরূপ এই আনুসংগিক জ্ঞান যাহার যেমন শিক্ষা, সংস্কার ও সৃষ্টি প্রকরণ বুঝিবার ক্ষমতা তাহার তেমনি বোধ। আমাদিগের স্বভাবসিদ্ধ যে জ্ঞান সে কি? কার্য্য কারণ ব্যতিরেকে হইতে পারে না—সৃষ্টির স্রষ্টা অবশ্যই আছেন ও যখন নানা কার্য্য এক অভিপ্রায় সিদ্ধার্থে হইতেছে তখন এক বিশিষ্টজ্ঞানময় কারণ অবশ্যই আছেন। যেমন শিশু ভূমিষ্ঠ হইয়া হস্ত পদাদি কিরূপে পরিচালিত হয় তাহা না জানিয়া স্বভাবত হস্ত পদাদি পরিচালন করে; সেই রূপ কার্য্য দেখিলেই কোন বিবেচনা বা অনুসন্ধান ব্যতিরেকে কর্ত্তার জ্ঞান স্বভাবত আত্মাতে উদয় হয়।

ত্রিযামা উপস্থিত। নয়ন উন্মীলন করিয়া নভোমণ্ডল অবলোকন কর। অসংখ্য তারা অসংখ্য সূর্য্যস্বরূপ অসংখ্য সৃষ্টির নিয়ামক। এক এক তারা নিরীক্ষণে বহুধা বোধ হইবে। একটী একটী তারা আমাদিগের সূর্য্যের ন্যায়

গ্রহাবৃত ও সকল গ্রহ রাশিচক্রে ধাবমান। দূরবীক্ষণ যতই দৃষ্টিক্ষম হইতেছে ততই নূতন২ তারা প্রকাশ হইতেছে। আমাদিগের সূর্য্যের অনুগত যে যে গ্রহ জানা ছিল তাহা অপেক্ষা নূতন নূতন গ্রহ আবিষ্কৃত হইয়াছে। তারাগণ ও গ্রহাদি সকলই প্রাণিময় ও সৃষ্টি অনন্ত। পৃথিবী রাশিচক্রে ধাবমান হইতেছে—সূর্য্যের তাবতম্যে ঋতুব পরিবর্ত্তন—ঋতুব পরিবর্ত্তনে শস্যের উৎপত্তি—শস্যের উৎপত্তিতে জীব জন্তুর পালন। সূর্য্যের উদয় ও অস্তমিতিতে দিবা রাত্রি—দিবা রাত্রিতে উদ্ভিদের বর্দ্ধন ও জীব সকলের শ্রম ও বিশ্রামের উপযোগিতা। সূর্য্যের তেজে সকল বস্তু হইতে বারি আকর্ষিত হইতেছে ও ঐ বারি ধূমবৎ হইয়া মেঘাকৃতিতে গগণ ভূষিত করিতেছে এবং ঐ মেঘ সকল বারিত্ব প্রাপ্ত হইয়া বৃষ্টি স্বরূপে পতিত হইতেছে। যে সকল পর্ব্বত বারিতে পরিপূর্ণ হইতেছে সেই সকল পর্ব্বত হইতে নদ নদী প্রবাহিত হইতেছে। নদ নদীর জল চন্দ্রের আকর্ষণে সমুদ্র হইতে আসিতেছে। বায়ুর এক গতি নহে, দিনে দিনে—সময়ে সময়ে গত্যন্তর হইতেছে। উক্ত কারণ সকল জন্য কৃষি ও বাণিজ্যের কি মহৎ উপকার এবং কৃষি ও বাণিজ্যের মঙ্গলে আমাদিগের কি মঙ্গল! বাহ্য সৃষ্টির প্রকরণ যতই বিবেচনা কর ততই এই নিশ্চয় জানিবে যে, ঐ সকল প্রকরণে আমাদিগের শারীরিক ও মানসিক মঙ্গল। এই অদ্ভুত ব্যাপারে কি অদ্ভুত শক্তি ও জ্ঞান দৃষ্ট হয় না? এ কি নিয়ন্তা ব্যতিরেকে হইতে পারে? কার্য্য কারণ ব্যতিবেকে কি রূপে সম্ভবে? কোন গ্রন্থ, লেখক ব্যতিরেকে হইতে পারে? কোন চিত্রপট, চিত্রকর ব্যতিরেকে হইতে পারে? কোন মূর্ত্তি নির্ম্মাতা ব্যতিরেকে হইতে পারে? এই যে অসংখ্য অচেতন ও চেতন বস্তুর কি আদি কারণ নাই? কাহার দ্বারা সমস্ত সৃষ্টি নির্ব্বাহিত হইতেছে। কে সকলকে পালন ও রক্ষা করিতেছে? এই সকল কার্য্য কি আপনা আপনি হইতে পারে? যদি এ সম্ভবে, তবে সূর্য্য ব্যতিরেকে আলোক, চন্দ্র ব্যতিরেকে জ্যোৎস্না, অগ্নি ব্যতিরেকে দাহিকা শক্তি, বায়ু ব্যতিরেকে শীতলতা, বাষ্প ব্যতিরেকে মেঘও হইতে পারে। আমরা ঈশ্বরকে দেখিতে পাই না এ জন্য কি ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার্য্য? যদি সূর্য্য কোন কারণ বশতঃ অদৃষ্ট হইত ও কেবল তাহাব তেজ প্রকাশ হইত তবে অদর্শন জন্য ঐ তেজের কারণ কি অবিশ্বাস্য হইত?

ঈশ্বরেব অস্তিত্ব জ্ঞান যে স্বভাবসিদ্ধ ও দিগ্‌দর্শন শলাকার ন্যায আত্মা ঈশ্বরেতে ধাবমান তাহা আমরা নানা প্রকারে দেখিতেছি। যখন ঘোর বিপদ্ বিষাদ বা শোক উপস্থিত হয়—যখন এমত অবস্থায় পতিত যে আব কোন উপায় নাই—যখন কোন নিদারুণ ক্লেশ জন্য শরীব হইতে যেন প্রাণ বিয়োগ হয়—যখন পাপে এমত পরিপূর্ণ যে আপনার প্রতি আপনার ঘৃণা হইতেছে—যখন মৃত্যু উপস্থিত ও পূর্ব্ব কর্ম্মাদি স্মরণে চিত্ত দহ্যমান হইতেছে, তখন আত্মা কাহাকে চিন্তা—কাহাকে স্মরণ করে? প্রকৃত অবস্থায় না

পড়িলে প্রকৃত ভাবের প্রকাশ হয় না। এক্ষণে বিনীত ভাবে সেই কৃপাময়কে সর্ব্বদা স্মরণ করিয়া যে জ্ঞান তিনি প্রদান করিয়াছেন তাহার উন্নতিতে যত্নবান হও।

প্রেমানন্দ করজোড়ে ঊর্দ্ধে দৃষ্টি করত এই উপাসনা করিলেন। হে পরমাত্মন! তুমি স্বর্গের স্বর্গে বিশেষ রূপে বিরাজ করিতেছ। অসংখ্য দেবতারা সুমধুর সংকীর্ত্তনে মগ্ন থাকিয়া তোমার অভিবাদন ও প্রেমানন্দ উপভোগ করিতেছেন। তুমি সামান্যরূপে সকল বস্তু ও জীবে আছ। তুমি জ্যোতি স্বরূপ, গতি স্বরূপ, আকর্ষণ স্বরূপ, শক্তি স্বরূপ, সম্মেলন স্বরূপ, সৌন্দর্য্য স্বরূপ, সুগন্ধ স্বরূপ, সুরম্যধ্বনি স্বরূপ। তুমি সর্ব্বনিয়ন্তা—সর্ব্ব-সুখদাতা। বাহ্য রাজ্যে যেমন দিবাকর প্রজ্জ্বলিত; তেমনি অন্তর রাজ্যের তুমি সূর্য্য। তোমার জ্যোতিতে আত্মার মালিন্য ও তিমির তিরোহিত হয়—যে আত্মা নত, পরিশুদ্ধ ও জ্ঞানে ও প্রেমেতে পূর্ণ, সেই আত্মাতেই তুমি বিশেষ রূপে বিরাজ কর, তখন সেই আত্মাই তোমার স্বর্গের স্বর্গ হয়! তোমার অস্তিত্ব প্রত্যেক নিশ্বাসে, প্রত্যেক দৃষ্টিতে, প্রত্যেক ঘ্রাণে, প্রত্যেক ধ্যানে, প্রত্যেক ভাবে জাজ্বল্যমান। এতদ্বিষয়ক মানব কুসংস্কারও দুর্ব্বলতা পরিহার কর ও যাহাতে তব সম্বন্ধীয় জ্ঞান জ্যোতিতে আমাদিগের চিত্ত উজ্জ্বলিত হয়, এই কৃপা কর।

---

২ অধ্যায়।

ঈশ্বর কিরূপ তাঁহার সহিত কি সম্বন্ধ।

"পরিপূর্ণমানন্দম্॥"

শ্রীদেবেন্দ্রনাথ ঠাকুর।

কালীপ্রসন্ন বাবু বড় পরোপকারী—ক্লেশ ও ক্ষতি স্বীকার করিয়া পরের সুখ বর্দ্ধনে সর্ব্বদা যত্নবান। তাঁহার ভবনে জ্ঞানানন্দ ও প্রেমানন্দ আসিয়া সাতিশয় আদরণীয় আতিথ্য পাইয়া ও অনেক সদালাপানন্তর শুভ নিদ্রাতে নিদ্রিত আছেন। রাত্রি প্রভাত হয় নাই—চন্দ্রমার শুভ্রতা দিনমণির আগমন জন্য যেন চঞ্চল হইতেছে। উত্থানের উদ্যম সকল মনুষ্যতেই উদয় হয়, অমনি মন্দ মন্দ সমীরণ আচ্ছন্নতা ও নাসাগর্জ্জন বৃদ্ধি করে। পক্ষী সকল স্বীয় স্বীয় পক্ষের সপক্ষতা প্রত্যাশায় গতিবিপক্ষ রাত্রির হ্রাস অবলোকন করিতেছে। দোকানি পশারি আপন আপন গাত্র দীর্ঘীকরণ পূর্ব্বক আলস্য সম্পূর্ণ ত্যাগ না করিয়া শুয়ে শুয়ে বলিতেছে—"ওহে ভজহরি! ওহে রামচন্দ্র! উঠ, আর রাত নাই, এক ছিলিম তামাক সাজ।" ভজহরি ও রামচন্দ্র আলস্যের উপদেশ গ্রহণ পূর্ব্বক হাই তুলিতে তুলিতে বক্রীকৃত হইয়া বলিতেছে "রও মোশাই, কোথায় আগুন কোথায় টিকা একটু ফরসা

হউক।" নিকটে এক জন ভট্টাচার্য্য স্নানে যাইতেছিলেন, তিনি বলিতেছেন কথাটি যে ভাল বলিলে না—অগ্নি হইলেই টীকা হয়। শ্রীধর স্বামীর চিত্ত অগ্নি বিশেষ তিনি কি টীকা ও টিপনী প্রকাশ করিয়াছেন! ভজহরি ও রামচন্দ্র বলিল—অগো বামুন ঠাকুর, তুমি সেই টিপনী—ডিপনী খেতে খেতে স্নানে যাও। এদিকে কালীপ্রসন্ন বাবুর সদর দ্বার ঠেলাঠেলি হইতেছে। মহাশয় উঠেছেন কি—মহাশয় উঠেছেন কি? কেও? আজ্ঞা আমি রামানন্দ নাস্তিক। সদর দ্বার খুলিবামাত্রেই রামানন্দ জ্ঞানানন্দ ও প্রেমানন্দের পদতলে পড়িয়া রোদন করিতে লাগিল। হাঁ! হাঁ! ব্যাপারটা কি? রামানন্দ কাঁদিতে কাঁদিতে বলিলেন আপনাদিগের গত কল্যের কথাবার্ত্তা শুনিয়া সমস্ত রাত্রি ছটফট করিয়াছি—একবারও চক্ষু মুদ্রিত হয় নাই। আপনকার পূর্ব্ব কথা সকল স্মরণ করি ও আপনা আপনি বলি—আমি কি করিয়াছি ও আমার দশা কি হইবে! কত জঘন্য কর্ম্ম—কত পাপ যে আমা দ্বারা কৃত হইয়াছে তাহা কহিতে পারি না! ঈশ্বর চর্চ্চা একবারও করি না, কেবল ঐহিক সুখ ভোগে মত্ত ও তাহা সাধনে আমি কি না করিয়াছি! সঙ্গদোষে আমার সর্ব্বনাশ হইয়াছে, এক্ষণে আপনাদিগের সঙ্গ লইব—এই নরাধমকে রক্ষা কর—আপনাদিগের বিনা আমি আর কাহাকেও জানি না, যেখানে আপনারা যাবেন, সেই খানে আমি যাব। ঈশ্বরের অস্তিত্বেতে আমার দৃঢ় বিশ্বাস জন্মিয়াছে, এক্ষণে ঈশ্বর কিরূপ ও তাঁহার সহিত আমাদিগের কি সম্বন্ধ তাহা কৃপা করিয়া বলুন।

জ্ঞানানন্দ কিঞ্চিৎ কাল স্বাগত ভাবে কৃতজ্ঞতা ও প্রেমেতে ভাসমান হইয়া বলিলেন—রামানন্দ! তোমার কথা শুনিয়া আমি অতিশয় আহ্লাদিত হইলাম। আমি যাহা জানি তাহা তোমাকে অবশ্য সরল ভাবে সকল বলিব—শ্রবণ কর, ভগবৎ কথা এসময়েই বিশেষ আনন্দীয়।

আমি কোন্ কীটস্থ কীট যে ঈশ্বরকে সুন্দর রূপে জানিব।

যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মণোরূপং। তলবকার।

যদি এমন মনে কর যে আমি ব্রহ্মকে সুন্দর রূপে জানিয়াছি তবে নিশ্চয় তুমি ব্রহ্মের স্বরূপ অতি অল্প জানিয়াছ।

ঈশ্বরের অস্তিত্ব জ্ঞান আমাদিগের স্বভাবসিদ্ধ কিন্তু তিনি এমত মহৎ—এমত শ্রেষ্ঠ যে তাঁহাকে সম্পূর্ণ রূপে অনুভব করা যায় না। এ জ্ঞান ক্রমশঃ উন্নত হয় ও যাঁহার যেরূপ সাধারণ জ্ঞান ও প্রীতির বৃদ্ধি তাহার সেই রূপ উক্ত জ্ঞানের বৃদ্ধি। যে সকল সাধুগণ ঈশ্বর জন্য সর্ব্বদা ব্যাকুল, সত্য কামা ও সর্ব্বত্যাগী, তাঁহারা ইহ লোকে ঐ জ্ঞান প্রচুর রূপে লাভ করেন কিন্তু যেখানে বিশেষ ভ্রমজনক সংস্কার ও বিশেষ ভ্রমবিশিষ্ট শাস্ত্রীয়, বা দেশীয় রীতি, সেখানে উক্ত জ্ঞান বিস্তীর্ণ হওনের বিশেষ বাধা। প্রাচীন ও বর্ত্তমান কালের ইতিহাস পাঠ করিলে বিলক্ষণ বোধ হয় যে ঈশ্বর বিষয়ক জ্ঞান ক্রমশঃ প্রকাশিত ও উন্নত হইয়া আসিতেছে। কালে কালে এক এক

জন মহাত্মা প্রেরিত হইতেছে, যিনি দিবাকরের ন্যায় জ্যোতি প্রদান করিতেছেন ও ঐ জ্যোতি কাহাতে অজ্ঞানতার তিমির নাশক হইতেছে। প্রায় সকল জাতির এক প্রকার না এক প্রকার ঈশ্বর বিষয়ক জ্ঞান আছে ও ঐ জ্ঞান বিষয়ক যে শাস্ত্র তাহাকেই ধর্ম্মশাস্ত্র বলে। যে যে জাতির উক্ত শাস্ত্র আছে তাহাদিগের এই বিশ্বাস যে ঐ শাস্ত্র ঈশ্বর কর্ত্তৃক প্রদত্ত, সুতরাং মিথ্যা হইতে পারে না; কিন্তু ঐ সকল শাস্ত্রেতে ঈশ্বর মানব রূপে বর্ণিত—মানব দুর্ব্বলতা সংযুক্ত এ জন্য কি প্রকারে সম্পূর্ণ রূপ গ্রাহ্য হইতে পারে? ঐ সকল শাস্ত্রাদিতে আমাদিগের অনেক উপকার হইয়াছে, কারণ তাহাতে অনেক উদ্‌বোধক ও উপদেশক কথা আছে এবং ঐ সকল শাস্ত্রাদি ঈশ্বর বিষয় জ্ঞানের সোপান স্বরূপ গণ্য হইতে পারে। কিন্তু প্রকৃত জ্ঞান দায়ক নহে। নানা জাতীয় ধর্ম্ম শাস্ত্র অধিকাংশ শাব্দিক প্রমাণের উপর নির্ভর করে কিন্তু শাব্দিক প্রমাণ অপেক্ষা আত্মা ঘটিত প্রমাণ উচ্চতর ও অকাট্য। কেহ কেহ কহিয়া থাকেন যে আত্মার উপদেশে চলা শ্রেয় নহে ইহাতে ভ্রম হইতে পারে, লিখিত ধর্ম্মশাস্ত্র ঈশ্বর দত্ত—ইহাই প্রকৃত নিয়ামক। এ কথা বলাতে ঈশ্বরকে অবহেলা করা হয়। মানব আত্মাতে ঈশ্বর স্বয়ং বিরাজ করিতেছেন। যাহা কিছু একেবারে জানি—চিন্তা করি—বিচার করি ও যে সকল সদ্ভাবে ভাবী হই তাহা তাহা কর্ত্তৃক। যদিও বাহ্যেন্দ্রিয় লব্ধ জ্ঞানে ভ্রম হইতে পারে কিন্তু আত্মা ঘটিত জ্ঞানে ভ্রম কখনই হইতে পারে না। আত্মা ঘটিত জ্ঞান পাইবার জন্য যে সকল বাহ্য ও আন্তরিক বিঘ্ন তাহা সত্যকাম হইয়া দূরীকরণ করিতে হয় ও আত্মার বিকার নষ্ট হইলে আত্মা ঘটিত জ্ঞান তুল্য আর জ্ঞান নাই। আত্মা অদ্ভুত পদার্থ—উদ্দীপন, অনুশীলন ও সদভ্যাসে ইহার প্রকৃত ভাব প্রকাশ পায়। যে সকল ধর্ম্মশাস্ত্র আছে তাহা কোন না কোন মহাত্মা কর্ত্তৃক বলা বা লিখিত হইয়াছে, ঐ সকল মহাত্মাদিগের যেরূপ আত্মা উচ্চ হইয়াছে, সেই রূপ ধর্ম্মশাস্ত্রের শ্রেষ্ঠতা, কিন্তু ধর্ম্ম শাস্ত্র আত্মা হইতে উৎপন্ন, আত্মা ধর্ম্মশাস্ত্র হইতে উৎপন্ন নহে। কোন কোন মহাত্মার আত্মা কোন কোন সময়ে সমাধি অবস্থা প্রাপ্ত হইয়াছে সুতরাং তৎকালীন ঐ মহাত্মার বাণী ঈশ্বরবাণী স্বরূপ কিন্তু তাঁহার সকল বাণী ঈশ্বরের বাণী স্বরূপ নহে ও কোন্ বাণী ঈশ্বরের বাণী স্বরূপ ও কোন্ বাণী ঈশ্বরের বাণী স্বরূপ নহে তাহা আপন আপন আত্মার পরিচয়ে জানা যায়। যে সকল বাণী ঈশ্বরের বাণী স্বরূপ তাহা একবার শুনিলেই হৃদয়ঙ্গম হয়—তাহা লইয়া কেহ আর তর্ক বিতর্ক করে না ও যদি কেহ তর্ক বিতর্ক করে তবে তিনি সত্যকাম হইয়া বুঝিলে অনায়াসে বুঝেন। যাহা সত্য তাহা আত্মা অবশ্যই গ্রহণ করিবে, তাহাতে আত্মা অবশ্যই পরিতৃপ্ত হইবে। যাহা মিথ্যা তাহার সহস্র টীকা প্রকাশ হইলেও কখনই গ্রাহ্য হইবে না ও যদি কোন কারণ বশতঃ গ্রাহ্য হয় তবে শীঘ্র হউক বা বিলম্বে হউক পরিত্যক্ত হইবে।

ঈশ্বর যে কেমন তাহা সৃষ্টি ও আত্মার দ্বারা জানা যায় ও তাহা তিন শ্রেণীতে বিভক্ত। তাঁহার সত্তাদি ও শক্তি, তাঁহার জ্ঞান ও তাঁহার ধর্ম্ম।

(১) তাঁহার সত্তাদি ও শক্তি। তিনি "একমেবাদ্বিতীয়ং" তিনি একই এবং সংপূর্ণ। অস্তিত্বে ও স্বতন্ত্রতেতে তিনি সংপূর্ণ—তিনি স্বয়ংভু অনাদি ও অনন্ত ও সকল কারণের আদি কারণ। তিনি এক অথচ সর্ব্বব্যাপী—ওভূমা। তিনি সর্ব্বশক্তিমান্ যাহা ইচ্ছা করেন তাহাই করিতে পারেন। তাঁহার নিয়মাদি তাঁহার ইচ্ছার অধীন—তাহার ইচ্ছাই তাঁহার নিয়ম কিন্তু তিনি তাঁহার নিয়মাদির অধীন নহেন। যদি তিনি তাঁহার নিয়মাদির অধীন হয়েন তবে কি প্রকারে তিনি সর্ব্বশক্তিমান্ হইতে পারেন? তিনি যে সর্ব্বশক্তিমান তাহা তাঁহার সৃষ্টিতেই জাজ্বল্যমান।

(২) তাহার জ্ঞান সংপূর্ণ। আমরা দৃষ্টি করিয়া, স্মরণ করিয়া, তুলনা করিয়া, বিবেচনা করিয়া, জ্ঞান প্রাপ্ত হই। তাঁহার জ্ঞান স্বাভাবিক এবং সংপূর্ণ—তিনি বর্ত্তমান ভূত ভবিষ্যত সকলই জানেন—তিনি সকলের অন্তর্য্যামী ও তাঁহার জ্ঞান আপনা আপনি তাহা হইতে প্রস্রবণ হয়। এই জ্ঞানের রেণু মাত্র মানব আত্মাতে তিনি প্রদান করিয়াছেন কারণ তাঁহার অস্তিত্ব জ্ঞান, আত্মার অবিনাশত্ব জ্ঞান, ও সাধারণ হিতাহিত জ্ঞান আত্মা হইতে স্বভাবত প্রকাশ হইতেছে।

(৩) তাঁহার ধর্ম্ম। আমাদিগের ধর্ম্ম আত্মলাভ, ভয়, ও আশার অধীন ও সম্পূর্ণরূপে রিপু শূন্য নহে এবং আমাদিগের প্রেম সকলেতে সমান হয় না। ঈশ্বরের ধর্ম্ম কোন কারণ বশতঃ নহে, তিনি রিপু শূন্য—তাঁহার রাগ দ্বেষাদি নাই—তাঁহার স্নেহ ও প্রেম বস্তু বা ব্যক্তি বিশেষে নহে এবং ঐ স্নেহ ও প্রেম বর্দ্ধন জন্য কোন কারণের প্রয়োজন নাই। তাঁহার স্নেহ ও প্রেম সম্পূর্ণ—চিরকাল এক ভাবে থাকে ও তিনি সকলকে সমভাবে প্রীতি করেন। মনুষ্য সম্পূর্ণ ন্যায়বান—পবিত্র ও ক্ষমাশীল নহে, কিন্তু তিনি সম্পূর্ণ ন্যায়বান, সম্পূর্ণ পবিত্র, সম্পূর্ণ ক্ষমাশীল ও সম্পূর্ণ সুন্দর। সৌন্দর্য্য, নির্দ্দোষতা, প্রেম, ন্যায্যতা, পবিত্রতা ও ক্ষমার ছবি। যে ব্যক্তি অতিশয় সুন্দর, সে যদি উক্ত গুণ রহিত ও পাপে ও গ্লানিতে জড়িত হইয়া মণি মাণিক্যে বিভূষিত হয়, তাহার সৌন্দর্য্য কোথায়? কিন্তু উক্ত গুণে ভূষিত কদাকার ব্যক্তির মুখের জ্যোতি কি রমণীয়! অতএব ঈশ্বরই সম্পূর্ণ সুন্দর। এতদ্ব্যতিরেকে ঈশ্বরেতে যে সকল চমৎকার গুণ আছে তাহা আমরা এখানে জানিতে পারি না। আমরা উদ্যানীয় কীট স্বরূপ। কীট যেমন পুষ্পের নিকট থাকিয়াও পুষ্পের সকল গুণ জানিতে পারে না, সেই রূপ মনুষ্য। আমরা যে পর্য্যন্ত বুঝিতে পারি তাহাতে এই উপলব্ধ করিতেছি—যে প্রকারে, যে ভাবে, ঈশ্বরকে জানিতে চেষ্টা করি, সেই প্রকারে—সেই ভাবে তাহাকে সম্পূর্ণ ও অসীম দেখি। তিনি আপন অভিপ্রায়ানুসারে সৃষ্টি করিয়াছেন, কি বৃহৎ কি ক্ষুদ্র সকল সৃষ্টিতেই তাঁহার অসীম শক্তি, জ্ঞান

ও প্রীতি প্রকাশ। যেমন তাঁহার সৃজন অদ্ভুত, তেমনি তাঁহার নিয়ন্তৃত্ব অদ্ভুত। কি অচেতন, কি চেতন, কি জড়, কি জীব, সকল রাজ্যের কার্য্যে যে সুশৃঙ্খলতা, যে সামঞ্জস্য, যে ইষ্টসাধকপ্রণালী, যে মাঙ্গলিক পর্য্যবসান, তাহাতেও তাঁহার অসীম শক্তি, জ্ঞান ও প্রীতি দেদীপ্যমান। তিনি জগৎ-পিতা—জগন্মাতা, কারণ পিতা ও মাতা দুয়ের গুণের সম্পূর্ণতা তাঁহাতে দৃষ্ট হয়। তাঁহার সাধারণ ও বিশেষ নিয়ম একই নিয়ম ও একই নিয়মে স্বীয় মঙ্গল ভাব সর্ব্ব স্থানে, সর্ব্ব কার্য্যে, সর্ব্ব জড়ে, সর্ব্ব জীবে, ইহ কালে ও পরকালে প্রকাশ করিতেছেন। যাঁহারা মহানুভাব—যাঁহারা মুক্তাত্মা ধীর, তাঁহারাই ঈশ্বরকে আত্মার আত্মা শক্তির আধার, জ্ঞানের আধার, ধর্ম্মের আধার ও মঙ্গলের আধাররূপে নিশ্চয় জানেন। "পরমেশ্বর সম্পূর্ণ স্রষ্টা—তিনি যে অভিপ্রায়ে সৃষ্টি করিয়াছেন তাহা সম্পূর্ণ অর্থাৎ সে অভি-প্রায়ে সম্পূর্ণ প্রেম—যে অভিপ্রায়ে সৃষ্টি নিয়োগ করিতেছেন তাহাও সম্পূর্ণ অর্থাৎ সম্পূর্ণ সাধারণ মঙ্গল—যে নিয়মাদিতে সৃষ্টি নির্ব্বাহিত হইতেছে তাহাও সম্পূর্ণ, কারণ ঐ নিয়মাদি সম্পূর্ণ জ্ঞান ও প্রেম হইতে প্রসূত হইয়াছে।

এই যে ঈশ্বরের অপরিমিত সম্পূর্ণ অসীম ও অনন্ত ভাব ইহা কোন লিখিত ধর্ম্ম শাস্ত্রে সম্পূর্ণরূপে পাওয়া যায় না। অল্প হউক বা অধিক হউক ঐ সকল ধর্ম্ম শাস্ত্র ঈশ্বরকে দুর্ব্বল মানব প্রকৃতি প্রয়োগ করে।

পরমেশ্বর রাগের দেবতা নহেন, ভয়ের দেবতা নহেন, অনুরোধের দেবতা নহেন, উত্তরসাধকতা দেবতা নহেন, তিনি প্রেমের দেবতা। কি ধনী কি নির্ধনী কি জ্ঞানী কি অজ্ঞানী, কাহাকেও তিনি বলেন না যে আমার নিকট আসিবার জন্য এ প্রকার বাহ্য পূজা চাই, এ প্রকার বলি চাই, এ প্রকার অনু-রোধ চাই, এ প্রকার উত্তরসাধকতা চাই। যে ব্যক্তি অকপট, সরল, ও নম্র চিত্তে তাঁহার প্রতি ভক্তি ও প্রেমে মগ্ন হয়, তিনিই পরমেশ্বরকে লাভ করেন।

সকলের সহিত সম্বন্ধ কালেতে বিলুপ্ত হইবে কিন্তু ঈশ্বরের সহিত সম্বন্ধ চিরকাল থাকিবে। যদি আমরা পরিষ্কার রূপে বুঝিতে পারি যে ঈশ্বর কেমন, তবে তাঁহার প্রতি আমাদিগের কি কর্ত্তব্য তাহা অনায়াসে স্থির হয়। ঈশ্বরের প্রতি যে কর্ত্তব্য তাহা দ্বিবিধ।

(১) ঈশ্বরের অস্তিত্বে দৃঢ়রূপে বিশ্বাস, ঈশ্বরের সহিত আমাদিগের চির সম্বন্ধে দৃঢ়রূপে বিশ্বাস, সর্ব্ব বস্তু ও ব্যক্তি অপেক্ষা ঈশ্বরকে অসীম রূপে ভক্তি ও প্রেম করা, ঈশ্বরকে সম্পূর্ণ রূপে বিশ্বাস করা, ও তিনি যাহা করেন তাহাই মঙ্গল ও এই নিশ্চয় করা যে তাঁহা হইতে কিছুমাত্র অমঙ্গল হইতে পারে না এবং ঈশ্বর ধ্যানে তাঁহার অসীম শক্তি জ্ঞান ও প্রেম দর্শনে ও চিন্তনে ও তাঁহার প্রিয়কার্য্য সর্ব্বদা সাধনে সন্তুষ্ট ও আনন্দিত হওয়া।

২। ঈশ্বর যে সকল দৈহিক ও মানসিক বৃত্তি দিয়াছেন সে সকল

বৃত্তিকে প্রকৃত ও সুন্দর রূপে পরিচালনা করা। ইহা করিলে ঈশ্বরের প্রতি কি কর্ত্তব্য ও মনুষ্যের প্রতি কি কর্ত্তব্য এই জ্ঞান ও ধর্ম্ম ক্রমশঃ বর্দ্ধনশীল হয়। ইশ্বরের যে আদেশ তাহা সৃষ্টিতে ও মানব শরীরে ও আত্মাতে মুদ্রাঙ্কিত আছে। প্রকৃতি ভাবেরই বর্দ্ধন তাঁহার অভিপ্রায়। কুশিক্ষা ও কুসংস্কারে আমরা বিকার প্রাপ্ত হই। ঐ বিকার শরীরে ও আত্মাতে যাহাতে না জন্মে এই জীবনের উদ্দেশ্য। শরীর আত্মার উন্নতি সাধন জন্য, অতএব 'শরীরকে' রক্ষা করিয়া আত্মার বৃত্তি সকল উদ্দীপন, উন্নত ও উচ্চ করাই প্রকৃত ধর্ম্ম।

রামানন্দ!—এই মনোহর সময়ে ঈশ্বরকে ধ্যান কর। তিনি

সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম।
আনন্দরূপমমৃত যদ্বিভাতি।
শান্তং শিবমদ্বৈতং। তৈতিরীয় শ্রুতি।
যোবৈ ভূমা তৎসুখং। ছান্দোগ্য।
ধর্ম্মাবহং পাপনুদং ভগেশং। শ্বেতাশ্বতর।

তিনি "শুদ্ধমপাপবিদ্ধং," ও "পরিপূর্ণমানন্দম্"।

এতদ্দেশীয় ব্রহ্মবাদিরা ধন্য যে তাঁহাদিগের ঈশ্বর বিষয়ক জ্ঞান এত উচ্চ ছিল—তাঁহারা সম্পূর্ণ রূপে অদ্বৈতবাদী ও তাহাদিগের এ বিশ্বাস ছিল না যে ঈশ্বর ভয়ানক ও তিনি পাপীদিগকে অনন্ত কাল নরকে দগ্ধ করিবেন। তাঁহারা ঈশ্বরকে সত্যংজ্ঞানং শান্তং শিবং আনন্দরূপং বলিয়া জানিতেন।

রামানন্দ মুগ্ধ হইয়া উপাসনায় প্রবৃত্ত হইলেন ও প্রেমানন্দ এই গান করিতে লাগিলেন।

রাগ ভঁওরো—তাল আড়া।

জ্ঞানময় নিরাময় সুখময় সর্ব্বাশ্রয়।
বিচিত্র রচনা তব অভিপ্রায় প্রেমময়॥
দেখিলে নভোমণ্ডল, এ আশ্চর্য্য ভূমণ্ডল,
জ্ঞান হয় কুমণ্ডল, এক পার্শ্বে রয়।
কত গ্রহ দিবাকর, কত তারা শশধর,
কত কেতু জ্যোতিষ্কর, সব প্রাণিময়॥
কি কৌশলে নিয়মিত, কি কৌশলে নিয়োজিত,
কি কৌশলে নির্ব্বাহিত, বদ্ধ শৃঙ্খলায়।
করিয়াছ যে নিয়ম, নাহি তার ব্যতিক্রম,
তোমার নিয়ম ভ্রম, দৃষ্টি নাহি হয়॥
সৃষ্টি অসংখ্য অসীমা, অপার তব মহিমা,
তোমাতে তব উপমা, সর্ব্ব শক্তিময়।

অগণ্য তব সৃজন, অগণ্য তব পালন,
অগণ্য কৃপা অর্পণ, কর কৃপাময় ॥
কত ক্ষমা কর দান, মানবের নাহি জ্ঞান,
তোমাতে ক্রোধ বিধান, তুমি ক্ষমাময় ।
ক্লেশ রোগ মৃত্যু শোক, শিব পায় এই লোক,
না ভাবিয়া পর লোক, অস্থির ত্বরায় ॥
কত কর পর্য্যটন, দিতে সুখ অনুক্ষণ,
তব নিয়ম ভঞ্জন, ক্লেশ নর পায় ।
সব জীবে ক্রোড়ে কর, মাতাধিক স্নেহ ধর,
মহাপাপীকে উদ্ধার, বিহিত সময় ।
মানবের হিত জন্য, দেহ করিয়াছ জন্য,
দিবে সুখ অসামান্য, গেলে স্বর্গালয় ॥

গীতাঙ্কুর ।

---

৩ অধ্যায় ।

আত্মার অবিনাশিত্ব ।

মালকোষ—তাল আড়া ।

ভ্রান্ত অশান্ত নর কভু না পায় অন্ত ।
দুরন্ত কৃতান্ত ভয়ে সর্ব্বদা প্রাণান্ত ॥
জীবের নিধন, সম্ভবে কেমন, অবশেষে জীব শিব হইবে নিতান্ত ।
কে বলে মরণ, লোকান্তে গমন, মনের অগোচর নহে এ বৃত্তান্ত ॥

গীতাঙ্কুর ।

ওহে রামানন্দ ! বাসাটি ভাল, গঙ্গা সম্মুখ—চতুর্দ্দিকস্থ দৃশ্যও মনোহর । মুংগের উত্তম স্থান । সীতাকুণ্ড কত দূর ?

রামানন্দ । আজ্ঞা বড় দূর নহে, সীতাকুণ্ডের জল চমৎকার ।

জ্ঞানানন্দ । ঈশ্বর কত প্রকারেই আমাদিগের মঙ্গল করেন তাহা জ্ঞানাগম্য ।

ঘোর অন্ধকার—রজনী যেন ভীষণ বদন ধারণ করিয়াছে । তড়িৎ মধ্যে মধ্যে চমকিয়া ত্রাস উৎপাদক হইতেছে । বজ্রের নিনাদ ভয়ানক ও বর্ষার ধারা অজস্র ধারে পড়িতেছে । গমনাগমন স্থগিত ও সকলেই গৃহে রুদ্ধ । এক এক বার বৃষ্টির ও বায়ুর শব্দ অল্প হয় আর নিকটস্থ এক ভবন হইতে রোদনের ধ্বনি কর্ণকুহরে প্রবেশানন্তর হৃদয় বিদীর্ণ করে ।

প্রেমানন্দ অস্থির হইয়া বলিলেন এ রোদন কোথা হইতে আসিতেছে ? চল সকলে যাইয়া দেখি ।

জ্ঞানানন্দ ও রামানন্দ ছত্র লইয়া তাঁহার সহিত গমন করিতে করিতে যে বাটীতে ক্রন্দন হইতেছিল সেই বাটীতে উপস্থিত হইলেন। গৃহস্বামী বড় ধর্ম্মপরায়ণ—ধ্যানাবস্থায় ছিলেন—উক্ত তিন জন ব্যক্তি তাঁহার নিকটবর্ত্তী হইবা মাত্রেই তিনি চমকিয়া উঠিয়া জিজ্ঞাসা করিলেন—আপনারা কে ও কি নিমিত্ত এখানে আগমন ?

প্রেমানন্দ বলিলেন—আমরা ভ্রমণকারী—এই স্থানে অদ্য উত্তীর্ণ হইয়াছি—রোদন শুনিয়া কাতর হইয়া আসিয়াছি। গৃহস্বামী কৃতজ্ঞ ভাবে বলিলেন—আপনারা অতি সাধু—এই দুর্যোগ! এত ক্লেশ স্বীকার করিয়া এখানে আসা বড় অল্প কথা নহে। আমার পুত্রের সাংঘাতিক পীড়া—রক্ষা পাওয়া ভার, উপায়শূন্য হইয়া সর্ব্বাশ্রয়দাতার নিকট আশ্রয় প্রার্থনা করিতেছি—তিনি মঙ্গলময়, তাঁহার যে ইচ্ছা তাহাই শুভদায়ক অতএব তাঁহার যে ইচ্ছা তাহাই হউক। এই কথা শেষ হইবা মাত্রেই রোদন বৃদ্ধি হইতে লাগিল, অমনি সকলে অস্তে ব্যস্তে বাটীর ভিতর যাইয়া দেখিলেন—রূপযৌবন লাবণ্যসম্পূর্ণ ষোড়শবর্ষীয় বালক মুমূর্ষু হইয়াছে, সম্মুখে প্রদীপ, দুঃখিনী জননী শোকার্ণবে নিমগ্ন ও রোরুদ্যমান। পুত্র অতি ক্লেশে মাতাকে সান্ত্বনা প্রদান করিতেছেন, মাতার তাঁহাতে শোক বৃদ্ধি হইতেছে। পিতাকে নিকটে দেখিয়া পুত্র করজোড়ে বলিলেন—বাবা! আমি দিব্য ধামে গমনকরিতেছি।

নামুত্রহি সহায়ার্থং পিতা মাতা চ তিষ্ঠতঃ। ন পুত্র দারং ন জ্ঞাতি ধর্ম্ম স্তিষ্ঠতি কেবলঃ। মনু।

পর লোকে সহায়ের নিমিত্তে পিতা মাতা স্ত্রী পুত্র জ্ঞাতি বন্ধু কেহই থাকেন না; কেবল ধর্ম্মই থাকেন।

আপনি শৈশব কালাবধি আমাকে অনেক ধর্ম্ম উপদেশ দিয়াছেন এজন্য আমি ধর্ম্মানুরাগী হইয়াছি এক্ষণে আমি সুখেতে পর লোকে গমন করিতেছি, যাহাতে আমার সদ্গতি হয় এবং লোকান্তরে সাধু সঙ্গ প্রাপ্ত হইয়া প্রেমামৃত পানে মগ্ন থাকি এজন্য করুণাময় পিতার নিকট প্রার্থনা করুণ ও আমার মস্তকে চন্দন দিয়া ব্রহ্মনাম লিখিয়া দিন, এবং যে পর্য্যন্ত আমার প্রাণ বিয়োগ না হয় সে পর্য্যন্ত ঐ নামামৃত আমার কর্ণকুহর পান করুক। গৃহস্বামী স্বীয় অশ্রু বিমোচন করিয়া বিমল হৃদয়ে ও অকপট ভক্তিতে এই রূপ উপসনা করিলেন।

হে মঙ্গলময় পরমেশ্বর! এই নিদারুণ শোকে আমার চিত্ত যেন শান্ত ও সমাহিত থাকে ও তোমার মঙ্গলময় কার্য্যের প্রতি বিশ্বাসের কিঞ্চিন্মাত্র হ্রাসতা না জন্মে। আমার প্রিয় পুত্র প্রাণধন আমার প্রকৃত প্রাণধন ছিল ইনি আমার নয়নের নয়ন ও জীবনের যষ্টি। এত দিনের পর দৃষ্টিহীন ও গতির আশ্রয় বিহীন হইলাম। যদিও পুত্র অতি প্রিয় কিন্তু তুমি প্রিয়তম।

তদেতৎ প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়োবিত্তাৎ প্রেয়োন্যস্মাৎ সর্ব্বস্মাৎ অন্তরতর যদয়মাত্মা। বৃহদারণ্যক।

সর্ব্বাপেক্ষা অন্তরতর যে এই পরমাত্মা, ইনি পুত্র হইতে প্রিয়, বিত্ত হইতে প্রিয়, আর আর সকল হইতে প্রিয়।

এই ভাব যেন চিত্তে অহরহ থাকে ও আমার পুত্রের যাহাতে উর্দ্ধগতি হয় এই কৃপা কর।

কিয়ৎকাল পরে পুত্রের বিয়োগ হইল। জ্ঞানানন্দ প্রেমানন্দ ও রামানন্দ যথা বিহিত উপাসনানন্তর তাঁহার সংকার করিয়া গৃহস্বামীর নিকট সর্ব্বদা ঈশ্বরপ্রসঙ্গ লইয়া কিছু কাল যাপন করেন। সময়ে গৃহস্বামীর শোক খর্ব্ব হইয়া আসিতে লাগিল কিন্তু তাঁহার পত্নী বিলাপে মগ্ন—আহার নিদ্রা ত্যাগ। তাঁহাকে অতিশয় কাতরা দেখিয়া জ্ঞানানন্দ অনুজ সহিত গৃহস্বামীর সহিত নিকটে বসিয়া বলিলেন—মা! তোমার মনঃপীড়ায় আমি অতিশয় মনঃপীড়া পাইতেছি—তোমার বিলাপে আমার বিলাপ উপস্থিত হয়—তোমার অশ্রুপাতে আমার অশ্রুপাত হয়, কিন্তু মঙ্গলময় পিতাকে ধ্যান করিয়া ধৈর্য্য অবলম্বন কর—তিনি মন্দ ও অমঙ্গল কি তাহা জানেন না, তোমার পুত্র বিনষ্ট হয়েন নাই—তিনি পর লোকে আনন্দে বিরাজ করিতেছেন। যখন তুমি ঐ লোকে গমন করিবে তখন পুনর্ব্বার আপন পুত্রকে পাইবে। গৃহস্বামিনী অস্তে ব্যস্তে উত্তর করিলেন—আমি কি আবার প্রাণধনকে পাইব? আমি কি আবার সেই চাঁদমুখ দেখিব? এ কথাটি শুনলেও প্রাণ শীতল হয়। বাবা! হৃদয় শোকের দাবানলে জ্বলিতেছে—কেমন করে নির্ব্বাণ হবে? কোথা গেলে আমি প্রাণধনকে পাইব? মৃত্যুর পর কি আর কাহাকে পাওয়া যায়?

জ্ঞানানন্দ বলিলেন—মা স্থির হও—আমি যা বলি তাহা মন দিয়া শুন।

আত্মার বিনাশ নাই—আত্মা অমর ও এই সত্য শাস্ত্রীয় প্রমাণ, শাব্দিক প্রমাণ, উপমেয় ও সম্ভাব্য প্রমাণ ও আত্মা ঘটিত প্রমাণে সংস্থাপিত হইতেছে।

(১) শাস্ত্রীয় প্রমাণ। যে সকল জাতি ধর্ম্মচর্চ্চা করিয়াছে, সে সকল জাতির জ্ঞানী লোকেরা আত্মার অবিনাশিত্ব স্থির করিয়াছে। কি হিন্দু কি গ্রিক, কি রোমাণ কি ইহুদি, কি খ্রীষ্টিয়ান সকলেরই এবিষয়ে এক অভিপ্রায়। এদেশে আত্মার অবিনাশিত্ব ও পরলোকে বিশ্বাস দৃঢ়রূপে বদ্ধমূল হইয়াছে। কি বেদ; কি উপনিষদ, কি পুরাণ, কি তন্ত্র, কি সাহিত্য, কি দর্শন সকলেই কিছু না কিছু ইহার প্রমাণ আছে। মুমূর্ষু ব্যক্তি গঙ্গাতীরে কি জন্য আনীত হয় এবং বিয়োগ হইলে কি অভিপ্রায়ে অন্ত্যেষ্টি ক্রিয়া ও শ্রাদ্ধ হইয়া থাকে? নারীগণ কি জন্য সহমরণ ও অনুমরণ করিত? বীরেরা রণস্থলে কি কারণে প্রাণ দিতে উদ্যত হইত? যোগী উদাসীন মুনি ঋষিরা সংসার আশ্রম ত্যাগানন্তর অরণ্যে যাইয়া অসীম কঠোরতা সহ্য কেন করিত? ধর্ম্ম রক্ষার্থে ধার্ম্মিকেরা ইন্দ্রিয় সুখ সাধনে কি জন্য হেয় জ্ঞান করিতেন? যদ্যপি উক্ত বিশ্বাসের এতাদৃশ প্রমাণ অন্যান্য কারণ বশতঃ অধুনা কার্য্যেতে না দৃষ্টি

হয় তথাপি স্থানে স্থানে, সময়ে সময়ে কতক প্রমাণ অবশ্যই পাওয়া যায়। গ্রন্থাদিতে যে প্রমাণ উপস্থিত হয় তাহা বলি শুন।

বাসাংসি জীর্ণানি যথা বিহায় নবানি গৃহ্ণাতি নরোপরাণি। তথা শরীরাণি বিহায় জীর্ণান্যান্যানি সংযাতি নবানি দেহী। ভগবদ্গীতা।

লোকেরা যেরূপ জীর্ণ বস্ত্র ত্যাগ পূর্ব্বক নবীন বস্ত্র পরিধান করেন, আত্মা সেই রূপ জীর্ণ দেহ ছাড়িয়া অভিনব শরীর গ্রহণ করিয়া থাকেন।

হন্তা চেন্মন্যতে হন্তং হতশ্চেন্মন্যতে হতং। উভৌ তৌ বিজানিতো নায়ং হন্তি ন হন্যতে। কঠোপনিষৎ।

যে হন্তা সে যদি হনন করিতে ইচ্ছা করে, যে হত সে যদি আপনাকে হত মনে করে তাহারা উভয়েই ভ্রান্ত। ইনি হনন করেন না হতও হয়েন না।

একঃ প্রজায়তে জন্তুরেক এব প্রলীয়তে। একো নুভুঙ্‌ক্তে সুকৃতমেক এবতুদুষ্কৃতং। মনু।

একাকী মনুষ্য জন্ম গ্রহণ করে একাকী হত হয়, একাকীই স্বীয় পুণ্য ফল ভোগ করে এবং একাকীই স্বীয় দুষ্কৃতি ফল ভোগ করে।

মৃতংশরীর মুৎ সৃজ্য কাষ্ঠলোষ্টসম ক্ষিতৌ। বিমুখ বান্ধবা যান্তি ধর্ম্মস্তমনুগচ্ছতি। মনু।

বান্ধবেরা ভূমিতলে মৃত শরীরকে কাষ্ঠ লোষ্টবৎ পরিত্যাগ করিয়া বিমুখ হইয়া গমন করেন; ধর্ম্ম তাহার অনুগামী হয়েন।

(২) শাব্দিক প্রমাণ। যেমন পুরাণেতে বর্ণন যে রাজা যুধিষ্ঠির সশরীরে স্বর্গে যান, তেমনি বাইবেলে লেখে যে ইনক ও ইলায়জা দেহ ত্যাগ না করিয়া লোকান্তরে গমন করেন। যেমন আশ্রমিকা পর্ব্বের বর্ণন যে বেদব্যাস যোগবলে রাজা যুধিষ্ঠির প্রভৃতিকে যাবতীয় মৃতবীর সকলকে দেখান, তেমনি ক্রাইষ্ট এক পর্ব্বতের উপর হইতে মোজেস্ এবং এলায়জা আপন শিষ্যদিগের দৃষ্টিগোচর করেন। বাইবেলে আরও লেখে ক্রাইষ্ট মৃত লেজারসঃক সমাধি হইতে উত্থান করেন ও আপনি মৃত্যুর পরে সপ্রকাশ হয়েন।

কয়েক বৎসরাবধি মারকিন বিলাত জরমেনি ফরাসিস ও অন্যান্য দেশে মৃত লোকদিগের সহিত আলোচনা বিদ্যার সাতিশয় অনুশীলন হইয়াছে। এতদ্বিষয়ে অনেকে গ্রন্থ লিখিয়াছেন ও মৃত ব্যক্তিদিগের সহিত যে আলাপ হইতে পারে তাহা অসংখ্য লোক বিশ্বাস করে। যে যে প্রকারে উক্ত আলাপ হইতে পারে তাহার বিশেষ বিশেষ পুস্তক আছে ও যে সকল লোক এই জ্ঞান প্রাপ্ত হইতে বাঞ্ছা করেন তাহাদিগের সর্ব্বপ্রকারে শুদ্ধাচারী হইতে হয়। বিলাতে যে সকল ব্যক্তি উক্ত বিষয়ের বিশ্বাসী তাহার মধ্যে বিজ্ঞবর হোইট সাহেব বিখ্যাত। তিনি যাহা কহেন তাহা অদ্ভুত—তিনি অশরীর আত্মাদিগের বাদ্য শুনিয়াছেন—তাহাদিগের হস্ত দেখিয়াছেন এবং

যে হস্ত দেখিয়াছেন ও বারম্বার স্পর্শ করিয়াছেন, সেই হস্ত দ্বারা পুষ্প ও লতা প্রাপ্ত হ'য়াছেন। *

সর্ব্বদেশে ভূতের গল্প আছে। অনেকে বলেন যে তাঁহারা স্বচক্ষে ভূত দেখিয়াছেন ও অনেকে কহেন যে তাঁহারা অতি বিশ্বাসী লোকের মুখে শুনিয়াছেন। নিম্ন লিখিত গল্প লইয়া বড় অন্দোলন হয় ও তাহা এক্ষণে যেরূপ বর্ণিত তাহা কহি। ইংরাজি ১৮৫৭ সালে এদেশে শিপাই কর্ত্তৃক রাজবিদ্রোহিতা হয়। ঐ সময়ে এক জন সাহেব আপন বিবিকে বিলাতে রাখিয়া এখানে ইংরাজি সৈন্যের সহিত যুদ্ধে গমন করে। ১৮৫৭, ১৪। ১৫ নবেম্বরের মধ্যে যে রাত্রি সেই রাত্রি শেষ হয় হয় এমত সময়ে ঐ বিবি স্বপ্নে স্বামীকে ক্লান্ত ও পীড়িত দেখেন। তাঁহার নিদ্রা ভঙ্গ হইলে তিনি অস্থির হইতে লাগিলেন। এদিকে চন্দ্রমার উজ্জ্বল কিরণ হইতেছে, বিবি আপন মস্তক উত্থান করত ভর্ত্তাকে শয্যার নিকট দেখিলেন—স্বামীর পরিচ্ছেদ যুদ্ধ পরিচ্ছেদ—হস্ত বক্ষের উপরি,—কেশ অসজ্জীভূত,—বদন নীরক্ত,—চক্ষু স্ত্রীর উপর পতিত,—দৃষ্টি ব্যাকুল। স্বামী এক নিমেষ থাকিয়া অন্তর্ধ্যান হইলেন। বিবি আপনি জাগ্রৎ বা নিদ্রিত অবস্থায় আছেন তাহার নানা পরীক্ষা করিয়া স্থির করিলেন যে, তিনি স্বামীকে জাগ্রৎ অবস্থায় দেখিয়াছেন। পর দিবস এই কথা আপন মাতার নিকট ব্যক্ত করিয়া সকল আহ্লাদ আমোদ বিসর্জন দিলেন। ১৮৫৭, ডিসেম্বর মাসীর এক মঙ্গলবারে বিলাতের কাগজে প্রকাশ হইল যে, অমুক কাপ্তেন ১৫ নবেম্বর মাসে লক্ষ্ণৌএর নিকট হত হয়েন। ঐ কাপ্তেনের উকিল উইলেমসন সাহেব বিবির নিকট আইলে, বিবি কহিলেন যে তাঁহার স্বামীর মৃত্যু ১৫ নবেম্বরে কখনই হয় নাই। উকিল সাহেব ওয়ার আফিস হইতে যে সর্টিফিকেট পাইলেন তাহাতে মৃত্যুর তারিখ ১৫ নবেম্বর। অনন্তর উকিল সাহেব অন্য এক জন বিবির সহিত সাক্ষাৎ করিয়া জানিলেন যে ১৪ নবেম্বরের রাত্রিতে ৯ ঘণ্টার সময়ে তিনি ও তাঁহার স্বামী উক্ত মৃত কাপ্তেনকে আপন ভবনে দেখেন। পরে এদেশ হইতে বিলাতে এক চিঠি যায়, ও ঐ চিঠিতে লেখে যে ঐ কাপ্তেন ১৪ নবেম্বর বৈকালে এক গোলা খাইয়া প্রাণ ত্যাগ করেন

---

* We had the clearest and most prompt communications on different subjects through the alphabet and flowers which were taken from a bocquet on a chiffonier at a distance and brought and handed to each of us. Mrs. Howitt had a sprig of Geranium handed to her by an invisible hand which we have planted and is growing, so that it is no delusion, nc fairy money turned into dross or leaves. I saw a spirit hand as distinctly as I ever saw my own. I touched one several times, once when it was handing me the flower. W. Howitt, British Controvertialist for 1861, p. 89.

এবং দেলকোসায় তাহার সমাধি হয়। তখন ওয়ার আফিসের সার্টিফিকেটের তারিখের পরিবর্ত্তন হয় ও তাহা উক্ত ঘটনা না হইলে হইত না। *

(৩) উপমেয় ও সম্ভাব্য প্রমাণ। বাহ্য বস্তু সকলই রূপান্তর ও ভাবান্তর হইতেছে কিন্তু এক পরমাণুরও বিনাশ নাই। ধূমবৎ দ্রববৎ ও অদ্রববৎ সকলই পর্য্যায়ক্রমে হইতেছে ও তেজ বারি ও বিদ্যুতীয় পদার্থে নানা পরিবর্ত্তন হইতেছে। পর্ব্বত পতিত হইয়া চূর্ণ হইতেছে—নদীর জল শুষ্ক হইয়া মৃত্তিকা হইতেছে—বারি বাষ্প হইয়া ঊর্দ্ধে গমন করিতেছে ও পুনর্ব্বার বর্ষার ধারা হইয়া নিম্নে প্রত্যাগমন করিতেছে। এক এক বার ভূমিকম্প হইতেছে ও সমস্ত দেশ ছিন্ন ভিন্ন হইতেছে। এক এক বার পর্ব্বতীয় অগ্নি বাহির হইতেছে ও সমস্ত বন উপবন ছারখার হইতেছে। কিন্তু ঐ চূর্ণ মৃত্তিকা ও ভস্ম রাশি ব্যর্থ হইতেছে না, তাহা কোন না কোন কার্য্যোপযোগী হইয়া অন্যরূপ ধারণ করিতেছে। যে সকল পুরীষ ও বিষ্ঠা ঘৃণিত ও পরিত্যক্ত ও অসার তাহাও সার স্বরূপ হইয়া শস্যাদি উৎপাদক হইতেছে। বৃহৎ বৃহৎ বৃক্ষ জীর্ণ হইতেছে ও তাহার বীজ হইতে অন্য বৃক্ষাদি জন্মিতেছে।

মনুষ্যের বিয়োগ পরে তাহার শরীর ভস্মময় বা মৃণ্ময় হইতেছে ও ঐ ভস্ম ও মৃত্তিকা অন্য গঠনাবৃত হইতেছে। এক যাইতেছে—এক হইতেছে ও যে যাইতেছে তাহার অন্য রূপান্তর হইতেছে কিন্তু কিছুই বিনাশ পাইতেছে না।

জীবেরও ক্রমশ উন্নতি দেখা যায়। গুটিপোকা প্রথমে ডিম্ব স্বরূপ জন্মে, পরে ঐ ডিম্ব হইতে সুয়া পোকা উৎপত্তি হয়। অনন্তর ঐ সুয়া পোকা গুটিপোকা হইয়া চিত্র বিচিত্র প্রজাপতি রূপে ঊর্দ্ধে গমন করে। মেগট বিটল্ ভূমির ভিতর বাস করে সেখানেই ইহার ডিম্ব ও শাবক হয়, ঐ শাবকের গাত্র হইতে প্রতি বৎসর চর্ম্ম খসিয়া পড়ে ও চতুর্থ বৎসরে তাহাদিগের পাখা হইলে তাহারা আকাশে ভ্রমণ করে।

মনুষ্য কি কেবল সুয়াপোকা ভাবে থাকিবে, না প্রজাপতিত্ব প্রাপ্ত হইবে?

সকল সৃষ্টি অপেক্ষা মনুষ্য প্রধান সৃষ্টি। ধাতু উদ্ভিদ ও পশু পদার্থ সকলই মনুষ্যেতে পাওয়া যায় অর্থাৎ এই তিনিই মনুষ্য গ্রহণ ও ধারণ করিতে পারে। মনুষ্যের গঠন সর্ব্বাপেক্ষা উত্তম ও তাহার শরীর নির্ব্বাহক আন্তরিক ব্যাপার চমৎকার। এবম্প্রকার বিস্তারপূর্ব্বক নিয়ম ও প্রণালী অন্য জীবে দৃষ্ট হয় নাই। এই আন্তরিক ব্যাপারের প্রধানতার প্রমাণ মস্তিষ্ক। ঐ মস্তিষ্কই আত্মার নিকেতন রূপে বর্ণিত হয়, যেরূপ মাতৃগর্ভে থাকিয়া শিশু পুষ্ট হইয়া ভূমিষ্ঠ হয়, সেইরূপে আত্মা মস্তিষ্কে থাকিয়া পক্কতা প্রাপ্ত হয়। পূর্ব্বে উক্ত হইয়াছে যে মানব শরীর শ্রেষ্ঠ ও মানব মস্তিষ্ক শ্রেষ্ঠ। মানব শরীরের

* Owen's Footfalls on the Boundary of another World.

শ্রেষ্ঠতা মানব মস্তিষ্ক জন্য। যেমন মস্তিষ্ক শরীরের সারভাগ, তেমনি আত্মা মস্তিষ্কের সারভাগ, এজন্য শরীর আত্মার উন্নতি সাধন জন্য হইতেছে। শরীরের প্রত্যেক অঙ্গ উত্তমরূপ রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করিলে আত্মার উন্নতি সাধন হয় অর্থাৎ আত্মার বৃত্তি সকল উদ্দীপন-উপযোগী হয়, এজন্য শরীর ও আত্মার সহিত নিকট সম্বন্ধ কিন্তু শরীর আত্মার জন্য, আত্মা শরীর জন্য নহে। সকল বাহ্য বস্তু হইতে আত্মা অতি সংশোধিত ও সূক্ষ্ম পদার্থ, এ জন্য কেবল বাহ্য ক্রিয়াতে আত্মার উৎকর্ষ বৃদ্ধি হয় না।

আত্মার নানা নাম। কেহ বলেন মন, কেহ বলেন প্রাণ, কেহ বলেন জীবন, কেহ বলেন চিৎ কিন্তু একই পদার্থ। যে পদার্থের দ্বারা জানা যায় যে আমরা জীবিত আছি, আমরা চিন্তা করিতেছি ও নানা ভাবে ভাবুক হইতেছি তাহাই আত্মা। আত্মা শরীর হইতে পৃথক্ কারণ শরীর পরিমিত, আত্মা অপরিমিত ও যখন শরীরের গতি স্থগিত তখন আত্মার গতি স্থগিত নহে। স্বপ্নাবস্থায় শরীরের কিছু কার্য্য হইতেছে না কিন্তু আত্মার কার্য্য হইতেছে। যদিস্থল আত্মা পৃথক বটে কিন্তু শরীর ঘটিত, ও শরীরের সহিত আত্মা বিলীন হয়। পূর্ব্বে উক্ত হইয়াছে যে এক পরমাণুর নাশ নাই, সকলই রূপান্তর ভাবান্তর ও পরিবর্ত্তন হইতেছে ও ভৌতিক পদার্থ ভৌতিক পদার্থের সহিত মিলিত হয়, সৃষ্টির এইই অভ্রান্ত নিয়ম। কিন্তু আত্মা ভৌতিক পদার্থ নহে তাহাও পূর্ব্বে ব্যক্ত হইয়াছে। যদি আত্মা ভৌতিক পদার্থ হইতে পৃথক—আত্মা ভৌতিক পদার্থ হইতে শ্রেষ্ঠ, তবে ভৌতিক পদার্থে আত্মা কি প্রকারে মিলিত হইতে পারে ও যদি এক পরমাণুর বিনাশ নাই তবে আত্মার বিনাশ কি রূপে সম্ভবে?

আত্মার নানা বৃত্তি। যেমন আমাদিগের বহিরিন্দ্রিয় তেমনি অন্তরিন্দ্রিয়। আমরা যখন যাহা মনে করি তখন তাহা করি কিন্তু এই যে ইচ্ছা ইহা আত্মা হইতে উৎপন্ন। এই ইচ্ছাই গতিশক্তির মূল। এই গতিশক্তির ইচ্ছার তাৎপর্য্য কি? স্রষ্টার অভিপ্রায় যে আমরা নানা দেশ ভ্রমণ করিব ও ভ্রমণ করিয়া তাঁহার অপার মহিমা দর্শন ও গ্রহণ করিব। পৃথিবীতে ভ্রমণ করিয়া আমাদিগের গতিশক্তির কতক দূর পরিতৃপ্তি হয় কিন্তু ঈশ্বরের সৃষ্টি কেবল এই পৃথিবী নহে—সৃষ্টি অনন্ত তাহা এক্ষণে কেবল আত্মার দ্বারা কিঞ্চিৎ উপলব্ধি করিতেছি ও যাহা উপলব্ধি করিতেছি তাহা কেবল ছায়া স্বরূপ কিন্তু এই ছায়া বাস্তবিক কি, তাহা কি বিশেষ রূপে দৃষ্ট হইবে না?

চক্ষু কর্ণ ঘ্রাণ জিহ্বা ও হস্ত দ্বারা এখানে কতক জ্ঞান লব্ধ হইতেছে কিন্তু প্রবল দূরবীক্ষণ দ্বারাও সকল দৃষ্ট হইতেছে না। যেরূপ সমুদ্রের বালুকা সেইরূপ স্বর্গের তারা ও অনেক তারা কেবল ধূমবৎ বোধ হয়। অতিশয় মনোযোগেও সকল শ্রবণ করা যায় না, ও সকল আস্বাদন ও স্পর্শ করণে আমরা অশক্ত সুতরাং বহিরিন্দ্রিয় দ্বারা সকল জ্ঞেয় জ্ঞাত হইতেছে না যে স্থলে সৃষ্টি অনন্ত ও দ্রষ্টব্য শ্রোতব্য ঘ্রাণীয় আস্বাদনীয় ও স্পর্শীয় অসীম

সে স্থলে এই সকল অন্তরিন্দ্রিয়ের উপযোগিতা থাকাতেই কি অন্তরিন্দ্রিয়ের বিনাশ হইবে, না ক্রমশ বর্দ্ধন হইবে ?

বহিরিন্দ্রিয় অন্তরিন্দ্রিয়ের উৎকর্ষের উপযোগী। স্রষ্টার এই অভিপ্রায় যে আমাদিগের ক্রমশঃ উন্নতি হইবে। এক কালে সকল পাইলে আমরা নম্রতায় বৃদ্ধি হইতে পারি না। যতটুকু এক কালে আমরা ধারণ করিতে পারি ততটুকু ঈশ্বর প্রদান করেন।

আত্মার অন্য এক বৃত্তি স্মরণ শক্তি। এখানে কতকগুলিন সত্য স্মরণ রাখিতে পারি কিন্তু স্মরণ মনোযোগের উপর নির্ভর করে। যাহা ভাল মনোযোগ পূর্ব্বক শুনি কিম্বা দেখি বা গ্রহণ করি তাহাই মনে থাকে। স্মরণ শক্তি প্রকৃত রূপে পরিচালিত হইলে জ্ঞানের বিশেষ বৃদ্ধি কিন্তু ইহাতে প্রতিবন্ধক বিস্তর ও রোগেতে এবং বয়োবৃদ্ধিতে ইহার খর্ব্বতা। এই শক্তির ও পরিসীমা কি এই খানে, না ইহা পরেতে বৃদ্ধি প্রাপ্ত হইবে ?

বিজ্ঞান-শক্তি আত্মার অন্য এক বৃত্তি। কার্য্য দেখিয়া কারণ স্থির করা, কারণ দেখিয়া কার্য্য স্থির করা ও এক প্রকার অনেক বিষয় বা ঘটনা দেখিয়া তাহার যথার্থ উপসংহার করা বিজ্ঞানশক্তির কার্য্য। মনোনিবেশ না হইলে এই শক্তির প্রকৃত পরিচালনা হয় না। মন এক বিষয়ে নিমগ্ন, ইতিমধ্যে অন্য এক বিষয় উদয় হইলে বা আদিম বিষয় চিন্তা করিতে করিতে তাহার আনুসঙ্গিক বিষয়ে মন ধাবমান হইলে বা কাহার কথায়, বা কি কোন ধ্বনিতে বা অন্য কোন কারণে মন অন্যমন হইলে আদিম বিষয়ের নিগূঢ় তত্ত্ব পাওয়া দুঃসাধ্য। এ হেতু অনেক গ্রন্থে গ্রন্থকারদিগের অনেক বিষয়ে মত পরতাশূন্য। এক বিষয়ই ক্রমাগত ভাবিয়া তাহার নিগূঢ় তত্ত্ব বাহির করা ও মনকে অন্য বিষয়ে না যাইতে দেওয়া ও যদি যায় তবে তৎক্ষণাৎ মনকে প্রস্তাবিত বিষয়ে আনা বিজ্ঞান-শক্তির প্রকৃত পরিচালনা—ইহাতেই আত্মার চাঞ্চল্য দূর হয় ও এই সংযমেই আত্মা ঈশ্বর উপাসনার উপযোগী হয় ও সত্যকে লাভ করে। উক্ত চাঞ্চল্য ব্যতিরেকে সংস্কারও বিজ্ঞানশক্তির বৃদ্ধির প্রতিবন্ধক। বিশেষ বিশেষ দেশীয় জাতীয় শ্রেণীয় সংস্কার এরূপ প্রবল যে বিজ্ঞান-শক্তি তাহাতে অধিক হউক বা অল্প হউক অবশ্যই আবৃত হইবে ও সত্য অন্বেষণ কালে কি সত্য কি অসত্য তাহা নির্ণয় করা ভার হয়। এ দুর্ব্বলতা সকলেরই আছে—কাহার অধিক, কাহার অল্প। এমন এমন মহাত্মা ব্যক্তি সময়ে সময়ে দেখা যায় যে সর্ব্বভয়, সর্ব্বলোভ, সর্ব্বকামনা ত্যাগ করিয়া কেবল সত্য পালনে প্রাণপণে যত্নবান ও তিনি যে সত্য প্রাপ্ত হয়েন তাহাই পরে জগতে বিস্তীর্ণ হয় কিন্তু এরূপ লোক অতি দুর্লভ। ফলতঃ বিজ্ঞান-শক্তি এখানে সম্পূর্ণরূপে পরিচালিত হইতে পারে না। ইহার উত্তর উত্তর বৃদ্ধি হইতেছে বটে, তাহা নানা প্রকার জ্ঞানের আবিষ্কারে প্রতীয়মান কিন্তু ঐ বৃদ্ধির পরিসীমা নাই; তাহা আমরা নানা প্রকার

আবিষ্কারেই উপলব্ধি করিতেছি ও যদি ঐ বৃদ্ধির পরিসীমা নাই তবে কি এখানেই ইহার সমাপ্তি ও লোকান্তর ইহার উন্নতি সাধন-প্রতিবন্ধক না অধিক উপযোগী ?

আর দেখ কতক গুলিন জ্ঞের বস্তু যথা পদার্থের নিগূঢ় জ্ঞান ও ঈশ্বরের রাজ্যবিষয়ক সকল সামঞ্জস্য তাহা মহা২ পণ্ডিতেরাও নিশ্চয়রূপ স্থির করিতে পারেন না। এতদ্বিষয়ে অনেকের সাধারণ জ্ঞান আছে বটে কিন্তু বিশেষ বিশেষ জ্ঞান নাই। এই বিশেষ জ্ঞান কি আমরা প্রাপ্ত হইব না ? অবস্থা অনুসারে আমাদিগের জ্ঞান বৃদ্ধি। শরীর ধারণ করিয়া যতদূর জ্ঞান পাইতে পারি ততদূর পাইতেছি। ক্রমাগত চিন্তায় নিমগ্ন হইয়া জ্ঞান অন্বেষণ করিতে গেলে শরীরের পীড়া জন্মে। আত্মা শরীর হইতে বিগত হইলে এ বিঘ্নের আধিক্য না অল্পতা সম্ভব ? অধিক অভ্যাসানন্তর কোন কোন উচ্চ আত্মা কিছু চিন্তা না করিয়া সত্যকে যেন একেবারে ধ্যান মাত্রেই ধৃত করে। যখন শরীর হইতে আত্মা বিগত ও উক্ত অভ্যাস জন্য শারীরিক পীড়া প্রতিকূল নহে তখন জ্ঞেয় জ্ঞাত হওন অধিক সহজ না অধিক কঠিন ?

আত্মা পরমাত্মার প্রতিবিম্ব ও ইহার নানা বৃত্তি। কিন্তু প্রধান বৃত্তি দ্বয় জ্ঞান ও প্রেম। বহিরিন্দ্রিয়, অন্তরিন্দ্রিয়, স্মরণশক্তি, বিজ্ঞানশক্তি ইত্যাদি জ্ঞান বর্দ্ধক। জ্ঞানেতে ধার্য্য হয়, প্রেমেতে কার্য্য হয়। ইচ্ছা যাহা পূর্ব্বোক্ত হইয়াছে তাহা প্রেমের অন্তর্গত। জড় বস্তুতে আকর্ষণ স্বরূপ প্রেম প্রদত্ত হইয়াছে। পশু রাজ্যেও প্রেমের অল্পতা নাই। কিন্তু পশু-দিগের শাবক অন্তর হইলে শাবকের প্রতি প্রেমের বিরাম। যে প্রেম মনুষ্যেতে প্রদত্ত সেই প্রেমের অন্ত নাই—যতই ইহার পরিচালনা, ততই ইহার বৃদ্ধি ও কতই ইহার বৃদ্ধি তাহা আমাদিগের জ্ঞানের অগম্য। পরমাত্মার প্রেম অসীম—আত্মারও প্রেম অসীম। জ্ঞান তৃষ্ণার শেষ নাই, প্রেম পিপাসার অন্ত নাই। প্রেম নির্ম্মল পদার্থ, যখন ঈশ্বরেতে অর্পিত হয় ও যখন ঈশ্বর সর্ব্বাপেক্ষা প্রিয়তম বোধ হয়—যখন ঈশ্বর বিত্তি অপেক্ষা, পুত্র অপেক্ষা, জীবন অপেক্ষা প্রিয়তম, তখন প্রেমের প্রকৃত পরিচালন হয়, তখন সেই প্রেম গৃহে, সমাজে, দেশে, বিদেশে প্রকৃত ভাব প্রকাশ করে, তখন সেই প্রেমের জঘন্যতা ও স্বার্থভাব তিরো-হিত হয়, তখন ইহার যথার্থ শুভ্র জ্যোতি ও বিমল কোমলতা প্রেমীর বদনে ভাসমান হয়, তখন অন্যের দুঃখ বিপদ শোক বিমোচনে ও অন্যের সুখ বর্দ্ধনে ঐ প্রেম প্রেমীকে ব্যাকুল করে, ও দয়া, স্নেহ, বদান্যতা, ক্ষমা, সহিষ্ণুতা নম্রতা নানারূপে প্রকাশ পায়। এরূপ প্রেম ক্বচিৎ—এখানে মানে, পদে, আত্ম গৌরবে ও ইন্দ্রিয়সুখে প্রেমের আধিক্য ও এই ইহার প্রাথমিক অবস্থা। এ অবস্থা হইতে উক্ত উচ্চ অবস্থা যে হইতে পারে তাহা কোন কোন মহাত্মার চিত্তে ও কার্য্যে প্রতীয়মান। কিন্তু ঐ রূপ

মহাত্মারাও স্বীয় প্রেম প্রকাশে পরিতৃপ্ত হয়েন না, তাঁহাদিগের ইচ্ছা যে আরও প্রেমরসে নিমগ্ন হয়েন তবে প্রেমের কি এই খানে শেষ হইবে, না ইহার ক্রমশঃ উন্নতি ?

এখানে পাপ পুণ্যের সম্পূর্ণ ফল ভোগ হয় না। হয়তো পাপী পাপ করিয়া অন্য কারণবশাৎ কেবল মনেতে ক্লেশ পাইয়া বাহ্য সুখ বৃদ্ধি হয় এবং পুণ্যবান ব্যক্তি স্বীয় ধর্ম্মার্থে অনেক দুঃখ অপযশ ও অপমান ভোগ করে। যদি লোকান্তরে সাধু ও অসাধুর প্রকৃত পুরস্কার ও দণ্ড না হয় তবে ঈশ্বরের বিচার কোথায় ? যদি পর কাল না থাকে তবে যাহাদিগের অকাল মৃত্যু হয়, যাহারা দরিদ্রতাবশাৎ রোগবশাৎ কুসঙ্গবশাৎ জ্ঞান ও ধর্ম্মের আলোচনা কিছুই করিতে পারিল না, তাহাদিগের দশা কি হইবে ? তাহাদিগের এখানে যাহা হইল, তাহাই কি হইল, না তাহারা পর কালে উন্নত অবস্থা পাইবে ? যদি না হইল, তবে সুবিচার কি রূপে হইল ? ঈশ্বর সুবিচারক ও সর্ব্ব মঙ্গলকারী। তিনি পুণ্যবান, পাপী, সবল, দুর্ব্বল, জ্ঞানী, অজ্ঞানী, রোগী, অরোগী, শিশু, যুবক ও প্রাচীন সকলেরই ঈশ্বর। সকলেই তাঁহার নিকট হইতে কৃপা ও ক্ষমা সংযুক্ত বিচার পাইবে। সকলেই জ্ঞানেতে ধর্ম্মেতে ও পবিত্রতাতে উন্নত হইবে ও কি বিলম্বে কি আশু বিহিত কালে সকলেই আনন্দসুধা পান করিবে। পরলোক এই জন্য সৃষ্ট হইয়াছে। ইহলোক শরীরময়—পরলোক আত্মময়—ইহ লোক পর লোকের সোপান,—ইহলোকে প্রথমাবস্থা, প্রস্তুতকরণ অবস্থা, পর লোক সংশোধন বর্দ্ধন ও আনন্দাবস্থা।

(৪) আত্মাঘটিত প্রমাণ। যেমন ঈশ্বরেব অস্তিত্ব স্বভাবসিদ্ধ তেমনি আত্মার অবিনাশিত্ব জ্ঞান ও সাধারণ হিতাহিত জ্ঞান স্বভাবসিদ্ধ। এই তিন জ্ঞান ঈশ্বর যেন মনুষ্যের আত্মাতে অক্ষয় অক্ষবে লিখিয়া দিয়াছেন। এই জন্য সর্ব্ব দেশে ও সর্ব্ব জাতির মধ্যে এই কয়েক জ্ঞানের চিহ্ন ও প্রমাণ পাওয়া যায়। ঈশ্বব কি রূপ তাহা যেমন আত্মা জ্ঞানেতে ও প্রেমেতে উচ্চ হইবে তেমনি স্থির হইবে, সেই রূপ লোকান্তর গমন করিলে আত্মার কি রূপ গতি হইবে তাহাও আত্মার উচ্চতানুসারে কত দূর জানা যায়।

(১) আত্মার অবিনাশিত্ব জ্ঞান যে আত্মার দ্বারা জানা যায় তাহার প্রমাণ কি ? ক্ষুধা ও তৃষ্ণা শরীর রক্ষার্থে প্রদত্ত হইয়াছে। আত্মাব বাসনা ও প্রকৃত ভাব আত্মার পোষনার্থে অর্পিত হইয়াছে। পরমেশ্বর সত্য—তিনি যাহা করিয়াছেন তাহাই সত্য, মিথ্যা কখনই হইতে পারে না। তিনি চক্ষু দৃষ্টির জন্য করিযাছেন,—কর্ণ শ্রবণ জন্য কবিয়াছেন, নাসিকা ঘ্রাণ জন্য করিয়াছেন, জিহ্বা আস্বাদন জন্য করিযাছেন, ও ত্বক্ স্পর্শ জন্য করিযাছেন। যাহা দিয়াছেন তাহার উপযোগিতা অবশ্যই আছে, তাঁহার সৃষ্টি অপ্রয়োজনীয় ও ব্যর্থ কখনই হইতে পারে না। পরলোকে সুখভোগ আত্মার প্রকৃত বাসনা ও ভাব,—তাহা যদি না হয় তবে পারলৌকিক সুখার্থে এত যত্ন, এত

পরিশ্রম, এত কঠোরতা, এত ব্যাকুলতা, এত ব্যগ্রতা কেন? লোকে কেন সংসার ত্যাগ করে? কেন ধন মান ও পদ বিসর্জন দেয়? কেন অরণ্যে বাস করিয়া কঠোরতা সহ্য করে? কেন তীর্থাদি ভ্রমণ করে? কেন নিরাহারী থাকে? কেন অসীম অপমান ও ক্লেশ স্বীকার করে, কেন সর্ব্বস্ব পণ করে, কেন আপন জীবন প্রদানে উদ্যত হয়? উক্ত বাসনা ও ভাব সকলেতে সমান হয় না কিন্তু কাহার ইচ্ছা নয় যে পর লোকে সুখ ভোগ করিব? বিশেষত নারীগণকে দেখ—ইহারা পুরুষ অপেক্ষা অকপট, ইহাদিগের মধ্যে এ বাসনা ও ভাব কি প্রবল? যাহারা বেভিচারিণী তাহারাও পাপ বিমোচনার্থে পূজা করে ও তীর্থাদি ভ্রমণ করে। পাপিরাও পরকাল চিন্তনে ক্ষান্ত নহে যে সকল মনুষ্য পাপাচারী তাহারাও পূজা আহ্নিক যাগ যজ্ঞ কেন করে?

(২) আত্মার আর কি ভাব? পাপ করিলে আত্মা ভয়, গ্লানি ও যন্ত্রণায় কেন ক্রন্দমান হয়? যদি আত্মা অমর নহে তবে ভাবি ক্লেশের ভাবনার কি প্রয়োজন? পাপীদিগের অনেক পাপ প্রকাশ হয় না ও রাজপুরুষদিগের নিকটে দণ্ডনীয় না হইতে পারে তথাচ যখন পাপীরা বিরলে থাকে তখন তাহারা কেন অস্থির হয়—কেন তাহারা এক এক বার কদলী বৃক্ষের ন্যায় কম্পমান, কেন তাহারা নিদ্রান্বিত থাকিয়াও মধ্যে মধ্যে চমকিয়া উঠে—কেন তাহারা সদা অন্যমনা ও চাঞ্চল্যে পরিপূর্ণ?

যাহা সর্ব্ব দেশে সর্ব্ব জাতির বিশ্বাস, যাহা আত্মার প্রকৃত বাসনায় ও ভাবে প্রাপ্ত হওয়া যায় তাহাই সত্য। তাহা যদি মিথ্যা বল তবে পরমেশ্বরের কার্য্য মিথ্যা। যদি উপরোক্ত অন্যান্য প্রকার প্রমাণ অগ্রাহ্য হয় তথাচ আত্মঘটিত প্রমাণ অগ্রাহ্য হইতে পারে না। আত্মাঘটিত প্রমাণ সর্ব্বাপেক্ষা প্রবল। যদি সম্মুখে মৃত ব্যক্তি দণ্ডায়মান হয় তাহাও অগ্রাহ্য হইতে পারে কারণ চক্ষুর ভ্রম হইলে হইতে পারে কিন্তু আত্মার দ্বারা যাহা আমি জানি ও আমার ন্যায় অন্যান্য লোকে জানে ও সমস্ত জগৎ জানে তাহা অকাট্য, তাহাই ধ্রুব, তাহাই নিশ্চিত।

আত্মার অবিনাশিত্ব আত্মার অন্যান্য গতি ও শক্তির দ্বারা প্রমাণ হইতেছে—আত্মার যে অদ্ভুত শক্তি তাহা ক্রমশঃ প্রকাশ পাইতেছে। প্রথমে এমন এমন অনেক ঘটনা হইয়াছে যে মনুষ্য নিদ্রিত অবস্থায় ভ্রমণ ও অন্যান্য কার্য্য করিত। যদি চক্ষু মুদ্রিত, তবে কাহার দ্বারা দৃষ্ট হয়? ইহাকে ইংরাজিতে সমনেম্‌বিউলিজম্ বলে। তাহার পর ক্লারভোএন্স আবিষ্কৃত হয়। এ অবস্থায় শারীরীক কার্য্য স্থগিত, চক্ষুও নিমীলিত কেবল মননেত্রের দ্বারা নিকট ও দূর বস্তু সকল দর্শন হয়, অন্যের মনের কথা জানা যায়, বর্ত্তমান ভূত ও ভবিষ্যৎ ঘটনা ব্যক্ত হয়, এবং আপনার ও অন্যের শারিরীক অবস্থা যথার্থ বোধ হয়।* এই ক্লারভোএন্স দ্বারা অনেক পাপ-

* Dr. Gregory's Letters on Animal Magnetism.

কারী ধৃত হইয়াছে ও রোগী আরোগ্য হইয়াছে। এ শক্তি বিশেষ বিশেষ লোকের আছে কিন্তু কি প্রকারে ইহার উদ্দীপন হয় তাহা বলিতে অক্ষম। * যখন কোন ব্যক্তি এই অবস্থা প্রাপ্ত হয় তখন শরীরের চেতনা থাকে না, শরীরেতে অগ্নি অথবা অস্ত্র প্রয়োগ করিলে, ক্লেশ বোধ হয় না। পূর্ব্ব কালে যোগীরা এই ক্লারভোএণ্ট অবস্থা প্রাপ্তি জন্য সোমলতা† পান করিতেন। যোগের অভিপ্রায় সমাধি অর্থাৎ বাহ্য বস্তু হইতে অন্তর হইয়া পরমাত্মাতে মন সংযোগ করা‡। যোগ অভ্যাসে আত্মার যে অদ্ভুত শক্তি হয় তাহা যোগ শাস্ত্র পড়িলে বিশ্বাস হয় না কিন্তু অন্যান্য জাতীয় লোকেরা যে সাক্ষ্য দেন তাহাও আশ্চার্য্য। যখন এপলনিয়স ও ডেমিস এ দেশে আসিয়াছিলেন তখন তাহারা কোন কোন ব্রাহ্মণকে বায়ুতে ভ্রমণ

---

* "Somnambulism is a phenomenon still more astonishing (than dreaming). In this singular state a person performs a regular series of rational actions, and those frequently of the most difficult and delicate nature; and what is still more marvellous, with a talent to which he could make no pretention when awake. (Cr. Ancillon, Essais Philos. ii. 161.) His memory and reminiscence supply him with recollections of words and things which, perhaps, never were at his disposal in the ordinary state—he speaks more fluently a more refined language. And if we are to credit what the evidence on which it rests hardly allows us to disbelieve, he has not only perception of things through other channels than the common organs of sense, but the sphere of his cognition is amplified, to an extent far beyond the limits to which sensible perception is confined. This subject is one of the most perplexing in the whole compass of philosophy; for, on the one hand, the phenomena are so remarkable that they cannot be believed, and yet, on the other, they are of so unambiguous and palpable a character, and the witnesses to their reality are so numerous, so intelligent, and so high above every suspicion of deceit, that it is equally impossible to deny credit to what is attested by such ample and and unexceptional evidence."—*Sir W. Hamilton's Lectures on Metaphysics and Logic, vol. ii. p.* 274.

† Prepared partly from Asclepias acida or Cyanchum Viminale. See Voigt's Hortus Suburbanus Calcuttensis.

‡ According to Colebrooke, the spirit so long as the doors, or senses of the body are open, has no essential personality, for the senses are divided and act separately, but so soon as these are closed the soul retires to the cordaic region, there awakes and its faculties become one common sense which perceives and converses with Deity.

Howitt's History of the Supernatural.

করিতে দেখিয়াছিলেন। এরূপ এক ঘটনা মান্দ্রাজে হয়, সেখানে এক জন প্রাচীন ব্রাহ্মণ গবর্ণরের সম্মুখে বায়ুতে চল্লিশ মিনিট স্থিতি করেন। *

যোগের দ্বারা ভবিষ্যৎ জ্ঞানের প্রমাণ পাওয়া যায়। কেলেনস চিতারোহণ করিয়া আলিক্‌জণ্ডরকে বলেন যে আমার মৃত্যুর পর তিন দিবসের দিন পরলোকে তোমার সহিত সাক্ষাৎ হইবে। ইংরাজি ১৭৬৬ সালে ফারবস সাহেব বোম্বে যান, তৎকালে হাজেস্ কোন দোষ জন্য কোম্পানির কর্ম্মচ্যুত হন। তিনি এক জন ধার্ম্মিক ব্রাহ্মণের সহিত আত্মীয়তা করিয়াছিলেন, ঐ ব্রাহ্মণ তাঁহাকে সর্ব্বদা ধর্ম্মপথ অবলম্বন করিতে অনুরোধ করেন ও বলেন যে তিনি তিলিচেরি ও সুরটের কালেক্টর ও পরে বোম্বের গবর্ণর হইবেন। হাজেস এই কথা সকলকে বলিতেন কিন্তু মনে বিশ্বাস করিতেন না। পরে হাজেস সাহেব টিলিচেরি ও সুরটের কালেক্টর হয়েন কিন্তু স্পেনসর সাহেব বোম্বের গবর্ণর হওয়াতে হাজেস সাহেব কর্ম্মচ্যুত হয়েন, তখন অতিশয় ভগ্নাশ হইয়া বিলাত যাইবার উপক্রম করিলেন ও ব্রাহ্মণকে ডাকাইয়া বলিলেন তুমি যাহা বলিয়াছিলে তাহা কই ঘটিল? ব্রাহ্মণ বলিলেন যাহা বলিয়াছি তাহাই ঘটিবে। অনন্তর বিলাত হইতে স্পেনসর কর্ম্মচ্যুত হইলেন ও হাজেস বোম্বের গবর্ণর পদ পাইলেন। ১৭৭১ সালের পর হাজেস সাহেবের কি হইবে তাহা ব্রাহ্মণ ব্যক্ত করেন নাই, জিজ্ঞাসিত হইলেও উত্তর দিতেন না। ঐ সালেতেই হাজেসের হটাৎ মৃত্যু হয়। ফারবস্ ঐ ব্রাহ্মণের আর এক কথা লেখেন তাহাও শুনা কর্ত্তব্য। বিলাত হইতে এক জন সাহেব আপন বিবি লইয়া বোম্বে আইসেন। আপন পত্নী এক বন্ধুর নিকট রাখিয়া সুরটে গমন করেন। যে দিবসে ঐ বিবি আপন স্বামীর নিকট যাইবেন তাহার পূর্ব্ব রাত্রে বিবির সম্মানার্থে উক্ত বন্ধু কতক গুলিন লোককে নিমন্ত্রণ করেন, তাহাদিগের মধ্যে ঐ ব্রাহ্মণ উপস্থিত ছিলেন। তিনি পরিচিত হইলে জিজ্ঞাসিত হন যে এই সাহেব ও বিবি যাঁহারা সম্প্রতি বিলাত হইতে আসিয়াছেন, ইহাদিগের ভাবি ঘটনা কি হইবে? ব্রাহ্মণ নিরীক্ষণ করত কহিলেন—এই বিবির সুখের শেষ হইয়াছে এক্ষণে যে দুঃখ উপস্থিত হইবে তাহার জন্য প্রস্তুত হওয়া কর্ত্তব্য। অনন্তর বিবি সংবাদ

---

* I have seen, said Appollonius, the Brahmins of India dwelling on the earth and not on the earth. Damis says he had seen them elevated two cubits *above the surface of the earth, walk in the air.*

Howitt's History of the Supernatural.

The length of time for which he can remain in his aerial station is considerable. The person who gave the above account says that he remained in the air for twelve minutes, but before the Governor of Madas he continued on his baseless seat for *forty minutes. Asiatic Monthly Journal for March* 1829.

পাইলেন যে তাঁহার স্বামীর যোবতর পীড়া, ও যখন তিনি নিকটে উপস্থিত হইলেন তখন তাঁহার প্রাণ বিয়োগ হইল। *

যোগের দ্বারা আত্মার স্বতন্ত্রত্ব ও প্রাধান্য তাহাও ইংরাজি সাক্ষ্য দ্বারা সংস্থাপিত হইতেছে। পঞ্জাবে কাপটান আসবরণ সাহেব স্বয়ং দাঁড়াইয়া এক জন ফকিরকে বাক্সের ভিতর পুরিয়া ভূমির ভিতরে গাড়ান এবং সমাধির উপর জব বুনাইয়া দেওয়ান। ঐ জব পক্ক হইলে কাটা হয়, তাহার পর উক্ত সাহেব স্বয়ং উপস্থিত হইয়া ঐ বাক্স তোলান ও ফকিরকে জীবিত দেখেন। †

পূর্ব্বে এদেশে যেরূপ যোগ বা সমাধি অবস্থায় যোগী আনন্দিত থাকিয়া অনেক নিগূঢ় তত্ত্ব জানিতেন সেইরূপ বর্ণন অন্যান্য দেশেও পাওয়া যায়। বিলাতে ডাক্তার হেডক সাহেবের বাটীতে এক বিবি থাকিতেন, ‡ তাঁহার লেখা পড়া যৎসামান্য কিন্তু তাঁহার ক্লারভোএণ্ট অবস্থা হইত, ঐ অবস্থা প্রাপ্ত হইলে তিনি নানা প্রকার ঐহিক ও পারত্রিক কথা বলিতেন। পরলোক বিষয়ক তিনি এই বলেন যে স্ত্রী পুরুষ মৃত্যুর পর স্বীয় স্বীয় আকার ধারণ করে ও আপন আপন স্বভাব অনুসারে সংযুক্ত হয় অর্থাৎ যে উত্তম সে উত্তমের সহিত মিলে, যে অধম সে অধমের সহিত মিলে। যে সকল শিশু এখান হইতে গমন করে তাহারা লোকান্তর শীঘ্র বর্দ্ধনশীল ও শিক্ষিত হয়। পরলোক অধিক দূরে নয়,—পৃথিবীর নিকটেই। বাহ্য জ্ঞান শূন্য ও আন্তরিক জ্ঞান উজ্জ্বল হইলে ঐ লোক দৃষ্ট হয়। পরলোক উত্তর উত্তর শ্রেণীতে বিভক্ত। যিনি সেখানে গমন করেন তিনি আনন্দ পূর্ব্বক আহূত হয়েন কিন্তু অধম উত্তম লোকের সহিত সহবাস করিতে পারে না, তাহারা আপনা আপনি নামিয়া আইসে। এইরূপ অনেক কথা আছে। সকলে সকল বিশ্বাস করে না কিন্তু যাহা এক্ষণে অবিশ্বাস্য, পরে তাহা বিশ্বাস্য ও যে সকল লোক পাণ্ডিত্য অভিমানে কোন কোন কথা লইয়া পরিহাস করে, তাহারাই সময়ে সময়ে ঐ অভিমান শূন্য অর্থাৎ প্রকৃত অবস্থায় সেই সকল কথা প্রকারান্তরে কিছু না কিছু মান্য করে।

মা! উত্থান কর। শান্ত ও সমাহিত হও। বিয়োগ ক্ষণিক, সংযোগই দীর্ঘ কালের জন্য। যে কিছু পদার্থ ছিন্ন ভিন্ন হইতেছে, কত শীঘ্র তাহা সংযুক্ত হইতেছে। সংযোগেতেই এই অনন্ত সৃষ্টি নিয়োজিত হইতেছে। কোটি কোটি পুষ্প প্রস্ফোটিত হইতেছে ও ঐ সকল পুষ্পের বেণু বায়ু দ্বারা সহস্র সহস্র ক্রোশান্তরে প্রেরিত হইতেছে, তথাচ ঐ বেণু সকল যে পুষ্পকে ফলবান্ করিতে পারে তাহাতেই বায়ু দ্বারা আবার সংযুক্ত হইতেছে।

---

* Forbes' Oriental Memoirs, London, 1813.

† Osborne's Court and Camp of Runjeet Singh.

‡ Haddock's Somnolism and Psycheism.

যখন সেই প্রেমাধার পুষ্প রেণুর প্রেম পরিতৃপ্তি করিতেছেন তখন তুমি কি নয়নবারি প্রদান করিয়া সান্ত্বনা বারি পাইবে না? তোমার পুত্র জন্য স্নেহ, প্রেম ও রোদন কি ব্যর্থ হইবে? তুমি অবশ্যই আপনার অঞ্চলের ধন পাইবে—তুমি তোমার পুত্র জন্য ব্যাকুল কিন্তু তোমার পুত্র আনন্দ নিকেতনের অধিকারী হইয়া তোমার আনন্দের জন্য প্রতীক্ষা করিতেছেন ও বলিতেছেন—মাতা রোদন করিও না, মৃত্যুতে আমার লাভ,—আমার আনন্দ—আমার সুখ।

এই সকল কথা শেষ হইলে প্রেমানন্দ করজোড়ে উপাসনা করিলেন।

হে মঙ্গলদাতা! আমাদিগের কি সাধ্য যে তোমার সকল কার্য্যের মর্ম্ম বুঝিতে পারি কিন্তু এই আমাদিগের দৃঢ় বিশ্বাস যে তুমি যাহা কর তাহা আমাদিগের মঙ্গল জন্য। শোক যাহা প্রেরণ কর তাহা এক ভাবে থাকিলে আমরা ক্ষিপ্ত হইতে পারি কিন্তু কালেতে তাহার উগ্রতা খর্ব্ব কর ও ঐ শোকের দ্বারা আত্মার গম্ভীর ভাব উদ্দীপন করিয়া দেও, তখন যে পিপাসা উৎপত্তি হয় তাহার পরিশান্তি কেবল তোমার ধ্যান। যদি আমরা কেবল ইহলোক জন্য সৃষ্ট হইতাম, তবে বিপদ, বিষাদ, রোগ, শোক ভয়ানক ও অসহ্য হইত কিন্তু তুমি আত্মার দ্বারা উচ্চৈঃস্বরে বলিতেছ—বৎস, ভীত হইও না। তোমরা অমর, মৃত্যু মৃত্যু নহে, মৃত্যু পুনর্জন্ম। ভূমণ্ডলে রাখিয়া তোমাদিগকে দিব্য ধাম জন্য প্রস্তুত করিতেছি, আমার কার্য্য পর্য্যায়ক্রমে। তোমাদিগকে নানা প্রকারে সুখী করিয়াছি। দুঃখ যাহা পাইতেছ তাহা তোমাদিগকে চেতন জন্য, শিক্ষা জন্য, সংশোধন জন্য, উন্নতি জন্য, মঙ্গল জন্য। এই দুঃখে পতিত হইয়া ঐ সকল ফল লাভ কর ও অকপট ও বিনীত চিত্তে আমাকে স্মরণ করিয়া আমার নিয়মিত ধর্ম্ম পালনে যত্নবান হও। পরে আমি সকল দুঃখ, সকল ক্লেশ, সকল শোক বিমোচন করিব, তোমাদিগের হৃত ধন তোমাদিগের হস্তে পুনর্ব্বার দিব ও যে ধামের তোমরা অধিকারী সেই ধামই পাইবে, সেখানে আনন্দ প্রবাহিত হইতেছে ও আত্মার সকল কামনা, সকল ক্ষুধা, সকল তৃষ্ণা ক্রমে পরিতৃপ্ত হইবে।

---

৪ অধ্যায় পরলোক।

রাগিণী মুলতান।—তাল আড়া।

সুখ ধামে যাবে যদি কর আয়োজন।
ভক্তি কাণ্ডারী হইলে অভ্রান্তে গমন॥
ভক্তি কভু নহে বাম, মননেত্রে অবিরাম, এই খানে সেই ধাম,
করাইবে প্রদর্শন।
ভক্তির করহ যুক্তি, ভক্তির অপার শক্তি, ভক্তিতেই পাবে মুক্তি,
এই স্থির কর মন॥

রাগিণী পরজ।—তাল আড়া।

কেমনে পাইব সে আলোক, যে আলোকে পরিত্রাণ হয় ইহলোক।
যে আলোকে লয়ে যায়, দেয় সত্য প্রেমালয়, সে আলয়ে বিরাজে
যতেক পুণ্য শ্লোক॥
কিন্নর অপ্সর নানা, সিদ্ধ সাধু অগণনা, সুখ রসে ভাসে সদা
নাহি দুঃখ শোক।
সবাকার এই চিত, কিসে হবে পরহিত, প্রেমে বিগলিত হয়ে
ভ্রমে ঐ লোক॥
হলে প্রেমের প্লাবন, করে তাঁরা দর্শন, নিষ্কল নির্ম্মল ব্রহ্ম,
আলোক আলোক।
যদি চাহ সে আলোক, ভাব সদা পরলোক, কি হইবে ভাবিলে
কেবল ইহলোক॥ গীতাঙ্কুর॥

গৃহস্বামিনী অতি গুণবতী ধীরা ও ভর্ত্তা কর্ত্তৃক সদুপদেশ পাইয়া সুশিক্ষিতা হইয়াছিলেন। সদালাপে তাঁহার সর্ব্বদাই অনুরাগ ছিল এবং যাহা শ্রবণ করিতেন তাহার মর্ম্ম গ্রহণ করিতেন। গত কল্যের সকল কথা শুনিয়া তাঁহার মনেতে নানা ভাব উদয় হইতে লাগিল। এক এক বার মৃত পুত্রকে যেন সম্মুখে দেখেন ও বোধ করেন যে পুত্র জীবিত আছে—এক এক বার মনে স্থির হয় যে পুত্র আর নাই ও শোকেতে নিমগ্ন হয়েন—এক এক বার ধৈর্য্য অবলম্বন করিয়া চিন্তা করেন, পুত্রতো ঈশ্বর-আদেশে দিব্য ধামে গমন করিয়া সুখে আছেন ও যাহা ঈশ্বর করেন তাহা কখনই অমঙ্গল হইতে পারে না, এই বিশ্বাসে যদি আমাদিগের ইচ্ছা তাঁহার ইচ্ছার অধীন না হয় তবে আর তাঁহার প্রতি কি ভক্তি করিলাম? এই সকল ভাব দুঃখিনী মাতার চিত্তেতে উদয় হইতেছে, ইত্যবসরে গৃহস্বামী জ্ঞানানন্দ ও প্রেমানন্দকে লইয়া পত্নীর নিকট উপস্থিত হইলেন। জ্ঞানানন্দ জিজ্ঞাসা করিলেন—মা! কেমন আছ? আমি অহরহ প্রার্থনা করিতেছি যে তুমি সান্ত্বনা প্রাপ্ত হও। গৃহস্বামিনী অঞ্চল দিয়া চক্ষের জল বিমোচন করত বলিলেন—বাবা! তোমরা এ দুঃখিনীর জন্য যে কাতর তাহাতে মনে হয় যেন আমার হৃত ধন পুনঃ প্রাপ্ত হইয়াছি। তোমাদিগের মুখ দেখিলে ও কথা শুনিলে আমার হৃদয় শীতল হয়। ভাল বাবা, পরলোক কোথায়, ইহা কি কেহ স্থির করিয়াছে?

জ্ঞানানন্দ বলিলেন—মা! এ প্রশ্ন কঠিন কিন্তু দুই এক জন বিজ্ঞ লোক যাহা লেখেন তাহা বলি শুন। অদ্য রাত্রিতে মেঘ নাই—তারা সকল হীরকের ন্যায় প্রজ্বলিত। দেখ ঐ দিকে কতকগুলি তারা আকাশ ব্যাপিয়া আছে তাহাদিগের নাম গেলক্‌সি বা মিল্কিওয়ে অথবা ছায়াপথ। খগোল-বেত্তারা দূরবীক্ষণ দ্বারা এই তারার মধ্যে যে সকল তারা কোন ক্রমে

আবিষ্কার করিতে পারেন নাই, তাহাদিগকে দিব্য ধাম বোধ করেন। * যাহারা পর লোক বিষয় চর্চ্চা করিয়াছেন তাঁহাদিগের মধ্যে কেহ কেহ কহেন যে পর লোক নানা শ্রেণীতে বিভক্ত—যত উচ্চ ততই জ্ঞানময়, ততই প্রেমময়, ততই পবিত্র, ততই রমণীয়। যেমন আত্মা সূক্ষ্ম পদার্থ তেমনি পরলোক সমস্ত বাহ্য বস্তুর সূক্ষ্ম পদার্থে নির্ম্মিত এবং এমন অপূর্ব্ব ও মনোহর যে চক্ষে কখন দেখে নাই—কর্ণে কখন শুনে নাই। ঈশ্বর স্বীয় অভিপ্রায়ানুসারে সৃষ্টি করিয়াছেন ও যাহার যে উপযোগিতা তাহা তাহাকে দিয়াছেন। মীনকে জল দিয়াছেন, পশুকে বন দিয়াছেন, উদ্ভিদকে ভূমি দিয়াছেন, শরীরকে পৃথিবী দিয়াছেন ও আত্মাকে পরলোক দিয়াছেন। ঈশ্বরের সৃষ্টি যেন এক সোপানের উপর আর এক সোপান। কোন কোন প্রস্তর কিঞ্চিৎ রূপান্তর হইলে উদ্ভিদের ন্যায় বোধ হয়—কোন কোন উদ্ভিদ পশু রাজ্যেতে মিলিত হয় এবং কোন পশু বুদ্ধিতে মনুষ্যের শ্রেণী প্রায় প্রাপ্ত হয়। উচ্চতা ক্রমশঃ কিন্তু মনুষ্যের পর যদি ঈশ্বর হয়েন তবে ব্যবধান কি অসীম! মনুষ্যের পর মধ্যবর্ত্তী লোক অবশ্যই আছে অতএব পরলোক যে নানা শ্রেণীতে বিভক্ত তাহা সৃষ্টির উপমিতি প্রমাণে স্পষ্ট বোধ হয়। যাঁহারা বলেন যে পরলোক সূক্ষ্ম পদার্থে নির্ম্মিত তাঁহাদিগের মর্ম্ম এই যে চেতন ও অচেন সকল বস্তুতেই অদৃষ্ট ভাবে এক এক সূক্ষ্ম পদার্থ আছে। অগ্নি অন্যান্য বস্তুকে স্ফীত করে, লৌহ চুম্বক পাতরের সহিত সংযুক্ত হইলে বিশেষ শক্তি প্রাপ্ত হয়—চুম্বক পাতর দূরস্থ লৌহকে আকর্ষণ করে। যে বিদ্যুৎ মেঘের দ্বারা প্রকাশিত হয় সেই বিদ্যুৎ সমুদ্রের কোন কোন মৎস্য জলকে আঘাত করিয়া প্রকাশ করে। এই রূপ সৃষ্টির সকল বস্তুতে এক এক সূক্ষ্ম পদার্থ আছে। এই সূক্ষ্ম পদার্থের দ্বারা বাহ্য রাজ্যের নানা কার্য্য হইতেছে এবং ইহার পর্য্যবসান পরলোকই সম্ভব। পরলোকই আত্মার প্রকৃত লক্ষ্য ও উদ্দেশ্য। যেমন দিক্‌দর্শন-শলাকা দিক্‌দর্শন করায় তেমনি পর লোক যে আত্মার মাতৃদেশ তাহা আত্মার ভাবেতেই জানা যায়। যখন আমরা কোন মনোহর স্থানে গমন করি, ও নানা রম্য দৃশ্য দেখি—নীলাবৃতগিরি হরিৎ বর্ণ শস্যতে পরিপূর্ণ প্রশস্ত ভূমি, সুচারু বৃক্ষাদি মরকত পল্লবে শোভিত ও নানা বর্ণ ফুলে ও ফলে আবৃত,—সুরম্য সরোবর, নির্ম্মল বারি, সমীরণে আনন্দিত,—সূর্য্য অস্তমিত হইতেছে, আকাশ গলিত স্বর্ণ বিশেষ—মেঘ সকল যেন মণি মাণিক্য সাগরে স্নাত হইয়া ক্রীড়মান—যখন আমরা এই সকল রম্য দৃশ্য দেখি, তখন আমরা বলি—আহা! এই স্থান স্বর্গ বিশেষ। যখন আমরা কোন অপূর্ব্ব সংগীত শ্রবণ করি যে সংগীত শ্রবণে আত্মা ভক্তি ও প্রেমে প্লাবিত হয় তখন আমরা বলি যে এই সংগীত প্রকৃত স্বর্গীয় সংগীত—দেবতারা বুঝি এই রূপ গান করিয়া থাকেন। যখন আমরা ঈশ্বর বা ধর্ম্ম বিষয়ক কোন উপদেশ শুনি ও সেই উপদেশ যদি চিত্ত উৎকর্ষক হয়

* Nichol's 'Architecture of the Heavens and Davis' Harmonia vol. V.

অর্থাৎ তাহাতে চিত্তের গভীর ও গম্ভীর ভাব উদিত হয়, তখন আমরা বলি এই উপদেশ স্বর্গীয় উপদেশ—ইহা দেববাণী। যখন আমরা কোন ধর্ম্ম-পরায়ণকে ধর্ম্মে মগ্ন দেখি—ঈশ্বর প্রেমে উন্মত্ত, পরহিতার্থে ব্যাকুল, পবিত্র চিন্তা পবিত্র বাক্য ও পবিত্র কার্য্যে রত তখন আমরা বলি এই ব্যক্তি স্বর্গীয় লোক। যখন আমরা কপটতাশূন্য, ঈশ্বরের প্রতি প্রেমে প্রেমী, সদা সন্তুষ্ট, সকলেরই প্রতি প্রীতি ভাব ধারণ করি তখন স্বর্গের অস্তিত্ব আত্মাতেই প্রতীয়মান। স্বর্গই আত্মার প্রকৃত নিকেতন—স্বর্গই আত্মার স্বদেশ। ভ্রমণকারী অনেক দেশ ভ্রমণ করেন—কত কত নদ নদী, গিরি গুহা, বন উপবন, কানন, উদ্যান, উচ্চ উচ্চ অট্টালিকা মানমন্দির, সুড়ঙ্গ, নানা প্রকার পশু, নানা প্রকার পক্ষী, নানা প্রকার পতঙ্গ, নানা প্রকার উদ্ভিদ বৃক্ষ লতা গুল্ম, নানা প্রকার পৃথিবীর গর্ভস্থ বস্তু;—সকলই স্রষ্টার অপার মহিমা প্রকাশক, এই সকল দেখিয়া ও নানা জাতীয় রীতি নীতি ও ব্যবহার অবলোকন করিয়া ভ্রমণকারী জ্ঞান সংগ্রহে নিমগ্ন থাকেন। মধ্যে মধ্যে স্বদেশের চিন্তা ও আপন পরিবারের কথা স্মরণ করিয়া ব্যাকুল হয়েন। যখন স্বদেশে প্রত্যাগমনের সময় উপস্থিত তখন তাঁহার চিত্ত কি রূপ হয়? সর্ব্বদাই মনে হয় কবে যাত্রার দিবস হইবে? যানে আরূঢ় হইলে তাহার মনচক্ষু স্বদেশে ধাবমান হয়। কতক্ষণে সেখানকার ঘাট অট্টালিকা ও মন্দির নয়নগোচর হইবে, এই অহরহ চিন্তা এবং যখন স্বদেশ দৃষ্টিগোচর হয় তখন কি আনন্দ! আত্মার স্বদেশ স্বর্গ। যখন আত্মা শরীর হইতে বিমুক্ত হয় তখন তাহার সে রূপ আনন্দ। মৃত্যু কালে শারীরিক পীড়া জন্য শারীরিক ক্লেশ হইতে পারে কিন্তু পবিত্র আত্মার বিয়োগে প্রকৃত আনন্দ ও প্রায় সকলকারই মৃত্যুর অগ্রে শারীরিক ক্লেশ বিগত হয়। যেমন জলের সহিত জলের মিলন, তৈলের সহিত তৈলের মিলন, ধাতুর সহিত ধাতুর মিলন, বায়ুর সহিত বায়ুর মিলন, অগ্নির সহিত অগ্নির মিলন, তেমনি আত্মার সহিত পরলোকের মিলন।

পূর্ব্বে বলিয়াছি মৃত্যু জীবনের রূপান্তর। সন্তান মাতৃগর্ভে থাকে। যখন মাতা ঐ সন্তানকে গর্ভে ধারণ না করিতে পারেন তখন সন্তান প্রসব হয়। আত্মা তেমনি শরীরে থাকে। শরীর আত্মাকে ধারণ করে, অশক্ত হইলে আত্মা শরীর হইতে প্রসবিত হয়। সন্তানের প্রসব আমরা দেখিতে পাই। আত্মার প্রসব আমাদিগের দৃষ্টিগোচর হয় না কিন্তু যাহা অদ্রষ্টব্য তাহা অবিশ্বাস্য হইতে পারে না। যাঁহাদিগের অন্তর দৃষ্টি প্রকাশিত তাঁহারা অশরীর আত্মার গতি দৃষ্টি করিলে করিতে পারেন। ঈশ্বর যাহা সৃষ্টি করিয়াছেন তাহা চিরস্থায়ী। শরৎকালে বৃক্ষ পল্লবহীন ও বসন্তে পুনঃ পল্লবিত। যখন বৃক্ষ ক্ষয়শীল তখন যে পদার্থে বৃক্ষ সচেতন ছিল, যাহার দ্বারা ইহার পল্লব, ফুল ফলে সুশোভিত সে পদার্থ কি নষ্ট হয় না? শুষ্ক পল্লবাদি বিনাশ প্রাপ্ত হয়? চেতন পদার্থের নাশ নাই—অচেতন পদার্থেরও

নাশ নাই। চেতন পদার্থ অদৃষ্ট ভাবে থাকিয়া অন্যান্য বীজকে অঙ্কুরিত করে ও অচেতন পদার্থ মৃত্তিকারূপ ধারণ করিয়া অন্যান্য উদ্ভিদের সহিত মিলিত হয়। এক বস্তুর সহিত অন্য এক বস্তুর যে সম্বন্ধ কেবল তাহারই পরিবর্ত্তন ও সে পরিবর্ত্তনও ক্ষণিক। অদ্য কল্য, প্রাতঃকাল সন্ধ্যা, আরম্ভ শেষ, এই সকল আমাদিগের অল্প জ্ঞান জন্য আমরা প্রভেদ করিয়া থাকি। ঈশ্বরের সময়ের—কালের কিছুই ভিন্নতা নাই—তিনি অনাদি অনন্ত,—তাঁহার সর্ব্বকাল সম কাল। অনন্তকালের সাগর তাঁহার করতালিতে—তিনি কিছুই বিনাশ করেন না ও যাহা আমরা মৃত্যু বলি তাহা জীবনের রূপান্তর। পূর্ব্বে বলিয়াছি যে আত্মা অমর। যদি আত্মা অমর তবে তাহার বাসস্থান কি নাই? যদি আত্মার বাসস্থান না থাকে তবে আত্মার অবিনাশিত্বের কি প্রয়োজন? আত্মার উন্নতি সাধন জন্যই আত্মার বাসস্থানের আবশ্যক। আত্মার অবিনাশিত্ব স্বীকার করিলে, পরলোক মানিতে হইবে নতুবা মৃত ব্যক্তিরা কোথায় গমন করে ও পরে তাহাদিগের কি গতি হয়? পরলোকের অস্তিত্ব সকল জাতিতে স্বীকার করে, কিন্তু তদ্বিষয়ক জ্ঞান সকলের সমান নহে। মৃত্যুর পর আত্মা কি কাল নিদ্রায় আচ্ছন্ন থাকিবে ও বহু কালের পর চেতনা পাইয়া মৃতশরীর সহিত সংযুক্ত ও পাপ পুণ্যের ফলভোগী হইয়া হয়তো অনন্ত নরক নয়তো অনন্ত স্বর্গ প্রাপ্ত হইবে? যেরূপ পরমেশ্বরের ভাব সে অনুসারে ইহা কখনই সম্ভব হইতে পারে না। পরমেশ্বরের সৃষ্টি ক্রমশঃ উন্নত। পঞ্চ ভূত, ধাতু, উদ্ভিদ, পশু, মনুষ্য, সাধু, দেবতা ইত্যাদি। তিনি এমনি দয়ালু যে তাঁহার সর্ব্বদাই এই বাসনা যে একটি প্রাণীও অসুখী না হয়। এজন্য পুণ্যকর্ম্মের ফল নির্ম্মল আনন্দ ও পাপ কর্ম্মের ফল ঐ আনন্দের ক্ষতি ও আন্তরিক তাপ বিধান করিয়াছেন। যে ব্যক্তি এখানে পাপ করণানন্তর অনুতাপিত হয় তাহার আত্মা পুণ্য ভাব ধারণ করে। পাপ মানসিক পীড়া, অনুতাপ মানসিক ঔষধ, অনুতাপে আত্মা ধৌত ও পরিষ্কৃত হয়। যাহার অনুতাপ এখানে কোন মতে না জন্মে তাহার অনুতাপ পরলোকে অবশ্যই হইবে। এই কারণে মৃত্যুর সৃষ্টি হইয়াছে। মৃত্যুতে পুণ্যবানের সাংসারিক দুঃখ ও শোকের শেষ ও প্রচুর আনন্দ লাভ এবং পাপীর শিক্ষা ও সংশোধন ও ক্রমে ধর্ম্মে উন্নতি। যে পর্য্যন্ত আত্মা মৃত শরীর সংযুক্ত না হয় সে পর্য্যন্ত আত্মা কি ভাবে থাকিবে? যদি এরূপ ধার্য্য হয় যে আত্মা পাপ পুণ্য ফল ভোগ বিচারের দিবসে উত্থান করিবে তবে পরলোকে আত্মার উন্নতি সাধন কিরূপ হইল? পরমেশ্বর যেরূপ ও তাঁহার অভিপ্রায় যেরূপ তাহাতে আত্মার উক্ত প্রকার গতি সম্ভবে না। তিনি যাহাই করেন তাহাতেই অসীম বিচার, অসীম জ্ঞান, অসীম প্রেম ও অসীম ক্ষমা প্রকাশিত। তাঁহার সকল কার্য্যে উন্নত গতি। নিদ্রা ও মৃত্যু ক্ষণিক ও তাহাও উন্নতির প্রতিপালক, কারণ নিদ্রা না হইলে বিশ্রাম হয় না ও বিশ্রাম

না হইলে শ্রম হয় না এবং মৃত্যু না হইলে লোকান্তর গমন হয় না ও লোকান্তর গমন না হইলে উন্নতি হয় না। পরলোক কেবল ফলাফল ভোগার্থে সৃষ্ট হয় নাই। পরলোক উন্নতি সাধনার্থে সৃষ্ট হইয়াছে ও উন্নতি সাধনের সহিত ফলাফল ভোগ। পরলোকে পুণ্যবান ও পাপীর অবস্থিতি কি রূপে হইবে? যে স্থানে পুণ্যবান গমন করেন সে স্থানে পাপী অবশ্যই যাইতে পারে না। এরূপ সংমিলন এখানেও হয় না। ইহলোক পরলোকের আদর্শ—এখানে পুণ্যবানের পুণ্যবানের সহিত মিলন, পাপীর পাপীর সহিত মিলন। ধর্ম্মবন্ধনই প্রধান বন্ধন। এ বন্ধন না থাকিলে কি স্ত্রী স্বামী, কি পিতা পুত্র, কি ভ্রাতা ভ্রাতা পরস্পর কাহার সহিত প্রকৃত বন্ধন হইতে পারে না। যদি ইহলোকে স্ত্রী ধার্ম্মিকা ও স্বামী পাপী হয় তবে পরলোকে তাহাদিগের কেবল সাক্ষাৎ হইবে কিন্তু আপন আপন চিত্ত ও কর্ম্মানুসারে যথা যোগ্য স্থান পাইবে।

পাপীরা কি অনন্ত নরক ভোগ করিবে? নরক শব্দ পরিষ্কার রূপে বুঝা কর্ত্তব্য। লিখিত ধর্ম্ম শাস্ত্রেতে নরকের বর্ণন ভয়ানক। বোধ হয় লেখক-দিগের এই অভিপ্রায় যে এরূপ বর্ণনে পাপীদিগের ত্রাস জন্মিবে। কিন্তু ভয়ে ধর্ম্ম বৃদ্ধি হয় না, প্রেমেতেই ধর্ম্ম বৃদ্ধি হয়, আর এই বিবেচনা করা কর্ত্তব্য যে ঈশ্বর সর্ব্বব্যাপী ও সর্ব্বনিয়ন্তা—তিনি স্বর্গেতেও আছেন, নরকেও আছেন তাঁহা ছাড়া কিছুই নাই। যদি নরক তাঁহা ছাড়া হইত তবে উক্ত বর্ণন সম্ভব হইতে পারিত। যখন তাহা নহে তখন এরূপ নরক কি সেই দয়াময় পরমেশ্বর কর্ত্তৃক হইতে পারে? তাঁহার কি এত রাগ, এত দ্বেষ যে পাপ জন্য আমাদিগকে অনন্ত কাল পর্য্যন্ত ঐ ভয়ানক নরকে অগ্নিতে দগ্ধ করিবেন ও অসীম যন্ত্রণা দিবেন? যদি এরূপ স্থির হয় তবে মনুষ্য অপেক্ষা ঈশ্বরকে জঘন্য জ্ঞান হইবে। কুপুত্র হইলেও কোন্ পিতা ঐ পুত্রকে জীবনাবধি দণ্ড করেন? যিনি জগৎপিতা—জগন্মাতা, যিনি ঐহিক পিতা মাতার হৃদয়ে স্বীয় কণা মাত্র স্নেহ ও প্রেম প্রেরণ করিয়াছেন, যিনি স্বয়ং স্নেহ, প্রেম, সহিষ্ণুতা ও ক্ষমার আধার, তিনি কি আমাদিগকে অনন্ত কাল পর্য্যন্ত দণ্ড করিবেন? পূর্ব্বেই বলিয়াছি যে পর্য্যন্ত ঈশ্বরের অপরিমিত, অসীম ও সম্পূর্ণ ভাব গৃহীত না হয় সে পর্য্যন্ত লিখিত ধর্ম্মশাস্ত্রের তিমিরাতীত হওয়া যায় না। এজন্য ঈশ্বরের গুণাদি এবং আত্মার প্রকৃত ভাবাদি বিবেচনায় যে উপদেশ পাওয়া যায় সেই উপদেশ ধর্ম্ম বিষয়ের অভ্রান্ত নিয়ামক। তবে যে স্থানে পাপীরা গমন করিবে সে কি রূপ হইতে পারে? সে স্থান শিক্ষালয় বা চিকিৎসালয় এই রূপই হইবে। এতদ্ব্যতিরেকে যে ভয়ানক হইবে এমত সম্ভবে না। এখানে যেমন মূর্খ পুত্র জন্য পিতার অধিক ভাবনা—ও ভাবনা জন্য দুঃখ ও দুঃখ জন্য কৃপা, জগৎ পিতার পাপী-দিগের প্রতি ততোধিক কৃপা। তাঁহার এমত অভিপ্রায় কখনই হইতে পারে না যে পাপীরা চিরকাল ক্লেশ পায়। তিনি যাহা ক্লেশ ও দণ্ড প্রদান

করেন তাহা তাহাদিগের মঙ্গল ও কিছু কালের জন্য। তিনি পাপী ও পুণ্যবানকে, শিশির, আলোক, বায়ু, বৃষ্টি সমভাবে প্রেরণ করিতেছেন। তাঁহার বিচার আমাদিগের বিচারের ন্যায় নহে, তাঁহার জ্ঞান আমাদিগের জ্ঞানের ন্যায় নহে, তাঁহার প্রেম আমাদিগের প্রেমের ন্যায় নহে। তিনি সকলেরই চির মঙ্গল দাতা—তিনি সকলকেই ক্রোড়ে করিয়া লইয়া আছেন—কাহাকেই পরিত্যাগ করেন না। পাপী পাপ জন্য স্ত্রী কর্ত্তৃক পুত্র কর্ত্তৃক পিতা কর্ত্তৃক মাতা কর্ত্তৃক সকল লোক কর্ত্তৃক পরিত্যক্ত হইতে পারে কিন্তু ঈশ্বর তাহাকে কখন পরিত্যাগ করেন না। ঈশ্বর তাহাকে বলেন—বৎস তুমি মলিন ও জঘন্য বটে এজন্য সকলেই তোমাকে পরিত্যাগ করিয়াছে কিন্তু তুমি আমার সন্তান, আমার ক্রোড়ে আইস, আমি তোমাকে পরিত্যাগ করিব না। কোন্ কোন্ ঘটনার দ্বারা ঐ পাপী তাপী হইবে তাহা তিনি ভাল জানেন ও বিহিত সময়ে সেই ঘটনা প্রেরিত হয়। পাপী রোগেতে জর্জ্জর—মৃত্যুকাল উপস্থিত, জীবনাবধি ঈশ্বর চিন্তা করে নাই, উপায় শূন্য, তখন আপন অকপট আত্মার বাণী প্রকাশ করে "দীননাথ! রক্ষা কর যা কর, তুমিই।" যদি ঈশ্বর পরিত্রাণ না করিবেন তবে অনাশ্রয়ী পাপীর অকপট মনে এমত আশা কেন হল?

যেরূপ ঈশ্বরের কৃপা ও ক্ষমা তাহা ধ্যান করিলে কাহার না বোধ হইবে যে পাপীও বিহিত কালে পুণ্যবান হইবে ও তৎপর দেবত্ব প্রাপ্ত হইতে পারে। কিন্তু যেমন উপর্য্যুপরি দুই সরল রেখা চিরকাল টানা গেলেও কখনই একত্র হইবে না, তেমনি আত্মা ঈশ্বরত্ব কখনই প্রাপ্ত হইতে পারে না কিন্তু চিরকাল স্বতন্ত্র থাকিয়া জ্ঞানেতে, প্রেমেতে, পবিত্রতাতে, নম্রতাতে ও ঐশ্বরিক গুণে ক্রমশঃ বর্দ্ধনশীল ও উন্নত হইবে।

এক্ষণে জিজ্ঞাস্য হইতে পারে, যদি পাপীর অনন্ত কাল পর্য্যন্ত দণ্ড না হইল তবে পাপীরই তো জয়? এটি বড় ভ্রম। পাপ অর্থাৎ ঈশ্বর আদেশের বিপরীত কর্ম্ম করা অতি ক্লেশ দায়ক। সাধারণ হিতাহিত জ্ঞান আত্মাতে আছে। পাপ করিলেই আত্মার যন্ত্রণা হইতে থাকে, সে যন্ত্রণা সাংসারিক গোল যোগে, আমোদ প্রমোদে ঢাকা থাকিতে পারে কিন্তু সময়ে সময়ে বিরল স্থানে ও নিদ্রাকালে পাপীকে অবশ্যই অস্থির করে। পুণ্যবান অসীম সাংসারিক ক্লেশ পাইয়াও পুণ্য কর্ম্ম করা অর্থাৎ ঈশ্বরের আদেশ অনুসারে চলার যে আনন্দ লাভ করেন তাহার কণা মাত্রও পাপীর হৃদয়ে প্রবেশ করে না ও পরলোকে পুণ্যবান যে স্থানে গমন করেন পাপী তাহার নিকটে থাকিতে পারে না। এখানে আনন্দ লাভ ও অন্তে ঊর্দ্ধ গতি এ কি অল্প ফল? পাপী আনন্দ শূন্য মনপীড়ায় দহ্যমান, অনুতাপিত, শিক্ষিত—এই প্রকারেই বহুকাল যাপন করিবে। পুণ্যবান উচ্চপদাভিশিক্ত, জ্যোতির্ম্ময়, আনন্দে পরিপূর্ণ, আপন জ্ঞান বর্দ্ধন ও প্রেম বর্দ্ধন আহ্লাদে নিমগ্ন। পুণ্যবান যেখানে থাকেন সেখানেই পূজ্য। পাপী সর্ব্ব স্থানেই হেয় ও

পরিত্যক্ত। পুণ্যবান ব্যক্তিরা লোকান্তর গমন করিলে তাঁহাদিগের নাম ও কীর্ত্তি জগতে দৃষ্টান্ত ও উপদেশের স্থল হয—তাঁহাদিগের জ্যোতি ও উন্নত ভাব অন্যান্য আত্মাতে প্রেরিত হয়। পাপীদিগের নাম ও কর্ম্মাদি শুনিলে কত ঘৃণা ও দুঃখ উপস্থিত হয়!

পাপের পরিত্রাতা কে? পাপের পরিত্রাতা জগদীশ্বর। তিনি অনুতাপ ঔষধেতে পাপ বিষকে ক্রমে ধ্বংস করেন। পাপ আত্মঘটিত এজন্য আত্মঘটিত ঔষধের আবশ্যক। পাপী আপন পাপ জন্য ঈশ্বরের নিকট ক্ষমা প্রার্থনা পূর্ব্বক রোদন করিবে—আপনাকে জঘন্য জ্ঞান করিবে—পাপ হইতে ক্ষান্ত হইয়া পুণ্য কর্ম্মে রত হইবে, তবে তাহার আত্মা পুনসংস্কৃত হইবে। কেবল মৌখিক অনুতাপে পাপ বিমোচন হয় না। পাপ পুণ্য ইচ্ছাধীন, ইচ্ছার পরিবর্ত্তনই অগ্রে প্রয়োজন। সে পরিবর্ত্তন যিনি পতিতপাবন কেবল তাঁহারই ধ্যান ও উপাসনা ও প্রসাদে জন্মে। কেহ কেহ কহেন পাপী তাপী হইল বটে কিন্তু তাহার পূর্ব্ব পাপ জন্য কি হইবে? পাপ করিলেই যন্ত্রণা ও যে পর্য্যন্ত পাপের স্মরণ থাকে সে পর্য্যন্ত যন্ত্রণার শেষ নাই। ইহলোকে হউক বা পরলোকেই হউক যে অবধি অনুতাপ ঔষধ ও পুণ্য জ্যোতিতে আত্মা ধৌত, পরিষ্কৃত, সংস্কৃত ও সংশোধিত না হয় সে অবধি পাপের ক্লেশ পাপী অবশ্য ভোগ করিবে। যেমন শরীরের পীড়া না গেলে শরীর আরোগ্য হয় না, তেমনি আত্মার মালিন্য তিরোহিত না হইলে আত্মার শুদ্ধতা হয় না—কিন্তু এই শুদ্ধতা আত্মা সম্বন্ধনীয় কার্য্যের দ্বারা হইবে। ইহা কোন বাহ্য ক্রিয়া অথবা ঈশ্বর ব্যতিরেকে অন্য কাহাকে পরিত্রাতা জ্ঞানে কি রূপে হইতে পারে? ঈশ্বর রাগের দেবতা নহেন যে কোন বলিদানে তিনি প্রসন্ন হইবেন। যাহারা বলেন যে বলিদানে ঈশ্বর বশীভূত হয়েন তাহারা ঈশ্বরকে জঘন্য রূপে জ্ঞান করেন। চিত্তের কুপ্রবৃত্তি, কেবল তাহাই বলিদান দিতে হইবে। মনু কহেন।

কৃত্বা পাপংহি সন্তপ্য তস্মাৎ পাপাৎ প্রমুচ্যতে। নৈব কুর্য্যাং পুনরিতি নিবৃত্ত্যা পূয়তে তুসঃ।

পাপ করিয়া তন্নিমিত্ত সন্তাপ করিলে সেই পাপ হইতে সে মুক্ত হয়। এমত কর্ম্ম আর করিব না এ প্রতিজ্ঞা করিয়া তাহা হইতে নিবৃত্ত হইলে সে পবিত্র হয়।

আত্মা অনুতাপিত হইয়া ঈশ্বরের সহিত সংযুক্ত হইলে আত্মার বিশ্বাস, কৃতজ্ঞতা ও প্রেমে প্রবল হয়, তখন পূর্ব্বকৃত পাপ জন্য ঘৃণা ও দুঃখ দুর্ব্বল হইয়া পড়ে। যেমন এক স্থানে এক বস্তু ব্যতিরেকে অন্য এক বস্তু থাকিতে পারে না, তেমনি আত্মাতে এক কালীন এক ভাব ব্যতিরেকে অন্য ভাব স্থায়ী হয় না। যখন আত্মা ঈশ্বরের প্রেমে সদা আনন্দিত তখন অন্য ভাব সুতরাং বিগত হয়, তখন আত্মার যাবতীয় বৃত্তি ঐ আনন্দের বর্দ্ধক হয়।

যদি আত্মার এরূপ গতি না হইত তবে কি আর দুঃখের অন্ত থাকিত? ঈশ্বর প্রেমময় ও তাঁহার কার্য্যও প্রেমময়। আমাদিগের সহস্র সহস্র অপরাধ হইলেও সংশোধনার্থে যথা বিহিত দণ্ড করিয়া তিনি আমাদিগকে চিরসুখ দিবেন—চির দুঃখ কখনই দিবেন না।

প্রেমানন্দ বলিলেন—মা! পরলোক বিষয়ক কথা শুনিলে, এক্ষণে আমার স্তোত্র শুন। হে সম্পূর্ণ ও অসীম শক্তি, জ্ঞান ও প্রেম! তুমি আমাদিগের অন্তরে ও বাহিরে বিরাজ করিতেছ। তুমি সর্ব্ব গঠনে, সর্ব্ব ক্রিয়াতে, সর্ব্ব গতিতে, সর্ব্ব সংযোগে, সর্ব্ব বিয়োগে আছ। চন্দ্রমার শুভ্র জ্যোতিতে নভোমণ্ডল আলোকিত। অসংখ্য তারাতে অসংখ্য সৃষ্টি প্রকাশিত। সকল তারা যেন গম্ভীর মৃদু গতিতে শৃঙ্খল বদ্ধ হইয়া ভ্রমণ করিতেছে। এক সূর্য্য, এক চন্দ্র আমাদিগের দৃষ্টি গোচর কিন্তু তোমার রাজ্যে অসংখ্য সূর্য্য ও অসংখ্য চন্দ্র। সূর্য্যের দ্বারা গ্রহাদি উৎপত্তি হইতেছে—গ্রহাদির দ্বারা ক্ষুদ্র গ্রহাদি উৎপত্তি হইতেছে এবং ক্ষুদ্র গ্রহাদির দ্বারা অতি ক্ষুদ্র গ্রহাদি (asteroid) উৎপত্তি হইতেছে। এক অন্যের উৎপাদক ও নিয়ামক অথচ পরস্পর সকলই সংযুক্ত—সংবদ্ধ। এই অনন্ত সৃষ্টি প্রাণীতে পরিপূর্ণ—কি আকাশ, কি বায়ু, কি জল, কি ভূমি সকল স্থানই জড় ও জীবে পরিপূর্ণ—সকলই তোমার কৃপাধীন ও যে কীট ক্ষুদ্রতা হেতুক আমাদিগের দৃষ্টির অগোচর তাহারও প্রতি তোমার কৃপা দৃষ্টি এক নিমিশও ক্ষান্ত নহে। আমাদিগের সুখের জন্য তুমি কি না করিয়াছ? মানব শরীর রক্ষার্থে বাহ্য রাজ্যের কি সুচারু নিয়ম! মানব শরীর বর্দ্ধন জন্য কত প্রকার আহারের সৃষ্টি! মানব রোগ শান্তি জন্য কত প্রকার ঔষধের সৃষ্টি! মানব শ্রেষ্ঠতা সংস্থাপন জন্য আত্মার কি স্বাভাবিক জ্ঞান! মানব জ্ঞান ও প্রেম বৃদ্ধি জন্য কি চমৎকার উপযোগিতা ও উৎকৃষ্ট প্রণালী! মানব শ্রেষ্ঠতা এখানে শেষ হয় না এজন্য আত্মা অমর ও পরলোক ইহার সুখ বৃদ্ধির আবাস। তোমার সমস্ত রাজ্য প্রেম ডোরে বদ্ধ। প্রেমই আদি, প্রেমই অন্ত, প্রেমই জীবন, প্রেমই গতি, প্রেমই মুক্তি। হে কৃপাময়! যাহাতে আমরা তোমার প্রেমের কণামাত্র আপন আপন হৃদয়ে গ্রহণ, ধারণ ও বর্দ্ধন করিতে পারি এই কৃপা কর।

---

৫ অধ্যায়। ঈশ্বরের রাজ্যের নিয়ম।

রাগিণী সুরট।—তাল আড়া।

মঙ্গল সাধন কর ভাবিয়া মঙ্গলময়।
মঙ্গলে পূরিবে চিত্ত দূরে যাবে দুরাশয়।
পরদুঃখ বিমোচন; পরসুখ বিবর্দ্ধন; প্রকৃত মঙ্গল এই চরমে
সম্বল হয়।

আর যা ভাব মঙ্গল ; সে কেবল অমঙ্গল ; অনিত্য সুখেতে
নিত্য না পাবে আনন্দালয়।
কি মঙ্গল বিষেণ ; কবিছেন নিরঞ্জন ; স্ব অঞ্জন নাশ কর
লইয়ে তাঁর আশ্রয়।

বাঙ্কিপুর উত্তম স্থান—জল ও বায়ু ভাল কিন্তু তথায় মধুমক্ষিকার চাকের ন্যায় বসতি। কৃষ্ণমঙ্গল বনগ্রাম হইতে বাণিজ্যার্থে উক্ত স্থানে গমন করিয়াছিলেন—দশ টাকা লাভ করিয়া আনন্দে গান করিয়া যাইতেছেন।

এক সুখের কথা কইতে আলাম, বাবুগো! মোশাইগো! তোমাদের লগে।

গুপ্তিপাড়া নিবাসী এক ব্যক্তি চীৎকার করিয়া কহিতেছে—ওহে সুখ এখানে কোথা পাবা ?

কলিকাতা নিবাসী এক ব্যক্তি ব্যঙ্গচ্ছলে বলিতেছে—যদি না পাবা, তো কি খাবা, আর কোথায় যাবা ?

ঢাকানিবাসী কালীকান্ত রায় বলিতেছেন—সুখ দুঃখ সকলই বোলানাথ ও বোগবতীর হস্তে। কোন কর্ম্মে মত্ত হইলে লোকে শীঘ্র ক্ষান্ত হয় না। কৃষ্ণমঙ্গল কাহারও কথায় কর্ণপাত না করিয়া মস্তকে হাত দিয়া নাচিতে নাচিতে গান করিতে লাগিলেন—

বুড়ার মচাঙ্গে কেন গাড়ুম গুড়ুম বাজেরে ?

গানে উন্মত্ত, কোন দিক্ দৃষ্টি করা নাই। দক্ষিণ দিক বন্য বৃক্ষে আবৃত, সেই দিক হইতে একটা কেউটিয়া সর্প বেগে আসিয়া কৃষ্ণমঙ্গলকে দংশন করাতে অমনি কৃষ্ণমঙ্গল ভূমে পতিত হইয়া প্রাণ ত্যাগ করিল। নিকটস্থ যাবতীয় লোক হাহাকার রবে খেদ করিতে লাগিল। জ্ঞানানন্দ, প্রেমানন্দ ও রামানন্দ এই ঘটনায় চিন্তিত হইয়া চলিয়াছেন। ইতিমধ্যে ঘোরতর ঝঞ্ঝাবায়ু উঠিল—গঙ্গা সম্মুখে, নৌকা সকল উৎপতিত ও পতিত হইতে লাগিল—নাবিকেরা সামাল সামাল রব করিতেছে—যাত্রীরা ত্রাহি ত্রাহি বলিতেছে। দেখিতে দেখিতে পাল্ ছিন্ন ভিন্ন হইয়া এক খানা নৌকা ডুবিল, ষোল জন যাত্রীর মধ্যে পনের জন সন্তরণ করিতে লাগিল কিন্তু তরঙ্গ ও বায়ু এমনি প্রবল যে তাহারা সকলেই অচিরাৎ জলমগ্ন হইল ও যে জন সন্তরণ জানিত না সে ব্যক্তি জলে পতিত হইয়া অন্য এক নৌকার দাঁড় ধরিয়া অতি ক্লেশে তাহার উপর উঠিয়া বাঁচিল। এদিকে গ্রামের ভিতর কতকগুলি কুটীরে অগ্নি লাগিয়াছে। লোকে অতি ব্যস্তে প্রাণ ভয়ে পলাইতেছে। প্রাচীন প্রাচীনা অকম্পিত যষ্টি ধরিয়াও কম্পিত হইতেছে—মাতা স্বীয় স্বীয় বৎসকে বক্ষে কক্ষে বিলগ্ন করিবার জন্য ক্ষিপ্তপ্রায় হইয়াছে—পতিপরায়ণা পতির ছায়াস্বরূপা এই ভাবিতেছে—যদি পতি দগ্ধ হন তবে সহমরণের আর বিলম্ব কেন ? ওরে জল নিয়ায়—জল নিয়ায়,

গেলরে, গেলরে, কি সর্ব্বনাশ, কি সর্ব্বনাশ! কেবল এই শব্দ চতুর্দ্দিক হইতে প্রতিধ্বনিত হইতেছে। কাহার সাধ্য যে নিকটে যায়? অগ্নি হু হু করিয়া গ্রাস করত স্বীয় বীর্য্য ও পরাক্রম বিস্তীর্ণ করিতেছে। কতকগুলি কুটীর পুষ্করিণীর সান্নিধ্যে ও অনেক জলের সাহায্য পাইয়াছিল তথাচ সকলই ভস্মস্মাৎ হইল। দুই চারি খানি কুটীর যাহার রক্ষণার্থে কিছু যত্ন হয় নাই ও যাহা সকলেই বোধ করিয়াছিল কোন ক্রমেই রক্ষিত হইবে না কেবল সেই কয়েক খানি কুটীর রক্ষিত হইল। বায়ু ক্রমে শান্ত হইল ও সৃষ্টির উগ্র ভাব সমাহিত হইতে লাগিল।

জ্ঞানানন্দ অনুজ ও শিষ্য সহিত নিরব ভাবে ভাবিত আছেন—সকলেই মন্দ মন্দ গতিতে চলিয়াছেন। সম্মুখে এক জন পথিক আপনা আপনি বলিতে বলিতে যাইতেছে—"ভগবানের কার্য্য কে বুঝিতে পারে?" এই কথা শুনিয়া জ্ঞানানন্দ জিজ্ঞাসা করিলেন—আপনি কি জন্য এরূপ বলিতেছেন? পথিক জিজ্ঞাসকের সুন্দর প্রকৃতি দেখিয়া একেবারে অকপট ভাবে বলিল—মহাশয়! তিন দিবস হইল এই পল্লীর এক ব্যক্তির ঘোরতর পীড়া হয়, বৈদ্য নিরাশ হইলে, রোগীর পরম আত্মীয় এক জন রোগীকে গঙ্গাযাত্রা করণার্থে আইসেন ও রোগীর ভবনে অবস্থিতি করেন। রাত্রিযোগে ঐ আত্মীয়ের মৃত্যু হইল ও রোগী এক্ষণে আরোগ্য হইয়াছে। আর এক বাটীতে দুই ব্যক্তির এক রোগ হয়—এক জন ধনাঢ্য ও এক জন দরিদ্র। ধনাঢ্যের জন্য নানা প্রকার চিকিৎসা ও ব্যয় হয় ও তাহার গৃহ বৈদ্য, আত্মীয় ও দাস দাসীতে পরিপূর্ণ ছিল। দরিদ্রের ঔষধ, পথ্য ও তত্ত্বাবধান কিছুই হয় নাই কিন্তু ধনাঢ্য লোকান্তর গমন করিয়াছে, দরিদ্র আরোগ্য হইয়াছে।

জ্ঞানানন্দ বলিলেন—সকলই ভগবানের ইচ্ছা ও যাহা তাঁহার ইচ্ছা তাহাই আমাদিগের শুভ।

যেমন রাত্রির পর দিবা, কৃষ্ণ পক্ষের পর শুক্ল পক্ষ, শীত-ঋতুর পর বসন্ত ঋতু, তেমনি উগ্রভাবের পর শান্ত ভাব। দিবস উগ্রভাবে গিয়াছে—দিবার অপ্রকাশিত কোমলতা যেন রাত্রির জন্য সঞ্চিত হইয়া রহিয়াছে। যখন চন্দ্রমার উদয় হইল ও অগণ্য, অসংখ্য তারা যূথে যূথে স্রষ্টার গুণ গানে সংমিলিত হইল—যখন আকাশ পরিষ্কার ও শুভ্র ভাব ধারণ করিল ও মেঘ সকল যেন স্বীয় স্বীয় তিমির জন্য লজ্জায় অন্য স্থানে প্রস্থান করিয়াছে, তখন এই বিমল দৃশ্য দর্শন করিয়া কে না মনে করে যে এ বিভাবরী চিরস্থায়ী হয়? ভগবদ্বিষয়ক কথা বিশেষ বিশেষ সময়ে বিশেষ বিশেষ রূপে সংলগ্ন হয়। স্থান বিশেষে সময় বিশেষে জানিবার ইচ্ছা ও উপদেশ দেওন ইচ্ছা, এই দুই ইচ্ছারই স্রোত প্রবাহিত হয়। রামানন্দ বলিলেন—মহাশয়! অদ্যকার ঘটনা সকল দেখিয়া বিস্ময়াপন্ন হইয়াছি। ঈশ্বরের রাজ্যের নিয়ম কিরূপ? জ্ঞানানন্দ বলিলেন এ প্রশ্ন সহজ নহে। যৎকিঞ্চিৎ যাহা জানি তাহা বলি শুন।

সর্প দংশনে এই উপদেশ পাইতেছি যে কখন্ আমাদিগের সম্পদ্ কখন্ বিপদ্ তাহা কিছুই জানিনা, অতএব সর্ব্বদা শান্ত সমাহিত থাকা কর্ত্তব্য। নৌকা ডুবাতে, কুটীরে অগ্নি লাগাতে ও যে দুই জনের মৃত্যু সংবাদ শুনিলাম তাহাতে এই উপলব্ধ করিতেছি, যাহা সম্ভব ও প্রায় নিশ্চয় তাহা না ঘটিতে পারে ও যাহা অসম্ভব ও অনিশ্চয় তাহাও ঘটিতে পারে। মনুষ্য সম্পূর্ণ রূপে ঈশ্বরের অধীন—আপনার বল ও ক্ষমতার উপর কখনই নির্ভর করিবে না, সর্ব্বদাই তাঁহার উপর নির্ভর করিবে। ঈশ্বরের যে নিয়ম তাহা এক দিক্ হইতে দৃষ্টি করিলে জানা যায় না। অট্টালিকা বা পর্ব্বত বা অন্য কোন প্রশস্ত বস্তুর এক পার্শ্ব হইতে দেখিলে অন্যান্য দিকের কি রূপ দৃশ্য তাহা জ্ঞাত হওয়া যায় না। ঈশ্বরের নিয়ম বুঝিতে গেলে সকল দিক্ হইতে দেখা কর্ত্তব্য। বাহ্য রাজ্য, অন্তর রাজ্য ও পরলোক এই তিনেই পরস্পর সম্বন্ধ, অতএব এই তিনেরই কার্য্য পর্য্যায়ক্রমে বুঝিতে হইবে। কোন কোন বিজ্ঞ লোক লিখিয়া থাকেন যে বাহ্য রাজ্যের কার্য্য ক্রমশঃ বর্দ্ধনশীল। যাহা অদ্য ধাতু তাহা কালক্রমে উদ্ভিদ হইতে পারে ও যাহা উদ্ভিদ তাহা কালক্রমে পশু ও মনুষ্য হইতে পারে। এ কথার সত্যাসত্য বলিতে পারি না কিন্তু বাহ্য রাজ্য যে মনুষ্যের বর্দ্ধন—উপযোগী তাহা সৃষ্টিতেই প্রকাশ। এক্ষণে জিজ্ঞাস্য হইতে পারে যে কীট পক্ষী ও পশুদিগের পরস্পর খাদ্য সম্বন্ধ—তাহারা কি এই জন্য সৃষ্ট হইয়াছে? যদি ভেক সর্পের জন্য, ছাগ মৃগ ও গাভী ব্যাঘ্রের জন্য, কপোতাদি অন্য কোন বৃহৎ পক্ষী বা বিড়াল বা খটাস জন্য, কীট সকল পক্ষীর জন্য সৃষ্ট হইয়া থাকে তবে তাহাদিগের সৃজনের স্রষ্টার এই কি অভিপ্রায়? ইহার উত্তর কঠিন, কারণ স্রষ্টার সকল অভিপ্রায় কে বুঝিতে পারে? কিন্তু তাঁহার অসীম শক্তি জ্ঞান ও প্রেম দেখিতেছি এজন্য তাঁহার সকল অভিপ্রায়ই মাঙ্গলিক। কেহ কেহ কহেন যে পশু পক্ষী ও কীটও অমর। যিনি আমাদিগের সৃজন করিয়াছেন, তিনি তাহাদিগকেও সৃজন করিয়াছেন। যিনি আমাদিগের সুখ বর্দ্ধন করিতেছেন ও করিবেন তিনি তাহাদিগের সুখ বর্দ্ধন করিতেছেন ও করিবেন। যে সকল পশু পক্ষী কীট অন্যের খাদ্য তাহারা ঐ জন্য সৃষ্ট হইয়াছে এমত বোধ করিলে ঈশ্বরের বিচার বিষয়ে পরিমিত জ্ঞান ধার্য্য হইবেক ও যদিও মনুষ্য সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ তথাচ কেবল মনুষ্য জন্য অন্যান্য সকল জীব সৃষ্ট হইয়াছে এমন বোধ হয় না, অতএব যেমন মনুষ্যের লোকান্তরে উন্নত অবস্থা, অন্যান্য জীব সকলের এক প্রকার না এক প্রকার উন্নতি অবশ্যই আছে। সে উন্নতি কি রূপ তাহা পরে প্রকাশ হইতে পারে এক্ষণে জ্ঞানের গোচর হয় না।

কেহ কেহ কহেন যে ঈশ্বর সৃষ্টির নিয়মাদি করিয়া ক্ষান্ত রহিয়াছেন অথবা অন্যকে নির্ব্বাহের ভার অর্পণ করিয়াছেন। আমাদিগের দুর্ব্বলতা এই যে আমরা আপন স্বভাব ও কার্য্য অনুসারে ঈশ্বরের স্বভাব ও কার্য্য

নির্ণয় করি। আমরা সকল কার্য্য স্বয়ং নির্ব্বাহ করিতে পারি না ও করিবার সময় অথবা বল অথবা ক্ষমতা না থাকিতে পারে এবং আমরা সকল কার্য্যে উপস্থিত থাকিতে পারি না, কিন্তু ঈশ্বর সর্ব্বব্যাপী--সর্ব্বজ্ঞ, তিনি সকল স্থানেই আছেন, সকলই জানেন। তাঁহার প্রেম এমন অসীম যে তিনি আপনি ধারণ না করিতে পারিয়া সৃষ্টিতে বিস্তীর্ণ করিয়াছেন ও আমাদিগের আনন্দ ও সুখেতেই তাঁহার আনন্দ ও সুখ। "তিনি আনন্দরূপে ও অমৃত-রূপে প্রকাশ পাইতেছেন"। এজন্য সর্ব্ব স্থানে, সর্ব্ব কার্য্যে, সকলের উপর তাঁহার চক্ষু উন্মীলিত আছে ও যেরূপ যত্ন ব্যগ্রতা স্নেহ ও প্রেমে মাতা শিশুর প্রতি সর্ব্বদা দৃষ্টি রাখেন, ঈশ্বরের দৃষ্টি আমাদিগের প্রতি ততোধিক। কি বৃহৎ কি ক্ষুদ্র কার্য্যে ঈশ্বরের নিয়ন্তৃত্ব সকলেই বিশ্বাস করে। যে যে কর্ম্ম করে সে সেই কর্ম্ম সম্পাদনার্থে ঈশ্বরকে ডাকে। যাহারা চোর, ডাকাত, ও ঠগ তাহারাও ঈশ্বরকে স্মরণ করে কারণ তাহা-দিগেরও এই বিশ্বাস যে ঈশ্বর তাহাদিগকে রক্ষা করিবেন। ঈশ্বরের অজ্ঞাত কোন কার্য্য নহে ও তিনি সকলকেই আশ্রয় প্রদান করেন এই আপামর সাধারণের বিশ্বাস। ঈশ্বর বর্ত্তমান ভূত ও ভবিষ্যৎ সকলই জানেন, যে যাহা করিবে ও যাহার যাহা ঘটিবে তাহা তাঁহার কিছুমাত্র অগোচর নহে। কেহ কেহ বলেন যে আমরা যন্ত্র মাত্র, যাহা ঘটে তাহা পূর্ব্বের নির্দ্ধারিত আছে। যেরূপ মতি ঈশ্বর দেন সেইরূপ আমাদিগের মতি হয়, যেরূপ তিনি আমাদিগের বলান সেইরূপ আমরা বলি, যেরূপ তিনি আমাদিগের কার্য্য করান সেইরূপ আমরা করি, সকলেতেই তিনি, আমরা কেবল যন্ত্র মাত্র। কেহ কেহ কহেন, যে সকল ঘটনা ঘটে তাহা ঈশ্বর অবশ্যই জানেন ও তিনি ইচ্ছাক্রমে পরিবর্ত্তন করিতে পারেন কিন্তু আমাদিগের মঙ্গলার্থে ঐ সকল ঘটনা ঘটিতে দেন, কারণ তাহা না দিলে মানব স্বাধীনতা কিছুমাত্র থাকে না ও স্বাধীনতা না থাকিলে পাপ পুণ্যের প্রভেদ হয় না। জড়রাজ্য ও পশুরাজ্য যন্ত্রবৎ হইতে পারে কিন্তু মানব রাজ্যে স্বাধীনতা আছে। এই মতানুসারে সমাজে ও বিচারালয়ে সকল কার্য্যে বিবেচিত হয় অর্থাৎ কর্ম্মানুসারে কর্ত্তার প্রশংসা বা অপ্রশংসা, নির্দ্দোষ বা দোষ নির্দ্ধারিত হয়। এই দুই মতের পক্ষে ও বিপক্ষে অনেক বক্তব্য কিন্তু সূক্ষ্ম বিবেচনা করিলে এই স্থির হয় যে মনুষ্য কেবল যন্ত্র মাত্র নহে ও কেবল স্বাধীনও নহে।

কোন কোন লোকের সংস্কার যে ঈশ্বর সাধারণ ও বিশেষ নিয়মে সকল কার্য্য করেন। যাহা সৃষ্টি কালে নির্দ্ধারিত, তাহা সাধারণ নিয়ম। যাহা বিশেষ সময়ে ও বিশেষ কার্য্যার্থে প্রেরিত তাহা বিশেষ নিয়ম। যাহারা এরূপ কহেন তাঁহারা প্রকারান্তরে ঈশ্বরের সম্পূর্ণ জ্ঞান অস্বীকার করেন। ঈশ্বরের জ্ঞান আমাদিগের জ্ঞানের ন্যায় নহে—সে জ্ঞান কালেতে বৃদ্ধি হয় না, সর্ব্বকাল সমভাবে থাকে ও সর্ব্বকালেই সম্পূর্ণ। সে জ্ঞান হইতে যে নিয়ম প্রসূত হয়, সে নিয়ম সমস্ত সৃষ্টির, সমস্ত জড় ও জীব ও প্রত্যেক জড়

ও জীবের প্রত্যেক অবস্থা, সাধারণ অবস্থা, ও বিশেষ অবস্থার সম্পূর্ণ উপযোগী। আমরা ক্ষুদ্র বুদ্ধি হেতু বলি এই নিয়ম সাধারণ, এই নিয়ম বিশেষ। সেই সর্ব্বব্যাপী, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান ও প্রেমাধারের নিয়ম এমনি সর্ব্বব্যাপক, সর্ব্বাচ্ছাদক, সর্ব্ব অভাব মোচক, সর্ব্বসংশোধক ও সম্পূর্ণ যে পরমাণু অবধি দেবতা পর্য্যন্ত এক মাঙ্গলিক শৃঙ্খলায় বদ্ধ। কখনই কাহার এমত অবস্থা হয় না যে সে অবস্থায় আশা শূন্য, উপায় শূন্য ও উন্নতি শূন্য। কাহার কি ঘটিবে, কোন ঘটনা শুভ, কোন ঘটনা অশুভ, তাহা সকলই ঈশ্বর জানেন কিন্তু এমত কোন ঘটনা নাই যাহাতে কেবল অমঙ্গল ও যে ঘটনা আপাতত অশুভ, তাহা চরমে অবশ্যই শুভ।

জগতে ভয়ানক ঘটনা ঘটিতেছে। প্রবল বায়ু উঠিতেছে—ভয়ঙ্কর বজ্রপাত হইতেছে—অগ্নি দিগ্‌দাহ করিতেছে—ভূমিকম্পে সমস্ত দেশ ছিন্ন ভিন্ন হইতেছে—জলপ্লাবনে অসীম ক্ষতি ও দুঃখ উৎপত্তি হইতেছে—দেশব্যাপক পীড়ায় সহস্র সহস্র লোকের মৃত্যু হইতেছে। আবার কত কত লোক পাপে মগ্ন—কেবল পাপচিন্তা, পাপালাপ, পাপ কর্ম্ম—অথচ তাহাদিগের সমুচিত প্রতিকার হইতেছে না ও নির্দ্দোষী ব্যক্তিও দণ্ডনীয় হইতেছে। এই সকল দেখিয়া হঠাৎ লোকে মনে করে যে ঈশ্বরের রাজ্যের নিয়ম নাই। কোন কোন জ্যোতির্ব্বেত্তারাও আপন পাণ্ডিত্য জন্য অস্থির। তাহারা বলেন পৃথিবী জ্বলিয়া যাইবে কারণ সূর্য্যের নিকটবর্ত্তী হইতেছে ও সূর্য্যের গতি স্থির নহে। যাহারা ঈশ্বরের মঙ্গল ভাব গ্রহণ ও ধারণ করিয়াছেন, তাঁহারা কোন কার্য্যেই তাঁহার বিপরীত ভাব দেখেন না। ঘটনা ভয়ানক হইতে পারে ও ঐ সকল ঘটনায় হয়তো বাহ্য বস্তুর রূপান্তর ও মনুষ্যের এক লোক হইতে অন্য লোকে গমন। পাপীর পাপেতে মত্ত থাকা পুনঃসংস্কারের প্রাক্‌কালীন অবস্থা, তাহা পরে ব্যক্ত হইবে। নির্দ্দোষীর দণ্ড তাঁহার ধর্ম্মের পরীক্ষা জন্য হইতে পারে। জ্যোতির্ব্বেত্তারা কেবল জ্যোতিঃশাস্ত্র আলোচনা করেন কিন্তু স্রষ্টার অসীম জ্ঞান বিবেচনা না করাতে এরূপ উপসংহার ব্যক্ত হয়।

মনুষ্য অনায়াসে জ্ঞান লাভ করে না, যে জ্ঞান দুঃখের সহিত সংযুক্ত হয় সে জ্ঞান মনে দৃঢ় রূপে লগ্ন হয়। অতএব দুঃখ সাধারণ মঙ্গলার্থে প্রেরিত। দুঃখ দুই প্রকার, শরীর সম্বন্ধীয় ও আত্মসম্বন্ধীয়। যাহা স্রষ্টার অভিপ্রায় তাহা জানত বা অজানত অবহেলা বা ভঙ্গ করিলে দুঃখ উৎপত্তি হয় ও সেই দুঃখই আমাদিগের সুখের সোপান। সূর্য্য গ্রহাবৃত হইয়া সৌর সৃষ্টির নিয়ামক। গ্রহাদির দুই গতি—এক উন্মার্গ গতি ও এক সন্নিকর্ষ গতি। এই দুই গতিতেই গ্রহাদি সুন্দর রূপে রক্ষিত হইতেছে। মনুষ্যের উন্মার্গ গতি ঈশ্বরের অভিপ্রায়ের বিপরীত ও সন্নিকর্ষ গতি ঈশ্বরের অভিপ্রায় অনুযায়ী কার্য্য করা। সন্নিকর্ষ গতিতে সুখ, উন্মার্গ গতিতে দুঃখ। আমাদিগের স্বাধীনতা এই পর্য্যন্ত যে আমরা উত্তম গতি অবলম্বন

না করিয়া অধম গতি, অথবা অধম গতি অবলম্বন না করিয়া উত্তম গতি অবলম্বন করিতে পারি, কিন্তু জগৎ পিতার নয়ন আমাদিগের উপরে সর্ব্বদাই উন্মীলিত ও তাঁহার নিয়ম এমনি সুন্দর যে যদি আমরা উন্মার্গ গতি অবলম্বন করি তবে আমাদিগের দুঃখ অবশ্যই ভোগ করিতে হইবে ও দুঃখ-ঔষধের দ্বারাই আমরা সন্নিকর্ষ গতি প্রাপ্ত হই। অতএব দুঃখ আমাদিগের অজ্ঞানতাবশাৎ, দুর্ব্বলতাবশাৎ ও কর্ম্মবশাৎ।

এক্ষণে জিজ্ঞাস্য হইতে পারে যে ঈশ্বর দুঃখ কেন সৃষ্টি করিলেন? তিনি কি একে বারে আমাদিগকে আপনার ন্যায় সম্পূর্ণ করিতে পারিতেন না? তিনি স্রষ্টা—আমরা সৃষ্ট। তাঁহার সম্পূর্ণ জ্ঞানানুসারে আমরা যতদূর উচ্চ হইতে পারি ততদূর তিনি করিয়াছেন। আমাদিগের অসম্পূর্ণ জ্ঞান তাঁহার সম্পূর্ণ জ্ঞান অপেক্ষা শ্রেষ্ঠ নহে, তবে এই অসম্পূর্ণ জ্ঞানে তাঁহার সম্পূর্ণ জ্ঞানের প্রতি কি কারণে দোষারোপ করি? সৃষ্ট স্রষ্টার ন্যায় কখনই হইতে পারেন না, সুতরাং স্রষ্টার যে নিয়ম উপাদেয় তাহাই বিধেয় হইয়াছে। যখন সৃষ্টের জন্য দুঃখ প্রেরিত হইয়াছে তখন এই বুঝিতে হইবে যে দুঃখ অনিবার্য্য নতুবা দুঃখ কখনই প্রেরিত হইত না। যদি আমরা একেবারে সম্পূর্ণ হইতাম, তবে সৃষ্টির উন্নত অবস্থা কি রূপে থাকিত? সৃষ্টির উন্নত অবস্থা না থাকিলে সৃষ্টি কি রূপে নির্ব্বাহিত হইত?

বাস্তবিক বিবেচনা করিতে গেলে দুঃখ গত্যন্তর ভাবান্তর। দুঃখ জড় রাজ্যেও আছে ও জীব রাজ্যেও আছে। পরমাণুর বিচ্ছেদ ও পরিবর্ত্তন ও জীবের গত্যন্তর ও ভাবান্তর, ইহাকেই দুঃখ বলা যায়। এক্ষণে এই বিবেচ্য যে দুঃখের ভাগ অল্প না সুখের ভাগ অল্প? জড় রাজ্যে দেখ—সংমিলন, সংযোগ ও বর্দ্ধনই সাধারণ দৃশ্য। পশু রাজ্যে দেখ—নানা জাতীয় পশু, নানা জাতীয় পক্ষী, নানা জাতীয় কীট, নানা জাতীয় পতঙ্গ সুখে কাল যাপন করিতেছে—আহার বিহারে সকলেই আনন্দিত। যাহার যে খাদ্য, যে স্থান যাহার বাসীয়, যাহার যে অবস্থায় যাহা বিধেয় তাহা তাহারা সকলই স্বভাবতঃ জ্ঞাত। মানব রাজ্যে দেখ—অধিকাংশ সুখী। যে দুঃখ প্রেরিত হইতেছে, তাহাতে পরে সুখের উৎপত্তি—সে দুঃখ দুঃখের জন্য নহে, সে দুঃখ সুখের জন্য এবং দুঃখের পরিমাণও অল্প ও স্থায়িত্বও অল্প। মনুষ্য জন্মাবধি যে সুখ ও দুঃখ ভোগ করে, তাহা পরিগণিত হইলে সুখের ভাগই অধিক ও দুঃখের ভাগ অল্প ও যে কিছু অল্প দুঃখ উপস্থিত হয় তাহাতেই পরে সুখ।

দিবদাস জন্মগ্রহণ করিলে কখন তাহার সুস্থতা বা পীড়া হইবে, কখন তাহার কি শিক্ষা, কি সংসর্গ, কি প্রবৃত্তি হইবে, কখন তাহার পাপেতে বা পুণ্যেতে মতি হইবে—কখন তাহার কুকর্ম্ম বা সুকর্ম্ম হইবে, কখন তাহার ধন ক্ষতি ও কখন তাহার ধন লাভ, কখন তাহার দুঃখ ও কখন তাহার সুখ হইবে, তাহা ঈশ্বর সকলই জানেন। মনুষ্য নিতান্ত যন্ত্র নহে। মনুষ্যেতে আত্মা আছে, আত্মা থাকিলেই ইচ্ছা, ইচ্ছা থাকিলেই দৈহিক অব-

স্থায় যতদূর স্বাধীনতা হইতে পারে ততদূর স্বাধীনতা ও ঐ পরিমিত স্বাধিনতা থাকাতে, মতির ও কার্য্যের ব্যতিক্রম ও উন্মার্গ গতি অবলম্বনের সম্ভব ও উন্মার্গ গতি অবলম্বনে দুঃখের আবশ্যক।• দুঃখ না হইলে আত্মাতে গ্লানি হয় না, আত্মাতে গ্লানি না হইলে অনুতাপ হয় না, অনুতাপ না হইলে সংশোধন হয় না, সংশোধন না হইলে উন্নতি হয় না, উন্নতি না হইলে সুখ হয় না। তবে দুঃখ যাহা প্রেরিত হইতেছে তাহাতে আমাদিগের মঙ্গল না অমঙ্গল? আমাদিগের পরিমিত জ্ঞান জন্য সৃষ্টির সহজাবস্থা দেখিয়া ও ভাবিয়া কি কর্ত্তব্য তাহা সর্ব্বদা স্থির করিতে পারি না ও যদি স্থির করিতে পারি তবে তদনুযায়িক কার্য্য করিতে পারি না। ঈশ্বরের অপার মহিমা একটি পুষ্পেতেই ভাসমান কিন্তু বিদ্যুৎ বজ্র ভূমিকম্প ঝঞ্ঝাবায়ু প্রভৃতিতেই চেতনা জন্মে। এই দুর্ব্বলতা জন্য আমাদিগের মঙ্গলার্থে দুঃখ প্রেরিত হইতেছে।

দুঃখ না হইলে অভাব বোধ হইত না ও অভাব বোধ না হইলে শারিরীক ও মানসিক বৃত্তির চালনা হইত না। অভাব মোচনার্থে নানা খাদ্য ও বস্ত্র উপযোগী দ্রব্যাদির অন্বেষণ ও প্রস্তুত করণ, কৃষি ও শিল্প ও বাণিজ্যের বৃদ্ধি, নানা বস্তুর গুণ নির্ণয়, নানা মৃত্তিকার উৎপাদকতার বিবেচনা, নানা ধাতুর খনন, নানা বিদ্যার আলোচনা, নানা দেশে শীঘ্র গমনের উপায় প্রকাশ, ও যাহাতে মানব সুবিধা ও সুখ বৃদ্ধি, তাহারই অনুসন্ধান ও আবিষ্কার ক্রমে হইতেছে। নৌকা জাহাজ, গাড়ি রেল ও ইলেকট্রিক্ টেলিগ্রাফ্ সকলই অভাব মোচনার্থে। এই সকল চর্চ্চাতে যেমন অভাবের মোচন হইতেছে, তেমনি অনেক বিষয়ের বিশেষ জ্ঞানের উন্নতি হইতেছে ও জ্ঞানই প্রকৃত বল তাহাও সংস্থাপিত হইতেছে। কাদম্ব কি জল কি আকাশ কি বায়ু কি অগ্নি সকলেই যেন জ্ঞানের বশীভূত হইতেছে ও যাহা সহজে অদ্রষ্টব্য তাহাও দ্রষ্টব্য হইতেছে।

দুঃখের দ্বারা কেবল অভাব মোচন ও জ্ঞান বৃদ্ধি হয়, তাহা নহে। দুঃখ দ্বারা ভ্রমের নিবারণ, ভাবী আপদের চেতনা, পাপের প্রতিকার ও ধর্ম্মের বৃদ্ধি। যে কর্ম্ম করাতে অধিক ক্ষতি ও ক্লেশ তাহা আর অনেকে করে না। যে কর্ম্ম করিলে পুনর্ব্বার বিপদে পড়িতে হইবে সে কর্ম্ম করিতে কাহার ইচ্ছা? যে পাপে পতিত হইয়া অসীম ক্লেশ ভোগ হইয়াছে সে পাপে সকলে পতিত হইতে ভীত হয়। সৃষ্টির অমঙ্গলে মঙ্গল হইতেছে— একের পাপে অন্যের ধর্ম্ম বৃদ্ধি হইতেছে। অবিচার না থাকিলে, সহিষ্ণুতার অভ্যাস হইত না, পরপীড়ন না থাকিলে, ক্ষমার অভ্যাস হইত না, অহঙ্কার না থাকিলে নম্রতার অভ্যাস হইত না, দুর্ব্বলতা ও অধীনতা না থাকিলে কাতরতা ও বদান্যতার অভ্যাস হইত না, প্রলোভন না থাকিলে মানসিক বল, ত্যাগ ও ধর্ম্মের জয় পূজ্য হইত না। কার্য্য ক্ষেত্রে আত্মা নানা তরঙ্গে পতিত হইতেছে—নানা পরীক্ষায় পরীক্ষিত হইতেছে ও যেরূপ এই সকল পরীক্ষা হইতে আত্মা উত্তীর্ণ হইবে সেই রূপ ইহার বল ও পক্কতা

বৃদ্ধি হইবে। যেমন রাত্রি না হইলে দিবার গৌরব হইত না ও অন্ধকার না হইলে আলোকের গৌরব হইত না, তেমনি পাপ না হইলে পুণ্যের গৌরব হইত না। পাপ যাহা হয় তাহা আমাদিগের কৃত, কিন্তু ঈশ্বরের এমনি কৃপা যে তাঁহার রাজ্যে পাপেতেও সাধারণ মঙ্গল হইতেছে ও যে পাপী তাহারও মঙ্গল চরমে হইবে। অতএব দুঃখের সৃষ্টি যে ভাবেই দেখ সেই ভাবেতেই আবশ্যক ও মঙ্গলজনক। ইহার পরিমাণ অল্প, স্থায়িত্ব অল্প, ও যে ভোগ করে সে প্রায় অল্প কালের জন্য ভোগ করে অর্থাৎ সে অধিকাংশ সুখী ও অল্পাংশ দুঃখী ও দুঃখ যতক্ষণ থাকে ততক্ষণ ইহা চেতনা বৃদ্ধি করে, দৃঢ়রূপে উপদেশ দেয়, ভাবী অভাবের মোচন উপযোগী, ও শীঘ্র হউক বা বিলম্বে হউক শারিরীক বা মানসিক মঙ্গল প্রদান করে। যাহারা পাপাচরণ করে তাহারাই যে দুঃখ ভোগ করে এমত নহে। ধার্ম্মিক অধার্ম্মিক হইলে তাহাকেও দুঃখ ভোগ করিতে হয় ও যে পর্য্যন্ত তিনি পাপ হইতে ক্ষান্ত না হয়েন সে পর্য্যন্ত দুঃখ হইতে তিনি পরিত্রাণ পায়েন না।

কোন কোন লোক অর্থ, পদ বা মান শূন্য হইয়া জীবনকে ঘৃণা করে কিন্তু ঐ অবস্থায় আত্ম দোষ শোধন, নম্রতার বৃদ্ধি ও আত্মাকে উচ্চ করা কি সহজে হইতে পারে! তখন আত্মা কেবল ঈশ্বরেতে ধাবমান হওন সম্ভব ও যখন আত্মা কাতর ভাবে ঈশ্বরেতে সংযুক্ত, তখন সাংসারিক ক্ষতি অপেক্ষা এই লাভ কি অমূল্য! ধন, পদ ও মান আমাদিগের নিকট আদরণীয়, কিন্তু যাহাতে আত্মার উন্নতি হয় তাহাই স্রষ্টার প্রিয়। তাঁহার যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য অনুসারে তাঁহার কার্য্য—তাঁহার নিয়ম। যদি দুঃখ না প্রেরণ করিয়া সেই উদ্দেশ্য সিদ্ধ হইত তবে দুঃখ প্রেরিত হইত না।

সকল দুঃখ হইতে পাপ দুঃখ অতিশয় দুঃখ, কিন্তু এই পাপ-দুঃখেতেই কত পাপী তাপী হইয়া কেমন ধর্ম্ম পরায়ণ হইতেছে! যদিও পাপ অতি জঘন্য ও ভয়ানক কিন্তু ঈশ্বরের নিয়ম এমনি সুন্দর যে পাপেতেও পাপীর চিরকাল অমঙ্গল হইতেছে না। পাপের আধিক্য হইলেই অনুতাপ জন্মিতেছে—অনুতাপেই পুণ্যভাব ধারণ হইতেছে। যাহা অতিশয় তাহা চিরস্থায়ী হয় না। অতিশয় রৌদ্রের পর শীতলতা, অতিশয় প্রবল বায়ুর পর শান্তভাব, অতিশয় বৃষ্টির পর বৃষ্টির বিরাম, অতিশয় ক্ষতির পর একপ্রকার না একপ্রকার লাভ, অতিশয় অত্যাচারের পর সদাচার, অতিশয় গ্লানির পর রোগের সমতা বা মৃত্যু, অতিশয় পাপের পর অনুতাপ, অতিশয় অনুতাপের পর সুখ। আমাদিগের সুখ ঈশ্বরের প্রধান অভিপ্রায় ও যাহা তাঁহা হইতে প্রসূত হয় তাহা ঐ অভিপ্রায় পোষক ও বর্দ্ধক। ঈশ্বরের নিয়মের এমনি পারিপাট্য যে জড় রাজ্যে জীব রাজ্যে ও অন্তর রাজ্যের ইহ কালে ও পরকালে যে কিছু ব্যতিক্রম হয় তাহা বিহিত কালে অবশ্যই সংশোধিত হইবে। এক পরমাণু অবধি দেবতা পর্য্যন্ত কাহার কখন কি

ব্যতিক্রম হইবে তাহা তিনি সকলই জানেন ও ঐ ব্যতিক্রমের বিহিত উপায় বিহিত কালে অবশ্যই প্রেরিত হয়।

লোকে ঈশ্বরের প্রতি দোষ নানা প্রকারে দিতেছে। পাপী ধনে, পদে, মানে বৃদ্ধি হইতেছে। ধার্ম্মিক অতিশয় ক্লেশ পাইতেছে। এক জন হঠাৎ ধনী হইতেছে, অন্য এক জন বলিতেছে ঈশ্বর আমাকে কেন ধন দিলেন না—আমি ধন পাইলে অন্য অপেক্ষা অনেক সৎকর্ম্ম করিতাম। ধার্ম্মিকের ক্লেশ পাপীর ধন পদ ও মান বৃদ্ধি হওন অপেক্ষা সুখ জনক ও মঙ্গল ও কাহার ধন পদ ও মান পাইলে মঙ্গল বা অমঙ্গল ও কাহার কি প্রাপ্ত হওয়া উচিত তাহা ঈশ্বর ভাল জানেন। সকলের মতি ও প্রবৃত্তি সমান নহে। শারীরিক রোগ নানা প্রকার, ঔষধও নানা প্রকার। মানসিক রোগও নানা প্রকার ও ঔষধও নানা প্রকার। কোন্ পীড়ার কি ঔষধ আবশ্যক—কোন্ অবস্থার কি উপযোগী, কে কি পাইতে যোগ্য ও কাহার কিসে ভাল, তাহা সকলই ঈশ্বর জানেন ও আপন অসীম বিচার অনুসারে কার্য্য করেন।

সুখ ও দুঃখ অনেক স্থলে সংস্কারাধীন। যাহা এক জন দুঃখ জ্ঞান করে, অন্যের তাহা বোধ হয় না। ধনী চর্ব্ব্য চোষ্য লেহ্য পেয় গ্রহণান্তর পুষ্প শয্যায় শয়ন করিয়াও সুখী নহে। দরিদ্র অর্দ্ধ সিদ্ধ তণ্ডুল তৃপ্তি পূর্ব্বক ভোজন করিয়া সুখে নিদ্রা যায়। যে কর্ম্মে এক জনের অসুখ, অন্যের তাহা বোধ না হইতে পারে ও যে কর্ম্ম আপাততঃ অসুখ তাহা অভ্যাসে সেরূপ থাকে না। এই বলিয়া দুঃখ নাই তাহা অস্বীকার করি না। দুঃখ যাহা আছে তাহা প্রত্যেক জীব, প্রত্যেক মনুষ্য, প্রত্যেক পরিবার, প্রত্যেক শ্রেণী, ও প্রত্যেক রাজ্যের সুখের সহিত তুলনা করিলে অল্প। দুঃখ অল্প ভাগে অবশ্যই প্রেরিত হইবে কারণ যিনি প্রেরণ করেন তিনি আমাদিগের চিরমঙ্গল দাতা। দুঃখ প্রেরিত না হইলে আমাদিগের চেতনা হইত না, অভাব মোচন হইত না, জ্ঞান বৃদ্ধি হইত না, ধর্ম্ম বৃদ্ধি হইত না ও পাপ হইতে পরিত্রাণ হইত না।

দুঃখের দ্বারা পাপের পরিত্রাণ এই বিচার করিয়া ও ঈশ্বরের সম্পূর্ণতা বিবেচনা করিয়া পাপীর অনন্ত কাল পর্য্যন্ত দণ্ড কখনই হইতে পারে না তাহা পূর্ব্বে বলিয়াছি। দুঃখের নিয়মেতেই স্রষ্টার মাঙ্গলিক অভিপ্রায় দেদীপ্যমান ও পাপীর আশা অটল। সৃষ্টির প্রকরণ যে যতই পর্য্যালোচনা করিবে তাহার অবশ্যই এই সংস্কার দৃঢ় হইবে।

এমন এমন লোক থাকিতে পারে যাহারা জন্মাবধি দুঃখ ভোগ করিতেছে অথচ তাহারা স্বয়ং কিছু ভ্রম করে নাই—কিছু পাপ করে নাই। এই সকল বিশেষ স্থলে বিশেষ বিশেষ অনুসন্ধান না করিলে প্রকৃত সিদ্ধান্ত করা যায় না ও সকল সিদ্ধান্ত আমরা করিতে অক্ষম, কারণ আমাদিগের তাদৃশ জ্ঞান নাই কিন্তু এই বিবেচ্য যে পাপী পাপ করিয়া তাপী হইতেছে ও তাপী হইয়া পুনঃ সংস্কৃত হইতেছে, তবে যাহারা এখানে জন্মাবধি আপন

ভ্রম ও পাপ না থাকাতে দুঃখ ভোগ করিতেছে, তাহাদিগের জন্য পরলোকে ঐহিক দুঃখ অনুসারে সুখের ভোগ কি সঞ্চিত নাই? পূর্ব্বেই বলিয়াছি যে ঈশ্বরের নিয়ম এক দিক থেকে দেখিলে তাহার নিগূঢ় তত্ত্ব পাওয়া যায় না।

ইহলোক ও পরলোক এই দুই লোকের কার্য্য একত্র করিয়া সকল বিবেচনা করিতে হইবেক, নতুবা ঈশ্বর বিষয়ক ও তাঁহার নিয়ম বিষয়ক জ্ঞান প্রশস্তরূপে উপলব্ধ হইবে না।

প্রেমানন্দ—হে জগৎ পিতা—জগৎ মাতা! সকল জীব, সকল আত্মা, কি শরীরী কি অশরীরী সকলই তোমারই সৃষ্ট। সকলই চরমে আনন্দ প্রাপ্ত হইবে এই তোমার অভিপ্রায়—এই অভিপ্রায় অনুসারে তোমার সকল কার্য্য, সকল নিয়ম, সকল ঘটনা। যেমন ঘন মেঘে আকাশ মধ্যে মধ্যে পূর্ণ হইয়া ত্রাস উৎপাদন করে ও ঐ মেঘ বিগত হইলে আকাশ স্বাভাবিক রমণীয় মাধুর্য্য ধারণ করে এবং সৃষ্টির বদন যেন জ্যোতিতে আবৃত হয়, তোমার কার্য্য সেই রূপ। যখনই দুঃখ প্রেরণ কর, তখন এই নিশ্চিত যে ঐ দুঃখ সুখের অগ্রবর্ত্তী—ঐ দুঃখ সুখের বর্দ্ধক। তোমার সম্পূর্ণ শক্তি, সম্পূর্ণ জ্ঞান, সম্পূর্ণ প্রেম সর্ব্বদা ধ্যান করিয়া তোমার মঙ্গল ভাবের প্রতি আমাদিগের বিশ্বাস যেন দিন দিন বৃদ্ধি হয় ও বিপদ্ উপস্থিত হইলে তাহাকে যেন সম্পদ্ জ্ঞান করিতে সক্ষম হই।

রাগিণী ঝিঝিট।—তাল আড়া।

বিপদ কে বলে বিপদ।
বুঝিলে বিপদ নহে প্রকৃত সম্পদ॥
তুমিহে প্রেম আধার, প্রেম করহ বিস্তার, চরমে হবে নিস্তার, এ জন্য বিপদ।
কত রাগ কত দ্বেষ, অহঙ্কার অশেষ, পাপের দারুণ ক্লেশ, বাড়ায় সম্পদ॥
বিপদ ঔষধ ধন, মন করি সংশোধন, করিয়া পাপ নিধন, দেয় নিরাপদ।
তুমি হে মঙ্গলায়ন, এ পামরে কর ত্রাণ, বিপদে সম্পদে যেন ভাবি ঐ পদ॥

গীতাঙ্কুর।

---

৬ অধ্যায় উপাসনা।

রাগিণী ঝিঝিট।—তাল আড়া।

তব অর্চ্চনার কি ফল।
মন শান্ত হয় আর বাড়ে ধর্ম্ম বল॥
ত্রাসিত তাপিত মন, সুখী না হয় কখন, লইলে তব স্মরণ, আনন্দ বিমল।
শোকেতে মোহিত জীব, তব ধ্যানে সজীব, চিত্তের সান্ত্বনা শিব, তোমাতে কেবল॥
মানবের যত ক্লেশ, তুমি হে করহ শেষ, কৃপাকর কৃপাশেষ, দেহ কৃপাবল॥

গীতাঙ্কুর।

কি চমৎকার উদ্যান! চতুর্দ্দিকে উচ্চ উচ্চ বৃক্ষের ছায়া, মৃত্তিকা শুষ্ক, মধ্য স্থলে হর্ষজনক সরোবর, কোলাহল কিছু মাত্র নাই, পুষ্পের গন্ধ বায়ুর সহিত মিলিত—আহা! এই স্থানই উপাসনার যোগ্য স্থান, এই স্থানেই আত্মার ভক্তি ও প্রেম প্রকাশ কর। দিনমণি উদিত—কি সুন্দর জ্যোতি! যদি এই জ্যোতি এত সুন্দর তবে সেই জ্যোতির্ম্ময়ের জ্যোতি কত সুন্দর ও রমণীয়। ভাই! তোমার সেই গানটী গান কর।

প্রেমানন্দ প্রেমে আনন্দিত হইয়া এই গান করিলেন।

রাগিণী বিভাস।—তাল আড়া।

তব জ্যোতি অতি মনোহর। হে বিশ্বধর!
স্বকৃত প্রকৃত শুভ্র সর্ব্ব লোক শান্তি কর॥
দিবাকর দিবাকর, শশধর শশধর, কোটি তারা কোটি সৃষ্টিধর দীপ্তিকর।
নীল পীত নানা বর্ণ, জলে স্থলে পরিপূর্ণ, কি প্রভা কি আভা শোভা কানন ভিতর॥
সুশোভে তব বদন, সত্য প্রেম প্রসবণ, বিকাশে হৃদি আকাশে যেন হিতকর॥
হলে পাপের বিনাশ, পুণ্য মুখে সপ্রকাশ, নর্ষনের নয়ন নহে নয়নগোচর।
কুরূপা কুৎসিতা রামা, তার জ্যোতি অনুপমা, পতিব্রতা পবিত্রতা যদি চিত্তাকর।
সদা ভাবি তব জ্যোতি, দয়া কর মোর প্রতি, দেখিতে দেখিতে যেন যাই লোকান্তর॥

জ্ঞানানন্দ ও প্রেমানন্দ দুই জনে শান্তভাবে সুখাসীন হইয়া পরমাত্মাতে আত্মা সমাধান করিতে লাগিলেন, বাক্য কিছু প্রয়োগ করিলেন না, কেবল করজোড় মস্তক নত করিয়া থাকিলেন। ধ্যানে তাঁহাদিগের আত্মা যেন স্বর্গ বিশেষ হইতেছে, তাহা বদনেতেই ভাসমান হইল। বদন আত্মার আদর্শ, আত্মাতে যে ভাব উদয় হয় তাহা বদনে কিছু না কিছু অবশ্যই প্রেরিত হয়। ভ্রাতাদ্বয়ের বদন ঐ সময়ে কি রূপ দৃষ্ট হইল? ভক্তি প্রেম, শুদ্ধতা ও নম্রতায় পরিপূর্ণ ও এই সকল ভাব একত্র হওয়াতে আত্মা ধারণ করিতে অশক্ত হেতু চক্ষু দিয়া বিনির্গত হইতে লাগিল। রামানন্দ এই সকল দেখিয়া স্বীয় জঘন্যতা চিন্তনে চিন্তিত হইলেন। কিছু কাল পরে উপাসনা সাঙ্গ হইলে রামানন্দ জিজ্ঞাসা করিলেন—মহাশয়! উপাসনা করা কি আবশ্যক ও উপাসনার ফল কি?

জ্ঞানানন্দ বলিলেন—এ প্রশ্ন অতি উত্তম এ সময়ের উপযোগী। উপাসনা দ্বিবিধ—কৃতজ্ঞতা ও ভক্তি প্রকাশ ও অভাব ও প্রার্থনা প্রকাশ। যাঁহারা ঈশ্বরের অস্তিত্ব ও তাঁহার অসীম শক্তি, জ্ঞান, প্রেম, ও নিয়ন্তৃত্ব স্বীকার করেন—যাঁহারা আত্মার অবিনাশিত্ব ও পর কাল বিশ্বাস করেন, তাঁহারা অবশ্যই স্বীকার করিবেন যে ঈশ্বর পূজ্যতম ও তাঁহার প্রতি

আমাদিগের কৃতজ্ঞতা ও ভক্তি বৃদ্ধি করা কর্ত্তব্য, কারণ তাঁহা হইতে আমাদিগের সকলি ও তিনি আমাদিগের সর্ব্ব মঙ্গল ও চিরমঙ্গল দাতা। যাহারা নাস্তিক তাহাদিগের সহিত উপাসনার কথা অগ্রে কহা ব্যর্থ কিন্তু এমন এমন অনেক শুষ্ক আস্তিক আছে যাহারা বলিয়া থাকে উপাসনা অনাবশ্যক ও কেবল বাহ্যাড়ম্বর। এরূপ অভিপ্রায়ে আত্মার স্বাভাবিক ভাবের কিছুমাত্র ব্যতিক্রম হয় না। কারণ উপস্থিত হইলে আত্মাতে খেদ উদয় হইবে, আহ্লাদ উদয় হইবে, আশ্চার্য্যতা উদয় হইবে, কৃতজ্ঞতা উদয় হইবে ও ভক্তি উদয় হইবে। কারণ উপস্থিত হইলে আত্মা বিধি বা নিষেধ মানে না—যাহা উদয় হইবে তাহা কিছু না কিছু অবশ্যই প্রকাশ হইবে। কপটতা অভ্যাসে আত্মার প্রকৃত ভাব কতক দূর লুক্কায়িত হইতে পারে কিন্তু সময়ে সময়ে অবশ্যই প্রকাশিত হইবে। উপকার হইলে আত্মাতে কৃতজ্ঞতা উদয় হইবে ও উপকারক যদি সাধু হয়েন তবে তাঁহার প্রতি ভক্তিও উদয় হইবে। যদি আমরা একটী মিষ্ট বাক্য শ্রবণ করি অথবা একটী সামান্য উপকার প্রাপ্ত হই, তখন অন্তরে কি ভাব জন্মে? যে ভাব জন্মে তাহা রোধ করিলে করিতে পারা যায়। কিন্তু যদি উপকারের পর উপকার ক্রমাগত প্রাপ্ত হই, তখন আত্মার ভাব প্রকাশ না করা অতি কঠিন। এরূপ উপকৃত ব্যক্তি অবশ্যই মনে ভাবেন যে উপকারীর পদতলে গিয়া পড়ি ও যদি আমাকে বিক্রয় করিলে ঋণ পরিশোধ হয়, তাহাতেই আমি স্বীকৃত। যদি পরিমিত উপকার জন্য আত্মার এই প্রকার ভাব, তবে অপরিমিত, নিরন্তর, অসীম ও অনন্ত উপকারের জন্য আত্মার কত উচ্চ ও প্রগাঢ় ভাব হইতে পারে? যাঁহারা ঈশ্বরের অনির্ব্বচনীয় কৃপা ও ক্ষমা চিন্তা করেন না—যাহারা তাঁহার অপার মহিমা ও মাঙ্গলিক অভিপ্রায় ধ্যান করেন না, তাঁহারা তাদৃশ কৃতজ্ঞ না হইতে পারেন ও তাঁহাদিগের আত্মার এরূপ অবস্থা বিকৃত অবস্থা অবশ্যই বলিতে হইবেক। যাহা বিকৃত তাহা স্বভাবের বিপরিত সুতরাং ঈশ্বরের অভিপ্রায়েরও বিপরীত এবং যাহা অস্বাভাবিক তাহা অসাধারণ। কিন্তু যাহাদিগের এই বিকার নাই, যাহাদিগের আত্মার বৃত্তি ও ভাব সকল প্রকৃত রূপে পরিচালিত ও অভ্যাসিত হইতেছে, তাহারা কৃতজ্ঞতা, ভক্তি ও প্রেমের দ্বার কি রূপে অবরোধ করিবে? কাহার সাধ্য যে বায়ুর ব্যজন নিবারণ করে? কাহার সাধ্য যে বেগবতী স্রোতস্বতীর গতি অবরোধ করে? কাহার সাধ্য যে বজ্রের পতন স্থগিত করে? কাহার সাধ্য যে ভাব ভারাক্রান্ত আত্মার স্রোত শোষণ করে? উপাসনা আবশ্যক বা অনাবশ্যক এ বিবেচনা করা বৃথা, কারণ আত্মা থাকিলেই ঈশ্বর জ্ঞান, ঈশ্বর জ্ঞান সর্ব্ব আত্মাতে মুদ্রিত; ও ঈশ্বর জ্ঞান থাকিলেই, সে জ্ঞান অথবা সে ভাব প্রকাশক এক প্রকার না এক প্রকার উপাসনা অনিবার্য্য। যদি উপাসনা আত্মার স্বাভাবিক ভাব, তবে উপাসনাতে আমাদিগের উপকার না অপকার সম্ভব?

আত্মার ভাব সকল অনুধাবন করিলে বোধ হইবে, যে উপকার জন্য কৃতজ্ঞতা, কৃতজ্ঞা জন্য ভক্তি ও প্রেম, ভক্তি ও প্রেম জন্য ক্রমশঃ উচ্চতা ও উচ্চতায় আনন্দ অর্থাৎ ঈশ্বর লাভ। পরমেশ্বর আপন অস্তিত্ব জ্ঞান, আত্মার অবিনাশিত্ব জ্ঞান ও সাধারণ হিতাহিত জ্ঞান মানব আত্মাতে প্রদান করিয়াছেন এবং কৃপা পূর্ব্বক মানব আত্মার বৃত্তি ও ভাব এমনি করিয়াছেন যে তাঁহা হইতে আমরা অন্তর না হই, তিনি যে পরিমিত স্বাধীনতা প্রদান করিয়াছেন, তাহার ব্যতিক্রম কিছু না করি ও যদি করি তবে একেবারে বিনষ্ট না হই, পুনর্ব্বার তাঁহার নিকটে ফিরিয়া আসিতে পারি। এ কার্য্য কি রূপে সম্পন্ন হইতে পারে? এ কেবল উপাসনার দ্বারা হইতে পারে। উপাসনা আত্মার মাতৃদুগ্ধ—উপাসনাতেই আত্মা বিকারশূন্য ও বলিষ্ঠ হয়। উপাসনাতে আত্মার বল কি প্রকারে হয়? বল, জ্ঞান ও ধর্ম্মের আধার ঈশ্বর। উপাসনা না করিলে তাঁহার সহিত বন্ধন থাকে না—সংযোগ থাকে না। উপাসনার দ্বারাই তাঁহার সন্নিকর্ষ হইতে পারি—তাহা হইতে বল, জ্ঞান ও ধর্ম্ম আকর্ষণ করিতে পারি, নতুবা উন্মার্গ গতিতে ভ্রাম্যমান হইয়া ভ্রম ও দুঃখসাগরে নিমগ্ন হইতে হয়। উপাসনা দ্বারাই যে ঈশ্বরের সহিত সংযোগ থাকিতে পারে তাহা ঈশ্বরই মানব আত্মার প্রকৃত ভাবের অভ্রান্ত বাণীতেই প্রকাশ করিতেছেন। বিপদে পতিত, অজ্ঞানতায় পতিত, শোকে পতিত, মোহে পতিত, পাপে পতিত, আশ্রয় বিহীন, উপায় বিহীন, চতুর্দ্দিক্ অন্ধকার, কাহার নিকট আত্মা যাইবে—কোথায় শান্তি পাইবে? এই সকল অবস্থায় আত্মা কি বিবেচনা করে যে কোথায় যাইব? যেমন ব্যাঘ্র মৃগশাবকের পশ্চাৎ ধাবমান হইলে, শাবক প্রাণভয়ে অচিরাৎ মাতৃক্রোড়ে পলায়ন করে, সেই রূপ আত্মা দহ্যমান হইলে অবিলম্বে ঈশ্বরেতে ধ্যানাবৃত হইয়া শান্তি প্রাপ্ত হয়। আত্মা সাধারণ অবস্থায় ঈশ্বরকে স্মরণ করে ও বিশেষ অবস্থায়ও ঈশ্বরকে স্মরণ করে। ঈশ্বর ব্যতিরেকে আত্মার আর আশ্রয় নাই; ঈশ্বরই আত্মার আত্মা—ঈশ্বরই আত্মার বল—ঈশ্বরই আত্মার জ্ঞান—ঈশ্বরই আত্মার গতি—ঈশ্বরই আত্মার মুক্তি। যদি ঈশ্বর স্মরণ ব্যতিরেকে আত্মার আর অন্য উপায় নাই, তবে আত্মার ঈশ্বরকে স্মরণ করা স্বাভাবিক ও ঈশ্বর প্রেরিত কার্য্য। উপাসনা বন্ধন দ্বারা আমরা অসীম ফল লাভ করিতেছি। কার্য্যক্রমে—ঘটনাক্রমে—আত্মাতে নানা তরঙ্গ উঠিতেছে। কখন ভয়, কখন অহঙ্কার, কখন মত্ততা, কখন ক্রোধ, কখন লোভ, কখন কাম, কখন মোহ, এক এক রিপুর প্রাবল্য ভয়ানক ও এক এক রিপুর আধিক্যে অসীম পাপ ও অমঙ্গল হইতেছে। যদি আত্মা ঈশ্বরকে স্মরণ না করে, বিনীত ভাবে ঈশ্বরের চরণে পতিত না হয় ও বিলগ্ন হইয়া তাঁহার মঙ্গল বারিতে সিক্ত না হয়, তবে কি প্রকারে ইন্দ্রিয় সংযম হইবে—কি প্রকারে বল ও শান্তি প্রাপ্ত হইবে ও কি প্রকারে এই ভয়াবহ সংসার হইতে উত্তীর্ণ হইবে? ঈশ্বর স্মরণে ও ধ্যানে যে আত্মার আশু শান্তি তাহা আপন আপন আত্মার পরিচয়ে কে না জানে? যখন

কোন কারণ বশাৎ আত্মাতে মালিন্য জন্মে, সে মালিন্য কাঁহাকে ধ্যান করিলে আশু তিরোহিত হয়? যদি এক বার ধ্যানে এই ফল, তবে সর্ব্বদা ও বিশেষ রূপে ধ্যানে কত ফল? ঈশ্বর বিনা আত্মার মঙ্গল নাই—উপায় নাই—পরিত্রাণ নাই—উন্নতি নাই—সুখ নাই। কৃপাময় এই জন্য উপাসনা অস্ত্র আমাদিগকে দিয়াছেন। তিনি ভাল জানেন যে আমাদিগের জ্ঞান ও ধর্ম্ম পরিমিত ও আমরা বারম্বার ভ্রমেতে, মোহেতে ও পাপেতে পতিত হইতে পারি এ জন্য উপাসনাই আমাদিগের উপায়—উপাসনাই আমাদিগের আশ্রয়—উপাসনাই আমাদিগের অসি—উপাসনাই আমাদিগের চর্ম্ম।

পূর্ব্বে বলিয়াছি যে উপাসনা কৃতজ্ঞতা ভক্তি, অভাব ও প্রার্থনা প্রকাশক। যে পর্য্যন্ত উপাসনা কৃতজ্ঞতা ও ভক্তি প্রকাশক তাহা ব্যক্ত হইল ও উপাসনা আত্মার স্বাভাবিক ভাব ও উপাসনাতে আত্মার উন্নতি শান্তি ও সুখ তাহাও বলিলাম। এক্ষণে জিজ্ঞাস্য হইতে পারে যে ঈশ্বর সর্ব্বজ্ঞ, তিনি আমাদিগের অভাব ও প্রার্থনা সকলই জানেন ও আমাদিগের জন্য তিনি তাঁহার নিয়ম পরিবর্ত্তন করিতে পারেন না, তবে আপন আপন অভাব ও প্রার্থনা প্রকাশ করা কি প্রয়োজন? আর সকলের প্রার্থনা গ্রাহ্য হইতে পারে না। চোর চুরি করণ জন্য প্রার্থনা করিতেছে ও গৃহস্থ আপন রক্ষার্থে প্রার্থনা করিতেছে; অথবা পর্ব্বতোপরিস্থ কৃষক অনাবৃষ্টি ক্ষতি ভয়ে বৃষ্টির জন্য প্রার্থনা করিতেছে ও পর্ব্বতের নিম্নস্থ কৃষক অতি বৃষ্টির বিরামের জন্য প্রার্থনা করিতেছে—কাহার প্রার্থনা গ্রাহ্য হইবেক? প্রার্থনা অভাব জন্য, অভাব বাসনা জন্য। বাসনা শূন্য মনুষ্য নাই সুতরাং সকলেরই এক প্রকার না এক প্রকার প্রার্থনা অবশ্যই হইবে। প্রার্থনা দুই প্রকার। আত্মার উন্নতি জন্য প্রার্থনা ও সাংসারিক দুঃখ বিমোচন অথবা সুখ জন্য প্রার্থনা। আত্মার উন্নতি ও শান্তি উপাসনা ব্যতিরেকে হইতে পারে না তাহা পূর্ব্বে বলিয়াছি। এক্ষণে বিবেচ্য এই যে সাংসারিক দুঃখ বিমোচন ও সুখ জন্য কি আমাদিগের উপাসনা করা কর্ত্তব্য? যে সকল বিষয় তর্ক ও বিচারাধীন সে সকল বিষয়ে তর্ক ও বিচার করিতে পারা যায় কিন্তু যে সকল বিষয় তর্ক ও বিচারাতীত ও সে সকল বিষয় তর্ক ও বিচারের কি আবশ্যক? যখন আমরা ঈশ্বরের সম্পূর্ণ অধীন ও তিনি যাহা করেন তাহাই হয়, তখন তাঁহা ব্যতিরেকে কাহার নিকট আমরা আপন আপন অভাব ব্যক্ত করিব ও কাহার নিকট আমরা প্রার্থনা করিব? আত্মা অভাবের ভাবে পূর্ণ হইলে কি রূপে মুক্ত হইবে? আত্মা প্রপীড়িত হইলে আপন পীড়া প্রকাশ না করিলে কি প্রকারে সুস্থ হইবে? অতএব যাহার যে প্রবল বাসনা সে সেই বাসনা অবশ্যই প্রচার করিবে কিন্তু ঈশ্বর যাহা ভাল বুঝেন তাহাই করেন। তিনি আমাদিগের প্রার্থনা অনুসারে কার্য্য করেন না। তিনি আপন সম্পূর্ণ জ্ঞান ও আমাদিগের মঙ্গল অনুসারে সকল কার্য্য করেন। আমাদিগের অনেক প্রার্থনা আপাততঃ মঙ্গল ও

পরে অমঙ্গল—আমাদিগের অনেক প্রার্থনা অচিরাৎ ভয়ানক হানি জনক কিন্তু আমাদিগের ক্ষুদ্র বুদ্ধিতে শুভ, এ সকল প্রার্থনা কি গ্রাহ্য হইতে পারে? তাঁহার নিয়মের এমনি সুশৃঙ্খলতা যে যাহাতে মঙ্গল ও যে অবস্থার যাহা উপযোগী ও উপকারক তাহাই হইবে কিন্তু তাঁহার নিকটে সকল অভাব ও সকল প্রার্থনা প্রকাশ করা নিষ্ফল নহে। এরূপ করাতে আত্মারচাঞ্চল্য বিগত হয়, ধীরতা জন্মে ও যাহা প্রাপ্য তাহার উপায় ক্রমে উপস্থিত হয় ও যাহা অগ্রাহ্য তাহাও ক্রমে প্রকাশ পায়। সৃষ্টির প্রকরণই এই যে বাসনাতে প্রার্থনা, প্রার্থনাতে উপায় চিন্তা, উপায় চিন্তাতে বিধেয় কার্য্য ও বিধেয় কার্য্যেতে সফলতা, যে যাহা লাভ করিতে ইচ্ছা করে সে যদি বিধিপূর্ব্বক যত্নবান হয় তবে সে অবশ্যই লাভ করিবে। দিবদাস ধন পাইবার জন্য প্রার্থনা করেন। ধন লাভ জন্য দিবদাস বাটীতে বসিয়া কেবল রোদন করিলে অথবা স্বর্ণ মুদ্রার থলি নিকটে কেহ আনিল কি না কেবল এই প্রত্যাশায় থাকিলে কি হইতে পারে? উপাসনা করিতে করিতে তাঁহার এই বোধ হইবে যে আয় অনুসারে ব্যয় করা, অন্যান্য লোক কি প্রকারে ধন পাইয়াছে, ও যাহাদিগের ক্ষতি হইয়াছে তাহাদিগের ক্ষতি কি কারণে হইয়াছে এই সকল ভালরূপে জানা ও আপনি পরিশ্রমী সত্যবাদী সৎ ও শান্ত হওয়া কর্ত্তব্য। এই রূপ করিলে তাঁহাকে অন্যান্য লোক বিশ্বাস ও সাহায্য করিবে এবং তাঁহার প্রার্থনা শীঘ্র হউক বা বিলম্বে হউক নিষ্ফল হইবে না। সাংসারিক বিষয়ক যে সকল প্রার্থনা হয়, তাহার বিধি পূর্ব্বক কার্য্য করিলে এক প্রকার না এক প্রকার ফল লাভ অবশ্যই হইবে। যে সকল প্রার্থনা ধর্ম্ম বিরুদ্ধ সে সকল প্রার্থনা গণ্য ও গ্রাহ্য কখনই হইতে পারে না কিন্তু কৃপাময়ের এমনি সুন্দর নিয়ম যে মন্দ প্রার্থনা করিতে করিতে মন্দ বোধ হয় ও প্রার্থক তখন মন্দ প্রার্থনা পরিত্যাগ করে এবং কি কর্ত্তব্য তাহার চেতনা ক্রমে জন্মে। যখন আত্মা উপাসনার দ্বারা বলীয়ান হয় তখন উপাসনা আপনা আপনি ভিন্ন প্রকার হইয়া পড়ে।

অথ ধীরা অমৃতত্বং বিদিত্বা ধ্রুবমধ্রুবেষিহ ন প্রার্থয়ন্তে। কঠ।

ধীর ব্যক্তিরা ধ্রুব অমৃতত্বকে জানিয়া সংসারে তাবৎ অনিত্য পদার্থের মধ্যে কিছুই প্রার্থনা করে না।

উপাসনা আত্মার স্বাভাবিক ভাব ও উপাসনাতে আমাদিগের অসীম মঙ্গল। আমাদিগের সকল প্রার্থনা গ্রাহ্য হইতে পারে না, যাহা ঈশ্বর ভাল জ্ঞান করেন, তাহাই গ্রাহ্য হয়। এক্ষণে জিজ্ঞাস্য ঈশ্বর কি আপন নিয়ম পরিবর্ত্তন করিয়া আমাদিগের প্রার্থনা গ্রাহ্য করেন? ঈশ্বরের নিয়মের পরিষ্কার জ্ঞান আমাদিগের নাই। বাহ্য রাজ্য ও অন্তর রাজ্য কারণের শৃঙ্খলায় বদ্ধ। অন্বেষণ করিলে কতকগুলি কারণ নির্ণীত হইতে পারে কিন্তু সকল কারণ স্থির করা অসাধ্য। ইহলোক ও পরলোক সংবদ্ধ, ও

সকল সংযোগ শৃঙ্খল কি রূপে আবদ্ধ তাহা আমরা জানি না। আর এই বিবেচনা করা কর্ত্তব্য যে ঈশ্বরের নিয়ম ঈশ্বরের ঈশ্বর নহে, ঈশ্বরই আপন নিয়মের ঈশ্বর। যখন তিনি সর্ব্বশক্তিমান্ তখন তাঁহার অসাধ্য কি? তিনি আপন নিয়ম পরিবর্ত্তন না করিয়া অদ্ভুত কার্য্য করিতে পারেন এবং তাঁহার কোন কার্য্যে নিয়মের পরিবর্ত্তন ও তাঁহার কোন কার্য্যে নিয়মের পরিবর্ত্তন নহে, তাহা স্থির করা অতি কঠিন।

জগতে অদ্ভুত ঘটনা হইতেছে। রোগী সুপণ্ডিত বৈদ্য কর্ত্তৃক পরিত্যক্ত —আরোগ্যের আশা নাই, দৈবাৎ কোন সন্ন্যাসী বা উদাসীনের জড়ি বা ভস্মে আরোগ্য হইতেছে। দরিদ্র বনে পড়িয়া আছে, অনাহারে প্রাণ বিয়োগ হয়, এমত সময়ে কেহ না কেহ আসিয়া আহার প্রদান করিতেছে। ভ্রমণকারী মরুভূমে ভ্রমণ করিতেছে, পিপাসায় প্রাণ যায়, জল পাইবার কোন সম্ভাবনা নাই, হটাৎ পানীয় প্রাপ্ত হইতেছে। বিষয়ী কার্য্য ক্রমে সময়ে সময়ে অর্থ বিহীন, অপমানিত হয় এমত সময়ে দৈবযোগে তাহার মান রক্ষা হইতেছে। কত কত লোক আগামী কল্য কি আহার করিবে তাহার কিছুই উপায় নাই ও উপায় বিহীন হইয়া চিন্তিত ইতিমধ্যে খাদ্য পাইতেছে। জীবনের প্রতি ঘৃণা করিয়া ঘরের দ্বার বন্ধ করিয়া কেহ জীবন বিনাশ করিতে উদ্যত, অমনি কোন দূরস্থ বন্ধু যাহার আসিবার কোন সম্ভাবনা নাই ঐ স্থানে উপস্থিত হইয়া ঐ ভয়ানক ঘটনা নিবারণ করিতেছে। পরস্ত্রীর ধর্ম্ম নষ্ট করিবার জন্য পাপী উদ্যত ও প্রস্তুত, অমনি তাহার মতির পরিবর্ত্তন হইতেছে। কত কত লোক শুভ কার্য্য করণে আশ্রয় বিহীন ও তাহাদিগের সংকল্প নষ্ট হয় ইত্যবসরে কেহ না কেহ তাহাদিগকে আশ্রয় প্রদান করিতেছে। এইরূপ ঘটনা অসংখ্য—প্রতিদিন ঘটিতেছে। আবশ্যক মতে অভাবনীয় বন্ধু উপস্থিত—আবশ্যক মতে অভাবনীয় উপায় প্রকাশিত—আবশ্যক মতে অভাবনীয় দ্রব্যের লাভ—আবশ্যক মতে অভাবনীয় জ্ঞান বা ধর্ম্মের উদ্দীপন। মূল কথা আমাদিগের ধর্ম্ম ঈশ্বরের উপাসনা করা ও তাঁহার স্বভাব আমাদিগের কৃপা করা। ঐ কৃপা কখন সম্ভব, কখন অসম্ভব রূপে অর্পিত হইতেছে। সকল প্রার্থনার উত্তর শীঘ্র পাওয়া যায় না। যে প্রার্থনার যে বিহিত উত্তর, সে বিহিত কালে প্রেরিত হয়। সে উত্তর হয়তো আত্মাতে উদয় হয়—হয়তো ঘটনায় প্রকাশ পায়। অনন্যমনা হইয়া বিবেচনা করিলে এই স্থির হইবে যে কি ক্ষুদ্র কি বৃহৎ সকল কার্য্যেতেই ঈশ্বর— তাঁহা ব্যতিরেকে কোন কার্য্য নাই—যাহার যে অবস্থার যাহা বিধেয় তাহাই ঘটে ও যাহা ঘটে তাহা সে অবস্থার উপযোগী ও মঙ্গল।

আমাদিগের এই বিশ্বাস দৃঢ় হওয়া কর্ত্তব্য যে ঈশ্বর আমাদিগকে কখনই পরিত্যাগ করেন না—তিনি সকলকেই সমভাবে দয়া করেন, আমাদিগের চিত্ত ও কর্ম্মানুসারে ফলাফল ও যে তাঁহার যথার্থ অনুগত, তাহার কিছু অভাব বোধ হয় না—যাহার ভাব যত উচ্চ হইবে, তাহার অভাব তত বিগত হইবে।

যেমন আত্মা উচ্চ হয়—যেমন ঈশ্বর কি রূপ ও তাঁহার সহিত সম্বন্ধ কি প্রকার, আত্মা অমর ও ধর্ম্মই আত্মার সহগামী ও সুহৃৎ ও ঈশ্বরই আত্মার আত্মা, আনন্দ ও সুখ,—যেমন এই জ্ঞান ও ভাবেতে আত্মা উচ্চ হয়, তেমনি উপাসনাও উচ্চ হইবে। যেমন সাকার পূজা ঈশ্বর জ্ঞানের প্রথমাবস্থা, তেমনি সাংসারিক বিষয়ার্থে উপাসনা উপাসনার প্রথমাবস্থা। যেমন আত্মার বাহ্য দৃষ্টি বিগত হইবে ও অন্তর দৃষ্টির বৃদ্ধি হইবে, তেমনি আত্মার স্বভাবতঃ এই ভাব হইবে—

যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাং। বৃহদারণ্যক।

যাহার দ্বারা আমি অমর না হই, তাহাতে আমি কি করিব।

তখনই তেমনি আত্মার স্বভাবতঃ এই ভাব হইবে।

এষাস্য পরমা গতি রেষাস্য পরমা সম্পদেষোস্য পরমোলোক এষোস্যা পরমানন্দঃ। বৃহদারণ্যক।

ইনি এই জীবের পরম গতি, ইনি এই জীবের পরম সম্পদ্, ইনি ইহার পরম লোক, ইনি ইহার পরমানন্দ।

যাঁহাদিগের আত্মা উচ্চতা প্রাপ্ত হয়, তাঁহারা সাংসারিক অভাব বা সুখের জন্য উপাসনা করেন না—তাঁহারা সে উপাসনাকে সামান্য উপাসনা জ্ঞান করেন। তাঁহারা যাহাতে পাপ, দুর্ম্মতি ও দুর্ব্বলতা হইতে বিরত হইতে পারেন—যাহাতে আত্মা শান্ত ও সমাহিত হয়, যাহাতে ঈশ্বর জন্য ত্যাগী হইতে পারেন, ঈশ্বরের বলে বলীয়ান, ঈশ্বরের জ্ঞানে জ্ঞানী, ঈশ্বরের প্রেমে প্রেমী, ঈশ্বরের ইচ্ছার অধীন হইতে পারেন—যাহাতে ঈশ্বরের প্রতি বিশ্বাস দৃঢ়ীভূত হয় ও তাঁহার অপার মহিমা ও প্রীতি দর্শন ও ধ্যানোদ্ভব আনন্দে আনন্দিত হইতে পারেন—যাহাতে আত্মা দৈনিক উন্নতি সাধন করিতে ও ঈশ্বরের সন্নিকট হইতে পারে, এই তাঁহাদিগের মুখ্য উপাসনা। উপাসনার যে অনন্ত ফল তাহা ধার্ম্মিকেতেই দৃষ্টি হইতেছে। কোন্ ধর্ম্মপরায়ণ উপাসনাবিহীন ও কোন্ ব্যক্তি ঈশ্বরেতে আত্মা সমাধান না করিয়া ধর্ম্মপরায়ণ হইতে পারে? যে ধর্ম্ম কর্ম্ম ঈশ্বরকে স্মরণ, মূল ও উদ্দেশ্য ব্যতিরেকে হয় তাহা বল শূন্য ও অস্থায়ী।

কেহ কেহ কহেন যে ঈশ্বর অন্যের দ্বারা কার্য্য করান ও যে সকল লোক লোকান্তরে গমন করিয়াছেন, তাঁহাদিগের দ্বারাও ঈশ্বর ঐহিক ও পারলৌকিক মঙ্গল সাধন করান। এরূপ কার্য্য ইহলোক ও পরলোকের উপকারক। গৃহীতা না থাকিলে দাতা হয় না ও দাতা থাকিলেই গৃহীতার আবশ্যক। কার্য্য না করিলে অভ্যাস হয় না ও অভ্যাস না করিলে উন্নতি সাধন হয় না। ইহ কালে যেমন সদভ্যাস সুখের মূল, পর কালে তেমনি সদভ্যাস সুখের মূল। জ্ঞান ও ধর্ম্ম যেমন লব্ধ হয়, তেমনি পরিচালিত ও বিস্তৃত না হইলে বৃদ্ধি হয় না—জ্ঞান ও ধর্ম্মের যত ব্যয় হইবে ততই বৃদ্ধি হইবে এ জন্য আত্মসুখ ও পরসুখ এক জ্ঞান হওয়া আত্মার লক্ষ্য। পরপাপ বিমোচনে আপন পুণ্য

বৃদ্ধি—পরদুঃখ বিমোচনে আপন সুখ বৃদ্ধি; যে পর্য্যন্ত আত্মান্তরিত্ব পরিত্যক্ত না হয় ও আত্মসুখ ও পরসুখ এক জ্ঞান না হয় সে পর্য্যন্ত আত্মা দেবত্ব প্রাপ্ত হয় না। শরীর ধারণ করিয়া এরূপ অবস্থা হওয়া অতি কঠিন কিন্তু পরলোক-বাসী সাধু ও দেবতারা প্রেমে সর্ব্বদা বিগলিত, সুতরাং তাঁহারা যে আমা-দিগের মঙ্গলার্থে নিযুক্ত হইবেন তাহা কি অসম্ভব?

প্রেমানন্দ করজোড়ে এই উপাসনা করিলেন। পরমকারুণিক পিতা! মানব কর্ত্তৃক যে কিছু পুণ্য কৃত হয় তাহার মূলাধার তুমি। অধর্ম্ম ও পাপ যাহা আমরা করি তাহা আমাদিগের মূঢ়তা বশাৎ—তাহার মূলাধার আমরা। যে পরিমিত স্বাধীনতা দিয়াছ সেই পরিমিত স্বাধীনতার ব্যতিক্রমেই আমা-দিগের অধর্ম্ম ও পাপ উৎপন্ন হইতেছে। অধর্ম্মে ও পাপে পতিত হইয়া চিরকাল দুঃখ ভোগ না করি এ জন্য উপাসনা উপায় কৃপাপূর্ব্বক প্রদর্শন করিতেছ। সাংসারিক সুখ ও দুঃখ যাহা যাহার বিধেয় তাহা প্রেরিত হই-তেছে ও যাঁহার যাহাতে মঙ্গল হয় তাহা অবশ্যই হইবে। আত্মার উন্নতিই মূল লক্ষ্য। এক্ষণে এই প্রার্থনা করিতেছি—যে যখন তোমার উপাসনা করি, তখন যেন একমনা হইয়া তোমাকে বাহিরে ও অন্তরে দৃষ্টি করি—তখন যেন আত্মা অকপট ভক্তি, কৃতজ্ঞতা, প্রেম, নম্রতা, পবিত্রতা ও ত্যাগে প্লাবিত হয়—তখন যেন আমাদিগের ইচ্ছা তোমার ইচ্ছাধীন হয়—তখন যেন শত্রু মিত্রকে সমভাবে দেখি—তখন যাহারা আমাদিগের অমঙ্গলকারী তাহা-দিগের মঙ্গল ইচ্ছুক হই ও এই ভাব সকল যেন নিরন্তর আমাদিগের সকল কার্য্যের উদ্বোধক, নিয়ামক ও সম্পাদক হয়।

---

৭ অধ্যায়। ঈশ্বর কি প্রকারে উপাস্য।

রাগিণী খাম্বাজ।—তাল মধ্যমান।

নও তুমি কেবল কাশীবাসী, বিশ্বেশ্বর হে! যেখানে ভ্রমণ করি সেই বারাণসী।
তব রাজ্য সম্পূর্ণ, নানা রত্নে পরিপূর্ণ, প্রকৃত অন্নপূর্ণা তুমি ব্রহ্মাণ্ড-নিবাসী॥
স্থান তীর্থ নাহি দেখি, চিত্ত তীর্থে সদা সুখী, ধন মান চাহি না হে শান্তি অভিলাষী।

বারাণসী কি অপূর্ব্ব ধাম! কত কত মন্দির—কত কত দেবালয়! চতুর্দ্দিক থেকে হর হর বিশ্বেশ্বর শব্দ প্রতিধ্বনিত হইতেছে। শৈব ধর্ম্মের কি প্রাবল্য! বিশ্বাসে কি না হয়! বিশ্বাসই মূল।

রামানন্দ। মহাশয় ঈশ্বরকে উপাসনা করিতে গেলে কি প্রতিমূর্ত্তির আবশ্যক?

জ্ঞানানন্দ। যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে। তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে। তলবকার।

যিনি বাক্যের বচনীয় নহেন, বাক্য যাঁহার দ্বারা প্রেরিত হয়, তাঁহাকেই

তুমি ব্রহ্ম বলিয়া জান; লোকে যে কিছু পরিমিত পদার্থের উপাসনা করে তাহা কখন ব্রহ্ম নহে।

যত্তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহেতুকং। অতত্ত্বার্থ বদল্পঞ্চ তত্তামসমুদাহৃতং। ভগবদ্গীতা।

আর প্রতিমা প্রভৃতি এক এক পদার্থে সম্পূর্ণরূপে পরমেশ্বর আছেন অতএব ইনিই পরমেশ্বর, এই রূপ নিশ্চয় যুক্ত অথচ অবাস্তবিক এবং অযৌক্তিক তুচ্ছ যে জ্ঞান সে তামস জ্ঞান।

কিং স্বল্পতপসাং নৃণামর্চ্চায়াং দেবচক্ষুষাং দর্শনস্পর্শন প্রশ্ন প্রহ্ব পাদার্চ্চনাদিকং। শ্রীমদ্ভাগবতঃ।

প্রতিমাদিতে দেব বুদ্ধি বিশিষ্ট অল্প তপঃ সম্পন্ন মনুষ্যদিগের সম্বন্ধে যোগেশ্বর দর্শন, স্পর্শন, প্রশ্ন, প্রণাম ও পাদার্চ্চনাদি কি সম্ভাবিত হয়!

যস্যাত্মবুদ্ধিঃ কুণপে ত্রিধাতুকে স্বধীঃ কলত্রাদিষু ভৌম ইজ্যধীঃ। যত্তীর্থবুদ্ধিঃ সলিলে ন কর্হিচিজ্জনেষ্বভিজ্ঞেষু স এব গোখরঃ। শ্রীমদ্ভাগবতঃ।

বাতপিত্তশ্লেষ্মময় শরীরে যাহার আত্ম জ্ঞান, পুত্র কলত্রাদিতে যাহার আত্মীয় জ্ঞান, মৃত্তিকাবিকারে যাহার দেবতা ও জলেতে যাহার তীর্থ জ্ঞান এবং সাধু জনেতে যাহার সেই সকল জ্ঞান নাই সে ব্যক্তি গোতণবাহী গর্দ্দভ স্বরূপ।

ত্বামাত্মানং পরং মত্বা পরমাত্মানমেবচ, আত্মা পুত্রর্ব্বহির্মৃগ্য অহোজ্ঞজনতাজ্ঞতা। শ্রীমদ্ভাগবতঃ॥

প্রভো তুমি আত্মা তোমাকে পর (দেহাদি) জ্ঞান করিয়া অর্থাৎ আত্মাতে দেহাদি অধ্যাস করিয়া অজ্ঞ লোকেরা এই দেহের মধ্যে নষ্ট আত্মার অন্বেষণ বাহিরে করে,—একি চমৎকার!

তাঁহাকে পরিত্যাগ করিয়া যে ব্যক্তি অন্যের নিকট শরণার্থে উপাসনা করে, সে অতি অজ্ঞ যেহেতু কুক্কুরের লাঙ্গুল অবলম্বন করিয়া সাগর পার হইতে তাহার ইচ্ছা। শ্রীমদ্ভাগবত, ৭ স্কন্ধ॥

এই প্রকার অনেক শ্লোক শাস্ত্রে আছে কিন্তু যাহা উপরে উক্ত হইল তাহাতে প্রতীয়মান হইতেছে যে প্রতিমার দ্বারা উপাসনা প্রকৃত উপাসনা নহে। উপাসনা আত্মার স্বাভাবিক ভাব—অজ্ঞানতায় আবৃত থাকিলে, চন্দ্র, সূর্য্য, বায়ু, বৃষ্টি, কাষ্ঠ, লোষ্ট্র ঈশ্বর জ্ঞান হইবে। যেমন অজ্ঞানতা যাইবে তেমনি ঈশ্বর বিষয়ক জ্ঞান বৃদ্ধি হইবে ও ঐ জ্ঞান বৃদ্ধি ক্রমশঃ উচ্চ উপাসনাতে প্রকাশ পাইবে। এই প্রকার সর্ব্ব দেশে হইয়া থাকে কিন্তু এ দেশে ঈশ্বর বিষয়ক জ্ঞান আলোচনা বিশেষ রূপে হইয়াছিল। যদিও জাতিভেদ স্বভাবতঃ বিপরীত ও হানিজনক কিন্তু এই জাতিভেদ জন্যই ব্রাহ্মণেরা সর্ব্বদাই জ্ঞান ও ধর্ম্ম আলোচনা করিতেন কারণ এই তাঁহাদিগের প্রধান কর্ম্ম ছিল। হোম, যজ্ঞ উপবাস, হটযোগ, রাজযোগ, ইন্দ্রিয়নিগ্রহ, মনঃসংযম সকলই পর কালে সুখার্থে—সকলই ঈশ্বর লাভার্থে

কৃত হইত। যে স্থলে সাংসারিক সুখ ত্যাগ ও অসীম কঠোরতা অভ্যাস ও ঈশ্বর পাইবার জন্য এত মগ্নতা সে স্থলে আত্মা জ্ঞানেতে ও প্রেমেতে অবশ্যই উন্নত হইবে। বেদাদি পাঠে বোধ হয় প্রথমে ঋষিরা যদিও অদ্বৈত বাদী ছিলেন, তথাচ তাঁহারা ঈশ্বরের উপাসক না হইয়া ভৌতিক পদার্থের উপাসনা করিতেন—বায়ু, অগ্নি, সূর্য্য, যাহা দ্বারা বাহ্য ইন্দ্রিয় আকৃষ্ট হইত, তাহা ঈশ্বর গুণ স্বরূপে ঈশ্বর বোধ হইত। পরে যখন উপনিষদাদি প্রকাশ হইতে লাগিল তখন এ সংস্কার দূরীকৃত হয়।

অন্ধং তমঃ প্রবিশন্তি যে সম্ভূতি মুপাসতে। ঈশ।

যাঁহারা পরমাত্মার শক্তিকে উপাসনা করেন, তাঁহারা অজ্ঞান রূপ অন্ধকারে আবৃত যে লোক তাহাতে গমন করেন।

উপনিষদাদিতে ব্রহ্মজ্ঞান বিষয়ক অনেক আশ্চর্য্য ও উচ্চ উপদেশ প্রাপ্ত হওয়া যায়। একই ঈশ্বর ও তিনি কিরূপ ও কি প্রকারে তাঁহাকে লাভ করা যায় এতদ্বিষয়ে যে অভিপ্রায় ব্যক্ত আছে, বোধ হয় তৎসাময়িক অন্যান্য দেশের কোন গ্রন্থে দুষ্প্রাপ্য।

কত দিন পর্য্যন্ত প্রতিমা পূজার প্রথা ছিল না তাহা স্থির করা ভার। সুরথ রাজা বনে সমাধির আদেশে ভগবতীর প্রতিমা বালুকায় নির্ম্মাণ করত পূজা করিয়াছিলেন। কোন কোন মতে রামচন্দ্রও ভগবতীর প্রতিমা করিয়া পূজা করেন। যুধিষ্ঠিরের সময়ে এ প্রথা ছিল, ও পাণ্ডবেরা ও ভীষ্ম প্রভৃতি কৃষ্ণকে ঈশ্বর জ্ঞান করিতেন। কৃষ্ণ কখন কখন শিবকে ঈশ্বর জ্ঞান ও শিব কৃষ্ণকে ঈশ্বর জ্ঞান করিতেন কিন্তু শিব যোগী ও উপাসক রূপে বিখ্যাত ও বেদব্যাস যিনি কৃষ্ণকে শ্রীমদ্ভাগবতে ঈশ্বর স্বরূপে বর্ণন করিয়াছেন, তিনি আবার কৃষ্ণকে পর ব্রহ্মের উপাসক বলিয়া ঐ গ্রন্থে বর্ণন করেন—"পরে (শ্রীকৃষ্ণ) নির্ম্মল জলে স্নান করিয়া শুক্ল বাসদ্বয় পরিধান পূর্ব্বক যথাবিধি সন্ধ্যোপাসনাদি ক্রিয়া কলাপ সমাপন করত অনুদযে অনলে আহুতি প্রদানন্তর বাগ্‌যত হইয়া গায়ত্রী জপ করিতে আরম্ভ করিলেন" ১০ স্কন্দ।

ঈশ্বর বিষয়ক জ্ঞানাভাবে প্রতিমা উপাসনার প্রথা প্রচলিত হওয়া আশ্চর্য্য নহে ও যাহারা সরল চিত্তে এই উপাসনা করে তাহাদিগের প্রতি আমাদিগের দ্বেষ করা অকর্ত্তব্য। এ দেশে সর্ব্ব প্রথমে প্রতিমা উপাসনা হয় নাই—তবে ইহা কেন হইল? অনুমান করি তন্ত্র উপনিষদের পর হয় কিন্তু পুরাণাদি যে উপনিষদের পরে লিখিত হয় তাহা রচনার দ্বারা ও রীতি নীতি বর্ণনে স্পষ্ট বোধ হইতেছে। পুরাণ লেখকদিগের এই অভিপ্রায় ছিল যে আপামর সাধারণ লোক নিরাকার ঈশ্বরকে ধ্যান করিতে অক্ষম একারণ তাঁহাকে অবতার রূপে বর্ণন ও কর্ম্মকাণ্ডের বিধান না করিলে নাস্তিকতার বৃদ্ধির সম্ভব। যে ঘটনা ঘটে তাহাতে কেবল মন্দ কখনই হয় না—তাহার আনুসংগিক দোষ গুণ অবশ্যই আছে। পুরাণাদিতে ঈশ্বর বিষয়ক জ্ঞানের প্রশস্ত হানি অনেক খর্ব্ব হইয়াছে কিন্তু বোধ হয় ঈশ্বরের প্রতি প্রেমের বৃদ্ধি

হইয়াছে। অনেক লোক এখনও আছে যাহারা উপনিষদের মর্ম্ম গ্রহণ করিতে পারিবে না কিন্তু পুরাণ শ্রবণে অশ্রুপাত করিবে। ঈশ্বরের কার্য্য যাহা হইয়াছে ও হইতেছে তাহাই উত্তম।

যদি প্রতিমা উপাসনা প্রকৃত উপাসনা নহে তবে ঈশ্বর কি প্রকারে উপাস্য ?

নতস্য প্রতিমা অস্তি যস্য নাম মহদযশঃ। শ্বেতাশ্বতর।

তাঁহার প্রতিমা নাই, তাঁহার নাম মহদ যশ।

তদেতৎ সত্যং তদমৃতং তৎ বেদ্ধব্যং সৌম্য বিদ্ধি। মণ্ডুক।

তিনিই সত্য, তিনি অমৃত, তিনি আত্মার দ্বারা বেধনীয়।

অতএব হে প্রিয় শিষ্য! তোমার আত্মার দ্বারাও তাঁহাকে বিদ্ধ কর।

অধ্যাত্মযোগাধিগমেন দেবং মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতি। কঠ।

ধীর ব্যক্তি পরমাত্মাতে স্বীয় আত্মার সংযোগে অধ্যাত্ম যোগে সেই পরম দেবতাকে জানিয়া হর্ষ শোক হইতে মুক্ত হয়।

অথাধ্যাত্মং যদেতদ্গচ্ছতীব চ মনোনে। চৈতদুপস্মরত্য ভীক্ষ্ণং সংকল্পঃ। কেন।

অধ্যাত্ম বিষয়ক উপদেশ এই, মন যেন ব্রহ্মের নিকট গমন করেন, মনের দ্বারা উপাসক ব্যক্তি তাঁহাকে সমীপস্থ করিয়া স্মরণ করেন, উপাসকের ইহাই সংকল্প।

তমাত্মস্থং যেনুপশ্যন্তি ধীরাস্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাং। কঠ।

তাঁহাকে যে ধীরেরা স্বীয় আত্মাতে সাক্ষাৎ দৃষ্টি করেন, তাঁহাদিগের নিত্য শান্তি হয় অপর ব্যক্তিদিগের তাহা কদাপি হয় না।

আত্মানমেব প্রিয়মুপাসীত। স য় আত্মানমেব প্রিয় মুপাস্তে ন হাস্য প্রিয়ং প্রমায়ুকং ভবতি। বৃহদারণ্যক।

পরমাত্মাকেই প্রিয় রূপে উপাসনা করিবেক। যিনি পরমাত্মাকে প্রিয় রূপে উপাসনা করেন, তাঁহার প্রিয় কখন মরণশীল হয় না।

নায়মাত্মা প্রবচনেন লভ্যোন মেধয়া ন বহুনা শ্রুতেন। যমেবৈষবৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বৃণুতে তনুং স্বাং। কঠ।

অনেক উত্তম বচন দ্বারা, বা মেধা দ্বারা, অথবা বহু শ্রবণ দ্বারা, এই পরমাত্মাকে লাভ করা যায় না; যে সাধক তাঁহাকে প্রার্থনা করে, সেই তাঁহাকে লাভ করে। পরমাত্মা এরূপ সাধকের সন্নিধানে আত্মস্বরূপ প্রকাশ করেন। উপরোক্ত উপনিষদ্ পাঠে যে উপদেশ প্রাপ্ত হইতেছি তাহা সকলেরই গ্রাহ্য হইবে। ঈশ্বর চক্ষুর অগোচর, পৃথিবীতে যত শক্তি, জ্ঞান ও ধর্ম্ম স্বতন্ত্র রূপে আছে তাহা একত্র করিলেও ঈশ্বরের শক্তি, জ্ঞান ও ধর্ম্মের কণা মাত্র হইতে পারে না। পৃথিবীতে যত জ্যোতি, পবিত্রতা ও সৌন্দর্য্য বিস্তীর্ণ তাহা একত্রিত হইলেও তাঁহার বিমল জ্যোতি, অসীম পবিত্রতা ও অনুপম সুন্দরতার রেণুর স্বরূপ পরিগণ্য হইতে পারে না। ঈশ্বর সর্ব্ব-প্রকারে, সর্ব্ব ভাবে, সর্ব্ব গুণে, সর্ব্ব কালে অসীম অনন্ত ও সম্পূর্ণ।

তাঁহাকে সম্পূর্ণ রূপে ধ্যানেও পাওয়া যায় না—এমত অনুপমের প্রতিমা কে নির্ম্মাণ করিতে পারে? তিনি পরমাত্মা—আত্মার আত্মা, আত্মা তাঁহার রেণু স্বরূপ এ জন্য কেবল আত্মার দ্বারা তাঁহাকে জানা যায়। তিনি ওতপ্রেত ও দগ্ধ দারু নিঃসৃত অগ্নির ন্যায় অচ্ছন্ন প্রচ্ছন্ন রূপে সমস্ত সৃষ্টিতে আছেন অথচ স্বতন্ত্র এবং এক—তিনি আমাদিগের চেতন, শক্তি ও গতি, তাঁহা ছাড়া কিছুই হইতে পারে না। মানব আত্মা অন্যান্য বস্তু অপেক্ষা অতি সূক্ষ্ম বস্তু—মানব আত্মা ঐশ্বরিক শক্তি ও ভাবের অঙ্কুর ধারণ করে, একারণ তাঁহার সহিত সংমিলিত হইতে পারে। আত্মার দ্বারা পরমাত্মাকে কি প্রকার লাভ করা যাইবে? প্রিয় রূপে উপাসনা দ্বারা—পরমেশ্বরের অসীম শক্তি, জ্ঞান, কৃপা ও ক্ষমা পুনঃ পুনঃ ধ্যান করিয়া তাঁহাতে প্রেম, ভক্তি ও শ্রদ্ধা অর্পণ করিতে হইবেক—অধিক বচন বা মেধা দ্বারা প্রিয় রূপে উপাসনা হয় না। উপাসনা কালে যদি আত্মাতে প্রীতি, ভক্তি ও শ্রদ্ধা না উদয় হয় তবে সে উপাসনা শব্দাড়ম্বর। উপাসনার অন্য কোন প্রকরণ নাই—"যে সাধক তাঁহাকে প্রার্থনা করে সেই তাঁহাকে লাভ করে।"

সত্য কথন দ্বারা, মনের একাগ্রতা দ্বারা, সম্যক্ জ্ঞান দ্বারা, ক্ষীণ দোষ যত্ন শীলতা দ্বারা, হৃদ্গত সংশয় রহিত বুদ্ধি দ্বারা, শুদ্ধ জ্ঞান দ্বারা, সুদ্ধতার দ্বারা সেই "সর্ব্বস্য শরণং সুহৃৎকে" লাভ করা যায়*। অর্থাৎ তাঁহাকে পাইবার জন্য দৃঢ় বিশ্বাস, সত্য কামনা, শুদ্ধ জ্ঞান, শুদ্ধ ভাব ও শুদ্ধাচারের আবশ্যক। কেবল জ্ঞান হইলেই হয় না।

নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো নাসমাহিতঃ।
নাশান্তমানসোবাপি প্রজ্ঞানেনৈনমাপ্নুয়াৎ। কঠ।

যে ব্যক্তি দুষ্কর্ম্ম হইতে বিরত হয় নাই, ইন্দ্রিয় চাঞ্চল্য হইতে শান্ত হয় নাই, যাহার চিত্ত সমাহিত হয় নাই এবং কর্ম্ম ফল কামনা প্রযুক্ত যাহার মন শান্ত হয় নাই; সে ব্যক্তি কেবল জ্ঞান মাত্র দ্বারা পরমাত্মাকে প্রাপ্ত হয় না।

ঈশ্বর উপাসক হইতে গেলে যে বনে গমন করিতে হয় এমত নহে।

মৌনান্ন স মুনির্ভবতি নারণ্যবসনান্মুনিঃ। মনুঃ।

মৌন থাকা প্রযুক্ত কেহ মুনি হয় না, অরণ্য বাস প্রযুক্ত কেহ মুনি হয় না। সংসার বন অপেক্ষা আত্মোন্নতি সাধনের অধিক উপযোগী। বনেতে আত্মার সদ্ভাবের উদয় ও ধারণ হইতে পারে কিন্তু সংসারে সেই সকল ভাবের কার্য্য ও পরীক্ষা হয় ও প্রগাঢ়তা জন্মে।

---

* সত্যেন লভ্য স্তু সা হ্যেষ্য আত্মা সম্যক্ জ্ঞানেন—মণ্ডূক।
হৃদা মনীষা মনসাভিক্লৃপ্তোয এনমেবম্বি দুরমৃতাস্তে ভবন্তি। কঠ।
যৎপশ্যন্তি যতয়ঃ ক্ষীনদোষাঃ। মণ্ডূক।
জ্ঞান প্রসাদেন বিশুদ্ধ সত্ত্ব স্তুত স্তুতং পশ্যতে নিষ্কলং ধ্যয়মানঃ। মণ্ডূক।

তপস্যা দ্বারা চিত্ত শুদ্ধ হয় কিন্তু তপস্যা কি ?

যে পাপানি ন কুর্ব্বন্তি মনোবাক্ কর্ম্ম বুদ্ধিভিঃ।
তে তেপন্তি মহাত্মানো ন শরীরস্য শোষণং। মনুঃ।

যাঁহারা মন, বাক্য ও কর্ম্ম ও বুদ্ধি দ্বারা পাপাচরণ না করেন, সেই মহাত্মারাই তপস্যা করেন; যাঁহারা শরীর শোষণ করেন তাঁহারা তপস্যা করেন না।

ন কায় ক্লেশ বৈধুর্য্যং ন তীর্থাযতনাশ্রয়ঃ।
কেবলং তন্মনো মাত্র জয়েন সাদ্যতেপদং। যোগবাশিষ্ঠ।

কায় ক্লেশ কাতরতা এবং তীর্থ স্থানশ্রয় এতদ্বারা ব্রহ্ম পদ প্রাপ্তির কোন উপকার দর্শে না, কেবল মনোজয় দ্বারাই পর ব্রহ্ম প্রাপ্তি হয়।

আত্মার দ্বারাই পরমাত্মার প্রকৃত উপাসনা। উপাসনায় বিশ্বাসই মূল—ভক্তিই মূল। যেমন বিশ্বাস ও ভক্তির বৃদ্ধি, তেমনি জ্ঞানের বৃদ্ধি, তেমনি আত্মপ্রসাদ লাভ—তেমনি আনন্দের বৃদ্ধি। "ভগবদ্বিষয়া ভক্তি অন্য ভক্তির তুল্য নহে, ভগবানের প্রতি ভক্তি যোগ বিহিত হইলে তাহা সম্যক্ প্রকারে বৈরাগ্য এবং জ্ঞান উৎপন্ন করে, সেই ভক্তি যোগ একান্ত দুর্লভ নহে, যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া নিত্য শ্রবণ ও অধ্যয়ন করে তাহার সম্বন্ধে ভগবান অচ্যুতের কথা আশ্রয় করিয়া তাহা অচিরেই উৎপন্ন হয়।"—শ্রীমদ্ভাগবত ৪ স্কন্ধ।

"অপর দান, তপস্যা, যজ্ঞ, শৌচ ও ব্রত, এ সকল ভগবানের প্রীতির কারণ নহে, কেবল নিষ্কাম ভক্তির দ্বারাই ভগবান্ প্রীত হয়েন, ভক্তি ব্যতীত অন্য সকল নাট্যমাত্র।" ৭ স্কন্ধ।

প্রেমানন্দ—হে কৃপাময় এই কৃপা কর যে আমাদিগের মানসিক ও দৈহিক বৃত্তি সকল তোমার কার্য্যে সদা নিযুক্ত থাকে। "আমাদিগের বাক্য আপনকার গুণ কীর্ত্তনে রত থাকুক, আমাদিগের শ্রবণ আপনকার কথা শ্রবণে আসক্ত হউক, আমাদিগের হস্ত আপনকার কর্ম্মে ব্যাপৃত হউক, আমাদিগের মনঃ আপনকার চরণারবিন্দ স্মরণে নিবিষ্ট থাকুক, আমাদিগের মস্তক আপনকার নিবাস ভূত জগতের প্রণামে নিযুক্ত হউক এবং আমাদিগের দৃষ্টি আপনকার মূর্ত্তি স্বরূপ সাধুজনের দর্শনে তৎপর হউক।" যে শান্ত সমাহিত ও পরিশুদ্ধ হইয়া তোমাতে আত্মা সমাধান পূর্ব্বক প্রীতির সহিত উপাসনা করে সেই বিমল আনন্দ উপভোগ করে ও সে যে আনন্দ লাভ করে তাহাতে তাহার এই বিশ্বাস দৃঢ়ীভূত হয় যে তুমি "আনন্দময়"—তুমি "শুভ্রং জ্যোতিষাং জ্যোতি," "তুমি—সত্যং শিবং সুন্দরং শুদ্ধমপাপ বিদ্ধং" ও আত্মা ও পরমাত্মার ব্যবধান ও সংযোগের শৃঙ্খল কেবল প্রেমার্দ্র ভক্তি এবং নিরন্তর প্রেমার্দ্র ভক্তিতেই নিরন্তর অন্তঃশীতলতা*।

* অন্তঃশীতলতা যাসৌ সমাধি রিতি কথ্যতে। যোগবাশিষ্ঠঃ।

রাগিণী ঝিঝিট।—তাল মধ্যমান।

কি দিব তোমারে বল না, হৃদয়ের ধন! কেবল সম্বল মোর তব আরাধনা॥
প্রদান করহ চিত, তাপিত বিশুদ্ধ নত, হলে তোমায় অর্পিত, পুরিবে বাসনা।
যত স্নেহ প্রেম ধরি, কৃপা করি লও হরি, আর কেন পাপে মরি, ঘুচাও যন্ত্রণা॥

—o—

৮ অধ্যায়। পরমেশ্বরের প্রতি বিশ্বাস।

রাগিণী জয়জয়ন্তী।—তাল ঝাঁপতাল।

মনতো দুর্ব্বল নহে যদি থাকে প্রকৃত। পাপেতে দুর্ব্বল মতি পাপ করে বিকৃত॥
পরিষ্কার সংস্কার আবিষ্কার হে কত। নিরঞ্জন সযতন মনে হয় আবৃত॥
সার জ্ঞান দূর জ্ঞান সদা মনে উদিত। সৃষ্টি কার্য্য সব ধার্য্য বিনাচার্য্য গৃহীত॥
ভব ভাব ব্যর্থ ভাব ক্রমে ক্রমে দূরিত। সারভাব শুদ্ধভাব ভাবেতে হয় ভাবিত॥
ব্রহ্মানন্দ প্রেমানন্দ সদানন্দ অমৃত। করি পান পায় ত্রাণ ভোগে সুখ অচ্যুত॥

ওগো মোশায় মাথা মুড়িয়ে যাও—মাথা ভুরু গোঁপ সব বেস করে কামিয়ে দেব, আমি বেণী ঘাটের সরদার নাপিত। এ্যাই বাপ! তোমারা কোন পুরোহিত? হামকো পুরোহিত কর—হামারা বহুত যজমান।

রামানন্দ। যা যা বেটারা বিরক্ত করিস্‌নে।

জ্ঞানানন্দ। কটুবাক্য কহিওনা—কেবল বল মস্তক মুণ্ডনে ও শ্রাদ্ধ করণের আবশ্যক নাই। সম্মুখে বেণীঘাট—আকবরশা নির্ম্মিত দুর্গ এই, ইহার ভিতরে অক্ষয় বট, ভরদ্বাজের আশ্রম কিঞ্চিৎ দূর। প্রয়াগ স্থান উত্তম, কূপের জল উপাদেয়। সূর্য্য অস্তমিত হইতেছে, ঋতুরও পরিবর্ত্তন, পুনরায় সূর্য্য উদয় হইবে, পুনরায় বিগত ঋতু আসিবে। আত্মাও ইহলোকে অস্ত হইয়া পরলোকে উদয় হইবে ও বিগত ঋতুর ন্যায় সেখানে পুনঃ প্রকাশ হইবে। ঈশ্বরের এক এক কার্য্য কত প্রকার উপদেশপ্রদ তাহা বলা যায় না। যাহার যেরূপ চিত্ত ও ভাব সে সেই রূপ গ্রহণ করে।

এই সকল কথা হইতেছে, ইতি মধ্যে এক জন ভদ্র লোক নিকটে আসিয়া নিরীক্ষণ করত বলিলেন—বোধ হয় আপনারা সম্প্রতি এখানে আসিয়াছেন, যদি অবস্থিতি করিবার স্থান স্থির না হইয়া থাকে, তবে অনুগ্রহ করিয়া আমার বাটীতে আইলে আপ্যায়িত হইব।

জ্ঞানানন্দ প্রেমানন্দ ও রামানন্দ তৎক্ষণাৎ সম্মত হইয়া ঐ ভদ্রলোক সহিত চলিলেন ও কিছু কাল পরে তাঁহার ভবনে উপস্থিত হইয়া সকলে একত্র বসিলেন। বাটী অতি সুনির্ম্মিত, সম্মুখে প্রশস্ত ভূমি ও উদ্যান, দক্ষিণদিক্ মুক্ত, —সুশীতল বায়ু বহিতেছে। যাহাদিগের চিত্ত এক প্রকার তাহারা মিলিত হইলেই আনন্দ আপনা আপনি উদয় হয় ও যেমন বহু নদী একত্র হইলে ও বহু আলোক মিলিত হইলে একত্ব প্রাপ্ত হয়, সেই রূপ ঐ প্রকার লোকের সমাগম হইলে একই চিত্ত প্রকাশ পায়। পরস্পর আলাপে সকলেই আহ্লাদিত

সরল ও মুক্তমনা। যখন চিত্ত অকাপট্যে পূর্ণ তখন পরস্পর নিগূঢ় তত্ত্বানুসন্ধান করা ও পরিচয় দেওয়া অনিবার্য্য।

জ্ঞানানন্দ জিজ্ঞাসা করিলেন—মহাশয়ের বিশেষ পরিচয় পাইতে বড় ইচ্ছুক। অনুগ্রহ করিয়া আপনকার পূর্ব্ব বৃত্তান্ত বলুন। ঐ ভদ্রলোক বলিলেন—আমার নাম নিত্যানন্দ ও আমার নিকটে যিনি বসিয়াছেন তিনি আমার অনুজ, তাঁহার নাম সদানন্দ। কিন্তু এক্ষণে উপাসনার সময় অতএব যদি অনুমতি করেন তবে আমরা বাটীর ভিতর যাইয়া পরিবারের সহিত উপাসনা করি, তৎপরে আপনাদিগের নিকট আসিয়া সকল কথা বলিব।

জ্ঞানানন্দ বলিলেন—আপনারা সাধু।

এতজ্জ্ঞেয়ং নিত্যমেবাত্মসংস্থং নাতঃ পরং বেদিতব্যং হি কিঞ্চিৎ। শ্বেতাশ্বতর॥

আপনাতেই নিত্য স্থিতি করিতেছেন যে পরমাত্মা, তিনিই জানিবার যোগ্য, তাঁহার পর জানিবার যোগ্য আর কোন পদার্থ নাই।

নিত্যানন্দ ও সদানন্দ অন্তঃপুরে গমন করিলে, জ্ঞানানন্দ বলিলেন, ভগবানের কি কৃপা! সাধু সঙ্গ অমূল্য ধন! যাঁহার বাটীতে উপস্থিত হইয়াছি ইনি প্রকৃত ঈশ্বরপরায়ণ, ইঁহার সহিত আলাপে বিস্তর সুধা প্রাপ্ত হইব।

রামানন্দ বলিলেন আমি আপনকারদিগের সহিত আসিয়া কি সুখী হইয়াছি তাহা বলিতে পারি না। মহাশয়! বল্‌বা কি? স্ত্রী পুত্রের মুখ দেখিতাম না—তাহাদিগকে অনেক যন্ত্রণা দিয়াছি, সেই সকল কথা গুলি এক এক বার স্মরণ হয় আর মন সন্তাপে জ্বলে উঠে।

জ্ঞানানন্দ। রামানন্দ! স্থির হও; ঈশ্বর ধ্যান ও উপাসনাতে অসদ্‌ভাব বিগত হইবে ও আত্মা অনুতাপ বারির সিঞ্চনে মনোহর পুণ্যভাবে প্রস্ফুটিত অবশ্যই হইবে। প্রেমানন্দ আইস আমরাও উপাসনা করি।

রাগিণী সুহিনী।—তাল মধ্যমান।

কত পাপ করিয়াছি তোমার নিকট, তথাপি না ত্যাগ কর রেখেছ নিকট।
করে ধরি কুসন্তান; ক্রোড়ে মাতা দেন স্থান; সান্ত্বনা সুধাতে দূর করেন সঙ্কট।
ততোধিক তব দয়া; দিয়া স্বীয় পদ ছায়া; কালে নাশ কর তাপ পাপ বিকট॥

ধন্য তোমার ক্ষমা, ধন্য তোমার দয়া, ধন্য তোমার সহিষ্ণুতা। পৃথিবীতে কি ভয়ানক অত্যাচার হইতেছে। কত অশ্রাব্য অকথ্য কার্য্য লোকে বারম্বার করিতেছে। এই সকল দেখিয়া, এই সকল জানিয়া, এই সকল সহিয়া যথাবিহিত উপায়ে তাহাদিগকে পরিত্রাণ করিতেছ। আমাদিগের কি সাধ্য যে তোমার পতিতপাবন গুণের বর্ণন করি। কি সৃজনে, কি পালনে, কি রক্ষণে, কি তারণে, তোমার আনন্দ সম আনন্দ—কৃপাময়! ঐ আনন্দের কণা মাত্র প্রেরণ কর যে তাহা পাইয়া আমরা জীবনের সাফল্য লাভ করি।

নিত্যানন্দ অনুজ সহিত অন্তঃপুর হইতে আসিয়া বিশেষ আতিথ্যের পর আপন কথা কহিতে আরম্ভ করিলেন।

আমাদিগের আদিম বাস মুরশিদাবাদ। নবাব সরকারে পিতা রায়রেঞ্ছিলেন, তিনি ঘোর পৌত্তলিক ও দেবতাদিগের নিকট কেবল সাংসারিক সুখের প্রার্থনা করিতেন। আমরা দুই সহোদরে নিজামত স্কুলে পড়িতাম কিন্তু পিতার ঐশ্বর্য্যে সদা মত্ত থাকিতাম—সদা মনে ভাবিতাম পিতার বিয়োগ হইলে অসীম ধন পাইব, বিদ্যা শিক্ষা করা বড় আবশ্যক নাই। পিতা বহু ব্যয় করিয়া আমাদিগকে লেখা পড়া শিক্ষা করান, তাহাতে কেবল "নেতি নেতি" জ্ঞান হইল অর্থাৎ এ কিছু নয় ও কিছু নয় এই জানিলাম কিন্তু কি ভাল কি কর্ত্তব্য তাহা যদিও কিছু জানিলাম সে জানা কেবল নাম মাত্র হইল। কখন মনে হইত ঈশ্বর আছেন, কখন মনে হইত ঈশ্বর নাই, কখন মনে হইত এ সকল চর্চ্চা করা মিথ্যা। যে সকল বিষয় জানিলে লোকের নিকট প্রশংসা পাওয়া যায় এবং অহংকারের ও অভিমানের তৃপ্তি হয়, সেই সকল জ্ঞানে মনোনিবেশ হইত। স্থানে স্থানে সভা স্থাপিত হইল, সেই সকল সভাতে যাইয়া বক্তৃতা করত পাণ্ডিত্য প্রকাশ করিতাম। সত্যের প্রতি মন যাইত না, আপন জেদ যাহাতে রক্ষা হয় তাহাই করিতাম। আমার অভিপ্রায়ের বিপরীত শুনিলে রাগেতে পরিপূর্ণ হইতাম ও মেজ আঘাত করিয়া এমনি তর্জ্জন গর্জ্জন করিতাম যে অনেকেই আমার মতে মত দিতেন। কি প্রকারে সকলে আমাকে বিদ্বান্ ও সর্ব্বজ্ঞানবেত্তা বলিবে এই আমার লক্ষ্য এবং উদ্দেশ্য, বাস্তবিক কোন বিষয়েই আমার প্রগাঢ় জ্ঞান ছিল না। কিন্তু আপন অহংকার জন্য এটি কখনই স্বীকার করিতাম না। ধর্ম্ম বিষয়ে অতি দুর্ব্বল ছিলাম —কেবল লোক ভয়, ঈশ্বর ভয় কিছুমাত্র ছিল না। গোপনে অনেক অধর্ম্ম করিতাম ও ধার্ম্মিক লোক অনুসন্ধান করিলে অস্বীকার করিতাম। পদে পদে মিথ্যা না বলিলে অধর্ম্ম রক্ষা হয় না। আমার যেরূপ মনের ভাব সেই রূপ অনেকেরই ছিল—আমরা সকলে একত্র হইয়া নানা প্রকার অত্যাচার করিতে আরম্ভ করিলাম। অহংকার ও মত্ততায় এমনি পরিপূর্ণ হইলাম যে নিকটে কেহ ধর্ম্ম কথা কহিলে, মনে হইত এ ব্যক্তি বুঝি আমাদিগের লক্ষ্য করিয়া বলিতেছি এজন্য তাহাকে বলিতাম—তুমি নিন্দক, তুমি পাজি, তুমি আমাদিগের গ্লানি কর, তোমাকে চাবুক মারবো, তোমাকে গুলি করবো। এই রূপে কিছু কাল যায়। এক দিবস পিতা ডাকাইয়া অনেক অনুযোগ করিলেন। পিতার কথা শুনিয়া প্রজ্জলিত ক্রোধে বলিলাম—মহাশয় যা শুনিয়াছেন তাহা সকলই মিথ্যা, যাহারা বলিয়াছে তাহাদিগের নাম চাই—আপনাকে তাদের নাম দিতে হবে। পিতা বলিলেন বাবা, আমি কাহার নাম দিব? সমস্ত দেশ শুদ্ধই বলিতেছে, নাম দিতে গেলে দুই দিস্তে কাগজেতেও ধরিবে না।

পিতার কথা না শুনিয়া সে স্থান হইতে মশ মশ করিয়া চলিয়া গেলাম। বাটীতে দুই তিন দিবস আহার করিলাম না। পরে মাতা আমাকে আনয়ন পূর্ব্বক পিতাকে বলিলেন, পুত্রকে আর অনুযোগ করিও না, ও যাহা হউক,

আমার তাপহারক, যদি দোষ হইয়া থাকে তো কালেতে যাইবে। কিয়ৎ কাল পরে পিতা মাতার কাল হইল। বিষয় বিভব প্রচুর ছিল, কিন্তু অনবধনতা প্রযুক্ত কিছুই রক্ষা হইল না, ক্রমে ঋণ-পাশে বদ্ধ হইতে লাগিলাম। যে সকল বন্ধুর সহিত ধর্ম্মবন্ধন নাই, তাহারা দুঃখের সময় কখনই দৃষ্ট হয় না, হয়তো কেহ কেহ শত্রুতা সাধন করে। বিষয়চ্যুত হওয়াতে আমার চেতনা হইতে লাগিল; তখন স্ত্রী ও অনুজকে নিকটে আনাইয়া বলিলাম এত দিনের পর ঘোর বিপদে পড়িলাম—উপায় কি? ভদ্রাসন হস্তান্তর হইবে, কল্য কি আহার করি এমন সঙ্গতি নাই। স্ত্রী উত্তর করিলেন আমি লোক গঞ্জনায় ও মনের দুঃখে ম্রিয়মান ও যদিও তোমা কর্ত্তৃক অপমানিত ও তাড়িত হইয়াছি তথাচ সর্ব্বদাই সেই অনাশ্রয়ীর আশ্রয়ের নিকট আশ্রয় প্রার্থনা করিতেছি। যাহা সত্য ও ধর্ম্মতঃ তাহাই কর ও ক্লেশ ও দুঃখ যাহা হইবে তাহা ঈশ্বরকে স্মরণ পূর্ব্বক অপরাজিত চিত্তে বহন করিতে হইবে। অনুজ বলিলেন দাদা! পিতার অসীম বিভব যে তোমা কর্ত্তৃক নষ্ট হইয়াছে তাহার জন্য আমার কিছু বক্তব্য নাই—যদি এই ধন নাশে তোমার চিত্তের মঙ্গল হয় তাহাতেই আমার অনেক ধন লাভ। স্ত্রী ও অনুজের কথা শুনিয়া আমি নয়নের জল ধারণ করিতে অসক্ত হইয়া বলিলাম—অরে! আমি কি নরাধম জন্মিয়াছিলাম। আমার জীবনে ধিক্, আমি পশু হইতে জঘন্য—কীট হইতে জঘন্য—আমার মত পাপী বুঝি আর নাই—যদি এখন মৃত্যু কৃপা করে তবেই পরিত্রাণ পাই।

অনুজ বলিলেন—দাদা স্থির হও।

অপরা ঋগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোথর্ব্ববেদঃ শিক্ষাকল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দোজ্যোতিষমিতি। অথ পরা যয়া তদক্ষর—মধিগম্যতে। মুণ্ডক।

ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সাম বেদ, অথর্ব্ব বেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ, এ সমুদয় অশ্রেষ্ঠ বিদ্যা। যাহার দ্বারা অক্ষর পুরুষকে জানা যায়, তাহাই শ্রেষ্ঠ বিদ্যা।

মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং মামা ব্রহ্ম নিরাকরোদনিরাকরণমস্ত।

ব্রহ্ম আমাকে পরিত্যাগ করেন নাই, আমি যেন তাঁহাকে পরিত্যাগ না করি। তিনি আমা কর্ত্তৃক সর্ব্বদা অপরিত্যক্ত থাকুন। উপনিষদ।

এই দুইটী উপদেশ শুনিবা মাত্রেই আমার মনে একেবারে সংলগ্ন হইল—আমি কিঞ্চিৎ ভাবিতে লাগিলাম ও যত ভাবিলাম ততই এই উপদেশের সত্য পরিষ্কার বোধ হইল। সকল ভাল কথা সকল সময়ে গ্রাহ্য হয় না কিন্তু বিশেষ বিশেষ সময়ে ঐ সময় অনুযায়িক হিত বাক্য মন যেন দৌড়িয়া গ্রহণ করে। সকল বিদ্যা অপেক্ষা যে বিদ্যা দ্বারা ঈশ্বরকে জানা যায় তাহাই শ্রেষ্ঠ বিদ্যা ও ঈশ্বর আমাদিগকে কখন পরিত্যাগ করেন না অতএব আমাদিগের কর্ত্তব্য তাঁহাকে ত্যাগ না করা—তাঁহাকে সম্পূর্ণ রূপে বিশ্বাস করা, ও তিনি যাহা করেন তাহাতে নির্ব্বৃত হওয়া, কেবল এই ভাবেতে মগ্ন হইয়া

সাতিশয় প্রেমেতে অনুজকে আলিঙ্গন করিয়া বলিলাম—ভাই! তুমিই আমার গুরু, ইচ্ছা হয় তোমার পায়ের ধুলা লই।

মানব স্বভাব এই যে বয়সে সম্পর্কে অথবা পদে ছোট ব্যক্তিদিগের কর্ত্তৃক ভাল কথা কথিত হইলেও অহঙ্কার বশাৎ কথা প্রায় গ্রাহ্য হয় না। কিন্তু আমার তৎকালে এই জ্ঞান হইল যে

যুক্তি যুক্ত মুপাদেয়ং বচনং বালকাদপি।
অন্যৎ তৃণমিব ত্যাজ্য মুপ্যুক্তং পদ্মজন্মনা॥ যোগবাশিষ্ঠ।

বালক যদ্যপি যুক্তি মত বাক্য কহে তাহাও আদর পূর্ব্বক অবশ্য গ্রহণ করা উচিত কিন্তু অযুক্তিক কথা ব্রহ্মা কহিলেও তাহা তৃণের ন্যায় ত্যাগ করা কর্ত্তব্য।

আমাদিগের এই সকল কথা হইতেছে ইতি মধ্যে পল্লীস্থ এক ব্যক্তি আসিয়া বলিল যে ভদ্রাসন যাহার নিকট বন্ধক আছে সে আদালতের লোক সহিত কল্য দখল লইতে আসিবে। এই কথা শুনিয়া ক্ষণেক কাল অস্থির হইলাম পরে মনেতে আশু উদয় হইল যে ঈশ্বরের প্রতি বিশ্বাস কর,—তিনি কখনই পরিত্যাগ করিবেন না। পত্নী ও অনুজের সহিত পরামর্শ করিয়া এই স্থির করিলাম যে রাত্রির মধ্যেই ভদ্রাসন ত্যাগ করা কর্ত্তব্য কিন্তু কোথায় যাই—পল্লীতে এমত কেহ আত্মীয় নাই যে স্থান দেয়। আমাদিগের দুরবস্থা দেখিয়া কেহ নিকটে আইসে না—কেহ কিছু তত্ত্ব করে না। যা করেন ঈশ্বর, তিনি কখনই পরিত্যাগ করিবেন না—এই আমরা সকলে বলিতে লাগিলাম। দেখিতে দেখিতে দিবা অবসান হইল, কৃষ্ণপক্ষের তিথি—রাত্রি ঘোর অন্ধকার, আকাশ মেঘেতে আচ্ছন্ন। গৃহে কিছু নাই যে আহার করি, কেবল একটু জল পান করিয়া আমরা সকলে বাহির হইলাম। কিছুই দ্রব্যাদি ছিল না যে সঙ্গে লই, যাহার যে বস্ত্র গাত্রে কেবল সেই সম্বল। স্ত্রীর যাহা অলঙ্কার ছিল তাহা সকলই বন্ধক বা বিক্রয় করিয়াছিলাম, কেবল দুই হস্তে দুই গাছি পিতলের বালা ছিল। সদর রাস্তা দিয়া না যাইয়া গলি ঘুজি দিয়া যাইতেছি, মুখতে বস্ত্র ঢাকা যেন কাহার সহিত দেখা না হয়—কাহাকে কিছু পরিচয় না দিতে হয়, দুই তিন ক্রোশ যাইয়া পত্নী শ্রান্ত হইলেন। একে ভদ্র কন্যা, এতাদৃশ ক্লেশ ভোগ কখন করেন নাই, তাতে পূর্ণগর্ভা অধিক পরিশ্রমে অসক্ত। চলিতে চলিতে একটি বৃক্ষের তলায় বসিয়া পড়িলেন অনুজ আপন বস্ত্র দিয়া বায়ু ব্যাজন করিতে লাগিলেন। পত্নীর কাতরতা দেখিয়া আমার চক্ষের জল উথলিয়া পড়িতে লাগিল ও মনে করিলাম এই যন্ত্রণার মূল আমি—আমার মত পাপী আর নাই। হৃদয় তাপেতে ও দুঃখেতে বিদীর্ণ হইতে লাগিল ও ঊর্দ্ধে দৃষ্টি পূর্ব্বক বলিলাম—নাথ! আমি অতি নরাধম আমার আর কেহ নাই কেবল তুমিই আছ, যা কর তুমি। অনুজ আমাকে চিন্তাযুক্ত দেখিয়া বলিলেন—দাদা স্থির হও, কোন ভয় নাই, ঈশ্বরের প্রতি বিশ্বাস কর। কিছু কাল পরে পত্নীর শ্রান্তি দূর হইল। এদিকে প্রভাত হয় এমত সময়ে একটি ভগ্ন কুটিরের প্রান্ত ভাগে

যাইয়া রহিলাম। পত্নী ও অনুজকে বলিলাম তোমরা এখানে থাক, আমি গ্রামের ভিতর যাইয়া যদি কিছু ভিক্ষা পাই তবে অদ্য আহার হইতে পারিবে। অনুসন্ধান করিয়া জানিলাম যে হরিমোহন বাবু বড় জমিদার ও ধনাঢ্য। প্রত্যাশায় বারমান হইয়া তাঁহার নিকট যাইয়া দেখিলাম বাবু উচ্চ গদির উপর বসিয়া গুড় গুড়ি ভড়র ভড়র করিয়া টানিতেছেন ও ক্রমাগত চীৎকার করিতেছেন—ওকে ধর একে বাঁধ, ওকে মার, চতুর্দ্দিকে পাইক, গমস্তা, প্রজা, সকলেই ত্রাহি ত্রাহি বলিতেছে, কাছারি যেন সাক্ষাৎ যমালয়। আমি নিকটে যাইলে বাবু জিজ্ঞাসা করিলেন, কেরে তুই? আমি বলিলাম —ভিক্ষুক, বড় ক্লেশ পাইতেছি কিঞ্চিৎ ভিক্ষার জন্য আসিয়াছি। দূর! দূর! নেকাল দেও, নেকাল দেও, বেটা আমি কি বাপ মার শ্রাদ্ধ কর্‌তে বসেছি যে তোকে ভিক্ষা দিব? অমনি দৌবারিকেরা আমার গলায় হাত দিয়া বাহির করিয়া দিল। অতিশয় অপমানিত হইয়া বলিলাম—ভগবান্! মান প্রাণ সকলই তোমার হাতে, যা কর তুমিই—এ অপমান ক্ষুদ্র অপমান কিন্তু পাপ করণের অপমান যেন আর না ভুগিতে হয়। এই রূপ ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক গমন করিতে করিতে উপায় চিন্তা করিতেছি, ইত্যবসরে দুই জন পথিক পরস্পর বলাবলি করিয়া যাইতেছে—হরপ্রসাদ বাবু কি দয়ালু—দরিদ্রের মা বাপ! এই কথা শুনিবা মাত্রে আমি জিজ্ঞাসা করিলাম ভাই হে! হরপ্রসাদ বাবুর বাটী কোথায়? তাহারা বলিল ঐ যে মন্দির দেখিতেছ তাহার উত্তরে। অমনি অস্তে ব্যস্তে উক্ত বাবুর ভবনে উত্তীর্ণ হইয়া জানিলাম যে তিনি কার্য্যক্রমে স্থানান্তরে গমন করিয়াছেন, দুই তিন দিবস আসিবেন না। এই সংবাদ শুনিয়া বিবেচনা করিলাম যে আমার জন্য দুঃখের রাশি সঞ্চিত আছে, আমার যেমন কর্ম্ম তেমন ফল অবশ্যই হইবে, কিন্তু ঈশ্বর কখনই ত্যাগ করিবেন না। বেলা চারি পাঁচ দণ্ড হইল, রবির প্রখর উত্তাপ, অতিশয় ক্লান্ত হইয়া সেই ভগ্ন কুটিরের প্রান্ত ভাগে আসিয়া স্ত্রী ও অনুজকে সকল কথা বলিলাম। পত্নী কাতর হইয়া বলিলেন—নাথ! তোমার দুঃখ দেখিয়া আমি অতিশয় দুঃখিত হইতেছি—আমার আহারের জন্য কিছু চিন্তা করিও না, স্ত্রীজাতি অধিক ক্লেশ বহন ও সহ্য করিতে পারে, এক্ষণে দেখ যে আমার দুই গাছা পিতলের বালা বিক্রয় করিয়া কিছু পাইতে পার কি না। অনুজ বলিলেন যে কীট প্রস্তর মধ্যে, যে পক্ষী বায়ুস্থ, যে জীব গর্ভস্থ সকলেরই ভরণ পোষণ হইতেছে—অনাহারে কাহারও দিন যায় না। যে অবস্থাতেই পতিত হই ঈশ্বর কখনই ত্যাগ করেন না। যেমন অনুজ সর্ব্বদাই ধর্ম্ম চর্চ্চা করিতেন তেমনি পত্নীও তাঁহার পিতা কর্ত্তৃক অনেক ধর্ম্ম উপদেশ প্রাপ্ত হইয়াছিলেন। এই দুই জনের সহিত কথা বার্ত্তাতে দুঃখ বিস্মরণ পূর্ব্বক এক এক বার বোধ হইতে লাগিল যেন আনন্দের জ্যোতি চিত্তেতে প্রেরিত হইতেছে ও ক্ষুধা তৃষ্ণা তিরোহিত হইতেছে। সুরধনী সম্মুখে, উদক আনিয়া মুখ প্রক্ষালন করিয়া সকলে পরমাত্মাতে চিত্ত সমাধান করিলাম। উপাসনা কালে সকলের অন্তরে

যেন কেহ বলিতেছে—"ঈশ্বরের প্রতি বিশ্বাস কর, আনন্দ লাভ অবশ্যই হইবে।"

উপাসনানন্তর আমরা সকলে সুখাসীন হইয়া পরস্পরের প্রতি প্রেমেতে পূর্ণ হইলাম ও বৈর ভাব যে কেমন তাহা দেখিলেও বিশ্বাস হইত না। চিত্তেতে আনন্দের স্রোত প্রবাহিত হইতেছে, পত্নীর গল দেশে হাতদিয়া আমি বলিলাম —প্রিয়ে! বোধ হয় যে আমার ধন নিধন হওয়াতে আমি ধনী হইয়াছি। যদি সর্ব্বস্ব দানে এ ধন মেলে তবে দারিদ্রতা পূজ্য। হে নাথ! তুমি অকিঞ্চনের ধন—দুঃখে না পতিত হইলে তোমার ভাবে ভাবুক হওয়া যায় না। যদি দুঃখে পড়িলে তোমাকে পাই তবে যে দুঃখ প্রেরণ করিতেছ তাহার জন্য বার বার প্রণাম করি। অনুজ উত্তম গায়ক ছিলেন, ভক্তিতে পূর্ণ হইয়া এই গান করিলেন।

রাগিণী ইমন কল্যাণ।—তাল আড়া।

তবে কেন নয়নের বারি নিবারি। যদি এই বারিতে পাই সেই রূপের মাধুরী॥
রোদনে কর শোধন, নিরন্তর অন্তর ধন, নাশিবে শান্তি তপন, পাপ শর্ব্বরী।
পরে পাইবে যে হাস্য, সে হাস্য নয় উপহাস্য, সদা আনন্দ প্রকাশ্য, সুধা সর্ব্বোপরি॥

মধ্যাহ্ন সায়াহ্নের ক্রোড়ে বিলীন হইতেছে, চতুর্দ্দিক ঝিল্লিরবে শব্দায়মান। নদীর তীরে ইতস্ততঃ ভ্রমণ করিতেছি, ইতিমধ্যে এক জন ভদ্রলোক আমাকে দেখিয়া ব্যাকুল হইয়া জিজ্ঞাসা করিলেন—আপনি কে? আমি আপন পরিচয় দিলে আমার প্রতি অতিশয় কাতরতা প্রকাশ পূর্ব্বক বলিলেন—ভাই! তুমি ভদ্র সন্তান বিপদে পড়িয়াছ, যদি অনুগ্রহ করিয়া কিঞ্চিৎ গ্রহণ কর তবে বাধিত হই। আমার নৌকা ঐ, আমি শীঘ্র যাইব—এই বলিয়া আমার হস্তে বিংশতি মুদ্রা দিয়া শীঘ্র নৌকায় আরূঢ় হইলেন। আমি কৃতজ্ঞতায় অবাক্ হইয়া দণ্ডায়মান থাকিলাম—কেবল ঊর্দ্ধে দৃষ্টি করিয়া দুই হস্ত উত্তোলন করিলাম। নৌকা দৃষ্টির অগোচর হইলে পত্নী ও অনুজের নিকট আসিয়া মুদ্রা দিয়া সকল কথা কহিলাম। তাহারা বলিলেন ঈশ্বর কাহাকেও কখন পরিত্যাগ করেন না; তাহার প্রতি বিশ্বাসই মূল। পরে নিকটস্থ এক দোকানে যাইয়া আহারাদি করিয়া সে রাত্রি সেই খানে যাপন করিলাম। দোকানি আমাদিগের পরিচয় লইয়া বলিল—আপনারা ব্রাহ্মণ, ভদ্র লোক, ক্লেশে পড়িয়াছেন। আমি নিঃসন্তান ও আমার কিঞ্চিৎ বিষয় আছে, মনে করিয়াছি দোকান পাট উঠাইয়া বৃন্দাবনে গমন করিব। এক্ষণে এ দুঃখীকে দয়া করুন —এই বলিয়া আমার পায়ে পঞ্চাশটি টাকা অর্পণ করিল। আপনাদের দুঃখ মোচন জন্য ঐ দান গ্রহণ করিতে হইল ও দোকানিকে ধন্যবাদ প্রকাশ পূর্ব্বক নৌকা ভাড়া করিয়া আমরা প্রয়াগে আইলাম। টাকা যাহা ছিল তাহা সকলই ব্যয় হইল। ভরদ্বাজ আশ্রমের নিকট আসিয়া উপায়শূন্য হইয়া অনাহারে বসিয়া আছি, এমত সময়ে পত্নীর প্রসববেদনা উপস্থিত—বৃক্ষের

কতকগুলি গলিত পত্র সংগ্রহ করিয়া শয্যা করিয়া দিয়া বলিলাম—আমার জন্য তোমার এত ক্লেশ, এমত স্বামীর জীবনে কি প্রয়োজন? পত্নী হস্ত উত্তোলন পূর্ব্বক বলিলেন—এমন কথা কহিও না—তোমার ঈশ্বরের প্রতি বিশ্বাস ও ভক্তি হওয়াতে আমার যে বিভব ইহার তুল্য ঐশ্বর্য্য আর নাই। এক্ষণে আমার যে আনন্দ সে আনন্দ পুঞ্জ পুঞ্জ দাস দাসী আবৃত ও মণি মাণিক্য ভূষিত হইয়াও জন্মে নাই। রাত্রি দুই প্রহরের সময় নিরুদ্বেগে আমার এক নবকুমার জন্মিল। পুত্রের মুখ দেখিয়া মোহিত হইয়া তাহার মুখ চুম্বন করিলাম ও কর জোড়ে বলিলাম—হে দীনবন্ধু করুণাসিন্ধু! তোমার কার্য্য অদ্ভুত। বিষ পানে সুধা ও সুধা পানে বিষ। সম্পদে বিপদ ও বিপদে সম্পদ। এই ভিক্ষা দাও যেন পুত্রটী কুলপাবন পুত্র হয়—যে জ্ঞানে তোমাকে পাওয়া যায় সে জ্ঞান কৃপা করিয়া পুত্রকে প্রদান কর। শর্ব্বরী প্রভাতা—পক্ষী সকল চিকুর চিকুর শব্দ করিতে আরম্ভ করিল—জয় হরে মুরারে গান করত, ব্রাহ্মণ সকল স্নানার্থ যাইতেছেন। ভরদ্বাজ আশ্রম দর্শনে কতকগুলি প্রাচীন স্ত্রীলোকের সমাগম হইল। তাঁহারা দূর হইতে পত্নীকে দেখিয়া পরস্পর বলাবলি করিতে লাগিল—আহা! এ কে গো! চল সকলে নিকটে গিয়া দেখি। পর দুঃখে স্ত্রীলোক পুরুষ অপেক্ষা কাতর—ঐ প্রাচীনারা নিকটে যাইয়া বলিল—মা! তুমি কে গো! আহা কি রূপ লাবণ্য ও ধর্ম্মের জ্যোতি! তুমি কি দেবকন্যা—না রাজকন্যা, তুমি কে? পত্নী বলিলেন—মা আমি চিরদুঃখিনী কিন্তু যে দুঃখ আমার স্বর্ণ শয্যায় শয়ন করিয়া ছিল, সে দুঃখ এই পর্ণশয্যায় শয়নে নাই। পরে সকল বৃত্তান্ত শুনিলে প্রাচীনারা অতি কাতর হইয়া ঐ খানে এক খানি কুটীর নির্ম্মাণ করাইয়া দিলেন ও আপন আপন বাটী হইতে শয্যা খাদ্য দ্রব্য ও কিঞ্চিৎ অর্থ প্রেরণ করিলেন ও সর্ব্বদাই তত্ত্বাবধান করিতে আসিতেন। অনাথার দৈব সখা—অনাশ্রয়ীর আশ্রয় ঈশ্বর, কাহার হৃদয়ে কাহার জন্য দয়া প্রবল করান তাহা কে বলিতে পারে? তিনি কাহাকেও পরিত্যাগ করেন না—এই বিশ্বাস আমার মনে দৃঢ়ীভূত হইতে লাগিল। স্ত্রী সেই গৃহে থাকিতেন, আমরা নিকটে আর একটী কুটীরে বাস করিতাম—কেবল ভিক্ষাই উপজীবিকা। রাত্রে শয়ন করিয়াছি, স্বপ্ন দেখিতেছি যেন এক জন নিকটে আসিয়া বলিতেছেন, কল্য অমুক স্থানে অবশ্যই গমন করিবে। অনুজকে ও পত্নীকে এই কথা বলিয়া আমি সেই স্থানে গমন করিলাম—ক্লান্ত হইয়া এক তরুতলে বসিয়া আছি, এক এক বার মনে করিতেছি যে আমার ন্যায় ক্ষিপ্ত আর নাই—স্বপ্ন কখন কি সত্য হয়? ইত্যবসরে এক জন আমির জাদা এক অশ্বের উপর বেগে আসিয়া আমার নিকট উপস্থিত হইলেন। আমার মলিন আকার দৃষ্টি করত ঘোড়াকে চাবুক মারিতে মারিতে কিছু দূর গমন করিলেন—পুনর্ব্বার আমার নিকট খাড়া হইয়া জিজ্ঞাসা করিলেন—তুমি বড় গরিব? আমি বলিলাম হাঁ—এই কথা শুনিবা মাত্র আপনার জেব হইতে ৫০০ টাকার এক খানি হুণ্ডি আমার হস্তে দিলেন। আমি তাঁহাকে বিস্তর

সেলাম ও আশীর্ব্বাদ করিয়া জিজ্ঞাসা করিলাম—আপনি আমাকে এত টাকা কেন দান করেন? আমিরজাদা উত্তর করিলেন যে আমার এক বেগম ছিল তাঁহার স্মরণার্থে বৎসর বৎসর এক এক জন বড় গরিবকে এই টাকা দান করি। কাল রাত্রে স্বপ্ন দেখিয়াছি যে এই স্থানের গাছের নীচে যে লোক থাকিবে তাহাকে আমার দান করা কর্ত্তব্য—আমি তোমার নিকট প্রথমে আসিয়া আর একটু দূরে যাইয়া দেখিলাম যে আর কেহ নাই কেবল তুমি আছ অতএব তুমিই আমার দানের পাত্র। এই বলিয়া আমিরজাদা চলিয়া গেলেন, আমি অর্থ পাইয়া ঈশ্বরের কার্য্যে চমৎকৃত হইলাম, তিনি সকল অভাবই মোচন করেন ও বিপদ যাহা প্রেরণ করেন তাহাতে প্রকৃত সম্পদ হয়। পত্নী ও অনুজের নিকট আসিয়া সকল কথা ব্যক্ত করিলাম। তাঁহারাও আশ্চর্য্য হইলেন। তাহার পরে অনেক ঘটনা ঘটে তাহাতে আমাদিগের দৃঢ় সংস্কার এই হয় যে ঈশ্বরের প্রতি বিশ্বাসই সুখের মূল। যে টাকা পাইলাম তাহার অধিকাংশে একখানি দোকান করিলাম। দোকানে বিলক্ষণ লাভ হইল, পরে বাণিজ্যে প্রবৃত্ত হইলাম তাহাতে বিস্তর লাভ করিয়াছি। এক এক বার অধিক ক্ষতি হইত, তাহার জন্য ঈশ্বরের প্রতি বিশ্বাস করিয়া সমাহিত থাকিতাম। অতি লাভে হৃষ্ট হইতাম না, অতি ক্ষতিতেও ম্রিয়মাণ হইতাম না—সুখ দুঃখেতে অবিচলিত থাকিবার জন্য সর্ব্বদাই বলিতাম, প্রভু! তোমার যাহা ইচ্ছা তাই হউক ও তোমার যাহা ইচ্ছা তাহাই আমার মঙ্গল।

কালক্রমে অর্থ উপার্জ্জন করিয়া এই ভদ্রাসন করিয়াছি ও ভূমি ইত্যাদি যাহা ক্রয় করিয়াছি তাহাতে গ্রাস আচ্ছাদন চলিতে পারে। অনুজের বিবাহ ও সন্তান হইয়াছে ও আমার এক্ষণে চারি পুত্র। পত্নী কতকগুলি দীন দরিদ্র লোকের কন্যাকে বাটীতে আনয়ন পূর্ব্বক ধর্ম্ম উপদেশ দেন। অনুজ সদা পরহিতে রত ও আপনি কষ্ট স্বীকার করিয়া পরের উপকার করেন। আমি বিষয় কর্ম্ম হইতে ক্ষান্ত—যাহাতে অন্তরদৃষ্টির দীপ্তি ও অন্তরশীতলতা হয় এই চেষ্টা করিতেছি, কিন্তু আমি অকিঞ্চন ও অভাজন, বোধ করি এতদিনে এ দীনের সুপ্রভাত যে আপনাদিগের এখানে আগমন হইয়াছে।

জ্ঞানানন্দ ও প্রেমানন্দ উঠিয়া নিত্যানন্দ ও সদানন্দের সহিত আলিঙ্গন করত—ধন্য! ধন্য! সাধু! সাধু! বাক্যপুষ্প বৃষ্টি করিতে লাগিলেন ও বলিলেন যে ঈশ্বরের প্রতি বিশ্বাসে কি না হইতে পারে!

প্রেমানন্দ কর জোড়ে এই উপাসনা করিলেন।

মানব আত্মা যাহা সৃষ্টি করিয়াছ তাহা রত্নের খনি—খনন ও পরিষ্কারে কি অমূল্য মণি মাণিক্য লব্ধ হয়! তোমার অস্তিত্বের সংশয় হইলে সে সংশয় আত্মাই ছেদন করে। আত্মা তৎক্ষণাৎ সাক্ষ্য প্রদান করে যে তুমি আছ। পরকাল বিষয়ে সন্দেহ হইলে আত্মা বলে আমি অমর ও পরকাল অবশ্যই আছে তাহা না হইলে পরকাল সংক্রান্ত আমার আশা ও ভয় কেন? তোমার সহিত সংযুক্ত হইতে গেলে আত্মা উপদেশ দেয় যে ঈশ্বরের সহিত

বন্ধন কেবল আমার দ্বারা হইতে পারে—বাহ্য কার্য্যেতে হইতে পারে না, ও যদি আমাকে বলীয়ান করিতে চাহ তবে উপাসনা আহারে আমাকে বলিষ্ঠ-কর—উপাসনা পানে আমাকে শীতল কর ও উপাসনা যেরূপ ভক্তি ও প্রেমের সহিত করিবে সেই রূপ ঈশ্বরের সহিত আমার নৈকট্য হইবে—সেই রূপ তাঁহার শক্তি, জ্ঞান ও ধর্ম্মের জ্যোতি আমি লাভ করিব—সেই রূপ সেই আনন্দময়ের আনন্দ উপভোগ করিব ও যেমন আমার ইহলোকে অভ্যাস ও কর্ম্ম, তেমনি আমার পরলোকে গতি ও পুরস্কার। যদিও পরলোক চক্ষুর অগোচর কিন্তু আত্মার নেত্রের অগোচর নহে—আত্মাই আমাদের প্রকৃত উপদেষ্টা—আত্মশোধনেই জ্ঞানের আবিষ্কার, আত্মশোধনেই স্বর্গীয় ভাব, আত্মশোধনেই ব্রহ্মানন্দ। তুমি স্বয়ং সম্পূর্ণ—তোমার সকল কার্য্য সম্পূর্ণ। সকলের আত্মাতে তুমি বিরাজ করিতেছ, সকলকেই সমভাবে কৃপা করিতেছ। আমরা আপন দুর্ব্বলতা বশাৎ তোমাতে দুর্ব্বলতা প্রয়োগ করি। আমরা আত্মার প্রকৃত ভাব অনুসন্ধান ও উন্নতি সাধন না করিয়া মিথ্যা শাব্দিক সংস্কারে তোমাকে সামান্য দেবতা ও সামান্য পরিত্রাতা রূপে বর্ণন করি। নাথ! এ অপরাধ ক্ষমা কর, যাহারা এমত করে, তাহারা আপন অজ্ঞতা ও দুর্ব্বলতা বশাৎ করে। এক্ষণে এই প্রার্থনা করি তুমি যে অসীম অনন্ত অপরিমিত সম্পূর্ণ এই জ্ঞান ও ভাব সর্ব্বদেশে বিস্তীর্ণ হউক ও সর্ব্ব জাতির এই দৃঢ় বিশ্বাস হউক যে তুমিই সম্পূর্ণ স্রষ্টা, তুমিই সম্পূর্ণ পাতা, তুমিই সম্পূর্ণ নিয়ন্তা, তুমিই সম্পূর্ণ পবিত্রাতা, তুমিই সম্পূর্ণ চির মঙ্গলদাতা, এবং সকল জাতি যেন এক পিতার সন্তান স্বরূপে শ্রেণীগত সংস্কার ও দ্বেষ রহিত হইয়া হস্তে হস্ত স্কন্ধে স্কন্ধ ধারণ পূর্ব্বক কেবল তোমার পূজা ও অর্চ্চনাতে নিযুক্ত থাকে।

---

৯ অধ্যায়। আত্মোন্নতি।

রাগিণী গৌড় সারঙ্গ।—তাল মধ্যমান।

তব অধীন মোরে কর, ওহে বিশ্বধর। তোমা ছাড়ি স্বাধীনতা অতি ভয়ঙ্কর। গতি শক্তি জীবন, সকলের তুমি জীবন, ইচ্ছা মোর কর প্রভো যে ইচ্ছা তোমার।

বাঁচাও আর বাঁচাও এই রূপ শব্দে গাড়োয়ান গাড়ি চালাইতেছে—উষ্ট্র সকল ভারাক্রান্ত হইয়া মন্দ মন্দ গতিতে গমন করিতেছে—ক্রয় বিক্রয়ের কোলাহল—দ্রব্যাদির আমদানি রফ্তানি ও লোকের গমনাগমনে রাজমার্গ পরিপূর্ণ। নিত্যানন্দ অনুজ ও তিন জন বন্ধুর সমভিব্যাহারে বায়ু সেবনার্থে ইতস্ততঃ ভ্রমণ করিতেছেন। বসন্তের আগমন—পুষ্পের সৌগন্ধে চতুর্দ্দিক আমোদিত—তরু সকল নব নব পল্লবে সুশোভিত—সমীরণ এমত সুমিষ্ট যে এক এক বার সঞ্চালনে স্ফূর্ত্তি ও নব জীবন প্রদান করিতেছে। ভ্রমণ করিতে

করিতে সকলই এক উদ্যানে প্রবেশ করিয়া শ্রান্তি দূর জন্য বসিলেন। নিত্যানন্দ জ্ঞানানন্দকে বলিলেন—আপনকার পূর্ব্ব বৃত্তান্ত আমাকে আনুপূর্ব্বিক বলুন—আপনকার এ প্রকৃতি, এ জ্ঞান ও ধর্ম্ম কি রূপে হইয়াছে?

জ্ঞানানন্দ উত্তর করিলেন—আমার জ্ঞান ও ধর্ম্ম অতি সামান্য কিন্তু আমাকে যেমন সরল ভাবে আপনকার সকল কথা পরিচয় দিয়াছেন, আমি স্বীয় বৃত্তান্ত সকলই সেই রূপে বলিব। অজয়ের তীরে আমাদিগের বাস—জয়দেব আমাদিগের পূর্ব্ব পুরুষ ছিলেন, এজন্য অনেক শিষ্য, সেবক ও যজমান ছিল। গীতগোবিন্দের গৌরবে আপামর সাধারণ লোকে আমাদিগের বংশকে দেব বংশ গণ্য করিত। পিতার অসাধারণ মেধা ও জ্ঞান ছিল—তিনি নানা শাস্ত্র পাঠ করিয়াছিলেন—নানা ভাষা জানিতেন—নানা প্রকার লোকের সহিত সহবাস করিতেন—নানা স্থানে ভ্রমণ করিয়াছিলেন। তিনি শান্ত, সত্যানুরাগী ও মিতাভাষী ছিলেন। যাহা সংগ্রহ করিতেন তাহার সারভাগ গ্রহণ করিতেন ও সত্য পাইবার জন্য রাগ দ্বেষ ভয় ও লোভকে অভ্যাস দ্বারা বশীভূত করিয়াছিলেন। আমরা দুই ভ্রাতা তাঁহার নিকট সর্ব্বদা থাকিতাম ও সর্ব্বদাই তাঁহাকে শান্ত ও আনন্দিত দেখিতাম। বাটীর ভিতরে পিতা ও মাতা দুই জনেই প্রতিদিন উপাসনা করিতেন ও ঐ সময়ে দুই জনকে প্রেম ও ভক্তিতে বিগলিত দেখিয়া আমরা মুগ্ধ হইতাম। যেখানে প্রেমার্দ্র ভক্তি প্রবাহিত, সেখানে তাহার তরঙ্গ কাহার হৃদয়ে না লাগে? বোধ করি পশুরাও থাকিলে স্তব্ধ হয়। শৈশবাবস্থায় যে অভ্যাস হয় তাহা বিশেষ রূপে চিত্তে সংলগ্ন হয়। মাতা অতি ধর্ম্মপরায়ণা—গৃহ কর্ম্ম সমাপনানন্তর আমাদিগকে ক্রোড়ে লইয়া মুখ চুম্বন করত আমাদিগের মনের সদ্ভাব বর্দ্ধন-উপযোগী উপদেশ এমনি স্নেহ ও আদরের সহিত প্রদান করিতেন যে আমরা সর্ব্বদা মনে করিতাম কখন্ মাতার অবকাশ হইবে,—কখন্ আবার তিনি আমাদিগকে ক্রোড়ে করিবেন। যাহাতে আমাদিগের ভ্রম নিবারণ, সত্যেতে অনুরাগ, জ্ঞানের অর্জ্জন ও প্রেমের বৃদ্ধি হয় ইহাই মাতার লক্ষ্য ছিল। প্রতিদিন বিকালে পিতা আমাদিগকে লইয়া উদ্যানে গমন করিতেন, সেখানে বীজ বপন কি রূপে করিতে হয়, কি রূপে বীজের অঙ্কুর হয়, কি রূপে পল্লব, কি রূপে ফুল ও কি রূপে ফল হয় তাহা দেখাইয়া পরিষ্কার রূপে বুঝাইয়া দিতেন। এক দিন আমি জিজ্ঞাসা করিলাম—পিতা! একটি শুষ্ক বীজ হইতে এই বৃহৎ ব্যাপার, একি অদ্ভুত! অমনি প্রেম আমার গাত্রে হাত দিয়া বলিল—"দাদা, দেখ আকাশ নীল ছিল এখন সিন্দূর হইল—আবার দেখ,—দেখ ওদিকে নানা রং—বা! বা!"। যে বৃক্ষের নিকট আমরা দাঁড়াইয়াছিলাম, তাহার উপরে একটি পক্ষীর বাসা ছিল— শাবকগুলি নীরবে ছিল, মাতাকে দেখিবা মাত্রই চিঁ চিঁ করিতে লাগিল। মাতা আপন গ্রীবার ভিতরে যে আহার সংগ্রহ করিয়া আনিয়াছিল তাহা শাবকদিগকে ভক্ষণ করাইয়া উড়িয়া গেল। দেখিতে দেখিতে মেঘের আগমন হইল ও

বৃষ্টি পড়িতে লাগিল. অমনি ঐ পক্ষী অতিশয় বেগে আসিয়া শাবকদিগের উপরে আপন পক্ষ আচ্ছাদন করিয়া বসিল। আমার মনে হইল একি চমৎকার ব্যাপার! যদি ঈশ্বরের অবতার মানা কর্ত্তব্য হয় তবে তাঁহার প্রেম অবতার মানা শ্রেয়, কারণ তিনি প্রেম স্বরূপেই সপ্রকাশ। কিয়ৎ কাল পরে বৃষ্টি বিগত হইলে আমরা উদ্যানে ভ্রমণ করিতে করিতে দেখিলাম এক পার্শ্বে মধুমক্ষিকার চাক হইয়াছে—মাক্ষিকা সকল ভন্ ভন্ করিতেছে। চাক একটুকু ভাঙ্গিয়া পড়িয়াছিল তাহা লইয়া পিতা আমাদিগকে বলিলেন দেখ মধুমক্ষিকারা পুষ্প হইতে মধু আনয়ন করে ও ঐ মধু হইতে যে মোম নিঃসৃত হয় তাহাতে কি প্রয়োজন-উপযোগী ও অপূর্ব্ব চাক গঠন করিয়া শাবকদিগকে লালন পালন করে! এরূপ চাক মনুষ্য দ্বারা নির্ম্মিত হইতে পারে না। চাকের রেখা ও কোণ কি পরিপাটী! ক্ষুদ্র কীটের কি শক্তি এবং শাবকের প্রতি কি যত্ন ও কি স্নেহ! ঐ যে প্রাচীরের উপরে চাক দেখিতেছ তাহাতে তিন প্রকার মধুমক্ষিকা। যেটী দেখিতে উত্তম ঐটি রাণী; তাহার মহল দুই দিকের তিন তিনটি ঘর। যে সকল মক্ষিকা নিকটবর্ত্তী তাহারা রাণীর দাসী। রাণী প্রায় স্ব স্থানে থাকেন। ঐ দিকে যে সকল মধুমক্ষিকা তাহারা কর্ম্মকারী—নানা শ্রেণীতে বিভক্ত। কেহ কেহ মোম প্রস্তুত করে, কেহ কেহ চাক নির্ম্মাণ করে, কেহ কেহ শাবকদিগকে আহার দেয়, কেহ কেহ চাকে বায়ু ব্যজন করে, কেহ কেহ চাকের দ্বার রক্ষা করে এবং অনেকে বন উপবন ভ্রমণ করতঃ মধু সংগ্রহ করে। আর চাকের নিম্নে যাহারা থাকে তাহারা অকর্ম্মণ্য—সকলই পুরুষ মক্ষিকা। তাহাদিগের মধ্যে এক মক্ষিকা রাণীর স্বামী; তাহার মরণ হইলে রাণী আর বিবাহ না করিয়া কেবল রাজ্যের কার্য্য দেখেন। কি ক্ষুদ্র কি বৃহৎ সকল বস্তুতেই যে আশ্চর্য্য দেখি সে আশ্চর্য্যের মূল আশ্চর্য্যময় পিতা। তিনি যাহাকে যাহা প্রদান করিয়াছেন সেই তাহা পাইয়াছে। কিন্তু যেমন চেতনের চেতন জীবন, তেমনি জীবনের জীবন প্রেম।

এই সকল দেখিয়া ও শুনিয়া পিতাকে বলিলাম—বাবা! আশ্চর্য্যেতে স্তব্ধ হইতেছি যিনি এই সকল করিয়াছেন তাঁহার তুল্য আর কেহ নাই। পিতা উত্তর করিলেন—তিনি অতুল্য ও অনুপমেয় ও কত শ্রেষ্ঠ ও কত মহৎ তাহা বর্ণনাতীত। উপদেশ প্রদানে পিতার এই রূপ কৌশল ছিল যে আপনি অধিক বলিতেন না কিন্তু এমত সকল দৃশ্য দেখাইতেন ও এমত সকল কথা শুনাইতেন যে তাহা দেখিয়া ও শুনিয়া আমাদিগের জানিবার ইচ্ছা প্রবল হইত এবং জিজ্ঞাসা করিলে এমনি সুন্দর রূপে বলিয়া এমত স্থানে বিরাম করিতেন যে আমাদিগের জানিবার তৃপ্তি পরিশান্তি হইত না; এক প্রস্তাবের উত্তর অন্য প্রস্তাবের উদ্বোধক, শীঘ্র পর্য্যবসান হইত না সুতরাং আমাদিগের জানিবার ইচ্ছা সদা জাগ্রৎ থাকিত ও যে উপদেশ পাইতাম তাহা লইয়া আমরা দুই ভ্রাতাতে তর্ক বিতর্ক করিয়া কি গ্রাহ্য কি অগ্রাহ্য তাহা পিতার

নিকট বলিতাম। যে সকল অসার চিন্তা, অসার বাক্য, অসার কর্ম্ম, তাহা হইতে আমরা সর্ব্বদা বিরত থাকিতাম। উদ্যানে আমরা পিতার সহিত খনন, বপন, জলসেচন করিতাম, তাহাতে শরীর বলিষ্ঠ হইত ও মনেতে স্ফূর্ত্তি জন্মিত। পিতা সর্ব্বদা কহিতেন যে মানসিক বৃত্তি উত্তম রূপ পরিচালন জন্য শারীরিক বৃত্তির পরিচালন করা কর্ত্তব্য। তিনি সৃষ্টি প্রকরণ লইয়া উপদেশের প্রসঙ্গ করিতেন। পর্ব্বত হিম, তুষার ধারণ করে, ঝড় বৃষ্টি সহ্য করে ও নদ নদী প্রকাশ করে। সমুদ্র স্বীয় বক্ষঃস্থলে অবহনীয় বহন করে, অসংখ্য জীব ও লতা পালন করে ও নদ নদীকে ক্রোড়ে করে। যে বায়ু পশু ও মনুষ্যের জীবন-উপযোগী, সে বায়ু উদ্ভিদের বর্দ্ধন-উপযোগী নহে, এজন্য পশু ও মনুষ্যের প্রশ্বাসিত বায়ু উদ্ভিদ গ্রহণ করিতেছে ও উদ্ভিদ-নিঃসৃত বায়ু মনুষ্য গ্রহণ করিতেছে। বায়ু দিবা রাত্রিতে এই প্রকার পরিবর্ত্তিত হইয়া সাধারণের কি মঙ্গল-জনক ও পশু ও উদ্ভিদ রাজ্যের পরস্পর কি উপকারক! যে সকল দ্রব্য পশু ও মনুষ্য কর্ত্তৃক পরিত্যক্ত তাহা উদ্ভিদের আহারীয় ও উদ্ভিদ রাজ্য হইতে যাহা আমরা প্রাপ্ত হই তাহা পশু ও মনুষ্যের আহারীয়, পানীয়, ঔষধীয় ও নানা কর্ম্ম-উপযোগী। লতা ও বৃক্ষ রসের দ্বারা পল্লবিত হয়, আবার ঐ রস শিকড় বক্ষার্থে ডোল পালা হইতে প্রেরিত হইয়া থাকে। সকল বস্তু হইতে রস ও বারি নিম্ন হইতে উপরে আকর্ষিত হইতেছে ও পুনর্ব্বার নিম্নে আসিতেছে। সমস্ত সৃষ্টিতেই আদান প্রদান সম্বন্ধ—সমস্ত সৃষ্টি ঈশ্বরের অসীম শক্তি, জ্ঞান ও প্রেম প্রকাশক ও প্রেমই সৃষ্টির জীবন ও প্রাণ এবং প্রেম অপেক্ষা আর বল নাই।

অয়ং বন্ধুরয়ং নেতি গণনা ক্ষুদ্রচেতসাং। উদারচরিতানন্তু বসুধৈব কুটুম্বকং। যোগবাশিষ্ঠ।

ইনি বন্ধু, ইনি বন্ধু নহেন, এই রূপ গণনা ক্ষুদ্র-চিত্ত অজ্ঞানী লোকের হয়, উদারচরিত্র জ্ঞানীর পক্ষে জগতের সকলেই কুটুম্ব।

পিতার এই সকল কথা শুনিবা আমরা সময়ে সময়ে বিরলে ভাবিতাম। যদি পিতার চরিত্র ও ব্যবহার তাহার উপদেশের বিপরীত দেখিতাম তাহা হইলে তাঁহার উপদেশের প্রতি শ্রদ্ধা হইত না কিন্তু তাঁহার কার্য্য বাক্য হইতেও উচ্চ। তিনি সকলের নিকট অতি নম্রভাবে চলিতেন। অনেকে তাঁহাকে সামান্য ব্যক্তি জ্ঞান করিত। তাঁহারও ক্ষণমাত্র এমত বাসনা ছিল না যে লোকে তাঁহাকে জ্ঞানী বা ধার্ম্মিক বোধ করে। তাঁহার এমনি কোমলতা ও শান্ত স্বভাব যে আমাদিগের মধ্যে মধ্যে জ্ঞান হইত যেন আমরা মাতার নিকটে আছি। এ কথা উল্লেখ করার তাৎপর্য্য এই যে পুরুষ স্ত্রীর ন্যায় কোমল না হইলে প্রকৃত ঈশ্বর-প্রেমী হইতে পারে না।

যখন আমার ষোল বৎসর বয়ঃক্রম হইল তখন পিতাকে বলিলাম—বাবা! পল্লীর বালকেরা পুস্তক হইতে অনেক কথা কণ্ঠস্থ করিয়াছে ও কখন কখন দুই এক জনের সহিত দেখা হইলে তাহারা আমাদিগকে অবহেলা করে কিন্তু

এরূপ করাতে আমরা অসুখী নহি। আপনি যে উপদেশ দেন—তাহাতে আমাদিগের মন বল পায়। আপনি যাহা দেখান, যাহা বলেন, যাহা বিবেচনা করান, তাহাতে এই স্থির করি যে ঈশ্বর ছাড়া কিছুই নাই—তিনি সকলেরই আধার—তাঁহাকে লাভ করিলেই সকল লাভ। যখন আপনি আমাদিগকে পর্ব্বত, নদ, নদী, চন্দ্র, সূর্য্য, তারা প্রভৃতি দেখাইতেন, তখন আমরা আশ্চর্য্যে স্তব্ধ হইতাম। পরে যখন পশু পক্ষী ও পতঙ্গের জ্ঞান ও স্নেহ ও যে সকল অচেতন বস্তু তাহাদিগের মধ্যেও আদান প্রদান সম্বন্ধ ও সকলই প্রেমময় দেখি, তখন আমাদিগের আশ্চর্য্য ভাব প্রেম-ভাবের সহিত মিলিত হয়। পূর্ব্বে পূর্ব্বে যেমন আপনকার প্রতি প্রেম, তেমনি ঈশ্বরের প্রতি প্রেম হইত। এক্ষণে সে প্রেম অসীম ভক্তির সহিত প্রবাহিত হইতেছে, ও যেখানে চক্ষু উন্মিলন করি ও যাহা চিন্তা করি তাহাতেই প্রেমার্দ্র ভক্তির বৃদ্ধি হয়। এই কথা শুনিয়া পিতা আমার মস্তকে চুম্বন করত কহিলেন—বাবা! এই ভাবের উদ্দীপন করাই আমার লক্ষ্য। এই ভাবের বৃদ্ধিতেই সকল জ্ঞান, সকল ধর্ম্ম, সকল বল, সকল আনন্দ, সকল সুখ পাইবে। কোন কোন লোক মানব আকার ব্যতিরেকে ঈশ্বরকে ভক্তি করিতে পারে না কিন্তু ঈশ্বর এক আত্মাতে নহেন, তিনি সর্ব্ব আত্মাতে বিরাজমান; যখন আমাদিগের আত্মা পরম আত্মার সহিত সংযুক্ত তখনই জীবনের উদ্দেশ্য সম্পন্ন। পরমাত্মা দাতা, আমরা গৃহীতা, আমরা যতই পাইতে ইচ্ছা করি, ততই পাইতে পারি। তাঁহার সহিত সংযোগ না হইলে কিছুই হইতে পারে না। যদি কেবল শরীর লক্ষ্য করিয়া কাল যাপন করা যায় তবে সে কাল যাপন পশুবৎ। যদি আত্মা লক্ষ্য করিয়া জীবন ধারণ করি, তাহা হইলে তাঁহার সহিত সংযুক্ত হইতে পারি। যখন আত্মা ঈশ্বরের সৃষ্টি দেখিয়া তাঁহার অসীম জ্ঞান, প্রেম ও পবিত্রতা ধ্যান করে—যখন আত্মার এই দৃঢ় বিশ্বাস যে ঈশ্বর আনন্দময় ও তাঁহার সকল কার্য্য মঙ্গল জনক—যখন আত্মা নিশ্চয় রূপ জানে যে তিনি কাহাকেও ত্যাগ করেন না ও সকলেরই চির-মঙ্গলকারী ও তিনি আমাদিগের বিপদকে সম্পদ করেন ও দুঃখকে সুখ করেন, তখন কি শান্ত ও গভীর ভাবের উদয় ও ঐ ভাবেতেই ঈশ্বরের সহিত আমাদিগের সংযোগ। যে আত্মা ঈশ্বরের সহিত সংযুক্ত, তাহার বল সামান্য নহে—আহ্লাদ সামান্য নহে এবং কি গৃহে কি সমাজে সত্য স্বরূপ প্রেম স্বরূপ ও পবিত্রতা স্বরূপ সকল কার্য্যেতে প্রকাশ পায়। সে আত্মা সময় সময়ে শুষ্ক রূপে উপাসনা করে না, সে আত্মা সকলেতেই, কি বাহিরে কি অন্তরে, ঈশ্বরকে দেখে ও যেমন স্বয়ং পবিত্র হয় তেমনি অন্যকে পবিত্র করে। সে আত্মা কেবল ধ্যানারূঢ় হয় না, সে আত্মা ঈশ্বরের ছায়া পাইয়া কার্য্যেতে ধাবমান হয় ও ঈশ্বরের ন্যায় জ্ঞান প্রদানে, ধর্ম্ম প্রদানে, সান্ত্বনা প্রদানে, ক্ষমা প্রদানে, সুখ প্রদানে সদা আনন্দিত থাকে। কালেতে চন্দ্র, সূর্য্য, তারা ও পৃথিবীর রূপান্তর হইতে পারে—কালেতে জল স্থল হইতে পারে ও

স্থল জল হইতে পারে—কালেতে পর্ব্বত মৃত্তিকা হইতে পারে ও মৃত্তিকা পর্ব্বত হইতে পারে কিন্তু আত্মার বিনাশ নাই—আত্মা বর্দ্ধনশীল—আত্মা পারমার্থিক সার পদার্থ ও আপন শক্তি ক্রমশঃ অবশ্যই প্রকাশ করিবে। কি জ্ঞান, কি ধর্ম্ম, কি বল সকলই আত্মার অন্তর্গত। আত্মাই বেদ—আত্মাই উপনিষদ—আত্মাই বাইবেল—আত্মাই কোরান ও যাহা বেদে নাই, উপনিষদে নাই, বাইবেলে নাই, কোরানে নাই, তাহা আত্মাতে আছে। বাহ্য সৃষ্টি উদ্বোধক, আত্মা গ্রাহক, ধারক, পরিমার্জক, উৎপাদক, উপদেশক, নিয়ামক। আত্মা গ্রন্থের ন্যায় গ্রন্থ নাই। আত্মাতে যে রত্ন আছে তাহা সমস্ত সমুদ্রের ভিতরে নাই—সমস্ত খনিতে নাই—সমস্ত জগতে নাই। বাবা! ঈশ্বরের প্রতি প্রেমার্দ্র ভক্তি বৃদ্ধি করিয়া আত্ম-গ্রন্থ পাঠ কর ও আত্মার অপ্রকাশিত রত্ন প্রকাশ করিয়া লাভ কর। ঈশ্বরের ধ্বনি বায়ুতে প্রকাশ, জ্যোতি সূর্য্যেতে প্রকাশ, শুভ্রতা চন্দ্রেতে প্রকাশ, বাণী আত্মাতে প্রকাশ। সে বাণী শব্দায়মান নহে, কিন্তু গভীর, শান্ত, অভ্রান্ত ও বজ্র অপেক্ষা প্রবল। যাঁহারা ঈশ্বরকে সম্পূর্ণ রূপ বিশ্বাস করেন, তাঁহার নিকট হইতে সকল জ্ঞান ও ধর্ম্ম পাইতে বাঞ্ছা করেন এবং সকল কার্য্যেতে আপনাদিগের ইচ্ছা তাঁহার ইচ্ছার অধীন করেন, তাঁহারাই ঐ বাণী শ্রবণ করেন—তাহারাই তখন যুক্তাত্মা হইয়া সার জ্ঞান, সার ধর্ম্ম,—সার আনন্দ লাভ করেন ও যাহা অপাঠ্য অজ্ঞেয়, অপ্রকাশ্য, তাহা পাঠ্য, জ্ঞেয় ও প্রকাশ্য হয়। আত্মার বাণী শ্রবণ জন্য বাহ্য বিজন স্থান হইলেই হয় না। আত্মাকে বিজন ও বিরল করিতে হইবেক। এ কেবল ঈশ্বর লাভ বাসনা—অভ্যাস ক্রমে ক্রমে প্রবল করাতে হইতে পারে। আত্মার বাণী যখন বক্ষ্যমান তখন সেই বাণী সকল প্রবৃত্তি-সকল কার্য্যের নিয়ামক হয়। পিতার নিকট এই রূপ উপদেশ পাইয়া আমরা অতিশয় উপকৃত হইতাম। বিয়ৎকাল পরে এক দিবস উদ্যানে তাঁহাকে জিজ্ঞাসা করিলাম—পিতা! ঈশ্বরের সহিত আত্মার সংযোগ করাই জ্ঞানের, ধর্ম্মের ও বলের মূল ও প্রেমার্দ্র ভক্তিই সংযোগের উপায়। কিন্তু যাহারা এ সংযোগের উপায় বিহীন অথচ এ সংযোগ করিতে ইচ্ছুক তাহাদিগের পক্ষে কি বিধি? পিতা উত্তর করিলেন, তাহাদিগের কর্ত্তব্য অল্প অল্প করিয়া ঈশ্বরকে ধ্যান করা—যদি ধ্যান করিতে অসক্ত তবে প্রথমে কোন স্তোত্রের কিয়দংশ প্রতিদিন পাঠ করা শ্রেয়। এরূপ করিতে করিতে ধ্যানাবস্থা ক্রমে ক্রমে হইবে ও ধ্যানাবস্থাতে ধ্যানাবস্থার বৃদ্ধি ও অন্তর্দৃষ্টির উদ্দীপন ও অন্তর্দৃষ্টি বৃদ্ধিতে আনন্দাবস্থা। আনন্দাবস্থাতে ধ্যানের ক্লেশ কিঞ্চিন্মাত্র থাকে না, আনন্দ আপনা আপনি প্রবাহিত হয়, তখন ঈশ্বরের ইচ্ছার অধীন হওয়াই আত্মার আনন্দ—তখন পর দুঃখ পর সুখ আত্ম দুঃখ আত্ম সুখ এই জ্ঞান ভাব ও ক্রিয়াই আনন্দ ও এই ভাবের যতই বৃদ্ধি হইবে ততই আত্মার স্বর্গীয় অবস্থা বৃদ্ধি হইবে, ততই ঈশ্বরের সহিত সম্মিলন হইবে। প্রথমে বাহ্য পরে অন্তর, প্রথমে শুষ্কতা, পরে মিষ্টতা, প্রথমে কল্পিত পরে

বাস্তবিক, প্রথমে অভ্যাস পরে লাভ। যেমন জ্ঞান সাধনে প্রথমে কষ্ট পরে লাভ তেমনি ধর্ম্ম সাধনে প্রথমে ক্লেশ পরে আনন্দ। যতটুকু ধ্যান ভক্তির সহিত অভ্যাসিত হইতে পারে ততটুকুই ভাল নতুবা ধ্যান শুষ্ক ধ্যান হইবে। ফলত যে ব্যক্তি অকপট ভাবে ঈশ্বর উপাসক হইতে ইচ্ছুক হয় সে যদি অকপট ভাবে কেবল "জগৎপিতা" বলিয়া ডাকে, তাহার আত্মার উন্নতির উপায় ঈশ্বর তাহার আত্মাতেই ক্রমে প্রেরণ করেন। সারল্য ও নিষ্ঠাই ঈশ্বর লাভের মূল।

স সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামান্, যস্তমাত্মান মনুবিদ্য বিজানাতি। ছান্দোগ্য।

যিনি পরমাত্মাকে অন্বেষণ করিয়া জানিতে পারেন, তাঁহার সকল লোক প্রাপ্তি হয় এবং সকল কামনা সিদ্ধ হয়।

সংসারে যে সকল দুঃখ সে কেবল ঐশ্বরিক বল বিহীন হইলে ঘটে। যখন আত্মা ঐ বল প্রাপ্ত হয় তখন সকল দুঃখ অতিক্রম করিতে পারে ও পাপের দ্বারা আক্রান্ত হইলেও ঈশ্বরের বলে জয়ী হয়। ঈশ্বরই আমাদিগের সকলের আধার ও তাঁহার সহিত সংযুক্ত না হইলে জ্ঞান বল, ধর্ম্ম বল, বল বল, আনন্দ বল, সুখ বল কিছুই হইতে পারে না; অতএব প্রাণপণে ঈশ্বরেতেই সংযুক্ত থাকিবে।

পিতার এইরূপ উপদেশে আমাদিগের মন নেত্র উন্মীলিত হইতে লাগিল ও জীবনের উদ্দেশ্য জানিয়া তদনুযায়িক কার্য্যে প্রবৃত্ত হইলাম। কালেতে পিতার শিষ্য সেবক যজমান সকলই গেল কারণ তাঁহার ধর্ম্ম-উপদেশে সকলের মনঃপুত হইত না। পিতা তাহাতে অসন্তুষ্ট হইতেন না। আপনার যে অভিপ্রায় তাহাই অনাড়ম্বররূপে প্রচার করিতে লাগিলেন। তিনি সর্ব্বদাই বলিতেন যে মনুষ্য যে অবস্থায় থাকুক সত্য ও ধর্ম্মের বৃদ্ধি জন্য কায়মনু বাক্যের দ্বারা যত্নবান হইবে ও যেমন আপন অন্মোন্নতি জীবনের প্রধান লক্ষ্য তেমনি অন্যের পারলৌকিক মঙ্গলও আমাদিগের উদ্দেশ্য। কিন্তু এই কার্য্য কেবল সত্যকাম হইয়া প্রেমবলে সম্পন্ন হইতে পারে, সত্যকেই লক্ষ্য করিতে হইবেক, আত্ম-গৌরব ও অভিমানকে একেবারে বিসর্জ্জন দিবে। নিষ্কাম না হইলে ঈশ্বরের অভিপ্রেত কার্য্য হয় না। কিয়ৎ কাল পরে মাতার কাল হইল—আমরা দুই ভ্রাতা অতিশয় শোকে মগ্ন হইলাম। পিতা ধৈর্য্য অবলম্বন করিয়া শান্ত ভাবে বলিলেন।

সমানে বৃক্ষে পুরুষোনিমগ্নো অনীশয়া শোচতি মুহ্যমানঃ। জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমস্যমহিমানমিতি বীতশোকঃ। শ্বেতাশ্বতর।

জীবাত্মা শরীর মধ্যে নিমগ্ন রহিয়া এবং দীন ভাবে মুহ্যমান হইয়া সর্ব্বদা শোক করিতে থাকে, কিন্তু যখন সর্ব্ব-সেব্য ঈশ্বরকে ও তাঁহার মহিমাকে দেখিতে পায়; তখন তাহার আর শোক থাকে না।

পিতা আমাদিগকে সর্ব্বদা নিকটে রাখিয়া ঈশ্বর-প্রসঙ্গ এমনি করিতেন

যে আমাদিগের বিশ্বাস দৃঢ়ীভূত হইল যে মাতা পরলোকে সুখে আছেন ও ঈশ্বরের কোন কার্য্যই অমঙ্গল নহে ও ঈশ্বরেতে সংযুক্ত থাকা দুঃখ নিবারক, ও জ্ঞান ও সুখ বর্দ্ধক। পরে আমরা পিতার সহিত চারি পাঁচ বৎসর নানা স্থানে ভ্রমণ করিলাম। এক এক পর্ব্বতের উপর উঠিতাম ও সেখান হইতে যাহা দেখিতাম তাহাতে চিত্ত প্রফুল্ল হইত ও ঐ প্রফুল্লতা প্রেমার্দ্র ভক্তিকে গান গাথা স্বরূপে প্রকাশ করিত। স্থানে স্থানে ঝর্ণা ও জলাকার—স্থানে স্থানে গিরিশিখর ঘন অভ্রের সহিত সম্মিলন—স্থানে স্থানে পুষ্প-উদ্যান যেন পুষ্প-শয্যা—স্থানে স্থানে দৃষ্টিভেদী উচ্চ উচ্চ দারু—স্থানে স্থানে এমনি নিস্তব্ধতা যে আত্মার গভীর ভাব সকল উচ্ছলিত হইত—স্থানে স্থানে এমনি মনোহর শোভা যে তাহা দেখিয়া আমাদিগের ক্ষুধা, পিপাসা থাকিত না। ভ্রমণ ভ্রম নিবারক, মন-নেত্র-প্রকাশক ও শান্তি-বর্দ্ধক—ভ্রমণেই "সর্ব্ব-সেব্য ঈশ্বরকে ও তাঁহার মহিমাকে দেখিতে" পাওয়া যায়। এক এক বার মনে হইত যে যদি পিতা শৈশবকালাবধি বিশেষ উপদেশ ও আপন পবিত্রতার দ্বারা আমাদিগের আত্মা ঈশ্বরের সহিত সংযোগ না করাইতেন, তবে আমাদিগের কি দশা হইত? তবে কোথা হইতে জ্ঞান পাইতাম? কোথা হইতে ধর্ম্ম পাইতাম? কোথা হইতে বল পাইতাম? কোথা হইতে আনন্দ পাইতাম? পাণ্ডিত্যিক ভ্রম জনক জ্ঞানে কি হইত? কল্পিত ধর্ম্ম শাস্ত্রে কি ধর্ম্ম হইত? ধন, জন ও পদ বলে কি বল হইত? ইন্দ্রিয় সুখ সাধনে কি আনন্দ হইত? যাহাদিগের ঈশ্বর লক্ষ্য নয়, তাহাদিগের জ্ঞান অজ্ঞানতা বর্দ্ধক। যাহাদিগের ঈশ্বর লক্ষ্য নয়, তাহাদিগের ধর্ম্ম স্থৈর্য্য ও মূল বিহীন। যাহাদিগের ঈশ্বর লক্ষ্য নয়, তাহাদিগের বল বিশ্বাস বিহীন ও প্রলোভন দুঃখ শোক অতিক্রমে অসক্ত। যাহাদিগের ঈশ্বর লক্ষ্য নয়, তাহাদিগের আনন্দ শরীর সম্বন্ধীয় ও পশুবৎ, তাহাদিগের আনন্দ আত্মা সম্বন্ধীয় হই ত পারে না ও যাহা আত্মা সম্বন্ধীয় নহে তাহাতে নিরানন্দ—তাহাতে দুঃখের উৎপত্তি। ফলতঃ আত্মোন্নতি ঈশ্বর ব্যতিরেকে হইতে পারে না। তাঁহাকে সম্মুখে রাখিয়া, তাঁহাকে সম্মুখে দেখিয়া, তাঁহার নিকট হইতে প্রয়োজনীয় ভিক্ষা করিয়া, তাঁহার চরণে পতিত ও সংযুক্ত হইয়া আত্মার উন্নতি সাধন করিতে হইবেক এবং এই উন্নতি সাধনে নির্ম্মল ভাব ও নির্ম্মল কার্য্যের উত্তর উত্তর বৃদ্ধির আবশ্যক।

একদিবস বৃষ্টি হইতেছে, পিতা আমাকে বলিলেন—জ্ঞান! দেখ বৃষ্টি উপরে নাই, পর্ব্বতের নিম্নে পড়িতেছে। মেঘ এখানে অতি ঊর্দ্ধে উঠিতে পারে না। মেঘ আমাদিগের নিকট উচ্চ বটে কিন্তু পর্ব্বতের নিকট উচ্চ নহে। আর দেখ ঐ উচ্চ উচ্চ অভ্রভেদী বৃক্ষ সকল ছিন্নমূল হইয়া ভূমে নিপতিত। উচ্চতার গৌরব কেহই করিতে পারে না। উচ্চতা অপেক্ষা নম্রতা শ্রেষ্ঠ ও আদরণীয়। আমাদিগের কর্ত্তব্য যে সর্ব্বদাই নম্রভাবে থাকিয়া শান্ততা ও সহিষ্ণুতা পূর্ব্বক ঈশ্বরকে স্মরণ করত তাঁহার অভিপ্রায়ানুযায়িক কার্য্য করি। আমি এই কথা শুনিয়া একটু চিন্তা করিয়া চক্ষের জল নিক্ষেপ করিলাম।

পিতা জিজ্ঞাসিলেন—জ্ঞান! কাঁদ কেন? পিতার নিকটে কিছুই গোপন রাখিতাম না। আমি তৎক্ষণাৎ সরল ভাবে বলিলাম—দুই তিন দিবসাবধি আমার মনের মধ্যে কিঞ্চিৎ তম জন্মিয়াছে। আমি ভাবিতেছি যে আমরা ধার্ম্মিক ও অন্যান্য লোক জঘন্য। মহাশয়ের এক্ষণকার উপদেশে মন মধ্যে ঘৃণা হওয়াতে সে ভাব বিগত হইল ও চিত্ত নম্র হওয়াতে সুখী হইয়াছি—বোধ করি আপনকার বাণী ঈশ্বরের বাণী—এই মূঢ়ের জন্য প্রেরিত হইয়াছে। আমার কথা শুনিয়া পিতা আহ্লাদিত হইলেন ও বলিলেন যে পর সম্বন্ধীয় বিষয়ে আমাদিগের সর্ব্বদা শান্ত সাত্বিক ও ক্ষমাশীল ভাবে থাকা কর্ত্তব্য। ঈশ্বর সকলকেই সমভাব দেখেন, সকলকেই ক্ষমা করেন ও কাহাকেও পরিত্যাগ করেন না। ধর্ম্ম পূজ্য, পাপ হেয়—সর্ব্বদাই এই চিন্তা কর ও তদনুসারে কার্য্য কর। যে সকল লোক ধর্ম্মপরায়ণ, তাহাদিগের সহবাসে আনন্দ জন্মে। যাহারা পাপাচরণ করে, তাহাদিগের জন্য আমাদিগের প্রেমাবৃত দুঃখ করা উচিত,—তাহাদিগের প্রতি ঘৃণা করা কর্ত্তব্য নহে। যেমন নির্দ্দোষী ব্যক্তি পাওয়া ভার তেমনি নির্গুণী ব্যক্তিও দুষ্প্রাপ্য। দোষ ছাড়া লোক নাই ও গুণ রহিতও ব্যক্তি নাই। হয়তো যে সকল লোকের প্রতি আমরা ঘৃণা করি তাহাদিগের এমত এমত গুণ থাকিতে পারে যাহা আমাদিগের নাই, অতএব জীবনের যে লক্ষ্য তাহাই লক্ষ্য করিয়া ও চিত্ত শান্ত, সমাহিত ও নম্র রাখিয়া জীবন যাপন করিতে হইবে।

যস্তু সর্ব্বাণি ভূতান্যাত্মন্যেবানুপশ্যতি। সর্ব্বভূতেষু চাত্মানন্ততোন বিজুগুপ্সতে। বাজসনেয়।

যিনি পরমাত্মাতেই সকল বস্তুর অবস্থিতি দেখেন এবং সকল বস্তুতে পরমাত্মার সত্তা উপলব্ধি করেন, তিনি আর কাহাকেও অবজ্ঞা করেন না।

যাহা কর্ত্তব্য তাহাই কর, কালেতে সকলই সংশোধিত হইবে—কালেতে জ্ঞান বৃদ্ধি হইবে, ধর্ম্ম বৃদ্ধি হইবে ও যাহা ভগবানের ইচ্ছা তাহাই হইবে—কালেতে পৃথিবী স্বর্গ হইবে ও যে সকল অত্যাচার ও পাপ এক্ষণে হইতেছে সে সকল অত্যাচার ও পাপ কেবল দৃষ্টান্তের স্থল থাকিয়া পরে অত্যাচার ও পাপ নিবারক ও ধর্ম্ম বর্দ্ধক হইবে। ঈশ্বরের কার্য্য অদ্ভুত—এক অন্যের সোপান ও যে সোপান সোপান মাত্র সে সোপান অস্থায়ী ও যে সোপান প্রকৃত সোপান সে সোপান চিরস্থায়ী। ঈশ্বরের নিয়ন্তৃত্ব অদ্ভুত—কালেতে জঘন্য শ্রেষ্ঠ হইবে ও যাহা বিষ তাহা সুধা হইবে। চিত্তের চাঞ্চল্য দূর কর। কেবল বিশ্বাস, কেবল সংযোগ, কেবল উপাসনা, কেবল অনুষ্ঠান এই অবলম্বন কর ও সেই প্রেমময়কে ভাবিয়া প্রেমময় হও।

পিতা উপাসনা কালে অধিক বাক্য প্রয়োগ করিতেন না, কেবল সদ্ভাবে পরিপূর্ণ হইতেন। তিনি সর্ব্বদাই ঈশ্বরেতে সংযুক্ত থাকিতেন—তাঁহার কিছুই মন্দ জ্ঞান ছিল না, তিনি কাহাকেও অনাত্মীয় জ্ঞান করিতেন না, সদা বিশ্বাসে, আশাতে ও আনন্দে আনন্দিত থাকিতেন। যদি কিছু আমাদিগের চিত্তের

উৎকর্ষ হইয়া থাকে, তবে তাঁহার উপদেশে, তাঁহার সহবাসে এবং তাঁহার পবিত্র চরিত্র ও কার্য্য দেখিয়া হইয়াছে। সময়ে সময়ে তাঁহার আত্মা স্বর্গীয় আনন্দ ধারণ করিত, তখন তাঁহার প্রেমান্বিত বদন পুণ্য জ্যোতিতে ভাসমান হইত ও তিনি বলিতেন যে পরলোকে পুণ্যবানদিগের জন্য যে আনন্দ সঞ্চিত আছে, তাহার কিঞ্চিৎ আদর্শ কৃপাময়ের কৃপাতে উপভোগ করিতেছি—আমার এই প্রার্থনা যেন ঐ আনন্দের অধিকারী হই।

এই রূপে কিছু কাল হিমালয়ে যাপন করিয়া আমরা বাটীতে প্রত্যাগমন করিলাম। পরে বিশেষ অনুসন্ধান ও বিবেচনানন্তর আমাদিগের বিবাহ হইল। ভাগ্যক্রমে আমাদিগের বনিতারা স্বীয় স্বীয় পিতৃ-আলয়ে ধর্ম্ম উপদেশ পাইয়াছিলেন ও আমাদিগের সহবাসে তাঁহারা একমনা হইলেন। পরিবারের সকলেরই লক্ষ্য ঈশ্বর—সকল আনন্দই ঈশ্বর-সম্বন্ধনীয়। যে সকল অনুশীলনে ঈশ্বরের প্রতি বিশ্বাসের বৃদ্ধি ও আত্মোন্নতি হয় তাহাই হইতে লাগিল। কালেতে আমাদিগের পুত্র জন্মিল ও যেরূপ পিতা কর্ত্তৃক উপদিষ্ট হইয়াছিলাম সেইরূপ পুত্রদিগকে শিক্ষা দিতে লাগিলাম।

কিয়ৎ কাল পরে পিতার সাংঘাতিক রোগ উপস্থিত হইল। পুত্র ও পুত্রবধূ ও পৌত্র সকলেই তাঁহার সেবা ও শুশ্রূষা করিতে লাগিল। মৃত্যু নিকট এই জানিয়া পিতা আমাদিগকে সম্বোধন করিয়া বলিলেন—"দেখ শরীরের প্রতি আত্মার কি স্নেহ, শীঘ্র ছাড়িতে চাহে না কিন্তু শরীরেরও নাশ নাই, আত্মারও নাই। এখানে সংযোগ চির কাল থাকে না, বিয়োগ অবশ্যই হইবে, কিন্তু বিয়োগের পরে যে সংযোগ তাহাই চির কাল রহিবে। এখানে রোগ দুঃখ ও শোক কে না ভোগ করে? সেখানে রোগ দুঃখ ও শোক কিছুই নাই। এখানে জ্ঞান ও ধর্ম্ম পাইতে অধিক ক্লেশ, সেখানে অতি সহজ। এখানে ইচ্ছা শরীরাধীন—সেখানে ইচ্ছা আত্মাধীন—ভ্রমণ, দর্শন, শ্রবণ, গ্রহণের পরিসীমা নাই। যদি ঐহিক সুখে মগ্ন থাকিতাম, তবে এক্ষণে মৃত্যু পীড়া ভয়ানক হইত—তবে তোমাদিগের মুখ দেখিয়া মোহেতে মুগ্ধ হইতাম—দণ্ডে দণ্ডে অস্থির হইতাম। যিনি রাজহংসকে শুক্ল করিয়াছেন, সুখপক্ষীকে হরিৎ করিয়াছেন ও ময়ূরকে চিত্র বিচিত্র করিয়াছেন, তিনি তোমাদিগের ভর্ত্তা—তিনি তোমাদিগের রক্ষা করিবেন, তাঁহাতেই তোমরা সদা সংযুক্ত থাকিও। আমি দিব্যধামে গমন করিতেছি—মৃত বন্ধু বান্ধব আমার সম্মুখে উপস্থিত—আশাতে পরিপূর্ণ হইতেছি যে এ অবস্থা অপেক্ষা উচ্চ অবস্থা প্রাপ্ত হইব—দেবতাদিগের দর্শন পাইব ও সেই প্রেমময়ের সন্নিকর্ষ লাভ করিতে পারিব। কেবল একটি কথা স্মরণ রাখিও—আমার কিঞ্চিৎ ঋণ আছে তাহা যেন পরিশোধ হয়।" আমি তৎক্ষণাৎ উত্তর করিলাম—যদি বিষয় বিভব বিক্রয় করিয়া সে ঋণ পরিশোধ না করিতে পারি তবে আমরা আপনাদিগকে বিক্রয় করিয়া সে ঋণ পরিশোধ করিব। পিতা দক্ষিণ হস্ত উত্তোলন করত আমাদিগকে আশীর্ব্বাদ করিলেন।

যে মুখ হইতে জ্ঞানসুধা ও ধর্ম্মসুধা অহরহ নিঃসৃত হইত; যে মুখের বিমল ভাব দর্শনে আমরা প্রেমেতে পুলকিত হইতাম, সে মুখ আচ্ছন্নতা প্রাপ্ত হইতে লাগিল। যে পদ্মপলাশ নয়নদ্বয় অশুভ কটাক্ষ কখনই করে নাই তাহা এক্ষণে নিমীলিত হইল। যে কর পর দুঃখ মোচনার্থে ও পরসুখ বর্দ্ধনার্থে সদা প্রসারিত হইত তাহা বক্ষের উপরি বিলগ্ন হইল। বাহ্য ব্যাপার সকলি স্থগিত হইল। তৎকালে অন্তর্দৃষ্টি যে বৃদ্ধি হইতেছে তাহা তাঁহার মধ্যে মধ্যে ভক্তি-সংযুক্ত অশ্রুপাত ও মৃদু মৃদু হাস্য দ্বারা প্রতীয়মান হইতে লাগিল।

আমরা দুই ভ্রাতা কর-যোড়ে ভক্তি ও প্রেমে গদ গদ হইয়া পিতার কর্ণ-গোচর করিয়া এই উপাসনা করিলাম "নাথ! আমাদিগের কি সাধ্য যে দুঃখ ও শোক সম্বরণ করি। তুমি যেমন বল প্রেরণ করিবে সেই রূপ বহন করিতে পারিব। এক্ষণে যাহা আমাদিগের কর্ত্তব্য তাহার চেতন প্রদান কর। তোমার পদতলে পড়িয়া বার বার নমস্কার করি যে এমন পিতা আমাদিগকে প্রদান করিয়াছিলে। তোমার প্রতি শ্রদ্ধাতে সদা বিগলিত হইয়া যেন তাহার গুণকীর্ত্তন ও শ্রাদ্ধ করিতে পারি—তিনি যে জ্ঞান ও ধর্ম্ম উপদেশ দিয়াছেন তাহা যেন কার্য্যের দ্বারা প্রকাশ করিতে পারি। এক্ষণে তিনি যাহাতে আনন্দ ধাম প্রাপ্ত হয়েন এই আমাদিগের প্রার্থনা—এই আমাদিগের ভিক্ষা"। প্রাণ বিয়োগের পর অনেকের বদন বিকট দর্শন হয় কিন্তু পিতার মুখমণ্ডল নিদ্রাবশে অলস, হাস্য প্রভায় সমুজ্জ্বল ও আন্তরিক শান্তিরসে প্লাবিত বোধ হইতে লাগিল।

পিতার মৃত্যুর পর বৈষয়িক কার্য্যে ও অন্যান্য বিদ্যাতে মন নিবেশ করিতে হইল। ভূম্যাদি যাহা ছিল তাহাতে পরিবারের ব্যয় নির্ব্বাহ হইত না, এ জন্য কিঞ্চিৎ বাণিজ্য করিয়া পিতার ঋণ পরিশোধানন্তর যৎকিঞ্চিৎ সঙ্গতি করিয়াছি। এই অবকাশে ভ্রমণার্থে আসিয়াছি, ভাগ্য ক্রমে আপনাদিগের সহিত পরিচয় হইল।

নিত্যানন্দ ও সদানন্দ এই কথা শুনিয়া চমৎকৃত হইলেন ও বলিলেন আপনাদিগের দর্শনে পাপ বিমোচন হয়,—আপনারা যেখানে গমন করেন সেই স্থান পবিত্র করেন।

প্রেমানন্দ—হে আনন্দময়! তোমার অপার মহিমা দর্শনে, ধ্যানে এবং প্রিয় কার্য্য সাধনে যে আনন্দ সে আনন্দে যেন আমরা চির আনন্দিত থাকি।

---

১০ অধ্যায়। গল্পের শেষ।

রাগিণী বারোঁয়া।—তাল ঠুংরি।

ওহে কেন অচেতন।
জাননা কি কালান্তরে লোকান্তরে গমন।

কেন অলস বিলাস, কেন লালসা অভ্যাস, কেন নিশ্বাস বিশ্বাস, প্রকাশ সার চিন্তন।

কেন হে ভৌতিকামোদ, কেন মদে গদ গদ, কেন ত্যজ সারস্বাদ, সর্ব্ব-শান্তি ব্রহ্মজ্ঞান।

কেন বাহ্য আড়ম্বর, কেন অসারে তৎপর, কেন সেই পরাৎপর, না কর হৃদয় ধন। গীতাঙ্কুর।

থরহরি কম্প ও ওলট পালটের দল আগ্রাতে উপস্থিত। ইহারা ভূমি হইতে কড়ি কাট পর্য্যন্ত লম্ফে উঠেন ও যখন পড়েন তখন পৃথিবী থরহরি শব্দে কম্পান্বিত, এ জন্য এই নামে ইহারা বিখ্যাত। ভবশঙ্কর বাবু জরির তাজ মস্তকে দিয়া প্রকৃত চন্দ্রশেখর হইয়া বসিয়াছেন। হরিবাবু নবিবাবু প্রাণবাবু প্রসাদ-বাবু মহামারী রব করিতেছেন। কখন উল্লম্ফন, কখন প্রলম্ফন, কখন ডিগ-বাজি, কখন চর্কি ঘোরণ। ভবশঙ্কর অতি ভদ্র মাতাল, একাসনে যোগারূঢ় হইয়া ঢাল্‌ছেন, ঢক ঢক করিয়া খাচ্ছেন ও বল্‌ছেন—"তোমরা ভদ্র হও, তোমরা ভদ্র হও"। সঙ্গী বাবুরা উত্তর করিতেছেন—আপনি একটু বিলম্ব করুন—আমরা শীঘ্র ভদ্র হইব, এই বলিয়া দুই এক বীর বীরভদ্রের লম্ফে ভবশঙ্কর বাবুর স্কন্ধদেশে আরোহণ করিলেন। যেমন বিদুরের মৃত্যুর পর যুধিষ্ঠিরের ভার বৃদ্ধি হইয়াছিল, তেমনি ভবশঙ্কর ভারাক্রান্ত হইয়া অচিরাৎ ভূমিসাৎ হইলেন ও স্কন্ধা বাবুরা পতিত হইয়া পতিত অপযশ নিবারণার্থে পরস্পর ধরাধরি করিয়া টল টল ঢল ঢল ভাবে জড়াজড়ি হইয়া থাকিলেন। সকলেরই প্রতিজ্ঞা ছিল যে এই আমোদ দ্বার রুদ্ধ করিয়া পর্য্যবসান হইবে কিন্তু ঢালঢালির বৃদ্ধিতে সে প্রতিজ্ঞার প্রতিজ্ঞা রহিল না—তাঁহারা সকলে মেরোয়া হইয়া সরে রাস্তায় আসিয়া ভয়ানক গোলযোগ করিতে আরম্ভ করি-লেন। কুক্কুর ডাকিলে কুক্কুর ডাক ডাকেন—গাড়ি চলিতে দেখিলে গাড়ির গমনের শব্দ করেন—সপ্ত স্বরের তারতম্য নানা প্রকারে নিঃসৃত হইতেছে ও হস্ত পদাদি যত দূর তাল মান রক্ষা করিতে পারে তাহার কিছুই ত্রুটী হইতেছে না। তাল বেতাল দুয়েরই অবলম্বন—কখন তাল কখন বেতাল ও পথিককে নিকটে পাইলে তাল বেতালের ন্যায় ভাদ্র মাসের পাকা তালের শব্দে তাহার ঘাড়ের উপর পড়েন। এই রূপ ভ্রান্ত অশান্ত ও নিতান্ত দুরন্ত ব্যবহার দেখিয়া সহর কোতয়াল কৃতান্ত স্বরূপ আসিয়া বাবুদিগকে ধৃত করিলেন—বিস্তর ধস্তা ধস্তি, তেরি মেরির পরে বাবুরা থানাতে আনীত হইয়া এক পার্শ্বে পঞ্চপাণ্ডবের ন্যায় রাত্রি যাপন করিতে লাগিলেন। যেমন কৃষ্ণ বিগত হইলে অর্জ্জুন গাণ্ডীব উত্তোলনে অসক্ত হয়েন, তেমনি বোতলাভাবে তাহাদিগের বীরত্ব আর প্রকাশ হইল না, উদরে যাহা ছিল তাহার গুণে সকলের চক্ষু অর্দ্ধ নিমিলিত থাকিয়া পরস্পরের প্রতি ঝিম্‌কিনি ভাবে পতিত হইতে লাগিল।

অরুণোদয়। ডিমিকি ডিমিকি শব্দে নহবত বাজিতেছে। মোল্লারা শ্রেণী-বদ্ধ হইয়া "আল্লাহো, আক্‌বর" বলিয়া নমাজ করিতেছে। যে স্থানে ভগ-

বানের নাম সেই স্থানই পবিত্র। তাজমহলের উদ্যান ও ফোয়ারার কিবা শোভা! বৃক্ষ সকল শ্রেণীপূর্ব্বক রোপিত, পল্লব ও পত্র যেন গুম্বজের ন্যায় ছেদিত, তদুপরে অরুণ আভা পতিত, ও চতুষ্পার্শ্বে সুগন্ধি লতা বিস্তৃত। শ্বেতপ্রস্তরে তাজমহল নির্ম্মিত, ভিতরে নানা বর্ণ পাথরের ফুলে ও নক্সায় সুসজ্জিত, চিত্রিত ও শোভিত—মধ্যস্থলে শাজাহান ও নুরজাহানের সমাধি স্থাপিত। মুসলমান রাজাদিগের লক্ষ্যই বহুমূল্য সমাধি, এজন্য তাহারা অকাতরে ব্যয় করিতেন; কিন্তু এখানে সমাধির জন্য অপূর্ব্ব অট্টালিকায় কি হইতে পারে? লোকান্তরের অপূর্ব্ব স্থানই জীবনের উদ্দেশ্য। তাজমহল নিরীক্ষণ করিয়া জ্ঞানানন্দ অনুজ ও আত্মীয়দিগের সহিত গমন করিতেছেন। ব্রিগেডিয়র টুপ অতি ভদ্র, মিষ্ট-ভাষী ও ধর্ম্মপরায়ণ—তিনি তাঁহাদিগকে দেখিয়া অবলাপনান্তর কেল্লার ভিতরে লইয়া গেলেন ও সেখানে আকবরশা কৃত অপূর্ব্ব পুরী প্রদর্শন করাইলেন। ইতিমধ্যে একজন ইংরাজ আসিয়া সংবাদ দিল যে কল্য রাত্রে পঞ্চ জন বাবু মাতোয়ালা হইয়া থানায় আটক আছে। জ্ঞানানন্দ অনুরোধ করাতে সাহেব তাঁহাদিগের সহিত থানায় আসিয়া দেখিলেন যে পঞ্চ জন বাবু গলা-গলি করিয়া বসিয়া আছেন, দুই এক জনের জ্ঞান শূন্য ও যাহারা শূন্যে গমন করেন না তাঁহাদিগের মধ্যে এক জন লজ্জায় মুখে কাপড় দিয়া মিট মিট করিয়া দেখিতেছেন এবং মৃদু স্বরে ভৈঁরো রাগ আলাপ করিতেছেন।

মহাশয়রা কে? মহাশয়রা কে? উত্তরই নাই। আমরা আপনাদিগের খালাস করিতে আসিয়াছি। অমনি ভবশঙ্কর কুণ্ঠিত হইয়া লুণ্ঠিত তাজ মস্তকে ধারণ করত গোঁফ, ভ্রূ ও নাসিকায় হস্ত বুলাইতে বুলাইতে বলিলেন—আজ্ঞা আমরা সকলে ভদ্র সন্তান, দৈব যোগে এ বিপদ, পুরুষের দশ দশা!

রামানন্দ—দশ দশা হলে তো বাঁচতাম—তোমাদের যে কত দশা তা বলিতে পারি না।

ভবশঙ্কর—আর গঞ্জনা কেন দেও; (চক্ষু মট্‌কিয়া) এক্ষণে শীঘ্র কর্ম্ম শেষ কর।

জ্ঞানানন্দের অনুরোধে ও সাহেবের আদেশে পঞ্চ জন মাতাল বাবুরা খালাস পাইয়া একত্র হইয়া যেন মরালদলের ন্যায় চলিলেন। কিঞ্চিৎ দূর যাইয়া চীৎকার করিয়া এক ঠুংরির টপ্পা ধরিলেন। জ্ঞানানন্দ বলিলেন, ইহাদিগের অনুতাপের বিলম্ব অনেক, এক্ষণে রোগের যৌবনাবস্থা, স্ত্রী কিছুমাত্র উদয় হয় নাই।

পর দিন প্রভাতে সিকান্দ্রাবাদ সম্মুখে। চতুর্দ্দিকে উদ্যান—অট্টালিকার ভিতর আকবরশার সমাধি, কিন্তু বহু মূল্য সমাধি নির্ম্মিত হইলে কি ঐ স্থানে আত্মা আটক থাকিতে পারে? আত্মা স্ব স্থানে গমন করে। প্রস্তরে নির্ম্মিত সমাধিরও কালেতে সমাধি হইবে। যে পদার্থ ঊর্দ্ধে গমন করে তাহারই সমাধি নাই।

মথুরা দৃষ্টিগোচর হইতেছে—ঐ উচ্চ ভূমির উপরে কংশ বধ হইয়াছিল—ঐ বিশ্রাম ঘাটে কৃষ্ণ বিশ্রাম করিয়াছিলেন, কিন্তু বিশ্রাম ঘাটে কচ্ছপের ক্ষণ-মাত্র বিশ্রাম নাই, অহোরাত্র কিল্ কিল্ করিতেছে। মথুরায় বৈষ্ণব ধর্ম্মের

উদয় ও বৃন্দাবনের ঐ ধর্ম্মের মধ্যাহ্ন কাল। প্রথমেই গোবিন্দজির মন্দির—মন্দিরের চূড়া কোথায়? যবন রাজা কর্ত্তৃক ভগ্ন। মুসলমান রাজারা হিন্দু ধর্ম্মের প্রাদুর্ভাব দেখিতে পারিতেন না, একারণ বলপূর্ব্বক উন্মূলন করিতে চেষ্টা করিতেন। বল দ্বারা কোন ধর্ম্মও বিস্তৃত বা নির্ম্মূলিত হয় না। ছলও ধর্ম্ম বিস্তারক বা সংহারক হইতে পারে না। যাহা সত্য তাহা কেবল প্রেম বলে প্রাপ্য ও বল ছল লোভ বা ভয় দ্বারা আনীত ও বিস্তৃত হইলেও সে সত্য সত্যস্বরূপ গৃহীত হয় না।

এই বিখ্যাত বৃন্দাবন। জন্মাষ্টমী উদিত—আনন্দের পরিসীমা নাই। ব্রজবাসীদিগের বিলাসের অন্ত নাই—কাকবিলাসী—ভোগবিলাসী—সর্ব্বনাশীতে সর্ব্বনাশ করিয়া ও রক্ত নয়ন হইয়া মৃদঙ্গ বীণা ও নানা যন্ত্রের সহিত সংগীতে মগ্ন। রাজমার্গে মঙ্গললাজ বর্ষিত। স্থানে স্থানে নিশান পতাকা উড্ডীয়মান হইতেছে—স্থানে স্থানে তুরী ভেরী ও ডঙ্কার শব্দে স্তব্ধ করিতেছে—স্থানে স্থানে গোপাঙ্গনারা হরিদ্রায় আরক্ত হইয়া সকল বিবক্তি বিসর্জ্জনার্থে যমুনায় গমন করিতেছে—স্থানে স্থানে ব্রজবালক কর্দ্দম ও দধিতে আবৃত হইয়া মণীযুক্ত বদন ও কল্পিত গোঁফ প্রদর্শনে উপযাচক হইতেছে—স্থানে স্থানে আম্র শাখা ও পুষ্পমালার বৃষ্টি—গায়ক গান করিতেছে, নর্ত্তক নাচিতেছে, বাদক বাজাইতেছে, ভট্ট স্তুতি পাঠ করিতেছে—স্থানে স্থানে কাঁসর, ঝাঁঝর, ঘণ্টা, করতাল ও জগঝম্প যেন মেদিনীকে লম্ফ করাইতেছে—স্থানে স্থানে এত বানরের সমাগম যে বোধ হয় পুনর্ব্বার রাম রাবণের যুদ্ধ উপস্থিত। কি নগর কি গ্রাম কি বন কি উপবন সর্ব্ব স্থানেই আনন্দের স্রোত বহিতেছে। হর্ষের কোলাহলে পশু পক্ষীও হর্ষিত। প্রেম ও আনন্দ বিদ্যুতীয় পদার্থের ন্যায়, উদয় হইবা মাত্রেই প্রেরিত হয় এবং এক অন্যকে প্রেরণ করে।

রাগিণী ঝিঁঝিট।—তাল আড়া।

ও বৃন্দাবনের লোক। দেখারে আমাকে তোরা আলোকের আলোক॥ যদুপতি, ব্রজপতি, কভু নহে সে মুরতি, দেখারে সে হৃদিপতি, ভূলোক, দ্যুলোক।

দিবাবসান। যমুনার পুলিনে কি অপূর্ব্ব প্রস্তর নির্ম্মিত অট্টালিকা ও সোপানের লহরী! দিগ্, ভরতপুর, জয়পুর ও অন্যান্য দেশের রাজারা বহু ব্যয়ে এই সকল কীর্ত্তি করিয়াছেন। জ্ঞানানন্দ অনুজ, শিষ্য ও বন্ধু দ্বয় লইয়া ভ্রমণ করিতেছেন—ভ্রমণের শেষ নাই, ভ্রমিতে ভ্রমিতে ভ্রমি যাইতে হয়, তথাচ নূতন নূতন দৃশ্য দর্শনোদ্ভব আহ্লাদ কে সহজে পরিত্যাগ করে? এক প্রস্তর নির্ম্মিত উচ্চ গৃহে প্রবেশানন্তর তাঁহারা দেখিলেন সে গৃহের অনেক ঘর কিন্তু শূন্য। একতালা, দোতালা, তেতালার উঠিয়া দেখেন অতি নির্জ্জন স্থান—কোলাহল কিছু মাত্র নাই, ঊর্দ্ধে নবাভ্র বেষ্টিত আকাশ, অস্তমিত দিনমণির চিত্র বিচিত্র জ্যোতি নৃত্য করিতেছে। একটী শূন্য গৃহে একটি শ্বেতবসনা, অলঙ্কারশূন্যা, শান্তবদনা মহিলা ধ্যানাবস্থায় বসিয়াছেন ও এক এক বার রোদন করিতেছেন। ঐ স্ত্রীলোকের প্রকৃতি দেখিয়া তাঁহারা

সকলে চমৎকৃত হইলেন। জ্ঞানানন্দ নিকটবর্ত্তী না হইয়া সঙ্গিগণকে বলিলেন—ঈশ্বর কি রমণীয়! যে আত্মাতে বিশেষ রূপে সপ্রকাশ সে আত্মার কি সৌন্দর্য্য! দেখ এই নারীর বসন সামান্য—ভূষণ কিছু মাত্র নাই কিন্তু আত্মার জ্যোতিতে তাঁহার কি শ্রী! ইহাঁকে দেখিয়া আমার ভক্তি উদয় হইতেছে, আমি ইহার নিকটে যাই। এই বলিয়া জ্ঞানানন্দ সন্নিকট হইলেন ও নিরীক্ষণ করিয়া চেন চেন করেন কিন্তু চিনিতে পারেন না। ঐ পুণ্যবতীর পুণ্য তেজেতে অভিভূত হইয়া জ্ঞানানন্দ দাঁড়াইয়া আছেন, এমত সময়ে ঐ নারী নয়ন উন্মীলন করিয়া তাঁহাকে দেখিয়া একটু চমকিয়া বলিলেন—বাবা! তোমাকে পাইয়া অমূল্য রত্ন লাভ করিলাম. আমার বাটী মুঙ্গেরে, আমি অমুকের মাতা, তোমার স্নেহ, উপদেশ ও সান্ত্বনা কখনই ভুলিব না। জ্ঞানানন্দ তৎক্ষণাৎ তাঁহার পদতলে পড়িয়া কাতর হইলেন ও বলিলেন—মা!. তোমার এমন বেশ কেন? বাবা! পুত্রহীনা হইতে দেখিয়াছিলে, তাহার পর পতিহীনা হই—নিকটে কেহই অভিভাবক নাই, সকল বিষয় বিভব বিক্রয় করিয়া বৈরাগ্যে পূর্ণ হইয়া এই স্থানে আসিয়া কেবল ঈশ্বরের উপাসনা ও মৃত্যুর অপেক্ষা করিতেছি। এক এক বার অতিশয় ব্যাকুল হই, তখন তোমাকে মনে পড়ে ও মনে মনে বলি কোথায় গেলে জ্ঞানানন্দকে পাইব? অদ্য তোমাকে পাইয়া আমার আশা হইল, বল হইল, আমার সকল দুঃখ তোমার মুখ দেখে গেল। জ্ঞানানন্দ বাষ্পে পরিপূর্ণ হইয়া নয়নের বারি নিবারণ করিতে পারিলেন না ও বলিলেন পিতার বিয়োগ হইয়াছে, শুনিয়া বড় দুঃখিত হইলাম কিন্তু ঈশ্বর যাহা করেন তাহাই মঙ্গল—তোমার আত্মা ক্রমে তাঁহাতে সংযুক্ত হইতেছে ও লোকান্তরে যে স্থান পাইবে তাহার ছায়া আত্মাতেই প্রেরিত হইতেছে। প্রাণধনের মাতা বলিলেন—বাবা! আমার পাপের সীমা নাই, তাহা না হইলে আমার এমন দশা কেন হইবে! জ্ঞানানন্দ উত্তর করিলেন—মা! এমন মনে করিও না—শোক দুঃখ যে পাপের ফল তাহা নহে। শোক দুঃখ পুণ্যবানেরাও ভোগ করে এবং শোক দুঃখে পুণ্যবানেরা আরো পুণ্যবান্ হয়। অনন্তর অনুজ শিষ্য ও দুই জন আত্মীয়কে নিকটে আনিয়া ও আত্মীয়দিগের পরিচয় দিয়া জ্ঞানানন্দ বলিলেন—মা! আমরা সকলে মাতৃহীন, তুমি আমাদিগের সঙ্গে আইস যে আমরা সকলে তোমার প্রতি পুত্রের কার্য্য করি। সংসারে ধ্যানও চাই, কার্য্যও চাই—কার্য্যেতে ধ্যানের পক্কতা ও আনন্দের উদ্ভব, অতএব এক্ষণে তোমার যে কর্ত্তব্য তাহা পরে বিধেয় হইবে। এই প্রস্তাবে প্রাণধনের মাতা সম্মত হইলে, তাঁহারা সকলে প্রায়াগে প্রত্যাগমন করিলেন।

রাগিণী ঝিঁঝিট।—তাল আড়া।

কত পাইবে রতন। ওহে ধর্ম্ম পরায়ণ। যখন হইবে মুক্ত শরীর বন্ধন। প্রজ্বলিত অনুতাপ, নাশিয়াছে তব পাপ, এমন পুণ্যপ্রতাপ সুখেতে গমন। দূরে যারে রোগ শোক, সুখময় নানা লোক, শোভিত সত্য আলোক হবে দরশন। কেহ না করিবে রোধ, নবিবাদ বিরোধ, পরহিত অনুরোধ, সদা বরিষণ।

কত দৃশ্য মনোহর, কত ধ্বনি সুখকর, কত গন্ধ মত্তকর, পাবে অনুক্ষণ। যেমন হয়েছ নত, হইবে হে উন্নত, জ্ঞান প্রেমে ক্রমাগত, ক্রমশঃ বর্দ্ধন। দয়াল্ দেবতা যত, মিলিবে প্রফুল্লচিত, সংকীর্ত্তন প্রেমামৃত, থাকিবে মগন। দেখিবে হে নিরঞ্জন, সর্ব্বতাপ বিমোচন, দুর্লভ হৃদয় ধন, রতন রতন। গীতাঙ্কুর।

নিত্যানন্দ বাবুর সাংঘাতিক গ্রহণী রোগ উপস্থিত—চিকিৎসা নানাবিধ হইতেছে, কিছুতেই সমতা হইতেছে না—পীড়ার দিন দিন বৃদ্ধি। ধার্ম্মিকের মৃত্যুপীড়া নাই ও ধর্ম্ম বল এমনি প্রবল যে রোগের বলকে দুর্ব্বল করে। পরিবার ও আত্মীয় সকলেই ব্যস্ত ও চিন্তান্বিত—রোগী রোগের যন্ত্রণাতে মধ্যে মধ্যে কাতর কিন্তু আত্মার শান্তি জন্য পীড়ার কাতরতার খর্ব্ব হইতেছে। কাল উপস্থিত এই জানিয়া নিত্যানন্দ বলিলেন—এত দিনের পর পক্ষী পিঞ্জর হইতে মুক্ত হইবে—রোগ, দুঃখ, শোক আর ভোগ করিতে হইবে না। যে পদার্থ উচ্চ ভাব ধারণ করিলে কুৎসিত বদনকেও সুন্দর করে, সে পদার্থ নব কলেবর ধারণ করিয়া অমৃতধামে গমন করিবে—তবে বিয়োগ কোথায়? কোটি কোটি কীট ভূমিতে ও বৃক্ষেতে বিলগ্ন ও এক রাত্রির মধ্যেই তাহারা ঊর্দ্ধগতি পাইতেছে। মনুষ্যের মৃত্যুতে সেই রূপ ঊর্দ্ধগতি। বিশ্বাসে আশাতে ও আনন্দেতে আমি পরিপূর্ণ। মৃত্যুতে আমার লাভ ও আনন্দ। যাঁহার স্নেহ ও প্রেম পাশে আমি এখানে বদ্ধ ছিলাম তাঁহারই স্নেহ ও প্রেম পাশে চিরকাল বদ্ধ থাকিয়া জ্ঞান ও ধর্ম্ম ভাল রূপ উপার্জ্জন করিব। অশরীর অবস্থা শরীর অবস্থা অপেক্ষা জ্ঞান, ধর্ম্ম ও আনন্দ লাভের কি উপযোগী! এখানে এই লাভের প্রারম্ভ, লোকান্তরে ইহার ক্রমশঃ বৃদ্ধি। আমা কর্ত্তৃক অনেক পাপ কৃত হইয়াছে, তজ্জন্য আমি যথার্থ অনুতাপিত। যদি আমার আত্মাতে এক্ষণও মালিন্য থাকে তাহার জন্য যে উপদেশ, যে শাসন ও দণ্ড আবশ্যক তাহা অবশ্যই পাইব—তাহাতে আমার দুঃখ নাই—তাহাতে আমার সুখ। যখন আমার মঙ্গলময়ের ক্রোড়স্থ তখন কিছু ভাবনা নাই—কিছু ভয় নাই। যাহাই মঙ্গল তাহাই হইবে। এক্ষণে আমার পিতা ও মাতাকে সম্মুখে দেখিতেছি—মৃত্যুর বড় বিলম্ব নাই।

যেমন নদী তরঙ্গ বিহীন হইলে শান্ত মূর্ত্তী ধারণ করে, যেমন আকাশ মেঘ শূন্য হইলে মনোরম হয়, তেমনি নিত্যানন্দের বদন প্রশান্ত হইতে লাগিল। কোন কোন পুষ্পের গন্ধ কেবল রাত্রিতে পাওয়া যায়। কোন কোন বদন মৃত্যু কালে পুণ্য জ্যোতি প্রকাশক হয়। রোগের চিহ্ন কিছু মাত্র নাই—কৃতান্তের বিকটতা কিছু মাত্র নাই—মোহের আকর্ষণ কিছু মাত্র নাই—সম্মুখে ধর্ম্মপরায়ণা পত্নী—তাঁহার আত্মা যেন ঈশ্বরের চরণে বিলগ্ন—দুই কর সংযুক্ত হইয়া ভক্তি উপহার দিতেছে ও দুই বাষ্পপ্লুত কুরঙ্গ নয়ন এই স্তোত্র প্রকাশক হইয়াছে—"নাথ! যাহা তোমার ইচ্ছা তাহাই হউক, এই অনাথিনীকে দয়া করিয়া পদতলে রাখিও"।

এদিকে সদানন্দ ও জ্ঞানানন্দ ও প্রেমানন্দ মস্তক নত ও ধৈর্য্য অবলম্বন করত গম্ভীর ও গদগদ স্বরে এই গাঁথা পাঠ করিতেছেন।

"তমীশ্বরণাং পরমং মহেশ্বরং তং দেবতানাং পরমঞ্চ দৈবতং,
পতিং পতীনাং পরমং পরস্তাৎ বিদম দৈবং ভুবনেশমীড্যং ॥"

নিত্যানন্দের আত্মা নিত্যানন্দ ধামে উড্ডীন হইল। আবাল, বৃদ্ধ, যুবক, যুবতী সকলেই হাহাকার করিতে লাগিল। যে ব্যক্তি ঈশ্বরপরায়ণ ও পর দুঃখে দুঃখী, পর সুখে সুখী তাঁহার বিয়োগ জগতের খেদজনক ও তাঁহার গুণ কে না কীর্ত্তন করিবে ?

স্থির হও গুণবতী পিতা পুত্র ভাই পতি, ব্রহ্মাণ্ডের তিনি পতি, ভাবহ তাঁহারে।
জগৎপতি কৃষ্ণ পতি, হর স্বীয় দুর্গতি, পুনর্ব্বার পাবে পতি, গেলে লোকান্তরে ॥

গীতাঙ্কুর।

নিত্যানন্দ বাবুর মৃত্যুর পরে সদানন্দ ডাক্তারকে জিজ্ঞাসা করিলেন—দাদা লোকান্তর গমনের পূর্ব্বে বলিলেন যে পিতা ও মাতা তাঁহার সম্মুখে—এমত কেন কহিলেন ? ডাক্তার উত্তর করিলেন ওটা খেয়াল। সদানন্দ কহিলেন খেয়াল কি রূপে বলিব তাঁহার তো বিকার কিছু মাত্র হয় নাই—কিছুতেই জ্ঞানের বৈলক্ষণ্য দেখা যায় নাই। জ্ঞানানন্দ বলিলেন ডাক্তার যাহা অনুমান করেন তাহা নহে। মৃত্যুর প্রাক্‌কালে আত্মা পরলোক দৃষ্টি করে। যেমন ইহলোক অন্তর হয় তেমনি পরলোক সন্নিকর্ষ হয়। ডাক্তার একথা শুনিয়া পরিহাস করিলেন ও বলিলেন বায়ুর বিচিত্র গতি।

আত্মাতে জ্ঞান হইলেই বল হয় না। বল জন্য বিশ্বাসের আবশ্যক ও বিশ্বাসের জন্য পুনঃ পুনঃ ধ্যানের আবশ্যক এবং ধ্যানের সহিত ক্রিয়ারও আবশ্যক ; এই সত্য জ্ঞানানন্দ বাক্যের কৌশলের দ্বারা ক্রমে প্রকাশ করিতে লাগিলেন। একদা নিত্যানন্দ বাবুর বনিতা ও প্রাণধনের মাতা দুই জনে বসিয়া সৎপ্রসঙ্গ করত স্বীয় স্বীয় শোক বিমোচন করিতেছেন, ইতি মধ্যে জ্ঞানানন্দ অনুজ ও সদানন্দকে লইয়া উপস্থিত হইলেন। মহিলা দ্বয় আপন আপন মস্তকের বসন টানিয়া তাঁহাদিগকে বসিবার জন্য আসন প্রদান করিলেন। জ্ঞানানন্দ বলিলেন —তোমরা দুই জনেই আমার মাতা—তোমাদিগের দুঃখ জন্য আমি যে দুঃখিত তাহা ব্যক্ত করিতে পারি না। কিন্তু ঈশ্বরের কার্য্য অদ্ভুত—একের সহিত অন্যের সংযোগ ও পরিণামে সকলই শুভ। আপনাদিগের দুই জনের একত্র হওয়া সামান্য ঘটনা নহে—আপনাদের পরস্পরের সহবাসে পরস্পরের দুঃখের খর্ব্বতা ও ধর্ম্ম আলোচনার বৃদ্ধি। আপনারা সামান্য স্ত্রীলোক নহেন যে শোক জন্য শয্যায় পড়িয়া ক্রমাগত চীৎকার করিবেন—আপনাদিগের যে জ্ঞানবল ও ধর্ম্মবল তাহাতে যে ঘটনাই ঘটুক তাহাকে আত্মার উন্নতি সাধক অবশ্যই করিবেন—শোক যে কার্য্য জন্য প্রেরিত তাহা যদি সে কার্য্যে নিযুক্ত না হয়, তবে প্রেরকের অভিপ্রায়ের বিপরীত হইবে। মা ! ঈশ্বরকে স্মরণ কর, আত্মার অবিনাশিত্ব স্মরণ কর, দিব্যধাম স্মরণ কর, জীবনের উদ্দেশ্য স্মরণ কর, ও আপন আপন শরীর ও আত্মা ভবতারকের পাদপদ্মে অর্পণ কর।

আত্মার বিশুদ্ধ ও পবিত্র ভাব ধ্যান দ্বারা অভ্যাস করা আত্মার উন্নতি সাধন বটে কিন্তু অনুষ্ঠান অবলম্বন না করিলে সেই ভাবের পক্কতা হয় না।

জ্ঞান, ধ্যান, ভাব ও কার্য্য সকলের আবশ্যক। মহিলাদ্বয় বলিলেন, কি কার্য্য করিলে আমাদিগের পারলৌকিক মঙ্গল তাহার উপদেশ দেও—আমাদিগের পর কালের সুখই সুখ। জ্ঞানানন্দ বলিলেন—পরদুঃখ বিমোচন ও পরসুখ বিবর্দ্ধন জীবনের লক্ষ্য। ঈশ্বরের প্রতি প্রেম জন্মিলে সে প্রেম অন্যের প্রতি অবশ্যই বিস্তৃত হইবে, যদি কেবল আত্মাতে রুদ্ধ থাকে তবে প্রকৃত রূপ পরিচালিত হয় না। এক্ষণে এই বিবেচ্য যে অন্যের প্রতি প্রেম কি প্রকারে উত্তম রূপে বিস্তৃত হইতে পারে? অর্থ দান, বিদ্যা দান, ঔষধ দান, জল দান, আশ্রয় দান, পরামর্শ দান সকলই উত্তম বটে কিন্তু অন্যের পাপ বিমোচনে অসীম পুণ্য ও আপন আত্মার সদ্ভাব বিশেষ রূপ প্রস্ফুটিত হয়। এই স্থানে যে সকল ব্যাভিচারিণী আছে তাহাদিগের বালিকাদিগকে যদি আনয়ন পূর্ব্বক ধর্ম্ম উপদেশ দিতে পারেন তবে ধর্ম্ম রাজ্যের বৃদ্ধি এ স্বর্গের ছায়া এখানে আকর্ষিত হইবে। কর্ম্মের সহিত ফল সংযুক্ত। যে অন্যের ধর্ম্ম বৃদ্ধি করে সে আপনার ধর্ম্ম বৃদ্ধি করে। কার্য্যের ফল দেখিলেই ঈশ্বরের অভিপ্রায় জানা যায়। যে কার্য্যে সন্তোষ ও নির্ম্মল আনন্দ সে কার্য্য করিতে ঈশ্বর আদেশ দেন—তাহাই তাঁহার অভিপ্রেত কার্য্য।

জ্ঞানানন্দ যাহা উপদেশ প্রদান করিলেন, তাহাই ধার্য্য হইল ও তিনি স্বয়ং এই শুভ কর্ম্মের প্রণালী সকলই করিয়া দিলেন। নারী দ্বারা নারীগণ উত্তম রূপে শিক্ষিত হয়। উক্ত দুই ধর্ম্মপরায়ণা নারীর নিষ্ঠা ও পবিত্র ভাব যাহা কার্য্য বিরহে আবদ্ধ ছিল তাহা এক্ষণে প্রকাশিত ও বিস্তৃত হইতে লাগিল। অভ্যাসেই ক্রমে উচ্চ অভ্যাস, দাতা গৃহীতা দুইয়ের উপকার। শরীর আবদ্ধ থাকিতে পারে না, আত্মাও আবদ্ধ থাকিতে পারে না। দুয়েরই জন্য রঙ্গভূমি চাই। যেমন আত্মা উচ্চ হইবে তেমনি ঐ রঙ্গভূমির সীমার বৃদ্ধি হইবে—যাহা স্বভাবত তাহাই করিতে হইবে নতুবা স্থান সংকীর্ণতায় যেমন বৃক্ষ শীর্ণ হয় সেই রূপ আত্মা পেশিত, ঘর্ষিত, মর্দ্দিত হইতে থাকে—বিকসিত—প্রস্ফুটিত হইতে পারে না। বালিকাদিগকে ধর্ম্ম উপদেশ প্রদানে মহৎ ফল হইতে লাগিল। সৎঅনুশীলনের বৃদ্ধি, বিজ্ঞান শক্তির বৃদ্ধি, জ্ঞেয় লাভের বৃদ্ধি আত্মবৎ ভাবের বৃদ্ধি ও স্নেহ ও প্রেম—অভ্যাস ক্ষেত্রের বৃদ্ধি। আত্মার বৃত্তির ক্রমশঃ পরিতৃপ্তিতে আত্মার আনন্দ। এই আনন্দ উপভোগে ঐ দুই ধর্ম্মপরায়ণা নারী কাল যাপন করেন—বালিকাদিগের ঐহিক ও পারত্রিক আরাম ও মঙ্গল কি প্রকারে হইবে এই তাঁহাদিগের সর্ব্বদা চিন্তা ও সাধ্যানুসারে কি ব্যয় কি পরিশ্রমে কিছুতেই ত্রুটী করেন না। কালেতে উদ্দেশ্যে সিদ্ধ হইতে লাগিল ও আপন আপন কন্যাদিগের পবিত্রতা শুনিয়া দুই এক জন ব্যাভিচারিণীও অনুতাপিত হইল। কিন্তু কোন কোন ইন্দ্রিয়-সুখপরায়ণ ও পৌত্তলিক বাবুরা উপহাস করত বলাবলি করিতে লাগিলেন—ব্রহ্মজ্ঞানী বেটারা সর্ব্বনাশ করলে—ব্রত গেল, নিয়ম গেল, তীর্থ গেল, উপবাস গেল, পুরাণ শুনা গেল, প্রতিমা পূজা গেল, এক্ষণে বেশ্যা কন্যাদের শিক্ষা দেওয়াতেই সব পুণ্য হইবে! যখন স্ত্রীলোকদিগেরও এই মত তখন

আর হিন্দুধর্ম্ম থাকে না। আবার সময়ে সময়ে ঐ সকল ব্যক্তিরা বলিত—যাহা বলি কহি, পর উপকার জন্য এত ব্যয়, এত পরিশ্রম, এত একাগ্রতা কম কথা নহে—এমন কয় জনে করে? বৈকালে বালিকাগণ বাটীর উদ্যানে ভ্রমণ করিত। এক জন বালিকা আপনার মাতাকে রাস্তায় দেখিয়া স্নেহ ও দুঃখে পূর্ণ হইয়া বলিল—মা! আমাকে চিনিতে পার? তাহার মাতা বলিল—বাছা! তোমাকে গর্ব্ভে ধারণ করিয়াছি, কেন চিনিতে না পারিব? আহা তোমার মুখেতে কি নির্দ্দোষতার আভা! তোমার বদন হেরিয়া আমি লজ্জা পাই। বালিকা বলিল—মা! জোড় হাতে একটি কথা বলি, মনেতে রাখিও। পবিত্র না হইলে পবিত্রতার আধারকে পাওয়া যায় না ও তাঁহাকে পাইলে যে সুখ সে সুখের তুল্য আর সুখ নাই। ঐ ব্যাভিচারিণী-এই উপদেশে জাগ্রত হইয়া কন্যার নিকট মধ্যে মধ্যে রাস্তায় দাঁড়াইয়া দেখা করিত ও পরে পাপ হইতে ক্ষান্ত হইয়া শুদ্ধতা অবলম্বন করিল। একদা এক জন সুশিক্ষিতা বালিকা আপন পূর্ব্ব বৃত্তান্ত স্মরণ পূর্ব্বক ঐ ধর্ম্মপরায়ণা নারীদ্বয়ের পদতলে পড়িয়া বলিল—আপনারা যাহা করিতেছেন তাহার ফল বিশেষ রূপে পরে পাইবেন। যেমন ঈশ্বর পুরীসকে শর্করা করেন, জীর্ণ শীর্ণ বস্ত্রকে সতেজ করেন, দুর্গন্ধকে সুগন্ধ করেন, পাপীকে তাপী করেন, তেমনি আপনারা মলিন ও অপবিত্র বালিকাদিগকে পবিত্র করিতেছেন। যদি আপনারা না থাকিতেন তবে কি ভয়ানক জঘন্যতা প্রাপ্ত হইতাম! ধর্ম্মপরায়ণা নারীদ্বয় বলিলেন—আমাদিগের কি সাধ্য কি আমরা অন্যকে পবিত্র করি—যিনি পবিত্রতায় অয়ন, যাঁহার নিকটে পবিত্রতার জন্য আমরা অহরহ প্রার্থনা করিতেছি, তিনিই সকলকেই পবিত্র করিতেছেন—তাঁহাকে স্মরণ করিয়া সকল মঙ্গল সাধন কর। দেখ আমরা যে অবস্থায় পতিত হইয়াছিলাম তাহাতে উন্মাদিনী হইতে হয়। পতি বিয়োগ ও পুত্র বিয়োগের ন্যায় আর যন্ত্রণা নাই ও যদিও এই শোকে কিয়ৎকাল দহ্যমান ছিলাম কিন্তু এই শোকেতেই আত্মা মন্থিত হয় ও ঐ মন্থনে এই চেতনা লাভ করিলাম যে কি করিলে ঈশ্বরকে লাভ করিব? যদি নিদারুণ শোকের এই ফল তবে ঈশ্বর কি মঙ্গলময়! অতএব প্রাণপণে তাঁহার পূজা কর ও তিনি যাহা প্রেরণ করেন তাহা মস্তক নত করিয়া গ্রহণ ও বহন কর। জ্ঞানানন্দ নিকটে ছিলেন, সদানন্দকে বলিলেন ঈশ্বরের কার্য্য কি চমৎকার! কি ঘটনায় কি ঘটনা উপস্থিত হয়! যখন বিদ্যুত চম্‌কিয়া উঠে ও বজ্র পতিত হয় তখন বোধ হয় সৃষ্টি গেল-গেল কিন্তু বিদ্যুত ও বজ্রেতে বায়ুর নির্ম্মলতার বৃদ্ধি ও নির্ম্মল বায়ু জীবের জীবন পোষয়িতা। যখন দুঃখ ও শোক উপস্থিত তখন বোধ হয়, এইবার সমূলে উচ্ছিন্ন হইলাম কিন্তু দুঃখ ও শোক আত্মার কি প্রগাঢ় ও গম্ভীর ভাবের উত্থাপক ও প্রতিপালক। যেরূপ মিষ্ট বাণী শ্রুত হইল, তাহাতে আশা প্রবল হইতেছে যে কালেতে এতদ্দেশীয় অঙ্গনাগণ জ্ঞানালোক ও প্রেমালোকে আলোকিত হইয়া ঈশ্বরের আজ্ঞা প্রতিপালনে ও তাঁহার প্রিয় কার্য্য সাধনে পুরুষের সহিত সংযুক্ত হইবেন এবং ঈশ্বরের প্রকৃত উপাসনাতে সর্ব্ব গৃহ পবিত্র করিবেন। আমরা ভ্রমণ করিয়া অনেক লাভ করিলাম—এক্ষণে বাটী যাইতে ইচ্ছা হইতেছে, অতএব অনুগ্রহ

পূর্ব্বক বিদায় দিন, যদি জীবিত থাকি তবে পুনর্ব্বার আসিয়া সাক্ষাৎ করিব, আপনারা আমারদিগের পরম সুহৃদ। পরে সকলের নিকট হইতে বিদায় লইয়া জ্ঞানানন্দ, প্রেমানন্দ ও রামানন্দ যাত্রা করিলেন—নিকটস্থ যাবতীয় লোক পশ্চাতে ধাবমান হইল। সকলের সহিত আদর ও স্নেহ পূর্ব্বক আলাপ করিয়া তাঁহারা গমন করিলেন। যে পর্য্যন্ত দৃষ্টি গোচর হইলেন সে পর্য্যন্ত সহস্র সহস্র লোক চিত্র পুত্তলিকার ন্যায় দণ্ডায়মান থাকিল। বিদ্যালয়ের বালিকাদিগের কৃতজ্ঞতা নেত্রবারিতে প্রকাশ হইল। ধর্ম্মপরায়ণা নারীদ্বয় শোকের আচ্ছন্নতা প্রাপ্ত হইতে লাগিলেন। সদানন্দের হৃদয়ে ভ্রাতার বিয়োগ শোক জাগ্রত হইল। পরিবারস্থ ও পল্লীস্থ সকলেই বলাবলি করিতে লাগিল—দুইটি ভাই কি চমৎকার! রূপ গুণে সম্পন্ন, বোধ হয় যে সত্য ও ধর্ম্মের পতাকা হস্তে ধারণ পূর্ব্বক ঈশ্বরের রাজ্য বৃদ্ধি করিতে করিতে চলিয়াছেন। এরূপ লোক দুষ্প্রাপ্য।

জ্ঞানানন্দ ও প্রেমানন্দের গমনে অনেকের বিরহ দুঃখ ও তাপের উদ্দীপন হইল। যাহারা ভিন্ন মতাবলম্বী তাহারাও ঐ ভ্রাতা দ্বয়ের গুণ কীর্ত্তন করিতে লাগিলেন। সত্যেরই জয়—অসত্য ক্ষণিক স্থায়ী—সত্য চিরস্থায়ী। পথি মধ্যে রামানন্দ জ্ঞানানন্দকে জিজ্ঞাসা করিলেন—মহাশয় যে ধর্ম্ম বিস্তার পূর্ব্বক বলিলেন, ইহার নাম কি? জ্ঞানানন্দ উত্তর করিলেন নামেতে কিছু আইসে যায় না। জ্ঞানই মূল, ভাবই মূল, কার্য্যই মূল। আমি যে ধর্ম্ম বিস্তার পূর্ব্বক বলিয়াছি ইহা আত্মা বিনির্গত ধর্ম্ম—যেমন আত্মা উচ্চ ও ঈশ্বরের সহিত সংযুক্ত হইবে তেমনি এ ধর্ম্মের উচ্চতা প্রকাশ পাইবে। এই আত্মা বিনির্গত ধর্ম্মের মাহাত্ম্যের সাক্ষ্য আত্মাই স্বয়ং প্রদান করে—শাব্দিক প্রমাণ, পাণ্ডিতিক টীকা বা কল্পিত প্রণালীর কিছুমাত্র প্রয়োজন নাই। এ ধর্ম্ম বারি বায়ু ও রশ্মির ন্যায় প্রকৃত ও সকলের সেব্য ও প্রাপ্য। এই ধর্ম্ম বিশ্বব্যাপক—স্বাভাবিক—শ্রেণী বদ্ধ হইতে পারে না। যদি কোন কারণ বশাৎ ইহা শ্রেণীবদ্ধ হয় তবে পরে স্বীয় স্বভাব জন্য ঐশ্বরিক ভাব ধারণ পূর্ব্বক শ্রেণী নাশক ও সর্ব্বব্যাপক অবশ্যই হইবে। দিবাকর পর্ব্বতের পার্শ্বে উদিত হইলে সকলের দৃষ্টি গোচর হয় না কিন্তু পরে কে না দেখিতে পায়? আত্মার প্রকৃত ভাবেতেই এই ধর্ম্মের প্রকাশ—ইহার গতি অদ্রুত অথচ নিশ্চয়। প্রস্তর ভেদী বারির ন্যায় ইহার কার্য্য—আপনার আনুকুল্য আপনিই করে ও যে ধর্ম্ম যিনিই অবলম্বন করুন তাহা শীঘ্র হউক বা বিলম্বে হউক, ইহকালে বা পরকালে হউক ইহার সোপান অবশ্যই হইবে। এ ধর্ম্ম সমুদ্র স্বরূপ—অন্য অন্য ভিন্ন ভিন্ন নদ নদী স্বরূপ যত ধর্ম্ম আছে তাহা কালেতে এই ধর্ম্মেতে বিলীন হইবে। এই ধর্ম্মই নিত্য ধর্ম্ম—এইই সত্য ধর্ম্ম—এইই ব্রাহ্ম ধর্ম্ম।

শ্রীরাগ।—তাল কাওয়ালী।

প্রেম নগরে চল যাই। সেই প্রেমময় প্রেমেশ্বরের দিব হে দোহাই॥
প্রেমেতে মগন হব, প্রেমামৃত পান করিব, প্রেমানন্দ হইয়া ভ্রমিব ঠাঁই ঠাঁই।

সমাপ্তোয়ং।

অভেদী।

শ্রীটেকচাঁদ ঠাকুর কর্ত্তৃক বিরচিত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।

সন ১২৯৯ সাল।

শ্রীযুক্ত বাবু রাজমোহন দত্ত

মহাশয়েষু।

আর্য্য

আপনকার উদার ও অভেদী প্রকৃতি জন্য স্বীয় শ্রদ্ধা চিহ্ন স্বরূপ এই ক্ষুদ্র গ্রন্থ-খানি আপনাকে উৎসর্গ করিতেছি।

শ্রীটেকচাঁদ ঠাকুর।

অভেদী।

১।—অন্বেষণচন্দ্রের বনে শিকার দর্শন, বন্য লোকদিগের সহিত আলাপ ও ধর্ম্ম লক্ষণ চিন্তন।

অন্বেষণচন্দ্র, ভদ্র কুলোদ্ভব, তরুণ বয়সী, অতার্কিক মিতবাকী, শান্ত, জ্ঞান ও ধর্ম্মানুরাগী, অন্বেষণার্থে ভ্রমণ করিতেছেন। অনতিদূরে নিবিড় বন—বৃহৎ২ বৃক্ষে অরণ্যবেষ্টিত, বন-ফুলের শোভা মনোহর—শ্বেত, পীত, নীল, হিঙ্গুল নানাবর্ণ ও নানাত্ব একত্রিত হইয়া বায়ুর সহিত আশ্লেষ করিতেছে। বন দৃশ্য কি চমৎকার, ও সাধুচিত্তে কি সদ্ভাব উৎপাদক! কি মধুর গাম্ভীর্য্য ও বৈকালিক কোমলতা! কিন্তু স্থৈর্য্য লক্ষ্মীর ন্যায় চঞ্চলা। অল্প সময়ের মধ্যেই গজের গমনের গাঢ় শব্দ হইতে লাগিল। গজোপরি দুই জন নব্য মিলেটরি ও এক জন প্রাচীন পাদরি বসিয়াছেন। দুই জন মিলেটরি শার্দ্দূল ও বরাহ শিকার জন্য দূরবীক্ষণ দ্বারা দূরদৃষ্টি করিতেছেন—নিকটে বন্দুক, ছোরা, বর্ছা, বদনে চুরট—তাহার ধুমেতে ক্ষুদ্র মেঘোৎপত্তি; কিন্তু শৈশবাবস্থাতেই বিয়োগ। প্রাচীন পাদরি আমাদিগের ব্রাহ্মণ পণ্ডিতের ন্যায়, যজন যাজন ও অধ্যাপনে নিপুণ, একং বার ভয়েতে ঈষৎ কম্পবান ও ভাবিতেছেন ব্যাঘ্র দেখিলে পাছে ভূমিসাৎ হই, শিকার কখন দেখি নাই এজন্য আসিয়াছি—দেখিয়া স্বদেশীয় বন্ধুবান্ধবের নিকট গল্প করিব, ও ইহার বর্ণনা পুস্তকে লিখিব, কিন্তু বুঝি অপঘাত মৃত্যু উপস্থিত। দুই জন মিলেটরি পাদরির রকম সকম দেখিয়া চখটেপাটেপি করিতেছেন, পাদরি তাহা বুঝিয়া বীর বদন ধারণার্থে নিমগ্ন। সকল ভাব বাহিরে প্রকাশ হয় না—মনের অনেক তরঙ্গ মুহ্যমান, তাহাদিগের জন্ম ও লয়ের ব্যবধান ব্যবধান মাত্র ও যাহা প্রকাশ তাহা বাহ্য কারণ হিল্লোলেই প্রকাশ। এজন্য সকলের সকল ভাব সকলে অনবগত। হস্তি মন্দ মন্দ গতিতে চলিয়াছে, শুণ্ড অর্দ্ধ উত্থিত—সাময়িক নিনাদ বন শান্তি বিঘ্নকর। ইত্যবসরে দূর হইতে আলম্—আলম্ শব্দ উঠিল, "ঐ এলোরে ঐ এলোরে" তাহার পর কর্ণগোচর হইল। অমনি কতগুলি বন্যলোক টিকারা ও কাড়ানাগড়া বাজাইয়া গান করিতে লাগিল "দাদা বাঘ মারতে চল, দাদা বনচাল্‌তের ফল"। বন্যদিগের হস্তি নাই, অশ্ব নাই, বন্দুক নাই, বর্চ্ছা নাই, কেবল খড়্গ ও তীর লইয়া অকুতোভয়ে শার্দ্দূলের প্রতি ধাবমান হইল। দেখিবামাত্রেই ব্যাঘ্র লাঙ্গুল ল্যাগ ব্যাগ করিতে লাগিল ও চক্ষুপরি চক্ষু রাখিয়া বন্য লোকদিগের উপর লম্ফ দেয় এমত সময়ে তাহারা পুঞ্জং তীর

মারিয়া ব্যাঘ্রকে ভেদ করিয়া খড়্গ দিয়া তাহার মুণ্ড ছেদন করিল ; সাহেবরা বন্যলোকদিগের পরাক্রম দেখিয়া আশ্চর্য্যান্বিত হইলেন ও শিকারার্থে গভীর বনে প্রবেশ করিলেন।

অন্বেষণচন্দ্র দূর হইতে এই সকল দৃষ্টি করিয়া বন্য লোকদিগের নিকট উপনীত হইলেন।

তাহারা বলিল তুমি কে ?

অন্বেষণচন্দ্র উত্তর করিলেন আমি ভ্রমণকারী, তোমাদিগের সাহস দেখিয়া অশ্চর্য্যান্বিত হইয়াছি।

বন্য লোকেরা বলিল মহাশয়! আমরা এরূপ কর্ম্ম নিত্য করিয়া থাকি—মনের বাঘই ভয়ানক—বনের বাঘ ভয়ানক নয়, সহজেই মারা যায়। রাত্রি হইল, আমাদিগের বাটী পর্ব্বতের উপর, সেখানে আসিয়া অবস্থিতি করুন, কল্য প্রাতে যাইবেন।

অন্বেষণচন্দ্র তাহাতে সম্মত হইয়া তাহাদিগের সহিত পর্ব্বতোপরি আরোহণ করিয়া কয়েক খানি সুনির্ম্মিত কুটীর দেখিলেন। তিনি উপস্থিত হইবা মাত্রেই অন্যান্য পার্ব্বতিয়েরা ও তাহাদিগের অঙ্গনাগণ নিকটে আসিয়া যথেষ্ট সমাদর ও আতিথ্যপূর্ব্বক তাঁহাকে নানা ফল ও সুস্নিগ্ধ বারি প্রদান করিল। তিনি তাহা ভক্ষণ ও পান করিয়া জিজ্ঞাসা করিলেন এখানে অনেক পরিবার দেখিতেছি—তোমাদিগের বিবাদ উপস্থিত হইলে কি প্রকারে নিষ্পত্তি হয় ? এক জন প্রাচীন বলিল—আমরা সকলেই চাষ করি ও আপন২ পরিশ্রমে যাহা উপার্জ্জন করি তাহাতেই জিবিকা নির্ব্বাহ হয়, পরস্পর কাহার সহিত বিরোধ হয় না, সত্য ব্যতিরেকে অন্য বাক্য কহি না ও কি পুরুষ কি স্ত্রী ভ্রষ্টাচার যে কি তাহা জানে না, এজন্য সকলে পরম সুখী আছি ও আমরা সকলেই ঈশ্বর উপাসক, তাঁহাকে সর্ব্বদা মনে মনে ভাবিয়া বলি যে লোভ ও পাপে পতিত না হই।

অন্বেষণচন্দ্র বন্য লোকদিগের বাক্য শ্রবণ করিয়া সাতিশয় পরিতৃপ্ত হইলেন ও ভাবিলেন যে ইহারা বন্য বটে এবং অসভ্য বলিয়া গণ্য, কিন্তু সভ্যদিগের অপেক্ষা শ্রেষ্ঠ—যাহারা যত জিতেন্দ্রীয় তাহারাই তো তত প্রকৃত ধার্ম্মিক, এক্ষণে অন্বেষণ করিয়া সার উপদেশ গ্রহণ করিতে হইবেক। পুস্তক পাঠ উদ্বোধক কিন্তু সকল সদ্ভাব স্থায়ী নহে, মানব স্বভাব দর্শনে নিগুঢ় তত্ত্ব পাওয়া যায়। নির্জ্জন স্থানে বাস করিয়া ধ্যান ও ধারণা আত্মার উন্নতির কারণ বটে, কিন্তু অভ্যাসের অগ্রে জীবনের সার লক্ষ্য স্থির করা কর্ত্তব্য। নানা গ্রন্থ পাঠে ও নানারূপ উপদেশে আত্মা পরিপূরিত—কি গ্রাহ্য কি অগ্রাহ্য—কি সাধ্য কি অসাধ্য—তাহা নিগূঢ় চিন্তা ও আত্মপরীক্ষার দ্বারা নির্ণয় করা আবশ্যক। পর দিবস অরুদয়ে তিনি বিদায় লইয়া পর্ব্বতের নিম্নে আসিয়া মন্দং সমীরণ সেবন করতঃ চলিলেন।

২।—সহমরণ—আত্মবিষয় চিন্তন।

নদীর নিকটে কি কোলাহল! অনেক লোকের আগমন। আবাল, বৃদ্ধ সকলেই বিমোহিত ও বোরুদ্যমান। একটি বহু শাখাযুক্ত অশ্বত্থ বৃক্ষের নিম্নে খট্টোপরি শব রহিয়াছে, তাহার পদতলে রূপলাবণ্যযুক্তা, উর্দ্ধনয়নী, পট্টবস্ত্র পরিধায়িনী, সিন্দূর জ্যোতিরলঙ্কৃতা ও বটশাখা কর-গ্রাহিণী এক রমণী বসিয়াছেন। নিকটে দুইটি শিশু রোদন পূর্ব্বক বলিতেছে—মা! পিতার শোকে আমাদের প্রাণ যায়, তুমি সহমরণ গেলে আমরা কোথা যাব? মাতা এই হৃদয়ভেদী বিলাপে মুগ্ধ না হইয়া সন্তানদিগের মুখ চুম্বন করত বলিলেন, পরমেশ্বরের অসীম কৃপাতে তোমরা অনেকের নিকট পিতা মাতার স্নেহ পাইবে—স্থির হও, রোদন করিও না। পরে অনেকে নিকটে আসিয়া ঐ স্ত্রীলোককে নানা প্রকার বুঝাইলেন, কিন্তু তিনি কিছুই উত্তর না দিয়া করযোড়ে ঊর্দ্ধ দৃষ্টে থাকিলেন। নিকটস্থ লোকদিগের বোধ হইল যে তাঁহার আত্মা বিশুদ্ধ আধ্যাত্মিক ভাব বলে শরীর হইতে স্বতন্ত্র হইয়াছে—আত্মাতে বাহ্য ভাব কিছুই প্রেরিত হইতেছে না। অল্প কাল পরে শব স্নাত হইলে তিনি প্রদক্ষিণ করিয়া হরিনামের ধ্বনি করত মৃত ভর্ত্তার চিতায় আরূঢ় হইয়া যেন স্বর্গলাভ করিলেন। রমণীর জীবিত শরীর মৃত স্বামির শরীরের সহিত দগ্ধ হইতে লাগিল—দেহ স্থৈর্য্যে সম্পূর্ণ—দুই হস্ত সংযুক্ত—বদন ঈষদ্ধাস্যান্বিত—নয়ন সমাধিতে আবৃত ও যদবধি আত্মা শরীর হইতে পৃথক না হইল তদবধি তাঁহার পবিত্র রসনার হরিনাম সকলের শান্তিদায়ক হইয়াছিল।

অন্বেষণচন্দ্র এই অদ্ভুত ব্যাপার দেখিয়া চিন্তায় নিমগ্ন হইয়া আত্ম বিচার করিতে লাগিলেন। সক্রেটিস মৃত্যু কালীন মৃত্যুঞ্জয় হইয়া শান্তচিত্তে বিষপান করিয়াছিলেন। ক্রাইষ্টও অন্তিম কালে বৈভাব বিসর্জ্জনপূর্ব্বক শান্তভাব ধারণ করেন, কিন্তু মৃত্যু যন্ত্রণা বৃদ্ধি হইলে তিনিও ঈশ্বরের প্রতি বিশ্বাস না রক্ষা করিতে পারিয়া চীৎকার করিয়া বলিয়াছিলেন—পিতঃ! আমাকে তুমি কি ত্যাগ করিলে? রণস্থলে বীরেরাও মৃত্যুকে ঘৃণা করিয়া প্রাণদান করিয়া থাকে ও অনেক ধর্ম্মপরায়ণ ব্যক্তিরাও ধর্ম্মবলে মৃত্যুপাশ বন্ধন হইতে মুক্ত হয়েন, কিন্তু এ রমণীর ন্যায় আধ্যাত্মিক বল অসাধারণ। মত্ত হইয়া প্রাণত্যাগ করা ও স্বেচ্ছাপূর্ব্বক দগ্ধ হইয়া শান্তভাবে দেহ বিনাশ করা ভিন্ন ব্যাপার। সকল বীরত্ব অপেক্ষা এ বীরত্ব শ্রেষ্ঠ, কিন্তু এ কিরূপে জন্মে? অনেক সুশিক্ষিত ব্যক্তি, অনেক বিদ্যা বিষারদ লোক বলেন আত্মা নাই—মরণেতেই জীবনের বিনাশ, জীবন কেবল শারীরিক কার্য্যের নিয়ামক। আত্মা কখন কাহারো সমীপে দৃষ্ট হয় নাই ও যাহা চাক্ষুষ নহে তাহা অবিশ্বাস্য। সকল শাস্ত্রে আত্মার অমরত্ব উল্লেখ আছে বটে, কিন্তু সে কেবল লোক যাত্রা নির্ব্বাহের জন্য। আত্মার অবিনাশত্ব স্বীকার না করিলে অত্যাচারের বৃদ্ধি, বাস্তবিক এ বিষয় কেহই সংস্থাপন করিতে পারে না, এবং আচার্য্যেরাও শাব্দিক অনুমেয় ও উপমেয় প্রমাণ ব্যতিরেকে অন্য প্রকার বুঝাইয়া দিতে

পারেন না। শিষ্যও পাছে নাস্তিক বলিয়া গণ্য হয় এই ভয় প্রযুক্ত অধিক জিজ্ঞাসা করিতে পারে না কিন্তু এ বিষয়টি নির্ণয় করা অতিশয় আবশ্যক। যদি এই অনুসন্ধানে বিশেষ আলোক পাওয়া যায় তবে ঈশ্বরের প্রকৃত অভিপ্রায় নিশ্চয় হইবে, তাহা না হইলে সকল উপদেশই যাহা সত্য ও ধর্ম্ম বলিয়া গ্রাহ্য হইতেছে তাহা দুর্ব্বল সংস্কারাধীন ও এই কারণেই এত মতান্তর, বিবাদ, কলহ ও দলাদলি হইতেছে। অনেক পড়িয়াছি, অনেক চিন্তা করিয়াছি, কিন্তু কিছুই অন্ত পাই না। যাহার নিকট জিজ্ঞাসা করি তিনি আপন মত প্রকাশ করেন। তন্ন তন্ন করিতে গেলে ঐ মত ধূমবৎ বোধ হয়। দেখি ঈশ্বর যা করেন অন্বেষণ করিতে ক্রটী করিব না।

৩।—পিঙ্গলা গ্রামে লালবুঝ্‌কড়ের স্বভাব বর্ণন; ধর্ম্ম বিষয়ে দলাদলি।

পিঙ্গলা গ্রামে লালবুঝ্‌কড় নামে এক জন ধড়িবাজ লোক ছিলেন। তাঁহার পশ্চিম দেশে জন্ম ও সৌদাবাদে অনেক দিবস অবস্থিতি এজন্য তাঁহার কথা জারজন্ব প্রাপ্ত হইয়াছিল—যাহা কহিতেন তাহা অর্দ্ধেক হিন্দি ও অর্দ্ধেক সৌদাবাদি। লোকটী সাম্প্রদায়িক কিন্তু আপন অভিপ্রায় কি তাহা ডুবুরি ডুবিলেও অন্দি সন্দি পাইত না। সর্ব্বদাই ইজের ও চাপকান পরা ও লাটুদার পাগ্‌ড়ি মাথায়, হাতে হরিনামের মালা, সকল কথাতেই রাজা উজির মার্‌তেন, সকল কর্ম্মেতেই ডিক্‌রি ডিস্‌মিস্ কর্‌তেন, আর সর্ব্বদাই-পূর্ব্ব কালের মাহাত্ম্য বর্ণন কর্‌ত বলিতেন, "আবে আখোন কি আছে—আগে তবলার চাটি, ঘোড়ার চিঁহি, লুচি পুরির খচাখচ, আখোন এ গলিতে ছুঁছার ডাক ও গলিতে পুছার ডাক"। নিকটস্থ কেহই সম্পূর্ণরূপে কোন কথা সাঙ্গ করিতে পারিত না। কথা আরম্ভ করিলেই, তিনি বলিতেন আরে রহ মশাই, তুমি ঝান কি? বিদ্যা সম্বন্ধীয় অথবা ধর্ম্ম বিষয়ক কি আদালত সংক্রান্ত প্রস্তাব হইলে, তিনি অমনি হুমড়িখেয়ে পড়ে বেহুদা বক্‌তেন ও সকলেই নিরস্ত হইয়া সুপারি ধরিয়া থাকিত। তাঁহার নাম পরমানন্দ, কিন্তু তাঁহার বাকচতুরতা ও সব বিষয়েতে ঠোকরমারা জন্য গ্রামস্থ সকলে তাঁহাকে লাল বুঝ্‌কড় বলিয়া ডাকিত ও তিনিও আত্মগৌরব সংস্কার বশতঃ তাহাতে তুষ্ট হইতেন। যেখানেই কোন কঠিন প্রশ্ন হইত সেখানেই লোকে উপেক্ষা করিয়া বলিত এ প্রশ্নের সিদ্ধান্ত লালবুঝ্‌কড় বই আর কে করিবে? লাল-বুঝ্‌কড় কোন বিষয়েই পিচ্‌পা হইতেন না। জ্যোতিষ, হাত দেখা, কোষ্ঠির ফলাফল বলা, দৈবকার্য্য করা, রোজাগিরি কর্ম্ম, ভূতনাবান, বন্ধ্যাদিগের ঔষধি দেওয়া এ সকলই তাঁহার কণ্ঠস্থ, সর্ব্বদাই এক রকম না এক রকমে ব্যস্ত যেন অহরহ লাঠিমের ন্যায় ঘুরিয়া বেড়াইতেন। কি হিন্দু কি মুসলমান সকলেই তাঁহাকে মান্য করিত—সংসারে বাহ্য চটকে কি না হয়? যাহার

চুপ আর বুক তাহারি জয়। এই রূপে কিছু কাল যায়। এক দিবস দুই জন ইতর লোক প্রচুর সুরাপান করিয়া বিবাদ করিতেছে। এক জন বলিতেছে বৃক্ষ বড়, এক জন বলিতেছে পাতা বড। হাতাহাতি হইবার উপক্রম—এমত সময় অন্য এক জন পড়িয়া বলিল তোমাদের বিবাদ ভঞ্জনার্থে লালবুঝ্কড়ের নিকট যাও। অমনি তাহারা টল্‌তে টল্‌তে আসিয়া বলিল ওগো বোঝাকড়ি মশাই! ঘরে আছ গো? এরূপ সম্ভাষে লালবুঝ্কড় কিঞ্চিৎ বিরক্ত হইয়া বলিল হারে তোরা কি মাংছিস্? তাহারা মদ ভরে অঙ্গ কাঁপাইয়া বলিল—মোর বাপের ঠাকুর বলতো বিক্ষ বড় না পাতা বড়? লালবুঝ্কড় বলিল ঝা বেটারা, ঝা বৃক্ষ বড়। ঐ দুই জনের মধ্যে এক জন বলিল তবে বাবা তোমার মুখে ছাই দি। মানপাতা কি মোর বাপ? তার যে পাতা বড়। তোমার এই মোড়লি? ছি! ছি! লালবুঝ্কড় পাছে আপনার অপাণ্ডিত্য লেশ মাত্র প্রকাশ পায়, এজন্য অমনি হুম্‌কে উঠে ঝা বেটারা, ঝা বেটারা, বলিয়া তাহাদিগের বাহির করিয়া দিলেন। গ্রামে নানা প্রকার লোক নানা মতাবলম্বী। স্থানে স্থানে দলে বিভক্ত ও যেখানে দল সেখানেই দলীয় ভাব সম্পূর্ণ ও দল ভাবই ঈশ্বর জ্ঞান। যাহারা যে দলস্থ তাহারা আপন মত ও বিশ্বাস প্রকৃত সত্য জ্ঞান করে ও ঐ মত ও বিশ্বাস রক্ষা ও বিস্তার জন্য প্রাণ দিতেও প্রস্তুত। এই কারণ এক দল অন্য দলের প্রতি ঘৃণা ও বিদ্বেষ প্রকাশ করে ও মনে করে যে সত্য ও ধর্ম্ম কেবল তাহাদিগের হস্তে। গ্রামেতে পৌত্তলিক, ব্রাহ্ম ও উন্নত ব্রাহ্ম ধর্ম্ম প্রচার হইতেছে, মোসলমান দিগের মস্‌জিদ প্রান্ত ভাগে দেদীপ্যমান ও পাদরিদিগেরও গির্জা স্থাপিত হইয়াছে। যাহার যে অভিপ্রায় ও অভিরুচি সে তাহা করিতেছে ও তাহাতে মনের চাঞ্চল্য, মতের ভিন্নতা বিশ্বাসের নানা কলা প্রকাশ ও দলাদলির আক্রোসের বৃদ্ধি। সকলেই সকলকে স্বদলস্থ করিবার চেষ্টা করিতেছে ও নূতন নূতন লোক জোয়ারের জলের ন্যায় এক দল হইতে অন্য দলে ঘুরিয়া বেড়াইতেছে। খ্রীষ্টীয়ান ধর্ম্মানুরাগী হইলে ব্রাহ্মেরা তাহার উপর ধাবমান হইতেছে ও ব্রাহ্ম ধর্ম্মাবলম্বী হইলে খ্রীষ্টীয়ানরা তাহাকে হস্তগত করিবার চেষ্টা পাইতেছে। পৌত্তলিক আক্রমণ না করিয়া কেবল বলিতেছে সব গেল এতো জানাই আছে, সব একাকার হইবে, এক্ষণে স্বধর্ম্ম রক্ষা করিয়া মরিতে পারিলেই হয়। মোসলমানেরা বিষহত সর্পের ন্যায় দংশন করনে অসক্ত—কোন জবরান করিলে সাজা পাইতে হইবে—অল্প অল্প ছলের দ্বারা যাহা হইতে পারে তাহাতেই চেষ্টান্বিত। উন্নত ব্রাহ্মেরা বলিতেছেন প্রকৃত-কার্য্য কিছুই হইতেছে না—সেকেলে ব্রাহ্মেরা প্রকৃত জড়ভরত। কেবল ব্রাহ্মধর্ম্ম পড়াও কিঞ্চিৎ অনুষ্ঠান করায় কি হইতে পারে? ব্রাহ্মধর্ম্ম প্রকাশ করিতে গেলে কেবল বেদ, উপনিষদ, পুরাণ ও তন্ত্র অবলম্বন করা কর্ত্তব্য নহে। বাইবেল, কোরান, জেন্দবেস্তা প্রভৃতি অন্যান্য ধর্ম্মশাস্ত্রের সার অংশ দেওয়া কর্ত্তব্য। অনুষ্ঠান কি জাতকরণ, বিবাহ, শ্রাদ্ধ ইত্যাদির প্রণালী

পরিবর্ত্তন করিলেই হইতে পারে? জাতিভেদের বিনাশ—বিধবা বিবাহ ও অসবর্ণে বিবাহ প্রচলন, বালবিবাহ নিবারণ ও স্ত্রীলোকদিগের শিক্ষা ও অন্তঃপুর হইতে বন্ধন মোচন ইত্যাদি না হইলে কি উন্নতি হইবে? সেকেলে ব্রাহ্মেরা বলেন এসকল কালেতে হইবে, কিন্তু সে কালকে কার্য্য দ্বারা না আনিলে সকলই কাল স্বরূপ হইয়া উঠিতেছে। বিশেষতঃ পৈতা ধারণ কি ভয়ানক! ইহাতে বোর পৌত্তলিকতা প্রকাশ পাইতেছে, তবে আর ব্রাহ্মধর্ম্ম কোথায়? এইরূপে জল্পনা, কল্পনা, অনুশীলন ও মতান্তরের ধ্বনি প্রতিধ্বনিত হইতেছে। গ্রাম কম্পবান—মুহু মুহুর নানা তরঙ্গ উঠিতেছে, এক এক তরঙ্গের বেগ কে ধারণ করে? আর এদিকে জাতিমারা, ধোপা নাপিত বন্ধ করা, নিমন্ত্রণের কলহ, দলোদিগের ঘোঁট সাতিশয় হইতেছে। দুই এক জন আমুদে লোক যাহারা কোন দলে লিপ্ত নয় তাহারা মধ্যে মধ্যে লালবুঝ্‌কড়ের নিকট আসিয়া বলে, কেমন গো মহাশয়! তুমি তো সকলের আক্কেল বরদার—এসব গোল মেটাওনা কেন?

লালবুঝ্‌কড়্ তাহাদিগের ব্যঙ্গোক্তি কথা শুনেন ও বলেন—আমি ঝেমন ঝেমন বুঝ্‌ব তেমন তেমন কাম করব—বখেড়া বহুৎ ওখ্‌ত বহুৎ চাই।

তাহারা জিজ্ঞাসা করিল—তুমি ধর্ম্মশাস্ত্র বোঝ সোঝ? তোমার তো বিদ্যা ব্রহ্মাণ্ড আমরা জ্ঞাত আছি। তুলসি দাসী, রামায়ণ, সতসইয়া, প্রেমসাগর প্রভৃতি কয়েকখানি পুস্তক পড়িয়াছ—ধর্ম্মবিষয়ক চর্চ্চা কবে করলে?

লালবুঝ্‌কড়্ কিঞ্চিৎ বিরক্ত হইয়া বলিলেন—ঝা বাবু। আপন আপন কামে ঝা—হামার সাত টিট্‌কারি করনা, কি কাম? হামি কি না ঝানি? ওখ্‌ত হলেই নিকাস করব। এখোন ঝকড়া বাড়িতে দেও যদি আপনা আপনি না কমে তো হামি কমাব।

৪।—বাবুসাহেব ও জেঁকোবাবুর পরিচয় ও আত্মবিষয়ে তাহাদিগের মত, অন্বেষণচন্দ্রের পিঙ্গলা গ্রামে প্রবেশ ও সমাজাদি দর্শন।

গ্রামের দক্ষিণস্থ মাঠের নিকট একটি সুনির্ম্মিত অট্টালিকা সম্মুখে উদ্যান। বায়ুর স্রোত নিরন্তর বহিতেছে। লোকের গমনাগমন অল্প—সময়ে সময়ে এক এক খানা গরুর গাড়ি কলুর ঘানির শব্দ করত চলিয়াছে। ভারাক্রান্ত গরু অচল কিন্তু বেত্রাঘাতে সচল—দুই এক জন হেটো মস্তকে তরকারির বোঝা ও শরীর ঘর্ম্মে স্নাত—বেগে চলিয়াছে। মন্দ মন্দ গতিতে মধ্যে মধ্যে দাসো জলের কলসি স্কন্ধে—"হাঁগো সে জানে সব মথুরা" গান করিতেছে। উক্ত অট্টালিকায় বাবুসাহেব বাস করেন। তাঁহার আদিম নাম কি তাহা সকলে অবগত নহে কিন্তু তিনি বহুকাল ফিরিঙ্গি, ট্যাশ ও মেটেফোসের সহিত সহবাস করাতে তাঁহার চালচুল তাহাদিগের ন্যায়—ইংরাজি রকমে আহার করেন—ইংরাজি রকমে পোশাক পরেন—ইংরাজি রকমে কথা কহেন—

ইংরাজি রকম চাল চলেন। নির্জ্জন হইলে হয়তো মেজের উপর দুই পা তুলিয়া ভাবেন—হয়তো দুপা ফাঁক করিয়া দাঁড়াইয়া শিস দেন ও স্বদেশীয় লোকদিগের প্রতি এমনি বিদ্বেষ—স্বদেশীয় আচার ও ব্যবহারে এমনি বিরক্ত যে কেহ এতদ্দেশীয় কাহার নাম উল্লেখ করিলে তিনি অমনি বলিয়া উঠেন "ড্যাম বেঙ্গালী—ড্যাম বেঙ্গালী"। বাবু সাহেবের নিকট অনেকেই আইসে কিন্তু কাহার সহিত মিল হয় না কেবল গ্রামস্থ এক জন জেঁকো বাবু নামে বিখ্যাত তাঁহারই সহিত বন্ধুতা ছিল। জেঁকো বাবু বিদ্যা অভ্যাস না করিয়া কেবল অবিদ্যা অভ্যাস করিয়াছেন, অর্থাৎ আত্মবিদ্যায় কিছুই মনোনিবেশ করেন নাই, কেবল পদার্থ বিদ্যা, অর্থাৎ বাহ্য বিদ্যা, খগোল, ভূগোল, অঙ্ক, বীজগণিত পুরাবৃত্ত, উদ্ভিদ্ প্রভৃতি বিদ্যায় কিছু কিছু ঠোকর মারিয়া সর্ব্বদাই জনসমাজে আড়ম্বর প্রকাশ করিতেন। যাহারা আত্মবিদ্যা অবহেলা করে ও কেবল বাহ্য বিদ্যানুশীলনে কাল যাপন করে তাহাদিগের ঈশ্বর, আত্মা ও পরকাল জ্ঞান অল্প। তাহারা সাবজ্ঞান, অর্থাৎ বিদ্যা ত্যাগ করিয়া অসার অর্থাৎ অবিদ্যা জ্ঞানে জ্ঞানী হয়। বাবুসাহেব ও জেঁকো বাবু বাহ্য আড়ম্বরীয় বিদ্যার চর্চ্চায় সর্ব্বদা রত থাকিতেন। আত্মবিদ্যার আলোক তাঁহাদিগের আত্মাতে কিঞ্চিন্মাত্র প্রবেশ করে নাই, এজন্য তাঁহারা এক প্রকার নাস্তিক ছিলেন। আত্মার অমরত্ব প্রস্তাবিত হইলে, কৌতুক করিয়া বলিতেন—যাহা অপ্রমাণ্য তাহা অগ্রাহ্য—আত্মা প্রদীপের ন্যায়, প্রদীপ তৈল থাকিলে ও বাতাস না পাইলেই জ্বলে ও নির্ব্বাণ হইলে আলোক আর প্রকাশ হয় না, তবে যে কেহ কহেন অমুকের আত্মা দৃষ্ট হইয়াছে, সে শাব্দিক ও মস্তিষ্কের দোষ ঘটিত। যদি আত্মার অবিনাশত্ব সংস্থাপিত না হয়, তবে আর পরলোক কোথায়? কেহ বলেন চন্দ্রলোকে, কেহ বলেন ছায়াপথে, কেহ বলেন ইহা অনেক শ্রেণিতে বিভক্ত, যেমন আত্মা প্রেমে ও জ্ঞানে উন্নত, তেমনি ঊর্দ্ধগামী—এ সব বাগ্জাল—প্রমাণ কোথায়? যাহারা পদার্থ বিদ্যা ভাল করিয়া না শিখে, ও কি প্রণালীতে সত্য শিক্ষা করিতে হয়, তাহা না অভ্যাস করে, তাহারা ভ্রমের অন্ধকূপে সর্ব্বদা পতিত। বিজ্ঞান শাস্ত্রজ্ঞ ব্যক্তির এ সমস্ত গড্ডলিকা প্রবাহের অদ্ভুত অনুরাগযুক্ত ভ্রম সূক্ষ্মজ্ঞান আলোক দ্বারা নিবারণ করা কর্ত্তব্য, কিন্তু ইহা হইতেছে না, এই কারণে গ্রামটা একেবারে ছারখার হইয়া গেল। গলা টিপ্লে দুধ-বেরোয় এমন সব ছোঁড়া আসল লেখা পড়া ত্যাগ করিয়া হয়তো বাইবেল নয়তো ব্রাহ্মধর্ম্ম পড়িতেছে, আবার গির্জ্জায় অথবা সমাজ মন্দিরে গিয়া চোক বুজাইয়া উপাসনা করে ও কি ঘরে, কি বাহিরে ধর্ম্ম লইয়া ঝকড়া করিয়া বেড়ায়। ঈশ্বরের অস্তিত্ব কিরূপে সংস্থাপিত হইতে পারে? ঝুড়ি ২ পুস্তক লেখা হইতেছে, কিন্তু কেবল কার্য্য ও কারণের উপর নির্ভর। মিথ্যা ঢেঁকির কচ্‌কচি করা কি উপকার!

পিঙ্গলা গ্রামে অন্বেষণচন্দ্র উপনীত। একে বসন্তকাল তাহাতে পূর্ণিমার চন্দ্র প্রকাশ। বনে উপবনে অসংখ্য বৃক্ষ ও লতা, মুকুলে, পুষ্পে ও ফলে

পরিপূর্ণ, শশাঙ্কের আভায় পল্লবাদির মরকত শোভা মার্জ্জিত—মলয়ার চুম্বনে মুকুল ও পুষ্পের নানা আমোদীয় গন্ধ একত্রিত ও বিস্তৃত—দেবালয় সকল আলোকে প্রজ্জ্বলিত—ধূপ ধুনার গন্ধে ব্যাপিত—শঙ্খ, ঘণ্টা, মৃদঙ্গ, করতাল, তূরি, ভেরীর ধ্বনিতে অর্চ্চিত ও মধ্যে মধ্যে এক এক শিবালয় হইতে "হব পঞ্চানন পিনাক পানে হে" সঙ্গীত হইতেছে। সময়, স্থান ও অবস্থায় আত্মার গভীর ভাব উদ্দীপন করে। অন্বেষণচন্দ্র সদ্ভাবে পূর্ণ হইয়া চলিয়াছেন। কিঞ্চিৎ দূরে যাইয়া এক অপূর্ব্ব ব্রাহ্ম সমাজ দেখিলেন। ব্রাহ্মরা ভক্তিপূর্ব্বক উপবেশন করিয়া উপাসনা করিতেছেন। আচার্য্য উপদেশ দিতেছেন—প্রস্তাব আত্মার অমরত্ব। শাস্ত্রীয়, সম্ভাব্য ও উপমেয় প্রমাণে যতদূর পাওয়া যায় ততদূর ব্যক্ত হইল, অবশেষে আত্মার অবিনাশত্ব বিশ্বাস না করিলে কি অসুখ ও ভয়ানক তাহাও বর্ণিত হইল। শ্রোতাদিগের বদনাভাসে বোধ হইল যে সকল উপদেশ তাহাদিগের দ্বারা গৃহীত হয় নাই ও অনেকেরই নয়ন ভঙ্গি দ্বারা বুঝা গেল যে ঐ উপদেশ অতি দীর্ঘ হইয়াছে। উপাসনা সমাপ্ত হইলে অন্বেষণচন্দ্র দুই এক ব্রাহ্মকে জিজ্ঞাসা করিলেন এ কোন ব্রাহ্ম সমাজ? তাঁহারা বলিলেন এ প্রাচীন সমাজ একটু আগে গেলে উন্নত সমাজ দেখিতে পাইবেন। কিছু দূর যাইবা মাত্রেই রক্ত পতাকা উড্ডীয়মান—বাদ্যের গগনভেদী ধ্বনি ও সংকীর্ত্তন লহরী যেন একং তরঙ্গের ন্যায় কর্ণকুহরে প্রবেশ করত হৃদয়কে নৃত্য করাইতেছে। নয়ন নিমীলিত, পট্টবস্ত্র-পরিহিত, চর্ম্মপাদুকা-রহিত ব্রাহ্মরা সমাজ মন্দিরে উপনীত হইয়া উপাসনা করিতে বসিলেন। প্রথমে অনুতাপের উপাসনা হইল, পরে আচার্য্য মহাত্মা ব্যক্তিদিগের ঐশ্বরীক শক্তি বর্ণন করিলেন। মহাত্মা চৈতন্য, নানক ও ক্রাইষ্ট—কিন্তু সকল অপেক্ষা ক্রাইষ্টের অসীম প্রেম ও অনুপমেয় গুণ বিশেষরূপে বর্ণিত হইল। সভা ভঙ্গ হইলে অন্বেষণচন্দ্র যাইতেছেন। কোথায় অবস্থিতি করিবেন এই ভাবিতেছেন এমত সময়ে বৈষ্ণবদাস বাওয়াজী নামে একজন ব্যক্তি হঠাৎ তাঁহার সহিত আলাপ করত আপন নিকেতনে আসিবার জন্য তাঁহাকে আহ্বান করাতে তিনি সম্মত হইয়া তথায় যাইয়া রাত্রি যাপন করিলেন।

৫।—বৈষ্ণবদাস বাওয়াজির বাটী ও আত্ম বিষয়ে তাহার উপদেশ।

বৈষ্ণবদাস বাওয়াজির বাটী বড় প্রশস্ত নহে। বাহিরে একটি দালান, পার্শ্বে দুইটি ঘর ও উঠানের উপর একটি পর্ণ আচ্ছাদিত গোশালা। প্রাতে উঠিয়া স্নান আহ্নিক সমাপনানন্তর শিষ্যদিগকে অধ্যাপন করাইতেছেন। কেহ শ্রীমদ্ভাগবত, কেহ গীতা, কেহ কুসমাঞ্জলী, কেহ শঙ্করভাষ্য পাঠ করিতেছেন। অন্বেষণচন্দ্র নিকটে যাইয়া বসিয়া বলিলেন—মহাশয়! আমার সৌভাগ্য বশতঃ আপনার দর্শন লাভ করিয়াছি। আত্মবিদ্যা বিষয়ক আপনি

যাহা জ্ঞাত আছেন তাহা কিঞ্চিৎ বলিতে আজ্ঞা হউক। আমার এ বিষয়ে অধিক পিপাসা।

বৈষ্ণবদাস বলিলেন এ প্রকার প্রশ্ন প্রায় শোনা যায় না। আমি যাহা জানি তাহা অবশ্যই বলিব, কিন্তু আমি চিনির বলদের ন্যায়। যাহা জানি তাহা অধ্যয়ন দ্বারা জানি—বিতণ্ডা করিতে পারি—কার্য্য অথবা অভ্যাসের দ্বারা জানি না। সে উপদেশ যোগী অথবা মুক্ত ব্যক্তিরা দিতে পারেন। সাধারণ সন্দেহ এই আত্মা শরীরের সহিত বিলীন হয়, এটি ভ্রম। গীতা আপনি অবশ্যই দেখিয়াছেন। শ্রীমদ্ভাগবত ব্যাসের শেষ গ্রন্থ, বড় কঠিন ও জ্ঞানের খনি। প্রস্তাব সংক্রান্ত ঐ পুস্তকেতে যে শাসন আছে তাহার সারাংশ বলিতেছি।

'জীবের উপাধি লিঙ্গ দেহ এবং আত্মার অনুবর্ত্তী স্থূল ভূতাদির বিকাররূপ ভোগায়তন, এই স্থূল দেহ এই দুইয়ের যে নিরোধ অর্থাৎ কার্য্যে অযোগ্যতা হওয়া তাহাই জীবের মরণ'। ৩ স্কং।

'এই আত্মা দেহ হইতে ভিন্ন, যেহেতু ইনি এক শুদ্ধ জ্যোতিঃস্বরূপ, নির্গুণ, কারণভূত, গুণের আধার, সর্ব্বগত ও সর্ব্বত্র অনাবৃত এবং সাক্ষি-স্বরূপ, দেহ এরূপ নহে। এই প্রকারে দেহস্থিত আত্মাকে যে পুরুষ জানিতে পারে, তিনি দেহধারী হইলেও দেহের বিকার দ্বারা লিপ্ত হন না'। ৪ স্কং।

অপিচ—'আত্মা অবিনাশী, অপক্ষয় শূন্য, শুদ্ধ অর্থাৎ নিরঞ্জন, অদ্বিতীয়, বিজ্ঞাতা, সর্ব্বাশ্রয়, বিকারবর্জ্জিত, আত্ম জ্যোতি, সকলের হেতু, অসঙ্গ এবং অনাবৃত্ত'। ৭ স্কং।

'যেমন কালেতে চন্দ্রের কলা সকলের হ্রাস বৃদ্ধি হয় স্বরূপত তাহা চন্দ্রের নহে, তদ্রূপ সৃষ্টি অবধি মরণ পর্য্যন্ত ভাব বিকার সকল দেহেরই জানিবে আত্মার নহে'। ১১ স্কং।

'সত্ত্ব রজঃ ও তমঃ এই তিন প্রকৃতির গুণ, আত্মার নহে, যে ব্যক্তি আত্মাকে ঐ গুণত্রয়ের সাক্ষীস্বরূপ জানেন তিনি হর্ষাদির দ্বারা কখন বদ্ধ হন না'। ৬ স্কং।

'ইন্দ্রিয়গণ কর্ম্ম সকলের সৃষ্টি করে, আত্মা করেন না, সত্ত্বাদি গুণ সকল ইন্দ্রিয়গণকে প্রবৃত্ত করে, আত্মা নহেন, জীব ইন্দ্রিয় সংযুক্ত হইয়া উপাধি সহকারে কর্ম্মফল ভোগ করেন, নিরুপাধিক আত্মা ভোগ করেন না। যত দিন গুণ বৈষম্য থাকে, তত দিন আত্মার নানাত্ব হয়, যত দিন আত্মার নানাত্ব থাকে, তত দিন তাঁহার পরাধীনত্ব হয়, যত দিন পরাধীনত্ব থাকে, তত দিন ঈশ্বর হইতে ভয় হয়'। ১১ স্কং।

'সত্ত্ব গুণের উদয়ের নাম স্বর্গ ও তমো গুণের উদ্রেকের নাম নরক'। ১১স্কং।

'শোক, হর্ষ, ভয়, ক্রোধ, লোভ, মোহ, স্পৃহা, জন্ম এবং মৃত্যু এ সমুদায় অহংকারের জানিবে, আত্মার নহে'। ১১ স্কং।

এই উপদেশ পাইয়া অন্বেষণচন্দ্র কৃতজ্ঞতা প্রকাশ করত বিদায় লইয়া গমন করিলেন।

৬।—অন্বেষণচন্দ্রের আত্ম বিষয়ক চিন্তন ও নূতন ভাবের উদ্রেক ও মৃত পিতার বাক্য শ্রবণ।

মধ্যাহ্ন উপস্থিত। রবির প্রখর উত্তাপ। মাঠে গোপালেরা গোরু চরাইতেছে। হলের বেগে মৃত্তিকা ভেদ হইতেছে। গো সকল তৃষ্ণাতে আতুর। গোপাল লাঙ্গুল মুচড়াইয়া লাঙ্গল চালাইতেছে। আপন লাভ জন্য পশুদিগের প্রতি মনুষ্য সর্ব্বদা দয়াহীন হইয়া থাকে। মাঠে ছায়া নাই, স্থানে স্থানে এক একটি বন্য বৃক্ষ। একদিকে একজন মেষপালক কতকগুলি মেষ লইয়া যাইতেছে। একদিকে মহিষের পাল বেগে চলিয়াছে। নিকটস্থ দুই একটা বন্য বৃক্ষ হইতে কীট অথবা শস্য অন্বেষণার্থে পক্ষিরা এক একবার চুকরু চুকরু করিয়া ডাকিতেছে ও রাখাল বিশ্রাম জন্য মেঠো সুরে গান গাইতেছে। মাঠের উত্তরে একটি সরোবর—পার্শ্বে বকুল ও কদম্ব বৃক্ষ, তাহার ছায়ায় বসিয়া অন্বেষণচন্দ্র ভাবিতে লাগিলেন।

স্বগণ, বন্ধু বান্ধব অনেকেই লোকান্ত গিয়াছেন, কিন্তু লোকান্তর কোথায়? মৃত্যুর পরে কি অবস্থা হয়? এ উপদেশ না সক্রেটিস, না প্লেটো, না ক্রাইষ্ট, না পাল, না ব্যাস, না উপনিষদ কিছুই দিতে পারেন না। পাল বলেন রক্তমাংস যুক্ত শরীর গেলে আধ্যাত্মিক শরীর হয়। হিন্দু শাস্ত্রের প্রেরণা এই যে স্থূল শরীর বিগত হইলে লিঙ্গ শরীর হয়, কিন্তু ইহা কি প্রকারে নির্ণীত হইবে? সহমরণ যাহা দেখিলাম, তাহাতে আত্মা যে স্বতন্ত্র তাহা বিশেষরূপে প্রতীয়মান, কারণ ঐ রমণীর শারীরিক ভাব কিছুই দৃষ্ট হইল না। অনেক অনেক যোগীরও এই ভাব দেখা যায়। তাহাদিগের শরীরে অস্ত্রাঘাত হইলেও ক্লেশ কিছুমাত্র প্রকাশ হয় না। মেস্‌মেরিজম এবং ক্লোরয়ফর্ম্মতে শরীর মৃতবৎ হয়, অস্ত্র প্রয়োগ করিলে কিছুমাত্র বেদনা হয় না ও ঐ অবস্থায় আত্মা পরিষ্কার হইয়া নানা প্রকার অদ্ভুত কথা ব্যক্ত করে। বৈষ্ণব দাসের নিকট যাহা শুনিলাম তাহাতে গূঢ় ভাব। আত্মার অদ্ভুত শক্তি! যদি আত্মাকে জানা যায় তবে জীবনের সাফল্য—তবে ঈশ্বরের অভিপ্রায় দেদীপ্যমান—তবে পরকালে কি হইবে তাহাও জানা যায় ও ইহ কালে কি কর্ত্তব্য তাহাও প্রাণপণে সাধন করা যায়, কিন্তু এ দৃঢ় ব্রত ঈশ্বরকে বিশেষরূপে চিন্তা না করিলে সম্পন্ন হইতে পারিবে না। উপাসনা নানা প্রকার করিয়াছি, বাক্য দ্বারা উপাসনাতে অত্যল্প ফল। আত্মার দ্বারা উপাসনাতেই বিশেষ ফল, কিন্তু এরূপ উপাসনা বড় কঠিন। যাহা দেখিতেছি, শুনিতেছি, করিতেছি, সে কেবল বক্তৃতাস্বরূপ। আত্মা বাহ্য বিষয়ে সংলগ্ন, উপাসনাতে বাহ্য ভাব আইসে। বাহ্য অতীত না হইলে আত্মার প্রকৃত উপাসনা হইতে পারে না। যাহা যাহা নানা স্থানেতে হইতেছে তাহাতে অবশ্য কিছু না কিছু ফল হইবে। যে সম্প্রদায়ই হউক কেহই নিন্দনীয় নহে। আপাততঃ অথবা কালেতে কিছু না কিছু উপকার অবশ্যই হইবে, কিন্তু কি গৌণকল্প ও কি

মুখ্য কল্প তাহা ধার্য্য করা অত্যাবশ্যক। এক ঈশ্বরকে উপাসনা করা এ দেশের সনাতন ধর্ম্ম। মহাত্মা রামমোহন রায় এ দেশে এই ধর্ম্ম সংস্থাপন করিবার জন্য অসীম পরিশ্রম করিয়াছিলেন, কিন্তু ঈশ্বর কি প্রকারে উপাস্য তদ্বিষয়ে আপন মত ব্যক্ত করেন,—"ব্রহ্মোপাসনা করা এক সর্ব্বব্যাপি অতীন্দ্রিয় পরমেশ্বর ব্যতিরেকে অন্য কাহা হইতে কদাপি ভয় রাখিবেন না"*। পরলোক বিষয়ে তাঁহার উপদেশ অল্প। চতুর্দ্দশ ব্যাখ্যানের শেষে বলেন—"পরলোক নাই এরূপ নিশ্চয় হইলে লোক নির্ব্বাহের উচ্ছনতা হইবেক"। 'মহাত্মা রামমোহন রায়ের মৃত্যুর পর যাঁহারা তাঁহার অনুগামী হইয়াছেন, তাঁহারা অসীম আয়াস ও ঈশ্বর পরায়ণত্ব দ্বারা দেশ উজ্জ্বল করিয়াছেন, কিন্তু তাঁহাদিগের উপাসনা, উপদেশ ও সংগীতের দ্বারা আত্মদর্শিত্ব বিশেষরূপে প্রকাশ পায় না। তাঁহাদিগের আপন আপন আত্মা অবশ্যই উন্নত, কিন্তু তাঁহারা এ পর্য্যন্ত ভয় অথবা আশার অধীন হইয়া আত্মার পার্থিব ভাব গ্রহণ পূর্ব্বক নানা প্রকার স্বর্গ ও নরক সংস্থাপন করিতেছেন। এ ভাব প্রাথমিক ভাব বটে, পরে বিলীন হইবে, কিন্তু ঈশ্বর ভাবাতীত—ভাবাতীত না হইলে তাঁহাকে জানা যায় না। হে জগদীশ্বর! ভবভাব হইতে পরিত্রাণ কর।

এরূপ চিন্তা করাতে অন্বেষণচন্দ্রের আত্মা হঠাৎ জ্যোতি প্রাপ্ত হইয়া মানব কার্য্য সকল যেন ঐশ্বরিক নিয়মের অন্তর্গত দেখিতে লাগিলেন, যাহা হইতেছে তাহাতেই মঙ্গল, বিয়ৎকাল পরে পাপ পুণ্যও সমজ্ঞান বোধ হইল। দুইই আত্মার বিশেষ বিশেষ অবস্থা—দুইই অস্থায়ী—দুইই আত্মা পরিচালনকারী। নয়নে হস্ত দিয়া চমকিয়া উঠিয়া মনে করিলেন—একি খেয়াল দেখ্‌ছি না কি? যদি এরূপ সংস্কার হয় তবে ভয়ানক প্রবৃত্তি হইতে পারে। বোধ করি স্নান করিলে মস্তিষ্ক শান্ত হইবে।

স্নানানন্তর উপাসনায় প্রবৃত্ত হইলেন, কিন্তু আত্মা বাহ্য বিষয়ে পরিপূরিত—ঈশ্বরে সমাহিত হইল না। বহু চেষ্টায় এক এক বার স্থির হয় ও অবিলম্বেই সতন্ত্র না থাকিয়া অন্য ভাবে মিশ্রিত হইয়া পড়ে—ইহাতে মনে নৈরাশ উপস্থিত হইতে লাগিল, এ কার্য্য অসাধ্য—বুঝি আমার কপালে নাই। ধ্রুব, প্রহ্লাদ, কপীল, ও জড়ভরত মহাত্মারা একমনা ছিলেন—কি প্রকারে তাঁহাদিগের অনুকরণ করি? এইরূপ চিন্তায় মগ্ন—আত্মায় হতাশার স্রোত প্রবাহিত হইতেছে, ইতি মধ্যে তাঁহার স্বর্গীয় পিতার সস্নেহ বাণী শ্রুত হইল। লোমাঞ্চিত হইয়া এই কথা শুনিলেন,—

"অমু! হতাশ হইও না—তোমার ব্রত অসামান্য—বহু আয়াসে সিদ্ধ হইবেক—ক্ষান্ত হইওনা—অহরহ প্রার্থনা কর।"

অন্বেষণ চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিলেন, কিন্তু কিছুই দেখিতে পাইলেন না। পিতার জন্য শোক উপস্থিত হইলে পিতার গুণ সকল হৃদয়ে মুদ্রাঙ্কিত

* ব্রাহ্মসমের সংহিতোপনিষদের ভাষা বিবরণের ভূমিকার চূর্ণক।

হইতে লাগিল। শোক হউক, দুঃখ হউক, হর্ষ হউক, সকলই অস্থায়ী। শোক শীঘ্র বিগত হইলে আত্মার প্রকৃত অবস্থা উদ্দীপন হইল ও ঐ অবস্থায় আরূঢ় হইয়া নিমগ্ন হইয়া রহিলেন।

৭।—ভদ্রপুরে ভবানী বাবুর বাটিতে পতিভাবিনীর আগমন এবং তাঁহার বৃত্তান্ত বর্ণন।

ভদ্রপুরের ভবানী বাবুর অন্তপুর কমনীয়। তাঁহার স্ত্রী, কন্যা, পল্লবধু সর্ব্বদা সৎ অনুষ্ঠানে নিযুক্ত, সদালাপ, সৎ চর্চ্চা, সদনুশীলন, সৎ কর্ম্মই তাঁহাদিগের জীবনের উদ্দেশ্য। মধ্যাহ্ন ভোজনানন্তর সকলে একত্রে বসিয়া আছেন। কোন না কোন কার্য্যে মনোনিবেশ করিবেন, এমত সময়ে একটি যুবতী স্ত্রী—মলিন বসনা ও দুঃখ-অঞ্জন-নয়নী আস্তেং আসিয়া সম্মুখে দণ্ডায়মানা হইলেন। তাঁহাকে দেখিয়া বাটীর গেহিনী জিজ্ঞাসা করিলেন—তুমি কে গা—কি নিমিত্তে এখানে আগমন? ঐ রমণী শীঘ্র উত্তর না দিতে পারিয়া কহিল—মা! আমার অনেক কথা—একটু বসিতে দিলে বলিতে পারি। গেহিনী তাহার মুখঃর্জ্যোতি দেখিয়া হাত ধরিয়া নিকটে বসাইলেন। ঐ মহিলা এই উৎসাহ পাইয়া কিঞ্চিৎ স্থির হইয়া আপন উপাখ্যান বলিতে আরম্ভ করিলেন।

দেখ মা! আমি ব্রাহ্মণের কন্যা। পিতার প্রচুর বিষয় ছিল। আমাকে নীতি ও ধর্ম্ম শিক্ষা বিশেষরূপে দিয়াছিলেন। যখন আমার পোনের বৎসর বয়ঃক্রম তখন এক সুপাত্রকে আমায় দান করেন। স্বামী পরম ধার্ম্মিক। যদিও তাঁহার পিতা বিষয়াপন্ন ছিলেন, কিন্তু পতির সাধু চরিত্র বিশেষ বৈভব জ্ঞান করিতাম ও হৃদয়ের স্নেহ ও প্রেম তাঁহাতে অর্পণ করিয়াছিলাম। নাথ সর্ব্বদা কহিতেন তুমি আমাকে বড় ভাল বাস তাহা আমি ভাল জানি, কিন্তু আমাদিগের পরস্পরের প্রেমের পক্কতা জন্য উভয়ের আত্মা ঈশ্বরেতে অর্পণ করিতে হইবেক। স্ত্রী ও পুরুষ এ কেবল পার্থিক সম্বন্ধ—এসম্বন্ধীয় প্রেম নশ্বর, কিন্তু এ সম্বন্ধের তাৎপর্য্য এই যে ইহার দ্বারা পরস্পরের আত্মা উন্নত হইবে। যদি এ অভিপ্রায় সম্পন্ন না হয় তবে স্ত্রী পুরুষের প্রেম পশুবৎ হইয়া পড়ে। ভর্ত্তার এই হিত-জনক কথা পুনঃপুন ধ্যান করিয়া মনে করিতাম যে তিনি আমার নেতা—আমার সন্তাপহারক। একং বার প্রেমে ও ভক্তিতে বিগলিত হইয়া তাঁহার চরণ সেবা করিতাম ও যখন নয়নবারি ধারণ না করিতে পারিয়া তাঁহার পাদপদ্ম অভিষেক করিতাম, তিনি অমনি উঠিয়া মুদিত নয়নে ও করজোড়ে বলিতেন তোমার যে প্রেম ও ভক্তি ইহা তোমার আত্মার দ্বার খুলিয়া তোমাকে মুক্তি প্রদান করুক। অনেক স্বামী আপন সুখজন্য স্ত্রীকে স্বার্থ ভাবে দেখেন, আর হিন্দু শাস্ত্রে লেখে স্ত্রী স্বামী কর্ত্তৃক তাড়িত হইলেও

স্বামিকে কোন ক্রমেই অবজ্ঞা করিবে না ও কেবল স্বামির সুখজন্য স্ত্রী জীবন ধারণ করিবে। যদিও এরূপ অভ্যাসে স্ত্রী নিষ্ফলা হয় না ও স্বার্থ-রাহিত্য ধর্ম্ম যে প্রকারই হউক আত্মাকে উন্নত করে, তথাপি আমার স্বামী এক দণ্ডও আপন সুখের অথবা আপন প্রভুত্ব তৃপ্তিজন্য আমাকে হৃদয়ে ধারণ করেন নাই। স্বামীর অনুপম প্রকৃতি দেখিয়া আমার কিছুমাত্র কামনা ছিল না—কেবল তাঁহার সহিত বসিয়া আধ্যাত্মিক আলাপ, ও তাঁহার সৎ স্বভাবের অনুকরণ করিতাম। কালক্রমে আমার পিতা, মাতা, ভ্রাতা, শ্বশুর, শাশুড়ি সকলেই লোকান্তর গেলেন। জ্ঞাতি বিরোধ বিজাতীয় হইয়া উঠিল—ভর্ত্তা কলহ সাগরে নিমগ্ন হইয়া বিষয় আশয় রক্ষা করিতে অক্ষম হইলেন। অনেক জাল, মিথ্যাসাক্ষি ও উৎকোচের বলে তিনি বিষয়-চ্যুত হইলেন। দরিদ্রতায় আত্মার পরীক্ষা—তিনি এক এক বার উন্মনা হইতেন বটে, কিন্তু প্রায় সর্ব্বদাই শান্ত থাকিতেন। যেখানে ভদ্রাসন ছিল সে স্থান পরিত্যাগ করিয়া একটি কুঠীর ভাড়া করিয়া থাকিলাম। আমার এক পুত্র ও এক কন্যা হইয়াছিল—অর্থাভাবে তাহাদিগের লালন পালন করা অতিশয় কঠিন বোধ হইতে লাগিল। যে পল্লীতে থাকিতাম সে দরিদ্রের পল্লী, ভিক্ষাও সব দিন পাওয়া যাইত না, কিন্তু আমাদিগের অভাব এক প্রকার না এক প্রকারে মোচন হইত। কোন উপায় না থাকিলে কখন কখন কোন দীনদয়াল ব্যক্তি খাদ্য কি অর্থ আমাদিগের কুঠীরে আসিয়া প্রদান করিত। ঈশ্বরের রাজ্য কিরূপ নির্ব্বাহ হয় তাহা কে বুঝিবে! ভর্ত্তার গভীর ভাবের ক্রমশঃ বৃদ্ধি। পূর্ব্বে ভক্তিপূর্ব্বক বাক্য দ্বারা উপাসনা করিতেন, এক্ষণে কেবল আত্মার প্রতি দৃষ্টি ও মধ্যে মধ্যে বলিতেন আমাকে ধিক! আমি অদ্যাপিও প্রকৃত উপাসক হইতে পারিলাম না। এক দিবস সন্ধ্যার পর তিনি বাহিরে গিয়াছেন ইতি মধ্যে কুঠীরে অগ্নি লাগিল। আমার পুত্র ও কন্যা শয়ন করিয়াছিল। তাহাদিগকে কেহও রক্ষা করিতে পারিল না—তাহারা ও কুঠিরে যাহা ছিল সকলই অচিরাৎ ভস্মসাৎ হইল। আমি দূরে পুষ্করিণীর নিকট গিয়াছিলাম; সংবাদ পাইয়া বেগে আসিয়া দেখিলাম যে আমার সর্ব্বনাশ হইয়াছে। শোকে নিমগ্ন হইয়া সেই স্থানে পড়িয়া রহিলাম—যাহাদিগকে গর্ব্ভে ধারণ করিয়াছিলাম ও যাহাদিগের মুখাব-লোকনে হৃদয়ের প্রেম উচ্ছ্বসিত হইত—তাহাদিগেরই দগ্ধ দেহের সংকার করিতে হইল। পতির জন্য অনেক তত্ত্ব করিলাম—পাগলিনীর ন্যায় পল্লিতে, গ্রামে গ্রামে, নগরে নগরে ভ্রমণ করিলাম। অনেক অনুসন্ধান করিয়া জানিলাম যে তিনি এই সংবাদ শুনিয়াছিলেন যে আমরা সকলে দগ্ধ হইয়াছি, অমনি বিবেক ও বৈরাগ্যে পূর্ণ হইয়া দেশ পরিত্যাগ করিয়া গিয়া-ছেন। অনেকের নিকট তাঁহার তত্ত্ব জিজ্ঞাসা করিয়াছি কিন্তু কেহই কিছু বার্ত্তা বলিতে পারে না। হতাশ হইয়া মনে করিলাম আমার জীবনে কি প্রয়োজন? যদি পতীকে পাই তবে জীবন ধারণ করিব নতুবা অগ্নিতে অথবা

জীবনে জীবন অর্পণ করিব। অনেক স্থান ভ্রমণ করিলাম—স্ত্রীলোক বা পুরুষ হউক আপন ধর্ম্ম রক্ষা আপনিই করে। আমি সর্ব্বব্যাপী ঈশ্বর ও পতী ভিন্ন কিছুই জানি না—আর কিছুতেই আমার আরাম ও সুখ নাই। যদিও যুবতী ও ভদ্রকুলোদ্ভব কন্যা ও একাকিনী ভ্রমণ করা আমার বিধেয় নহে কিন্তু আমার আত্মা কিছুতেই তৃপ্ত হইতেছে না। অস্থৈর্য্য ও চাঞ্চল্যে পরিপূর্ণ ও যাহা করিতেছি তাহা ব্যাকুলতা বশাৎ করিতেছি—পথশ্রান্তিতে বড় ক্লান্ত হইয়াছি এজন্য আপনার আশ্রয়ে আইলাম।

গেহিনী এই কাহিনী শ্রবণ করিয়া অশ্রুপাত পূর্ব্বক বলিলেন, মা! তুমি ধন্য, স্ত্রীজাতিকে উজ্জ্বল করিয়াছ— ঈশ্বর তোমার কামনা পূর্ণ করুন। কিন্তু স্থির হও। স্বামির স্বভাব ভাবিয়া এমতং স্থানে তর্ক কর—যথায় ধর্ম্মের অনুশীলন হইয়া থাকে। আমার বিলক্ষণ বোধ হইতেছে তিনি আপন শান্তি জন্য উপায় অন্বেষণ করিতেছেন। মা! আমার স্বামির নামই অন্বেষণ ও আমার নাম পতিভাবিনী। এই কথা শুনিয়া কন্যা ও পুত্রবধুরা পরস্পর নয়ন মিলন করত তাম্বুল শোভিত ওষ্ঠে একটু মৃদু হাস্য প্রকাশ করিলেন। গেহিনী তাহা গোপন জন্য বলিলেন, মা! তোমার নাম তোমার প্রকৃতি অনুসারে রাখা হইয়াছিল। অদ্য এখানে স্নান ভোজন কর, কল্য ইচ্ছা হয় গমন করিও। কিন্তু কিছু দিবস অনুগ্রহ পূর্ব্বক এখানে থাকিলে আমরা তোমার সহবাসে উন্নত হইব।

রমণী বলিলেন—মা! এ সব আপনার গুণে বল—আমি অভাগিনী—কাঙ্গালিনী—শোকেতে দুঃখতে জ্ঞানশূন্য হইয়াছি। গেহিনী বলিলেন—অতিশয় অস্থিরতা স্থৈর্য্যের পূর্ব্ব লক্ষণ। ঈশ্বরকে ধ্যান করিয়া আত্মাকে শান্ত কর—তিনি মনোবাঞ্ছা পূর্ণ করিবেন।

৮।—জেঁকো বাবুর বাটীতে বাবু সাহেবের গমন ও তাঁহার পত্নির সহিত স্ত্রীশিক্ষা বিষয়ক কথোপকথন।

জেঁকো বাবুর বাটীর দালানে ব্রাহ্মণ ভোজন হইতেছে—"অরে দই নিয়ে আয় রে—সন্দেশ নিয়ে আয় রে" এই শব্দ হইতেছে। ব্রাহ্মণেরা প্রচুর ভোজন করিয়াছেন ও সবায় প্রচুর তুলিয়াছেন, এক্ষণে দই ও সন্দেশ মাখিয়া খাইবার হাপুস্ হুপুস্ শব্দে বাটী কম্পবান্ হইতেছে। জেঁকো বাবুর পত্নী সরলা ব্রত উদ্যাপন করণানন্তর উপবাসী রহিয়াছেন। ব্রাহ্মণ ভোজন হইলে আহার করিবেন ইত্যবসরে জেঁকোবাবু ও বাবুসাহেব মস্ মস্ করিয়া আসিয়া উপস্থিত—ব্রাহ্মণদিগের প্রতি দৃষ্টিপাত করিয়া ড্যাম বেঙ্গালি ড্যাম বেঙ্গালি বলিয়া বৈঠকখানায় যাইয়া বসিলেন। জেঁকো বাবুর সর্ব্ববিষয়ে জাঁক—বিদ্যা বিষয়ে জাঁক—বংশ বিষয়ে জাঁক—ধন বিষয়ে জাঁক—মান বিষয়ে জাঁক। সম্প্রতি বাটীতে ব্রাহ্মণ ভোজন দেখিয়া বাবু সাহেবকে বলিলেন—দেখ বন্ধু।

এ সব কিছুই মানিনা কিন্তু মান রক্ষার্থে অনেক অর্থ ব্যয় করিতে হয়। বাবু সাহেব বলিলেন তা বটে কিন্তু বিশ্বাসের বিপরীত কার্য্য হইতেছে—ইংরাজেরা এমন রকমে চলে না, আর এক্ষণেও যদি তোমার স্ত্রী ব্রত নিয়ম হইতে ক্ষান্ত না হয়েন তবে আর তোমা হইতে কি হইল? জেঁকো বাবু কৃপণ—যে প্রকারে ব্যয় অল্প হয় তাহাতেই তুষ্ট কিন্তু বাহ্য আড়ম্বর রাখা প্রয়োজনীয় এজন্য বলিলেন—ভাই! আমি অনেক বুঝাইয়াছি কিন্তু কিছুই করিতে পারি নাই—তুমি কিছু বুঝাও। বাবু সাহেব বলিলেন আমি প্রস্তুত আছি। সরলা আহার করিয়া তাম্বূল খাইতে ছিলেন। স্বামির নিকট হইতে সংবাদ গেলে বৈঠকখানার পার্শ্বস্থ ঘরের চিকের আড়ালে দাঁড়াইলেন। জেঁকো বাবু বলিলেন বন্ধু তোমাকে কিঞ্চিৎ উপদেশ দিবেন—মনোযোগ পূর্ব্বক শুনিয়া উত্তর দেও।

সরলা বলিলেন—আমরা অবলা জাতি—আপনাদিগের ন্যায় শিক্ষিত নই—উপদেশ পাইলে অবশ্যই উপকৃত হইব।

বাবু সাহেব যিনি বঙ্গভাষায় বড় পটু নহেন ও ইংরাজি উচ্চারণ কথায় মিশাইয়া যায়—বলিতেছেন ভাল আপনারা এসব কাজ কেন করেন? ইংরাজদিগের বিবিরা কেমন দেখ দেখি—তাহাদিগের ন্যায় কেন হওনা?

সরলা। আমরা কি বিষয়ে তাহাদিগের ন্যায় হইব? তাহারা খ্রীষ্টিয়ান—আপন ধর্ম্ম অনুসারে কার্য্য করে। আমরা হিন্দু—হিন্দু ধর্ম্মানুসারে চলি। ব্রত নিয়মাদি যাহা করি তাহা পারলৌকিক মঙ্গলার্থে করি ও এ সব করণে আত্মার আরাম পাই। কেবল শরীর সেবা ও বাহ্য সুখ ভোগ পশুবৎ কিন্তু আপনারা ঈশ্বর, আত্মা, পরকাল কিছুই মানেন না। আমরা স্ত্রী জাতি এই সবেতেই অধিক মনোযোগ। যে প্রকারেই হউক অন্তরের শ্রেষ্ঠতা সাধনা করিতে চাহি। ব্রত, নিয়ম, উপবাস, পূজা, দান, ধ্যান ইত্যাদি সদভ্যাসের হেতুমাত্র—এ সকল কেন পরিত্যাগ করিব? সকলেরই স্বর্গ লক্ষ্য। সে লক্ষ্য জীবনের উদ্দেশ্য কেন না হইবে? তবে যদি বল এ সব পৌত্তলিক—ব্রাহ্মিকারা এ সব করেন না, তাঁহারা যাহা করেন তাহাতে আমার আপত্তি নাই। যাহাতে আত্মার সংযম হয় তাহাই হউক।

বাবুসাহেব। কিন্তু ইংরাজের বিবিরাও ধর্ম্ম কর্ম্ম করিয়া থাকে ও তাঁহারা আহার ব্যবহার, রীতি নীতিতে সম্পূর্ণ সভ্যতা প্রাপ্ত হইয়াছেন।

সরলা। সভ্যতা কাহাকে বলে তাহা বুঝি না। তাহাদিগের এক প্রকার আহার ও পরিচ্ছদ—আমাদিগের এক প্রকার আহার ও পরিচ্ছদ কিন্তু আহার ও পরিচ্ছদতেই সুশীলতা ও উচ্চতা হয় না। যে পর্য্যন্ত দেখিয়াছি ও শুনিয়াছি তাহাতে বোধ হয় যে যদিও এতদ্দেশীয় অঙ্গনাগণ পৌত্তলিক তাহারা পৌত্তলিক হইয়াও অধিক আধ্যাত্মিক—যাহারা বেশ্যা তাহারাও ঈশ্বর ও পরকাল ভাবে ও আত্মোন্নতি সাধন করে। ইংরাজদিগের স্ত্রীলোকেরা বিদ্যাবতী ও গুণবতী হইতে পারেন ও তাহাদিগের আধ্যাত্মিক ভাবের অভাব না থাকিতে পারে কিন্তু বাহ্য বিষয়ে তাহাদিগের অধিক মন।

একং জন ইংরাজি বিবি অতি প্রসংশীয়—সকল পার্থিব সুখ বিসর্জ্জন দিয়া জগতের মঙ্গল জন্য সমস্ত জীবন অর্পণ করিয়াছেন। এতদ্দেশীয় স্ত্রীলোকদিগেরও আধ্যাত্মিক বীরত্বের দৃষ্টান্ত আছে। কোন্ দেশের স্ত্রীলোক পতির আত্মার সহিত সংমিলন জন্য সহমরণ যায়? কোন্ দেশের স্ত্রীলোক পতি বিয়োগ জন্য ইন্দ্রিয় সুখ বিবর্জ্জন পূর্ব্বক ব্রহ্মচর্য্যা অনুষ্ঠান করে? আধ্যাত্মিক নীতি বিশেষ দেশ ও জাতিতে বদ্ধ নহে। আধ্যাত্মিক উন্নতি আধ্যাত্মিক অভ্যাসেই লব্ধ হইয়া থাকে। তবে দুঃখের বিষয় এই এ দেশের সুশিক্ষিত বাবুরা হিন্দু মহিলাগণকে অতিশয় জঘন্যরূপে বর্ণন করেন। ইহারা অধিক বিদ্যাবতী না হইতে পারেন কিন্তু ধর্ম্মভাবে অশ্রেষ্ঠ নহেন।

আর একটী কথা যে গৃহ রুদ্ধ থাকাতে ইহারা কিছুই জানিতে পারে না, ইটিও ভ্রম। হিন্দু জাতীয় স্ত্রীলোকেরা গৃহে রুদ্ধ নহে। তাঁহারা ইচ্ছাক্রমে অন্যান্য স্থানে গমন করেন এবং পূর্ব্বকালে তীর্থে, সভায়, মৃগয়ায়, বনে ও নাট্যশালায় গমন করিতেন। যদিও হিন্দু মহিলাগণ অন্তঃপুরে থাকেন তথাচ এক প্রকার না এক প্রকার ধর্ম্ম কর্ম্মে সদা রত ও কি পৌত্তলিক কি অপৌত্তলিক সাধনা যাহাই করেন তাহাতেই তাঁহাদিগের আত্মার উন্নতি অবশ্যই হইয়া থাকে। যাহার ঈশ্বর উদ্দেশ্য তাহার কার্য্য ঈশ্বরের ভাব অবশ্যই ধারণ করিবে।

জেঁকো বাবু। আমিতো এসব শিক্ষা করাইনে—কেমন করে জান্‌লে?

সরলা। এসব পিতা কর্ত্তৃক, ঘটনা কর্ত্তৃক ও আত্মজ্ঞান সাধনে সংগ্রহ করিয়াছি। আপনকার নিকট হইতে কেবল পদার্থ বিদ্যার অনেক সত্য গ্রহণ করিয়াছি। যদিও ঐ সকল সত্য নাস্তিক ভাবে প্রদত্ত কিন্তু আস্তিক ভাবে গৃহীত ও ঐ সকল উপদেশ জন্য আমি সাতিশয় উপকৃত। এক্ষণে ঈশ্বরের নিকট প্রার্থনা করি যে আত্ম-প্রসাদ আপনাদিগের আত্মাতে প্রেরিত হউক, যদ্দ্বারা আপনাদিগের আত্মা অপার্থিক ভাবে পূর্ণ হইতে পারে।

বাবু সাহেব ও জেঁকো বাবু নিরুত্তর হইয়া থাকিলেন। সরলা বিদায় লইয়া অন্তঃপুরে গমন করিলেন।

৯।—অন্বেষণচন্দ্রের আত্ম চিন্তা, স্ত্রীকে স্মরণ ও পুনরায় মৃত পিতার বাক্য শ্রবণ।

এখন সামলাতে পারি না—এখন মন ধড়্‌ফড়্ করছে—একটু অন্তর শীতলতা যাহা হইয়াছিল তাহা বিগত। পিতার পবিত্র বাণী শ্রবণ করিলাম তচ্ছ্রবণে শ্রদ্ধা ও ভক্তিতে হৃদয় পূর্ণ। যদি এ বাণী সত্য হয় তবে তো আত্মার অবিনাশিত্ব অকাট্য। পিতাকে স্মরণ করাতে আপন পত্নী ও পুত্র কন্যা স্মরণ হইতে লাগিল। দেহ ধারণ করিলে শোকাতীত হওয়া বড় কঠিন। নানা প্রকার প্রবোধ চিন্তিত হইল কিন্তু যখনই আত্মা পার্থিব

ভাবের অধীন হয় তখনই নয়ন দিয়া শ্রাবণের ধারা বহে—বিশেষতঃ স্ত্রীর অনুপমেয় গুণ সকল হৃদয়ে জাগ্রত হইতে লাগিল। অবশেষে তিনি মুহ্যমান হইয়া বৃক্ষের গুঁড়ির উপর ঠেসান দিয়া থাকিলেন। কিছুই আহার হয় নাই—দিনমণি অস্তমিত হইতেছে—আকাশের পশ্চিম পার্শ্ব অপূর্ব্ব শোভাতে বিচিত্রিত—বায়ু মন্দ মন্দ বহিতেছে—যেমন আশা অধিক হইলে নৈরাশ তেমনি পরিশ্রম অধিক হইলে বিশ্রাম। নিদ্রার আগমন হইল কিন্তু হইবা মাত্রেই যেন কেহ তাঁহাকে উঠাইয়া দিল—নয়ন উন্মীলন করিয়া দেখেন—পিতার আলোকময় শান্ত বদন সম্মুখে—দুই চক্ষু প্রেমে গদগদ—পুত্রের দুই চক্ষু উপরি স্থিত। অন্বেষণ এই দৃশ্য দেখিয়া প্রেমে পূর্ণ হইলেন। পরে তাঁহার ভক্তি ভাব হইল—পরে শোক উপস্থিত হইল—পরে ভীত হইলেন, তখন ঐ আলোকময় বদন অদৃষ্ট হইল। কিঞ্চিৎ কাল স্থির হইয়া অন্বেষণ বিচার করিতে লাগিলেন—বহু চিন্তা করিলে মস্তিষ্কের দোষ জন্মে—যাহা শুনিলাম ও দেখিলাম তাহা অদ্ভুত। এই কি লিঙ্গ শরীর? যদি ইনি আমার পিতা হয়েন তবে অনুমান করি স্ত্রীকে অবশ্যই দেখিব, কারণ তাহার বিমল ভাব আমার আত্মাতে অহরহ প্রেরিত হইত। "যাঁহাকে চিন্তা করিতেছ তিনি জীবিত আছেন"—এই ধ্বনি তাঁহার কর্ণ গোচর হইল। তিনি ইহা শ্রবণ মাত্রেই শিহরিয়া উঠিলেন ও নয়ন মুদিত করিয়া আত্মার আত্মার ধ্যানে নিমগ্ন রহিলেন। ক্ষণেক কাল পরে মনে হইল যদি পত্নী জীবিত—তবে কোথায়? নিশ্চয় শুনিয়াছিলাম যে পুত্র ও কন্যার সহিত দগ্ধ হইয়াছেন। বোধ হয় যেখানে থাকিতাম সেখানে নাই। যাহাই ঈশ্বরের ইচ্ছা তাহাই হইবে। ব্যাকুল হইলে কেবল চাঞ্চল্যের বৃদ্ধি।

———০———

১০।—লালবুঝকড়, জেঁকোবাবু ও বাবুসাহেবের মাঠে ভ্রমণ—সেখানে অন্বেষণচন্দ্রের সহিত সাক্ষাৎ ও আত্ম বিষয়ক কথোপকথন।

বৈকালে মাঠেতে লালবুঝকড় বেড়াইতেছেন। গ্রামের বেলেল্লা ছোঁড়ারা পশ্চাৎ পশ্চাৎ যাইতেছে। কেহ বলিতেছে—ও গো মহাশয় তুমি নাকি ভূত নাবাতে পার? কেহ বলিতেছে আমার হাতটা দেখে বলতে পার আমি কত দিন বাচ্‌ব? কেহ বলিতেছে আমার সহিত অমুকের আড়ি—ঔষধ দিয়া মিল করিয়া দিতে পার? লালবুঝকড় এক এক বার হুমকিয়া আসিতেছেন ও বলিতেছেন—ঝা, বেটারা ঝা, হামার সাতে টিট্‌কারি। বাবু-সাহেব ও জেঁকো বাবু মস্ মস্ করিয়া চলিতেছেন ও যাবতীয় বিদ্যার আসল চাকা বকম উল্লেখ করিতেছেন। অন্বেষণচন্দ্র সম্মুখে—তাঁহাকে লক্ষ্য করিয়া বলিতেছেন—বাবুর বিচিত্র গতি—ইনি এক জন আত্মাওয়ালা—খ্রীষ্টিয়ান, মুসলমান ও ব্রাহ্মদিগের অপেক্ষা কিছু উঁচু চালে চলেন, মস্তিষ্ক ঠিক না রাখ্‌লে প্রমাদ ঘটে।

জেঁকোবাবু জিজ্ঞাসা করিলেন আপনি কে গা ?

অন্বেষণচন্দ্র। আজ্ঞা আমি ভ্রমণকারী—অতি অভাজন ও অকিঞ্চন—মহাশয়দিগের নাম শ্রুত আছি কিন্তু আমি ক্ষুদ্র ব্যক্তি এজন্য নিকট পৌঁছিতে পারি না।

জেঁকোবাবু। আপনি নাকি আত্ম বিদ্যা ভাল জানেন ও ভূতপ্রেত আহ্বান করিতে পারেন ?

অন্বেষণ। আত্ম বিদ্যা অত্যল্প জানি ও ভূতপ্রেত কি তাহা জানি না।

জেঁকো বাবু। তবে আত্মা মানেন—পরকাল মানেন ? আমরা এসব কিছুই মানি না। কই ?—আত্মা যে আছে তাহা দেখাও দেখি ?

অন্বেষণচন্দ্র। আজ্ঞা, আত্মা অবশ্যই মানি। যিনি আত্মা স্বতন্ত্র রূপে দেখিতে চান তাহাকে স্বয়ং যত্ন করিতে হয়। প্রমাণের কর্ম্ম নহে—আত্মময় না হইলে আত্মা দৃষ্ট হয় না।

জেঁকোবাবু। সে আত্মময় তুমি নাকি ? মস্তিষ্ক ডাক্তার দ্বারা এক্‌জামিন হইয়াছে ?

বাবুসাহেব। (স্বগত), "ড্যাম বেঙ্গালি ড্যাম বেঙ্গালি !"

(প্রকাশ্যে) চল, মিছে কাল হরণ কেন ? এদেশের লোকেরা যাহা অদ্ভুত ও অসম্ভবিক তাহাতেই অনুরাগী। ইহারা কেবল আলেয়ার পশ্চাতে ধাবমান। আপনি ঈশ্বর মানেন ? আপনি কোন দলস্থ ? অন্বেষণচন্দ্র শান্ত-ভাবে তাহাদিগের প্রতি নিরীক্ষণ করিয়া থাকিলেন।

বাবুসাহেব। মুখ মেয়েমানুষের মতন করা অনেক দেখেছি। জবাব দেও।

অন্বেষণ। আত্মার অস্তিত্ব সংস্থাপিত না হইলে ঈশ্বরের অস্তিত্ব প্রকৃত-রূপে সংস্থাপিত হওয়া ভার। কার্য্যকারণ বিবেচনায় কতক দূর ধার্য্য হইতে পারে কিন্তু যিনি আত্মার আত্মা তাঁহাকে আত্মার দ্বারাই বিশেষরূপে জানা যাইতে পারে। যদি আত্মা জানিতে চান তবে যে প্রকারেই হউক ঈশ্বর ধ্যান করুন। সেই ধ্যানেতেই আত্মা ক্রমে বিকশিত হইয়া পরমাত্মাজ্ঞ হইবে।

লালবুঝ্‌কড়্। হামি বি এই বাত হামেসা বলি, লেকেন এ বাবুরা বড় ফাজেল। এন লোক্‌কো দোরস্ত করনা হামার কাম নেহি। "কো সুখ কো দুঃখ দেতা হ্যায় দেতা কর্ম্ম ঝকোঝোর।"

বাবুসাহেব। লালবুঝ্‌কড় যে কি তাহা বুঝে উঠা ভার। আজ আমরা অনেক উপদেশ পাইলাম কিন্তু আমরা পাপী—আগে তাপী হই আবার আর একটা কথা কি ? আত্ম-প্রসাদ, আত্ম-প্রসাদ না জগন্নাথের প্রসাদ ? দেখ আট্‌কে টাট্‌কে তো বাঁধতে হবে না ? আমাদের টাকা নাই।

অন্বেষণচন্দ্র বিনয় পূর্ব্বক উন্মার্গগামীদিগের নিকট হইতে বিদায় লইয়া অন্য মার্গে চলিলেন। বাবুসাহেব ও জেঁকো বাবু ড্যাম বেঙ্গালি, ড্যাম বেঙ্গালি ও ফজ্ ফজ্ বলিতে বলিতে ইংরাজি রকমে গমন করিতে লাগিলেন।

লালবুঝ্‌কড়ও প্রত্যাগমন করিলেন। ছোঁড়ারা পশ্চাতে হো হো করিতে আরম্ভ করিল। "ঝা বেটারা ঝা ঝা বেটারা ঝা"—প্রতিধ্বনিত হইতে লাগিল।

১১।—পতিভাবিনীর চিন্তা—ভ্রমণ ও অন্তর আলোক প্রাপ্ত।

আত্মার কি শক্তি। যত প্রকাশিত ততই প্রকৃত হিত সাধক। পতিভাবিনী পতিবিরহিণী হইয়া ভ্রমণ করিতেছেন। যদিও রূপ, যৌবন, লাবণ্যে পূর্ণ কিন্তু তাঁহার মুখাবলোকনে আপামর সাধারণের সংস্কার যে এ রমণী কোন দেবকন্যা হইবে কারণ দেব জ্যোতিতে তাঁহার বদন ভাসমান। যাহাদিগের হৃদয় মলিন তাহারাও তাঁহাকে অশুদ্ধ ভাবে দেখে না! শুদ্ধতা অশুদ্ধতাকে অবশ্যই পরাজয় করিবে। পথি মধ্যে পুরুষেরা তাঁহার প্রতি কেবল দৃষ্টিপাত করিয়া আশ্চর্য্যে মগ্ন থাকে। স্ত্রীলোকেরা কখন কখন জিজ্ঞাসা করে ও তিনি যথাবিহিত উত্তর দেন। শরীর অনাহারে ক্ষীণা—পদতল মৃত্তিকা ও বালুকায় আচ্ছাদিত—কেশ এলো—মুখচন্দ্রিমায় ঘনমেঘের ন্যায় পতিত—ওষ্ঠ শুষ্ক, জবাফুলের বর্ণ—অন্তরের সাময়িক ভাব মুখ-দর্পণে দেদীপ্যমান। যে পল্লিতে তিনি গমন করিতেছেন, সে বেশ্যা পল্লি। একজন সালঙ্কৃতা রসোল্লাসিনী অঙ্গনা এই গাইতেছে—

রাগিণী সোহিনি বাহার।—তাল আড়া।

হৃদি মোর জ্বলে সদা পতী বিরহে। সব সুখ শেষ হল কাজ কি এ দেহে॥
ধিক্ ধিক্ এ জীবন, কেন না হয় নিধন, দারুণ যন্ত্রণা মোর আর কে সহে।

এই সংগীত শ্রবণে পতিভাবিনীর বদন একটু হাস্যের মাধুর্য্যে বর্ণান্তর হইল, ও তিনি মনে করিলেন যে বেশ্যার এ বিলাপ যদি কেবল পতী জন্য হয়, তবে এভাব প্রসংশনীয়। বেশ্যা যাহা গান করিতেছিল তাহা ভাব বর্দ্ধন জন্য নহে, কেবল চটক ও বাহ্য আমোদ জন্য সুতরাং ক্রমশঃ সংগীতের কপট সাধুভাব তিরোহিত হইতে লাগিল। পতিভাবিনী তাহাতে মন আর না দিয়া পতিভাবিনী হইয়া চলিলেন। রাত্রি অন্ধকার—ঝিল্লিরব হইতেছে—বনবাজী উপরি পক্ষিরা খট্‌মট্ করিয়া পাখা নাড়িতেছে—শিবা সকল ভয়া ভয়া শব্দ করিতেছে—রাখাল হুঁকা হাতে চীৎকার করিয়া গান করিতেছে—"যদি শ্যাম না আলো আজু বিপিনে তবে কি করি সজনি"। পথিকের স্রোত ভাঁটা পড়িয়াছে—ক্বচিৎ এখানে ওখানে এক আদ জন লোক দেখা যায়—তিমিরের ক্রমশঃ বৃদ্ধি। পতিভাবিনী চতুর্দ্দিক অন্ধকার দেখিয়া ভীতা হইলেন না, আত্মবলের মূল বল জগদীশ্বর। বাহ্যে হতাশ হইয়া অন্তর অবলম্বনে অধিক ইচ্ছা হইল ও যখন বাহ্য শূন্য ও অন্তর পূর্ণ তখন আন্তরিক উজ্জ্বলতা প্রকাশ পায়। পতিভাবিনী গমনে ক্ষান্ত হইয়া একটী ভগ্ন প্রাচির রব পার্শ্বে বসিয়া আত্মা সমাধান করিবা মাত্রই প্রচুর অন্তর আলোক পাইলেন ও ধ্যান

যোগের দ্বারা পতী কোথায়—কি করিতেছেন ও ভবিষ্যতে তাঁহার যে অসীম লাভ হইবে তাহা সমুদায় চিত্রপটের ন্যায় দেখিলেন। ক্ষুধা তৃষ্ণা ও নিদ্রা কিছুই নাই—আত্মা শীতল—মনে হইল নাথ এই জন্য আত্মবিদ্যা এত অনুশীলন করিতেন। এক্ষণে ব্যাকুল হইব না—কোন স্থানে যাইতে হইবে ও কখন তাঁহাকে দর্শন করিব তাহা সর্ব্বই জানিলাম। কর্ত্তব্য এই যে, কোন স্থানে অবস্থিতি করিয়া আত্মাকে উন্নত করি যে পরে নাথের প্রকৃত পত্নী হইব। আমাদিগের সম্বন্ধ শারীরিক সম্বন্ধ নহে—আমাদিগের সম্বন্ধ আধ্যাত্মিক।

১২।—অন্বেষণচন্দ্রের আধ্যাত্মিক অভ্যাস ও খ্রীষ্টিয়ান, প্রাচীন ও উন্নত ব্রাহ্মের বিতণ্ডা শ্রবণ।

অন্বেষণচন্দ্র সেই সরোবরের নিকট আসীন,—আধ্যাত্মিক অভ্যাস করিতেছেন। স্থানটি নির্জ্জন তথাচ অভ্যাসে মনঃ পূত হইতেছে না। আত্মাকে এক ভাবে রাখেন আবার ভাবান্তর হইয়া পড়ে। মনঃসংযম দীর্ঘকাল হওয়া কঠিন। যে পর্য্যন্ত আত্মার প্রকৃতি বিকশিত না হয়, সে পর্য্যন্ত নানা তরঙ্গের আবির্ভাব ও ঐ সকল তরঙ্গ বাহ্য অথবা অন্তরের কারণে উদিত। যাহা যখন উদয় হয় তাহাতেই আত্মা আকৃষ্ট ও যে তরঙ্গের দীর্ঘ ভোগ তাহারি প্রাধান্য ঐ কাল পর্য্যন্ত থাকে। সম, দম, তিতীক্ষা অর্থাৎ বহিরিন্দ্রিয় ও অন্তরেন্দ্রিয় দমন ও সহিষ্ণুতা এই তিনেরই অভ্যাস প্রয়োজনীয়, কিন্তু এক কালীন অভ্যাসিত হইতে পারে না, ও কার্য্য-ক্ষেত্রে না পড়িলে এ অভ্যাস কি রূপে হইতে পারে? যাহাই ঈশ্বর উদ্দেশ্যে করা যায় তাহাই আধ্যাত্মিক বটে, কিন্তু অভ্যাসের তারতম্য আছে। যদি অন্তরভেদী অভ্যাস কার্য্য বা ঘটনা দ্বারা না হয় তবে আত্মার আশু উন্নতি হয় না, এবং ঈশ্বর জ্ঞান সামান্য ও সঙ্কীর্ণরূপে সাধনা হয়। যদি ঈশ্বর জ্ঞান বিশেষরূপে না হইল তবে জীবনই বৃথা। জগতে বাহ্য বিষয় লইয়া অনেক নীতি ও ধর্ম্ম নির্ম্মিত ও প্রচারিত হইতেছে ও তাহাতে যদিও আত্মার কিছু না কিছু উপকার হইতে পারে, কিন্তু বিবাদ ও বিদ্বেষ প্রচুররূপে হইয়া থাকে ও হইবে। আত্মা নানাভাবে ভ্রাম্যমান। কখন সত্ত্ব, কখন রজঃ, কখন তমঃ ও কখন দুয়ের অথবা তিনের মিশ্রিত ভাব ধারণ করে। কারণ উপস্থিত হইলেই ভাবের ব্যতিক্রম। এরূপ পর্য্যালোচনায় ব্যস্ত—কিছুই স্থির হইতেছে না, ইতিমধ্যে পুষ্করিণীর নিকটে তিন জন ব্যক্তি আগমন করিলেন। এক জন প্রাচীন ব্রাহ্ম, একজন উন্নত ব্রাহ্ম, একজন খ্রীষ্টিয়ান মতাবলম্বী। তাঁহারা তর্ক বিতর্কে উত্তপ্ত হইয়াছেন—স্ব স্ব মত ও বিশ্বাস রক্ষা করণে ব্যস্ত।

খ্রীষ্টিয়ান বলিতেছেন—ব্রাহ্মরা যাহা করিতেছেন তাহা আমাদিগের অনুকরণ। তাহাদিগের সমাজ আমাদিগের গির্জার নকল। তাহাদিগের ব্রাহ্মধর্ম্ম আমাদিগের বাইবেলের নকল। পূর্ব্বে তাঁহারা বেদ ঈশ্বর দত্ত বলিয়া

মানিতেন, এক্ষণে তাহা পরিত্যাগ করিয়াছেন ও ব্রাহ্ম ধর্ম্ম যাহা প্রকাশিত তাহা উপনিষদ, পুরাণ ও তন্ত্র হইতে সঙ্কলিত হইয়াছে কিন্তু ব্রাহ্মধর্ম্ম বাইবেলের তুল্য গণ্য হইতে পারে না। বাইবেল ঈশ্বর দত্ত—ব্রাহ্ম ধর্ম্ম মনুষ্যের লিখিত।

উন্নত ব্রাহ্ম। আমরা সাবেক ব্রাহ্ম ধর্ম্ম সঙ্কীর্ণ জ্ঞান করিয়া বাহুল্য ব্রাহ্ম ধর্ম্ম করিতেছি। আমরা অনুষ্ঠান বিষয়ে শিথিল নহি, যাহা আমাদিগের বিশ্বাস সেই অনুযায়ী কার্য্য করি।

খ্রীষ্টিয়ান। এটি বড় ভাল বলি কিন্তু পরিত্রাণের উপায় কি? আপনারা স্বর্গ, নরক, পুরস্কার ও দণ্ড মানেন, আত্মাকেও অমর বলিয়া জানেন—খ্রীষ্টের শরণাগত না হইলে কিরূপে পরিত্রাণ হইবে? প্রভু জগতের হিতার্থে আপনার জীবন অর্পণ করিয়াছেন। তিনি দয়ার সাগর—ঈশ্বরের অংশ।

উন্নত ব্রাহ্ম। আমরা খ্রীষ্টকে অতি উচ্চ জ্ঞান করি। তাঁহার জন্ম ও মৃত্যু দিবসে আমরা বিশেষ উপাসনা করিয়া থাকি।

খ্রীষ্টিয়ান। প্রভুর প্রতি যে তোমাদিগের এত ভক্তি তাহা শুনিয়া বড় আহ্লাদিত হইলাম। তিনি তোমাদিগের প্রতি কৃপা করুন।

প্রাচীন ব্রাহ্ম। আমরা কেবল ঈশ্বরকে ধ্যান করি ও যতদূর তাঁহাকে বুঝি ততদূর তাঁহার অনুকরণ করিতে চেষ্টা করি। আপন আপন শান্তি রক্ষা করিয়া যে কিছু অনুষ্ঠান করিতে পারি তাহা করি কিন্তু আমাদিগের প্রধান অনুষ্ঠান উপাসনা।

উন্নত ব্রাহ্ম। তাহা কে অঙ্গীকার করে? কিন্তু গোঁপ খেজুরে হয়ে থাকা কি যায়। খেজুরটী গোঁপে আছে—আছেই—কেহ না মুখের ভিতর দিলে খাওয়া হইবে না। একি ভাল? এইরূপ নানা প্রকার বিতণ্ডা করিতে করিতে তাঁহারা চলিয়া গেলেন। অন্বেষণচন্দ্র এই সকল কথা শুনিয়া আত্মার শান্ত ও অশান্ত ভাব চিন্তনে নিমগ্ন রহিলেন।

১৩।—বাবুসাহেব ও জেঁকো বাবুর ছোটলোকদিগের শিক্ষা বিষয়ক কথোপকথন।

বাবু সাহেবের বাটীতে জেঁকো বাবুর আগমন। দুই জনে মেজের উপর পা দিয়া মদ্যপান করিতে আরম্ভ করিলেন। এক গ্লাস—দুই গ্লাস হইতে হইতে বোতল সাঙ্গ হইল।

বাবুসাহেব। শুনছি ইতর লোকের শিক্ষা জন্য পাদ্‌রিরা বড় গোল করিতেছে। তা হইলে চাকর বাকর পাওয়া ভার।

জেঁকো বাবু। ব্রাহ্মদিগের প্রচারের জন্য খ্রীষ্টিয়ান হওয়া প্রায় বন্ধ। পাদ্‌রিরা ভদ্র লোক না পাইয়া ছোট লোকদিগকে লক্ষ্য করিতেছে—তাহারা অল্প শিখিবে ও শীঘ্র ফাঁদে পড়িবে।

বাবু সাহেব। তা যা হউক—ছোট লোকদের লেখাপড়া শেখান কি উচিত?

জেঁকো বাবু। কি লাভ? একেই রেল হইয়া লোক জন পাওয়া ভার ও সকলের বেতন অধিক হইয়াছে, তাতে ছোট লোককে লেখা পড়া শিক্ষা দিলে তাহারা গুমরে ফেটে মরবে। দেশ উন্নতি করিতে গেলে অগ্রে উচ্চ শ্রেণী ও মধ্য শ্রেণীতে শিক্ষা আরম্ভ করিতে হয়। নিম্ন শ্রেণী আপনি আপনি বিদ্যার জল সেচন পাইবে। দেখ বিলাতে এ প্রথা বড় নাই—পুরুশিয়া প্রভৃতি দেশে আছে।

বাবু সাহেব। আমারও এই মত ছিল কিন্তু দুই এক বিজ্ঞ লোকের সহিত বিবেচনা করাতে মতের ভিন্নতা হইয়াছে। আমরা যাহা বলি তাহা আপনাদিগের গরজে বলি। বিদ্যা শিক্ষা দিলে যে ছোট লোকদিগের অবস্থা উন্নত হইবে তাহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই, ও তাহাদিগের অবস্থা ভাল হইলে দেশের অবস্থা ভাল হইবে তাহাও নিঃসন্দেহ। সাধারণ জ্ঞান বৃদ্ধিতে হানি হইতে পারে না—মঙ্গল হইয়া থাকে। ইয়োরপীয় যে যে দেশে সাধারণ জ্ঞান বৃদ্ধি হইয়াছে সে সব দেশের সাধারণ উন্নতি হইয়াছে। তবে আমরা মিছে কেন আপত্তি করি? ছোট লোক হইলেই দাসস্বরূপ গণ্য হইবে তাহা ভদ্র বিচার হয় না। ছোট লোকও বিদ্যা বলে উচ্চ হইতে পারে। উচ্চতা জ্ঞানে হয়—অবস্থায় হয় না। ধর্ম্মাধর্ম্ম বিষয় অল্প কথা। যাহার যে স্বেচ্ছা সে সেই ধর্ম্ম অবলম্বন করিবে।

জেঁকো বাবু। দশ এক্ট জাবি অবধি প্রজা ডাক্‌লে আইসে না। লেখা পড়া শিখ্‌লে কি নিস্তার আছে?

বাবু সাহেব। এটিও আপনাদিগের গরজের কথা। যে প্রজা আপন দেনা না পরিশোধ করে তাহার জন্য আদালতে নালিশ হইতে পারে। আর এ আপত্তি অল্প লোকের উপর বর্ত্তে—অধিকাংশ প্রজার উপরে খাটে না। আমাদিগের সকলের অবস্থা যাহাতে ভাল হয় তাহা পরস্পরের চেষ্টা করা উচিত।

জেঁকো বাবু। আমার মতে পাঁচ জন পণ্ডিত হওয়া ভাল—একশত জনের অল্প শিক্ষা কিছু নহে।

বাবু সাহেব। দুইই চাই, পাঁচ জন পণ্ডিত এক প্রকার মঙ্গল সাধন করিতে পারে ও একশত জন অল্প শিক্ষিত লোকেও এক রকম না এক রকম উপকার করিবে।

জেঁকো বাবু। তবে এ বিষয়ে তোমার সহিত ঐক্য হলো না—আর একটা বোতল খোল।

১৪।—পতিভাবিনীর ভ্রমণ—দুর্গোৎসব দর্শন ও ব্রাহ্মণিকে স্বামি বশীভূত করণের উপদেশ দেওন।

পতিভাবিনী অন্তরের আলোক পাইয়া শীতল হইলেন—প্রভাতে উঠিয়া চলিলেন। মধ্যাহ্ন সময়ে এক উদ্যানে উপস্থিত হইলেন। সেই স্থানে

স্নান আহ্নিক ও যৎকিঞ্চিৎ আহার করিলেন। বাগানে কাহাকেও দেখিতে পান না—কেবল চতুর্দ্দিকে নানা জাতীয় পুষ্প—নানা প্রকার রসাল ফল। যদিও তদ্দর্শনে চক্ষু কিঞ্চিৎ পরিতৃপ্ত হইল কিন্তু তাহা শীঘ্র তিরোহিত হইল কারণ ভর্ত্তার ন্যায় তাঁহার একই প্রকার অভ্যাস—বাহ্য ও অন্তর সদা স্বতন্ত্র থাকিবে তাহা না হইলে আত্মা প্রকৃতরূপে বর্দ্ধিত হয় না। দুর্ব্বলাধিকারিরা বাহ্য লইয়া অন্তর বর্দ্ধন করে। সবলাধিকারিরা অন্তর লইয়া অন্তর বর্দ্ধনে নিযুক্ত থাকেন। উদ্যান হইতে আসিয়া পরদিবস এক গ্রামে উপনীত হইলেন। দুর্গোৎসবের কোলাহল। ব্রাহ্মণদিগের বাটীর মহিলারা প্রাতঃস্নান করিয়া পাকশালায় নিযুক্ত আছেন—অন্ন ব্যঞ্জন দুঃখী ও দরিদ্র লোকদিগকে খাওয়াইতেছেন, ইহাতেই তাঁহাদিগের আমোদ—পরিশ্রম পরিশ্রম বোধ হয় না, এবং সকলে মিলিয়া দেবীর নিকটে পুষ্পাঞ্জলি দিয়া ভক্তি প্রকাশ করিতেছেন। পতিভাবিনী পৌত্তলিক উপাসনা বড় দেখেন নাই ও যদিও বাহ্যের প্রতি অল্প মনোযোগ ও অন্তরের প্রতি অধিক লক্ষ, কিন্তু এক্ষণে বাহ্য কারণ বশাৎ স্ত্রীলোকদিগের দয়া ও ভক্তি দেখিয়া তুষ্ট হইলেন। সেখান হইতে গমন করিয়া এক আচার্য্যের টোলে উত্তীর্ণ হইলেন। আচার্য্য জ্যোতিষ বেত্তা—অনেকের নক্ষত্র ঘটিত ফলাফল বলিতেছেন—অনেকের কোষ্ঠি করিয়া দিতেছেন—অনেকের মুখে কোন ফুলের অথবা নদীর নাম শুনিয়া তাহাদিগের অব্যক্ত মানস ব্যক্ত করিতেছেন। পতিভাবিনী নিকটে যাইয়া প্রণাম করত জিজ্ঞাসা করিলেন—আমার কি মানস তাহা বলিতে আজ্ঞা হউক। আচার্য্য তাঁহার মুখোচ্চারিত একটী নদীর নাম লইয়া গণনা করিয়া বলিলেন—মা! তোমার মানস পতী—তুমি সাধ্বী স্ত্রী। যাহা বাঞ্ছা করিতেছ তাহা সিদ্ধ হইবেক। পতিভাবিনী কিঞ্চিৎ আশ্চর্য্যান্বিত হইয়া তাঁহার নিকট হইতে বিদায় লইয়া ভ্রমণ করিতে লাগিলেন। যাইতে যাইতে ক্লান্ত হইয়া এক ব্রাহ্মণের ভবনে উপস্থিত হইলেন। ব্রাহ্মণ বাটীতে নাই। ব্রাহ্মণী পাক করিতেছেন। তাঁহার নিকট পরিচিত হইয়া সেখানে রহিলেন। ব্রাহ্মণী বলিলেন আমার পরম ভাগ্য যে আপনি এখানে আসিয়াছেন। খিড়্‌কির পুষ্করিণীর জল ভাল আপনি স্নান করুন ও আমার হস্তে যদি খাইতে অভিরুচি না হয় তবে স্বয়ং পাক অথবা জলযোগ করুন। ঘরের গাইয়ের নির্জ্জল দুগ্ধ আছে—ভাল মুড়ি ভেজে রাখিয়াছি, কামিনিধানের চিড়াও আছে—বাগানে আক হইয়াছিল তাহার টাট্‌কা গুড় ঠাকুরদের দিয়া রাখিয়াছি—গাছে রম্ভাও আছে, কর্ত্তা বড় যত্নে এ রম্ভার গাছ আনিয়া পুতিয়াছেন।

পতিভাবিনী বলিলেন—মা! তোমার মিষ্ট বাক্যেতেই আমার ভোজন হইল। আমি তোমার কন্যার স্বরূপ—তোমার পাতে খাইতে পারি, হাতে তো অবশ্যই খাইব।

ব্রাহ্মণী। আমার পোড়া কপালের দশা! পাতে কেন খেতে যাবে? মা! অল্পক্ষণের মধ্যেই তোমার ভাল স্বভাব দেখিয়া বড় তুষ্ট হইয়াছি—

ভোজনের পর কিছু মনের কথা বল্‌ব। তেপান্তর মাঠে পড়িয়া রহিয়াছি—মন্‌টা গুম্‌রে গুম্‌রে উঠে। এমন ব্যথার ব্যথী পাই না যে তার কাছে মন খালাস করি।

ভোজনের আয়োজন বিলক্ষণ হইয়াছিল। রাঁদুনি পাগল ধানের অন্ন—উচ্ছে ভাতে, পটল ভাতে, বেগুণ পোড়া, নটে খাড়া, বড়ি, থোড়, চুনচিংড়ি দিয়া চচ্চড়ি, কৈমাছ ভাজা, পোনামাছের ঝোল, বাটামাছের অম্বল, ঘন দুগ্ধ, চাঁপাকলা ও জমাট একোগুড়।

আহারের পর দুইজনে তাম্বুল গ্রহণ করিয়া শীতল পাটিতে শয়ন করিলেন। পতিভাবিনী ক্রমশঃ আপন বৃত্তান্ত সংক্ষেপে বলিলেন। ব্রাহ্মণী শুনিয়া ধড়্‌মড়্‌ করিয়া উঠিয়া বলিলেন—মা! তুমিতো সামান্য মেয়ে নও—তোমাকে দেখ্‌লে পুণ্য হয়। আমার যেমন পোড়া কপাল তা কি বল্‌ব? স্বামী আছেন—এইমাত্র। লম্পট, জোয়ারী ও মদোমাতাল। হাতে ধরেছি—পায় ধরেছি—ঝাড়ন, মন্ত্র, ঔষধি কিছুই বাকি করি নাই কিন্তু কিছুতেই বশ করিতে পারি নাই। ঘরে এলে যেন পোশা পাখী—দ্বার পার হলে শিক্‌লি কাটা টিয়ে।

পতিভাবিনী। আপনার দুঃখের কথা শুনিয়া বড় দুঃখিত হইলাম। বাহ্য সৌন্দর্য্য ও আকর্ষণে পতী বশীভূত থাকে না। অন্তরের মিলন না হইলে পরস্পর আবদ্ধ হয় না। অন্তরের নানা ভাব কিন্তু মূলভাবের বর্দ্ধন হইলে অন্যান্য ভাবের মিলন আপনা আপনি হইয়া পড়ে। অন্তরের মূলভাব ঈশ্বর চিন্তা ও তাঁহাতে আত্মা সমাধান করা। আপনারা পূজা আহ্নিক করিয়া থাকেন?

ব্রাহ্মণী। বাটীতে বিগ্রহ আছেন ও আমরা কোশাকুশী ও হরিনামের মালা লইয়া গুরুমন্ত্র জপি—কর্ত্তা সব দিন সমভাবে সন্ধ্যা আহ্নিক করেন না—সর্ব্বদাই ব্যস্ত।

পতিভাবিনী। আপনার কৌশলের দ্বারা ধর্ম্মপথে তাঁহার মন আকর্ষণ করা কর্ত্তব্য। এ কার্য্য বহু পরিশ্রমে হইবে। প্রথম প্রথম বড় কঠিন বোধ হইবে কিন্তু এই লক্ষ্য সর্ব্বদা মনে রাখিলে নানা প্রকার উপায় আপনা আপনি প্রকাশ পাইবে। যে উদ্দেশ্যেই আমরা মগ্ন থাকি সে উদ্দেশ্য অল্প বা অধিক ভাগেই হউক অবশ্যই সিদ্ধ হয়। প্রথম কার্য্য এই যে প্রকারেই হউক দুইজনে একত্র হইয়া আহ্নিক ও সন্ধ্যা করিবেন। আপনি ঈশ্বরের প্রতি যত উচ্চভাব প্রকাশ করিবেন তাঁহাকে তত আকর্ষণ করিবেন ও তিনি তত শৃঙ্খলে বদ্ধ হইবেন।

———o———

১৫।—অন্বেষণচন্দ্রের নানা প্রকার উপাসনা শ্রবণ; আত্ম বিচার ও মৃত পিতার বাণী শ্রবণ।

রবিবারে গির্জ্জা খুলিল—পাদ্‌রি পুল্পিটে গৌন পরিয়া বাইবেল লইয়া উপাসনা করিতে আরম্ভ করিলেন। নর নারী একত্র বসিয়া ভজনা করি-

তেছেন—সকলেরই হাতে বাইবেল, সকলই ভক্তিভাবে বসিয়াছেন। উপাসনার যে প্রণালী আছে তাহা সাঙ্গ হইলে, পাদ্‌রি এক সরমন অর্থাৎ বক্তৃতা করিলেন ও অবশেষে সত্য খ্রীষ্টিয়ান ধর্ম্ম বিস্তীর্ণ হওন জন্য প্রার্থনা করিলেন। উপাসনা যাহা হইল তাহাতেই ক্ষণেক কাল জন্য সকলের আত্মার আরাম অবশ্যই হইয়া থাকিবে।

পরদিবস প্রাচীন ব্রাহ্ম সমাজে উপাসনা হইল। আচার্য্য ও উপাচার্য্যেরা প্রণালীপূর্ব্বক ভজনা করিলেন ও আচার্য্য প্রার্থনা করিলেন যে সত্য ব্রাহ্ম ধর্ম্ম দেশে, প্রদেশে প্রচারিত ও গৃহীত হউক। সকল উপাসক ভক্তিভাবে কিছু কাল যাপন করিলেন।

পরদিবস উন্নত ব্রাহ্ম মন্দিরে ঐ প্রকার উপাসনা ও প্রার্থনা হইল ও তার পর দিবস মস্‌জিদেও ঐ রূপ উপাসনা ও প্রার্থনা হইল।

অন্বেষণচন্দ্র সকল উপাসনা ও প্রার্থনা শুনিয়া ভাবিতে লাগিলেন যে কোন সম্প্রদায়ের প্রার্থনা সিদ্ধ হইবে, সকলেই আপন মত ও বিশ্বাস অনুসারে উপাসনা ও প্রার্থনা করে কিন্তু মত বিশ্বাসের সত্যাসত্য কি রূপে ধার্য্য হইবে? মত বিশ্বাস সংস্কার সম্বন্ধীয়—আত্ম সম্বন্ধীয় নহে। মনেতে নানা সন্দেহ—সিদ্ধান্ত এক একবার উপস্থিত হইতেছে কিন্তু কিছু স্থির করিতে পারি না। একটা বিষয় স্থির করিতে গেলে অন্য বিষয় অসংলগ্ন হইয়া পড়ে। সকলের সমন্বয় ও সামঞ্জস্য করা সুকঠিন। আরো ভ্রমণ, দর্শন, চিন্তন ও নিধিধ্যাসনের আবশ্যক। যাহাতে মন একাগ্রভাবে থাকে তাহা অল্প বা অধিক পরিমাণে হউক অবশ্যই লব্ধ হইবে। আত্মা এখনও বড় দুর্ব্বল—আত্মা আত্মাতে রমণ করে না—আত্মাতে পতিভাবিনী সর্ব্বদা উদয় হইতেছে। যদিও তিনি অতুল্য বনিতা কিন্তু তাঁহার নিমিত্তে আমার মুগ্ধ হওয়া দুর্ব্বলতা।

এই বলিতে বলিতে পিতার জ্যোতির্ম্ময় সহাস্য বদন সম্মুখে দেখিয়া এই বাণী শুনিলেন "অভেদী রম্না পর্ব্বতোপরি আছেন—তাহার নিকট যাইয়া সার জ্ঞান লাভ কর।"

নিমিষ মাত্রে ঐ শান্ত মুর্ত্তি অপ্রকাশ হইল। হা পিতঃ যো পিতঃ বলিয়া অন্বেষণ মোহেতে মুগ্ধ হইলেন ও বার বার প্রণাম করত বলিলেন—পিতঃ কৃপা করিয়া আর একবার দেখা দেও কিন্তু আর কিছুই প্রকাশ হইল না। অনেকক্ষণ চতুর্দ্দিক দৃষ্টি করত বসিয়া রহিলেন অবশেষে তাঁহার মনে পিতার ও স্বীয় শোক প্রবাহিত হইতে লাগিল ও তিনি রোরুদ্যমান ও মৃতবৎ হইয়া পড়িয়া থাকিলেন।

১৬।—জেঁকো বাবুর জ্যেষ্ঠ পুত্রের বিয়োগ—বাবু সাহেবের বিবাহের উদ্যোগ ও ভঙ্গ ও ভ্রাতার মৃত্যু শ্রবণে আত্মা বিদ্যা চিন্তন—মনের পরিবর্ত্তন ও অন্বেষণচন্দ্রের উপদেশ।

জেঁকো বাবুর বাটীতে বড় বিপদ। তাঁহার জ্যেষ্ঠ পুত্র জ্বর বিকারে মুমূর্ষু। শরীর হিম—নাড়ি ক্ষীণ—স্পন্দ রহিত ও জ্ঞান অল্পই আছে। সকলে ঈশ্বর ধ্যানে যে পর্য্যন্ত ধৈর্য্যাবলম্বন করিতে পারেন তাহা করিতেছেন কিন্তু পুত্রের আত্মা অস্তমিত দেখিয়া মোহের প্রবল তরঙ্গে মুহ্যমান হইতেছেন। যখন অস্থিরতা জীবনের জীবন তখন সজীব থাকা সুকঠিন—তখন আত্মা প্রপীড়িত, মুহুর্মুহুঃ ভাবান্তর—কখন আশা, কখন হতাশা, কখন ক্ষোভ, কখন শোক, নানা প্রকার ভাবে আন্দোলিত হয়। স্বামী ও বাবু সাহেব নিকটে আছেন—বিধি করিতেছেন ইংরাজি চিকিৎসাই করিতে হইবে—বৈদ্যরা হাতুড়ে। দুই এক জন আত্মীয় বলিল—ইংরাজি চিকিৎসা অনেক হইয়াছে—কিছুই বিশেষ হয় নাই। এক্ষণে এক জন জ্ঞানাপন্ন কবিরাজ আনাইয়া দেখান। এই বিচার হইতে হইতে বালকের দুই চক্ষু স্থির হইল ও সকলের বোধ হইল নয়ন দিয়া আত্মা বিগত হইল। জননী পুত্রের মুখ চুম্বন করত রোদনে অস্থির হইলেন। পিতাও বিলাপ করিতে লাগিলেন। বাবু সাহেব তাহাকে লইয়া বাহিরে আসিলেন। পর দিবস প্রাতে বাবু সাহেব আইলে জেঁকো বাবু বলিলেন—পুত্রের মৃত্যু দেখিয়া আত্মার অস্তিত্ব কিঞ্চিৎ প্রতীয়মান হয়। সমস্ত রাত্রি বিছানায় ছট্‌ফট্ করিয়াছি—শেষ-রাত্রে একটু তন্দ্রা আসিয়াছে এমত সময় পুত্রের শান্ত বদন দেখিলাম—আমাকে বলিতেছে—"পিতঃ দেহ ত্যাগ করিয়া সুখে আছি।" এ কি চমৎকার!

বাবু সাহেব একটু বিবেচনা করিয়া বলিলেন এ স্বপ্ন, নতুবা মস্তিষ্ক পরিষ্কার ছিল না। বিশেষ প্রমাণ না পাইলে এ সব গ্রহণ করিতে পারি না। এক্ষণে এই গোলযোগ সর্ব্বদেশে হইতেছে—কিন্তু এ সকলই অলীক ও কেবল ভ্রম ও প্রতারণা জনক।

জেঁকো বাবু। যদিও ঈশ্বর মানি না তথাচ তাঁহাকে একটু ধ্যান করিলে শোক অল্প বোধ হয়।

বাবু সাহেব। সুতরাং এক চিন্তা কি ভাব ত্যাগ করিয়া অন্য চিন্তা কিম্বা অন্য ভাব আনিলে পূর্ব্ব চিন্তা কি পূর্ব্ব ভাব অবশ্যই বিগত হইবে।

জেঁকো বাবু। কিন্তু ঈশ্বর চিন্তা মিষ্ট বোধ হয়।

বাবু সাহেব। তা আমি জানি না—নিকটে সেই আত্মাওয়ালা আছেন, তাঁকে জিজ্ঞাসা কর।

বাবু সাহেব অন্যান্য আলাপ করিয়া গমন করিলেন। তাঁহার পর অন্বেষণ আপনা আপনি আসিয়া উপস্থিত। যদিও জেঁকো বাবু তাঁহাকে অবজ্ঞা করিতেন তথাচ শোকেতে ম্রিয়মাণ হইয়া সমাদর পূর্ব্বক আহ্বান করিলেন।

অন্বেষণ নিকটে বসিয়া বলিলেন আপনকার পুত্রের বিয়োগ সংবাদ শুনিয়া দুঃখিত হইয়া আসিতেছি। মহাশয় জ্ঞানী, বিবেচনা করিলে আত্মার বিনাশ নাই—জীবনে মরণ ও মরণে জীবন এই আত্মার শিক্ষা। শোক, দুঃখ যাহা ঘটে তাহাতে আত্মা বলীয়ান হয় ও আত্মা বলীয়ান হইলে শোক, দুঃখ হইতে অতীত হয়। এক্ষণে ঈশ্বরকে ধ্যান করিয়া আত্মাকে উন্নত করুন।

জেঁকো বাবু। আত্মার অস্তিত্বের প্রতি আমার একটু বিশ্বাস হইতেছে।

অন্বেষণ। আপনার আত্মা দ্বারা যাহা লাভ করিবেন তাহাই সত্য। প্রথম প্রথম আত্মাদ্বারা অল্পই লব্ধ হইবে। জ্ঞাতা না যোগ্য হইলে জ্ঞেয় প্রাপ্ত হয় না। আপনি শান্ত হইয়া বিবেচনা করিবেন।

লোকের বিপদ ঘটিলে আত্মীয়রা সমাজিক প্রথানুসারে দুই একবার আসিয়া সান্ত্বনা বাক্য কহিয়া থাকে ও যাঁহারা দুঃখিত হইয়া আইসে তাঁহারাও কালেতে ক্লান্ত হইয়া পড়ে। লাভ ও স্বার্থ ত্যাগ করিয়া এক জনের দুঃখ মোচন জন্য অন্য এক জনের নিরন্তর বাসনা ও শ্রম অতি অসাধারণ। জেঁকো বাবু বড় শোক পাইয়াছেন—হৃদয় একেবারে ভগ্ন হইয়াছে—সকল বন্ধু বান্ধবের গমনাগমন স্থগিত—বাবু সাহেবেরও আসা যাওয়া অল্প ও বহু ব্যবধান পর, কিন্তু অন্বেষণচন্দ্র প্রতিদিন অন্বেষণ করিতেছেন ও তিনি যাহা কহেন তাহা জেঁকো বাবুর উদ্বোধক ও হৃদয়ভেদী। জেঁকো বাবুর আত্মার জড়তা বিনষ্ট হইয়াছে। তিনি অন্বেষণের ঔদার্য্য ও নম্রতা দেখিয়া আপন মালিন্য ও অল্প জ্ঞান বুঝিতে পারিতেছেন।

কিছু দিনের পর অন্বেষণ কিছু কৃতকার্য্য হইয়া সেখান হইতে বিদায় লইলেন।

পথি মধ্যে বাবু সাহেব তাঁহাকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন—কেমন আমার বন্ধু কি আত্মাওয়ালা হইয়াছেন?—আমি খাতিরে কোন কর্ম্ম করি না—কি জান—পুরুষের মেয়ে মানুষের ন্যায় শোক করা ভাল নয় ও শোকে পড়িলে ভ্রমে পড়্তে হয়।

এই কথা হইতেছে ইতিমধ্যে একজন চাকর এক চিঠী ও ফুলের তোড়া লইয়া তাঁহার হস্তে দিল।

বাবু সাহেব চিঠী পড়িয়া শিহরিয়া উঠিলেন—তাঁহার বদনে রক্তের ছোব দেখা দিল ও তিনি আপন সরল স্বভাব হেতু আহ্লাদেতে বলিলেন—বুঝি এত দিনের পর এক ইংরাজি বিবির সহিত আমার বিবাহ হইল।

অন্বেষণ জিজ্ঞাসা করিলেন—এ বিবাহের ঘটক কে?

বাবু সাহেব। (স্বগত ডেম বেঙ্গালি! ডেম বেঙ্গালি!) (প্রকাশ্য)—তোমরা এ সব বুঝ না—তোমরা আপনারা বিবাহ কর না—বাপ মায়ে দেওয়ায়। ইংরেজরা দেখে শুনে বিবাহ করে। এক্ষণে মন অস্থির—কথা কহিবার অবকাশ নাই— "গুড্ বায়"—সেলাম।

সংসারের বিচিত্র গতি—কাহার শোক—কাহার হর্ষ—কাহার উন্মত্ততা —কাহার শান্তি—কাহার উন্নতি—কাহার দুঃখ—কাহার সুখ!

গ্রামে একেবারে টিটিকার হইল যে বাবু সাহেব এক ঢেঁসেব মেয়েকে বিবাহ করিবেন। হাত টেপাটিপি—মধু বাক্যেব লিপি লিখন—উপঢৌকন —পরিবর্ত্তন—আত্ম অর্পণ—সবই হইয়া গিয়াছে। বর কনে দুই জনেই অস্থির—দুই জনে সদা একত্রিত হইয়া পরস্পর মুখাবলোকন করত ভাবী সুখ জন্য প্রেম নিশ্বাস ত্যাগ করেন। ইতিমধ্যে কনের পিতা এই সংবাদ শুনিয়া বিদেশ হইতে শীঘ্র আসিয়া কন্যাকে বলিল তুমি যদি বাঙ্গালিকে বিবাহ কর তবে তোমার মুখ দেখিব না। বর ভগ্নাশ হইয়া প্রেম জ্বরে আক্রান্ত হইলেন —চিটী পত্র লেখা বন্ধ—বৈকারিক অবস্থার বৃদ্ধি—কাহার সহিত আলাপ করেন না, কাহার নিকটে যান না—কেবল স্তব্ধ হইয়া গুম অবতারের ন্যায় বিছানায় পড়িয়া থাকেন। এ রোগের ঔষধ কি—কেবল এই ভাবেন। এক দিবস প্রাতে এক খানা ইজি চেয়ারে বসিয়া আছেন ডাকের পেয়াদা এক খানি পত্র আনিয়া হস্তে দিল—পত্র পড়িবা মাত্রেই রোদন করিয়া উঠিলেন—তাঁহাব অনুজ লাহোরে ছিলেন হঠাৎ ওলাউঠা রোগে তাঁহার মৃত্যু হইয়াছে—এই সংবাদ সেখানকার কোন বন্ধু লিখিয়াছেন। চিত্তের পূর্ব্বভাব বিগত হইয়া এক্ষণে ভ্রাতৃ শোকে সাতিশয় কাতর হইলেন—আর কি ভায়াকে দেখিতে পাইব না! এই আপনা আপনি বলিতে লাগিলেন ও গ্রন্থকর্ত্তারা আত্মার অমরত্ব বিষয়ে যাহা লিখিয়াছেন তাহা নিয়ত পাঠ করণানন্তর পুনঃপুনঃ ঐ বিষয় বিবেচনা করিতে লাগিলেন। এই সংবাদ শুনিয়া জেঁকোবাবু নিকটে আইলেন। পূর্ব্বে দুই জনে একত্র হইলে তাঁহারা দম্ফে ও স্পর্দ্ধাতে কথাবার্ত্তা কহিতেন, এক্ষণে দুই জনেবই আন্তরিক বিকাব অনেক খর্ব্ব হইয়াছে—আত্মার উগ্রতা শোক ও দুঃখে হ্রাস হয় ও হ্রাসের সঙ্গে সঙ্গে সাত্বিক ভাবের উদয। বাহ্য রাজ্য ও অন্তর রাজ্য এক নিয়মেই নির্ব্বাহিত হয়। এক ভাবের আধিক্য হইলে অন্যের আগমন। সকল ভাবেরই সীমা আছে। যাহা সীমাতীত তাহারই বিনাশ। কখন আধ্যাত্মিক বলে ভাবের বিনাশ, কখন প্রবলতর অন্য কোন বাহ্য ভাবেব উদয়ে পূর্ব্ব ভাবের হ্রাসতা কিম্বা সম্পূর্ণ অদর্শন। দুই বাবুই শোকে মগ্ন—এক জন পুত্র শোকে, এক জন ভ্রাতৃ শোকে চঞ্চলিত। বাহ্য বিষয়ক কথা অবশ্যই অল্প হইতেছে। এক জন বলিতেছেন—যদি বিয়োগের পব আত্মা থাকে, তবে সে আত্মা কি করে? অন্য এক জন বলিতেছেন যদি থাকে তবে অবশ্যই প্রকৃত উপযোগী কার্য্য করে। শুনিয়াছ কেহ কেহ কোন কোন আত্মীয়ের আত্মাব সহিত কথোপকথন করিয়াছে—এ যদি সত্য হয় তবে বড় ভাল, তা হইলে অনেক সান্ত্বনা পাওয়া যায় ও মৃত্যু ভয় বিগত হয় কিন্তু প্রত্যক্ষ প্রমাণ না পাইলে বিশ্বাস হয় না—অনুসন্ধান করণে হানি নাই—উপকার আছে।

১৭।—উন্নত ব্রাহ্ম প্রচারকের উপদেশ ও বিচার।

উন্নত ব্রাহ্ম প্রচারক—বাহ্যয় বিষাবদ—সমাজ মন্দিরে উপনীত। শ্রোতা ও শিষ্যেরা আস্‌তে আজ্ঞা হউক আস্‌তে আজ্ঞা হউক বর্ষণ করিতে লাগিল। প্রচারক সমাজ পার্শ্বস্থ গৃহে যাইয়া বসিলেন। কয়েক জন উন্নত ব্রাহ্ম ঐ গৃহে আসিয়া গুরুর পদতলে পড়িয়া আপন আপন ভক্তি প্রকাশ করিলেন। তাহাদিগের মধ্যে একজন বলিলেন—মহাশয়! শান্তিরাম গড়গড়ী অদ্যাপি পৈতা ত্যাগ করেন নাই। তিনি উপাচার্য্য হইয়া বেদীতে বসিলে বেদী কলঙ্কিত হইবে। আর এক জন বলিলেন প্রাণ থাকুক আর যাউক বিশ্বাসের বিপরীত কার্য্য কখনই করা হইবে না। আর এক জন বলিলেন যদি পৈতা পরিত্যক্ত না হইল তবে পৌত্তলিকতায় কি দোষ? আর এক জন বলিলেন গড়গড়ী মহাশয় বড় ঈশ্বর পরায়ণ ও সাধু। পৈতা ধারণ করিলে কি ঈশ্বর পরায়ণ ও সাধু হয় না? পৈতার সঙ্গে আত্মার সঙ্গে কি সম্বন্ধ? অন্য এক জন পৈতাত্যাগী উপাচার্য্য তাহার তুল্য পবিত্র না হইতে পারেন। আর এক জন বলিলেন তাহা হইতে পারে কিন্তু পৌত্তলিকতাকে উৎসাহ দিতে পারি না। আমাদিগের প্রতিজ্ঞা—দৃঢ় প্রতিজ্ঞা—যদি তাহা ভঙ্গ হয় তবে নরকে গমন করিতে হইবে ও ইংরাজেরা আমাদিগকে কি বলিবে? প্রচারক বলিলেন এইতো উন্নত ভাব—ইহা যদি না হয় তবে ব্রাহ্ম ধর্ম্ম অবলম্বন করা কি ফল? বিস্তর বিচার ও বিতণ্ডা হইয়া গড়গড়ীকে গড়গড় করিয়া চলিয়া আসিতে হইল। প্রচারক দোর্দ্দণ্ড প্রতাপে বেদীতে উপবেশন করিয়া ঈশ্বর, আত্ম ও পর সম্বন্ধীয় এবং পাপ, অনুতাপ, পরিত্রাণ ও মোক্ষ বিষয়ে অনেক বলিলেন। অবশেষে দয়া বিষয়ে দীর্ঘকাল বক্তৃতা করিলেন। শ্রোতারা শ্রান্ত হইয়া নিদ্রাতে অভিভূত হইলেন ও অনেকের মনে হইল প্রচারক মহাশয় এক্ষণে ক্ষান্ত হইয়া আমাদিগকে দয়া করিলে আমরা দয়া উপদেশ ভালরূপে গ্রহণ করিতে পারি।

অন্বেষণচন্দ্র উপস্থিত ছিলেন। উপাসনা সাঙ্গ হইলে একজন মার্জ্জিত জ্ঞানী ও স্পষ্টবক্তা তাঁহার নিকট আসিয়া জিজ্ঞাসা করিলেন—মহাশয় কেমন শুন্‌লেন?

অন্বেষণচন্দ্র। উত্তম—যাহা শুনা যায় তাহাতে কিছু না কিছু কার্য্যহইতে পারে।

কিন্তু যাহা শুনা গেল তাহা কি শ্রেষ্ঠ উপদেশ?

অন্বেষণচন্দ্র। সকল উপদেশ সকলের মনে সমানরূপে গৃহীত হয় না। যাহাদিগের সামান্য মন তাহারা ক্ষুদ্র উপদেশ গ্রহণ করে, উচ্চ উপদেশ গ্রহণ করিতে পারে না। যাহাদিগের উচ্চ মন তাহাদিগের পক্ষে উচ্চ উপদেশের আবশ্যক—সামান্য উপদেশ তাহাদিগের মনে প্রবেশ করে না, কিন্তু প্রচারক উচ্চতা প্রাপ্ত না হইলে স্বকার্য্যে অক্ষম হয়েন। অস্থায়ী প্রকরণ লইয়া ধর্ম্ম

উপদেশ চিরদিন সমভাবে চলে না। শ্রোতার মধ্যেই শীঘ্র বা বিলম্বে হউক কেহ না কেহ প্রচারকের গ্রাম্য ভাব জানিতে পারে। প্রকৃত প্রচারক হইতে গেলে তাঁহাকে আত্মজ্ঞ হইতে হয় নতুবা শ্রোতাদিগের আত্মার গতি অনুসারে উপদেশ হয় না। কিন্তু এ শ্রেষ্ঠ কল্প—যাহা হইতেছে তাহাই হউক —হানি নাই। কালেতে উপকার হইতে পারে।

তা বটে, কিন্তু যেরূপ তর্জ্জন গর্জ্জন হয় তদনুসারে বিষণ হয় না।

অন্বেষণচন্দ্র। এইই মানব জাতির ধর্ম্ম। যদবধি আত্ম দর্শিত্ব না জন্মে তদ্বধি বাহ্য ব্যর্থ বিষয় লইয়া জীবন যাপন করিতে হয় কিন্তু তাহাতেও আত্মোন্নতির কিছু না কিছু উপকার হইবে।

পৈতেফেলা—পৌত্তলিকতা ইত্যাদি ইংরাজি বহি পড়ার দরুণ—আপনি কি বলেন?

অন্বেষণচন্দ্র। তাহা হইতে পারে কিন্তু প্রকৃত কারণ এই যে বাহ্য প্রবল —অন্তর দুর্ব্বল—এজন্য আত্মা দণ্ডে দণ্ডে নব সংস্কারাধীন। যেমন তরকারি সন্তলন কালীন হাঁড়িতে তপ্ত ঘৃত উপরে ফোড়ন দিলে ফড়্ ফড়্ শব্দ হয় তেমনি প্রবল বাহ্য কারণ বশাৎ নবনব মত ও বিশ্বাসের সৃষ্টি—তাহার কি তর্জ্জন গর্জ্জন হইবে না? অবশ্যই হইবে। কিন্তু স্থায়ী হইতে পারিবেক না। ইহাতে আপনি বিরক্ত হইবেন না। এই উন্নত ব্রাহ্ম প্রচারক মহাশয় উচ্চতা প্রাপ্ত হইলে গ্রাম্য ভাব ত্যাগ করিবেন। তাঁহার ঈশ্বর বিষয়ক পিপাসা প্রসংশনীয়—তিনি অনেক পড়িয়াছেন, কিন্তু নিগূঢ় চিন্তা করেন নাই—ঈশ্বর লক্ষ্য সর্ব্বদা মনে ধারণ করিতে পারেন না—অনেক পার্থিব লক্ষ্যে প্রপীড়িত—যখন যে লক্ষ্য প্রবল তাহাকেই ঈশ্বর লক্ষ্য বোধ করেন, এজন্য ভ্রাম্যমান হইয়া ব্রাহ্ম ধর্ম্মকে খিচুড়ি করিতেছেন—কিন্তু যদি প্রাণপণে ঈশ্বর লক্ষ্য সর্ব্বদা ধারণা করিতে পারেন, তবে তিনি অবশ্যই উচ্চতা প্রাপ্ত হইবেন ও তাঁহার ক্ষুদ্র দৃষ্টি থাকিবে না।

যুক্তাত্মা ধীরেরা কি ব্যর্থ, অলিক, অস্থায়ী সামাজিক, বা গার্হস্থ বিষয় লইয়া সাধনা করিতেন?—তাঁহাদিগের লক্ষ্য কেবল আত্মা ও ঈশ্বর।

১৮—বাবু সাহেব ও জেঁকো বাবুর ক্ষতি, জেঁকো বাবুর মৃত্যু, সরলার বিধবা বিবাহ বিষয়ক উপদেশ, বাবু সাহেবের তাঁহাকে হস্তগত করণার্থে নাপ্তিনীর নিকট গমন ও তাহার সহিত কথোপপথম, তাঁহার মৃত্যু, ও লালবুঝ্ কড়ের কারারুদ্ধ হওন।

বাবু সাহেবের ও জেঁকো বাবুর যাহা ধন ছিল তাহা বঞ্চক লোকের ইন্দ্রজালেতে সকলি ক্ষতি হইল। ধন হারা হইয়া তাঁহারা যেন মণিহারা ফণির ন্যায় বসিয়া থাকেন—অন্তরের কিছু মাত্র জ্যোতি নাই, সর্ব্বদাই ভাবেন ধনের সঙ্গে মানও গেল—এখন কি করি? কেবল মদই ভর্সা অতএব মদে মত্ত

যদবধি থাকেন তদবধি পৃথিবীকে সরা দেখেন। মদ আমোদ না হইলে একেবারে কষবার নৌকা ডুব ইয়া বসেন। দুই এক সার জ্ঞানী ব্যক্তিরা বলেন—আপনাদিগের ধর্ম্ম চর্চ্চা বেস হইতেছিল, তাহা কেন বন্ধ করিলেন?—তাহা করিলে মদ্যের প্রয়োজন হইত না। তাঁহারা উত্তর দেন আমাদিগের পুত্র ও ভ্রাতৃ শোক হইতে ধন শোক অধিক হইয়াছে—এ শোক সম্বরণ কিরূপে করিতে পারি? বাল্যকালাবধি ঈশ্বর চিন্তা না করিলে বিষম প্রমাদ, একটা বিপদের ঝড়েতেই হৃদয় ছিন্নভিন্ন হইয়া যায়। যাহাদিগের ঈশ্বর পরাকাষ্ঠা তাহারাই কেবল বিপদ সম্পদ সমভাবে দেখেন ও যে অবস্থাতেই পতিত হয়েন সেই অবস্থাকে আত্মোন্নতি সাধনের মূলক করেন। কিছু দিন পরে জেঁকো বাবু বিপদের গ্রাস হইতে পরিত্রাণ না পাইয়া দিন দিন তনু ক্ষীণ হইয়া লোকান্তর গমন করিলেন। সরলা পতিব্রতা, ইচ্ছা করিলেন যে সহমরণ গমন করিবেন কিন্তু ঐ প্রথা নিষেধক আইন জারি হওয়াতে ক্ষান্ত হইলেন। দুই তিন বৎসর পরে বাবু সাহেব সরলার প্রতি অনুরাগী হইয়া তাঁহার সহিত বৈবাহিক বন্ধন জন্য সাতিশয় চিন্তিত হইলেন। সরলা বড় গুণবতী ও যখন তাহার মুখশ্রী বাবু সাহেবের মনেতে উদিত হইত তখনি আপনা আপনি বলিতেন—বাঙ্গালির মেয়ে তো ভাল পাওয়া যায় না এজন্য ফিরিঙ্গির মেয়েকে বিবাহ করিতে গিয়াছিলাম কিন্তু সে গুড়ে বালি পড়িল। এক্ষণে যদি সরলা দয়া করেন তবে বাঁচি নতুবা একলা ভেবে ভেবে সারা হইলাম। নানা প্রকার উপায় ভাবিয়া বাবু সাহেব উন্নত ব্রাহ্ম মন্দিরে উপাসনা করিতে আরম্ভ করিলেন। উন্নত ব্রাহ্মেরা তাঁহাকে দলস্থ দেখিয়া উন্নত হইলেন ও পরে তাঁহার বৈবাহিক প্রস্তাব শুনিয়া তাঁহারা অতি আহ্লাদিত হইলেন, কারণ স্ববর্ণে বিবাহ হইলেক না—বর ব্রাহ্মণ ও কন্যা ক্ষত্রিয়। অবশেষে এ প্রস্তাব সরলার কর্ণগোচর হইলে তিনি বিনয় পূর্ব্বক বলিলেন—স্ত্রীলোকের পুনঃ বিবাহ এক্ষণে প্রচলিত হইতে পারে কিন্তু যাঁহারা ঈশ্বর পরায়ণা নারী তাঁহারা শারীরিক সুখার্থে জীবন ধারণ করেন না—তাঁহারা আত্ম সংযম ও আত্মোন্নতি জন্য জীবিত থাকেন অতএব ব্রহ্মচর্য্য ব্যতিরেকে অন্য কি উপায়ে ঐ অভীষ্ট সিদ্ধ হইতে পারে? আমার লোভ নাই—পার্থিব সুখ অথবা গৌরব কিছু মাত্র বাসনা করি না। যাহাতে ঐকান্তিক ভাবে ঈশ্বরেতে আত্মা অর্পন করিতে পারি এইই আমার অহরহ প্রার্থনা। শুনিতে পাই বিধবা বিবাহ জন্য প্রচুর ধন ব্যয় হইয়াছে ও যাঁহারা ব্যয় ও শ্রম করিয়াছেন, তাঁহারা অবশ্যই সৎ অভিপ্রায়ে করিয়াছেন কিন্তু যদি ঐ সকল মহাশয়রা ব্রহ্মচর্য্য অনুষ্ঠানে উৎসাহ প্রদান করিতেন তাহা হইলে, অনেকের অধিক আধ্যাত্মিক বল হইত। যে স্ত্রীলোক পতী-পরায়ণা সে কি অন্য পতী গ্রহণ করিতে পারে? যে কালেতে পতীকে ভুলে যায় সে কি পতী-পরায়ণা? স্ত্রীলোক বা পুরুষের প্রকৃত বীরত্ব কি? ইন্দ্রিয় দমন ও আত্মার শক্তি বর্দ্ধন। মনুষ্য ঊর্দ্ধদৃষ্টি হীন হইয়া সর্ব্বদাই পশুবৎ ভাবে থাকে ও কার্য্য করে—আত্মা আছে কি না—ও কি প্রকারে উন্নত হইবে তদ্বিষয় কিছু মাত্র চিন্তা নাই।

সভ্যদেশের রীতি নীতির অনুকরণ হইতেছে কিন্তু সভ্যতা কি ? সভ্যতা বাহ্য উন্নতি, আতোন্নতিকে সভ্যতা অল্প লোকে বলেন!

সরলার এ সকল বাক্য গরলস্বরূপ গৃহীত হইল। উন্নত ব্রাহ্মদিগের মধ্যে কেহ কেহ বলিলেন নারীর কথা গুলি নিতান্ত অগ্রাহ্য নহে, আবার কেহ কেহ বলিলেন মেয়েমানুষ প্রথমে এইরূপ কহিয়া থাকে, পরে দোরস্ত হয়। বাবু সাহেব স্বাভাবিক অস্থির, তাহাতে আশা পিচাশের খেঁচুনিতে ধড়্‌ফড়াতে লাগিলেন। ভ্রাতৃশোক, ধনশোক ও বন্ধু জেঁকো বাবুর শোক সকলই বিগত —এক্ষণে যাহাতে তাঁহার বনিতা হস্তগত হয়েন এই জ্ঞান—এই ধ্যান। খেয়ে সুখ নাই—বসে সুখ নাই—শুয়ে সুখ নাই—কিছুতেই সুখ নাই। এক একবার দুপা ফাঁক করিয়া দাঁড়াইয়া সিস্ দেন ও নিশ্বাস ত্যাগ করণান্তর "ডিয়ের সরলা" বলিয়া ডাকেন। বাবু সাহেব বড় বিবেচক—বিবেচনা করিয়া স্থির করিলেন—ব্রাহ্মদের এ কথা বলা ভাল হয় নাই—তাহারা কর্ম্ম খারাব করিয়াছে। মেয়ে মানুষের মন মেয়ে মানুষ শীঘ্র হরণ করিতে পারে, অতএব বাটীর নিকটে শ্যামা নাপ্তিনী থাকে তাহাকেই ঘট্‌কী করা শ্রেয়। সন্ধ্যা না হইতে হইতে বাবু সাহেব শ্যামার কুটীরে উপনীত। শ্যামা বলিল—এ কি ভাগ্য—রাজা বিক্রমাদিত্য ভিকে হাড়িনীর কুটীরে! শ্যামা গোরুর জাবনা কাট্‌তে ছিল—মাথায় কাপড় নাই—কেশ কতক কাল কতক সাদা—লুটিয়া পড়িয়াছে, আস্তে ব্যস্তে একখানি পিড়া আনিয়া দিল। বাবু সাহেবের টাইট্ পেন্‌টুলুন—বসিতে অশক্ত। বাবু সাহেব লম্বা, শ্যামা বেঁটে—একটু কোঁয়া হইয়া বল্‌ছেন—একটা কথা বলি কাহাকেও বলিস্ না—সরলাকে আমার কনে করে দিতে পারিস্ ? আমার বিষয় আশয় সব দিব। নাপ্তিনী এই কথা শুনিবামাত্রে দুই কাণে হাত দিয়া জিহ্বা দাঁতে কাটিয়া বলিল—সে সাক্ষাৎ সতী লক্ষ্মী, দুদণ্ড তাঁহার কাছে বস্‌লে অনেক ধর্ম্ম কথা শুনিয়া আসি। আর২ অনেক বিধবা আছে তাহাদের এক জন না এক জনের সহিত বিবাহ দেওয়াইতে পারি। সরলা সাবিত্রী স্বরূপ—এমনি রাশ ভারি যে একটী মন্দ কথা তাহার নিকট কেহ বলিতে পারে না। তিনি সর্ব্বদাই আহ্নিক, পূজা, দান, ধ্যান ও সন্ধ্যার পরে এক মুটা আহার করেন। রামপ্রসাদ ঠাকুরের এক বিধবা মেয়ে আছে—তাহাকে বিয়ে কর না কেন ? সে নটার মধ্যে খেয়ে-দেয়ে তোফা ফিট্‌ফাট হইয়া বাড়ী বাড়ী ফিরে—তাস খেলে ও গল্প গুজব, হাসি তামাসা, ঠাট্টা বট্‌কেরায় কাল কাটায়—পূজা আহ্নিকের সহিত কিছু এলাকা নাই। এ রকমের মেয়ে মানুষ কিছু পেলেই ফের বিয়ে করে।

বাবু সাহেব। যে সব মেয়ে মানুষ খুব ধর্ম্ম কর্ম্ম করে তাদের বিয়ে করা ভাল—কোন ভয় নাই।

নাপ্তিনী। আরে আবেগের বেটা! তারা তোকে কেন বিয়ে করবে? পতির শরীরটাই যায়—প্রাণটা তো থাকে ? সেই প্রাণটা ভেবেও ঐ সব মেয়েমানুষ আরাম পায়। সুখ তো শরীরে নাই—মনে সুখ—মন যদি ধর্ম্ম

কর্ম্ম করলে সুখী হয়, তো আর বিয়ে কায কি? আর বাঙ্গালির মেয়েরা স্বামীকে ভুলে না—স্বামীর জন্য প্রাণ দেয়। যাহারা স্বামীকে কখন দেখে নাই ও যাহাদিগের বয়েস অল্প তাহারা বিবাহ করিতে পারে। নাপ্তিনীর কথা শুনিয়া বাবু সাহেব হতাশ হইয়া ভাবিলেন যে বিবাহ বুঝি কপালে নাই। বাটী ফিরিয়া আসিয়া নানা প্রকার অস্থির ভাবনায় মগ্ন। ঈশ্বর অথবা পরলোক চিন্তা তড়িৎবৎ। আপনার যেমন মনের বল তেমনি সকলের বল দেখেন। কাহার মনের উচ্চতার কথা শুনিলে বিশ্বাস করিতেন না—কেবল ড্যাম বেঙ্গালি!—ড্যাম বেঙ্গালি! বলিতেন। কালেতে তাঁহাকে সকলই পরিত্যাগ করিল ও তিনিও কোথায় যাইতেন না। মনের অসুখ দিন দিন বৃদ্ধি ও অবশেষে রোগ হইতে উত্তীর্ণ না হইয়া যম মন্দিরে গমন করিলেন।

বাহ্য আনন্দে আনন্দিত থাকিলে শোক দুঃখ হইতে মুক্ত হওয়া বড় কঠিন। কেবল আত্মার বলেতেই হর্ষ ও শোক হইতে মুক্তি হয়।

লালবুঝ্‌কড় সর্ব্বদাই উপর চাল চালিতেন। তাহার নিজের কি মত তাহা তিনি জানিতেন না। উপস্থিত মতে কার্য্য—উপস্থিত মতে মত ও কার্য্যের পরিবর্ত্তন। কি প্রকারে বাহ্য রক্ষিত হইবে এই তাহার লক্ষ্য। বাহিরে বাহ্য অনুরাগ জন্য সব দলেরই অনুকরণ করিতেন। বিরলে অনেক নিন্দনীয় কর্ম্ম করিতেন। এক মকদ্দমায় লোভ প্রযুক্ত মিথ্যা সাক্ষী দেন। বিচারে দণ্ডনীয় হইয়া কারারুদ্ধ হইলেন। গ্রামের ছোঁড়ারা কারাগারের জানালার নিকট যাইয়া এক এক বার হো হো করিত ও তৎক্ষণাৎ "ঝা বেটারা ঝা" শ্রুত হইত।

পিঙ্গলা গ্রাম ধর্ম্ম ক্ষেত্র হইল—কিন্তু ধর্ম্ম ক্ষেত্র কুরুক্ষেত্র স্বরূপ বোধ হইতে লাগিল। মস্‌জিদ, গির্জা, দুই ব্রাহ্ম সমাজ ও নানা দেবালয় হইতে মহারথী, রথী, অর্দ্ধরথী ও নানা প্রকার যোদ্ধা সৃষ্ট হইতে লাগিল। এক দল মার্ মার্ শব্দ করে—অন্য দল মারে মারে বলিয়া চীৎকার করে—সব দল স্ব স্ব প্রধান—কে কাহাকে নিবারণ করে? সকলেই আপন মতানুসারে চলে। জগতে এইরূপেই কার্য্য হইয়া থাকে। যাহা ইন্দ্রিয় সংযুক্ত তাহার ছবি এই। ক্ষণিক মিলন, ক্ষণিক বিচ্ছেদ, ক্ষণিক বিদ্বেষ, ক্ষণিক প্রেম।

১৯।—অন্বেষণচন্দ্রের গোদাবরী তীরস্থ যোগীদিগের নিকট যাইয়া যোগ শিক্ষা—পতিভাবিনীর সহিত মিলন।

পিঙ্গলা গ্রাম পরিত্যাগ করিয়া নানা দেশ, গিরি গুহা, বন উপবন, নদ নদী, খেটক খর্ব্বট, হাট মাঠ, দেবালয়, অতিথিশালা দেখিয়া ও নানা প্রকার লোকের সহিত আলাপে অনেক অর্জ্জন করত অন্বেষণচন্দ্র অবশেষে গোদাবরী তীরে উত্তীর্ণ হইলেন। সম্মুখে এক বৃহৎ বটবৃক্ষ—শাখা প্রশাখা অসংখ্য,

নিম্নে কতকগুলি উদাসীন ও যোগী বসিয়া রহিয়াছেন। গাত্র ভস্ম বিভূতি বিলেপিত—মস্তক জটা জুটে আবৃত—নয়ন মুদিত। কেহ রেচক পূরক—কেহ কেবল কুম্ভক করিতেছেন—কেহ দীর্ঘকাল প্রাণ বায়ু সহস্রারে ধারণ করিতেছেন—কেহ বন্ধত্রয়ে আসীন হইয়া খেচরী মুদ্রায় আরূঢ় হইয়াছেন। অন্বেষণ নিকটে যাইয়া তাহাদিগের আশ্চর্য্য অভ্যাস দৃষ্টি করিতে লাগিলেন। ক্ষণেক কাল পরে যোগ ভঙ্গ হইলে তাঁহারা তাঁহাকে দেখিয়া সাতিশয় তুষ্ট হইলেন ও নিকটে রাখিয়া ক্রমেং যোগ শিক্ষা করাইলেন। কি হট যোগ—কি রাজ যোগ—কি আসন বিধেয়—কি ধ্যান ও ধারণা সুভকরী তাহা ক্রমশঃ লব্ধ হইল। রাত্রি যখন অল্প থাকিত তখন তাহাদিগের সহিত আত্মতত্ত্ব আলাপ হইত—তাঁহারা যাহা বাহ্য তাহা তাচ্ছল্য করিতেন ও কেবল আত্মা লক্ষ্য করত আত্ম বল লাভেই মগ্ন থাকিতেন। এই তাঁহাদিগের আলাপ, ধ্যান ও অভ্যাস। যোগীদিগের সহিষ্ণুতা ও অপার্থিব ভাব দেখিয়া অন্বেষণ উচ্চতা প্রাপ্ত হইলেন। এক দিবস এক জন যোগী বলিলেন একটী স্ত্রীলোক কিছু কাল এখানে ছিলেন, তিনি আমাদিগের নিকট শিক্ষা পাইয়া অনেক অভ্যাস করিয়াছেন। সম্প্রতি এখান হইতে যাইয়া রম্না পর্ব্বতের নিকট এক আশ্রমে কতকগুলি যোগিনীর সহিত বাস করিতেছেন। তাহাকে তুমি জান? তিনি এক বাঙ্গালী ব্রাহ্মণের কন্যা কিন্তু হিন্দী বুলী বেস বলেন। অন্বেষণচন্দ্র বলিলেন—না, আমি তাঁহাকে জানি না—ঈশ্বরের জন্য অনেকেই লালাইত। অবশ্য তিনি কোন অসাধারণ স্ত্রীলোক হইবেন। পরে রম্না পর্ব্বতীয় অভেদীর নিকট যাইতে হইবে এই কথা মনে জাগ্রত হইলে তিনি সকল যোগীদিগকে অভিবাদন পুরঃসর বিদায় লইলেন বিদায় কালীন তাঁহারা দীর্ঘ নখাচ্ছাদিত হস্তোত্তলন করত তাঁহাকে প্রাণগত আশীর্ব্বাদ করিলেন। বারম্বার ভক্তি স্নাত প্রণাম করত অন্বেষণ সেই অপূর্ব্ব আবাস হইতে বহির্গত হইলেন। দুই দিবস পরে এক আশ্রম দৃষ্টিগোচর হইল ও অতিদূরে এক পর্ব্বতের ধূমবৎ নীল চূড়া প্রকাশ পাইল। আশ্রম উল্লঙ্ঘন করিয়া যান এমত সময়ে এই বিচার করিলেন—শুনিয়াছি এক ধর্ম্মপরায়ণা নারী এখানে আছেন, তাঁহাকে দর্শন করিলে কিছু না কিছু সংগৃহীত হইতে পারে। আশ্রমের ভিতরে প্রবেশ করিয়া দেখেন অনেক হিন্দুস্থানি, মহারাষ্ট্র, সুরাষ্ট্র, মগধস্থ নারীরা যাগরা কাঁচলি, ওড়নায় আবৃত—বসিয়া ধ্যান করিতেছেন। তাঁহাদিগের মধ্যে যেমন চন্দ্র তারাগণ বেষ্টিত তদ্রূপ এক জন বঙ্গদেশীয় অঙ্গনা কেবল একখানি রক্ত বর্ণ বস্ত্র পরিহিত, হস্তে দুই গাছি বালা, সমাধিতে মগ্ন। নিরশনে শরীর ক্ষীণা,—আন্তরিক লাবণ্যে পূর্ণা—কেশ মুক্ত,—অঞ্চল গলদেশে—বদন মনোহর—মধুর হাস্য সংযুক্ত ও শুভ্রতা ভাসমান। অন্যান্য যোগিনীরা যোগ সমাপনানন্তর ধীরে ধীরে আপন আপন কক্ষে গমন করিলেন। ইত্যবসরে অন্বেষণচন্দ্র নিষ্কামচিত্তে ও অকুতোভয়ে ঐ রমণীর সম্মুখে বসিয়া নিরীক্ষণ করিতে লাগিলেন। দিবা অবসান—অস্তমিত দিনমণি গবাক্ষের দ্বার দিয়া স্বীয় নানা বর্ণীয় মণিতে ঐ

মহীলার মুখমণিকে যেন উজ্জ্বল মণির খনি করিতেছেন—কিন্তু তাঁহার অন্তরের অমূল্য মণির অবিনাশী ও অক্ষয় সৌন্দর্য্য দেখিয়া লজ্জা পাইতেছেন। এ নারী কে? সুনিস্মিত চাঁপা ফুলের ন্যায় গৌরাঙ্গী যুবতী—রূপের ছবি—কিন্তু পার্থিব ভাব শূন্য। যাহার ধ্যানেতে আহ্লাদ তাহার মন অন্যের ধ্যান দেখিলে ধ্যানে আকৃষ্ট হয়। এক ঘণ্টার পর রমণী নয়ন উন্মীলন করিয়া দেখেন সম্মুখে এক জন শান্ত মূর্ত্তি পুরুষ, চিবুক ও মস্তকে দীর্ঘ কেশ, পদ্মাসনে বসিয়া দৃষ্টিপাত করিতেছেন। নয়ন আত্মার ভাবপ্রকাশক কিন্তু ঐ ব্যক্তির চক্ষু কেবল শান্তির জ্যোৎস্না স্বরূপ বোধ হইতেছে। দুই জনেই পরস্পর অবলোকন করিতেছেন। যদিও স্মরণ, উপমা ও মনঃ সংযুক্ত চিন্তার ত্রুটি হইতেছে না কিন্তু কিছুই স্থির হইল না। ক্ষণেক কাল পরে রমণী ঈষৎ হাস্য করত মস্তকের বস্ত্র টানিয়া নিম্ননয়নী হইলেন ও তাহার চক্ষু হইতে অনিবার্য্য অশ্রু ধারা পতিত হইতে লাগিল।

অন্বেষণচন্দ্র জিজ্ঞাসা করিলেন আপনি কে—আপনার বাটী কোথায়?

রমণী অমনি তাঁহার ক্রোড়স্থ হইয়া নয়নের উপর নয়ন দিয়া বলিলেন—আমার নাম পতিভাবিনী—আমার প্রকৃত নিকেতন আপনার ক্রোড়। অন্বেষণচন্দ্র তাহার গলদেশে হাত দিয়া বলিলেন, চাঞ্চল্য ত্যাগ কর, এমন উচ্চ যোগিনী হইয়া রোদন করিলে? পতিভাবিনী উত্তর করিলেন এটি দুর্ব্বলতা বটে কিন্তু তোমার জন্য ব্যাকুলতা সম্পূর্ণরূপে পরিহার করিতে পারি না। তুমি এমনি আকর্ষণ কর যে তোমাকে দেখিলেই আমি তোমাতে মগ্ন হই। অদ্য তোমাকে পাইয়া মনে দৃঢ় সংস্কার হইতেছে যে আত্ম সাধনে অনেক লাভ করিব। পরে দুই জনের বাক্য স্থগিত হইয়া পরস্পরের আত্মা দ্বারা আপন আপন অবক্তব্য যাহা ছিল তাহা ক্রমশঃ প্রকাশ হইতে লাগিল ও পরস্পরের আত্মা সংযুক্ত হইয়া নানা অপার্থিব বিমল আনন্দে রাত্রি যাপন করিলেন। এই মিলনে দুই জনের শারীরিক সুখ জন্য কিছু স্পৃহা নাই—মনও ভাবান্তর হইল না—কোন বিলাপ নাই, হর্ষ নাই, শোক নাই, ক্ষোভ নাই—এ সকল অবস্থা অতিক্রম করিয়া তাহারা আত্মার গভীর ভাব ধারণ করিয়া থাকিলেন। দুই জনের আত্মা এমনি বলীয়ান যে কেবল পরস্পরের আত্মারই প্রতি পরস্পরের আন্তরিক দৃষ্টি ও দুই জনে আত্মাকে যাহাতে সম উচ্চতায় রাখিতে পারেন এই তাহাদিগের মিলনের উদ্দেশ্য হইল। আশ্রমের সম্মুখে একটী মনোহর সরোবর—চতুর্দ্দিকে উচ্চ প্রাচীর—তদুপরি তরু লতা, ঝুমকলতা, কুঞ্জলতা, মাধবিলতা ও নানা লতা দোদুল্যমান। মধু মক্ষিকা ও ভ্রমর গুণ্ গুণ্ শব্দে ইতস্ততঃ ভ্রমণ করিতেছে। চক্রবাক, চক্রবাকী, শারি, শুক ও নানা চিত্র বিচিত্র বিহঙ্গম যেন বীণা যন্ত্র লইয়া সঙ্গীতে মগ্ন। অনুদয়ে যোগিনীরা সরোবরের পুলিনে বস্ত্র ত্যাগ করিয়া স্নান করিতেছেন ইতি মধ্যে অন্বেষণচন্দ্র ও পতিভাবিনী বাহিরে আসিয়া তাহাদিগের সম্মুখে প্রকাশ হইলেন। নগ্না যোগিনীরা বলিল—মা! এখানে পুরুষ কেন?

তাঁহাকে যাইতে বল। আমরা লজ্জা পাইতেছি। পতিভাবিনী বলিলেন—বৎস্য! ইনি আমার পতী—আমার প্রাণ বল্লভ— ইঁহারই কৃপা বলে আমার ঈশ্বর জ্ঞান। ইনি সম্পূর্ণ যোগী—ইঁহার স্ত্রী পুরুষ সম জ্ঞান। কেবল আত্মার সুখেই সুখী—শারীরিক সুখ বিসর্জ্জন করিয়াছেন। তোমরা নগ্না থাক আর বস্ত্রে আচ্ছাদিত হও ইঁহার আত্মা সমভাবে থাকিবে। কিন্তু তোমরা স্ত্রীলোক —যোগেতে পক্ক হও নাই এজন্য আমরা উদ্যানে গমন করিতেছি। পরে যোগিনীরা বস্ত্র পরিধান করিয়া অন্বেষণচন্দ্রের নিকট আসিয়া তাঁহার সহিত আলাপ করাতে চমৎকৃত হইলেন। পতিভাবিনী বলিলেন—কল্য প্রাতে আমরা এখান হইতে যাইব। আমাদিগের বিশেষ আবশ্যক কার্য্য আছে। যদি পারি তোমাদিগের সহিত আসিয়া সাক্ষাৎ করিব। এই কথা শুনিয়া যোগিনীরা সকলেই বোরুদ্যামান হইলেন ও সাষ্টাঙ্গে প্রণাম পূর্ব্বক বিলাপ করিয়া বলিলেন তবে আমরা মাতৃ-স্নেহ ও মধুময় উপদেশ হইতে বঞ্চিত হইলাম।

পতিভাবিনী বলিলেন তোমরা কৃপা করিয়া আমাকে এরূপ সম্ভাষ কর। তোমাদিগের ইন্দ্রিয়শূন্য ও পবিত্র ভাব দেখিয়া আমার আত্মা তোমাদিগের আত্মার সহিত সংযুক্ত। আমি পার্থিব স্নেহ বাক্যে কি প্রকাশ করিব? তোমরা কায়মনোচিত্তে অহরহ ঈশ্বরেতে মগ্ন থাক। এক মনা ধ্যানেতে ধারণার বৃদ্ধি ও যত ধারণার বৃদ্ধি ততই আত্মা প্রকৃতিকে গ্রাস করিয়া আপন জ্যোতি বিস্তার করিবে। আত্মা স্বপ্রকাশ হইলে পার্থিব সম্বন্ধ ও ভাব বিলীন হইবে। দেখ আমরা দুই জনে স্ত্রী পুরুষ বটে কিন্তু এ সম্বন্ধীয় সুখ নশ্বর, কারণ তাহা শরীর সম্বন্ধীয়—ইন্দ্রিয় সম্বন্ধীয়। "যে নাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাং"—যাহাতে অমৃত না হই তা লইয়া কি করিব, অতএব যাহা নশ্বর নহে—যাহা চিরকাল থাকিবে—যাহা অনন্তকাল—অনন্ত কার্য্য দ্বারা অনন্ত ব্রহ্মানন্দে আপনাতে অনন্ত স্বর্গ লাভ করিবে—তাহারই অনুশীলন—তাহারই উদ্দীপন—তাহারই বিবর্দ্ধনে আমরা প্রাণপণে নিযুক্ত আছি ও থাকিব।

যোগিনীরা বলিলেন পিতাকে দেখিয়া আমরা পুলকিত হইলাম। সকলে মিলিয়া অদ্য ধ্যান ও উপাসনা করিব। পরে দম্পতী স্নাত হইয়া একাসনে বসিলেন—যোগিনীরা চতুর্দ্দিকে উপবেশন করিলেন। ধ্যান আরম্ভ হইলেই দম্পতী একমনা হইয়া থাকিলেন—বাহিরে নানা শব্দ হইতেছে—রাস্তা দিয়া লোকে গান করিয়া যাইতেছে—একজন উন্মাদ নিকটে আসিয়া বিস্তর গোল ও ব্যঙ্গ করিতে লাগিল ও ত্রাসোৎপাদনার্থে এক একবার চীৎকার করিয়া বলিতেছে ঐ সাপ এল, ঐ বাঘ এল কিন্তু কিছুতেই দম্পতির ধ্যান ভঙ্গ হইল না। তাহাদিগের আত্মা বাহ্য হইতে এত অতীত যে কিছুতেই চাঞ্চল্য জন্মে না—এত শুভ্র ও জ্যোতির জ্যোতিতে সংলগ্ন যে তাঁহারা কেবল অন্তর দৃষ্টি ও অন্তর শীতলতা উপভোগ করিতেছেন। শরীর ধারণ করিয়া রহিয়াছেন এই মাত্র, আত্মা স্বতন্ত্র হইয়া আপনাতে রমণ করিতেছে। যোগিনীরা তাঁহাদিগের

ধ্যান দেখিয়া স্বীয় হীনতা ধ্যান করিতে লাগিলেন ও এক ধারণায় আরূঢ় থাকিতে সক্ষম হইলেন না।

ধ্যান সমাপনানন্তর তাঁহারা বলিলেন আপনারা আমাদিগের অপেক্ষা অতি উচ্চ। অন্বেষণচন্দ্র বলিলেন ঈশ্বর সকলকেই সমান করেন—উচ্চতা কার্য্য ও ঘটনা দ্বারা জন্মে।

পতিভাবিনী স্বভর্ত্তার গুণ পুনঃ পুনঃ চিন্তা করত ভাবান্তর হইলেন। আধ্যাত্মিক ভাবের স্বল্পতা হইলে পার্থিব ভাবের উদয় হইল, তখন স্বামির স্কন্ধে হস্ত দিয়া অশ্রু দ্বারা গদ্ গদ্ ভক্তি ও প্রেম প্রকাশ করিলেন। ভর্ত্তা তাঁহাকে নিষ্কাম চিত্তে চুম্বন করত বলিলেন—এভাব প্রসংশনীয় নহে—এ সামান্য ভাব—আত্মাকে উচ্চ কর। যদি আমি নিকটে থাকিলে চঞ্চল হইয়া পড় তবে আমাদিগের বিচ্ছেদই শ্রেয়। আমার প্রতি স্নেহ ও প্রেম শূন্য হইয়া আমার আত্মা দৃষ্টি করিয়া আত্মার দ্বারা আমার সহিত যোগ দেও, তাহা হইলেই আমাদিগের সম্বন্ধ সার্থক হইবে।

পতিভাবিনী কিঞ্চিৎ লজ্জিত হইয়া স্বামির পায়েতে মস্তক দিয়া থাকিলেন। ভর্ত্তা তাঁহাকে আপন কোড়ে লইয়া মুখোপরি মুখ রাখিলেন, তখন তিনি অপার্থিব ভাব ধারণ করিলেন ও বলিলেন—দেখ তুমি আমার পরেশ পাথর, তোমাকে স্পর্শ করিলেই পার্থিব ভাব বিগত হয়।

দিবা অবসান। পতিভাবিনী বলিলেন তোমাকে দেখিয়া আমার ক্ষুধা তৃষ্ণা নাই, কিন্তু ইচ্ছা হইতেছে যে পাক করিয়া তোমাকে ভোজন করাই। সকল যোগিনীরা এই প্রস্তাবে আনুকূল্য করাতে অন্ন ব্যঞ্জন শীঘ্র প্রস্তুত হইল ও সকলে একত্র বসিয়া কিঞ্চিৎ আহার করিলেন। রাত্রে এক ঘরে সকলেই থাকিলেন। যে পুরুষ আধ্যাত্মিক, তাহার দৃষ্টি, বাক্য ও কার্য্য পরিশুদ্ধ, স্ত্রীলোক তাঁহার নিকট স্ত্রীলোক নহে এই কারণে যোগিনীগণ কিছুতেই কুণ্ঠিত হইলেন না—উদার চিত্তে আপন আপন বক্তব্য ও জিজ্ঞাস্য বলিতে ও জিজ্ঞাসা করিতে লাগিলেন। এই প্রকারে রজনী সুখেতে যাপিত হইল।

২০।—অন্বেষণ ও পতিভাবিনীর অভেদীকে দর্শন—তাঁহার নিকট আত্মজ্ঞান লাভ ও তাঁহার পরিচয়।

রম্না পর্ব্বত বড় উচ্চ, রাস্তা সঙ্কীর্ণ ও প্রস্তরে পূর্ণ—অনেক কষ্টে উঠিতে হয়। স্বামী পত্নির হস্ত ধারণ পূর্ব্বক লইয়া যাইতেছেন। এক একবার ক্লান্ত হইতেছেন। ঝর্ণার জল ও বন ফল খাইয়া আবার গমনোদ্যত। তিন দিবসের পর মনুষ্যের মুখ দেখিলেন। এক জন পার্ব্বতীয় চাষ করিতেছে, তাহাকে জিজ্ঞাসা করাতে বলিল, অভেদীর বাটী একটু উত্তরে গেলেই দেখিবে। সেখানে তিন চারটী বাটী আছে—যে বাটী তিন তোলা তাঁহার বাটী সেই। সেই বাটীতে উত্তীর্ণ হইয়া অভেদীকে দর্শন করত দুই জনে

তাঁহাকে প্রণাম করিলেন। অভেদী তাহাদিগকে সমাদর পূর্ব্বক বসাইয়া কিঞ্চিৎ আতিথ্য করত বলিলেন—আপনারা যে জন্য এখানে আসিলেন তাহা আমি অবগত আছি। আত্মজ্ঞান ও আত্ম সাধনা যাহা আমি জানি তাহা সংক্ষেপে বলি, শ্রবণ করুন।

আত্মার অস্তিত্ব, স্বতন্ত্রত্ব ও অমরত্ব আধ্যাত্মিক অভ্যাসে প্রতীয়মান। আত্মা বদ্ধ অথবা মুক্ত। বদ্ধভাবই সাধারণ ভাব। যে পর্য্যন্ত প্রকৃতি অথবা বাহ্য বিষয়ের অধীন সে পর্য্যন্ত আত্মা বদ্ধ। বদ্ধ আত্মা আবস্থিক—অবস্থাধীন হইয়া প্রকাশ পায়। সাময়িক সত্ত্ব, রজ, তম অথবা ইহাদিগের মিশ্রিত গুণ বদ্ধ আত্মার লক্ষণ। বদ্ধ আত্মার বিবেকতা পরিমিত—বিশেষ বিশেষ মত—বিশেষ বিশেষ বিশ্বাস—বিশেষ বিশেষ মঙ্গল অমঙ্গল—বিশেষ বিশেষ পাপ পুণ্য—বিশেষ বিশেষ উপাসনা—বিশেষ বিশেষ পারলৌকিক গতি,—বিশেষ বিশেষ নরক স্বর্গ,—বিশেষ বিশেষ সগুণ ঈশ্বর—বিশেষ বিশেষ ঈশ্বরের অভিপ্রায় সৃজন ও প্রচার করে। বদ্ধ আত্মা কর্ত্তৃক যে ঈশ্বর জ্ঞান লব্ধ হয় সে অতি ক্ষুদ্র জ্ঞান কারণ তাহাতে পার্থিব ভাব ঈশ্বরে আরোপিত হয়। এই কারণে প্রকৃত আধ্যাত্মিক ঈশ্বর জ্ঞান জগতে প্রায় দুষ্প্রাপ্য। এই কারণে জগতে অসীম মতান্তর। যেখানে সাত্বিক গুণের প্রাবল্য সেখানে ঈশ্বর জ্ঞান অবশ্যই উচ্চ হইবে কিন্তু সাত্বিকতায় প্রকৃত ঈশ্বর জ্ঞান হইতে পারে না। সাত্বিকতা রজ ও তম হইতে শ্রেষ্ঠ বটে কিন্তু আবস্থিক ও যাহা আবস্থিক তাহা নশ্বর—কেবল আত্মার পূর্ণ শক্তি ক্রমশঃ উদ্দীপন জন্য উদিত ও পালিত হইয়া থাকে। আত্মা মুক্ত না হইলে বাহ্য হইতে স্বতন্ত্র হইতে পারে না—মুক্ত না হইলে ভাবাতীত হইতে পারে না—ভাবাতীত না হইলে ভাবাতীত ও নির্গুণ ঈশ্বর জ্ঞান প্রাপ্ত হইতে পারে না—ভাবাতীত ও নির্গুণ ঈশ্বর জ্ঞান না হইলে তাঁহার প্রকৃত অভিপ্রায় ও জীবনের উদ্দেশ্য জ্ঞান হয় না। আত্মা মুক্ত হইলে বাহ্য বা প্রকৃতি অথবা আবস্থিক জ্ঞান অথবা ভাবে লিপ্ত হয় না। আত্মা মুক্ত হইলে পার্থিব সুখ, দুঃখ, পাপ, পুণ্য, মঙ্গল, অমঙ্গল বা পারলৌকিক ভয় ও আশা হইতে বিচ্ছিন্ন হয় ও ক্রমশঃ স্বশক্তিতে উন্নত হইয়া অপার্থিব, শুদ্ধ, আধ্যাত্মিক, ঐশ্বরিক বলে আপনাতেই বর্ণনাতীত অনন্ত স্বর্গের স্বর্গ প্রাপ্ত হয়—আপনাতেই রমণ করে। শরীর ধারণ করিয়া আত্মাকে মুক্ত করা বড় কঠিন—নিস্তব আয়াসে ও যত্নে আমি কিঞ্চিৎ লাভ করিয়াছি ও যাহা লব্ধ হইয়াছে তাহাতে ঈশ্বরের মহিমা অনন্ত প্রকারে দৃষ্টি হইতেছে এবং এক্ষণে যাহা জানি তাহা ইন্দ্রিয়, অথবা আত্মার কোন আবস্থিক শক্তি ও ভাবের দ্বারা জানি না—অনাবস্থিক ও পূর্ণ আত্মা দ্বারা জানি।

অন্বেষণচন্দ্র ও তাঁহার বনিতা স্তব্ধ হইয়া থাকিলেন ও বলিলেন আপনকার পূর্ব্ব বৃত্তান্ত শুনিতে প্রার্থনা করি। সে দিবস অন্যান্য আনুসঙ্গিক কথায় বিগত হইল। পর দিবস অনুদয়ে অভেদী আধ্যাত্মিক আহ্নিক সমাপনানন্তর আপন বৃত্তান্ত কহিতে আরম্ভ করিলেন।

ভদ্রগ্রামে আমাদিগের বাস। পাঠশালাতে লিখিতাম। গুরু মহাশয়ের নিকট ধ্রুব ও প্রহ্লাদ চরিত্র পাঠ করিয়া ভক্তি ভাবে সর্ব্বদা মগ্ন থাকিতাম। আমি ভাবিতাম আমরা চঞ্চল শিশু সর্ব্বদা অস্থির—ধ্রুব ও প্রহ্লাদ কিরূপে এত একমনাঃ হইয়াছিলেন? পিতার বিলক্ষণ বৈভব ছিল—বাটীতে নানা প্রকার পূজা হইত—প্রতিমার নিকট পুষ্পাঞ্জলি দেওন কালীন আমি মনে মনে প্রার্থনা করিতাম—হে দেবি! আমাকে ধ্রুব প্রহ্লাদের মত কর। এই ভক্তি ভাব সর্ব্বদা স্থায়ী হইত না—উৎসব কালে তামসিক ও রাজসিক ভাবের উদয় হইত। দরিদ্র লোকদিগকে দান করিবার সময়ে কখন দয়া—কখন অহঙ্কারের আবির্ভাব হইত। বাটীতে মাঘ মাসে কথকতা শুনিতাম—শুনিয়া কখন কাঁদিতাম—কখন হাসিতাম—কখন ভাবিয়া ভাল মন্দ বিচার করিতাম। গ্রামে এক পাদ্রির স্কুল ছিল সেখানে ইংরাজি শিক্ষার্থে প্রেরিত হইলাম। অনেক ইংরাজি গ্রন্থ ও বাইবেল পাঠ করিয়া ঈশ্বর চিন্তায় রত হইলাম। কথকের মুখে যমালয়ের বর্ণন শুনিয়া মধ্যে মধ্যে ত্রাস হইত এক্ষণে পাদ্রি ঐ ভয়কে জ্বলন্ত করিলেন। তিনি বলিতেন মনুষ্য স্বাভাবিক পাপী, যদি পরিত্রাণ চাহ তবে খ্রীষ্টকে ভজনা কর নতুবা নরকে চিরকাল অসহ্য যন্ত্রণা ভোগ করিতে হইবেক—খ্রীষ্ট অনুরোধ না করিলে ঈশ্বর ক্ষমা করিবেন না। শয়নকালে ভয়েতে মৃতবৎ হইতাম—একবার মনে হইত আর ভাবিতে পারি না—খ্রীষ্টিয়ান ধর্ম্ম অবলম্বন করি, আবার ভয় কমিয়া গেলে বিবেকতার উদয় হইত ও চিন্তা করিয়া অনুসন্ধান করিতাম। রাত্রিতে সংস্কৃত পড়িতাম—দুই তিন বৎসরের মধ্যে সাহিত্য, দর্শন, পুরাণ, তন্ত্র, উপনিষদ অনেক পড়িলাম। উপনিষদ ও শ্রীমদ্ভাগবতের কোন কোন অংশ বাইবেল অপেক্ষা উত্তম বোধ হইতে লাগিল। এ সময়ে আমার বিবাহ হইল। ভার্য্যা পিতা কর্ত্তৃক সুশিক্ষিতা। আমার সহিত অধ্যয়নে ও ঈশ্বর উপাসনাতে যোগ দিলেন। আমি যাহা অর্জ্জন করিয়াছিলাম ও আমার মনের যে ভাব তাঁহাকে সমস্ত জ্ঞাত করিলাম। নির্জ্জনে দুই জনে বসিয়া অনেক ভাবিতাম ও তর্কবিতর্ক করিতাম, কিন্তু কিছুই মনঃপূত হইত না। দৈবাৎ পিতার মৃত্যু হইল। সংসার গলায় পড়িলে, তাঁহার বিষয়ের অন্বেষণ করিয়া দেখিলাম অনেক টাকা আত্মীয় বর্গকে কর্জ দেওয়া হইয়াছিল। তাঁহারা পরিশোধ করণে অশক্ত। কেবল এক খানা আবাদ ছিল তাহাতেই সংসার নির্ব্বাহ হইত। ঐ বিষয়টি ভাল দেখিয়া এক জন প্রবল জমীদার আমাকে বেদখল করিল। আদালতে অভিযোগ করিলে দলিল দাখিল করিতে আমার উপর আদেশ হইল। আমি সকল বাক্স, আল্‌মারি তল্লাস করিলাম, কিন্তু দলিল পাওয়া গেল না। মাতা ও পত্নীকে এই কথা বলিয়া রাত্রে শয়ন করিয়াছি—স্বপ্নে পিতা সম্মুখে আসিয়া বলিতেছেন—দলিল অমুকের জামিনের জন্য আদালতে দাখিল আছে—জামিনের মেয়াদ গিয়াছে, দরখাস্ত করিলেই দলিল ফেরত পাইবে। অমনি ধড়মড়িয়া উঠিয়া চতুর্দ্দিক দেখি—কিছুই দৃষ্ট হইল না। দলিল জন্য একটু হর্ষ

হইল, কিন্তু পিতার জন্য শোক জ্বলন্ত হইয়া উঠিল। এই স্বপ্ন মাতা ও পত্নীকে বলিলাম। পরে দলিল পাইলে আবাদ হস্তগত হইল। এক ঘটনার নানা ফল। এই স্বপ্ন পুনঃপুনঃ ধ্যান করিতে লাগিলাম ও ক্রমে আত্মবিদ্যা সম্বন্ধীয় অনেক পাঠ করিলাম—অনেক অনুসন্ধান করিলাম, কিন্তু মানস অসিদ্ধ রহিল, কেবল মুখে পণ্ডিত হইলাম। অন্যান্য লোক যাহা লিখিয়াছে তাহা ওলট্‌পালট্ করিয়া বলিতে পারিতাম, কিন্তু কিরূপে আত্ম জ্ঞান লব্ধ হইতে পারে তাহা কিছু স্থির হইল না। অশরীর আত্মাদিগের সহিত আলাপ জন্য অনেক সর্‌কেলে অর্থাৎ চক্রে যাইতাম—মেজ, চৌকি উৎপতন দেখিলাম—অনেক প্রকার মিডিয়মও প্রকাশ হইল—কালি, কলম, কাগজ সম্মুখে থাকিলে কেহ২ অনিচ্ছাপূর্ব্বক হাতচালার ন্যায় লিখিয়া দেখায় ও কোন প্রশ্ন করিলে তাহার উত্তরও পাওয়া যায়। এই প্রকার অনেক ভৌতিক বিজ্ঞান প্রমাণ দেখিয়া ভাবিতাম ইহা সত্য হইতে পারে, অথবা কিয়দংশ সত্য কিয়দংশ মিথ্যা, কিন্তু এ সকল ইন্দ্রিয় সংযুক্ত জ্ঞান অবশ্যই কিছু না কিছু ভ্রমজনক, অতএব কি প্রকারে আত্মজ্ঞ হইতে পারি, কি প্রকারে অকর্ত্তা না থাকিয়া আপন কর্ত্তা অবস্থা পাই—কি প্রকারে অন্যত্ব হইতে উদ্ধার হইয়া আমিত্ব লাভ করি, এই অহরহ চিন্তা করিতাম। কার্য্য অনুরোধে ঢাকায় গমন করিলাম—নানা মতাবলম্বী লোকের সহিত আলাপ হইল। সাকার ও নিরাকার উপাসকদিগের সহিত অধিক সহবাস করিলাম। তাহাদিগের উভয়ের উপাসনা শুনিয়া ভাবিতাম—প্রথম প্রথম নিরাকার উপাসকদিগের উপাসনা ভাল জ্ঞান হইত, কিন্তু বিশেষ বিবেচনা করিয়া দেখিলাম যে দুই উপাসনা প্রায় সমতুল্য। সাকার উপাসকেরা হস্ত নির্ম্মিত দেবতা অর্চ্চনা করে। নিরাকার উপাসকেরা মনগড়া দেবতা পূজা করে, উভয়ের ঈশ্বর ফলতঃ সগুণ ঈশ্বর—পৌত্তলিক এবং অপৌত্তলিক উপাসনা সাকার ও নিরাকার ঈশ্বর অবলম্বনে প্রতিষ্ঠিত হয় না। আত্মার উৎকৃষ্ট বা অপকৃষ্ট অভ্যাসে সাকার উপাসক অধিক অপৌত্তলিক, ও নিরাকার উপাসক অধিক পৌত্তলিক হইতে পারে। উপনিষদে ঈশ্বর উচ্চরূপে বর্ণিত—স্থানে স্থানে উপমেয়—স্থানে স্থানে অনুপমের ভাবে প্রচারিত, কিন্তু পৌত্তলিকতা কিম্বা অপৌত্তলিকতা বাহ্য সম্বন্ধীয় নহে—অন্তর সম্বন্ধীয়। নিরাকার উপাসক হইলেই অপৌত্তলিক হয় না। তথাচ নিরাকার উপাসকদিগের সহিত যোগ দিয়া অনেক কাল যাপন করিলাম। উপাসনা কালে ভিন্ন ভিন্ন ভাব হইত। পাপ জন্য ভয় ও অনুতাপ ও ক্ষমা প্রার্থনা,—পরিত্রাণ জন্য করুণা,—ঈশ্বর মাহাত্ম্য ও অসীম শক্তি, জ্ঞান ও কৃপা জন্য নম্রতা ও ভক্তি আত্মাতে উদয় হইত; কিন্তু কোন ভাবকেই অধিক ক্ষণ ধারণ করিতে পারিতাম না ও কখন কখন ঈশ্বরের গুণ ধ্যান করিতে করিতে তাঁহার গুণ প্রতিপাদক শান্ত মূর্ত্তি হৃদি দর্পণে দেখিতাম। এই প্রকার উপাসনাতে আত্মার কিঞ্চিৎ বিমলতা জন্মিল, কিন্তু উপাসনার পর শান্ত ধ্যানে স্থির করিলাম যে

ঈশ্বরকে বিশেষরূপে জানা জীবনের লক্ষ্য। যে অভ্যাস করিতেছি ইহা অপেক্ষা উচ্চতর অভ্যাস প্রয়োজনীয়। এরূপ উপসনাতে যে সকল ভাব উদ্দীপ্ত হয় তাহা অল্প বা অধিক ভাগেই হউক বিশেষ বিশেষ ব্যক্তির প্রতি প্রকাশিত হইয়া থাকে ও নাট্যশালায়, অথবা সঙ্কীর্ত্তন কালীন ঐ সকল ভাবের অভাব হয় না। আর এ কথাও বিবেচ্য যে উপাসনা কি? ঈশ্বর এমত মহৎ, অসীম, অনন্ত যে আমাদিগের উপাসনাতে তাঁহার গৌরব বৃদ্ধি হইতে পারে না ও তাঁহার বিরক্তি ও তুষ্টিও নাই, তবে উপাসনা কি প্রকার হইবে?

বাহ্য ও অন্তর রাজ্যের সম্বন্ধ নিকট—স্ত্রীপুরুষের ন্যায়। বাহ্য স্ত্রী—অন্তর পুরুষ। পরমেশ্বর যাহাই করিয়াছেন তাহাই বর্ণাতীত। বাহ্য রাজ্য লইয়া নানাশক্তি ও ভাবের উদ্দীপন ও এই পরিচালনায় আত্মার ক্রমশঃ উন্নতি। অতএব আমরা যে প্রকারেই উপাসনা করি আমাদিগের আত্মা অবশ্যই উন্নত হইবে—আমাদিগের উপাসনাতে আমাদিগেরই উপকার—ঈশ্বরের ক্ষতি, বৃদ্ধি কিছুমাত্র নাই। যদি আমাদিগের উপাসনা বশাৎ ঈশ্বর বারম্বার মুগ্ধ বা আকৃষ্ট হয়েন তবে তাঁহার শক্তি ও নিয়মনত্ব পরিমিত। এ কথনই হইতে পারে না। তবে উপাসনা কিরূপে হইবে—এই অহরহ ভাবিতেছি। ইত্যবসরে গেহিনির নিকট হইতে এক পত্র পাইলাম যে মাতার কাল হইয়াছে ও পরদিবসে জ্যেষ্ঠ পুত্রও লোকান্তর গমন করিয়াছেন। যেমন প্রবল বায়ুতে দেশ ছিন্ন ভিন্ন করে তেমনি শোকেতে আত্মার গ্রন্থি ভেদ করে ও এই গ্রন্থি ভেদেতেই আত্মার মুক্তি লাভে মগ্ন হইলাম। শোকেতে আত্মার মালিন্য বিগত হয়। যে ঘটনা ঘটে তাহা আধ্যাত্মিক ভাবে গৃহীত হইলে অসীম মঙ্গলজনক। ঈশ্বর পরায়ণ ব্যক্তি জগতে কিছুই অমঙ্গল দেখেন না। ঢাকা হইতে বাটীতে আসিয়া গেহিনীকে ঔদার্য্যে পূর্ণ দেখিলাম ও অনেক আধ্যাত্মিক অনুশীলনের পর এই স্থির হইল যে বাহ্যকে আত্মার অধীন করাই প্রকৃত উপাসনা—আত্মাই ঈশ্বরের সূক্ষ্ম শক্তি—আত্মজ্ঞ না হইলে অর্থাৎ যাহা জানিব তাহা ইন্দ্রিয় দ্বারা জানা হইবে না, আত্মা দ্বারা জানা হইবে, তাহা না হইলে ঈশ্বর ও তাঁহার প্রকৃত অভিপ্রায় কি সে জ্ঞান কখনই হইতে পারে না। এই উপাসনাতে আমরা দুই জনে প্রবৃত্ত হইলাম। মান, অপমান, স্তুতি, নিন্দা, বিদ্বেষ, প্রেম ও যাবদীয় বৈকারিক, পার্থিব ও আবস্থিক ভাব আছে তাহা আত্মাতে যাহাতে সমভাবে লাগে, এই আমাদের অহরহ চেষ্টা ও উপাসনা হইল। কায়মনোচিত্তে অভ্যাসে নিযুক্ত থাকিয়া আমরা এতদূর পর্য্যন্ত কৃতকার্য্য হইলাম যে, আপন আপন আত্মস্থ হইয়া শিরা, পেশী ও ইন্দ্রিয়ের কার্য্য স্বতন্ত্র দেখিয়া ইন্দ্রিয়ের উপর প্রভুত্ব ধারণ করিলাম। আত্মার সহিত মস্তিষ্কের নিকট সম্বন্ধ, কিন্তু আত্মা মুক্ত হইলে মস্তিষ্কতে যাহা প্রেরিত হয় তাহা আত্মায় লাগে না—আত্মা তখন ইন্দ্রিয়ের দ্বারা ক্রীড়া করে না, ঐন্দ্রিয় সীমাতে বদ্ধ থাকে না, আপন স্বাধীনতা পাইয়া আপন অনন্ত শুদ্ধ অভিপ্রায়ে নিযুক্ত থাকে। আত্মা ইন্দ্রিয় সংযুক্ত থাকিলে বদ্ধ ও পরিমিত-

রূপে প্রকাশ পায়—মুক্ত হইলে অনন্তরূপ ধারণ করে। ঈশ্বরের কৃপাতে এক্ষণে পাপ, পুণ্য, নরক, স্বর্গ হইতে আত্মা অতীত—ক্রমশঃ আধ্যাত্মিক অভ্যাসে আত্মার মুক্ত শক্তি অনেক প্রাপ্ত হইয়াছি। শরীর বিগত হইলে আত্মার কি কার্য্য হইবে তাহাও বুঝিতেছি। ঈশ্বর জ্ঞান এক্ষণে যে কি মধুময় তাহা আত্মাতে প্রচুররূপে জানিতেছি, বাক্যেতে বলিতে পারি না।

"যতোবাচা নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসাসহ।
আনন্দং ব্রহ্মণোবিদ্বান, ন বিভেতি কুতশ্চন॥"

মনের সহিত বাক্য যাহাকে না পাইয়া যাহা হইতে নিবৃত্ত হয়, সেই পরব্রহ্মের আনন্দ যিনি জানিয়াছেন, তিনি আর কাহা হইতেও ভয় প্রাপ্ত হন না।

অভেদীর অভেদী জ্ঞান শুনিয়া অন্বেষণচন্দ্র ও পতিভাবিনী তাঁহাকে পুনঃ পুনঃ প্রণাম করত বলিলেন আপনি আমাদিগের যথার্থ গুরু। অভেদী বলিলেন, ঈশ্বর জগতে কাহাকেই গুরু করেন নাই, তিনিই অনন্ত সত্যজ্ঞান ও জগদ্ গুরু এবং অবিনাশী আত্মা তাঁহার প্রতিবিম্ব। এই আত্মা ভাবাতীত অনন্ত শক্তি ধারণ করে। প্রকৃতিতে বদ্ধ থাকিলে মনুষ্য পরিমিত ও অস্থায়ী—নানাত্ব অবলম্বন করে, কিন্তু মুক্ত হইলে নানাত্ব, অপরিমিত ও চিরস্থায়ী—একত্ব আত্মাতে বিলীন হয়।

অন্বেষণচন্দ্র ও তাঁহার বণিতা অভেদীর নিকট থাকিয়া ঈশ্বরের অনন্ত আধ্যাত্মিক রাজ্যে অভেদী জ্ঞান অর্জ্জনে আরূঢ় হইয়া ক্রমশঃ প্রচুর পীযূষ পান করিতে লাগিলেন।

রাগিণী আড়না বাহার—তাল তেওট।

মনজেল মনজেল চলে চল ভাই। মনে করোনা আগে মনজেল নাই॥
যত মনজেল যাবে, দুঃখ বিগত হইবে, সুখাকাশ প্রকাশিবে দিবা রাত্রি নাই।
ছাড়িলে পার্থিব ভাব, ঘুচিবে সব অভাব, ভব ভাবাতীত ভাব, বাড়িবে সদাই॥

রাগিণী সুরট—তাল আড়া।

কেন বাহিরে ভ্রমণ?
ইদং তীর্থ মিদং কার্য্যং নানা ধর্ম্ম সৃজন।
অন্তরেতে প্রবেশিলে ভাবাতীত দরশন।
মত বিশ্বাসের শেষ, কে করিতে পারে শেষ, বাহ্য গুরু আচার্য্যের নানামত বিষয়ণ।
নানাত্ব একত্ব হবে, আত্মময় হবে যবে, আত্মারি স্বর্গেতে হবে তর্ক নরক বিলীন।
অনন্তং সত্যং ধ্যানং, অনন্তং সত্যং জ্ঞানং, অনন্তং আত্মার শক্তি স্ব শক্তিতে বর্দ্ধন।
হইলে হে জীব শীব, দেখিবে হে সব শিব, পরম শীবত্ব তত্ত্ব নিয়ত নিধিধ্যাসন।

গীতাঙ্কুর।

সমাপ্তোয়ং গ্রন্থঃ।

B. M. Bose: Saptahik Sambad Press, Bhowanipore, Calcutta. 1892.

এতদ্দেশীয় স্ত্রীলোকদিগের পূর্ব্বাবস্থা।

শ্রীপ্যারীচাঁদ মিত্র কর্ত্তৃক প্রণীত।

দ্বিতীয় সংস্করণ।



কলিকাতা।

শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।

সন ১২৯৯ সাল।

BHOWANIPORE :

B. M. BOSE : SAPTAHIK SAMBAD PRESS.

1892.

ভূমিকা।

আর্য্যবংশীয় মহিলাগণ! আপনাদিগের জন্য এই ক্ষুদ্র গ্রন্থখানি রচিত হইল। ইহা পাঠে প্রতীয়মান হইবে যে, পূর্ব্বকালে এতদ্দেশীয় অঙ্গনাগণ সর্ব্বপ্রকারে সম্মানীত ও পূজিত হইতেন, এজন্য অদ্যাবধিও এই সংসার যে স্ত্রীলোক দেবীস্বরূপ—স্ত্রীলোক সাক্ষাৎ ভগবতী। পূর্ব্বকালে অঙ্গনাগণের শিক্ষা কেবল বাহ্যশিক্ষা হইত না—প্রকৃত অন্তর শিক্ষা হইত, এইকারণ তাঁহাদিগের ঈশ্বর জ্ঞান ও আত্মার অমরত্ব হৃদয়ে জাজ্বল্যমান ছিল। তাঁহারা অন্তঃপুরে রুদ্ধ থাকিতেন না ও বৈবাহিক বয়ঃপ্রাপ্ত না হইলে বিবাহ করিতেন না। এক্ষণে স্ত্রী শিক্ষা বিষয়ক অনেক প্রণালী বিবেচিত হইতেছে কিন্তু আসল শিক্ষা ঈশ্বরকে আদর্শ না করিয়া হইতে পারে না। স্ত্রীলোক যে অবস্থাতেই থাকুন—বিবাহিতা কিম্বা অবিবাহিতা, সধবা কিম্বা বিধবা, সম্পদে কিম্বা বিপদে, আত্মা ঈশ্বরের সহিত সংযুক্ত না হইলে ঐহিক কিম্বা পারত্রিক মঙ্গল বা উন্নতি সাধন কখনই হইতে পারে না। এই সত্যের প্রতি মন নিবেশ করিবার জন্য, আমি এই ক্ষুদ্র গ্রন্থখানি রচনা করিলাম। আমার প্রাণগত প্রার্থনা এই যে, আপনাদিগের চিত্ত যেন নিরন্তর ঈশ্বরেতে মগ্ন থাকে।

এতদ্দেশীয় স্ত্রীলোকদিগের পূর্ব্বাবস্থা।

আর্য্য রাজ্য।

আর্য্যেরা উত্তর পশ্চিম হইতে পঞ্জাবে আসিয়া বাস করিলেন। বিন্ধ্যাচল ও হিমালয় পর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ আর্য্যাবর্ত্ত বলিয়া বিখ্যাত হইল। ক্রমশঃ দেশ, গ্রাম, ও নগরে বিভক্ত হইল ও রাজ্য রক্ষার্থে গ্রাম ও দেশ অধিকার নিযুক্ত হইল। রাজা কতিপয় মন্ত্রী লইয়া প্রত্যেক গ্রামের ও রাজ্যের প্রতি দৃষ্টি রাখিয়া কার্য্য করিতে লাগিলেন। যেরূপ রাজ্য বিস্তীর্ণ হইতে লাগিল, সেইরূপ কৃষি ও বাণিজ্য সর্ব্ব স্থানে প্রকাশিত হইল। রাস্তা ঘাট নির্ম্মিত হইল ও শকট, নৌকা ও জাহাজের দ্বারা এক স্থানের বিক্রেয় দ্রব্যাদি অন্য স্থানে প্রেরিত হইতে লাগিল। অধিকাংশ লোক পার্থিব কর্ম্মে কালযাপন করিত। যে সকল আর্য্য সরস্বতী-তীরে বাস করিতেন, তাঁহারাই জ্ঞান প্রকাশক হইলেন, তাঁহারা কেবল ঈশ্বর ও আত্মা চিন্তা করিতেন। সকলের গৃহে অগ্নি প্রজ্বলিত থাকিত। তাঁহারা পরিবার লইয়া প্রতিদিন তিন বার সংস্কৃত ভাষায় উপাসনা করিতেন। এই সকল উপাসনা একত্রিত হইয়া ঋগ্বেদ নামে বিখ্যাত হয়। অনন্তর যজুঃ, সাম ও অথর্ব্ব বেদ বিরচিত হয়। বেদ ছন্দস্ মন্ত্র অথবা সংহিতা ব্রাহ্মণ্যে ও সূত্রে বেদাঙ্গতে বিভক্ত। ব্রাহ্মণের শেষাংশ আরণ্যক বলে, কারণ তাহা অরণ্যে পঠিত হইত। যাহা বেদের শেষাংশ তাহাকে উপনিষদ বলে, কারণ আচার্য্যের নিকট বসিয়া পাঠ করিতে হইত। যদিও বেদে এক অদ্বিতীয় ঈশ্বর সংস্থাপিত, কিন্তু উপনিষদে ঈশ্বর ও আত্মা যে অশেষ যত্নপূর্ব্বক চিন্তিত ও নির্দিধ্যাসিত হইয়াছিল, তাহা বিলক্ষণ বোধ হইতেছে। ঋগ্বেদ ও যজুর্ব্বেদের উপদেশ এই—একই ঈশ্বর, তাঁহাকে জান, তাঁহারি উপাসনা কর। আত্মার অমরত্ব লক্ষণ সংস্থাপিত; কিন্তু জীবের পুনর্জ্জন্ম-জন্মান্তরে কিছুই উল্লেখ নাই। পূর্ব্বে জাতি ছিল না—পুরোহিত ছিল না—প্রকাশ্য উপাসনার স্থান ছিল না—মন্দির ছিল না—প্রতিমা ছিল না। গৃহস্থ স্বয়ং পরিবারকে লইয়া উপাসনা করিতেন। যে সকল স্তোত্র উপাসনা কালে পাঠিত হইত, তাহা হয়তো পূর্ব্বে রচিত হইত অথবা তৎকালে বিনা চিন্তনে সঙ্গীত হইত। যদি কোন বন্ধনে স্ত্রী পুরুষের ও পরিবারদের সকলের মধ্যে শুদ্ধ প্রেমের বৃদ্ধি হয়, সে বন্ধন একত্র ঈশ্বর উপাসনা করা, তখন সকলের আত্মা আধ্যাত্মিক শৃঙ্খলে বদ্ধ হইতে থাকে। অসভ্য দেশে পুরুষ স্ত্রীলোককে সমতুল্য জ্ঞান করে না—হয় তো কিঙ্করী নয় তো গৃহ

ধর্ম্মের স্বরূপ বোধ করে এবং আজ্ঞানুবর্ত্তিনী না হইলে প্রহারিত অথবা দূরীকৃত হয়। আর্য্যেরা স্ত্রীকে সমতুল্য অর্দ্ধশরীর ও অর্দ্ধ জীবন জ্ঞান করিতেন। স্ত্রী ভিন্ন ঈশ্বর উপাসনা, ধর্ম্ম কার্য্য ও পারলৌকিক ধন সঞ্চয় উত্তম রূপে হইত না। ঋগ্বেদের এক শ্লোকে লেখে, স্ত্রীই পুরুষের গৃহ—স্ত্রীই পুরুষের বাটী। মনুও বলেন স্ত্রী গৃহ উজ্জ্বল করেন।

ব্রহ্মবাদিনী ও সদ্যোবধূ।

পূর্ব্বে স্ত্রীলোকেরা দুই শ্রেণীতে বিভক্ত ছিলেন। ব্রহ্মবাদিনী ও সদ্যোবধূ। উহাদিগের উপনয়ন হইত। ব্রহ্মবাদিনীরা পতি গ্রহণ করিতেন না। তাঁহারা বেদ পড়িতেন ও পড়াইতেন, জ্ঞানানুশীলনার্থে তাঁহারা অন্যান্য স্থানে ভ্রমণ করিতেন। গরুড় পুরাণে লিখিত আছে যে, মিনা ও বৈতরণী নামে দুই জন ব্রহ্মবাদিনী নারী ছিলেন। হরিবংশে লেখে যে বরুণার এক তপঃশালিনী কন্যা ছিল। মহাভারতে দৃষ্ট হয় যে, মহাত্মা আসুরি আত্ম-জ্ঞানার্থে কপিলের শিষ্য হইয়া শাবরীর বিষয় বিলক্ষণ অবগত হইয়াছিলেন। কপিলা নামে এক ব্রাহ্মণী তাঁহার সহ-ধর্ম্মিণী ছিলেন। প্রিয় শিষ্য পঞ্চশিখ ঐ কপিলার নিকট ব্রহ্মনিষ্ঠ বুদ্ধি লাভ করিয়াছিলেন।

মিথিলাধিপতি জনক ব্রহ্মজ্ঞানানুশীলনার্থে অনেক তত্ত্বজ্ঞ ব্যক্তিকে আহ্বান করেন। গার্গী নাম্নী এক তত্ত্বজ্ঞা সেই স্থানে উপস্থিত হইয়া যাজ্ঞবল্ক্যের সহিত অনেক তর্ক বিতর্ক করেন। মহাভারতে লেখে যে সুলভা নামে একটী স্ত্রীলোক দর্শন শাস্ত্র ভাল জানিতেন। তিনি অনেক দেশ ভ্রমণ করেন ও আধ্যাত্মিক জ্ঞান বিষয়ে আপন অভিপ্রায় ব্যক্ত করেন। ব্রহ্মবাদিনীরা জ্ঞানানুশীলন ত্যাগ করিয়া ধ্যানারূঢ় হইতেন। ধ্যান কাণ্ড জ্ঞান কাণ্ডের চরমাবস্থা। রঘুবংশে এক ব্রহ্মবাদিনীর উল্লেখ আছে। "এই সুতীক্ষ্ণনামা শান্তচরিত্র আর এক তপস্বী ইন্ধন প্রজ্বলিত হুতাশন চতুষ্টয়ের মধ্যবর্ত্তী ও সূর্য্যাভিমুখী হইয়া তপোনুষ্ঠান করিতেছেন।" আরণ্যকাণ্ডে লেখে "চীরধারিণী জটিলা তাপসী শবরী" রাম দর্শনে অগ্নিতে প্রবেশ করত "আপন বিদ্যুতের * ন্যায় দেহ প্রভায় চতুর্দ্দিক উজ্জ্বল করিয়া স্বীয় তপঃপ্রভাবে যে স্থানে সেই সুকৃতাত্মা মুনিগণ বাস করিতেছিলেন, তিনি সেই পুণ্য স্থানে গমন করিলেন।"

যদিও ব্রহ্মবাদিনীরা ঈশ্বর ও আত্মজ্ঞানানুশীলনে মগ্ন থাকিতেন, তথাচ সদ্যোবধূরা পতিগ্রহণ করিয়াও উক্ত জ্ঞানে বিখ্যাত হইয়াছিলেন। অত্রিবংশীয় দুই নারী ঋগ্বেদের কতিপয় স্তোত্র রচনা করেন। উত্তর রামচরিতেও লেখে যে অত্রিমুনির বনিতা আত্রেয়ী পথে আসিতেছিলেন, একজন পথিক জিজ্ঞাসা করিলেন, আপনি কোথায় যাইতেছেন? মুনিপত্নী বলিলেন, আমি

---

* বিদ্যুতের ন্যায় সূক্ষ্ম শরীর যাহা উপনিষদ ও দর্শন শাস্ত্রে বর্ণিত আছে।

বাল্মীকির নিকট অধ্যয়ন করিয়া অগাস্ত্যের আশ্রমে বেদ অধ্যয়ন করিতে গিয়াছিলাম, সেখানে অনেক তত্ত্বজ্ঞানী ঋষিরা বাস করেন। যাজ্ঞবল্ক্যের স্ত্রী মৈত্রেয়ী অতি উচ্চতা প্রাপ্ত হইয়াছিলেন। তিনি স্বামীর নিকট তত্ত্বজ্ঞান উপদেশ পান। ঈশ্বর বিষয়ক যে সকল প্রশ্ন স্বামীকে জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহা ঋগ্বেদে প্রকাশিত আছে।

সদ্যোবধূরা উত্তম রূপে শিক্ষিত হইতেন, তাঁহাদিগের শিক্ষা ঈশ্বর ও আত্মা সম্বন্ধীয়, পারলৌকিক উন্নতিই জীবনের উদ্দেশ্য। এই প্রকার শিক্ষিত কতিপয় আধ্যাত্মিক সদ্যোবধূর সংক্ষেপ বিবরণ দেওয়া হইতেছে।

উচ্চ সদ্যোবধূ।

দেবহূতি।

শ্রীমদ্ভাগবতে কর্দ্দম মুনির স্ত্রী দেবহূতি স্বামীর বনে গমন সংবাদ শুনিয়া বলিলেন, "আপনি প্রব্রজ্যার্থে গমন করিতেছেন। আমি কাহার নিকট জ্ঞান লাভ করিব? আমার জ্ঞানোপদেশ নিমিত্তে কাহাকেও রাখিতে আজ্ঞা হউক।"

পরে দেবহূতির গর্ব্ভে কপিলের জন্ম হয়। কপিল তপোবল দ্বারা "নিরহংকার অর্থাৎ দেহাদিতে অহংবুদ্ধিশূন্য ও অব্যভিচারিণী ভক্তির দ্বারা" ব্রহ্ম লাভ করিয়াছিলেন। দেবহূতি পুত্রের নিকট আসিয়া তত্ত্বজ্ঞান বিষয়ক প্রশ্ন করেন। কপিল বলেন "আমার মতে আত্মনিষ্ঠ যোগ পুরুষের নিঃশ্রেয়সের কারণ, কেননা তাহাতেই সুখ ও দুঃখ উভয়েরই উপরতি হয়। চিত্তই জীবের বন্ধ ও মুক্তির কারণ, চিত্ত বিষয়ে আসক্ত হইলেই জীবের বন্ধন ও পরমেশ্বরে সংলগ্ন হইলে তাহার মুক্তি হয়।" কপিলের উপদেশ জ্ঞানপ্রদ। তৃতীয় স্কন্ধে এই উপদেশ বাহুল্য রূপে লিখিত আছে।

শান্তা।

শান্তার বিবাহ ঋষ্যশৃঙ্গের সহিত হয়। অন্তরউচ্চতা ও সৌন্দর্য্যে তিনি অতুল্য ছিলেন।

কেশিনী।

কেশিনী সাগরকে বিবাহ করেন। ঈশ্বরের প্রতি ভক্তি ও সত্যানুরাগে তিনি বিখ্যাত ছিলেন।

সতী।

সতী শৈশবকালাবধি যোগাভ্যাস ও তপস্যা করিতেন। পতিনিন্দা শুনিয়া যোগবলে আপন দেহ ত্যাগ করিয়াছিলেন।

অনসূয়া।

অত্রিমুনির বনিতা অনসূয়া অনেক শাস্ত্র জানিতেন ও অন্যকে উপদেশ দিয়াছিলেন। সীতার সহিত তাঁহার যে কথোপকথন হয়, তাহা আরণ্য-কাণ্ডে বর্ণিত আছে।

কৌশল্যা।

কৌশল্যা দশরথের দ্বারা রামায়ণে এইরূপ বর্ণিত। "সেই প্রিয়বাদিনী আমার সেবার সময়ে কিঙ্করীর ন্যায়, রহস্যালাপে সখীর ন্যায়, ধর্ম্মাচরণে ভার্য্যার ন্যায়, সৎপরামর্শ দানে ভগিনীর ন্যায়, ভোজন কালে জননীর ন্যায় ব্যবহার করিয়া থাকেন।"

সীতা।

সীতা কেবল শরীর ধারণ করিতেন—তিনি সম্পূর্ণ আধ্যাত্মিক ছিলেন। তাঁহার আধ্যাত্মিক চিন্তা পিতৃ আলয়ে হইয়াছিল। তিনি কহেন "সংযতচিত্ত মুনিগণ যে সকল ক্লেশ ভোগ করিয়া থাকেন, তাহাও আমি কৌমার কালে পিতৃভবনে এক সাধুশীল ভিক্ষুকের মুখে শ্রবণ করিয়াছি। শাস্ত্রকারেরা কহেন পতিই নারীদিগের দেবতা, যে নারী ছায়ার ন্যায় সর্ব্বদা ভর্ত্তার অনুসরণ করে, সে ইহ ও পরলোকে স্বামির সঙ্গিনী হইয়া সুখে সময় যাপন করে। আমি বিবাহ কালে স্বামীর করে জীবন সমর্পণ করিয়াছি, সুতরাং তাঁহার হিতের নিমিত্তে অনায়াসে প্রাণত্যাগ করিতে পারি।" বনবাস কালে রাম-চন্দ্র সীতাকে গৃহে রাখিয়া যাইতে ইচ্ছা করিয়াছিলেন, কিন্তু সীতা বলিলেন তোমা ছাড়া হইলে আমি স্বর্গ ছাড়া হইব। দণ্ডকারণ্যে তিনি যাহা বলিয়া-ছিলেন, তাহা পড়িলে কে না চমৎকৃত হইবে? যে সকল জীব সমাহিত ও শান্ত অবস্থা প্রাপ্ত হয়েন, তাঁহারা তাড়িত ও অপমানিত হইলেও অন্তর শীতলতা হইতে চ্যুত হন না। ব্রহ্মবাদিনীদিগের ব্রহ্মই লক্ষ্য ও ব্রহ্ম লাভের জন্য তপোবলের দ্বারা তমস জীবনকে নির্ব্বাণ করাই সাধনা ছিল। সদ্যোবধূগণ পতি গ্রহণ পূর্ব্বক আপন শুদ্ধপ্রেম পতিকে অর্পণ করিয়া পরলোক উন্নতি সাধন করিতেন।

সীতা অসতী হইয়াছেন, এই জনরব যখন ঘোষণা হইতে লাগিল, তখন রামচন্দ্র আপন রাজ্যের কুশলার্থে সীতার সহিত আর সহবাস না করিতে পারিয়া তাঁহাকে বনবাঁস দিলেন। এই মর্ম্মবেদনা পাইয়াও সীতার ভাব রামচন্দ্রের প্রতি যেরূপ ছিল তাহার কিঞ্চিন্মাত্র ব্যতিক্রম হয় নাই।

সাবিত্রী।

সাবিত্রীর আধ্যাত্মিক ভাব অল্প ছিল না। সত্যবানকে বনে দেখিয়া মনেতে বরণ করিলেন, তিনি এক বৎসরের মধ্যে মরিবেন এই সম্বাদ নারদ মুখে শুনিয়া ও পিতা মাতা কর্ত্তৃক নিবারিত হইয়াও তাঁহাকে বিবাহ করিতে নিবৃত্ত হইলেন না। যখন শ্বশুর গৃহে গমন করিলেন, তখন তাঁহার দুরবস্থা দেখিয়া আপন অলঙ্কারাদি পবিত্যাগ পূর্ব্বক, শ্বশুর ও শাশুড়ির ন্যায় বল্কল ধারণ করিলেন। এই সকল কার্য্যেতে দেদীপ্যমান হয় যে, যাঁহারা আত্মজ্ঞ হয়েন, তাঁহারা নশ্বর বস্তু ও ভাব হইতে অতীত—তাঁহারা মনমোহী অবস্থায় উপরতিতে পূর্ণ হয়েন।

দময়ন্তী।

দময়ন্তীও পতিপরায়ণা ছিলেন। সকল কামনা পতিতে পর্য্যবসান করত পতিতে মগ্ন হইয়া আত্ম লাভ সাধন করিতেন।

পতি সত্বেই হউক আর পতি বিয়োগেই হউক, সাকার কিম্বা নিরাকার পতি অবলম্বনে পূর্ব্বকালীন অঙ্গনারা আত্মার উদ্দীপন করিতেন। দময়ন্তী ঘোর ক্লেশে পতিত হইয়াছিলেন,—অরণ্যে পতি কর্ত্তৃক পবিত্যক্তা—অর্দ্ধবস্ত্র-পরিধানা, তথাচ নিমেষমাত্র পতিকে বিস্মরণ না করিয়া অনেক দুর্গম স্থানে পর্য্যটন পূর্ব্বক পুনরায় পতিকে পাইয়াছিলেন।

শকুন্তলা।

শকুন্তলার উচ্চ শিক্ষা হইয়াছিল। তাঁহার পালক পিতা কহেন—"কন্যা ঋণ স্বরূপ—উৎকৃষ্ট দুর্ম্মূল্য রত্ন—পিতারই গচ্ছিদ্ধন।" রাজা দুষ্মন্ত কণ্বের আশ্রমে শকুন্তলাকে বিবাহ করিয়া রাজ্যে গমন করেন। অনন্তর শকুন্তলার এক পুত্র জন্মে। তিনি ঐ পুত্রকে সঙ্গে করিয়া রাজার সভায় উপস্থিত হইয়া বলেন—রাজন্! আমি তোমার ভার্য্যা ও এই বালকটি তোমার পুত্র। রাজা তাঁহার কথা অবিশ্বাস করিলেন। শকুন্তলা বলিলেন রাজন্! ভার্য্যাকে অবহেলা করিও না—"ভার্য্যা ধর্ম্ম কার্য্যে পিতার স্বরূপ—আর্ত্ত ব্যক্তির জননী স্বরূপ এবং পথিকের বিশ্রাম স্থান স্বরূপ—আর সত্যই পরম ব্রহ্ম।

সত্য প্রতিজ্ঞা প্রতিপালন করাই পরমোৎকৃষ্ট ধর্ম্ম। অতএব তুমি সত্য পরিত্যাগ করিও না।"

গান্ধারী।

গান্ধারী আপনার স্বামীর অন্ধতা জন্য আপন চক্ষু আচ্ছাদন করিয়া রাখিতেন। কুরুক্ষেত্র যুদ্ধের পূর্ব্বে আপনার স্বামীর নিকট পুত্রদিগের অধর্ম্ম আচরণ উল্লেখ করিয়া বলিয়াছিলেন, "ধর্ম্মের জয়—অধর্ম্মের কখনই জয় হয় না।"

কুন্তী।

কুন্তীর মনের ভাব কিরূপ ছিল, তাহা তাঁহার উপদেশেতে প্রতীয়মান। দ্রৌপদী যখন বনে গমন করেন, তখন তিনি তাঁহাকে বলেন—"দুঃখ উপস্থিত হইয়াছে বলিয়া শোক করিও না। তুমি স্ত্রীধর্ম্মাভিজ্ঞ, সুশীলা, সাধ্বী ও সদাচারবতী তোমার গুণে উভয় কুল অলঙ্কৃত হইয়াছে; অতএব স্বামীর প্রতি কিরূপ ব্যবহার করিতে হয়, তোমাকে উপদেশ দিবার আবশ্যক নাই। হে অনঘে! কৌরবেরা পরম ভাগ্যবান, যে হেতু তোমার কোপানলে তাহারা দগ্ধ হয় নাই। বৎসে! আমি সর্ব্বদাই তোমার শুভানুধ্যান করিতেছি, তুমি সচ্ছন্দে গমন কর।"

উদ্যোগ পর্ব্বে কুন্তী শ্রীকৃষ্ণকে বলিয়াছিলেন, "লোকে সৎস্বভাব দ্বারা যেরূপ মান্য হইতে পারে, ধন বা বিদ্যার দ্বারা তদ্রূপ হইতে পারে না।"

বীরের কন্যাই বীর-ভাব প্রকাশ করেন। কুন্তী বলিলেন—"হে কেশব! তুমি বৃকোদর ও ধনঞ্জয়কে কহিবে যে, ক্ষত্রিয় কন্যা যে নিমিত্ত গর্ভ ধারণ করে, তাহার সময় সমুপস্থিত হইয়াছে; অতএব যদি তোমরা এই সময়ে বিপরীতাচরণ কর, তাহা হইলে অতি ঘৃণাকর কর্ম্মের অনুষ্ঠান করা হইবে। তাহারা নৃশংসের ন্যায় কার্য্য করিলে আমি তাহাদিগকে চিরকালের নিমিত্ত পরিত্যাগ করিব; সময় ক্রমে প্রাণ পর্য্যন্ত পরিত্যাগ করিতে হয়।" তাঁহার আধ্যাত্মিক ভাব এই উপদেশে প্রকাশ হইতেছে—"আমি পুত্রগণের নির্ব্বাসন, প্রব্রজ্যা, অজ্ঞাতবাস ও রাজ্যাপহরণ প্রভৃতি নানাবিধ দুঃখে অভিজ্ঞতা লাভ করিয়াছি। দুর্য্যোধন আমাকে ও আমার পুত্রগণকে এই চতুর্দ্দশ বৎসর অপমান করিতেছে; ইহা অপেক্ষা দুঃখের বিষয় আর কি আছে? কিন্তু ইহা কথিত আছে যে, দুঃখ ভোগ করিলে পাপক্ষয় হয়, পরে পুণ্য ফল সুখ সম্ভোগ হইয়া থাকে; অতএব আমরা এক্ষণে দুঃখ ভোগ করিয়া পাপক্ষয় করিতেছি; পশ্চাৎ সুখ সম্ভোগ করিব; তাহার সন্দেহ নাই।"

দ্রৌপদী।

দ্রৌপদী শৈশবাবস্থায় পিতার ক্রোড় হইতে আচার্য্যের নিকট উপদেশ গ্রহণ করিতেন। তাঁহার শিক্ষা বিষয়ে মহাভারতে এইরূপ বর্ণন—"অনন্তর দ্রুপদ রাজা আলেখ্য রচনা ও শিল্পকার্য্য প্রভৃতি সকল বিষয়ে কন্যাকে যত্ন পূর্ব্বক শিক্ষা প্রদান করিতে লাগিলেন। কন্যা দ্রোণ সন্নিধানে অস্ত্র শাস্ত্র শিক্ষা করিলেন। পরে দ্রুপদ মহিষী পুত্রের ন্যায় কন্যার পরিণয় কার্য্য সমাধান করিবার নিমিত্তে দ্রুপদ রাজাকে অনুরোধ করিলেন।" পাণ্ডবদিগকে বিবাহ করিয়া তিনি ইন্দ্রপ্রস্থে থাকিয়া অনেক কার্য্যে ব্যস্ত থাকিতেন—অভ্যাগত অতিথি এবং দাস, দাসীদিগের ভোজন ও পরিচ্ছদ বিষয়ে তত্ত্ব করিতেন। গোশালা ও মেষশালা আপনি দেখিতেন। কোষ তাঁহার অধীনে ছিল, ও আয় ব্যয় সম্বন্ধীয় সকল কার্য্য তিনি নির্ব্বাহ করিতেন। যে সকল কার্য্যের ভার গ্রহণ করিয়াছিলেন তাহা অতি বিনীত ও শান্তভাবে করিতেন। তিনি কহিতেন যে, জীব নিষ্কাম না হইলে মুক্তি পায় না। যখন তিনি বনে ছিলেন তখন তাঁহার সত্যভামার সহিত পতি বশকরণ বিষয়ক কথোপকথন হয়। তিনি কহেন, "আমি কাম ক্রোধ ও অহঙ্কার পরিহার পূর্ব্বক সংযত পাণ্ডবগণ ও তাঁহাদের অন্যান্য স্ত্রীদিগের পরিচর্য্যা করিয়া থাকি। অভিমান পরিহার পূর্ব্বক প্রণয় প্রকাশ করিয়া অনন্যমনে পতিগণের চিত্তানুবর্ত্তন করি। আমি প্রত্যহ উত্তম রূপে গৃহ পরিষ্কার, গৃহোপকরণ মার্জ্জন, পাক, যথা সময়ে ভোজন প্রদান ও সাবধানে ধান্য রক্ষা করিয়া থাকি। দুষ্ট স্ত্রীর সহিত কখন সহবাস করি না; তিরস্কার বাক্য মুখেও আনি না; সকলের প্রতি অনুকূল ও আলস্য শূন্য হইয়া কাল যাপন করি। পরিহাস সময় ব্যতীত হাস্য এবং দ্বারে বা অপরিষ্কৃত স্থানে কিম্বা গৃহোপবনে সতত বাস করিয়া অতিহাস ও অতিরোষ পরিত্যাগ পূর্ব্বক সত্যে নিরত হইয়া নিরন্তর ভর্ত্তৃগণের সেবা করিয়া এক মুহূর্ত্ত অসুখী থাকি না। স্বামী কোন আত্মীয়ের নিমিত্তে প্রেরিত হইলে পুষ্প ও অনুলেপন পরিত্যাগ পূর্ব্বক ব্রতানুষ্ঠান করি। উপদেশানুসারে অলঙ্কৃত ও প্রযত হইয়া স্বামীর হিতানুষ্ঠান সাধন করিয়া থাকি।"

সুভদ্রা।

সুভদ্রা অর্জ্জুনকে বিবাহ করেন। অভিমন্যু সমরে প্রাণত্যাগ করিলে তিনি যে বিলাপ করেন, তাহাতে তাঁহার পারলৌকিক উচ্চ ভাব প্রকাশ হয়। "সংশিতব্রত মুনিগণ ব্রহ্মচর্য্য দ্বারা এবং পুরুষগণ একমাত্র পত্নী পরিগ্রহ দ্বারা যে গতি প্রাপ্ত হন, তুমি সেই গতি লাভ কর। ভূপালগণ সদাচার চারিবর্ণের মনুষ্যগণ পুণ্য ও পুণ্যবানেরা পুণ্যের সুরক্ষণ দ্বারা যে সনাতন গতি লাভ করেন, তুমি সেই গতি প্রাপ্ত হও। যাঁহারা দীনগণের প্রতি

অনুকম্পা প্রদর্শন করেন, যাঁহারা সত্য সংবিভাগ করেন, যাঁহারা পিশুনতা হইতে নিবৃত্ত হইয়াছেন, যাঁহারা সতত যজ্ঞানুষ্ঠান, ধর্ম্মানুশীলন ও গুরুশুশ্রূষায় নিরত থাকেন, অতিথিগণ যাঁহাদিগের নিকট বিমুখ হন না, যাঁহারা নিতান্ত ক্লিষ্ট বিপন্ন ও পুত্রশোকানলে দগ্ধ হইয়াও আত্মার ধৈর্য্য রক্ষা করেন, যাঁহারা সর্ব্বদা মাতা পিতার সেবায় নিরত থাকেন এবং আপনার পত্নীতে নিরত হন, যাঁহারা গত মৎসর হইয়া সর্ব্বভূতের প্রতি সমদৃষ্টি হন, সর্ব্ব শাস্ত্রজ্ঞ, জ্ঞানতৃপ্ত, জিতেন্দ্রিয় সাধুগণের যে গতি, তোমার সেই গতি হউক।"

রুক্মিণী।

ভীষ্মক রাজার কন্যা রুক্মিণী শ্রীকৃষ্ণকে এইরূপ পত্র লিখিয়াছিলেন। "হে নরশ্রেষ্ঠ! কুল শীল রূপ বিদ্যা বয়ঃ ধন সম্পত্তি ও প্রভাব দ্বারা উপমা রহিত এবং নরলোকের যে মনোভিরাম যে তুমি, তোমাকে কেন কুলবতী গুণদ্বারা বুদ্ধিমতী কন্যা বিবাহ বাসরে পতিত্বে বরণ করিতে অভিলাষ না করে? অতএব আমাতে দোষের শঙ্কা কি? হে বিভো! সেই হেতু আমি তোমাকে নিশ্চয় পতিত্বে বরণ করিয়াছি এবং আমায় তোমাতে সমর্পণ করিয়াছি, অতএব তুমি এখানে আসিয়া আমাকে পত্নী স্বীকার কর। হে অম্বুজাক্ষ! তুমি বীর, আমি তোমার বস্তু; চেদিরাজ যেন আমাকে স্পর্শ না করে, শীঘ্র আসিয়া তাহা কর। আমি যদি পূর্ব্বজন্মে পূর্ত্তকর্ম্ম বা অগ্নিহোত্রাদি যজ্ঞ বা পর্বণাদি দান বা তীর্থ পর্য্যটনাদি বা নিয়ম ব্রতাদি কিম্বা দেব বিপ্র গুরু অর্চনাদি দ্বারা নিয়ত ভগবান পরমেশ্বরের আরাধনা করিয়া থাকি, তবে শ্রীকৃষ্ণ আসিয়া আমার পাণিগ্রহণ করুন, দমঘোষ পুত্র প্রভৃতি অন্য ব্যক্তি না করুক। হে অজিত! কল্য বিবাহের দিন, অতএব তুমি গোপনে বিদর্ভে আগমন পূর্ব্বক সেনাগণে পরিবৃত হইয়া চেদিরাজ ও মগধ রাজের বল সমুদয় নির্ম্মন্থন কর; হঠাৎ বীর্য্যস্বরূপ শুল্ক দ্বারা ব্রাহ্ম বিধান অনুসারে আমাকে বিবাহ কর। যদি বল তুমি অন্তঃপুরমধ্যচারিণী, অতএব তোমার বন্ধুগণকে নিহত না করিয়া কি প্রকারে তোমাকে বিবাহ করিব? তাহার উত্তর বলি। বিবাহ পূর্ব্বদিনে মহতী কুলদেব যাত্রা হইয়া থাকে, যে যাত্রায় নববধূকে পুরীর বাহিরে অম্বিকার মন্দিরে গমন করিতে হয়, অতএব অম্বিকার মন্দির হইতে আমাকে হরণ করা অতি সুকর।"

পতিব্রতা ধর্ম্ম।

অরুন্ধতী লোপামুদ্রা চিন্তা প্রভৃতি বিখ্যাত পতিব্রতা। পতিব্রতা ধর্ম্ম স্ত্রীলোকদিগের এত আদরণীয় যে নীচ জাতীয় নারীরা এ ধর্ম্ম অভ্যাস করে। ফুল্লরা খুল্লনা প্রভৃতি নারীরা পতিপরায়ণা ছিলেন, ঈশ্বরেতেই আত্মা অর্পণ করিলে জীবন নানা শুদ্ধভাবে পূর্ণ হয়। কেহ নিরাকার ব্রহ্ম কেহ সাকার

ব্রহ্ম অবলম্বন করে। কিন্তু নিরাকার হউক অথবা সাকার হউক, অন্তরে অভ্যাসের বীজ অঙ্কুরিত ও পল্লবিত হইতে থাকে। যে সকল ব্যক্তি আধ্যাত্মিক অবস্থা প্রাপ্ত হয়েন নাই, তাঁহাদিগের অনেক কার্য্য স্বভাব বশতঃ বা সংস্কারাধীন হইতে পারে, অথবা এমন হইতে পারে যে সাকার উপাসনা নিরাকার ভাবের সোপান।

অহল্যাবাই।

অহল্যাবাই মহারাষ্ট্র দেশে মালহর রায়ের স্ত্রী ছিলেন। তাঁহার এক পুত্র ও এক কন্যা ছিল। পুত্রের বিয়োগ হইল, ও কন্যার স্বামির কাল হওয়াতে তিনি সহমরণে প্রবৃত্ত হইলেন। অহল্যাবাই কন্যাকে নিবৃত্ত করিতে অনেক চেষ্টা করিয়াছিলেন; কিন্তু তিনি তাঁহার কথা শুনিলেন না। মাতা তখন শান্ত হইয়া কন্যার সহমরণ বসিয়া দেখিলেন। ত্রিশ বৎসর বয়ঃক্রমে অহল্যাবাই রাজ্যের ভার গ্রহণ করিলেন। তিনি বাহিরে আসিয়া সিংহাসনের উপর বসিয়া রাজকার্য্য করিতেন। প্রাতে উঠিয়া উপাসনা করণানন্তর গ্রন্থাদি পাঠ শুনিতেন, পরে ব্রত নিয়মাদি সাঙ্গ করিয়া দান করিতেন। মৎস্য মাংস খাইতেন না। আহারের পরে শ্বেতবস্ত্র পরিধান করিয়া কেবল গলার্য এক ছড়া হীরকের চিক দিয়া বাহিরে আসিয়া বসিতেন। বেলা ২ টা অবধি ৬ টা পর্য্যন্ত রাজকার্য্যে নিযুক্ত থাকিতেন। প্রজাদিগের প্রাণ ও বিষয় রক্ষা করা ও তাহাদিগের নিকট হইতে অল্প কর লওয়ায় তাঁহার বিশেষ যত্ন ছিল। তিনি প্রজাদিগের দুঃখে দুঃখী ও সুখে সুখী ছিলেন; এজন্য তাহাদিগের সকলের কথা আপন কর্ণে শুনিয়া হুকুম দিতেন। ৬ টার পর তিনি আত্মোন্নতিতে নিযুক্ত থাকিতেন। পুরাণ শ্রবণে তাঁহার বিশেষ অনুরাগ ছিল। তিনি বলিতেন ঈশ্বরের নিকট আমার সর্ব্ব কার্য্যের জবাব দিতে হইবে, এজন্য তাঁহার অভিপ্রায়ের কিছু যেন অন্যথা করা না হয়।

তিনি সত্যকে আদর করিতেন ও তোসামদকে ঘৃণা করিতেন। একজন ব্রাহ্মণ তাঁহার প্রশংসা করিয়া এক পুস্তক লিখিয়া তাঁহাকে প্রদান করিলে, তিনি ঐ পুস্তক নর্ম্মদা নদীতে ফেলিয়া দিতে আজ্ঞা দিলেন। যেমন ঈশ্বর পরায়ণা নারী ছিলেন, তেমনি তাঁহার বিষয় কার্য্যে পরিষ্কার বুদ্ধি ছিল। তিনি উত্তম উত্তম কর্ম্মচারী নিযুক্ত করিয়াছিলেন। রাজকার্য্য ৩০ বৎসর নিরুদ্বেগে নির্ব্বাহিত হইয়াছিল—কাহার সহিত বিবাদ কলহ ও যুদ্ধ হয় নাই। অহল্যাবাই অনেক মন্দির ধর্ম্মশালা দুর্গ কূপ ও রাস্তা নির্ম্মাণ করিয়াছিলেন। তাঁহার দয়া কেবল মানব জাতিতে ছিল না। পশু পক্ষীদের প্রতি তাঁহার বিশেষ কৃপা ছিল। পশু পক্ষী ও মৎস্যের আরাম জন্য তিনি অনেক যত্ন প্রকাশ করিয়া গিয়াছেন।

সংযুক্তা।

সংযুক্তা রাজপুত্রবংশীয় জয়চাঁদ রাজার কন্যা ছিলেন। তিনি পৃথুরাজাকে পতিত্বে বরণ করিয়াছিলেন। পৃথু হস্তিনার শেষ হিন্দু রাজা ছিলেন ও অসীম বীরত্ব প্রকাশ করিয়াছিলেন। যখন মুসলমানেরা দিল্লী আক্রমণ করিতে আরম্ভ করিলেন, পৃথুপত্নী স্বামীকে বলিলেন—"উত্তমরূপে মরিলে চির জীবন লাভ হয়। আপনার বিষয় চিন্তা করিও না—অমরত্ব চিন্তা কর। তুমি শত্রুর মস্তক ছেদন কর। পরকালে আমি অর্দ্ধ অঙ্গ হইব।" পৃথু যুদ্ধে গমন করিলেন। যুদ্ধের ধ্বনি শুনিয়া তাঁহার নারী বলিলেন, পতিকে আর আমি এখানে দেখিতে পাইব না—তাঁহাকে স্বর্গে দেখিব। এই বলিয়া আপনি অগ্নিতে দগ্ধ হইলেন।

ক্ষত্রিয় নারীদিগের বীরভাব।

ক্ষত্রিয় নারীরা বীরভাবে অনুরাগিণী ছিলেন। স্পার্টা দেশে মাতা পুত্রকে যুদ্ধে গমন কালীন বলিতেন। দেখিও পুত্র! রণে পরাঙ্মুখ হইয়া পলায়ন করিও না। হয় তো জয়ী হইয়া প্রত্যাগমন করিও, নতুবা তোমার মস্তক যেন চর্ম্মোপরি আনীত হয়। রাজপুত্র যদুবংশ প্রভৃতি ক্ষত্রিয়বংশীয় অঙ্গনারা বীরভাব প্রকাশ করিতেন। উদয়পুরের রাণার কন্যা স্বামীকে যুদ্ধে পলায়ন করিয়া আসিতে দেখিয়া দ্বার রক্ষককে বলিলেন, দ্বার বন্ধ কর ও স্বামীকে বলিলেন আপনার কর্ত্তব্য এই ছিল, হয় যুদ্ধে জয়ী হওয়া নয় যুদ্ধে প্রাণ ত্যাগ করা—পলায়ন করা কাপুরুষের কার্য্য; বুন্দি রাণী যুদ্ধে আপনার পুত্রের মৃত্যু হইয়াছে শুনিয়া আহ্লাদিত হইয়াছিলেন।

দ্রোণপর্ব্বে ভীম অর্জ্জুনকে এই বলিয়াছিলেন, "হে ভ্রাতঃ! আমার বাক্য শ্রবণ কর। ক্ষত্রিয় কামিনীরা যে কার্য্য সাধনের নিমিত্তে পুত্র প্রসব করেন, এক্ষণে সেই কার্য্য সাধনের সময় উপস্থিত হইয়াছে।"

—০ঃ০—

অন্যান্য স্ত্রীলোকদিগের অন্য প্রকার শিক্ষা।

কুমারসম্ভব ও বিক্রমোর্ব্বশী নাটকে এই প্রমাণ পাওয়া যায় যে, স্ত্রীলোকেরা ভূর্জ্জপত্রে লিখিতেন। তাঁহাদিগের শিক্ষা নানা বিষয়ে হইত। ভাস্করাচার্য্যের কন্যা লীলাবতী, পাটীগণিত ও লীলাবতী গ্রন্থ লেখেন। মণ্ডন-মিশ্রের স্ত্রী তত্ত্বজ্ঞানী ছিলেন, কারণ যখন মণ্ডনমিশ্রের সহিত শঙ্করাচার্য্যের বিতণ্ডা হয়, তখন তিনি মধ্যস্থ হয়েন। বিদ্যুতমা কালিদাসের স্ত্রী ছিলেন, তিনিও বিদ্যাবতী ছিলেন। মিহিরের স্ত্রী খনা জ্যোতিষ বিদ্যা ও তাঁহার বচনের জন্য বিখ্যাত ছিলেন। মিরা বাই চিতোরের রাণী বড় কবি ছিলেন। তিনি জয়দেবের ন্যায় মিষ্ট কবিতা লিখিয়া গিয়াছেন।

পৃথ্বীরাজার স্ত্রী পদ্মাবতী, চৌষট্টি শিল্প ও চতুর্দ্দশ বিদ্যা জানিতেন।

মালাবারে চারি জন সহোদরা স্ত্রীলোক বিখ্যাত হন। তাঁহাদিগের মধ্যে আভির সর্ব্বোৎকৃষ্ট হইয়াছিলেন। তিনি বিবাহ করেন নাই, তিনি নীতি কাব্য ও দর্শন বিষয়ক পুস্তক লেখেন। ঐ সকল পুস্তক পাঠশালাতে পাঠ্য পুস্তক হইয়াছিল। তিনি ভূগোল, চিকিৎসা, কিমিয়া ইত্যাদি বিষয়ক গ্রন্থ লিখিয়াছিলেন। তাঁহার অন্যান্য ভগিনীরা নীতি ও অন্যান্য বিষয়ক পুস্তক লিখিয়াছিলেন। কাশীতে হট্টি বিদ্যালঙ্কার নামে এক জন বিখ্যাত স্ত্রীলোক ছিলেন। তিনি স্মৃতি ও ন্যায়জ্ঞ ছিলেন।

ব্রহ্মবাদিনী ও সদ্যোবধূদিগের যেরূপ শিক্ষা হইত, তাহা উল্লিখিত হইল। ঈশ্বর তাঁহাদিগের জীবনের উদ্দেশ্য;—ব্রহ্মানন্দের জন্য তাঁহাদিগের ধ্যান, জপ ও সর্ব্ব প্রকার অন্তর অভ্যাস হইত। আয়, ব্যয়, শান্তিরক্ষা, পাক করা, আতিথ্য করণ ইত্যাদি গৃহকার্য্য যাহা দ্রৌপদী সত্যভামাকে বিস্তার পূর্ব্বক বর্ণনা করিয়াছিলেন, সদ্যোবধূরা সেই সমস্ত গৃহকার্য্য বিশেষরূপে জানিতেন। ইহা ভিন্ন অন্যান্য শ্রেণীস্থ স্ত্রীলোকেরাও নানা প্রকার বিদ্যা শিখিতেন। দশকুমারে লেখে যে স্ত্রীলোকেরা বিদেশীয় ভাষা, চিত্রকরা, নৃত্য বিদ্যা, সঙ্গীত, নাট্যশালায় অভিনয়করণ, আয় ব্যয় বিষয়ক, তর্কবিদ্যা, গণনা বাক্য-বিন্যাস, পুষ্পবিদ্যা, সৌগন্ধ ও মিষ্টান্ন প্রস্তুত করণ, জীবিকা নির্ব্বাহক —অর্থকরী বিদ্যা ইত্যাদি শিখিতেন। কাব্য গ্রন্থতে চিত্রশালা, নৃত্যশালা ও সঙ্গীতশালার উল্লেখ পাওয়া যায়। অর্জ্জুন বিরাটের কন্যাদিগকে নৃত্য ও সঙ্গীত শিখাইয়া ছিলেন। নৃত্য, গান ও সমাজে গমন জন্য স্ত্রীলোকেরা মিষ্টরূপে আলাপ করিতে পারিতেন। বিষ্ণু পুরাণে লেখে যে, অঙ্গরাগনের কথা সুমধুর ও সঙ্গীত স্বরূপ।

কালেতে স্ত্রীলোকদিগের উপনয়ন ও বেদ অধ্যয়ন বিলুপ্ত হইল। পুরাণ ও অন্যান্য গ্রন্থ তাহাদিগের পাঠ্য পুস্তক হইল। কালেতে স্ত্রীলোকদিগের নিরাকার ব্রহ্ম লোপ হইলেও ব্রহ্মধ্যান, অনন্ত ও বিস্তীর্ণরূপে না হইয়া পরিমিত ও সাকার ব্রহ্মেতে চিত্ত অর্পিত হইল। তথাচ স্ত্রীলোকদিগের আত্মার অমরত্ব ও পরলোকে ব্রহ্মানন্দ ভোগ, এ বিশ্বাস দৃঢ় রূপে হৃদয়ে বদ্ধ থাকিল। এই কারণ বশতঃ তাঁহাদিগের অন্তরে যে নির্ম্মল স্রোত বহিতে ছিল, তাহা বহিতে লাগিল। উপনিষদের জ্ঞান-সুধা, পুরাণের ভক্তি-সুধার সহিত মিলিত হইয়া ভক্তির প্রবলতায় আত্মার শুদ্ধ জ্ঞান, প্রকৃতি হইতে অতীত হয় নাই, সুতরাং ভক্তির প্রাবল্য ও আত্মার অনন্ত জ্ঞানের খর্ব্বতা হইয়াছিল।

স্ত্রীলোকদিগের সম্মান।

এদেশে স্ত্রীলোকদিগের সম্মান গৃহে ও বাহিরে এক ভাবে ছিল। বেদে, মনুতে ও পুরাণে স্ত্রীলোকদিগের সম্মানের প্রমাণ ভূরি ভূরি পাওয়া যায়

মনু বলেন স্ত্রীলোক যথার্থ পবিত্র। স্ত্রীলোক ও লক্ষ্মী, সমান। যে পরিবারে স্বামী স্ত্রীর প্রতি অনুরক্ত ও স্ত্রী স্বামীর প্রতি অনুরক্ত, সেই পরিবারে লক্ষ্মী বিরাজমানা। স্ত্রীলোকেরা সর্ব্বদাই শুদ্ধ। যেখানে স্ত্রীলোকের সম্মান, সেখানে দেবতারা তুষ্ট। যে স্থানে স্ত্রীলোক অসম্মানিত, সেখানে সকল ধর্ম্মের ভ্রষ্টতা।

বিবাহিতা স্ত্রীলোক পিতা কর্ত্তৃক, ভ্রাতা কর্ত্তৃক, স্বামী কর্ত্তৃক, ও দেবর, ভাসুর কর্ত্তৃক, সম্মানিত ও পূজিত হওয়া কর্ত্তব্য। স্ত্রীলোক "ভবতি ও প্রিয় ভগ্নি বা মাতা" বলিয়া সম্বোধিত হইতেন। স্ত্রীলোক দেখিবামাত্রে পুরুষ দণ্ডায়মান হইয়া তাঁহাকে অগ্রে যাইতে দিতেন। রাজা যুধিষ্ঠির আপন কিঙ্করীকে "ভদ্রে" বলিয়া ডাকিতেন। অন্তঃসত্ত্বা স্ত্রীলোক এবং বালকদিগের আহার অগ্রে প্রদত্ত হইত। অন্য পুরুষের সহিত স্ত্রীলোক নিষেধিত না হইলে, কথোপকথন করিতে পারিত। কিন্তু স্বামী বিদেশে গমন করিলে, স্ত্রী অন্যের বাটীতে উৎসব ও যেখানে বহুলোকের সমাগম, সেই সকল স্থানে না যাইয়া আপন গৃহে থাকিয়া ধর্ম্মানুষ্ঠান করিতেন। রাজারা স্ত্রীলোকদিগের তত্ত্বাবধারণ করিতেন। ভরত, রামচন্দ্রের নিকট বনে গমন করিলে রাম জিজ্ঞাসা করিলেন, "তুমি স্ত্রীলোকদিগের প্রতি সম্মান পূর্ব্বক ব্যবহার করিয়া থাকতো?" যখন যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রের আশ্রমে গমন করেন, তখন ধৃতরাষ্ট্র জিজ্ঞাসা করিলেন—"রাজ্যেতে দুঃখিনী অঙ্গনারা তো উত্তমরূপে রক্ষিত হয় ও রাজবাটীতে স্ত্রীলোকেরা তো সম্মান পূর্ব্বক গৃহীত হয়?" স্ত্রীলোক, রক্ষক বিহীনা হইলে রাজা দ্বারা রক্ষিত হইতেন। মনু কহেন "কন্যা অতিশয় স্নেহের পাত্রী।" ভীষ্ম কহেন—মাতা ইহ ও পরলোকের মঙ্গলকারিণী। পীড়িত ও দুঃখিত স্বামীর স্ত্রী অপেক্ষা রত্ন নাই। স্ত্রী পরম ঔষধি; অধ্যাত্মিকতা অর্জ্জনে স্ত্রী অপেক্ষা সহযোগিনী নাই। মনু ও রামচন্দ্র বলিয়াছিলেন যে, স্ত্রীলোক আপন শুদ্ধমতিতেই রক্ষিত হয়, বদ্ধ থাকিলে রক্ষিত হয় না, কথা সরিত সাগরে এক গল্পে লেখে যে, যখন এক বর কন্যা বিবাহ করিয়া আসিলেন, কন্যা কহিলেন —দ্বার উদ্ঘাটন কর, বন্ধুবান্ধবের সমাগম হউক। স্ত্রীলোক অন্তর বলেতেই রক্ষিত হয়। বন্ধনের আবশ্যক নাই। ডাক্তার উইলসন আমাদিগের ভাষা ও শাস্ত্র উত্তমরূপে অবগত ছিলেন। তিনি বলেন, হিন্দুজাতীয় মহিলাগণ যেরূপ সম্মানিত হইয়াছিলেন, এরূপ আর কোন প্রাচীন জাতিতে হয় নাই। স্ত্রীলোক সকল নাটকে কবিতাতে উৎকৃষ্ট ও উচ্চরূপে বর্ণিত। তাহারা পুরুষ দিগের প্রিয়ামক ও পুরুষেরাও তাহাদিগকে যথেষ্ট সম্মান করিত।

পুনর্ব্বিবাহ, সহমরণ ও ব্রহ্মচর্য্য।

ঋগ্বেদের সময় সহমরণ ছিল না। যিনি বিধবা হইতেন, তিনি স্বামীর মৃতদেহের সহিত কিয়ৎকালের জন্য স্থাপিত হইয়া উঠিয়া আসিতেন। পরে

তিনি অন্য পুরুষকে বিবাহ করিতে পারিতেন। ঋষিরা বিধবা বিবাহ করিতেন। অনন্তর বিধবার পুনর্ব্বিবাহ, পতিপরায়ণা নারীদিগের বিষতুল্য জ্ঞান হইতে লাগিল। তাঁহারা বলিতে লাগিলেন বৈবাহিক বন্ধন কেবল ঐহিক বন্ধন নহে—ইহা ঐহিক ও পারলৌকিক বন্ধন। পতি সাকার হউক বা নিরাকার হউক, সেই পতির সহিত মিলিত হইয়া, লোকান্তরে দুই জনে উন্নতি সাধন করিতে হইবে। অতএব এই বিশুদ্ধ ভাব পরিত্যাগ করিয়া পশুবৎ ভাব গ্রহণ পূর্ব্বক, পশুবৎ হইয়া অধোগতি প্রাপ্তির কি আবশ্যক? বৈবাহিক বন্ধনে স্ত্রী ও স্বামী, পরস্পরের অর্দ্ধেক শরীর, অর্দ্ধেক জীবন, অর্দ্ধেক হৃদয়। এইরূপ চিন্তা সতীর হৃদয়ে মন্ত্রিত হইলে, সহমরণের প্রথা প্রচলিত হইল। বিধবার এই বাসনা যে, স্বর্গে স্বামীর সহিত বাস করাই শ্রেষ্ঠ কল্প ও তাঁহার সংযোগে, তাঁহার পিতৃ ও মাতৃকুল পবিত্র করা, উচ্চ কার্য্য। বিধবারা শারীরিক ও মানসিক ভাব পরিত্যাগ পূর্ব্বক, আত্ম বলে বলীয়ান হইয়া, আত্মার চক্ষে আধ্যাত্মিক রাজ্যের মাহাত্ম্য দৃষ্টি করত—চিতারূঢ় হইয়া, দগ্ধ হইতে লাগিলেন। পট্টবস্ত্রপরিধানা—কপালে সিন্দূর, হস্তে বটশাখা, রসনা ধ্বনি করিতেছে—"হরের্নাম, হরের্নাম, হরের্নামৈব কেবলম্—এ জগৎ মিথ্যা—আমার পতিই আমার সর্ব্বস্ব—যে রাজ্যে তিনি আছেন, আমি সেই রাজ্যে যাই। সত্যং সত্যং সত্যং!" এই ধ্যান ও এই গভীর ভাব প্রকাশে, সূক্ষ্ম শরীরের উদ্দীপন হইত ও দগ্ধ হইবার অগ্রে নারীর আপন আত্মা ইচ্ছাবলে, শরীর ও মন হইতে বিভিন্ন হইত।

কিয়ৎ কাল পরে মনু এই বিধি দিলেন যে, বিধবাদিগের পক্ষে ব্রহ্মচর্য্য উত্তম কল্প, কারণ ব্রহ্মচর্য্য দ্বারা বহিরিন্দ্রিয়, অন্তরিন্দ্রিয়, সহিষ্ণুতা অভ্যাসিত হইতে হইতে আত্মার উন্নতি সাধন হয়। যদবধি পতি ছিল, তদবধি পতির সহিত এক মন, এক প্রাণ, এক শরীর হইয়া থাকাতে আধ্যাত্মিক শিক্ষার প্রারম্ভ হইয়াছিল। এক্ষণে পতির প্রীত্যর্থে, ব্রহ্মচর্য্য অনুষ্ঠান করিলে নিরাকার পতিকে হৃদয়ে আনয়ন করা হয় ও অভ্যাস নিষ্কাম ভাবে পরিচালিত হইলে আত্মার বল ও শক্তির বৃদ্ধি অনিবার্য্য।

বিবাহ।

পূর্ব্বে স্ত্রীলোকেরা পতিমর্য্যাদা বিশেষরূপে জ্ঞাত না হইলে বিবাহ করিতেন না। শাস্ত্রে লেখে "কন্যা যত দিন পতিমর্য্যাদা ও পতিসেবা না জানে এবং ধর্ম্ম শাসনে অজ্ঞাত থাকে, তত দিন পিতা তাহার বিবাহ দিবেন না।" যে সকল সদ্যোবধূর উপাখ্যান বর্ণিত হইয়াছে, তাঁহারা যৌবনাবস্থায় বিবাহ করিয়াছিলেন। যুবক ও যুবতী পরস্পর সন্দর্শন করিয়া ও পরস্পরের স্বভাব, চরিত্র, গুণ ইত্যাদি জানিয়া, পিতা মাতার অনুমতি অনুসারে বিবাহ করিতেন। রামচন্দ্রের বনবাস কালীন অযোধ্যা সর্ব্বপ্রকারে নিরানন্দে মগ্ন ছিল।

বাল্মীকি লেখেন, যে সকল উদ্যানে যুবক ও যুবতী আমোদার্থে ও পরস্পর সন্দর্শনার্থে গমন করিতেন, তাহা এক্ষণে শূন্য রহিল।

ক্ষত্রিয়েরা বীরত্ব সম্মানার্থে কন্যাকে স্বয়ম্বরা করিয়া বিশেষ বিশেষ পণ করিতেন। রাম, ধনু ভঙ্গ করিয়া সীতাকে বিবাহ করেন। অর্জ্জুন, লক্ষ্য ভেদ করত দ্রৌপদী লাভ করেন। স্বয়ম্বর সভায় কন্যা, ধাত্রির নিকট সকলের পরিচয় পাইয়া ও রূপ দেখিয়া, যাঁহার প্রতি মনন করিতেন, তাঁহার গলায় বরমাল্য দান করিতেন।

রঘুবংশে ৬ষ্ঠ সর্গে ইন্দুমতীর, ও নৈষধের ২১ সর্গে দময়ন্তীর স্বয়ম্বরের বিবরণ লিখিত আছে।

পূর্ব্বে কন্যা, স্বয়ম্বরা না হইয়াও ইচ্ছামত পাত্রে পাণি প্রদান করিতেন যথা—সাবিত্রী, দেবযানি, রুক্মিণী, শুভদ্রা ইত্যাদি। দশকুমারে লেখে যে, কন্যা সুশিক্ষিত হইয়া আপন স্বেচ্ছাক্রমে বর গ্রহণ করিতেন।

বিবাহ অষ্ট প্রকার ছিল।

১। ব্রাহ্ম—সুপাত্রে কন্যা দান।

২। দৈব—পুরোহিতকে কন্যা দান।

৩। ঋষি—দুইটা গরু পাইয়া কন্যা দান।

৪। প্রজাপত্য—সম্মান পূর্ব্বক কন্যা দান। পিতা এই আশীর্ব্বাদ করিতেন—বর কন্যা তোমরা দুই জনে মিলিত হইয়া ঐহিক ও পারত্রিক কর্ম্ম করিবে।

৫। আসুর—ধন পাইয়া কন্যা দান।

৬। গান্ধর্ব্ব—বর ও কন্যার স্বেচ্ছামতে বিবাহ।

৭। রাক্ষস—কন্যাকে বলপূর্ব্বক হরণ করিয়া বিবাহ।

৮। পৈশাচ—কন্যা নিদ্রিত, উন্মত্ত অথবা ক্ষিপ্ত অবস্থায় থাকিলে, তাহার সহিত বিবাহ।

প্রথম ছয় ব্রাহ্মণদিগের, শেষ চারি ক্ষত্রিয়দিগের, ও পঞ্চম এবং ষষ্ঠ প্রকার বিবাহ অন্যান্য শ্রেণীর জন্য বিহিত হইয়াছিল।

উচ্চ জাতিস্থ লোকেরা নিম্ন জাতিকে বিবাহ করিতে পারিত। ক্ষত্রিয়, ব্রাহ্মণ কন্যাকে বিবাহ করিত।

ব্রাহ্মণের কন্যা, নীচ জাতিকে বিবাহ করিলে তাহাকে কেহ পরিত্যাগ করিতে পারিত না। তিনি স্বামীর সহিত সকল বৈদিক কার্য্য নির্ব্বাহ করিতেন। ব্রাহ্মণের সুদ্রানী ভার্য্যা হইলে, তিনি সকল বৈদিক কার্য্যে গৃহীত হইতেন না। ব্রাহ্মণের নানা বর্ণীয় স্ত্রী থাকিলে, উপাসনা প্রভৃতি তাহাদিগের বর্ণানুসারে হইত। যদি কোন স্ত্রী, উচ্চ জাতীয় ব্যক্তির প্রতি লক্ষ্য করিত, তাহা হইলে দণ্ডনীয় হইত আর নীচ জাতীয় লোকের প্রতি লক্ষ্য করিলে, বাটীতে রুদ্ধ থাকিতে হইত। এই নিয়ম কত দূর প্রবল ছিল, তাহা বলা কঠিন, কারণ অসবর্ণ বিবাহ পূর্ব্বে প্রচলিত ছিল।

উত্তম স্ত্রীর লক্ষণ, মনু বলেন—জ্ঞান, ধর্ম্ম, পবিত্রতা, মৃদুবাক্য, ও নানা শিল্প-বিদ্যায় পারদর্শিতা। এবম্প্রকার অঙ্গনা, রত্নের ন্যায় উজ্জ্বল হয়েন। মনু ও ভীষ্ম বলেন যে, নীচ জাতিতে উত্তম স্ত্রীলোক থাকিলে, তিনিও উচ্চ জাতি দ্বারা গ্রহণীয়। বিবাহে কন্যার সম্মতির আবশ্যক হইত। বিবাহ কালীন, বর কন্যাকে জিজ্ঞাসা করিতেন তোমাকে কে দিতেছেন—প্রেম অথবা আপন ইচ্ছা ? উত্তর প্রেম দাতা, প্রেম গৃহীতা। তাহার পর, বর বলিতেন—তোমার চিত্ত আমার চিত্ত হউক। বিবাহের এক নিয়ম এই যে, স্ত্রী পুরুষ পরস্পরের প্রতি শুদ্ধাচার অনুষ্ঠান পূর্ব্বক বৈবাহিক শপথ রক্ষা করিবেক। রণে, যদ্যপি রাজা শত্রুর কন্যাকে জয় লাভ করিয়া আনিতেন, তথাপিও তাহার সম্মতি ব্যতিরেকে তাহাকে বিবাহ করিতে পারিতেন না। পূর্ব্বে কোন কোন বিদূষী এই পণ করিতেন, যাহারা তাহাদিগকে পাণ্ডিত্যে পরাজয় করিতে সামর্থ হইবেন, তাহাদিগের গলায় তাহারা বরমাল্য অর্পণ করিবেন। এ কারণ স্ত্রী লাভ করিতে হইলে পাণ্ডিত্যের প্রয়োজন হইত। ক্রমে বিদ্যার অনুশীলন এতদূর হইয়াছিল যে, কোন কোন রাণী পণ্ডিতদিগের সহিত শাস্ত্রীয় আলাপ করিতেন। কর্ণাটের রাণী এইরূপ বিদ্যার চর্চ্চা করিতেন ও কাশ্মীরের রাণী সামদেবকে কথাসরিত সাগর লিখিতে আদেশ করেন। এক বিবাহ শ্রেয়ঃকল্প ও বহুবিবাহ করা শ্রেয়ঃকল্প নহে। রামায়ণ ও মহাভারতে লেখে, এক পত্নী গ্রহণই উৎকৃষ্ট প্রথা ও উচ্চগতি প্রদ—স্ত্রীর নামই ধর্ম্মপত্নী, কারণ স্ত্রীর সহিত ঐহিক ও পারত্রিক মঙ্গল সাধনে পুরুষ নিযুক্ত থাকিবে। এক পত্নী হইলে, পুরুষ তাহাকে আপন হৃদয় সম্পূর্ণরূপে অর্পণ করিয়া তাহার সহিত বন্ধন ক্রমশঃ দৃঢ়ীভূত করিবেক। অবশেষে, স্মৃতিকারেরা এই ধার্য্য করিলেন, যে স্ত্রী সুরাপায়ী, অধার্ম্মিক, মন্দকারিণী, অপ্রিয়া, বন্ধ্যা, চিররোগী অথবা অপব্যয়ী হইলে, অন্য স্ত্রী গ্রহণীয় হইতে পারে, কিন্তু যদি প্রথম স্ত্রী, ধার্ম্মিকা ও পীড়িতা হয়েন, তবে তাঁহার অনুমতি লইয়া দ্বিতীয় বিবাহ হইত।

স্ত্রীলোকের বাহিরে গমন।

ঋগ্বেদে প্রকাশ হইতেছে যে, স্ত্রীলোকেরা সালঙ্কৃতা হইয়া উৎসব ও বিদ্যানুরঞ্জন সভাতে গমন করিতেন। মহাবীর চরিতে লিখিত আছে যে, ঋষি কন্যা ও পত্নী সকল, পিতা ও স্বামীর সহিত ভোজে ও যজ্ঞে গমন করিতেন। মনুসংহিতা পাঠে স্পষ্ট বোধ হয় যে, স্ত্রীলোকেরা নাট্যশালায় ও উৎসবে গমন করিতেন। প্রকাশ্য স্থানে মঞ্চোপরি স্ত্রীলোক বসিয়া মল্লযুদ্ধ ও বাণ শিক্ষা ইত্যাদি দেখিতেন। কি মৃগয়ায়, কি যুদ্ধস্থানে, কি শব-সৎকারে, কি যজ্ঞস্থানে, স্ত্রীলোক সঙ্গে থাকিতেন। কুরুক্ষেত্রের যুদ্ধকালীন দ্রৌপদী, সুভদ্রা ও উত্তরা পাণ্ডবদিগের শিবিরে ছিলেন। দ্রৌপদীর বিবাহ বিবেচনার্থে, দ্রুপদের সভায় কুন্তী উপস্থিত থাকিয়া, আপন অভিপ্রায় প্রকাশ করেন। রাজ-

স্বয়ে, অশ্বমেধ যজ্ঞে ও রাজা যুধিষ্ঠিবের অভিষেকেব সময়ে নারীবা উপস্থিত ছিলেন। অশ্বমেধ যজ্ঞে নাবীদিগেব জন্য স্বতন্ত্র স্থান ছিল ও যুবতীরা সভার মধ্যে ইতস্ততঃ বেড়াইয়া ছিলেন।

রাণীদিগের রাজ্য গ্রহণ।

প্রকাশ্য সভাতে, রাণী রাজার বামদিকে সিংহাসনে বসিতেন। রাজপুত্র না থাকিলে রাজকন্যা সিংহাসন প্রাপ্ত হইতেন। প্রেমদেবী নামে একজন রাজবংশীয় নারী দিল্লীর সিংহাসন প্রাপ্ত হন। নেপালে, তিন জন অঙ্গনা ভিন্ন ভিন্ন সময়ে রাজকার্য্য করেন। তাঁহাদিগের মধ্যে রাজেন্দ্রলক্ষ্মী অতি উচ্চ ছিলেন। সিংহলেও কয়েকজন রাণী রাজকার্য্য করিয়াছিলেন, এবং মহারাষ্ট্রে অহল্যাবাই রাজকার্য্য করেন। তাঁহার সংক্ষেপ বিবরণ পূর্ব্বে দেওযা গিয়াছে।

পুরাণে, স্ত্রীরাজ্য বলিয়া বর্ণিত আছে। হিথখোফ নামে একজন চীন ভ্রমণকারী এখানে আসিয়াছিলেন। তিনি কহেন—যেখান হইতে গঙ্গা ও যমুনা নামিতেছে, তাহার নিকট স্ত্রীরাজ্য, ঐ রাজ্য স্ত্রীলোক দ্বারা শাসিত হইত। মালদ্বীপ, একজন রাণীর দ্বাবা রক্ষিত হইয়াছিল।

পরিচ্ছদ ও গমনাগমন।

এখানকার রাজস্থানেব নারীদিগেব ন্যায পরিচ্ছদ বৈদিক সময়ে অঙ্গনাদিগেব ছিল। ঘাগবা, কাঞ্চুলি ও চাদর। চাদরে মস্তক অবধি ঢাকা থাকিত। সীতা যখন রাবণ কর্ত্তৃক হৃত হন, তখন তাঁহার মস্তকের আবরণ, চিহ্ন রাখিবাব জন্য ভূমিতে ফেলিয়া দেন। যখন জযদ্রথ, দ্রৌপদীকে হরণ করেন, তখন তিনি তাঁহাব ঘাগরা ধরিয়া ছিলেন। মনু বলেন—স্ত্রীলোক বাহিরে গমন কবিতে গেলে, শরীরেব উপরের পবিচ্ছদ ত্যাগ কবিয়া যাইবেক না। ঋগ্বেদে এক সূত্রেতে প্রকাশ হইতেছে যে, অঙ্গনাগণেব মস্তকের পরিচ্ছদ প্রস্তুত হইত। মহাবাষ্ট্র, কাশী প্রভৃতি দেশে অঙ্গনাগণের পরিচ্ছদ পূর্ব্ববৎ আছে। পূর্ব্বে কেবল এক সাড়ি পবা প্রথা ছিল না।

পূর্ব্বকালে স্ত্রীলোকেরা রথে, অশ্বে ও গজে আরোহণ করিতেন। অশ্বে আবোহণ করা, বিষ্ণুপুরাণে উল্লিখিত আছে।

মাঘ কাব্যে লেখে যে, রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে নিমন্ত্রিত রাজারা আপন আপন অশ্বারূঢ়া মহিষী সঙ্গে লইয়া আসিয়া ছিলেন।

কল্কিপুরাণে লেখে, স্ত্রীলোকেরা যুদ্ধ করিতেন।

বৌদ্ধমত।

বেদের অনুশীলন কালীন পুরোহিতের সৃষ্টি হইল। ক্রমে, পুরোহিতেরা আপন আপন প্রভুত্ব প্রকাশ করিতে লাগিলেন। পুরোহিত গুরুর স্বরূপ; কিন্তু—

"গুরবো বহবঃ সন্তি শিষ্যবিত্তাপহারকাঃ।
দুর্লভা গুরবো দেবী শিষ্যসন্তাপহারকাঃ॥"

অনেক গুরু আছেন যাঁহারা শিষ্যের চিত্ত অপহরণ করেন, কিন্তু শিষ্যের সন্তাপহরণ করিবার জন্য গুরু দুর্লভ।

সকল ধর্ম্মশিক্ষক নিষ্কাম রূপে শিক্ষা দেন না অথবা সকল ধর্ম্মশিক্ষকও শিষ্যের সন্তাপ হরণ করিতে পারেন না; কিন্তু অনেকেই আপন ক্ষমতাতে উন্মত্ত হয়েন। সেইরূপ বৈদিক পুরোহিত প্রতাপান্বিত হওয়ায় সাধারণ সমাজের ঘৃণাস্পদ হইয়া উঠিলেন। বিশ্বামিত্র ও জনক বেদের দোষারোপ করিতে লাগিলেন। বৃহস্পতি, তিনি বেদের লেখকদিগকে ভাঁড, বঞ্চক, ও ভূত বলিলেন ও ব্রাহ্মণেরাও অন্ত্যজ রূপে বর্ণিত হইলেন। এই সময়ে বৌদ্ধ মতের সৃষ্টি হইল। বৌদ্ধেরা হিন্দুদিগকে মাংশাসী, মদ্যপায়ী ও জাতি অনুরাগী দেখিয়া, তাহাদিগকে পরিত্যাগ করত অহিংসা পরম ধর্ম্ম প্রকাশ করিতে আরম্ভ করিলেন। হিন্দু স্ত্রীজাতি স্বাভাবিক আধ্যাত্মিক—যাহা আত্মা ও ঈশ্বর সম্বন্ধীয়, তাহা তাহাদিগের হৃদয়ে শীঘ্র সংলগ্ন হইল। বৌদ্ধ ধর্ম্ম প্রচারকেরা বলিল যে, জীবনের উদ্দেশ্য নির্ব্বাণ—যোগ ও ধ্যান ইহার পথ। এই উপদেশ শুনিয়া বহুসংখ্যক পুরুষ ও স্ত্রী বৌদ্ধ ধর্ম্মে দীক্ষিত হইল। ক্রমে বৌদ্ধ ধর্ম্ম ভারতবর্ষে বদ্ধমূল হইল। বৌদ্ধ ধর্ম্ম, সাংখ্য ও পাতঞ্জল দর্শন হইতে গৃহীত। সাংখ্যদিগের ন্যায় বৌদ্ধেরা প্রথমে নিরীশ্বর ছিলেন, পরে ঈশ্বরের অস্তিত্ব বিশ্বাস করিলেন। ক্রমশঃ তাঁহারা আত্মার অমরত্ব স্বীকার করিলেন। হিন্দু ও বৌদ্ধদিগের উদ্দেশ্য একই। যাহাকে হিন্দুরা জীবন্মুক্তি বলেন তাহাকেই বৌদ্ধেরা নির্ব্বাণ কহেন। এই অবস্থাতেই ভবনদী পার—এই অবস্থাতেই বাহ্যজ্ঞান শূন্য ও অন্তর জ্ঞান পূর্ণ—এই অবস্থাতেই স্থূল শরীর বিগত ও সূক্ষ্ম শরীরের উদ্দীপন। পূর্ব্বে ভারতভূমি ব্রহ্মবাদিনী ও সদ্যোবধূর দ্বারা উজ্জ্বলিত হইয়াছিল; এক্ষণে স্ত্রীলোকেরা দেখিলেন, বৌদ্ধ ধর্ম্ম সম্পূর্ণ হিংসা ও দ্বেষ শূন্য, এবং অনেকেই ঐ ধর্ম্ম মতাবলম্বী হইলেন। মহা প্রজাপতি অশোক রাজার কন্যা, ও অনেক স্ত্রীলোক এই ধর্ম্মের অনুগামিনী হইলেন। তাঁহারা প্রকাশ্য স্থানে গমন করিতেন ও ব্রহ্মবাদিনীদিগের ন্যায় পুরুষের সহিত বিচার করিতেন। যখন চন্দ্রগুপ্ত রাজা ছিলেন, তখন স্ত্রীলোক পুরুষের সহিত বাহিরে যাইতেন।

মুদ্রারাক্ষসে, চন্দ্রগুপ্তের এই কথা লেখে—"নগরীয় লোকেরা আপন আপন বনিতা সঙ্গে লইয়া, আমোদার্থে বাহিরে আইসে না কেন?"

বৌদ্ধ নীতি গ্রন্থে লিখিত আছে—উত্তম স্ত্রী, মাতা, ভগিনী ও সখী স্বরূপ। লঙ্কা দ্বীপ হইতে, বৌদ্ধ নারীরা বিবাহার্থে ভারতবর্ষে জাহাজে আসিতেন।

রাণীদিগের গৃহ।

যে প্রকার গৃহে রাণীরা থাকিতেন, তাহার সবিশেষ বর্ণনা রামায়ণে পাওয়া যায়।

"কোন স্থানে শুক ও ময়ূরগণ ক্রীড়া করিতেছে, কোন স্থানে বক ও হংসগণ শব্দ করিতেছে, কোন স্থান নানাপ্রকার লতা দ্বারা পরিশোভিত হইয়াছে, কোন স্থান চম্পক ও অশোক প্রভৃতি মনোহর বৃক্ষ দ্বারা সুশোভিত হইতেছে, কোন স্থান বা নানা বর্ণরঞ্জিত চিত্র দ্বারা দীপ্তি পাইতেছে, কোন স্থান বা উৎকৃষ্ট গজদন্ত রজত ও সুবর্ণময় বেদি দ্বারা সুশোভিত হইতেছে, কোন স্থানে বা সতত বিরাজমান পুষ্পফল পরিশোভিত বৃক্ষ সকল ও মনোহর সরোবর সকল শোভা পাইতেছে, কোন স্থান বা পরমোৎকৃষ্ট হস্তিদন্ত রজত ও স্বর্ণময় আসনে এবং উত্তম উত্তম উপাদেয় অন্ন পানীয়ে সুশোভিত হইয়াছে।"

দায়াদি।

স্ত্রীলোকদিগের পক্ষে যে দায়াদি নিয়মাবলী হইয়াছিল, তাহাতে বোধ হয়, তাহাদিগের সম্পত্তি বিভাগের অংশ বড় অল্প হয় নাই। অবিবাহিতা কন্যা ভ্রাতার অংশের চতুর্থ অংশ পাইবে। তুল্যানুতুল্য মাতৃধনের বিভাগ হইবে। বিবাহিতা কন্যা ভ্রাতার অংশের চতুর্থ অংশ পাইবে। মাতা, স্বামীর বিষয় তাঁহার পুত্রের সহিত সমান অংশ পাইবে। এইরূপ কন্যা, ভগিনি, স্ত্রী, মাতা, পিতামহীদিগের মধ্যে দায়াদি সম্পত্তি বিভক্ত হইত।

স্ত্রীলোকের বিশেষ সম্পত্তি স্ত্রীধন বলিয়া গণ্য হইত। স্ত্রীলোকের ধন কেহ হরণ করিলে, ঘৃণাস্পদ হইত। যিনি স্ত্রীলোকের দ্রব্য অপহরণ অথবা তাহার প্রাণ নাশ করিতেন, তাহার প্রাণ দণ্ড হইত। অবিবাহিতা স্ত্রী অথবা বিবাহিতা স্ত্রীর চরিত্রের প্রতি, কেহ দোষারোপ করিলে দণ্ডনীয় হইত। স্ত্রীলোকের রক্ষার্থে প্রাণত্যাগ প্রশংসনীয় হইত।

চৈতন্য।

চৈতন্যের অনেক স্ত্রীশিষ্য ছিল। স্ত্রীপুরুষেরা এক বাটীতে থাকিয়া, তাঁহার নিকট শিক্ষা গ্রহণ করিতেন। চৈতন্যের শিক্ষা—ভক্তিভাবক, স্ত্রীলোকেরা ঐ শিক্ষা পাওয়াতে অনেক উপকার করিয়াছিলেন।

চৈতন্যের মাতা উচ্চ স্ত্রীলোক ছিলেন। চৈতন্য চরিতামৃতে তাঁহার এইরূপ বর্ণন আছে।

"জগন্নাথের ব্রাহ্মণী তেঁহ, মহা পতিব্রতা।
বাৎসল্যে হয়েন তেঁহ, যেন জগন্মাতা॥
রন্ধনে নিপুণা তা সম নাহি ত্রিভুবনে।
পুত্র সম স্নেহ করে সন্ন্যাসী ভোজনে॥"

উপসংহার।

আর্য্য জাতীয় মহিলাগণের পূর্ব্ব বৃত্তান্ত পাঠে স্পষ্ট বোধ হয় যে, তাহাদিগের শিক্ষা, আচার ও ব্যবহার আধ্যাত্মিক—যাহা কিছু শিখিতেন ও করিতেন তাহা ঈশ্বর ও পরলোকের প্রতি দৃষ্টি রাখিয়া করিতেন—ইহা পৌত্তলিক অথবা অপৌত্তলিক ভাবে হইতে পারে কিন্তু অন্তর অভ্যাসের ফললাভ অবশ্যই হইত। এইরূপ অভ্যাস বহুকালাবধি হওয়াতে স্ত্রীলোকদিগের হৃদয়ে নিষ্কাম ধর্ম্মানুষ্ঠান করা বদ্ধমূল হইয়াছিল। এই জন্য সহমরণ, ব্রহ্মচর্য্য, ব্রত, নিয়মাদি ও পতিপরায়ণত্ব অনুষ্ঠিত হইত। নিষ্কামভাবই আত্মার প্রকৃত বল।

"ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ এ সমুদয় অশ্রেষ্ঠ বিদ্যা, যদ্দ্বারা অবিনাশী পরমব্রহ্মের জ্ঞান প্রাপ্ত হওয়া যায়, তাহাই শ্রেষ্ঠ বিদ্যা।" গার্গীর এই উপদেশ "যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাং"—যাহার দ্বারা অমৃত তত্ত্ব না পাইব, তাহা লইয়া কি করিব? উক্ত বেদ প্রেরণা ও উপদেশ হিন্দু মহিলাগণের হৃদয়ে যেন মুদ্রাঙ্কিত হইয়াছে, বাহ্য আড়ম্বরীয় বা অনুকরণীয় শিক্ষা তাহাদিগের চিত্তে বিতৃষ্ণারূপ প্রবেশ করে ও অনাদর পূর্ব্বক গৃহীত হয়। যে উপদেশ ঐহিক ও পারত্রিক মঙ্গলজনক না হয়, যে উপদেশে ও অভ্যাসে আত্মার শান্তপ্রকৃতি উদ্দীপন করে না—সে উপদেশ ও অভ্যাস হিন্দু মহিলাগণের হৃদয়ে স্থায়ী হয় না। যেরূপ স্রোত প্রবাহিত হইয়া আসিতেছে ও অন্তর যেরূপ আধ্যাত্মিক সলিলে ধৌত হইতেছে, সেইরূপ উপদেশ না পাইলে কখনই গৃহীত হইবেক না।

বাহ্য আড়ম্বরীয় শিক্ষাতে সমাজ সুশোভন হইতে পারে; কিন্তু ঈশ্বর পরায়ণত্বের ব্যাঘাত, আত্মবলের হ্রাস ও প্রকৃতির প্রাবল্য। ঈশ্বর পরায়ণত্ব ও আত্মবলের জন্য এদেশের মহিলাগণ পূর্ব্ব হইতেই বিখ্যাত। কোন্ দেশে পতির জন্য স্ত্রীলোক অগ্নিতে গমন করে? ও সর্ব্বত্যাগী হইয়া, ব্রহ্মচর্য্য অনুষ্ঠান করে? সামাজিক বিবেচনায় ইহা যদিও প্রসিদ্ধ না হইতে পারে, কিন্তু আত্মবলের পক্ষে ইহা বিলক্ষণ প্রমাণ। আর্য্য জাতীয় মহিলাগণ! সতী, সীতা, সাবিত্রী প্রভৃতি ঈশ্বর পরায়ণা নারীদের চরিত্র সর্ব্বদা স্মরণ

কর। তাঁহাদিগের ন্যায় সম, যম, তিতিক্ষা অভ্যাস কর, ও সমাহিত হইয়া উপরতিতে পূর্ণ হও। বিষয়ানন্দ, বাসনানন্দ ত্যাগ পূর্ব্বক ধ্যানানন্দে মগ্ন হইয়া ব্রহ্মানন্দ লাভ কর। ধ্যানাৎ পরতরং নহি—ধ্যানের অপেক্ষা কিছুই শ্রেষ্ঠ নহে। ধ্যানই অন্তর যোগ। ধ্যানেতে শারীরিক ও মানসিক দুর্ব্বলতা, ও মালিন্যের বিনাশ, আত্মার উদ্দীপন ও ঈশ্বরের সহিত সংযোগ।

ভব-ভাবনা ভেবনা, ভৌতিক ভাবনা,
ভাব ভাব ভাবাতীত, যিনি নাশেন ভাবনা।

সম্পূর্ণ।



আধ্যাত্মিকা।

শ্রীপ্যারীচাঁদ মিত্র প্রণীত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, বঙ্গানিং লাইব্রেরী।

সন ১২৯৯ সাল।

BHOWANIPORE :

B. M. BOSE : SAPTAHIK SAMBAD PRESS.

1892.

PREFACE.

I was born in the year 1814 (12th July) corresponding with the Bengali era 1221 (8th Srávan). While a pupil of the Patshala at home, I found my grandmother, mother, and aunts reading Bengali books. They could write in the Bengali and keep accounts. There were no female schools then. Nor were there suitable books for the females. My wife was very fond of reading, and I could scarcely supply her with instructive books. I was thus forced to think how female education could be promoted in a substantial way. The conclusion I came to, was that unless female education were placed on a spiritual basis, it would not be productive of real good. In view to the furtherance of this end, I have been humbly working. In 1860, I wrote the Ramaranjika in Bengali, the contents of which publication are as follow: (1) On Female Education in an intellectual, moral, and industrial point of view, (2) Efficacy of maternal instruction, with notices of the mothers of Sir William Jones, Poet Gray, Bishop Hall, George Herbert, and of the influence of Queen Victoria as a mother, (3) Exemplary female benefactresses, with notices of Mrs. Fry, Margaret, Mercer, Hanna More, Florence Nightingale, Mrs. Rowe and Rosa Govana, (4) Female fortitude, with notices of Spartan mothers, Cornelia, the mother of the Grachii, Kausalya, Kunti, Sita, Draupadi, &c., (5) Spiritual Culture, (6) Government of the passions, (7) Self-examination, with notices of the modes followed by Benjamin Franklin, John Gurney and Pythagoras, (8) On truth and the Shastrical authority strongly inculcating it, (9) On the efficacy of Prayer, on Repentance, &c., (10) Duties of a faithful wife as laid down in the Shastra, (11) Biographical Sketches of distinguished Hindu faithful wives, (12) Duties of the husband, (13) On the former state of the Hindu females, considered with reference to education, marriage, &c., (14) On the Japanese women, with notice of a Japanese Lucretia, (15) A Tale showing the excellencies of a good wife, (16) On the paths of Virtue and Vice (Choice of Hercules), (17) A Tale descriptive of the holy life of a holy Hindu woman in adverse circumstances. The favorable reviews of this work by the Revd. Dr. K. M. Banerjea has been given in the "Spiritual Stray Leaves."

In 1871, I wrote the "Avedi," a spiritual novel in Bengali, in which the hero and the heroine have been described as earnest seekers after the knowledge of the soul, and how by the educa-

tion of pain they obtained spiritual light. This was followed by an article in the Calcutta Review, Vol. LV, entitled "The Development of the Female Mind in India," in which I described the condition of Hindu females during the Vedic and post-Vedic periods, and shewed that their education was thoroughly moral and spiritual, although the classes of females, except the Brahmabádinis, who never married but devoted themselves to the study of the Soul and God, acquired a knowledge of different sciences and arts ; that our females were treated with the highest respect, and that they moved in society. This article was considerably revised, and published in the "Spiritual Stray Leaves," entitled "Culture of Hindu Females in Ancient Times," in which it has been shewn, among other things, that they selected their husbands when they arrived at the marriageable state, and their marriage was more the marriage of souls than the marriage of flesh. I then published a work in Bengali entitled "এতদ্দেশীয় স্ত্রীলোকদিগের পূর্ব্বাবস্থা" (Condition of Females in ancient times), in which I have given biographical sketches of exemplary Hindu females, and how they attained a holy and pure life, drawing the attention of the present generation to the promotion of spiritual culture.

I beg now to present another work intended specially for the Hindu fair sex, entitled "Adhyatmika," in the form of a novel, the contents of which are as follow ; (1) The excellence of female education consisting in the development of the soul, (2) Directions for the development of the soul by pure meditation and Yoga culture, (3) Life of purity and communion with God can only be the result of the soul-state, (4) Powers of the soul, internal lucidity, clairvoyance and magnetism as being curative of diseases, (5 Conversation of females on female education, social and spiritual, (6) Study of Astronomy calculated to elevate the mind, (7) Directions for the Yoga culture, (8) Humanity to the Brute creation, (9) The death of the Heroine's mother, Her father's adverse circumstances, His death and what she did while in poverty, Her uncommon self-abnegation, serenity and death, (10) On educated natives, Hindu Music, Panchayet and other mundane subjects, (11) The conversation and manners of different classes of people in different circumstances which have been portrayed in different styles, and which may perhaps be useful to foreigners, wishing to acquire a colloquial knowledge of the Bengali language.

1880. PEARY CHAND MITTRA.

আধ্যাত্মিকা।

প্রথম পরিচ্ছেদ।

আধ্যাত্মিকার জন্ম।

হরদেব তর্কালঙ্কার ও তাঁহার পত্নী বারাণসীতে বাস করিতেন। তাঁহাদিগের ধর্ম্মকর্ম্মে সর্ব্বদা অনুরাগ, শাস্ত্র আলোচনা, পণ্ডিতদিগের সহিত সহবাস, দুঃখী দরিদ্র লোকের দুঃখ বিমোচন ও পূজা আহ্নিক জপতপে দিবারাত্রি কাল অতিবাহিত হইত। তাঁহারা ত্রিসন্ধ্যা গায়ত্রী পাঠ ও ধ্যানে মগ্ন থাকিতেন। বিষয়বিভব প্রচুর কিন্তু বিষয়বাসনাশূন্য। বাটীর সম্মুখে, পার্শ্বে ও পশ্চাতে প্রশস্ত ভূমি ছিল, তাহাতে অনেক গোপাল, ছাগপাল, মেষপাল ও মহিষপাল থাকিত। মাঠে গো, ছাগ, মেষ ও মহিষ চরিত। সম্মুখে সরোবর, তাহার স্নিগ্ধবারি মনুষ্য ও পশু সকল পান করিত। এতদ্ব্যতীত তর্কালঙ্কারের অন্যান্য স্থানে জমিদারী ছিল। তাঁহার আয় অল্প নহে। কিন্তু ব্রাহ্মণ ও ব্রাহ্মণীর মনঃপীড়া এই যে সন্তান নাই, বিষয়াদিকে ভোগ করিবে। আচার্য্য, দৈবজ্ঞ ও জ্যোতিষ্‌বেত্তাদিগের সহিত পরামর্শ করিয়া যাগযজ্ঞ করিতে লাগিলেন। কিয়ৎকাল পরে ব্রাহ্মণী অন্তঃসত্ত্বা হইলেন। তর্কালঙ্কার পত্নীর সহিত সর্ব্বদা সহবাস করেন, তাঁহাকে আপনার প্রাণ অপেক্ষা ভালবাসেন। মনুষ্যজন্মে নিরন্তর সুখ নাই, সকলই উপর্য্যুপরি, ক্ষণিক, তরঙ্গবৎ। তর্কালঙ্কার ভাবিতে লাগিলেন—এই সাধ্বী স্ত্রী, যাহার হৃদয় ও আমার হৃদয় এক, ইনি যদি প্রসবকালে লোকান্তর যান তবে এই সম্পদে বিপদ ঘটিবে। অথবা যদি পুত্র প্রসব না করেন তবে বংশের নাম কিরূপে রক্ষিত হইবে; এইরূপে নির্জ্জনে বসিয়া ভাবেন। তাঁহার বনিতা তাঁহার বদন ম্লান দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "স্বামিন্! আপনাকে চিন্তিত দেখিতেছি কেন?" তর্কালঙ্কার অন্তরের কথা ব্যক্ত করিলেন। ব্রাহ্মণী বলিলেন—"এ জীবনের এইরূপই অবস্থা, কিন্তু আপনি বিজ্ঞ ও সাধুজ্ঞানী, আপনার কর্ত্তব্য যে বাহ্য ঘটনা হইতে আপন আত্মাকে অতীত করা; আর দেখুন যদি আপনাকে রাখিয়া আমি লোকান্তরে গমন করিতে পারি, তাহা হইলে আমার স্বর্গীয় মৃত্যু হইবে। পুত্র ও কন্যাকে সমভাবে দেখিবেন, হয়তো এক কন্যার সম সাত পুত্র হয় না। যে সন্তান সর্ব্বাবস্থায় ঈশ্বরপরায়ণ, সেই কুলপাবন সন্তান ও সেই সন্তান বংশ উজ্জ্বল, দেশ উজ্জ্বল ও পৃথিবী উজ্জ্বল করে।"

স্ত্রীর প্রবোধবাক্য শুনিয়া ব্রাহ্মণের যেন আভাষ চৈতন্য কূটস্থ চৈতন্যতে বিলীন হইল।

পল্লিতে অনেক আত্মীয় বন্ধুবান্ধব ছিলেন, তাঁহাদিগের বনিতা, কন্যা ও পুত্রবধূরা সকলেই ব্রাহ্মণীর নিকট সর্ব্বদা আসিতেছেন। ব্রাহ্মণীকে পূর্ণগর্ভা দেখিয়া তাঁহারা উত্তম উত্তম খাদ্যদ্রব্য আনিয়া বলিতেন, "আমরা সকলে তোমার গুণে বশীভূত, স্নেহ-উপহার স্বরূপ আমরা কিঞ্চিৎ কিঞ্চিৎ খাদ্যদ্রব্য আনিয়াছি, অনুগ্রহপূর্ব্বক গ্রহণ করুন। তোমার চরিত্র আমরা স্ব স্ব গৃহে ভাবিয়া পুলকিত হই, তুমি ধনাঢ্য ব্যক্তির গেহিনী বলিয়া তোমার নিকট আসি নাই, তুমি যে নিষ্কামচিত্তে পরদুঃখে দুঃখী ও পরসুখে সুখী এজন্য তুমি জগৎকে আকর্ষণ কর।" ব্রাহ্মণী নম্রতা-ভাসমান-মুখ অধঃ করিয়া থাকিলেন। বাটীর নিকটস্থ ভূমিতে যে সকল প্রজা বাস করিত, তাহারা সকলে উল্লাসিত হইল, এত দিনের পর জমিদারের এক পুত্র হইবে—কি আনন্দ!

ক্রমে দশ মাস উপস্থিত, প্রসববেদনা আরম্ভ হইলে ব্রাহ্মণী সূতিকাগৃহে গমন করিলেন। দৌবারিকেরা বন্দুকে বারুদ পুরিয়া খাড়া হইল, নাগারা ও দামামা বাজিতে লাগিল, তুরি ভেরী হস্তে করিয়া বাদকেরা উপস্থিত। জগঝম্প লম্ফ করতঃ ভূমিকম্প করাইতে লাগিল। বিভাষ রাগিণী দ্বারা রোসনচৌকী প্রকাশ হইল। ঢুলি ঢোলের চাটিতে কর্ণকুহর বধির করিল। হিজড়ারা নৃত্য গানে মত্ত হইল। এদিকে ভাট, বন্দী, বেও, ভিখারিতে বাটী পূর্ণ হইল। আনন্দের ও উল্লাসের স্রোত বহিতেছে। তর্কালঙ্কার সব দেখিতেছেন, যাঁহাকে সর্ব্বাবস্থায় ভাবিতে হয়, তাঁহাকেই ভাবিতেছেন। এমন সময়ে "ওগো মেয়ে হয়েছে, মেয়ে হয়েছে," কিঙ্করীরা এই শব্দ করিতে লাগিল। তর্কালঙ্কার সমভাবে থাকিলেন ও সকল লোককে বিদায় করিয়া দিয়া, কন্যা ক দেখিয়া বিমোহিত হইলেন ও বলিলেন, "গেহিনি! জগদীশ্বর যে রত্ন আমাদিগকে দিলেন, ইহা হইতে অসীম সুখ লাভ করিব।"

দ্বিতীয় পরিচ্ছেদ।

ঢুলিদিগের উল্লাস।

তর্কালঙ্কারের অনেক ঢুলি প্রজা। পরদিন তাহারা বৈকালে তাড়ি খাইয়া জমিদারের বাটীতে আসিল। কার্য্য কারণে হয়, কারণ বশতঃই উল্লাস।

একজন ঢুলি। (বাজাচ্যে)—"বিড়াল বাহিনী ষষ্ঠিরূপিণী আপনি মনসা। প্রতি ঘরে ঘরে ছেলে খাবার ডাইনী তুমি ষষ্ঠিরূপিণী।"

দ্বিতীয় ঢুলি। "ময়রাদের মকুন্দমোয়া হালুয়ের সকের পুয়া, খোট্টাদের খাস্তার কচুরি। যত ফকির ফোকরা মক্কা যারা যায় মাবে ফক্কা ফুলরি।"

তৃতীয় ঢুলি। "বেগুণে সাতগেছে, বেগুণে সাতগেছে, সাতগেছে বেগুণে।"

চতুর্থ ঢুলি। "টেংরা মাছের তিন খানি কাঁটা, টেংরা মাছের তিন খানি কাঁটা, ভেটকি মাছের পোঁটা, দাদা ভেটকি মাছের পোঁটা।"

পঞ্চম ঢুলি। "কলাছড়া চণ্ডীতলা, কলাছড়া চণ্ডীতলা। সকল ঢুলি আমার ডালপালা"-এই বলিবামাত্রেই সকলে বিবাদ করতঃ মারামারি করিতে লাগিল।

উল্লাস অবস্থার এইরূপ গতি, অনেকেই অতিশয় আত্মীয়ভাবে ও গদগদ প্রেমে গান করিতে আরম্ভ করে কিন্তু অহংতত্ত্বের উপর ঘা পড়িলে অথবা বাহ্য বিষয়ক কোন গোলযোগ হইলে, মহামারী উপস্থিত হয়।

তৃতীয় পরিচ্ছেদ।

বৈঠকী আলাপ—হরদেবের কন্যার জন্ম।

বরুণার নিকটে একটী রম্যস্থান। চতুর্দ্দিকে কদম্ব, বট, শেফালিকা, চাঁপা ও ইংরাজী নানাজাতীয় পুষ্পবৃক্ষ ও লতাতে সুশোভিত। মধ্যে মধ্যে দয়েল, শ্যামা, বুলবুলপোস্তা ও বৌকথাকয়ের ধ্বনি হইতেছে। বৈকালে অনেক সুশিক্ষিত ব্যক্তি ঐ স্থানে আসিয়া উপবেশনপূর্ব্বক নানাপ্রকার গাল গল্প, ঘোষ গল্প ও দেশ সম্বন্ধীয় ও রাজ্য সম্বন্ধীয় আলাপ করেন। তাহাদিগের মধ্যে বনওয়ারীলাল বন্দ্যোপাধ্যায় বড় আমুদে লোক। তাঁহার পেট গণেশের ন্যায়, বদন কার্ত্তিকের ন্যায়। ব্যঙ্গচ্ছলে সকলে তাঁহাকে "আস্তে আজ্ঞা হউক গতির্মম" বলিয়া সম্বোধন করিত, ও এইরূপ সম্ভাষিত হইলে তাঁহার হাসি মুখে না ধরিয়া ভুঁড়িতে গড়াইয়া পড়িত। এই কৌতুক দেখিবার জন্য প্রত্যেকে তাঁহাকে "আস্তে আজ্ঞা হউক গতির্মম" বলিত। এই রহস্য তেজোহীন হইয়া পড়িলে অন্যান্য আলাপ আরম্ভ হইত।

ক। "হরদেব শর্ম্মার একটী কন্যা হইয়াছে, ব্রাহ্মণ ধনাঢ্য বটে, কিন্তু কাহারও মন্দকারী নহেন, অনেকের উপকার করেন। অনেকেই অর্থবলে অন্যের পীড়াদায়ক হয়েন।"

খ। "কন্যা সন্তান কি সন্তান! এর পরে এক ছোঁড়াকে এনে ঘরজামাই ক'র্‌তে হবে। কোন তেজীয়ান লোকের ছেলে ঘরজামাই হবে না। সুতরাং কোন না কোন বাঁদিবাচ্ছাকে ধনলোভ দেখাইয়া কিনিয়া আনিতে হইবে। তার ছেলেপুলে পিতৃবংশ দোষে অন্তরে বীর্য্যবান হইবে না। বাঘের বাচ্ছাই বাঘ হয়।"

গ। "কন্যার কিরূপ বিবাহ হইবে তাহাকে বলিতে পারে? কন্যা ব্রহ্মবাদিনীদিগের ন্যায় বিবাহ না করিতে পারেন। ধর্ম্ম ও জ্ঞানসুধা পান করিয়া জীবন যাপন করিতে পারেন।"

ঘ। "ওমা আইবড় বাম্‌নী! জন্মালেই বিবাহ করিতে হইবে। বিবাহ না করিলে সন্তান উৎপন্ন কিরূপে হইবে? কি বলেন গতির্মম?"

গতির্মম বদনের হাস্য ভুঁড়িতে গড়াইয়া দিয়া শরীর কম্পবান করতঃ বলিলেন—"তা বটে তো।"

এইরূপ কথাবার্ত্তা হইতেছে ইতিমধ্যে একজন আসিয়া বলিল, "গোটা চারি মহিষ এই দিকে দৌড়ে আসিতেছে, আপনারা সাবধান হউন।" এই শুনিয়া সকলে উঠিয়া "আস্তে আজ্ঞা হউক গতির্মম এখন তোমার গতি করি আইস" বলিয়া তাঁহাকে উঠাইয়া গৃহমধ্যে লইয়া গেলেন।

চতুর্থ পরিচ্ছেদ।

যোগিনীর অদ্ভুত কথা।

বসন্তকাল, মলয়ানিল মন্দ মন্দ বহিতেছে, বৃক্ষলতা ও গুল্ম যেন নব যৌবন পাইয়া কুসমকলির সৌন্দর্য্যের নব অবস্থা প্রকাশ করিতেছে। সদ্‌গুণ অনেক দূর ব্যাপক, সদ্গন্ধও সেইরূপ। বসন্ত প্রকৃত ঋতুরাজ! কিবা প্রাতঃসমীরণ—কিবা মধ্যাহ্ন-মাধুর্য্য—কিবা বৈকালিকবিহারদায়িনী। জগদানন্দ ও দুর্গানন্দ দুই ভ্রাতা অশ্বারূঢ় হইয়া হিমালয়স্থ এক দেশে গমন করিতেছেন। ঘোড়ার পায়ের টপ্‌টপ্ শব্দ—পৃষ্ঠে চাবুকের চটাপট্, চাল কখন ছারতক, কখন দুল্‌কি। ভ্রাতাদ্বয় যত যান তত আরও যাওনের ইচ্ছা বৃদ্ধি হয়। দুই দিক্ দৃষ্টি করেন, কেবল মাঠ, স্থানে স্থানে শুষ্ক তরু, স্থানে স্থানে কুটীর। স্থানে স্থানে কৃষক ভূমিকর্ষণ করিতেছে, স্থানে স্থানে যাবতীয় অঙ্গনারা ছিন্ন ও মলিন বস্ত্রপরিধানা এলোকেশী, কক্ষে শিশু, মস্তকে বোঝা লইয়া যাইতেছে। এরূপ অবস্থাতে ইচ্ছা ও সহিষ্ণুতার বৃদ্ধি। এরূপ অবস্থাতেও সহিষ্ণুতার তারতম্য। যাহার যত ধৈর্য্য, তাহার তত সহিষ্ণুতা ও যাহার যত সহিষ্ণুতা তাহার তত জয়।

দেখিতে দেখিতে আকাশের নীল মুখাবরণ ঘনমেঘে আচ্ছাদিত হইল। মন্দ মন্দ বায়ু যেন উল্‌বন প্রাপ্ত হইল। পবনসহকারে ধূলি উৎপাতিত হইয়া নিরন্তর স্রোতের ন্যায় চতুর্দ্দিকে বর্ষিতে লাগিল। বৃষ্টি ও শিল বেগে পড়িতে আরম্ভ হইল। ছোট ভ্রাতা বলিলেন—"দাদা আর এগনো ভাব, এখানে বসতি নাই কি করা যায়?" দুই ভ্রাতা ঘোড়া থামাইয়া চক্ষুর ধূলি পুঁছিতেছেন ও উপায় ভাবিতেছেন। ইত্যবসরে এক ফকির অতি ক্লেশে গমন করিতেছে—হাসিয়া বলিল, "কেঁও বাবু সাহেব এ দুনাই এস্‌মাফিক —এই আরাম এই ব্যারাম—এই সুখ—এই দুঃখ, এই আলো এই আঁধার। এস্ দুনিয়ামে বহুত টণ্টা, বখেড়া, ঝগড়া ও ঝমেলা। এই বুঁন্দো জেস দরিয়া কি. সব মোজসে ওহা মেল যায়েঙ্গে। হাম দেখ্‌তা তোম লোক্‌কো যানা বড় মুস্কিল। আও এক সুড়ঙ্গ হেও ওহি যাকরকে রহ।" এই বলিয়া ফকির মিয়া মল্লার গাইতে গাইতে চলিল। অজস্র ধারা বর্ষিত হইতে

লাগিল, দুই ভ্রাতা বৃষ্টিতে সিক্ত, মন্দগতিতে গমন করতঃ কিঞ্চিদ্দূরে দেখিলেন, এক গহ্বর তথা দিয়া নিম্নে যাওয়া যায়। দুই বৃক্ষে দুই অশ্ব বাঁধিয়া দুই ভ্রাতা ঐ সুড়ঙ্গের ভিতর গমন করিলেন। যাইতে যাইতে দেখেন, একটী প্রস্তরনির্ম্মিত গৃহে এক যোগিনী বসিয়া ধ্যান করিতেছে, সম্মুখে একটী প্রদীপ। দুই ভ্রাতা কিয়ৎকাল বসিলে যোগিনী নয়ন উন্মীলন করতঃ জিজ্ঞাসা করলেন, "আপনারা কে?" ভ্রাতাদ্বয় পরিচয় দিলে যোগিনী অগ্নি সম্মুখে দিয়া নূতন বস্ত্র আনিয়া দিলেন। পরে ফলমূল ও স্নিগ্ধ বারি দিয়া তাহাদিগের স্বচ্ছন্দ করিলেন। ভ্রাতাদ্বয় শ্রান্তি দূর করিয়া জিজ্ঞাসা করিলেন, "মা! তুমি কে?" যোগিনী বলিলেন, "আমি এক ক্ষত্রিয়ের কন্যা, বাটী বিরামপুর। কিশোরকাল অবধি শাস্ত্র জানিবার পিপাসা, আমার সহিত একজন ক্ষত্রিয়পুত্র অধ্যয়ন করিতেন, আমাদিগের দুই জনের চিত্ত একরূপ ছিল। কিরূপে ঈশ্বর-জ্ঞান লাভ করিতে পারি এই বাসনায় আমরা দুই জনেই মগ্ন থাকিতাম। সমভাব, সমপ্রবৃত্তি, সমপিপাসা হেতু আমাদিগের পরস্পর প্রণয় জন্মিল। কিছুদিন পরে আমরা বলাবলি করিলাম যে স্থলে আমাদিগের সম উপরতি, সে স্থলে বৈবাহিক বন্ধনে সে উপরতির বৃদ্ধি হইবে। পরে পিতামাতার অনুমতি প্রদত্ত হইলে আমাদিগের বিবাহ ধার্য্য হইল। যে রাত্রে বিবাহ হইবে সেই রাত্রে বরের সর্পাঘাতে প্রাণবিয়োগ হয়। পিতামাতা আমার জন্য শোকান্বিত হইলেন, আমি ঈশ্বরধ্যানে মগ্ন হইয়া ধৈর্য্য অবলম্বন করিয়া থাকিলাম, কিয়ৎকাল পরে পিতামাতার কাল হইল। আমি বিবেচনা করিলাম যে, এ সংসার হলাহলসমুদ্র, কেবল নির্ব্বাণমুক্তিদ্বারা পরিত্রাণ; অতএব গৃহাশ্রম আমার উপযোগী নহে। অনেক অন্বেষণ করতঃ এই স্থানটুকু পাইয়াছি। সমস্ত দিবারাত্রি পূর্ণব্রহ্মকে ধ্যানে আন্তরিক ধ্যানানন্দসুধা পান করি। আহারীয়, পানীয় ও প্রয়োজনীয় বস্তুর আবশ্যক হইলে প্রাপ্ত হওয়া যায়। বাবা! বাহ্যজ্ঞানশূন্য না হইলে অন্তরজ্ঞান লাভ হয় না। বাহ্যজ্ঞান ইন্দ্রিয়সংযুক্ত জ্ঞান। অন্তরজ্ঞান আত্মজ্ঞান। আমি দেখিতেছি—কাশীতে এক ব্রাহ্মণের একটী কন্যা হইয়াছে—সেই কন্যা আধ্যাত্মিক জ্ঞানে বিখ্যাত হইবে।"

ভ্রাতাদ্বয় যোগিনীকে অভিবাদন ও ধন্যবাদ দিয়া বিদায় লইলেন। পরদিন সূর্য্য উদয় হইয়া জগৎকে আলোকিত করিল—অন্ধকার নাই, বৃষ্টি নাই, ঝড় নাই, শীলা নাই। এই বাহ্য রাজ্যে নানাত্ব—অন্তর রাজ্যে একত্ব—ন দিবা ন রাত্র—একই অশেষ কাল।

পঞ্চম পরিচ্ছেদ।

আধ্যাত্মিকার শৈশবাবস্থা ও নামকরণ।

কন্যাটীর জন্মের পর আত্মীয়বর্গ ক্রমে তর্কালঙ্কারের বাটীতে আসিয়া তাঁহার দুহিতাকে দেখিয়া সাতিশয় তুষ্ট হইলেন। কন্যাটী শান্তমূর্ত্তি, অন্যান্য বালিকার ন্যায় রোদন করে না, ওষ্ঠে মৃদু হাস্য সর্ব্বদাই ভাসমান। জোতিষবেত্তারা গণনা করিয়া কহিলেন, "তর্কালঙ্কারের এই কন্যাটী ঈশ্বরপরায়ণা হইবেন, ইনি ঈশ্বরধ্যানেতে ও নিষ্কাম কার্য্যেতে নিমগ্ন থাকিবেন।" সভাস্থ একজন জিজ্ঞাসা করিল, "ভাল দেখিতেছি সকল বালক বালিকার সমান প্রকৃত হয় না, সমান বুদ্ধি হয় না, সমান প্রবৃত্তি হয় না। ইহার কারণ কি? আত্মার কি পুনর্জন্ম হয়? জীব মরিলে তাহার আত্মা সংশোধনার্থে পুনরায় কি জন্মগ্রহণ করে? নতুবা চরিত্রের এত বিভিন্নতা কেন?" একজন পণ্ডিত বলিলেন, "আমাদের শাস্ত্রে পুনর্জন্ম লেখে; তবে এখানে যাহারা যোগবলের দ্বারা প্রকৃতশূন্য হইতে পারে তাহারা ব্রহ্মলোকে গমন করে, তাহাদিগের জন্ম আর হয় না; দর্শন-শাস্ত্রে, পুরাণে ও অন্যান্য গ্রন্থে ইহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়।" এক-জন গণককার বলিল, "কন্যাটীর গালের উপর একটী তিল আছে, ঐ তিলটী শুভ লক্ষণ" সকলে কন্যাটীকে আশীর্ব্বাদ করিয়া গৃহে গমন করিল। এদিকে তর্কালঙ্কার ও তাহার পত্নী পরস্পর বলাবলি করিতে লাগিলেন, "এই কন্যাটী পাইয়া যেন পরম ধন লাভ করিয়াছি, ইহার মুখ কোমল, হেরিলে সর্ব্বচিন্তা দূরে যায়।" কন্যাটী উত্তম লালনপালনের দ্বারা সুন্দররূপে বর্দ্ধিত হইতে লাগিল। পিতামাতা নির্জ্জনে বসিয়া ভাবিতেছেন কি নাম রাখিবেন। ভগবতীর যত নাম আছে তাহা উল্লিখিত হইল; ধূমাবতী ও ছিন্ন মস্তা শুনিয়া ব্রাহ্মণী শিহরিয়া উঠিলেন। পরে লক্ষ্মীর যত নাম আছে তাহাও উল্লিখিত হইল, রাধিকার সকল সখীর নাম বলিতে বলিতে তুষবিদ্যাধরীর নামে ব্রাহ্মণী খিল্‌খিল্ করিয়া হাসিয়া উঠিলেন। ব্রাহ্মণ বলিলেন, "আমি হার মানিলাম এক্ষণে তুমি বল।" ব্রাহ্মণী চিন্তা করিতে লাগিলেন ও কেহ যেন তাঁহাকে বলিয়া দিল, "ইহার নাম আধ্যাত্মিকা রাখ।" ব্রাহ্মণী বলিলেন, "আমি ভাবিতেছিলাম অন্তরে দৈববাণী স্বরূপ শুনিলাম, ইহার নাম আধ্যাত্মিকা রাখ।" ব্রাহ্মণ শুনিয়া চমৎকৃত হইলেন।

স্ত্রীপুরুষে কন্যাটীর মুখ অবলোকন করিয়া দেখেন যে, চক্ষু ঊর্দ্ধদৃষ্টি ক'রে সূর্য্য, চন্দ্র, তারা, উড্ডিয়মান পক্ষী প্রজাপতি এই সকল দেখিতে ভালবাসে। হাতে চুসি কিম্বা খেলনা দিলে ফেলিয়া দেয়। কান্না প্রায় নাই, হাস্যই সর্ব্বদা। তর্কালঙ্কার বলিলেন, "মুখখানি মানব মুখ নহে—দেবমুখস্বরূপ, অনেক স্ত্রীলোকের বদন হাবভাবে পূর্ণ থাকে, কিন্তু শান্তির ছবি পাওয়া

দুর্লভ। কি কারণে স্বভাবের তারতম্য—উগ্রতা ও কোমলতা তাহা বলা বড় কঠিন। কোন কোন দুরাচারের কন্যাও নির্ম্মলা হয় ও কোন কোন ধার্ম্মিকের কন্যা তমোগুণে আচ্ছন্ন থাকে। এজন্য পূর্ব্বজন্ম মানিতে হয়, অথবা জন্মকালীন পিতামাতার সাত্ত্বিক অবস্থা।"

ষষ্ঠ পরিচ্ছেদ।

বৈঠকী কথা—ধর্ম্মভাব ও পতিব্রতা।

বাবরা বৃক্ষের ছায়াতলে সকলে উপবেশন করিয়াছেন ও সকলেই প্রণাম পুরঃসর বলিতেছেন, "আস্তে আজ্ঞা হউক গতির্ম্মম।" ও গতির্ম্মমর হাসি দন্তর মোতরবেক নিম্নগামী হইয়া ভুঁড়ির উপরি ঢেউ খেলিতে লাগিল। এমতি সময়ে এক কৃষক গান করিয়া গৃহে যাইতেছে, শ্রান্তি হ্রাস করিবার জন্য গান করিতেছে "বাঁচিত বসন পাব, বাস্ত পাব পুনরায়। যৌবন জনমের মত যায়, সে তো আশাপথ নাহি চায়" আর একজন কৃষক গান করিতে করিতে যাইতেছে,—"ওরে প্রেম কি যাচলে মেলে, খুজলে মেলে, সে আপনি উদয় হয় শুভযোগ পেলে"

ক। প্রথম গানটি তুমি বুঝ—"যৌবন জনমের মত যায়" ইহার অর্থ "গহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ।" সমস্ত জীবনটা বার্থ কার্য্যে কাটাই—মরিবার সময়ে পাপ ভয়ে অথবা স্বর্গলোভার্থে যৎকিঞ্চিৎ দানধ্যান করিয়া থাকি।

খ। আরে ভাই! পেটের ভাবনা ভাবতে ভাবতে প্রাণটা গেল। খাদ্যদ্রব্যাদি কি দুর্ম্মূল্য! দুবেলা দুমুটা কেমন করে খাই—অমূল্য ঈশ্বরকে কেবল একবার নাম মাত্র জপি।

গ। তা নয়। যে ব্যক্তি ঈশ্বর-রস জানিয়াছে, সে ঈশ্বর ভিন্ন সবলই নীরস দেখে। অন্তর অভ্যাস যেরূপ কর সেইরূপ অবস্থা প্রাপ্ত হয়।

ঘ। প্রেম আপনি উদয় হয়, শুভযোগ পেলে—ইহার সিদ্ধান্ত কি কর?

ক। প্রেমটি আত্মপ্রসাদ। কোন কোন স্থলে আত্মার আনন্দ হঠাৎ প্রকাশিত হয়—সে প্রেম অতি দুর্লভ, সামান্য প্রেম তানপুরার তারের ন্যায় বেঁধে দিলে মেও মেও করে, তারের জোর কম হইলে প্রেমের জোর কম হইয়া আইসে। গতির্ম্মম কি বলেন?

গতির্ম্মম। সামান্য প্রেম, বিদ্যুতীয় প্রেম, ক্ষণিক প্রেম, তাসা তাতানোর ন্যায়।

এক মাগি পেয়ারাওয়ালী গানকরিয়া যাইতেছে,—

"আর মনের মন যদি পাও প্রাণ সঁপ ধন তারে।
এক শঠের সঙ্গে করে প্রীতি মজবে ধনী ফেরে।"

ও পেয়ারাওয়ালি, তোমার কপয়সার পেয়ারা আছে? এদিকে এস, বাবুরা পেয়ারাওয়ালীর নিকট হইতে সকল পেয়ারা খরিদ করিয়া লইয়া বলিলেন, "ঐ গানটি আবার গাও।" গান গাওয়া সাঙ্গ হইলে তাহারা জিজ্ঞাসা করিল, "তুমি কি রকম লোকে মন প্রাণ সঁপেছ?" ঐ স্ত্রীলোক বলিল, "আমি তিনি ভিন্ন অন্য পুরুষ জানি না, ও তিনি আমা ভিন্ন অন্য স্ত্রীলোক জানেন না। তিনি বুড়া হইয়াছেন, এই জন্য তাঁহাকে কাজ করতে দিই না, আমি বলি, আমার তো গতর আছে, আমি গতর খাটিয়ে তোমাকে এক মুট খাওয়াব। এখন বাড়ী গিয়া একমুট রেঁদে আমরা দুই জনে খাব।" বাবুরা তাঁহার কথা শুনিয়া চারি আনা ভিক্ষা দিলেন, ও বলাবলি করিতে লাগিলেন ছোট জেতের মধ্যে এরূপ দেখিলে বড়ই আনন্দ হয়।

গ। এই ভারত-ভূমিতে পাতিব্রত্য ধর্ম্ম যেরূপ বদ্ধমূল এমত আর কোন দেশে নাই। এদেশে পতি জীবিত অবস্থায় সাকার পতি, মৃত্যু হইলে নিরাকার পতি। ব্রহ্মচর্য্য অভ্যাসে সেই পতিকে হৃদয়ে জাগ্রত করা ও নিরাকার রাজ্য ও নির্ব্বিকার রাজ্যেশ্বরকে ধ্যান করাই ব্রহ্মচর্য্য।

এক জন মিশীওয়ালি গান গাইতে গাইতে যাচ্ছে,—

"ঘনরা মোরাষা সিহরে ছা।"

ক। ও ঘনরা মোরাষা এখানে এস। তুমি কি মুসলমানী? মিশীওয়ালি বলিল, "হাঁ বাবা! প্যাটের জ্বালায় মিশী বেচে খাই।"

খ। তোমার কি খসম আছে? মিসিওয়ালি বলিল,—"মোকে পহলা যে সাদি করে তেনার ফৌত হয়েছে। এখন যে আমার খামিদ তেনা মোকে নিকা করেছে।"

ক। তোমার সাবেক খসমের জন্য দুঃখ হয় না?

মিসিওয়ালি। দুঃখ করে কি করব?—প্যাট আছে, দুনিয়াদারী আছে।

খ। মরলে যে পরে কোথা যাবে তা বড় তোমরা ভাব না? "তা ভেবে কি করব? প্যাট ভেবে ভেবে সারা হই," এই বলিয়া সে চলিয়া গেল।

ক। মুসলমানদিগের ইন্দ্রিয়-সুখ অধিক, তাহাদিগের স্ত্রীলোকদিগের শিক্ষা ভিন্ন প্রকার, পারলৌকিক ভাব অল্প। উহারা রোজাতে উপবাস করে, কিন্তু উহাদিগের স্বর্গ ইন্দ্রিয়-সুখ-সংযুক্ত। আমাদিগের স্বর্গ বিমল-আনন্দ-ব্যাপক।

সপ্তম পরিচ্ছেদ।

আধ্যাত্মিকার বাল্যশিক্ষা।

আধ্যাত্মিকার পঞ্চবর্ষ বয়ঃক্রম হইলে তাহার শিক্ষার্থে একজন পণ্ডিত নিযুক্ত হইল। দুই তিন বৎসরের মধ্যে ব্যাকরণ, ধাতুপাঠ, ভট্টি প্রভৃতি

পঠিত হইল। অধ্যাপক নানা শাস্ত্রদর্শী এবং শিক্ষার প্রণালী ও কৌশলে নিপুণ। তিনি দেখিলেন বালিকার মেধা ও বুদ্ধি বিজাতীয়। যাহা পাঠ করে তাহার শব্দে মনোনিবেশ না করিয়া তাৎপর্য্য যেন লুপে লয়। অধ্যাপক ব্যাখ্যা করেন তাহা ক্লাস হইতে না হইতে বালিকা দুই একটী কথায় সুন্দররূপে সার অর্থ প্রকাশ করে। অধ্যাপক মনে করেন, এ মেয়েটি অসামান্য, অসার ত্যাগ করিয়া সার গ্রহণ করে, এবং কখন কখন এমনি ভাব প্রকাশ করে যে, পণ্ডিতের চেয়েও উচ্চ ও নূতন ভাবে ভাবিত হয়। পঠিত বিদ্যা একপ্রকার ও অন্তরের আলোক উদ্ভাবিত জ্ঞান আর এক প্রকার। বাসায় যাইয়া অধ্যাপক ভাবেন, আমরা বড়িপোড়া ভাত খাইয়া টোলে পড়িয়া অনেক ক্লেশে বিদ্যা শিখিয়াছি, হয় ত সমস্ত রাত্রি জাগিয়া স্মরণ রাখিবার জন্য এক পাঠ সহস্রবার আওড়েছি, কিন্তু এ মেয়েটির একবার পড়িলেই স্মরণ থাকে। কোন কোন গ্রন্থে প্রকৃত অর্থ জানিবার জন্য দুই চারি সুবিজ্ঞ পণ্ডিতের নিকট হইতে সার সংগ্রহ করিয়া যাহা উৎকৃষ্ট বোধ হইত তাহা গ্রহণ করিতাম। সেই সকল অর্থ আমি বলিতে না বলিতে এই মেয়েটি আপনি ব্যক্ত করে। ইনি যাহা পাঠ করেন তাহা মস্তিষ্কে না রাখিয়া বিবেকশক্তির অধীন করিয়া কার্য্য কারণ চিন্তা করেন—বাহ্য মনোহর বিষয়ে আক্রান্ত হয়েন না। শান্ত হইয়া অন্তর ভাবনায় ভাবিত। আমরা যাহা পড়িতাম তাহা প্রায় মুখস্থ করিতাম, কেবল স্মরণশক্তিরই চালনা করিতাম। কি আশ্চর্য্য! ইহার নিগূঢ় তত্ত্ব জানিতে হইবে। কিছুদিন গত হইলে অধ্যাপক বালিকাকে জিজ্ঞাসা করিলেন—"মা! তুমি আমার নিকট শিক্ষা করিতেছ, কিন্তু সারজ্ঞান তুমি আমা হইতে জান নাই—আমি যাহা বলি তাহা হইতে তুমি উৎকৃষ্ট রূপে বল, এ শিক্ষা ত আমার নিকট হইতে হয় নাই।" আধ্যাত্মিকার বদন নম্রতার মধুরতায় পূর্ণ হইল, জোড়হাতে বলিলেন—

"অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

"আমি আপনার কন্যা, শিষ্যা, কিঙ্করী; আমি আপনার পদতলে পড়িয়া রহিয়াছি। আপনা অপেক্ষা অধিক কি জানিব?" অধ্যাপকের অশ্রুপাত হইতে লাগিল ও কন্যাটির মস্তকে হস্ত দিয়া আশীর্ব্বাদ করিয়া গৃহে গমন করিলেন।

অষ্টম পরিচ্ছেদ।

আধ্যাত্মিকা কিরূপে নিযুক্ত থাকিতেন।

প্রত্যূষে উঠিয়া পিতামাতার চরণ বন্দন করতঃ স্থানান্তরে যাইয়া পিতা কর্ত্তৃক দীক্ষিত গায়ত্রী জপ পূর্ব্বক ধ্যান করিতেন। "সবিতুর্বরেণ্যং।" এই

ধ্যানই অনেকক্ষণ করিতেন, জ্যোতির্ম্ময়ের শিব জ্যোতি শুদ্ধ স্ফটিক ধ্যান অগ্নিতে শারীরিক ও মানসিক বন্ধন দাহন করিতেন। ধ্যান করিতে করিতে দেখিতেন, সূক্ষ্ম শরীরের আনন্দ স্থূল শরীরের আনন্দ অপেক্ষা স্থায়ী ও অন্তরভেদী।

আরাধনা সমাপনানন্তর কিঞ্চিৎ অর্থ লইয়া বাটীর বাহিরে আসিয়া যে সকল দরিদ্র লোক নিকটে বসতি করিত, তাহাদিগের তত্ত্বাবধারণ করিতেন। যাহারা অনাহারী তাহাদিগের আহার দিতেন, যাহারা বস্ত্রহীন তাহাদিগকে বস্ত্র দান করিতেন, যাহাদিগের শিশু পীড়িত তাহাদিগকে আপনি শুশ্রূষা করিতেন ও চিকিৎসকের ব্যয় আপনি দিতেন। যদি কোন স্ত্রীলোক অর্থাভাবে আপন শিশুকে লালন করিতে অক্ষম, তাহা হইলে তিনি আপনি ক্রোড়ে করিয়া পিতার বাটীতে লইয়া তাহাকে লালন করিতেন। কাহার ভয়ানক পীড়া হইলে তিনি তাহার পার্শ্বে বসিয়া সেবা করিতেন। যে দরিদ্র শয্যাহীন ও শীতের কনকনে বায়ুতে কম্পান্বিত, তাহাকে গরম বস্ত্র দিতেন। অনাথাশ্রয়ী লোকের অভাব বিলক্ষণ অনুসন্ধান করিতেন ও যতদূর বিমোচন করিতে পারিতেন ততদূর করিতেন। যাহার রোগ হইত তাহাকে ঔষধি দিতেন। যে রোগ হইতে আরোগ্য হইত ও পথ্য পাইত না, তাহাকে পথ্যের জন্য অর্থ প্রদান করিতেন। পিতার ঐশ্বর্য্য প্রচুর ও তাঁহার ও তাঁহার বনিতার হৃদয় বদান্যতায় পূর্ণ, অতএব কন্যার পরদুঃখ নিবারণার্থে ব্যয়ে তাঁহারা আহ্লাদিত হইতেন।

যেরূপ মনুষ্যের প্রতি নিরুপাধিক প্রেম সেইরূপ পশুপক্ষির প্রতি তাঁহার যত্ন ও স্নেহ ছিল। এরূপ নিষ্কাম কার্য্য সর্ব্বদাই ব্যস্ত, আহার নাম মাত্র করিতেন। আপন শরীরের জন্য যত্ন ছিল না ও যে কিছু বলিতেন ও করিতেন তাহাতে কিঞ্চিন্মাত্র অহংভাব ছিল না, বোধ হইত যেন ঈশ্বর আদেশ করিতেছেন।

এক দিবস একজন প্রতিবাসিনীর কন্যা বিমলা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "দিদি! যখন সব হাঁড়িকুঁড়ি উঠে যায় ও ভাত কড়কড়ে হয়, তখন তুমি খাও কেন? আর পূজা আহ্নিক করে মুখে এক ফোঁটা জল না দিয়া ইতর জেতের বাটীতে টো টো ক'রে ফের কেন? মাগো! ওদের বাটী গেলে আমাদিগের আবার স্নান কর্‌তে হয়।" আধ্যাত্মিকা বলিলেন, "ভগিনি! যা করি তাহাতে অন্তরে আনন্দ হয়, খাওয়াদাওয়া মনে থাকে না।"

মধ্যাহ্ন সময়ে মধ্যাহ্ন ভোজন করিতেন। যদ্যপি ভোজনের অগ্রে হাঁড়িকুঁড়ি উঠিয়া যাইত ও ঐ সময়ে কোন অতিথি অভ্যাগত উপস্থিত হইত, তিনি আপন বাড়া ভাতব্যঞ্জন তাঁহার সমীপে আনিয়া দিয়া তাঁহাকে ভোজন করাইতেন। মাতা দুহিতার উচ্চ মতি ও কার্য্য জানিতেন, কেবল জিজ্ঞাসা করিতেন, আমি আবার কি পাক করিয়া আনিব? মাতাকে তুষ্ট করিবার জন্য কন্যা বলিতেন "না! এখন কিছু জল খাইয়া থাকি, রাত্রে অন্ন খাইব।"

আহারের পর আধ্যাত্মিকা শিল্পকার্য্য করিয়া প্রতিবাসীদিগের স্ত্রী ও কন্যা সকলকে দিতেন। তিনি অল্পক্ষণ নিদ্রিত থাকিতেন, আলস্য ক্ষণমাত্রও ছিল না, সর্ব্বদাই অজড় ও চিন্ময় অবস্থাতে থাকিতেন।

এক দিবস ঐ দরিদ্র অঞ্চল হইতে মহা রোদন উঠিল। অনুসন্ধান করাতে জানা গেল যে একজন যুবতী স্ত্রীলোকের ভর্ত্তার হঠাৎ মৃত্যু হইয়াছে। স্ত্রীলোক শিক্ষিত হউক বা না হউক, উচ্চ জাতীয় হউক বা নীচ জাতীয় হউক, যথার্থ স্বামীপরায়ণা হইলে যাবজ্জীবন স্বামীকে স্মরণ করে ও স্বামীর সহিত মিলিত হইবার জন্য ব্রহ্মচর্য্য অভ্যাসিনী হয়। আধ্যাত্মিকা নিকটে আসিয়া ঐ রমণীকে বোরুদ্যমানা দেখিয়া আপন ক্রোড়ে তাহার মস্তক রাখিয়া আপন অঞ্চল দিয়া তাহার অশ্রু মুছাইতে ও মস্তকে হাত বুলাইতে লাগিলেন।

এই দেখিয়া দুই চারি জন তেওর পোদ ও বাগ্দি বিস্মিত হইয়া বলিল, "একি চমৎকার! রাজকন্যা—ব্রাহ্মণের কন্যা, এখানে কি করিতেছেন! হরি হে! তোমার লীলা অপার, কাহাতে কখন কিরূপে তুমি প্রকাশ হও তাহা কে জানিতে পারে?" কিয়ৎকাল পরে বিধবার হস্ত ধারণপূর্ব্বক আধ্যাত্মিকা আপনার গৃহে লইয়া যাইয়া পারমার্থিক সান্ত্বনা-সুধাতে তাহার আঘাতিত চিত্তকে শান্ত করিতে লাগিলেন। ঈশ্বরই ধন্য! তিনি সর্ব্ব রোগের শান্তি, সকল বিকারের ঔষধি। শোক দুঃখ তাঁহাকে ভাবিলে থাকে না। তিনি সর্ব্বপাপ সর্ব্বতাপ হরণ করেন।

বৈকালে পিতামাতার সহিত কন্যা উদ্যানে বসিতেন, নানাজাতীয় লোকের আচার ও ব্যবহার, নানা দেশের নানাপ্রকার রাজ্যশাসন, নানাদেশের নানাপ্রকার দ্রব্য উৎপত্তি, নানাদেশের নানাপ্রকার বাণিজ্য ও তদ্দ্বারা পরস্পর সংঘটন ও উপকার, নানাপ্রকার ঈশ্বর-বিশ্বাস ও ধর্ম্ম, নানাপ্রকার উপাসক ও কোন শ্রেণীস্থ সগুণ ঈশ্বর ও কোন শ্রেণীস্থ নির্গুণ ঈশ্বর উপাসক, কাহারা শব্দ ব্রাহ্ম, কাহারা ভাব-ব্রাহ্ম, কাহারা আধ্যাত্মিক-ব্রাহ্ম—এই সকল প্রশ্ন অনুশীলন ও নানা বিদ্যা—পদার্থ, খগোল, ভূগোল, জ্যামিতি, রেখাগণিত, বীজগণিত, জ্যোতিষ, কিমিয়া, উদ্ভিদ্ ইত্যাদির চর্চ্চা করিতেন।

এ জগতে সময় স্থায়ী নহে। বৈকাল সন্ধ্যার পূর্ব্ব কোমল আচ্ছাদ্যতা পাইয়া মনোহর বেশ ধারণ করিত; ঐ সময়ে সকলি নিস্তব্ধ। পিতামাতা ও কন্যা ঊর্দ্ধ দৃষ্টি করতঃ হিরণ্ময় কোষে অন্তর সাবিত্রিকে ধ্যান করিতেন। পিতা বৈদিক স্বরে "এষাস্য পরমাগতি" পাঠানন্তর স্ত্রী, কন্যা লইয়া গৃহে গমন করিতেন। বাটীতে সন্ধ্যা করণানন্তর কন্যা, পিতামাতার পদ সেবা করিতেন ও ঐ সময়ে আপনি দিবসে যাহা করিতেন তাহা বিস্তারপূর্ব্বক বলিতেন। তাঁহার স্বাভাবিক বিশ্বাস যে নিষ্কাম কার্য্য না করিলে জীবন পশুবৎ ও ঈশ্বর লাভ হয় না। নিষ্কাম ধর্ম্মানুষ্ঠানার্থে পিতা যে উপদেশ দিতে পারিতেন তাহা দিতেন। এক রাত্রে কন্যা পিতামাতার নিকট বলিলেন, "আমি আপনাদিগের নিকট কিছু গোপন রাখি না, এক্ষণে এক অদ্ভুত কথা কহি, শ্রবণ করুন।"

পিতা। বল মা।

কন্যা। আমি আহারান্তে শয়ন করি, পরিশ্রম জন্য শুভ নিদ্রা হয়। সম্প্রতি উষা আগমনের প্রাক্কালীন আমার শিয়রে এক শ্বেতবসনা জ্যোতির্বদনা অঙ্গনা আপন হস্ত আমার মস্তকের উপরি রাখেন। আমি নিদ্রিত থাকি বটে কিন্তু অন্তরের চক্ষু দিয়া তাঁহার শান্ত মূর্ত্তি দেখিতে পাই, চমৎকার মূর্ত্তি, ও যদবধি তাঁহার হাত আমার শির উপরি থাকে, তদবধি বোধ হয়, যে আমি পৃথিবীতে নাই, আমার অবস্থা আনন্দাবস্থা, আমি আনন্দধামে বাস করিতেছি। গত কল্য রাত্রে তিনি আমাকে বলিয়া যান,—"বৎস্য! তোমার পিতার নিকট যোগ শিক্ষা করিও। তোমার যাহাতে আত্মা উদ্দীপ্ত হয় ও যাহাতে অন্তর আলোক লাভ করিতে পারে তদ্বিষয়ে আমি আনুকূল্য করিব।" পিতামাতা এই কথা শুনিয়া চমৎকৃত হইলেন।

নবম পরিচ্ছেদ।

স্ত্রীলোকদিগের ভোজ ও পার্থিব কথোপকথন।

ফলহরি বাবুর বাটীতে স্ত্রীলোকদিগের ভোজ। ভেযান ঘর ধূমেতে পরিপূর্ণ। লুচি, পুরি, কচুরি, তরকারি খোলাতে প্রস্তুত হইতেছে। মিষ্টান্ন রাশি রাশি ভাণ্ডারে মজুত। এদিকে স্ত্রীলোকদিগের সমাগম হইতে লাগিল। পা অবধি মস্তক পর্যন্ত সাজসজ্জিতা, বস্ত্র নানাবর্ণীয়, সৌগন্ধে বিলেপিত, নাসিকা ও কপাল টিপ ও ফোঁটায় চিত্রিত। সকলে শতরঞ্চতে উপবেশন করিলেন। অলঙ্কার সম্বন্ধীয়, বস্ত্র সম্বন্ধীয় ও পরিবার সম্বন্ধীয় যাহা পরস্পর জিজ্ঞাস্য ছিল, তাহা ক্রমে ক্রমে সমস্ত ব্যক্ত হইলে একজন রমণী বলিল, "শুনতে পাই আধ্যাত্মিকার বয়ঃক্রম পনের বৎসর হইল, বিবাহ করেন নাই। তিনি কেবল পূজা আহ্নিক ও পরোপকার করিতেছেন। একখানি সামান্য বস্ত্র পরেন, হাতে দুই গাছি বালা ও আহার যাহা করেন তাহা স্বল্প ও সামান্য। অতিথ পতিত এলে আপনার ভাত তাহাকে দেন। খুব ভাই পুণ্য করছে। আমাদের বেশভূষা রংচং না হলে চলে না, মনুষ্য জন্মে কি সাধ নাই?"

অন্য আর একজনা—"আহা! তা বই কি! না ভাল করে খেলে, না ভাল করে পরলে, কেবল শুখিয়ে শুখিয়ে মরছেন? আপনি বাঁচলে বাপের নাম। আর শরীরটা কি মিথ্যা! দেখ আমরা কত অঙ্গরাগ করিয়া থাকি। একদিন খোপা বাঁধা ভাল হয় নাই এজন্য ভর্ত্তা কত বট্‌কেরা করলেন, বল্‌লেন তুমি কি আধ্যাত্মিকা হয়েছ নাকি?"

অন্য একজন মহিলা,—"ওগো আমরা কেবল শরীর ও সংসার লইয়া আছি, যার কথা বল্‌ছ তার লক্ষ্য উচ্চ। শুনিলাম একজন পোদের মেয়ে

বিধবা হইয়াছে, তাহাকে নিকটে রাখিয়া ধর্ম্ম উপদেশ দিয়া শান্ত করিয়াছেন। তাহাকে কাছে কবে নিয়ে শোয়া, আহা! এমন কে করে গা?"

অন্য একজন মহিলা,—"আমি ভাই স্পষ্টবক্তা। আমি এত উচ্চ হতে চাইনে, সংসারে থাকিতে গেলে সাংসারিক হতে হবে, স্বামী চাই, ছেলে চাই, লোকলৌকতা চাই, দানধ্যানও চাই। একেবারে উড়ু উড়ু—সর্ব্বত্যাগী ও নিষ্কাম —এতে কি শরীর থাকে? বল্‌তে কি, আমি আহ্নিক কর্‌তে কর্‌তে ভাবি যে, কর্ত্তা কখন বাটীর ভিতর আস্‌বেন। কর্ত্তার সহিত সাক্ষাৎ হইলেই আমার স্বর্গলাভ। পোদের মেয়ে কাছে রেখে কি হবে ভাই অ্যাঁ—?"

আর এক রামা, পান চিবুচ্ছেন ও দুইখানি ঠোঁট মাকাল ফলের বর্ণ করিয়াছেন, বলিতেছেন—"গৃহী উদাসীন কেন হবে? গৃহীর এক ধর্ম্ম ও উদাসীনের আর এক ধর্ম্ম। পতিপুত্র সকলকে ত্যাগ করিয়া আমরা ত্যাগী কেন হইব? দেখ ভাই কর্ত্তা এই বিশ ভরির একখানা গহনা দিয়াছেন, এর নাম পারিজাত-কঙ্কণ। আহা! এমন স্বামী যেন জন্মে জন্মে পাই।"

একজন বুদ্ধিমতী রামা আধ্যাত্মিকার নিকট উপদেশ পাইয়া উন্নত হইয়াছেন, বলিলেন—"গার্হস্থ্যাশ্রম ও যোগ-আশ্রম পৃথক্। যাহারা চরম আশ্রম অবলম্বন করিয়া ব্রহ্মলাভ করিতে চাহে, তাহারা অবশ্যই সর্ব্ব সঙ্গ ত্যাগ করিয়া ঈশ্বরের সঙ্গ করিবে ও ঐ লাভার্থে গৃহ ও সামাজিক বন্ধন হইতে ক্রমশঃ অবশ্য মুক্ত হইবে। স্ত্রীলোক নানা শ্রেণীয়, কেহ কেহ কেবল গৃহ ও সমাজ লইয়া রহিয়াছেন ও পরিমিতরূপে ঈশ্বর-উপাসনা ও ধর্ম্ম কর্ম্ম করিতেছেন। কেহ কেহ যেরূপ উন্নত হইতেছেন ভবভাব হইতে মুক্ত হইতেছেন। পূর্ব্বে ব্রহ্মবাদিনীরা ছিলেন, তাঁহাদিগের আনন্দ কেবল ধ্যানানন্দ ও ব্রহ্মানন্দ। তাঁহারা পাণিগ্রহণ করিতেন না। জীবনের লক্ষ্য অনুসারে কার্য্য। যে যে আশ্রম অবলম্বন করণে শুদ্ধ আনন্দ পাইবে, সে সেই আশ্রম অবলম্বন করিবে। ঈশ্বর অনন্ত, অসীম, ঈশ্বরের সহিত মিলিত হইতে গেলে অন্তর যোগ চাই।"

কতিপয় স্ত্রীলোক এককালীন বলিয়া উঠিলেন, "ঈশ্বর আরাধনা ত্যাগ করিব কেন? কোন্ পূজা আমাদিগের বাটীতে না হয়? কাহার বাটীতে শালগ্রাম না আছে?" কেহ কেহ বলিল, "আমরা ব্রাহ্মিকা, আমরা ব্রহ্ম উপাসনা করিয়া থাকি।" উপরোক্ত রামা বলিলেন—"ঈশ্বর উপাসনা সাকার বা নিরাকাররূপে হউক অবশ্য শুভদায়িনী, কিন্তু নিরাকার উপাসনা দুই প্রকার, এক বাক্যের দ্বারা বা ভক্তিদ্বারা, আর এক আত্মাদ্বারা।"

দশম পরিচ্ছেদ।

—o—

আধ্যাত্মিকার যোগশিক্ষা।

পিতামাতা ও দুহিতা নির্জ্জন স্থানে যাইয়া বসিলেন। দুহিতা ঈশ্বর-

ধ্যানানন্তর পিতামাতার চরণ বন্দন করতঃ বলিলেন,—"পিতঃ এই অন্তর-অন্ধ বালিকাকে যোগ শিক্ষা দিতে আজ্ঞা হউক। মহাত্মা ঋষিগণ, মহাত্মা ব্রহ্মনিষ্ঠ ব্যক্তিরা, পবিত্র ব্রহ্মবাদিনীরা ও উচ্চ সদ্যোবধূরা যোগ অভ্যাসের দ্বারা আত্মাকে পৃথক্ করিয়া আত্মাদ্বারা ব্রহ্মজ্যোতি হিরন্ময়কোষে দর্শন পূর্ব্বক জ্যোতির্ম্ময় দেহে ব্রহ্মলোকে গমন করিয়াছেন। পিতঃ আমার সেই গতি কিরূপে হইবে? কিরূপে অন্তর আকাশ সেই উদয়-অস্তরহিত সেই নবীন দিন-মণিকে নিরন্তর দর্শন করিব?" কন্যার এই কথা শুনিয়া পিতা মুগ্ধ হইলেন এবং স্নেহের সহিত চুম্বন করিয়া বলিলেন,—"মা! আমি যোগ অনেক দিন অবধি অভ্যাস করিতেছি বটে, কিন্তু অধিক উন্নত হই নাই। তোমার স্বভাব নিষ্কাম— তোমার আত্মা শীঘ্র অভ্যাসে উদ্দীপ্ত হইবে। যোগ দুই প্রকার, অন্তর্যোগ ও বহির্যোগ। সকল প্রাণীতে আত্মা ঐন্দ্রিক বন্ধনে বদ্ধ—এ অবস্থায় ইচ্ছাশক্তি যাহা আত্মার প্রতিনিধি সেও বদ্ধ। এই বদ্ধ আত্মাকে মুক্ত করিবার জন্য ইচ্ছাশক্তিকে মস্তিষ্ক উপরি যে ব্রহ্মধাম ও নিরাকার রাজ্য সেই স্থানে স্থাপন করতঃ ঊর্দ্ধদৃষ্টি পূর্ব্বক শান্ত হইয়া জ্যোতির্ম্ময়কে ধ্যান করিবে। মতান্তরে ভ্রূ মধ্যে ব্রহ্মধাম, সে স্থানে ইচ্ছাশক্তিকে রাখিবে। ইহাকে মা! অন্তর্যোগ বলে। আত্মা মুক্ত হইলে 'স্বাত্মাবগম্যঃ স্বয়মেব বোধঃ' অর্থাৎ বাহ্যজ্ঞান বিলুপ্ত ও অন্তর্জ্ঞান উদ্দীপ্ত। বদ্ধ ও মুক্ত আত্মার লক্ষণ অষ্টাবক্র বলেন—

'তদা বন্ধো যদা চিত্তং কিঞ্চিদ্বাঞ্ছতি শোচতি।
কিঞ্চিন্মুঞ্চতি গৃহ্ণাতি কিঞ্চিৎ কুপ্যতি হৃষ্যতি।
তদা মুক্তি যদা চিত্তং ন সক্তং সর্ব্বদৃষ্টিষু।
ন বাঞ্ছতি ন শোচতি ন মুঞ্চতি ন গৃহ্ণাতি ন হৃষ্যতি ন কুপ্যতি।
'তদা বন্ধো যদা চিত্তং সক্তং কাস্বপি দৃষ্টিষু।
তদা মোক্ষো যদা চিত্তং মাশক্তং সর্ব্বদৃষ্টিষু।
'সর্ব্বাবস্থাবিনির্ম্মুক্তঃ সর্ব্বচিন্তাবিবর্জ্জিতঃ।
মৃতবত্তিষ্ঠতো যোগী স মুক্তো নাত্র সংশয়ঃ।—হটপ্রদীপিকা।
'নির্ব্বাত স্থাপিতো দীপোভাসতে নিশ্চলো যথা।
জগদ্ব্যাপারনির্ম্মুক্তো নিশ্চলো নির্ম্মলঃ পরঃ।'—অমনস্ক।

বহির্যোগ অন্তর্যোগের আশ্রয়ী। যোগ তারাবলীতে লেখে 'নাদানুসন্ধান সমাধিমেকম্।' বায়ুবন্ধনই আত্মা উদ্দীপনের প্রধান বন্ধন।

'ইন্দ্রিয়াণাং মনোনাথং মনোনাথশ্চ মারুতঃ।
মারুতস্য লয়োনাথঃ স লয়ঃ নাদমাশ্রিতঃ॥'—অমনস্ক।

"প্রথমে বায়ুকে এক নাসিকার দ্বারা পূরিবে, যতক্ষণ ধারণ করিতে পার ধারণ করিবে। পরে অন্য নাসিকার দ্বারা ত্যাগ করিবে। পূরণকে পূরক, ধারণকে কুম্ভক ও ত্যাগকে রেচক বলে। কেহ কেহ পূরক ও রেচক না

করিয়া কেবল কুম্ভক অভ্যাস করে। বায়ু ব্রহ্মরন্ধ্রে যায় না। মস্তিষ্ক সীমাকে উড্ডীয়ানক বলে, কণ্ঠ বন্ধনকে জালান্ধর বলে, নাভি বন্ধনকে মণিপূর বলে। এই সকল বন্ধন মুক্ত করিতে চেষ্টা করিবে অর্থাৎ বায়ুর গমনাগমন ঐ সকল স্থানে ও অন্যান্য দ্বারে না হয়। ইচ্ছাশক্তিই মূলশক্তি। ইচ্ছাশক্তির চালনায় সাকারত্বের হ্রাস ও নিরাকারত্বের বৃদ্ধি অর্থাৎ বদ্ধ আত্মা ক্রমশঃ মুক্ত হয়। অতএব—

'মনএব মনুষ্যাণাং কারণং বন্ধমক্ষয়োঃ।
বন্ধায় বিষয়াসক্তং মুক্তৌ নির্বিষয়ং স্মৃতং।'—অমনস্ক।

"মনের চতুর্ব্বিধ অবস্থা। বিক্ষিপ্ত তামস, গতাযাত রাজস, সুশ্লিষ্ট সাত্বিক, সুলীন গুণবর্জ্জিত। এই অবস্থার নাম মনন্মনী, এই অবস্থাতে নিরাকার রাজ্য প্রবেশ।"

কন্যা ঐকান্তিকচিত্তে পিতার উপদেশ শ্রবণ করতঃ পিতামাতার চরণে সাষ্টাঙ্গে পতিত হইয়া আপনার গৃহে গমন করিয়া ভাবিতে লাগিলেন, "স্বয়মেব বোধঃ"। বাহ্যজ্ঞান বিনাশ ও অন্তরজ্ঞানই জ্ঞান। এই প্রতিদিন ভাবিতেন, এই ভাবনায় তাঁহার বাহ্যজ্ঞান পরিহার হইতে লাগিল।

একাদশ পরিচ্ছেদ।

——oo——

দোকানিদের কথাবার্ত্তা।

কলিকাতা হইতে দুই চারিজন দোকানি কাশীতে যাইয়া সদর রাস্তার উপর মুদিখানার দোকান করিয়াছে। এক জন দোকানি চিনির পাক চড়াইয়াছে। বারকোসে চিড়া, মুড়ি, মুড়কি, গুড়; চাঁপাকলা দড়িতে ঝুলচে, দোকানে বোল্‌তা, মাছি, ভোমরা ভন্ ভন্ করছে। দোকানি খুলির উপর নজর রাখিয়া গান করিতেছে—

"দ্বন্দ করে ছিদাম মন্দ কবিলি আমার।
তুই বাইকে দিলি সাঁপ, তাইতে মনস্তাপ,
আর কি দেখা পাব শ্রীরাধার।
অন্ধ হলেম কেঁদে কেঁদে নিরানন্দের নাহি পারাবার।"

রাস্তার লোক বলিতেছে, "দোকানি দাদা, ভাল মোব ভাই!" পেছন দিক্ থেকে দোকানিনী এসে বোল্‌ছে—ওরে মিন্সে! ভাত যে কড়্‌কড়া হল, আঁটকুড়ির বেড়াল পাৎথেকে মাছটা নিয়ে চলে গেল এখন কি দিয়ে গিল্‌বি? কেবল দুগাছা সজ্‌নের ডাঁটা সিদ্ধ আছে।"

দোকানি। "আব্‌রু সরম রেখেছে সজ্‌নের ডাঁটা।
টাকায় চাল হলো ষোল কাটা।"

এই গান গাইতে গাইতে দোকানি খোলা নামাইয়া ভাত খেতে বসিল তাহার স্ত্রী বলিল—"দেখো। তর্কলঙ্কারের বাটীতে মুড়ি, মুড়কি বেচিতে গিয়াছিলাম—তাহার মেয়েটিকে দেখিয়া চারদণ্ড চেয়ে রইলাম। আহা কিবা মুখ, কিবা দৃষ্টি, কিবা কথা, আর যার দিকে চান তার মুখ যেন উজ্জ্বল হয়! আমার যে পোড়ার মুখ।"

দোকানি। "তোমার আবার পোড়ার মুখ, তোমার আবার পোড়ার মুখ: আমার চখে সোনার মুখ।"

দোকানিনী। "আ রেখে দেও ঠাটের কথা! এ মেয়েমানুষটি স্বর্গ হতে এসেছে, একে দেখিলে আমার যত ভক্তি হয় এমন দুর্গাপ্রতিমা দেখিলে হয় না। হে হরি! এই দয়া কর, মবে যেন ঐ মেয়েমানুষটির গুণ পাই।"

দোকানি। "আমার বোধ হয় তার চেয়ে তোমার গুণ অধিক।"

দোকানিনী বিরক্ত হইয়া উঠিয়া গেল, দোকানি সদাসর্ব্বদা সখিসংবাদ গাইত—গাইতে আরম্ভ করিল—

"আজ কৃষ্ণ চলহে নিকুঞ্জ বন।
প্রাণাহুতি যজ্ঞ কর্‌বেন রাই, লহ তারি নিমন্ত্রণ।"

আর একজন দোকানি হুকা হাতে, তাহার নিকটে আসিয়া বলিল আমি একটা বিরহ গাই—

"তোমার বিচ্ছেদেরে বুকে করে প্রাণ জুড়াব প্রাণ।
তোমার রুষ্টবাক্যে তুষ্ট হয়ে তপ্তজল করে যেন অনল নির্ব্বাণ।"

"ওহে প্রেম যদি পাকা ও অটুট হয় সে প্রেম বিচ্ছেদ জ্বালা ভোগ করে না—সে প্রেম সকল অবস্থাতে সমান থাকে ও দুঃখ কালে জ্বল্ জ্বল্ করে জ্বলে।"

একজন কলা কিনিতে এসেছিল—বলিল আরে ভাই, প্রেম দুই প্রকার এক পয়সার প্রেম আর এক দেলের প্রেম, দেলের প্রেম কোথায়?

দ্বাদশ পরিচ্ছেদ।

—o—

আধ্যাত্মিকার অন্তর আলোক ও অন্তরশক্তি লাভ।

আধ্যাত্মিকা কিছুকাল বিলক্ষণ যোগ অভ্যাস করিলেন। ক্রমশঃ তাঁহার—

ন দৃষ্টিলক্ষ্যাণি ন চিত্তবন্ধো ন দেশকালৌ ন বায়ুরোধঃ।

যেমন তাহার এই জ্ঞান হইতে লাগিল যে আমি বন্ধন হইতে মুক্ত হইতেছি—আমি স্বাধীনতা পাইতেছি তেমনি তাঁহার অন্তর আলোক বৃদ্ধি হইতে লাগিল। ভূত, বর্ত্তমান ও ভবিষ্যৎ যাহা ইচ্ছা করেন, তাহা জানিতে পারেন। যে জ্ঞান, মনের দ্বারা লব্ধ তাহা অবিদ্যায় মিশ্রিত—রজ্জুবৎ।

আত্মার দ্বারা জ্ঞান বাস্তবিক ও পরা জ্ঞান ও ঐ জ্ঞান মনের দ্বারা কখনই পাওয়া যায় না, তাহা কেবল আত্মার দ্বারা লব্ধ হওয়া যায়। এক্ষণে যাহাকে মেগ্‌নিটিজম (Magnetism) বলে তাহা পূর্ব্বে তন্মাত্র বলা হইত। ইহা সূক্ষ্ম শরীর সম্বন্ধীয়। যাহার আত্মা যত উন্নত, সে (Magnetic) মেগনিটিক অথবা (Psychic) সাইকিক শক্তির দ্বারা অনেক রোগ আরাম করিতে পারে। সাকার নিরাকারের অধীন। আধ্যাত্মিকার আধ্যাত্মিকশক্তি উদ্দীপ্ত হইলে তিনি ঝাড়িয়া দিয়া অনেককে আরাম করিতে লাগিলেন। আপামর সাধারণ লোক বলিল—"বাবা! এ মেয়ে কি জাদু জানে! রোগীকে দুই এক বার ঝেড়ে দিলে সে অরোগী হয়।"

রোগের নির্ণয় বিনা পরিচয় না পাইয়া স্থির করিতেন ও রোগের বিবরণ তিনি যাহা কহিতেন, রোগী তাহাতে আশ্চর্য্য হইত। লাভালাভ ফলাফল, আরোগ্য, মৃত্যুর কাল কহিতে পারিতেন কিন্তু কহিতেন না। তথাচ দুই এক অবলা জেদ করিয়া জিজ্ঞাসা করিত—হাঁগা মাঠাক্‌রুন—আমার স্বামী প্রায় দুই বৎসর বিদেশে গিয়া ছ, বেঁচে আছে কি? এমত স্থলে উত্তর করিয়া মনোবেদনা দূর করাতে তিনি সর্ব্বদা আনন্দিত হইতেন।

অন্তর আলোকের বর্দ্ধন প্রযুক্ত আধ্যাত্মিক জগৎ ঐ মহিলার আত্মার দৃষ্টিগোচর হইত ও যত হইত ততই এই জগতের প্রতি তিনি নির্ম্মম হইতেন। অনন্তদেবের কার্য্য অনন্তরূপে দৃষ্ট কেবল আত্মার দ্বারা হয়। মানব মনের দ্বারা কি অনুভব বা আরাধনা করিবে?

ত্রয়োদশ পরিচ্ছেদ।

আধ্যাত্মিকার বিবাহের প্রস্তাব।

অনঙ্গমোহন বাবু ডাহা ব্রাহ্ম। অনেক পুস্তক পাঠ করিয়াছেন, অনেক রচনা প্রকাশ করিয়াছেন, অনেক স্থানে বক্তৃতা করিয়াছেন। বন্ধু বান্ধব নিকট আদরণীয়—উচ্চ চরিত্র। অবিবাহিত, বিবাহ করিবার বাসনা তাহার মনে ঢেউ খেলাচ্ছে। সকলকে জিজ্ঞাসা করেন—কেমন উত্তমা সুশিক্ষিতা কন্যা তোমার সন্ধানে আছে? কেহ বলে, হাঁ আছে কিন্তু তাহারা ব্রাহ্মমতে বিবাহ দিতে চাহে না। এই অনুসন্ধান হইতেছে, ইতিমধ্যে এক ব্যক্তি বলিল, কাশীতে হরদেব তর্কালঙ্কারের এক অদ্বিতীয় চমৎকার রূপ ও গুণসংযুক্তা কন্যা আছে। যদি তাহাকে বিবাহ করিতে পার তবে প্রকৃত সুখী হইবে? সে মেয়েটি কি ব্রাহ্মিকা? তাঁহার যা নাম তাহাই তিনি—আধ্যাত্মিকা। অনঙ্গ শুনিয়া অভিভূত ও অস্থির হইলেন। তাড়াতাড়ি এক মটা ভাত গিলিয়া একটা ব্যাগ বগলে করিয়া লইয়া বেলে উঠিলা তাহার পরদিবস কাশীধামে উত্তীর্ণ হইলেন। এক দোকানে কিছু জলপান করিয়া দ্রুতগতিতে চলিলেন।

রাস্তায় দুই একজন চেনা লোকের সহিত দেখা হল, তাহারা জিজ্ঞাসা করিল, একি অনঙ্গবাবু যে? তাহাদিগকে বলিলেন, "ভাই মাফ কর অতিশয় ব্যস্ত আছি।" তাহারা বলিল, "আরে অনেক দিনের পর দেখা একটা কথাই কও।" তাহাদিগের নিকট হইতে পাস কাটাইয়া হন্ হন্ করিয়া চলিলেন। পথে ভাবিতেছেন, এ মেয়েটিকে হস্তগত করিতে পারিলে চিরসুখী হইব। গৃহ এক্ষণে চিন্তাতে পূর্ণ, সেই চিন্তা তিরোহিত হইবে, গেহিণীর মুখজ্যোতিতে হৃদি-আকাশ চির জোৎস্নায় পূর্ণ থাকিবে। আমি যে চিন্তা বা কার্য্য করি তাহাতে সুখ পাই না, গৃহশূন্য চিন্তাতে সর্ব্বদা প্রপীড়িত। গেহিণীর বেশ পরিবর্ত্তন করা আবশ্যক ও তাহাকে সমাজে লইয়া যাইতে হইবেক। একজন গায়ক পথে ইমন কল্যাণ রাগিণীতে গাইতেছে—

"জীয়ারা না রহে পিয়াকো না দেখ ওয়া।"

"পিয়াকে না দেখ ওয়া" শব্দ অনঙ্গের হৃদয়ে অনঙ্গ বাণস্বরূপ লাগিতে লাগিল। বলিলেন, "অরে প্রেম বড় বস্তু প্রেমেই লোকে পাগল হয়।" বৈকালে পিতামাতা ও কন্যা উদ্যানে বসিয়াছেন। নানা পুষ্পের নিঃসৃত সৌগন্ধ আসিতেছে। ইতিমধ্যে অনঙ্গমোহন যাইয়া তর্কালঙ্কারকে প্রণাম করিলেন। তর্কালঙ্কার জিজ্ঞাসা করিলেন, "আপনি কে, ও কি জন্য এখানে আসা?"

অনঙ্গ বিহ্বল হইয়া, কন্যাটির প্রতি দৃষ্টি করিতেছেন, আচ্ছন্নতা প্রাপ্ত হইয়া ভূমে পতিত হইবার উপক্রম দেখিয়া তর্কালঙ্কার পুনরায় জিজ্ঞাসা করিলেন—"ব্যাপারটা কি? আপনি কে?"

অনঙ্গ দুই চারিবার ঢোক গিলিয়া,—"আজ্ঞা আপনার কন্যা, কন্যা—"

তর্কালঙ্কার। "আরে বাবু খুলে বল?"

অনঙ্গ। "আপনকার কন্যা—কন্যা কি অবিবাহিত?"

তর্কালঙ্কার। "হাঁ।"

অনঙ্গ দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া রোদন করিতে লাগিল।

আধ্যাত্মিকা তাহার মনের ভাব দেখিতেছেন।

অনঙ্গ বাষ্পপূর্ণস্বরে বলিলেন, "মহাশয়! আমি ব্রাহ্ম পরিব্রাজক আপনকার কন্যার অসামান্য গুণ ও ধর্ম্মভাব শুনিয়া আপনকার চরণ দর্শন করিতে আসিলাম। যদি আমাকে তাঁহার পাণিগ্রহণ করিতে দেন তবে আপনকার চিরকিঙ্কর হইয়া থাকিব।"

তর্কালঙ্কার,—"বাবা স্থির হও, তুমি অনাহারে আছ, ভোজন কর। আমার প্রতি যে এত উচ্চ ভাব প্রকাশ করিলে, তাহার জন্য আমি আপ্যায়িত হইলাম। কিন্তু আমার কন্যা ভগবানে মগ্ন, আত্মতত্ত্ব লাভার্থে নিষ্কাম ও নিরূপাধিক কার্য্য করেন ও ধ্যানানন্দে সদানন্দ। আমি যে পর্য্যন্ত তাঁহার অভিপ্রায় জানি তাহাতে আমার দৃঢ় বিশ্বাস যে তিনি পতি গ্রহণ করিবেন না। তিনি ব্রহ্মবাদিনীদিগের ন্যায় ধ্যানবলের দ্বারা ব্রহ্মজ্যোতি লাভ

করিতেছেন, যাহা ভৌতিক ও প্রকৃতি সংযুক্ত তাহা হইতে অতীত হইবার অভ্যাস করিতেছেন। যে সকল স্ত্রীলোক আত্মতত্ত্বজ্ঞ নহেন তাহাদিগের পতি প্রয়োজন, কারণ পতিগ্রহণে স্ত্রীপুরুষের শুদ্ধ প্রেম পরস্পরে সর্ব্বদা অর্পিত হইলে নিষ্কামভাবের উদ্দীপন, নিষ্কাম ভাবের উদ্দীপনে আত্মার উদ্দীপন। এই নিষ্কামভাব বর্দ্ধনার্থে মৃতপতির জন্য এতদ্দেশীয় স্ত্রীলোকেরা ব্রহ্মচর্য্য অভ্যাস করিয়া থাকে। অতএব জীবন উন্নত করিবার লক্ষ্য অনুসারে কার্য্য। যাহারা ঊর্দ্ধ শ্রেয় পথে গমন করে তাহারা আর প্রেম পথে ফিরিয়া আইসে না।"

অনঙ্গ ছল ছল চক্ষে আধ্যাত্মিকার প্রতি দৃষ্টি করিয়া তাঁহার পদতলে পড়িয়া বলিলেন, "আমি একভাবে পূর্ণ হইয়া আসিয়াছিলাম। এক্ষণে আপনকার বৃত্তান্ত শুনিয়া চমৎকৃত হইতেছি, আপনি মনুষ্য নহেন—শারীরিক ও মানসিক ভাবশূন্য। আপনাকে ভক্তিপূর্ব্বক প্রণাম করি।"

দুই তিন দিবস তথায় থাকিয়া অনেক সদালাপ ও আতিথ্যের পর অনঙ্গ স্ফীতচিত্তে পিতামাতা ও কন্যার নিকট বিদায় লইয়া গমন করিলেন।

চতুর্দ্দশ পরিচ্ছেদ।

বৈঠকী কথা—সঙ্গীত।

দিননাথের হিঙ্গুলবর্ণে আকাশ ও বৃক্ষাদি সুশোভিত। যে স্থানে বাবুদিগের বৈঠক হয়, সে স্থানে কদম্ব বৃক্ষের পত্রেতে সূর্য্য-অস্তমিত-আভা চাকচিক্য করিতেছে। বনওয়ারীলাল বসিয়া বায়ুসেবন করিতেছেন ও কানেড়ার প্রসিদ্ধ ধ্রুপদ গাইতেছেন,—

"খরজরি খরগান্ধার মধ্যম পঞ্চম ধৈবত নিষাদ এ এ।"

কতিপয় বাস্তার ছোঁড়ারা জমিল ও বাবুর হেঁড়ে গলা-নির্গত স্বর শুনিয়া মুখ মুচ্‌কিয়া হাসিতে লাগিল। এ অপমান সহ্য করিতে না পারিয়া বনওয়ারীলাল ধ্রুপদ রাখিয়া দ্বিপদ অবলম্বন করতঃ তাহাদিগকে প্রহার করিতে উদ্যত হইলেন, এমন সময়ে তাহারা দৌড়িয়া পিট্টান দিল। ক্রমে ক্রমে সকল সঙ্গিগণ আসিয়া উপস্থিত হইয়া বলিল, "আস্তে আজ্ঞা হউক গতিস্মম।" স্তুতিবাক্যের স্রোতে বনওয়ারীর বদন হইতে হাসি ও জিহ্বার রস উদরোপরি লীলা করিতে লাগিল।

ক। "ভাল মহাশয়! আপনিতো সঙ্গীত শিখিয়াছেন, ইহার আদি কি?"

বন। "ঋষিরা ও গন্ধর্ব্বেরা সঙ্গীতের আলোচনা করিতেন। বেদ সঙ্গীতের স্বরে পঠিত হইত। গন্ধর্ব্ববিদ্যা সামবেদের অন্তর্গত। সঙ্গীতের নাম নাদবিদ্যা। নাদ সপ্ত প্রকার স্বরে বিভক্ত; খরজ, রেখাব, গান্ধার,

মধ্যম, পঞ্চম, ধৈবত, ও নিষাদ। এই সপ্তস্বরের তিন গ্রাম। উদারা নাভি হইতে, মুদারা গলা হইতে ও তারা মস্তক হইতে। বেদান্তে এই তিনের নাম উদাত্ত, অনুদাত্ত, ও স্বরিত বলে।"

"দুই স্বরের ব্যবধানে শ্রুতি, মূর্চ্ছনা ও গমক। কোন গান এক সুরে হয় না। এক এক স্বরের আরোহি ও অবরোহি অর্থাৎ ঊর্দ্ধ ও নিম্ন গমন আছে। এজন্য দুই তিন ও চারি ভাগের সীমা পর্য্যন্ত এক এক স্বর যাইতে পারে ও ঐ সীমা অতীত হইলে ভিন্নতা প্রাপ্ত হয়। স্বরের কম্পনের নাম গমক ও এক স্বর হইতে অন্য স্বরে গমনের নাম মূর্চ্ছনা। তাল একটী আঘাত ও একটী বিরাম। নানা তাল লঘু গুরু নিয়মের দ্বারা ধার্য্য হয়। মূর্দ্ধণি হইতে স্বর ও আঘাতের উৎপত্তি। নাদ মূর্দ্ধণি অতীত হইলে আত্মাতে লয় হয়। লয় অবস্থাতে নাদ নির্ব্বাণ এবং রাগ ও তাল নাদের সঙ্গে সঙ্গে বিলুপ্ত হয়। প্রাচীন সঙ্গীতশাস্ত্রকারকদিগের নাম নারদ, তুম্বুরু, হুহু ও ভারত। প্রাচীনমতে ছয় রাগ ;—শ্রী, বসন্ত, ভৈরব, পঞ্চম, মেঘ, নটনারায়ণ। মতান্তরে রাগের নাম—ভৈঁরো, মালকোষ, হিন্দল, দীপক, শ্রী ও মেঘ। এক এক রাগের ছয়টী ছয়টী স্ত্রী। মুসলমান রাজাদিগের সময় সঙ্গীত আলোচনা হয়। স্বর যাহা ধার্য্য হইয়াছিল অর্থাৎ সারগম তাহার কিছুমাত্র পরিবর্ত্তন হয় নাই। মুসলমান রাজাদিগের সময়ে অনেক প্রসিদ্ধ গায়ক জন্মিয়াছিল—হরিদাস, তানসন, গোপালনায়েক, বওজুবাওরা, সদারং, আদারিং। সেই সময়ে অনেক নূতন রাগিণী, নূতন প্রকার গান ও নূতন বাদ্যযন্ত্রের সৃষ্টি হয়।"

ক। "আপনি কত রকম গান জানেন ?"

বন। "ধ্রুব, ধ্রুপদ, খেয়াল, সোরবন্দ, তেরাণা, চতুরঙ্গ, পাচরং, সরবং, নক্সগুল, টপ্পা, লাওনি, চিসতন, গজল, বেক্কা, বোবাই। ভারি ভারি তালও জানি ও সঙ্গত করিতে পারি। ব্রহ্মতাল, রুদ্রতাল, লক্ষীতাল, পটতাল, সুরফক্তা, চৌতাল, ছোট চৌতাল, ঝাঁপতাল, ও অন্যান্য নীচেকার তাল বাজাতে পারি।"

খ। "মহাশয় একটা গান।"

বন। (মুলতান—মধ্যমান।) "গোকুল গাঁওকো কোশবারে"—এমন সময়ে দুই জন লোক দৌড়িয়া আসিয়া, চীৎকার করিয়া বলিল,—"মহাশয় গো ! রামহরিবাবুকে তীরস্থ করা গেল।" অ্যাঁ—বলিস্ কি ? বলিয়া সকলে আস্তে ব্যস্তে উঠিয়া বেগে চলিলেন।

জগৎঅদ্ভুত। এই পূর্ণিমা—এই অমাবস্যা—এই আহ্লাদ, এই অনাহ্লাদ।

পঞ্চদশ পরিচ্ছেদ।

—0—

আধ্যাত্মিকার এক বিবির সহিত আলাপ ও কেবভোয়েণ্টশক্তি প্রকাশ।

কাশীর প্রান্তভাগে এক রাস্তা আছে, সেই রাস্তা দিয়া জোয়ানপুরে যাওয়া যায়। একার ঘর্‌ঘরাণি শব্দ নিরন্তর হইতেছে। সে স্থানের অনতিদূরে একখানি সুনির্ম্মিত আটচালা, চতুর্দ্দিকে আম্র ও সুপারি গাছ। সম্মুখে একটী ঝিল, আটচালাতে এক বিবি থাকেন। তিনি পল্লীস্থ বালিকাদিগকে শিক্ষা প্রদান করেন। সকলেই তাঁহার স্নেহের বশাভূত। বিবি ধর্ম্মার্থে বালিকাদিগের জন্য পরিশ্রম করিতেছেন। যে সকল বালিকা দরিদ্র, তাহাদিগকে পড়ান ও বিশেষতঃ শিল্পকার্য্য শিখান, কারণ তাহারা নৈপণ্য প্রাপ্ত হইলে জীবিকা নির্ব্বাহ করিতে পারিবে। যে সকল বালিকা মধ্যবর্ত্তী লোকের কন্যা, তাহাদিগকে পুস্তক অধিক পড়াইতেন; ও তাহাদিগের মন নীতিগল্পে যাহাতে অভিনিবেশ হয় এমত যত্ন করিতেন। অন্যান্য পরিবারস্থ স্ত্রীলোকেরা, আধ্যাত্মিকার কার্য্য তাঁহাকে শুনাইলে তিনি তাঁহার সহিত সাক্ষাৎ করিতে সাতিশয় ব্যস্ত হইলেন। তিনি জিজ্ঞাসা করিলেন—"কোন সময়ে গেলে ভালরূপে সাক্ষাৎ হয়।" সকলে বলিল—"বৈকালে।" বিবি আসিতে আসিতে মনে করিতেছেন—কি অদ্ভুত। বাঙ্গালির মেয়ে পৌত্তলিক ধর্ম্মে শিক্ষিত, পরোপকারে এত রত যে অসীম আয়াসে ও ব্যয়ে পরদুঃখ বিমোচন করিতেছে। বৈকালে পিতামাতা ও কন্যা উদ্যানে বসিয়া রহিয়াছেন এমত সময়ে বিবি যাইয়া উপস্থিত হইলেন। সকলে গাত্রোত্থানপূর্ব্বক বিবিকে সম্মান ও সমাদর করিলেন। অন্যান্য বিষয় আলাপনান্তরে বিবি আধ্যাত্মিকার মুখ দৃষ্টি করতঃ দেখিলেন, যে যদিও বদন সুন্দর কিন্তু মানবভাবশূন্য—মনে করিতেছেন ইহাঁর আত্মার আদর্শ ইহাঁর বদন; দশাও শান্ত ও বাণীও শান্ত। যেখানে এত দেবচিহ্ন সেখানে এ সামান্য পৌত্তলিক মেয়ে হইতে পারে না। বিবি বাঙ্গলা ভাষা ভাল জানিতেন ও দর্শনাদি শাস্ত্র পড়িয়াছিলেন—জিজ্ঞাসা করিলেন,—"ভগিনি! আপনার শিক্ষা কিরূপ হইয়াছে।" আধ্যাত্মিকা আত্মপরিচয় দিলেন—"আমার আসল শিক্ষা অন্তর হইতে—বাহ্য জ্ঞানকে ধ্যানের দ্বারা শূন্য করিয়া উপদেশ প্রাপ্ত হইয়াছি ও এখনও পাইতেছি। পুস্তকাদি পূর্ব্বে পাঠ করিয়াছিলাম, এক্ষণে কিছুই পড়ি নাই। আপনার পরিচয় পাইতে বাসনা করি। আমি ইচ্ছা করিলে আপনার বৃত্তান্ত সকল বলিতে পারি; কিন্তু আপন মুখে শুনিলে সুখী হইব।" বিবি বলিলেন, "আপনি অগ্রে বলুন, যেটা যথার্থ না হইবে, আমি তাহা সংশোধন করিব।"

আধ্যাত্মিকা বলিলেন—"স্কটলণ্ড দেশে হাল সাহেব নামক একজন সদাগর ছিলেন। তিনি প্রতিদিন প্রাতে এক শাঁখো দি ৮ অন্য স্থানে আসি-

তেন। ঐ শাঁকো দিয়া একজন যুবতী ভদ্রকন্যা আসিতেন। প্রতিদিন তাঁহাদিগের সাক্ষাৎ হওয়াতে আলাপ হইল, পরে প্রণয় জন্মিল, পরে বিবাহ হইল। বিবির নাম মেটিল্‌ডা, আপনি তাঁহাদিগের কন্যা। আপনাকে প্রসব করিয়া আপনার মাতা লোকান্তর গমন করিলেন। আপনার পিতা শোকে মগ্ন হইয়া অস্থিরতা প্রাপ্ত হইলেন। বাণিজ্য করিয়া অর্থ সংগ্রহ করিয়াছিলেন। পরে কর্ম্মকার্য্য ত্যাগ করিয়া কেবল ধর্ম্মশাস্ত্র পড়িতে লাগিলেন। গির্জা, হাঁসপাতাল ও বিদ্যালয়ের সাহায্যার্থে ও দুঃখী দরিদ্র লোকের দুঃখ বিমোচনার্থে অর্থ ব্যয় করিতেন ও পুনর্ব্বার সংসার করিবার ইচ্ছা নির্ব্বাণ করিলেন। আপনাকে ক্রোড়ে করিয়া স্নেহ করিতেন ও চক্ষে অশ্রু আসিলে অমনি মুখ ফিরাইতেন। আপনি ষোল বৎসর বয়ঃপ্রাপ্ত হইলে একদিন আপনার পিতাকে জিজ্ঞাসা করিলেন,—'বাবা! আমার কি মা নাই?' আপনার পিতা খেদ সম্বরণ না করিতে পারিয়া হাতরুমাল চক্ষে দিয়া রোদন করিলেন ও তিনি সেই স্থান হইতে উঠিয়া গেলেন। অনেক বিবি আপনার পিতার পাণিগ্রহণ করিতে ইচ্ছুক হইয়াছিলেন, কিন্তু তিনি সম্মত হয়েন নাই। কিছুকাল পরে আপনার পিতা পরলোকে গমন করিলেন ও আপনি তাঁহার সম্পত্তি পাইলেন। একাকিনী নিস্তব্ধে আপনি ঈশ্বর উপাসনা করিতে লাগিলেন। অনেক যুবক আপনাকে বিবাহ করিবার জন্য চেষ্টান্বিত হইল, আপনি রূপবতী, গুণবতী ও ধনশালিনী, কিন্তু আপনি কোন স্থানে যাইতেন না ও কাহাকেও আহ্বান করিতেন না, সুতরাং কেহই আপনকার নিকট উপরোক্ত প্রস্তাব করিতে সক্ষম হইল না। যেরূপ এতদ্দেশে বিধবা নারীরা ব্রহ্মচর্য্য অভ্যাস করে অর্থাৎ শরীর শোষণ, ইন্দ্রিয়াদি দমন ও আত্মার উন্নতি সাধন, সেইরূপ অভ্যাস আপনি করিতে লাগিলেন। কিয়ৎকাল পরে আপনার চিত্ত এই হইল যে, বিবাহ করিবার অপেক্ষা জীবন নিষ্কাম ধর্ম্ম অনুষ্ঠানে যাপন করিলে ঐশ্বরিক আনন্দলাভ হয়। এই স্থির করিয়া আপনি স্বদেশ ত্যাগ করিয়া এদেশে আসিয়াছেন। এক্ষণে কৃষকের ন্যায় কর্ষণ করিতেছেন, ভগবান করুন আপনার অনন্তফল লাভ হউক।"

বিবি দাঁড়াইয়া আধ্যাত্মিকার মুখচুম্বন ও তাঁহাকে আশ্লেষ করিয়া বলিলেন,—"আপনি যাহা বলিলেন, তাহার একটী কথাও অসত্য নহে। আমাদিগের দেশে এ বিদ্যা আছে তাহাকে সেকেণ্ড সাইট (Second Sight) বলে, কিন্তু আপনার আত্মা অধিক উন্নত।" দুই জনের অন্তর-অবস্থা দুই জনে জানিয়া একজনের স্বরূপে কিয়ৎকাল শান্ত হইয়া থাকিলেন। পরে তর্কালঙ্কার বিবিকে স্বহস্তে কিঞ্চিৎ জলযোগ করাইলেন। বিবি বলিলেন,—"আমি যে এত সমাদর ও প্রেম পাইব তাহা প্রত্যাশা করি নাই। আমি জানিতাম আমারা ম্লেচ্ছ জাতি, অস্পর্শীয়, এক্ষণে আশ্চর্য্য হইতেছি কি আপনাদিগের উদারভাব!"

আধ্যাত্মিকা বলিলেন, 'প্রেম, হৃদয়সম্বন্ধীয়, জাতি সম্বন্ধীয় নহে।"

ষোড়োশ পরিচ্ছেদ।

——oo——

বৈঠকী কথা—সুশিক্ষিত যুবক ও পঞ্চায়েত।

যদিও রাগরাগিণী সময় অনুসারে সঙ্গীত, তথাচ গায়কের ও শ্রোতার ইচ্ছামত গান হয়। ইচ্ছা রাত্রিকে দিন, দিনকে রাত্র করে।

বনওয়ারী ভোজনান্তে নিদ্রা না যাইয়া কদম্বতলে তাকিয়া ঠেসান দিয়া "মিয়া মল্লা রি, না, তা, না" দ্বারা আলাপ করিতেছেন। গলাটি এক সুরো, খরজে পূর্ণ। দুই এক মাগি জলের কলসি লইয়া জল আনিতে যাইতেছিল। আওয়াজ শুনিয়া সম্মুখে দাঁড়াইয়া হাসিতে লাগিল। গায়ক বেগেমেগে বলিলেন,—"যাও তোমরা কি তামাসা পেলে?"

ক্রমশঃ অন্যান্য বাবুরা উপস্থিত হইলেন।

ক। কালেজে ও স্কুলে যে সকল বালকেরা ইংরাজী পড়িতেছে, তাহারা তোতা-পাখী অথবা টিয়ে পাখীর ন্যায় বাঁধাগত 'বাধাকৃষ্ট বল" পড়িতেছে, কেটে ছিড়ে উঠতে পারে না। মস্তিষ্কতে যাহা পূরিত তাহাই কায়ক্লেশে বাহির করে। তাহাদিগের বুদ্ধি ও বিজ্ঞান শক্তি ও অন্যান্য বৃত্তির চালনা অল্প ও ধর্ম্মভাব সামান্য, অনেকেই নাস্তিক—অনেকে কমিটির মত গ্রহণ করেন। ব্রাহ্মরা আস্তিকতার বৃদ্ধি করিয়াছেন বটে, কিন্তু আসল ধর্ম্মভাব কোথায়? অনেক স্থলে নাম মাত্র। এই ধর্ম্মভাবের বিরহে পরিবারের উন্নতি হইতেছে না। স্ত্রীশিক্ষা যাহা হইতেছে তাহা অনুকরণীয়। অন্তর ভাবের উদ্দীপন অল্প, বাহ্য পরিচ্ছেদ ও বাহ্য প্রণালীর জন্য অধিক আলোচনা। আর এক আক্ষেপের বিষয় এই সুশিক্ষিত লোকদিগের মধ্যে সদ্ভাবের অধিক অভাব। তাহাদিগের মধ্যে একজন বিপদে পড়িলে কয়জন তাহার জন্যে কাতর হয় বা সাহায্য করে? এ বিষয়ে ইংরাজ জাতি ধন্য—একজন বিপদ বা ক্লেশে পতিত হইলে সমস্ত জাতি শুনিবামাত্র একমনা হইয়া তাহার সাহায্য করে। এতদ্দেশীয় লোকদিগের মধ্যে এস্থলে বরং অনেকে বিদ্বেষ প্রকাশ করে। এ পিশাচভাব ধর্ম্ম অনুশীলন অভাবে হইতেছে। পূর্ব্বে সুহৃদ্‌ভাব ও পরহিতভাব অধিক ছিল। তাহা এক্ষণে কোথায়? বাহ্য আড়ম্বরে অধিক অনুরাগ। পূর্ব্বে সকলে গুরুজন ও প্রাচীনদিগকে অভিবাদন ও সম্মান করিত। এক্ষণে ছোঁড়ারা এক নমস্কার ঠোকে—নমস্কার সমানে সমানে চলে। এটি অহংতত্ত্বের চিহ্ন।

প্রত্যেক গ্রামে পূর্ব্বে পঞ্চায়েত ছিল। তাহারা গ্রামের সকল কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ করিত এবং তাহাদিগকে সকলে মান্য করিত। কাহার অপকার করিব না, যাহা যথার্থ তাহাই করিব; এইভাবে সকলে যেন এক শৃঙ্খলে বদ্ধ থাকিত। এক্ষণে কোন কোন স্থানে মিউনিসিপেলিটিতে পূর্ব্বের ভ্রাতৃবৎ ভাব জলাঞ্জলি হইয়াছে। পরাক্রম পাইয়া পরস্পর খোঁচাখুচি করে।

ইহারা কি সুশিক্ষিত ব্যক্তি ?—তবে ধর্ম্মভাব কোথায় ? বোধ হয়, পর্ব্বতের গুহাতে লুকাইয়া রহিয়াছে। শিক্ষাতে ধর্ম্মভাবের বড় আবশ্যক।

সপ্তদশ পরিচ্ছেদ।

—o—

ব্রাহ্মণীর সাংঘাতিক পীড়া।

তর্কালঙ্কার স্ত্রীকে অর্দ্ধ অঙ্গ, অর্দ্ধ প্রাণ, অর্দ্ধ আত্মা দেখিতেন। তাঁহার সাংঘাতিক পীড়া হওয়ায় তিনি অন্ন জল ত্যাগ করিয়াছেন। কন্যা দিবারাত্রি মাতার শয্যার নিকট বসিয়া তাঁহার শুশ্রূষা করিতেছেন। এদিকে বৈদ্যদিগের পরামর্শ, ঔষধির বিবেচনা ও রোগের মৃত্যুর্মুহুঃ গতি নির্ণয় করার ত্রুটি কিঞ্চিন্মাত্র হইতেছে না। রোগ ক্রমশঃ বৃদ্ধি, নাড়ীর দুর্ব্বলতা ও শ্বাসের প্রাবল্য। স্বামী কাতর ও অন্তরে দুঃখে মন্থিত। কন্যা শান্ত ও সমাহিত; বৈদ্যরা বলিলেন, "এক্ষণে তীরস্থ করিবার সময়।" কন্যা খট্ট উপরি মাতাকে শয়ন করাইয়া গায়ত্রী পাঠ করিলেন, পরে পিতার চরণের ধূলি তাঁহার মস্তকে দিয়া কপালে সিন্দুরের রেখা স্বহস্তে বিলেপন করিলেন। ব্রাহ্মণী স্বামীকে সম্ভাষ করিয়া বলিলেন, "যদি আমার স্ত্রীজন্ম হয়, তো আপনার ন্যায় ভর্ত্তা যেন পাই।" ব্রাহ্মণ অতিশয় কাতর হইয়া জীবনহীন পুত্তলিকার ন্যায় দণ্ডায়মান রহিলেন। কন্যা খট্ট ধরিয়া সঙ্গে সঙ্গে চলিলেন ও বলিলেন, "লাজ ছড়াইতে ছড়াইতে চল, মাতা দিব্যধামে গমন করিতেছেন। মণিকর্ণিকার ঘাটে আসিয়া দেখিলেন দিনমণি অস্তমিত হইতেছে, নানা বর্ণীয় আভা তাঁহার মাতার বদনোপরি পতিত—নয়ন ঊর্দ্ধদৃষ্টিতে পূর্ণ, এমত যে চমৎকার সুধা-আভা সে আভা অপেক্ষা তাঁহার জননীর যে আত্মার আভা তাহা যখন চক্ষু দিয়া বিনির্গত হইল, তাহা দেখিয়া নিকটস্থ যোগীরা বলিল, "মাই! আনন্দভও জননী জ্যোতির্লোকে গ্যাথা।" অন্ত্যেষ্টিক্রিয়া সমাপন করিয়া কন্যা পিতার হস্তধারণপূর্ব্বক বাটীতে প্রত্যাগমন করিলেন। সন্ধ্যা-আহ্নিক করিয়া দুহিতা পিতার নিকট জলযোগ আনিয়া দিলেন। পিতা বলিলেন,—"বৎস! তিন চারি দিন তুমি দিবারাত্রি বসিয়াছিলে, মুখেতে এক ফোটা জলও দেও নাই; তুমি আহার করিলে আমি আহার করিব।" কন্যা বলিলেন, "আমি মাতৃহীনা, মাতার ঋণ কেহই কণামাত্র পরিশোধ করিতে পারে না। এক্ষণে আপনিই মাতা, আপনিই পিতা। আপনি আহার করিলে আমি প্রসাদ পাইব।"

সে রাত্রি মাতার চিন্তায় যাপিত হইল, প্রভাত হয় হয় এমত সময়ে মাতা আসিয়া কন্যার মুখচুম্বন করতঃ বলিতেছেন,—"বৎস! আমি উত্তম লোক পাইয়াছি—সে লোকে অনেক ধর্ম্মপরায়ণা নারী ঈশ্বরকে জীবনের জীবন করিয়া নব জীবন যাপন করিতেছে। মা! আমি সুখে আছি। অল্পদিনের মধ্যে এই

পরিবারে দুর্ঘটনা ঘটিবে, আপন পিতাকে শান্ত রাখিও।" আধ্যাত্মিকা স্বীয় আত্ম-আলোকের দ্বারা যে ঘটনা ঘটিবে তাহা অবগত হইয়া কৈবল্যাবস্থা অবলম্বন করিয়া থাকিলেন।

বৈকালে বিবি আসিয়া ব্রাহ্মণীর জন্য অনেক দুঃখ ও খেদ প্রকাশ করিলেন। আধ্যাত্মিকা বলিলেন—"ভগিনি! মস্তিষ্ক অধীন অবস্থাতেই পার্থিব ক্লেশ ও বৈকারিক যন্ত্রণা—মস্তিষ্কাতীত অবস্থাই মনন্মনী অবস্থা—ঐ অবস্থা শিব অবস্থা, অভয়, অশোক, সুখ দুঃখ সম, আশা নৈরাশ সম। ত্রিতাপ বা কোন তাপ থাকে না, অন্তর বাহির শান্ত—সমাহিত।" বিবির বদন এই উপদেশে উজ্জ্বল হইয়া উঠিল। তিনি জিজ্ঞাসা করিলেন—"গার্হস্থ্য, সামাজিক ও আধ্যাত্মিক অবস্থার কি কি উপযোগী কার্য্য?" আধ্যাত্মিকা বলিলেন, "আমাদিগের উন্নতির অনন্ত সোপান। এক এক সোপানে আরূঢ় হইলে অনন্ত ঊর্দ্ধগতি ক্রমশঃ দৃষ্ট হয়। গৃহ-আশ্রমে থাকিয়া শুদ্ধাচার অভ্যাস করিলে আত্মার উন্নতি কিঞ্চিৎ হইয়া থাকে। স্বামী, স্ত্রী, পিতাপুত্র, দুহিতা, পুত্রবধূ, জ্ঞাতি, কুটুম্ব প্রভৃতি সকলেই পরস্পর স্নেহশৃঙ্খলে আবদ্ধ। অনেক স্থলে কেহ পরবেদনায় পীড়িত হইয়া পরস্পর আনুকূল্য করে এবং এই অভ্যাসে কাহারও কাহারও চিত্ত এরূপ উন্নত হয় যে, সে অপরের জন্য কাতর হইয়া থাকে। এই গার্হস্থ্যভাব অন্যের প্রতি আনীত হইলে বিস্তীর্ণতা অথবা সামাজিক অবস্থা ধারণ করে; কিন্তু নানাত্ব ও বহুত্ব প্রযুক্ত গৃহে ও সমাজে আধ্যাত্মিক জ্ঞানলাভ হয় না। ইহার জন্য নির্জ্জনে বিশেষ অভ্যাস ও আরাধনা চাই। যে সকল অভ্যাসে আত্মতত্ত্ব লাভ হয়, গৃহে ও সমাজে বদ্ধ থাকিলে সে সকল অভ্যাস হয় না। আত্মতত্ত্ব না জানিলে ব্রহ্মজ্ঞান হয় না, অতএব আত্মতত্ত্ব দ্বারা ব্রহ্মজ্ঞানকে লক্ষ্য করিয়া জীবন সেই দিকে নিয়োগ করিতে হইবে। আশ্রম লক্ষ্য নহে ব্রহ্মজ্ঞানই লক্ষ্য।" বিবি আনন্দচিত্তে বিদায় লইয়া চলিয়া গেলেন।

অষ্টাদশ পরিচ্ছেদ।

অশুভ সংবাদ।

কন্যা পিতার নিকট বাগানে বসিয়া রহিয়াছেন। ভৌতিক ও আধ্যাত্মিক প্রকৃতি ও পুরুষ, সার ও অসার, সাকার ও নিরাকার, জড় ও অজড় এই সকল কথা লইয়া স্বীয় ভাব ব্যক্ত করিতেছেন। ইতিমধ্যে দুই জন পাইক চীৎকার করতঃ দৌড়িয়া আসিয়া বলিল, "মহাশয়! সর্ব্বনাশ হইয়াছে।" তাহারা যে লিপি আনিয়াছিল তাহা তর্কালঙ্কারের হস্তে দিলে তাহার প্রত্যেক অক্ষর কন্যার অন্তরগোচর হইল। ব্রাহ্মণ লিপি পাঠ করিয়া সাতিশয় ম্লান হইলেন। লিপির মর্ম্ম এই যে, "সুন্দরবনের জমি-

দাবী বানেতে প্লাবিত হইয়াছে। প্রজা সকলের গৃহ জলমগ্ন, গরু সকল মরিয়া গিয়াছে, ফসল একেবারে নষ্ট ও একটী প্রাণীও জমিদারিতে নাই—সিন্দুকে যে কয়েক হাজার টাকা ছিল, তাহা ডাকাইতে অপহরণ করিয়াছে—যে সকল প্রহরী ছিল তাহারা রুকিয়াছিল এজন্য অস্ত্রাঘাতে প্রাণবিয়োগ করিয়াছে। আমরা এক বৃক্ষের উপরে রহিয়াছিলাম, তিন দিনের পর দৈব-যোগে এক শাল্‌তি পাইয়া এক দোকানে বসিয়া এই চিঠি লিখিতেছি।"

আধ্যাত্মিকা একজন চাকরকে কহিলেন, "এই দুই জন পাইককে আহার ও শয্যা দেও।"

তর্কালঙ্কার কন্যাকে বলিলেন, "বোধ হয় তোমার মাতা আমার লক্ষ্মী ছিলেন। এতদিন পায়ের উপর পা দিয়া স্বীয় প্রতাপে ও প্রতিদিন সদাব্রত করিয়া কাটাইয়াছি, এক্ষণে ভদ্রাসন ও বিষয়াদি বন্ধক দিতে হইবে। জমিদারির মালগুজারি সরকার টাকা ও জমিদারি দুরস্ত করিবার জন্য অনেক টাকা চাই।" আধ্যাত্মিকা বলিলেন, "পিতঃ! আত্মার শান্তি রক্ষা করুন, অন্তর শান্ত থাকিলে বাহ্যপীড়ার ভয় নাই। আপনি সাক্ষাৎ ঋষি—বাহ্য অতীত, যিনি অন্তর্যামী অন্তরে শীতলতার জন্য তাঁহাকে ধ্যান করুন।" পিতা কন্যার মস্তকে হাত দিয়া আদর করিতে লাগিলেন ও অচিরাৎ শান্তি-লাভ করিলেন। আত্মা প্রবল থাকিলে বাহ্য প্রেরণা মস্তিষ্কে অল্পকাল স্থায়ী হয়। পরে গৃহাদি বন্ধক দেওয়া হইল ও হাতকর্জ্জা করিয়া জমিদারি দুরস্ত হইতে লাগিল।

ঊনবিংশ পরিচ্ছেদ।

বড় গোলযোগ।

পৃথিবীতে দুই প্রকার লোক; এক প্রকার স্বর্গীয়, যাহারা পর বিপদ ও পর-সম্পদে আত্ম-বিপদ ও আত্ম-সম্পদ জ্ঞান করে ও পরহিতার্থে প্রাণপণে চেষ্টা করে; আর এক প্রকার নারকীয়—যাহারা অন্যের বিপদ আপনা-দিগের সম্পদ জ্ঞান করে ও পরের অহিতার্থে নানাপ্রকার চেষ্টা পায়, পর-প্রশংসায় জ্বলিয়া উঠে ও পরনিন্দা অতিশয় প্রিয় জ্ঞান করে। হাটে, মাঠে, ঘাটে, রাস্তায়, দোকানে ও বাজারে জনরব হইতে লাগিল, "হরদেব তর্কা-লঙ্কার গেলেন।" কেহ কহিতেছে, "যাবে না—জেতে বামুণ, ভিখারীর জাত, এত লম্বা চৌড়াই বা কেন? রোজ বাটীতে সদাব্রত,—তুই কেরে বাবু?" অন্য একজন বলিল, "খুব হয়েছে, বেটার একটা ষোল বৎসরের মেয়ে, বিবাহ দিলে না, সেই পাপ এখন ভোগ করছে।" একজন ভদ্রলোক রোদন করিতে করিতে যাইতেছে, অন্য একজন আলাপী জিজ্ঞাসিল, "মহাশয় কি বিপদগ্রস্ত হইয়াছেন?" সে ব্যক্তি বলিলেন,—"হরদেবের বিপদেতেই আমার

বিপদ। ঈশ্বর করুন যে তিনি এ বিপদ হইতে মুক্ত হউন। আমার হাতে অর্থ থাকিলে আমার সকল অর্থ তাঁহাকে দিতাম।"

মেয়েদিগের মধ্যেও এ বিষয় আন্দোলিত হইতে লাগিল।

নৃপবালা। "এই শুনিয়াছিলাম বামুণের মেয়ে নাকি বড় যোগিনী,—কৈ বাপকে রক্ষা কর্‌তে পার্‌লে না?"

রাজবালা। "যা বরাবর হচ্চে তাই ভাল, ছেলেবেলা যমপুকুর, সেজুতি, পঞ্চমী ও অন্যান্য ব্রত কিছুই কর্‌লে না। ওমা! বই প'ড়ে ও চোক বুঝ্‌লে কি হবে?"

মনোরমা। "ওগো তোমরা সে মেয়েমানুষটীকে দেখ নাই, কেন মিছ মিছি বাক্‌চাতুরী কর্‌ছ? তাঁকে দেখ্‌লে পুণ্য হয় আর পার্থিব শুভাশুভ কি কারো হাতে? তর্কালঙ্কারের দুঃখের কথা শুনিয়া সমস্ত রাত্র কাঁদিয়াছি, পতিকে বলিলাম, আমার যে গহনা আছে তাহা বিক্রয় করিয়া সেই সাধু ধর্ম্মপরায়ণ ব্যক্তির দুঃখ মোচনার্থে লইয়া যাও।"

স্বামী বলিলেন,—"তোমার চিত্ত উচ্চ অবস্থা প্রাপ্ত হইয়াছে, কিন্তু আমার নিকট হইতে তর্কালঙ্কার দান গ্রহণ করিবেন না।"

তিন বৎসর গত হইল, জমিদারীর আয় বন্ধ। স্থিতিধন কিছু নাই। তৈজসপত্র ও অলঙ্কারাদি যাহা ছিল, তাহা ক্রমশঃ বিক্রয় হইল, কলসীর জল গড়াইতে গড়াইতে ফুরাইয়া যায়। ব্যয় ক্লেশে নির্ব্বাহ হইতে লাগিল। অন্যকে অন্ন বস্ত্র দেওয়া দূরে থাকুক, আপনাদিগের দিন যাওয়া ভার। সিংহ পতিত না হইলে শৃগাল পদাঘাত করে না, পদস্থ ব্যক্তি অপদস্থ না হইলে, গঞ্জনাপাত্র হয় না। বাটী-বন্ধক ওয়ালা ও খতি পাওনা-ওয়ালারা আপন আপন টাকার জন্য তর্কালঙ্কারকে পীড়ন করিতে লাগিল। সর্ব্বত্রে তাঁহার গ্লানি ও অধার্ম্মিকতা ঘোষিত হইল। টাকা না দিতে পারাতে পাওনাওয়ালাদের মনে রাগ ও দ্বেষ জন্মিল। তাঁহার নিকট কেহ কেহ আত্মীয়ভাবে এই সকল অপ্রিয় কথা ব্যক্ত করে। পিতা ও কন্যা তাহা শুনিয়া বলেন, "যদবধি আত্মা প্রকৃতিশূন্য না হয়, তদবধি তমস্ অতীত হওয়া যায় না, অতএব এই নিন্দা তুমি যাহা বল ইহাকে আমরা চেতনা বলি। যাঁহারা আমাদিগকে এরূপ নিন্দা দ্বারা চেতনা দেন জগদীশ তাঁহাদিগের মঙ্গল করুন। এই পরীক্ষা হিতজনক।" একজন চিড়্‌চিড়ে পাওনাওয়ালা অন্যান্য পাওনাওয়ালাদিগের নিকট হইতে রাগ ও ঈর্ষা সংগ্রহ করতঃ ফটাস্ ফটাস্ করিয়া উপস্থিত হইলেন। "কোথা গো তর্কালঙ্কার? শেষটা খুব ঢলালে। আপনার বিষয় বিভব লুকিয়ে এখন আমাদিগের ফাঁকি দিতে চাহ। একদিকে ধর্ম্মের ছালা, আর একদিকে দিনে ডাকাতি! গলায়দড়ে জাতিই অন্তজ। কিছু যে বল্‌ছ না?" পিতা ও কন্যা এই সকল নিন্দাতে আপন আপন আত্মার অশান্তভাব হয় কি না তাহা নিরীক্ষণ

করিতেছেন। অবশেষে তাঁহারা বলিলেন, "ঈশ্বর তোমার মঙ্গল করুন। বাহ্য ঝটিকার ঔষধি সহিষ্ণুতা।"

চিড়চিড়ে ব্যক্তি কিছু আশ্চর্য্য হইল, অনেক গালমন্দ দিলাম তবুও শান্ত। একটু নরম হইয়া—"এক ছিলিম তামাক আনাও। মেয়ের বিয়ের কি কর্‌লে?" কন্যার দিকে চেয়ে "কেমন গো বে কর্‌তে ইচ্ছা হয় না?" কন্যা, না রাম, না গঙ্গা—মৃদু হাস্যান্বিত হইয়া থাকিলেন।

বলরাম আসিয়া উপস্থিত, বলরাম বাবুর সহিত তর্কালঙ্কারের অতিশয় সৌহৃদ্য ছিল, কেবল পাকপৈতার ভেদ। বলরাম তর্কালঙ্কারের নিকট অনেক প্রকারে উপকৃত ও তাঁহার অনাটন শুনিয়া কিছু টাকা কর্জ্জ দিয়াছিলেন, সেই টাকা না পাওয়াতে নানা লোকের প্রমুখাৎ শুনিলেন, তর্কালঙ্কার টাকা লুকাইয়া রাখিয়াছে কাহাকেও দিবে না। মনেতে রাগের উগ্রতা জন্মিয়াছিল, তাহা প্রবলবেগে নিক্ষিপ্ত হইল। পিতা ও কন্যা বায়ু-শূন্য প্রদীপের ন্যায় শান্ত হইয়া থাকিলেন। বলরাম বলিলেন, "এ জোয়াচুরির তুলনা নাই।" এই কথোপকথন হইতেছে ইত্যবসরে হেমেন্দ্র বাবু আসিয়া কাঁদিতে লাগিলেন—বলিলেন, "তর্কালঙ্কার মহাশয়! আপনাকে কখন দেখি নাই, আপনকার সচ্চরিত্র, সৎকার্য্য ও আপনার কন্যার দেবপ্রকৃতি শুনিয়া আপনাকে আমি পাঁচ হাজার টাকা কর্জ্জ দিয়াছিলাম, আপনি যে এ টাকা দিতে পারেন এমত বোধ হয় না। আমার অতিশয় আনন্দ যে এ টাকা আপনার অভাব মোচনার্থ প্রদত্ত হইয়াছে, আপনাকে দেওয়া ও ঈশ্বরের কার্য্যে দেওয়া সমান। এক্ষণে আপনার খত আমি ছিঁড়িয়া ফেলিতেছি," এই বলিয়া খত ফড় ফড় করিয়া ছিঁড়িয়া ফেলিলেন। নিগ্রহ ও অনুগ্রহ দুই অবস্থাতেই পিতা কন্যা সমভাবে থাকিলেন। চিড়চিড়ে ও বলরাম কিঞ্চিৎ অন্যমনা হইলেন, কিঞ্চিৎ চৈতন্য পাইয়া বলিলেন, "তর্কালঙ্কার ভাই! কিছু মনে করিও না কাস্‌টা ভাল হয় নাই। এখন দেখিতেছি, যে পর্য্যন্ত মনুষ্য লোভ, রাগ বা অন্য কোন রিপু-অধীন থাকে সে পর্য্যন্ত সে সকলই করিতে পারে। এই তর্কালঙ্কার দেবতা-তুল্য মনুষ্য—ইহাঁকে কি না বলিলাম, ছার টাকাই পৃথিবীর ঈশ্বর!"

বিংশ পরিচ্ছেদ।

পিতার জমিদারিতে গমন—কন্যা কিরূপ থাকিতেন।

ঝটিকা অষ্টপ্রহর বহে না, জোয়ার দিবারাত্রি থাকে না, বর্ষণ অবিশ্রান্ত হয় না। নিন্দা গেল, অপবাদ গ্লানি কিয়ৎকাল নিক্ষিপ্ত হওয়াতে তেজোহীন হইতে লাগিল। তর্কালঙ্কার কন্যাকে বলিলেন—"মা যদিও এক্ষণে পাওনা-ওয়ালারা কিঞ্চিৎ শান্ত হইয়াছে তথাচ আমার কর্ত্তব্য যে তাহাদিগের ঋণ

যত শীঘ্র পারি তত শীঘ্র পরিশোধ করি। একারণ আমি স্বয়ং জমিদারিতে যাইয়া আপন চক্ষে সব দেখিয়া অপব্যয় নিবারণ করিতে চাহি।" কন্যা সম্মত হইলেন, যাওন-কালীন পিতা কিঞ্চিৎ মুগ্ধ হইয়াছিলেন। কন্যা কহিলেন—"পিতঃ! আমি জানি আমি আপনকার অতিশয় স্নেহের পাত্রী কিন্তু আমার জন্য চিন্তিত হইবেন না। আমি ধ্যানযোগেতে সময় ক্ষেপণ করিব।"

তর্কালঙ্কার জমিদারিতে যাত্রা করিলে তাঁহার কন্যা পূর্ব্বাপেক্ষা আরাধনা ও ধ্যানযোগ অধিক করিতে লাগিলেন। এক্ষণে অর্থহীনা হইয়া ভাবিলেন, যে নিষ্কাম কার্য্য বিনা অর্থতেও হয়। শুদ্ধভাব নানা প্রকারে অভ্যাসিত হয়। শুদ্ধ বাসনায় হয়—শুদ্ধ উপদেশে হয়—শুদ্ধ কার্য্যে হয়। যে সকল দরিদ্রলোক বাটীর নিকটে থাকিত তাহাদিগের কুটীরে যাইয়া যাহার যে কার্য্যের আবশ্যক হইত তাহা করিতেন। কাহাকে রন্ধন করিয়া দিতেন, কাহার কাপড় বিছানা সেলাই করিয়া দিতেন, কাহার শিশুকে ক্রোড়ে লইতেন, রোদন করিলে মুখচুম্বনে ও স্নেহেতে শান্ত করাইতেন। সকলে বলিত, "মা লক্ষ্মী তোমার দেবস্বভাব দেখিয়া আমরা চমৎকৃত।" অনাটন ও অর্থাভাব জন্য চাকর দাসী দ্বারবানেরা সকলে ক্রমে ক্রমে প্রস্থান করিল। একজন প্রাচীনা দাসী যে আধ্যাত্মিকাকে জন্মাবধি কোলে পিঠে করিয়া মানুষ করিয়াছিল সে বলিল—"মা! আমি তোমার নিকট হইতে কোথায় যাইতে পারি না, তুমি আমার সর্ব্বস্ব।" এই বলিয়া আধ্যাত্মিকার গলা জড়াইয়া কাঁদিতে লাগিল। নিকটস্থ দুঃখী দরিদ্র লোকদিগের স্ত্রীলোকেরা আধ্যাত্মিকার নিকটে সর্ব্বদা আসিত—তাঁহার মুখ দৃষ্টি করিলে তাহাদিগের দরিদ্রতা দূরে যাইত—তাহাদিগের তাপিত হৃদয় সান্ত্বনা-বারিতে সিক্ত হইত। তাহারা বলিল—"মা! আমাদিগের বড় সৌভাগ্য যদি আপনার পাদপদ্মে হাত দিতে পারি, আপনার সেবা করিতে পারি।" আধ্যাত্মিকা কহিলেন,—"বাছা তোমরা নানা ক্লেশে আছ, আপন আপন পতিপুত্রের ও ছেলেপলের কার্য্য কর। আমার দাসদাসীর প্রয়োজন নাই। ঈশ্বর আমাকে অন্তরে স্বাধীন করিয়াছেন, আমার আহার ও নিরাহার, নিদ্রা ও জাগরণ সমান।"

একবিংশ পরিচ্ছেদ।

তর্কালঙ্কারের কলিকাতায় ভজহরি বাবুর বাটীতে গমন।

তর্কালঙ্কার কলিকাতায় আসিয়া দেখিলেন যে, এ আর সে কলিকাতা নহে, নূতন নূতন রাস্তা, নূতন নূতন ঘাট, নূতন নূতন বাটী। অনেক প্রাচীন বাটী ভগ্ন। অনেক নূতন ইংরাজি রকমে নির্ম্মিত। সকল স্থানেই বিদ্যার অনুশালন, ধর্ম্মের চর্চ্চা। কেহ হিন্দুধর্ম্ম আক্রমণ করিতেছে, কেহ খ্রীষ্টীয়ান ধর্ম্মের দোষারোপ করিতেছে, কেহ ব্রাহ্মধর্ম্মের মাহাত্ম্য বর্ণন করিতেছে।

কেহ কোন বিদ্যা ও কোন ধর্ম্মেতে মনোনিবেশ না করিয়া বোতলের জোরে একেবারে বুঁদ হইয়া ব্যোমে উড্ডীয়ন করতঃ ভবনদী পার হইতেছে। তর্কালঙ্কার ভাবিতেছেন, কোথায় যাই, সহরে থাকিতে গেলেই অনেক ব্যয় অথচ কিছু সম্বল নাই। ভজহরি বাবু এককালে আমার বড় বন্ধু ছিলেন, কিন্তু তখন আমি বিষয়াপন্ন ছিলাম। যাহাহউক দেখা যাউক; পথে জিজ্ঞাসা করিলেন,—"অহে ভাই, ভজহরি বাবুর বাটী কোথা?" "আজ্ঞা, ঐ যে ভাঙ্গা মন্দিরটি দেখিতেছেন, উহার পশ্চিমে।" আস্তে আস্তে তর্কালঙ্কার আসিয়া উপস্থিত হইলেন। ভজহরি নাকে চস্‌মা দিয়া পঞ্জিকা দেখিতেছিলেন। নিকটে ব্রাহ্মণ দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "আপনি কে?" তর্কালঙ্কার উত্তর করিলেন, "আজ্ঞা, আমার নাম অমুক, আমার ধাম বারানসী।" নিরীক্ষণ করতঃ কহিলেন, "বোধ হয় আপনাকে চিনি।"

"আজ্ঞা, আমি পরিচিত, একত্রে পড়া ও আপনকার সঙ্গে কিছু বিষয়-কর্ম্ম হইয়াছিল।" "আচ্ছা বসুন, সব মঙ্গল তো?"

"আজ্ঞা, ভগবান যে অবস্থায় রাখেন তাহাই মঙ্গল।"

"অদ্য এখানে থাকা হবে তো? তা হ'লে পাকশাকের উদ্যোগ করুন। স্নান হয়েছে?"—"আজ্ঞা, হাঁ।"

"অরে হরে, ভট্‌চাজ্ মহাশয়ের পাকশাকের জিনিস্ এনে দে।"

হরি। "যে আজ্ঞা।"

কর্ত্তা বাটীর ভিতর গমন করিলে, হরি চাকর আসিয়া বলিল,—"দেখিতেছি আপনি ঋষিতুল্য লোক আপনার খাদ্য আমি কি আনিব, উপস্থিত আদ কুন্‌কে মোটা চাউল, মুটখানেক ডাউল, একটা বেগুন, একপলা তেল ও দুখানা চেলা কাঠ। বাবু বড় কষা, ভাঁড়ারের চাবি আপনার হস্তে, জিনিসপত্র মেপে লন ও মেপে দেন। সকলের আহার হইলে পান্তা ভাতের হিসাব রাখেন। বাজার আপনি করেন, কাহারও প্রতি বিশ্বাস নাই। পরিবারেরা ছেঁড়া কাপড় দেখালে নূতন কাপড় পায়। হিসাবপত্র সব তুলটের কাগজে লেখা হয়। বাপ মার শ্রাদ্ধ পুরোহিতের সঙ্গে চুক্তি ফুরান। পূজা আহ্নিক, কিছুমাত্র নাই। ঈশ্বরের নাম কখন লন না। দুর্গোৎসব বন্ধ করিতে পারেন না; কেবল পাঁড় শসা, বরবটী কলাই, রসকারা ও পক্কান্নতে সারেন। ছেলেদের বলেন, 'যা রেখে গেলুম পায়ের উপর পা দিয়া খাবে কিন্তু খবরদার খবরদার লোহার সিন্দুকের কাছ ছাড়া হইও না, ধন থাকিলে সব পাওয়া যায়। আমি একটা কথা বলে যাই আমাকে যখন গঙ্গাযাত্রা করিবে রূপার হুঁকা সঙ্গে লইয়া যাইও না, কারণ অন্তরজলির গোলে চোরের পৌষমাস'।"

এই সকল শুনিয়া তর্কালঙ্কার স্তব্ধ হইয়া থাকিলেন, ও রন্ধন না করিয়া এক পয়সার চিনি আনিয়া পানা করিয়া খাইলেন।

বৈকালে বাবু গদিতে শয়ন করিয়া আলবোলার নল ভড়র ভড়র ফুঁক্-

চেন। তর্কালঙ্কার বিদায় লইলেন ও বাবু আলবোলার নল নাকের উপর ঠেকাইলেন। আপনা আপনি বলিতেছেন, "এ পাপ গেল বাঁচা গেল, থাকিলেই একটা দায়ে ফেলিত। ওর ভাঁয়োরে বুঝিয়াছিলাম একটা দাও পেঁচ আছে।"

দ্বাবিংশ পরিচ্ছেদ।

নির্ম্মল বাবুর বদান্যতা ও তর্কালঙ্কারের জমিদারীতে গমন ও মৃত্যু।

তর্কালঙ্কার পথিমধ্যে ভাবিতেছেন, কোথায় যাই। বিমলবাবুর পুত্র নির্ম্মল বাবু শুনেছি বড় ধার্ম্মিক, তাঁহার নিকট যাওয়া যাউক। নির্ম্মল বাবু তর্কালঙ্কারকে দেখিবামাত্রেই সাষ্টাঙ্গে প্রণিপাত হইলেন, ও বলিলেন,—"'অদ্য মে সফলং জন্ম, অদ্য মে সফলা গতিঃ;' কি নিমিত্তে এ নরাধমের দেব-দর্শন হইল?" তর্কালঙ্কার আপন বৃত্তান্ত আনুপূর্ব্বিক বলিলেন। নির্ম্মল মুগ্ধ হইয়া কাতরে অশ্রুপাত করিতে লাগিলেন ও জিজ্ঞাসা করিলেন,—"মহাশয়ের কত টাকার প্রয়োজন?" তর্কালঙ্কার অতিশয় কুণ্ঠিত হইয়া বলিলেন,—"দুই হাজার টাকা হইলে বোধ হয় কার্য্য সমাহিত হইতে পারে।" নির্ম্মল বাক্স খুলিয়া তৎক্ষণাৎ দুই হাজার টাকা দিলেন ও বলিলেন,—"টাকা ঋণ জ্ঞান করিবেন না, যাহার উচ্চ চিত্ত তাহার নিকট জগৎ ঋণী। এ টাকা আমার নয়, ইহা আপনার, আরও টাকার প্রয়োজন যদি হয়, তবে আমাকে জানাইবেন। আপনাকে সাহায্য করিতে আমার অসীম আনন্দ।" নির্ম্মলবাবুর নিকটে তর্কালঙ্কার কৃতজ্ঞতা প্রকাশ পূর্ব্বক বিদায় লইয়া জমিদারীতে উত্তীর্ণ হইলেন। দেখিলেন, সমস্ত ভূমি ধূ ধূ করিতেছে, এক গাছি তৃণ নাই, বাঁধ বাঁধার লোক পাওয়া ভার, এক দিক্ বাধা হইতেছে, আবার ধস্কিয়া যাইতেছে, দাদনও আগামি দিয়া প্রজা বিলি হইতেছে, তথাচ তাহারা আসিতে অনিচ্ছুক। কালেতে জমি উর্ব্বরা হইবে এক্ষণে গিরে থেকে খাজানা দিতে হইবে। জমি একবার ধসে গেলে ব্যাপক কালে সংশোধিত হয়। অসুবিধাতে অনেক গোলযোগ, অনেক ধর্ম্মঘট, মন্দ বাতাসই প্রবল; ভাল বাতাস দিবার লোক অল্প। আজ যে নূতন মণ্ডল হয় সে কাল ভেগে যায়। সকলে বলাবলি করে এক জায়গায় আছি সেখান হইতে কেন আসিব? এ জমিতে ফসল করা কালঘাম ছুটিবে। নায়েব বলিল,—"মহাশয় আমরা বাহীন। যে জমি বিলি করিতে গেলে পঞ্চাশ জন উচ্চ পাটাসেলামি দিত, এক্ষণে সে জমি কাহাকেও গতাইতে পারি না। লোভপ্রদর্শন না করাইলে জমি বিলি হইবে না। এক্ষণে টাকা ছাড়ুন বা খাজনার বিবেচনা করুন, দুয়ের একটা না হইলে বিলির পক্ষে বিলক্ষণ ব্যাঘাৎ।" নায়েব আদেশ পাইয়া কার্য্য আরম্ভ করিল, ও বাঁধও মেরামত হইতে লাগিল। তর্কালঙ্কার অনাহারে লবণাক্ত

জল খাওয়াতে অত্যন্ত ক্লেশে ও জ্বরে আক্রান্ত হইলেন। সেখানে বৈদ্য নাই, সুতরাং পীড়া বৃদ্ধি হইল ও যখন তনু শীর্ণ হইল তখন আপন সূক্ষ্ম শরীরের চক্ষু দিয়া আপন বনিতাকে দেখিতে পাইলেন, তৎক্ষণাৎ সকল যন্ত্রণা তিরোহিত হইল, ও দুই জনে যেন একত্রিত হইয়া ঈশ্বরধ্যান করিলেন, পরে শরীর হইতে আত্মা ব্রাহ্মণীর সহিত মিলিত হইয়া ভবপার হইল।

ত্রয়োবিংশ পরিচ্ছেদ।

তর্কালঙ্কারের মৃত্যুসংবাদ।

মৃত্যুসংবাদ তীরের ন্যায় বেগে গমন করে! মৃত্যুসংবাদ প্রায় মিথ্যা হয় না। কাশীতে কেহ কেহ পত্রের দ্বারা এই সমাচার প্রাপ্ত হইল, ক্রমশঃ কন্যার কাণে উঠিল। কন্যা আপন আত্ম-চক্ষুতে দেখিলেন যে, অমুক তারিখে বেলা দুই প্রহরের সময় পিতাঠাকুর প্রাণত্যাগ করিয়াছেন ও তাঁহার বিয়োগের অগ্রে মাতা আসিয়া সঙ্গে করিয়া লইয়া গিয়াছেন। পিতামাতা যে লোক প্রাপ্ত হইয়াছেন তাহাও দৃষ্ট হইল। পৃথিবীর অতি উচ্চ অবস্থা সে লোকের সহিত তুলনা হয়। এদিকে আধ্যাত্মিকার জন্য অনেক স্ত্রীলোক কাতর হইয়া আস্তে ব্যস্তে ধাবিমান হইল। কিন্তু আধ্যাত্মিকা খেদান্বিত নহেন, দুঃখান্বিত নহেন, শোকান্বিত নহেন; শান্তা, ধ্যানযুক্তা, আধ্যাত্মিকা হইয়া বসিয়া আছেন। সকল স্ত্রীলোক মনে করিল, ইহাতে মানব-প্রকৃতি শূন্য, ইহার প্রকৃতি দেবপ্রকৃতি। শিবালয়ে, দেবালয়ে, টোলে, কাব্যালয়ে, বৈঠকখানায়, দরিদ্র-কুটীরে হাহাকার শব্দ হইতেছে। সকলেই বলিতেছে, "আহা এমত মহাত্মা দেখা যায় নাই, তাঁহার এত অসীম পুণ্য না হইলে এমত দেবভাবপূর্ণা কন্যা কেন হইবে?" লোভাক্রান্ত হিংসাক্রান্ত ও তমোযুক্ত লোকেরা প্রকারান্তরে নিন্দা করিতেছেন—"হাঁ, লোক ছিলেন ভাল বটে, কিন্তু বাহিরে যত ভিতরে সেরূপ ছিলেন না। অনেককে ফাঁকি দিলেন কেন? ধর্ম্মের ছালা বাঁধলেই তো হয় না, কার্য্যে সাফ চাই।" একজন স্পষ্টবক্তা বলিল, "যে সকল লোক নাবকী তাহারা নাবকীয় চর্চ্চা লইয়া কালযাপন করে। স্বর্গীয় মহাত্মাদিগের নিন্দা অবশ্যই করিবে। উদারচিত্ত ও যথার্থ ধর্ম্মপরায়ণ ব্যক্তিরা আত্ম-দোষই শোধন করে—আত্ম-উন্নতিই সাধন করে, পরগ্লানি করে না, পর-ছিদ্র অনুসন্ধান করে না। পার্থিব ও জঘন্য চিন্তা-অতীত ব্যক্তিরা দোষ দেখিলে নিন্দাবাদে প্রবৃত্ত না হইয়া নিন্দাকরণের যথার্থ কারণ নির্ণয় করে। স্বর্গীয় লোক একপথে চলেন ও নারকীয় লোক আর এক পথ অবলম্বন করে।" একজন বলিল, "সে সব কেতাবি কথা, আমরা স্পষ্টবক্তা, আমরা দোষ গুণ বলি, আমরা কার খাতির করি না।" আর একজন বলিল, "মেয়েটার দশা কি হইল, ওর বাকে একটা ঘর বর দেখে দেন, এর পর কি ব্যভিচারদোষ ঘটবে?"

বঙ্কিমচন্দ্র চূড়ামণি বলিলেন, "অসার ব্যক্তিরা অসার কথা লইয়া কাল-যাপন করে। যাঁহারা সারত্ব পাইয়াছেন তাঁহারা অসার ও পার্থিব অনুশীলন করেন না। ব্যর্থ অলীক পরহিত ব্যতিরেকে পরহানি-জনক কথা তাহা-দিগের মুখ হইতে বাহির হয় না। এমন এমন লোক আছে, যে ধর্ম্ম ও সত্যের নাম অবলম্বন করতঃ বাহিরে উচ্চতা দেখাইয়া অন্তরের নরক প্রকাশ করে। অদ্ভুত জগৎ! মনের বিচিত্র গতি, মনন্মনী না হইলে ঘোর বিপদ। সংসার-অর্ণবের ঝটিকার বেগ ধারণ কে করিতে পারে?"

চতুর্ব্বিংশ পরিচ্ছেদ।

বিবির সহিত আত্মসম্বন্ধীয় কথা।

আধ্যাত্মিকার পিতার মৃত্যুসংবাদ শুনিয়া বিবি দুঃখিত হইয়া তাহার সমীপে আসিলেন। বিবি অতি কাতরা, বাষ্পে চক্ষু পূর্ণ, নয়নের নীর এক একবার উচ্ছ্বসিত হইতেছে। একটু সম্বরিয়া তিনি বলিলেন, "ভগিনি! তোমার দুঃখে আমি বড় দুঃখিতা হইয়াছি। মাতা গেলেন—পিতা গেলেন। এক একবার মনে হয়, যে তুমি বিবাহিতা হইলে স্বামীর মধুমাখা স্নেহে সান্ত্বনা পাইতে। কিন্তু তুমি আমাদিগের দেশীয় ননদিগের * ন্যায় অপার্থিব জীবন ধারণ করিয়াছ।"

আধ্যাত্মিকা বলিলেন, "আপনার কাতরতা দেখিয়া আমার এই জ্ঞান হইতেছে, যে যদ্যপি আমার প্রিয়তমা সহোদরা থাকিতেন তাহার হৃদয় আপনার হৃদয় অপেক্ষা করুণভাবে বিগলিত হইত না। আপনি স্বামীর বিষয় যাহা বলিলেন তাহা যথার্থ বটে, স্ত্রীলোকের সৎস্বামী অমূল্য ধন; সম্পদে, বিপদে, দুঃখে সুখে দুই জনের একই প্রাণ, একই আত্মা, বিশেষতঃ ঈশ্বর-আরাধনায় দুই চিত্ত এক শৃঙ্খলে বদ্ধ হইলে ঐ সাধনা উচ্চ প্রকারে সাধিত হয়; কিন্তু আত্মজ্ঞান লাভ হইলে কাহারও সঙ্গ আবশ্যক হয় না। তখন আত্মা ধ্যানানন্দ-অমৃতপান পূর্ব্বক ব্রহ্মানন্দ উপভোগ করে। এ অবস্থা গার্হস্থ্য ও সামাজিক অবস্থার অতীত; এ অবস্থায় ব্রহ্মসঙ্গ ব্যতিরেকে আর কাহার সঙ্গ আবশ্যক হয় না।"

বিবি বলিলেন,—"দিদি আমি সে অবস্থা প্রাপ্ত হই নাই, এজন্য সে আলোকরহিত। হে জগদীশ্বর! এ আলোক কৃপা করিয়া আমাকে প্রদান করুন। আমাদিগের ধর্ম্মশাস্ত্রে লেখে যে ঈশ্বর যাহাকে ভালবাসেন, তাহা-কেই আঘাত দেন; কারণ ঐ আঘাতে আঘাতিত ব্যক্তি সংশোধিত হয়।"

---

* যাহারা "রোমান কেথালিক" ধর্ম্ম অবলম্বন করে, তাহাদিগের ননন্নামে স্ত্রীলোকেরা আমরণ অবিবাহিত থাকে, তাহারা কেবল আরাধনা ও পরের হিতজনক কার্য্যে জীবনযাপন করে।

আধ্যাত্মিকা,—"একথাটি সত্য বটে। সে সকল আঘাতদণ্ড বিপদস্বরূপ প্রেরিত হয়, তাহা দুঃখদায়ক বটে; কিন্তু ঐ দুঃখেতে চিত্তের উন্নতি ও ঈশ্বরজ্ঞানের বৃদ্ধি।' যে পর্য্যন্ত আমরা মস্তিষ্কের অধীন সে পর্য্যন্ত সুখদুঃখ আশা, নৈরাশ অবস্থা। মস্তিষ্ক-অতীত অর্থাৎ মনন্মনী অর্থাৎ আত্মরাজ্যে স্থায়ী হইলে 'অদুঃখং অসুখং অশোকং অভয়ং'—কেবল একই ভাব—"চিদানন্দরূপ 'শিবোহং শিবোহং'—বাহ্য অন্তর সকলই শিবময় বোধ হয়।" বিবি স্তব্ধ হইয়া ভাবিতে লাগিলেন ও আধ্যাত্মিকাকে বার বার চুম্বন করিলেন।

পঞ্চবিংশ পরিচ্ছেদ।

—◇◇—

স্ত্রীশিক্ষা।

বিশ্বেশ্বরের মন্দিরের অনতিদূরে একজন ভদ্রলোকের বাটী। প্রাতে একজন বৈরাগী গাত্রোত্থান করিবামাত্রেই ভৈরোঁ রাগে এই গানটি গাইতেন,—

"হর পঞ্চানন পিনাকপাণে হে,
ত্রাহি ত্রাহি এ অভাজন হে।"

অনেকেই তাহার স্তোত্র শুনিতে আকাঙ্ক্ষিত হইয়া থাকিত। এই গানটী যেন ধর্ম্ম-চেতনার উদ্বোধক হইত। ঐ বাটীর গেহিনী অতি মিষ্টভাষিণী, প্রণয়িনী ও ধর্ম্ম-অনুশীলন-আকাঙ্ক্ষিণী। সন্ধ্যার পর পল্লীস্থ স্ত্রীলোকগণ তাঁহার নিকট আসিত। অধিক রাত্রি পর্য্যন্ত থাকিয়া সদালাপে ও সৎ-চর্চ্চায় আত্মোন্নতি করিত। এই অনুশীলনের মূল আধ্যাত্মিকা। যে এ বার তাঁহাকে দেখিয়াছে ও তাঁহার সহিত আলাপ করিয়াছে সে সর্ব্বদা ভাবিত, এই রমণী সর্ব্বপ্রকারে উচ্চ কিরূপে হইল। এ প্রসঙ্গ ঐ ভদ্রলোকের বাটীতে উপস্থিত হইলে, গেহিনী বলিলেন, "ইটি পূর্ব্বজন্মের সুকৃতি। লেখাপড়া অনেকে শিখে বটে, কিন্তু লেখাপড়া শিখিলেই সর্ব্বপ্রকারে শ্রেষ্ঠ হয় না। পূর্ব্বকালের স্ত্রীলোকদিগের চরিত্র স্মরণ কর। তাঁহারা উচ্চতার জন্য বিখ্যাত হইয়াছিলেন। অনেকের পার্থিব বাসনা ছিল না, সাবিত্রী-উপাখ্যান মনে কর। বোধ হয় তাঁহার তুল্য রমণী দেখা যায় না। বিধবা হইব, তাহাতে কিছুমাত্র ভয় নাই। শ্বশুর দুঃখী, স্বামী দুঃখী, তাহা কিছুই নিবৃত্তির কারণ নহে—অমূল্য বস্ত্র ও অলঙ্কার পরিত্যাগ করিয়া বল্কল পরিধান সামান্য জ্ঞান করিয়াছিলেন। একই চিত্ত, যাহাকে পতি বলিয়া বরণ করিয়াছি তাহাকেই বিবাহ করিব, তিনি জীবিত থাকিলেও পতি, মরিলেও পতি। ইন্দ্রিয়সুখার্থে পূর্ব্বকালে স্ত্রীলোকেরা পতিগ্রহণ করিতেন না। পতিগ্রহণের তাৎপর্য্য যে, পতিতে ঔপাধিক প্রেম ক্রমশঃ বিশুদ্ধ হইয়া নিরুপাধিক অর্থাৎ আধ্যাত্মিক জ্ঞান ধারণ করিবে। ঐ পতিবিয়োগের পর ব্রহ্মচর্য্য। কেবল লেখাপড়া শিখিলে তোতাপাখী অথবা রাধাকৃষ্ণ বল এই হয়। আধ্যাত্মিক শিক্ষা না

হইলে, শিক্ষা হয় না। কিন্তু সমাজার্থে শিক্ষা প্রয়োজন, এজন্য দশ রকম শিখিতে হয়।"

হেমলতা। "সে দশ রকম ল'য়ে আমরা কি করিব? আধ্যাত্মিকাকে দেখিয়া বোধ হয় বাহ্য চটক কিছুই চাহি না; সামাজিক নৈপুণ্য ইংরাজি-অনুকরণ। পূর্ব্বকালে স্ত্রীলোকেরা সমাজে যাইতেন বটে, কিন্তু গৃহে তাঁহারা অধিক কার্য্য করিতেন। আমাদিগের পূজা আহ্নিকে অনেকক্ষণ যায়। সংসারের কার্য্য আছে, আয় ব্যয় দেখিতে হয়, বাটীতে কাহার রোগ হইলে তাহাকে শুশ্রূষা করিতে হয়। পল্লীতে কাহার পীড়া, দুঃখ ও শোক উপস্থিত হইলে তাহার তত্ত্ব লইতে হয়। আমরা সালঙ্কৃতা হইয়া সমাজে কখন যাব? স্বামী ব্রহ্মমন্দিরে আমাকে লইয়া যাইতে প্রস্তাব করিলেন। আমি বলিলাম; সমাজে যাওয়া অপেক্ষা ব্রহ্মমন্দিরে যাওয়া উত্তম বটে, কিন্তু আধ্যাত্মিকার শিক্ষা এই যে, প্রকৃত ব্রহ্মমন্দির আত্মা, অতএব সেই মন্দির পাইবার জন্য আমি নির্জ্জনে উপাসনা করি। সাধক নানাশ্রেণীর, আমি একাকিনী; অথবা পতির সহিত উপাসনা করিলে আনন্দ লাভ করি।"

পদ্মাবতী। "কেন ভাই পতি যদি নানাস্থানে লইয়া যাইতে চান তবে যাইব না কেন? নূতন নূতন লোক, নূতন নূতন আলাপ ও অনুশীলন, নূতন নূতন দ্রব্য দেখা ও অনুসন্ধান করা, আপন বাক্যকে মিষ্ট করা, জ্ঞানকে উচ্চ করা—এ সব কি কিছুই নয়?"

কুরঙ্গনয়নী। "যে স্থানে গমন করিলে ভদ্র আলাপ ও চিত্তের উৎকর্ষ হয়, সেখানে যাওয়া বিধেয়; কিন্তু হট্টগোলে যাওয়া উচিত নহে। কি জন্য সময় বৃথা যাপন করিব। এইখানে যেরূপ আমাদিগের আলাপ হইতেছে ইহাকেই সামাজিক কেননা বল? সে যাহা হউক, আধ্যাত্মিকা ত সমাজে যাননা। তিনি সামাজিক শিক্ষাতে কিছুই মন দেন নাই। যে শিক্ষা ও অভ্যাস তিনি করিয়াছেন, তাহার অন্তর্গত সকল শিক্ষা। তিনি গৃহকুনো নহেন—যে মনে করে সে তাঁহার নিকট যাইতে পারে ও তাঁহার নিকট শিক্ষার্থে ছোট বড় এত লোক গমন করে, যে তাঁহার বাটীতে প্রতিদিন সমাজ হইতেছে।"

হেমলতা। "তাঁর কথা ছেড়ে দেও। তাঁহার একই লক্ষ্য—একই মতি, একই অভ্যাস, একই কার্য্য। যে জন পারলৌকিক অনন্ত সমাজ অহরহঃ চিন্তা করে, ও উচ্চ অশরীর আত্মার ন্যায় জীবন ধারণ করে, তাহাকে ঐহিক সমাজের চিন্তা করিতে হয় না। ঐহিক সমাজ আপন আপনি তাহার অধীন হইয়া পড়ে।"

পদ্মাবতী। "কিন্তু আমাদিগের তত উচ্চ অবস্থা হয় নাই, সুতরাং আমাদিগকে পাঁচফুলে সাজি ও দশ কর্ম্মান্বিত হইতে হইবে। আমাদিগের গৃহ চাই, সমাজ চাই ও পরকাল চাই।"

হেমলতা। "ওগো ঠাকরুন! তুমি দুই নৌকায় পা দিয়া থাকিবে,

এটি যে ভাই হয় না। আমাদিগের শিক্ষা ঈশ্বর ও পরলোক সম্বন্ধীয় না হইলে বাহ্য আড়ম্বরীয় শিক্ষা হইবে; কিন্তু সকলে ঈশ্বরকে সমভাবে চাহে না। যাহারা তাঁহাতে মগ্ন নহে ও যাহারা বাহ্য বিষয়ে ব্যাপৃত, তাহাদিগের জন্য সমাজ না হইলে নিস্তার নাই। তাহারা দশ জনের সহিত আলাপ করিবে, দশ রকম জানিবে ও সামাজিক আমোদ উপভোগ করিবে।"

কুরঙ্গনয়নী। "তাহাতে বিশেষ উপকার কি? আমাদিগের ব্রত, নিয়ম, উপবাস ইত্যাদিতে অনেক উপকার। এ সকল পরলোক-হিতার্থে কৃত হয়। মনে কর, দুটি ভাবের মধ্যে কোন্ ভাবটী শুভদায়িনী। একভাব—ঈশ্বরকে কিরূপে পাব, কি অভ্যাস করিব ও কি চিন্তা ও কার্য্য করিলে পরলোকে ঊর্দ্ধগতি হইবে। আর একভাব—শরীর ও পরিচ্ছদ সুন্দর করিয়া সমাজে যাইয়া বাহ্যজ্ঞান ও সামাজিক নৈপুণ্য লাভ করিয়া সামাজিক আদর ও সম্মান পাইব। কিসে অধিক উপকার?"

হেমলতা। "উপকার উদ্দেশ্য অনুসারে কাহার ইচ্ছা হইতে পারে, যে সমাজের সহিত মিলিত হইয়া সমাজ সংস্করণ করিব। কাহার লক্ষ্য হইতে পারে, যে আমি আধ্যাত্মিক জীবন ধারণ করিব, তাহাতে নিষ্কামভাবে যে উপকার করিতে পারি তাহা করিব। ইহার উপমা আধ্যাত্মিকা, উহার দ্বারা গৃহ, সমাজ ও সমস্ত দেশ উপকৃত হইয়াছে। আমাদিগের স্বাধীনতা পূর্ব্বে ছিল ও এখনও তীর্থে, দেবালয়ে, অন্যের ভবনে গমন করিতে কেহ প্রতিবোধ করে না। যাহাদিগের সমাজের প্রতি মন তাহারা অবশ্যই সামাজিক হইবে। যাহাদিগের ঈশ্বরই সর্ব্বস্ব, তাহারা ঐশ্বরিক কার্য্যে নিমগ্ন থাকিয়া গৃহ ও সমাজ অতীত হইবে, অথচ গৃহ ও সমাজ উজ্জ্বল করিবে।

ষড়্‌বিংশ পরিচ্ছেদ।

খগোলসম্বন্ধীয় উপদেশ ও পরলোক।

পূর্ণিমার রাত্রি। চন্দ্রের মনোহর কান্তিতে পৃথিবী যেন স্নাত হইতেছে। পবিত্র আভাতে সমস্ত জীব জন্তু উৎসাহিত, স্ফূর্ত্তিত, নবজীবিত। এরূপ বাহ্য আকর্ষণে কাহার অন্তর উদ্বোধন না হয়? আধ্যাত্মিকা একাকিনী বাটীর ছাদের উপরে নভোমণ্ডল দৃষ্টিপূর্ব্বক মধুর চিন্তনে প্রফুল্লনয়নী হইয়া স্রষ্টাতে অন্তর আহুতি প্রদান করিতেছেন। ইত্যবসরে কতিপয় প্রাচীনা ও নবীনা আসিয়া উপস্থিত হইলেন। তিনি কাহাকে অভিবাদন, কাহাকে স্নেহযুক্ত অভ্যর্থনা পুরঃসর সকলকে সমাদর করিলেন। সকলেরই চক্ষু চন্দ্রের উপর। বামাহৃদয় অপূর্ব্ব দৃশ্য দরশনে ঝটিতি অভিভূত হয়। কুরঙ্গনয়নী বলিলেন যে, "আকাশতত্ত্ব আমরা কিছুই জানি না।" খঞ্জনগঞ্জনী বলিলেন, "এ প্রশ্ন পতিকে জিজ্ঞাসা করিয়াছিলাম, কিন্তু তিনি পরিষ্কার পূর্ব্বক বুঝাইয়া দিতে

পারিলেন না, কেবল আমার নাম ল'য়ে বট্‌কেরা করিলেন।" প্রাণতোষিণী বলিলেন, "ও সব বাজে কথা যাউক। আমরা বাজে কথা ল'য়ে জীবনটা মিছামিছি কাটাই, কেবল দ্বেষাদ্বেষি ঠেষাঠেষি। দিদি! খগোল বিষয়ে কিঞ্চিৎ উপদেশ দিন্।" আধ্যাত্মিকা বলিলেন,—"আমি যৎকিঞ্চিৎ যাহা জানি তাহা বলি—বেদেতে ঈশ্বরকে "অনন্ত" বলে। বেদের এই প্রেরণা আত্মা হইতে উপলব্ধ। যাঁহারা আত্মতত্ত্ব জানেন, তাঁহারা ঈশ্বরকে অনন্ত-রূপে দেখেন। ঈশ্বরকে অনন্ত ও অসীমরূপে জানিবার জন্য খগোলবিদ্যা বিশেষ উপকারী। এই পৃথিবীতে থাকিয়া আমরা কেবল পৃথিবী চিন্তা করি, অথচ পৃথিবীর নানা সমুদ্র, নানা পর্ব্বত, নানা নদী, নানা জাতীয় লোক, নানা পশু, পক্ষী, কীট, বৃক্ষ, লতা আমরা বিশেষরূপে অবগত নহি। পৃথিবীর সমস্ত বৃত্তান্ত অদ্যাবধি কেহই জানেন না। অনেক দেশ ভূমিকম্পে অথবা জলপ্লাবনে বিনষ্ট হইয়াছে তাহার কিছুই চিহ্ন না থাকিতে পারে ও যদিও অনেক বিদ্যার আবিষ্কার হইয়াছে তথাচ পৃথিবী সম্বন্ধীয় জ্ঞেয় অদ্যাপিও পূর্ণরূপে জানা হয় নাই। আমাদিগের পক্ষে পৃথিবী সম্পর্কীয় জ্ঞান গুরুতর জ্ঞান; কিন্তু অদ্যাপিও অসম্পূর্ণ; কিন্তু এই পৃথিবী নভোমণ্ডলে কূর্ম-পৃষ্ঠবৎ। যে সূর্য্য দিনমানে আমরা দেখিতে পাই তাহার অধীন এই পৃথিবী। সৌরজগৎ-মধ্যবর্ত্তী হইয়া সূর্য্য কতকগুলি গ্রহ ও উপগ্রহ রক্ষা করিতেছে। যে গ্রহ সূর্য্যের নিকট তাহার নাম বুধ, তাহার পর শুক্র, তাহার পর পৃথিবী, তাহার পর মঙ্গল, তাহার পর বৃহস্পতি, তাহার পর শনি। এতদ্ব্যতিরিক্ত ক্ষুদ্র ক্ষুদ্র গ্রহ আবিষ্কৃত হইয়াছে। সূর্য্য অচল, সকল গ্রহ ও উপগ্রহ সচল; ইহারা স্বীয় কক্ষে সূর্য্যকে প্রদক্ষিণ করে। পৃথিবীর উপগ্রহ চন্দ্র, শুক্রের চারি ও শনির সাত উপগ্রহ। কি চেতন কি অচেতন রাজ্যে ঈশ্বরের সকল কার্য্যই শুভদায়ক। পৃথিবীর বাৎসরিক পরিভ্রমণে ও সূর্য্যের নিকট ও দূর-বর্ত্তী হওয়াতে শীত, গ্রীষ্ম, শরৎ ও বসন্ত ঋতু হইতেছে। চন্দ্রের পৃথিবী প্রদক্ষিণে জোয়ার ও ভাঁটা হয়, কিন্তু ইহাতে সূর্য্যের তেজ পৃথিবী ও চন্দ্রের উপর পড়ে। ঋতুর পরিবর্ত্তনে বায়ুর পরিবর্ত্তন ও জোয়ার ও ভাঁটাতে কৃষি ও বাণিজ্যের মহৎ উপকার। যখন পৃথিবী সূর্য্য ও চন্দ্রের মধ্যে আসিয়া চন্দ্রকে সূর্য্যজ্যোতিঃ হইতে অন্ধকার করে, তখন চন্দ্রগ্রহণ হয়। চন্দ্র পৃথিবী ও সূর্য্যের মধ্যে আসিলে সূর্য্য-গ্রহণ হয়।"

চন্দ্রবদনী। "ভাল দিদি! রাশিচক্রটি কি?"

আধ্যাত্মিকা। "সৌরজগৎ ব্যতিরেকে অসংখ্য নক্ষত্র আছে। একস্থান হইতে সকল নক্ষত্র দেখা যায় না এবং কোন নক্ষত্র একবার দৃষ্ট হইলে পুনর্ব্বার দৃষ্ট না হইতে পারে। পৃথিবীর গতি কখন সূর্য্যের উত্তর ও কখন সূর্য্যের দক্ষিণ; এই জন্য দুই কল্পিত রেখা নির্ম্মিত হইয়াছে। এক উত্তর অচল, এক দক্ষিণ অচল। ঐ দুই রেখার অন্তর্গত দ্বাদশ রাশি, মেষ বৃষ ইত্যাদি। পৃথিবীর যেরূপ গতি তাহা দেখিলে সূর্য্যের বিপরীত গতি বোধ

হয়। পৃথিবী কন্যা রাশিতে গমন করিলে, সূর্য্য যেন মীন রাশিতে যান, কিন্তু বাস্তবিক সূর্য্য অচল। এতদ্দেশীয় খগোলবেত্তারা উক্ত রাশিচক্রের অন্তর্গত কয়েকটি নক্ষত্রের নাম দিয়াছেন, যথা—অশ্বিনী, ভরণী, কৃত্তিকা প্রভৃতি ২৭টি। একটি একটি ১ থেকে ১০০ নক্ষত্র সংযুক্ত।

"দূরবীক্ষণ দ্বারা অনেক অচল নক্ষত্র আবিষ্কৃত হইয়াছে। কোন কোন নক্ষত্র ধূমবৎ, পরে ক্রমশঃ পরিষ্কাররূপে প্রকাশ হয়। কোন কোন নক্ষত্র যুগল, কোন কোন নক্ষত্র তিনটি চারিটি ও বহুরূপে প্রকাশ হয়। এক একটী নক্ষত্র সূর্য্যের কার্য্য করে অর্থাৎ গ্রহ উপগ্রহ দ্বারা আবৃত ও স্বীয় জগতের নিয়ামক হইয়া রহিয়াছে। সূর্য্য অপেক্ষা নক্ষত্রেরা বৃহৎ ও সূর্য্য গ্রহাদি ও উপগ্রহাদি প্রাণিময়, প্রত্যেক নক্ষত্র জগৎ অর্থাৎ ঐ নক্ষত্র ও তাহার গ্রহাদি ও উপগ্রহাদি তদ্রূপ প্রাণিময়। যতই নক্ষত্র নিরীক্ষিত হয়, ততই নূতন নূতন নক্ষত্র অপবিষ্কার ও পবিষ্কার রূপে আবিষ্কৃত হইতেছে। যাহা চক্ষুর দ্বারা জানা ছিল তাহা অপেক্ষা দূরবীক্ষণের দ্বারা অধিক জানা হইয়াছে। দূরবীক্ষণের দূর দর্শন ক্রমশঃ বৃদ্ধি হওয়াতে যত দূর তদ্দ্বারা দৃষ্টি যাইতে পারে, তত দূর জানা যাইতেছে ও নক্ষত্রের সংখ্যা পূর্ব্বাপেক্ষা অনেক জানা হইয়াছে; কিন্তু অনন্তদেবের অনন্তরাজ্য পৃথিবী হইতে জানা অসাধ্য। অশরীর আত্মারা ভ্রমণ করিয়া অন্ত পান না। দূরবীক্ষণদ্বারা আমরা কতদূর গমন করিতে পারি। সৃষ্টি অনন্ত—একের পর অন্য, অসংখ্য সূর্য্য—অসংখ্য জগৎ, অসংখ্য জীব, পরা ও অপরা, জ্ঞান, ঔপাধিক ও নিরুপাধিক প্রেমেতে বিভক্ত, নানা শ্রেণীর—কিন্তু একই শৃঙ্খলায় সকলই বদ্ধ, একই প্রেমডোরে নিয়োজীত। মতান্তর, চিন্তান্তর হইতে পারে, কিন্তু একই পদার্থ, কেবল সূক্ষ্ম শক্তির তারতম্য, অন্তর জীবন একই—একই মহা-শক্তির সকলেই গুণ গান করিতেছে। এই ক্ষুদ্র পৃথিবীর এক কোণে থাকিয়া কেবল পার্থিব ভাবনায় জীবন যাপিত হইতেছে। স্থানান্তরে ভ্রমণ করিলে ও নানা নূতন দৃশ্য দেখিলে কাহার চিত্ত উন্নত না হয়? কিন্তু যখন নভোমণ্ডলের তারার উজ্জ্বলতা দেখি ও ধ্যান করি যে, তাহাদিগের সংখ্যা অসংখ্য ও সৃষ্টি অনন্ত; তখন কাহার আত্মা অনন্তদেবে মগ্ন না হয়? তিনি যেরূপ সেইরূপ তাহাকে ধ্যান করিলে তাঁহার সহিত জীবের সম্মিলন হয়।"

লবঙ্গলতা। "যে সকল জগতের কথা কহিতেছেন, তাহারা কি পৃথিবীর ন্যায় নির্ম্মিত?"

আধ্যাত্মিকা। "যে পর্য্যন্ত জানা যায় তাহাতে এইরূপ বোধ হয়, প্রকৃতি সর্ব্বস্থানে একই প্রকার। প্রকৃতি অর্থাৎ পঞ্চভূত, ক্ষিতি, জল, তেজ, বায়ু ও আকাশ। আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজ, তেজ হইতে জল, জল হইতে ক্ষিতি। পঞ্চ গুণের পঞ্চ গুণ। ক্ষিতি হইতে গন্ধ, জল হইতে রস, তেজ হইতে রূপ, বায়ু হইতে স্পর্শ ও আকাশ হইতে শব্দ। এই পঞ্চভূতের রূপান্তরে বাহ্য সৃষ্টি। মনঃ, অহঙ্কার ও বুদ্ধি পঞ্চভূতের অন্তর্গত। এই অষ্ট

প্রকার প্রকৃতিতে মানব দেহ উৎপত্তি হয়। আত্মা—গন্ধ, রস, রূপ, স্পর্শ ও শব্দ হইতে অতীত পদার্থ। অনেকে আত্মাতে ভৌতিক অথবা সত্ত্ব, রজ ও তম অথবা বৈকারিক ভাব প্রয়োগ করেন, কিন্তু এ ভ্রান্তি। আত্মা গুণাতীত, এ সকল মনের ধর্ম্ম। আত্মা অভৌতিক ঐশ্বরিক পদার্থ।"

মৃদুহাসিনী। "তেজ ও শব্দ কি পরমাণুযুক্ত অথবা ভৌতিক?"

আধ্যাত্মিকা। "তেজ ও শব্দ পরমাণুযুক্ত। এই দুইয়েতেই অতি সূক্ষ্ম পরমাণু আছে *।"

খঞ্জনগঞ্জনী। "ভাল দিদি, জীব মরিলে কোথায় যায়?"

আধ্যাত্মিকা। "প্রকৃতি পরমাণুসংযুক্ত, আত্মা অপরমাণু। সকল নক্ষত্র গ্রহ ও উপগ্রহ সৌর জগতের ন্যায় আকাশ অন্তর্গত। আমাদিগের বোধ হয় আকাশ ও মেঘ এক, কিন্তু তাহা নহে। মেঘ কতকদূর যাইতে পারে কিন্তু আকাশের সহিত মিলিত হইতে পারে না। আকাশ ভৌতিক রাজ্যের সীমা। অপরমাণু আত্মা অপরমাণু আত্মারাজ্য ভৌতিক আকাশের অতীত রাজ্য। স্থূলদেহ ভৌতিক রাজ্যের অধীন, সূক্ষ্ম অর্থাৎ তন্মাত্র দেহ অভৌতিক ও অপরমাণু রাজ্যের অধিকারী। জীব মৃত্যুর পর ঐ রাজ্যে গমন করে ও ঐহিক মতি ও কার্য্যানুসারে তাহার উন্নতি হয়;

"কিম্বদন্তীহ সত্যেয়ং যা মতিঃ সাগতির্ভবেৎ।" অষ্টাবক্রসংহিতা।

কিন্তু জীব অপরমাণু রাজ্যের অধিকারী হইয়া পরমাণুযুক্ত রাজ্যে গমনাগমন ও ভেদ করিতে পারে। অপরমাণু ও নিরাকার শক্তি পরমাণু ও সাকার শক্তি হইতে উচ্চ।"

এই উপদেশ সমাপ্ত হইলে সকল অঙ্গনাগণ আধ্যাত্মিকার স্বর্গীয় বদন অবলোকন পূর্ব্বক শিবময় ভাবেতে অশ্রুপূর্ণ হইয়া অন্তর আনন্দ উপভোগ করিতে লাগিলেন। কিয়ৎকাল পরে চম্পকলতা রোদন করিতে করিতে বলিলেন,—"আহা! ঈশ্বর ধ্যান কি শান্তিদায়ক, আমি পতিহারা হইয়াছি, তাঁহাকে স্মরণ করিলে চক্ষু বারিবর্ষণ করে ও অস্থিরতায় পূর্ণ হয়; মনে করিলাম, দিদির কাছে গিয়া দুই দণ্ড কথা কহিলে আমার শোকের শান্তি হইবে। এখন যাহা শুনিলাম তাহাতে বোধ হইতেছে যে, শোকদুঃখের ঔষধি আছে ও শোকদুঃখের কারণও আছে। দেখিতেছি শোকদুঃখ বাহ্য ভাব গ্রাস করিয়া অন্তর জীবনকে প্রকাশ করে। শোকেতে মগ্ন হইয়া আমার হৃদয়ের কপাট উৎঘাটিত, কেবল পবিত্র চিন্তাতেই সান্ত্বনা, তাহা এক্ষণে প্রত্যক্ষ দেখিলাম। দিদি! যদি দয়া করিয়া নিকটে কিছুদিন রাখ তবে এই অনাথিনী কুল পায়। যে বিধবা পোদের মেয়েকে নিকটে রাখিয়াছিলে সে এক্ষণে উচ্চভাবে পূর্ণ ও স্বীয় শোক ভগবানের পাদপদ্মে অর্পণ করিয়া শান্তি লাভ করিয়াছে।" আধ্যাত্মিকা তাঁহার গলদেশে হস্ত দিয়া মুখচুম্বন করতঃ বলিলেন, "তুমি আমার নিকটে থাকিলে, আমি বড় সুখী

* *Note.*—Lardner's Natural Philosophy and Astronomy, p. 757.

হইব। তুমি যে পতির জন্য পাগলিনী হইয়াছ সেই পতির সহিত সম্মিলিত হইতে পার, কিন্তু নিরন্তর সাধনা চাই। ঈশ্বরধ্যানে মগ্ন হইয়া সূক্ষ্ম শরীর উদ্দীপন করিতে হইবে। যখন নিরাকার পতিকে পাইবে তখন মৃত্যু ভয়ানক বোধ হইবে না—মৃত্যুতে আমাদিগের নিরাকার রাজ্যে গমন। মৃত পতিলাভে উচ্চভাব লাভ হইবে ও ব্রহ্মজ্ঞান লাভের সোপানে আরূঢ় হইবে।"

চম্পকলতা। "তাহা হইলে আমি তোমার চিরদাসী হইয়া থাকিব।"

অন্যান্য স্ত্রীলোকেরা বলিল, "মৃতপতির জন্য ব্রহ্মচর্য্য অনুষ্ঠান স্ত্রীর ঊর্দ্ধগতি। সাধনায় কি না হয়?"

সপ্তবিংশ পরিচ্ছেদ।

—oo—

পশুপক্ষীর প্রতি দয়া।

যে স্থানে পঞ্চপাণ্ডবের মন্দির আছে তাহার নিকট চন্দ্রশেখর বাবুর বাটী। তাঁহার এক পুত্র ও এক কন্যা। স্ত্রী, পুত্র কন্যাকে লইয়া সর্ব্বদা এই ধর্ম্ম উপদেশ দিতেন—"ঈশ্বরের প্রতি অকৃত্রিম ভক্তি ও প্রেম অহরহ করিবে। মনুষ্যের প্রতি প্রেম প্রকাশ করিবে। কাহার সহিত শত্রুতা করিবে না ও যদি কেহ অপকার করে তাহাকে ক্ষমা করিবে। প্রেম পদার্থ ঐশ্বরিক পদার্থ, সর্ব্বদাই এই সাবধান হইবে যে ইহার নির্ম্মলতার হ্রাস না হয়; একারণ পশু পক্ষীর প্রতি সর্ব্বদা দয়া করিবে। পূর্ব্বকালে এদেশেতে পশু পক্ষীর প্রতি দয়া সর্ব্বতোভাবে প্রদর্শিত হইত। সামবেদে ও মনুসংহিতাতে পশু পক্ষীর প্রতি নিষ্ঠুরতা নিবারণ জন্য শাসন আছে। কৃষ্ণ স্বয়ং গোচারণ ও গোসেবা করিতেন; অদ্যাপিও পশু পক্ষীর পান জন্য জল প্রদত্ত হয়। অনেকে অদ্যাবধি গোসেবা ও পশু পক্ষীর প্রতি যত্ন করেন।"

পুত্র। "কিন্তু ভারতবর্ষীয় অনেক জাতি পশুপক্ষী মারিয়া ভোজন করে। অনেকে বৃথা মাংস না খাইয়া কয়েকটি পশুকে বলিদান দিয়া তাহার মাংস আহার করে!"

মাতা। "মাংসভোজন নিবারণ করা বড় কঠিন। মুসলমান ইংরাজ প্রভৃতি জাতি মাংসাশী—মাংস না হইলে তাহাদিগের আহার হয় না। হিন্দুদিগের মধ্যে বৈষ্ণব প্রভৃতি শ্রেণীরা নিরামিষ ভোজন করে। ভীষ্ম নিরামিষ খাইতেন। পাণ্ডবেরা আমিষে ভক্ত ছিলেন। রামচন্দ্র ও সীতা আমিষ খাইতেন। হরিবংশে কথিত আছে—'কৃষ্ণ ও তাঁহার পত্নীরা ও অন্যান্য যদুবংশীয় ব্যক্তিরা জলক্রীড়া করতঃ ভোজন করিতে বসিলেন। কৃষ্ণ, বলদেব, অর্জ্জুন প্রভৃতি কতিপয় জনের জন্য মাংস ও মদ্য উপস্থিত ছিল এবং কেহ কেহ নিরামিষ দধি দুগ্ধ খাইলেন।' অতএব আমিষ নিবারিত

হওয়া কঠিন। ঋষিরা যতিধর্ম্মাবলম্বীরা বৌদ্ধ ও জৈনেরা আমিষ ভোজন করে না। বৌদ্ধ ও জৈনেরা সূর্য্য অস্তের অগ্রে আহার করে কারণ অন্ধকার হইলে পাছে খাদ্যের অথবা জলের সহিত কীট বা পতঙ্গ উদরস্থ হয়। বৈষ্ণব জৈন প্রভৃতি লোকেরা পশুহিংসায় এরূপ কাতর যে পশু ও পক্ষী প্রাচীন হইলে তাহাদিগকে মরণ পর্য্যন্ত এক স্থানে রাখিয়া দেয়। তাহারা হিংস্রক পশু দেখিলেও তাহাকে মারে না ও গাত্রে মসা ডাঁস বসিলে তাহার প্রতি হস্তনিক্ষেপ করে না।"

পুত্র। "অদ্ভুত সহিষ্ণুতা হইতে যে ধর্ম্মভাবের বৃদ্ধি হইবে তাহাতে আশ্চর্য্য কি?"

মাতা। আমার বক্তব্য এই,—পশুমাংস ভক্ষণ বন্ধ কোন প্রকারে হইতে পারে না; কিন্তু পশুপক্ষীর প্রতি দয়া অভ্যাস করিবে। আমরা আপন আপন প্রেমপদার্থ উন্নতি করিয়া ঈশ্বরের সন্নিকট হইতে পারি। অনেকে লোভবশতঃ আমোদবশতঃ অথবা অবিজ্ঞতাবশতঃ পশুপক্ষীকে ক্লেশ দেয়, কদর্য্যতে নির্দ্দয়তা অথবা পারলৌকিকতার হানি হইতেছে কি না তাহার কিছুমাত্র চেতনা নাই, কেবল ঐহিকভাবে মগ্ন। এজন্য পশুপক্ষীর প্রতি দয়া শৈশব কালাবধি বালকবালিকাদিগের অভ্যাস করা কর্ত্তব্য।"

পুত্র। "পশুপক্ষী ও পতঙ্গদিগের কি জ্ঞান আছে?"

মাতা। "সাধারণ সংস্কার এই যে, তাহাদিগের স্বাভাবিক জ্ঞান ও মনুষ্যের বিবেকজ্ঞান। স্বাভাবিক জ্ঞানকে ইংরাজীতে ইনষ্টিঙ্ক্ট (Instinct) বলে, ইহার হ্রাসবৃদ্ধি নাই। মনুষ্যের যে জ্ঞান তাহার নাম রিজন (Reason) এ জ্ঞান মার্জ্জনা দ্বারা বৃদ্ধি হয়; কিন্তু নিগূঢ় অনুসন্ধানে জানা যাইতেছে যে, পশু প্রভৃতির কেবল স্বাভাবিক জ্ঞান নহে; তাহারাও বিবেকশক্তি প্রকাশ করে। স্বাভাবিক জ্ঞানের দ্বারা তাহারা নীড় প্রস্তুত করে, আপনাদিগের ও শাবকদিগের রক্ষা করে, কোন্ স্থানে আহারীয় ও পানীয় পাইবে তাহা জানে ও দেহ রক্ষার্থে যাহা কর্ত্তব্য তাহা অবগত আছে; কিন্তু এতদ্ব্যতিরেকে তাহারা মনুষ্যের ন্যায় বিবেকশক্তি ও সদ্গুণ প্রকাশ করে।

"বিলাতে একটী কুকুর তাহার মনিবের নিকট হইতে এক পেন্স লইয়া এক রুটির দোকানে যাইত। এক দিন রুটিওয়ালা তাহাকে এক পোড়া বিস্কুট দিল। পরদিন কুকুর আর তাহার দোকানে না যাইয়া অন্য এক দোকান হইতে ভাল বিস্কুট আনিল। সে কেবল পেন্সটী রুটিওয়ালার নিকট দিত।

"বিলাতে একটী ক্ষুদ্র কুকুর এক নদীতে পড়িয়া স্রোতের বেগে জলমগ্ন হইতেছিল। অন্য একটী কুকুর আপন গতির বেগ ও স্রোতের বেগ বিবেচনা করিয়া জলে ঝাঁপ দিয়া ঐ ক্ষুদ্র কুকুরের অগ্রবর্ত্তী হইয়া ও স্রোতের বেগ সামালাইয়া তাহাকে ধরিয়া ডাঙ্গায় আনিল। এইরূপ অন্যান্য পশুপক্ষীরও বিবেকশক্তির উদাহরণ অনেক আছে।

"পশুপক্ষীরা মনুষ্যের মুখের ভাবভঙ্গিমা ও বাক্য বিলক্ষণ বুঝে ও শারীরিক ইঙ্গিত অনবগত নহে। পশুপক্ষী স্বীয় স্বীয় অভিপ্রায় ধ্বনির দ্বারা প্রকাশ করে। মধুমক্ষিকা, বোল্‌তা ও পিপীলিকা আপন আপন হুলের দ্বারা কার্য্য করে। কোন দ্রব্য এক পতঙ্গ লইয়া যাইতে অপারক হইলে আপন স্বগণকে ডাকিয়া আনিয়া সে কার্য্য নির্ব্বাহ করে। মধুমক্ষিকারা আপন আপন সুবিধার জন্য শ্রেণীতে বিভক্ত হয়। একটী মধুমক্ষিকা রাণী স্বরূপ থাকে। কতকগুলি কর্ম্মচারী—কেহ মোম প্রস্তুত করে, কেহ চাক নির্ম্মাণ করে, কেহ মধু আহরণ করে, কেহ শাবকদিগকে আহার দেয়, কেহ চাক রক্ষা করে। চাকের নিম্নে যে সকল মক্ষিকা থাকে তাহারা অকর্ম্মণ্য তাহাদিগের মধ্যে একজন রাণীর স্বামী হয়। 'বিপদ উপস্থিত হইলে সকলেই বুদ্ধি ও বল প্রকাশ করে। ভ্রমর মধুমক্ষিকা অপেক্ষা অধিক বুদ্ধি ও শক্তি প্রকাশ করে। বোল্‌তারা দলবদ্ধ রূপে থাকে। এক চাকে বহু পিপীলিকা বাস করে, ও যখন তাহারা আহার অন্বেষণ অথবা নূতন চাক জন্য নূতন মসলা আহরণ করিতে যায় তখন এক প্রহরী চাক রক্ষা করে। পিপীলিকারা ফৌজের ন্যায় কার্য্য করে। তাহাদিগের মধ্যে সেনাপতি আছে—কুচ করিবার নিয়মানুসারে তাহারা চলে। তাহারা কৃষিকার্য্য জানে। কতকগুলি পিপীলিকা ভূমিকর্ষণ করে, ও পরিষ্কার করে, যে শস্য তাহাদিগের ভক্ষ্য তাহা বপন করে, প্রস্তুত হইলে কাটিয়া ভূমির নিম্নে রাখে। তাহাদিগের মধ্যে কেহ মরিলে তাহারা তাহার গোর দেয়। গুবরিয়া পোকা পিপীলিকাদের বাসাতে থাকে ও তাহাদিগের সঙ্গে ফেরে।"

কন্যা। "ভাল মা! পশু পক্ষীদিগের কি কোন সভা আছে?"

মাতা। "স্বজনের বিপদে তাহারা একত্র হইয়া যুদ্ধ বিগ্রহ করে। কখন কখন তাহারা পঞ্চায়েতের ন্যায় বিচার করে। কোন দাঁড়কাকে গুরুতর দোষ করিলে অন্যান্য দাঁড়কাক একত্র হইয়া দোষীকে আঘাত করে। অন্যান্য পক্ষীরা কোন কোন বিষয় বিবেচনা ও নিষ্পত্তির জন্য একত্রিত হয়।"

কন্যা। "মা! তুমি এত জান্‌লে কেমন করে?"

মাতা। "বাছা! আমার জ্ঞান আধ্যাত্মিকার সহবাসে। যখন যাই তখনই জ্ঞানের কথা, উচ্চ কথা তাঁহার নিকট শুনি। তাঁহার বাটীতে কত পুস্তক—ইংরাজী, বাঙ্গালা, সংস্কৃত ও কোন্ পুস্তকে কি আছে তাহা জিজ্ঞাসিত হইলেই বলিয়া দেন। আমি ঈশ্বরের ধ্যান করিবার অগ্রে তাহাকে চিন্তা করি, কারণ তাঁহা হইতেই আমার ঈশ্বরজ্ঞান।"

কন্যা। "মা! তুমি বল নিষ্কামভাব না হইলে ঈশ্বরজ্ঞান হয় না। ভাল পশু পক্ষীদিগের কি নিষ্কামভাব আছে?"

মাতা। "পূর্ব্বে এই সংস্কার ছিল যে, কেবল মনুষ্য নিষ্কাম ধর্ম্ম লাভ করিতে পারে, কিন্তু এক্ষণে পশু পক্ষীদিগের নিষ্কামভাবের প্রমাণ পাওয়া যাইতেছে। দেখ কুক্কুট হংসীকে সাহায্য করিবার নিমিত্ত তাহার ডিম্বের

উপর বসিয়া তা দেয় এবং হংসীর শাবক রক্ষা করে। নিষ্কামভাব হইতেই পরোপকার, পরের জন্য ক্লেশ ও ক্ষতিস্বীকার, কৃতজ্ঞতা, ক্ষমা, ন্যায় অন্যায় প্রভেদ জ্ঞান, বিশ্বাস পালন ও দয়া। এ সকলই নিষ্কামভাবের শাখা ও পশুপক্ষীতে দৃষ্ট হয়।"

পুত্র। "মা! পশুপক্ষীরা যে এত উচ্চ আমি জানিতাম না। এক্ষণে জিজ্ঞাস্য এই যে, মনুষ্যের ন্যায় তাহারা কি অমর?"

মাতা। "বিশপ বটলরের মত যে, তাহারা অমর। বিবি সমরভিল আপন অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন;—

'Since the atoms of matter are indestructible, as far as we know, it is difficult to believe that the spark, which gives to their union, life, memory, affection, intelligence and fidelity, is evanescent.

I can not believe that any creature was created for uncompensated misery; it would be contrary to the attribute of God's mercy and justice.

I am sincerely happy to find that I am not the only believer in the immortality of the lower animals.'

Robert Southey, on the death of his spaniel, says—

'There is another world for all that live and move—a better one!'

"যতদূর আমরা জানি পরমাণু অবিনশ্বর বলিয়া আমরা বিশ্বাস করিতে পারি না যে—যে শিখা সমযোগে তাহারা জীবন, স্মরণ শক্তি, স্নেহ, বুদ্ধিবৃত্তি ও বিশ্বস্ততা লাভ করিয়াছে তাহা ক্ষয়শীল। আমার কখনই বিশ্বাস হয় না যে জীব কেবলই পরিণামে যন্ত্রণার জন্য সৃষ্ট হইয়াছে, ইহা হইলে ঈশ্বরের যে কৃপা ও সুবিচার তাহার বিপরীত হইবে। সুখের বিষয় এই যে, পশুদিগের অমরত্বে কেবল আমি বিশ্বাসী এমত নহে।

রবার্ট সৌদি আপন কুকুরের মৃত্যুর পর বলিয়াছিলেন, 'সকল প্রাণী যাহারা এখানে জীবনধারণ করে ও গমনক্ষম তাহাদিগের জন্য অন্য আর এক উৎকৃষ্ট রাজ্য আছে।'"

পুত্র। "মা! আপনি যাহা উপসংহার করিলেন তাহা সাধারণ-অগ্রাহ্য। এতদ্দেশীয় শাস্ত্রানুসারে মনুষ্য, পশু বা পক্ষী হইয়া জন্মায়; কিন্তু পশুর আত্মা কি মনুষ্য হইতে পারে?"

মাতা। "আত্মা চিন্ময় পদার্থ; যত প্রকৃতির বিকার হইতে নির্লিপ্ত ও শূন্য তত ইহার উন্নতি। মৃত্যুর পর কাহার কি গতি হইবে তাহা যিনি আত্মার ঈশ্বর তিনিই জানেন। আত্মার শুদ্ধতা ও অশুদ্ধতা অনুসারে আমাদিগের অধঃ ও ঊর্দ্ধগতি।"

"কন্যা। "মা! বড় পরিষ্কাররূপে বুঝাইয়া দিলে তোমাকে ভক্তি-পূর্ব্বক প্রণাম করি।"

মা। "বাছা! আমি যাহা জানি তাহা অতি অল্প। ঈশ্বরপরায়ণা আধ্যাত্মিকা আমার জ্ঞানদাত্রী। আমার ন্যায় অনেক রমণী তাঁহার নিকটে গমন করে ও তিনি সকলকেই অকাতরে ও অক্লেশে, আনন্দে পূর্ণ হইয়া যত আলোক বিতরণ করিতে পারেন তাহা করেন। আহা কিবা মিষ্ট বাণী! কিবা সহিষ্ণুতা! এক কথা দশ বার জিজ্ঞাসা করিলে কিঞ্চিন্মাত্র বিরক্তি নাই বরং তাঁহার শান্ত ভাবের বৃদ্ধি। যে যায়, যে তাঁহার সহিত ক্ষণমাত্র সহবাস করে সে মনে করে এরূপ স্ত্রীলোকের সহিত সংসর্গই স্বর্গ। বিরলে তাঁহাকে স্মরণ করিলে মনে হয় সকল ত্যাগ করিয়া এমন অঙ্গনার পদতলে পড়িয়া থাকি। তাঁহাকে দেখিলে—তাঁহার বাক্য শ্রবণ করিলে, তাঁহার অঙ্গ স্পর্শ করিলে সমস্ত জীবন পবিত্র হয়। বোধ হয় অপরকে পরিত্রাণার্থে ঈশ্বর এইরূপ নারী সৃজন করিয়াছেন।"

কন্যা। "আধ্যাত্মিকার নাকি একটী বিড়াল আছে?"

মাতা। "হাঁ! সে বিড়ালটি তাঁহার কাছ ছাড়া হয় না। কখন কখন প্রেম দেখাইবার জন্য তাঁহার ক্রোড়ে শুয়ে থাকে। শুধু সেই বিড়ালটি বলে নয়, পশু পক্ষী প্রভৃতি যাহাকে যখন দেখেন তাহাকেই আহার ও জল দেন ও নিকটে আইলে আদর করেন।

"যস্তু সর্ব্বাণি ভূতান্যাত্মন্যেবানুপশ্যতি।
সর্ব্বভূতেষু চাত্মানন্ততোন বিজুগুপ্সতে॥"—বাজসনেয়।

"যিনি পরমাত্মাতেই সকল বস্তুর অবস্থিতি দেখেন এবং সকল বস্তুতে পরমাত্মার সত্তা উপলব্ধি করেন, তিনি আর কাহাকেই অবজ্ঞা করেন না।"

অষ্টাবিংশ পরিচ্ছেদ।

চম্পকলতার যোগশিক্ষা।

চম্পকলতা। "দিদি! তুমি যখন ধ্যান কর আমি তোমার বদন নিরীক্ষণ করি। তোমার মুখজ্যোতিঃ আমার অন্তরে প্রবেশ করে। সেই অবস্থা স্থায়ী হইলে আমি সুখী হইব। ধ্যানে কিরূপে এত ফল দর্শে?"

আধ্যাত্মিকা। "ধ্যানের কার্য্য বুঝিবার অগ্রে আমি আত্মতত্ত্ব সংক্ষেপে বলি। মানব শরীরে আত্মা রহিয়াছে। আত্মার বলেতে সমস্ত শারীরিক ও মানসিক কার্য্য হইতেছে। শরীর পঞ্চভৌতিক, অর্থাৎ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোমপদার্থে নির্ম্মিত, ও নানা অঙ্গে বিভক্ত। ব্যোম হইতে মরুৎ, মরুৎ হইতে তেজ, তেজ হইতে অপ্ ও অপ্ হইতে ক্ষিতি। এই পঞ্চ ভূতের

আনুকল্যে ও আত্মার বলেতে রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ জ্ঞান হয়। অঙ্গ সকলের রচনা, কার্য্য ও পরস্পর সম্বন্ধ চিন্তা করিলে অদ্ভুত বোধ হয়। মস্তিষ্কের এক ভাগ শ্বেত ও এক ভাগ পাংশু বর্ণ। শ্বেত ভাগের নাম স্নায়ু ও সেই বলদাতা। পাংশু ভাগের নাম পেশী, ইহাই স্নায়ুর অধীন হইয়া বল বিস্তার করে। পাকযন্ত্রের ও অন্তঃকরণের পেশীকে স্বৈরপেশী বলে, কারণ জীবের বিনা ইচ্ছাতেই ইহারা কার্য্য করে। স্নায়ু মস্তিষ্ক হইতে অতি সূক্ষ্ম শাখাস্বরূপ শরীর ব্যাপক হইয়া পেশীর কর্ত্তৃত্ব ও মানসিক কার্য্য করে। স্নায়ুকেই মন বলে ও আত্মার পরিমিত শক্তি ধারণ করে। মস্তিষ্ক হইতেই রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ জ্ঞান হয়। মস্তিষ্ক হইতেই বাহ্যজ্ঞান ও পরিমিত বিবেকশক্তি। মস্তিষ্কের স্নায়ুই সাকার শক্তির মূলক। স্নায়ুর দ্বারা পরিমিত হিতাহিত জ্ঞান, ঈশ্বর জ্ঞান ও পরলোক জ্ঞান যত দূর হইতে পারে তাহা লব্ধ হয়। ইচ্ছাশক্তি স্নায়ুকে মূলক করিয়া যতদূর বৃদ্ধি হইতে পারে তাহা হইয়া থাকে। ইচ্ছাশক্তিরই শিক্ষা প্রকৃত শিক্ষা। ইচ্ছাশক্তি সাকার অবস্থাতে অপরা ও নিরাকার অবস্থাতে পরা জ্ঞানদাতা, নিরাকার অবস্থাই আত্মার অবস্থা। নিরাকার অবস্থা সূক্ষ্ম শরীরে প্রকাশ হয়। সূক্ষ্ম শরীর আত্মার শরীর। সে শরীর ক্রমশঃ বিগত হয় ও বিগত হইলে জ্যোতিত্ব প্রাপ্ত হয়, সেই অবস্থাই সমাধি বা আত্মা অবস্থা। ধ্যান, ধ্যেয় ও ধ্যাতা অথবা জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতা ঐ অবস্থাতে একত্রিত হইয়া জ্যোতিতে লয় হয়।"

চম্পকলতা। "দিদি! জীব কি এত উচ্চ হইতে পারে? যাহ'ক্ তোমার উপদেশ শুনিয়া আমার শুষ্ক হৃদয় যেন শান্তিবারি পান করিতেছে। এক্ষণে বল দিদি কি উপায়ে শোকাতীত হইতে পারি?"

আধ্যাত্মিকা। "যিনি আপনি নিরাকার জ্যোতিরূপ আত্মার আত্মা-স্বরূপে বিরাজিত, তাঁহাকে ধ্যান করিলে শোক দুঃখ ও ভয় থাকে না। সেই ধ্যানের আনুকূল্য জন্য যোগের আবশ্যক। যোগের দ্বারা ভৌতিক শরীর ও ভৌতিক মনের ক্রমশঃ নির্ব্বাণ হইবে অর্থাৎ সাকার শক্তি নিরাকার শক্তিতে বিলীন হইবে। যাঁহারা যোগশাস্ত্র লিখিয়াছেন তাঁহারা এই উপ-দেশ দেন। আসন অনেক প্রকার আছে, কিন্তু পদ্মাসন অবলম্বন করতঃ অর্থাৎ এক পায়ের উপর অন্য পা দিয়া ডানহস্তের অঙ্গুলি প্রসারণ করিয়া বাম গুল্‌ফে ও বামহস্তের অঙ্গুলি প্রসারণ করিয়া ডান গুল্‌ফে সংস্থাপন করিয়া ঋজুকায়াতে বসিবে। পঞ্চ ভৌতিকের মধ্যে বায়ু প্রধান পদার্থ, কারণ বায়ুর অস্তিত্বেই জীবিত অবস্থা। এই বায়ু মূলাধার অবধি মস্তিষ্কের স্নায়ু যাহাকে উড্ডীয়ানক বলে সেই পর্য্যন্ত প্রাণায়াম দ্বারা সংযমন করিবে। প্রথমে বামনাসিকা অঙ্গুলি দ্বারা বন্ধ করিয়া দক্ষিণ নাসিকা দিয়া বায়ু ত্যাগ করিবে;—ইহাকে রেচক কহে। পরে দক্ষিণ নাসিকা বন্ধ করিয়া বাম নাসিকাদ্বারা বায়ু পূরিবে;—ইহাকে পূরক কহে। পরে দুই নাসিকা বন্ধ করিয়া যতক্ষণ বায়ু ধারণ করিতে পার করিবে;—ইহাকে কুম্ভক বলে। লঘু

আহার, নিষ্কাম চিন্তা ও নিষ্কামরূপে কার্য্য করিবে, ও যিনি অমৃতময় ও আনন্দময় তাঁহাকেই সর্ব্বদা ভাবিবে। এইরূপ ধ্যান করিতে করিতে প্রত্যাহার পাইবে অর্থাৎ তোমার বাহ্যপ্রেরিত চিন্তা উদিত হইবে না, অন্তর ধারণার বৃদ্ধি হইবে অর্থাৎ নিরাকার শক্তির প্রাবল্য হেতু যতক্ষণ ঈশ্বর ও তাঁহার অনন্ত কার্য্য ধ্যান করিতে ইচ্ছুক হইবে তাহা পারিবে। প্রথমে প্রথমে ধ্যান ও যোগে শ্রান্তবোধ হইবে, কিন্তু ক্রমশঃ আনন্দ লাভ ও অন্তর-জ্যোতিঃ লাভ করিবে। যখন শ্রান্ত বোধ হইবে তখন উপনিষদ্ কি অন্য কোন ঈশ্বর বিষয়ক পুস্তক পাঠ করিবে কিম্বা বাক্যের দ্বারা উপাসনা করিবে বা ব্রহ্মসঙ্গীত পাঠ করিবে।

"ধ্যানের নাম অন্তর-যোগ ও প্রাণায়ামের নাম বহির্যোগ। যাহারা বন্ধত্রয় ও খেচরী-মুদ্রা অভ্যাস করে তাহারা এই দুই যোগকে একত্র করে। অনেক অনেক যোগী এই যোগ করে। হঠ-যোগ অর্থাৎ নেতি, বস্তি, ধৌতি, লৌলি ও ত্রাটক প্রভৃতির অভ্যাসে শরীর ও মন বশীভূত হয় ও এই জন্য হঠরাজযোগের আনুকূল্য করে। হঠপ্রদীপিকা গ্রন্থে হঠ-যোগের বৃত্তান্ত পাইবে। কিন্তু আমি এক্ষণে যেরূপ উপদেশ দিলাম সেই অনুসারে অভ্যাস কর। সাধকের এই লক্ষ্য হইবে যে নিরাকার শক্তির উদ্দীপনে সূক্ষ্ম শরীর উদ্দীপ্ত হইবে। সূক্ষ্ম শক্তি বা সূক্ষ্ম শরীর ব্যতিরেকে আত্মতত্ত্ব জানা যায় না। আত্মতত্ত্ব না জানিলে ব্রহ্মজ্ঞান হয় না। সূক্ষ্ম শক্তির অস্তিত্ব নানা প্রমাণে প্রতীয়মান। কেহ স্বপ্নেতে পায়, কেহ কেহ জলমগ্ন হইয়া পায়, কেহ ক্লোরোফরমে অবস্থাতে পায়। অনেক যোগীরা অনশন, ধ্যান ও আরাধনায় স্থূল শরীর হইতে সূক্ষ্ম শরীরে স্থায়ী হয়। এ অবস্থাতে শরীর মৃতবৎ ও আত্মা সজীব।

"সর্ব্বদা আত্মচিন্তাচ সর্ব্বভূতময়ঃ সদা।
সর্ব্বভূতময়ো নিত্যং আধ্যাত্ম ইতি চোচ্যতে॥"—ব্রহ্মজ্ঞানতন্ত্র।

"অতএব স্থূল শরীর সূক্ষ্ম শরীরে বিলীন না হইলে সাধক তাপাতীত হয় না। যদবধি আত্মা প্রকৃতি হইতে মুক্ত না হয় তদবধি ব্রহ্মানন্দ লব্ধ হয় না। আমাদিগের কর্ত্তব্য এই যে অনন্তদেবের অনন্ত ও সম্পূর্ণ জ্ঞান, প্রেম ও শক্তি ধ্যান করতঃ ও তাঁহার অনন্ত, ঐহিক ও আধ্যাত্মিক জগতের অনন্ত, অদ্ভুত কার্য্য চিন্তাতে নিরন্তর মগ্ন হইয়া এই সাধনা করা, ও এই সাধনাকে আমাদিগের জীবনের আনন্দ ও সম্পদ স্বরূপ জ্ঞান করা। এই অভ্যাসেই অন্তর শীতলতা ও অন্তরজ্যোতিঃ লাভ করিবে ও পাপ তাপ অন্তরে প্রবেশ করিবে না। ইহাকেই পুনর্জন্ম—ইহাকেই নির্ব্বাণ—ইহাকেই মুক্তি—ইহাকেই শিবাবস্থা বলে। জগদীশ তোমার শোক হরণ ও তোমাকে নব-জীবন প্রদান করুন।"

চম্পকলতা অশ্রুতে পূর্ণ হইয়া আধ্যাত্মিকার পদতলে পড়িয়া রহিলেন।

আধ্যাত্মিকা তাঁহাকে ক্রোড়ে লইয়া মুখচুম্বন করতঃ বলিলেন—"শান্ত হও আনন্দলাভ অবশ্যই হইবে। যিনি প্রকৃতি ত্যাগ করিয়া ঈশ্বর-আশ্রয় লন তিনি সেই অমূল্য ধন পান।"

ঊনত্রিংশ পরিচ্ছেদ।

আধ্যাত্মিকার মৃত্যু।

ইচ্ছাশক্তিই প্রকৃত শক্তি। যত নিরাকার তত বলীয়ান্। ইচ্ছাশক্তিতেই সতী তনুত্যাগ করিয়াছিলেন। ইচ্ছাশক্তিতেই ভীষ্ম শরীর ত্যাগ করেন। ইচ্ছাশক্তিতেই অসংখ্য ঋষিরা বপুঃ হইতে বিনির্মুক্ত হয়েন ও পতিপরায়ণা নারীরা ভর্ত্তার সহিত দগ্ধ হইতেন। আধ্যাত্মিকার ইচ্ছা হইতে লাগিল যে, এক্ষণে তাঁহার শরীর ত্যাগ করা শ্রেয়ঃ। এইরূপ বাসনা ক্রমশঃ প্রবল হইলে তাঁহার আত্মা তনু হইতে ব্রহ্মরন্ধ্রে গুড়াইয়া যাইতে লাগিল ও অঙ্গ প্রতিদিন তুষারবৎ হইল। প্রাচীনা কিঙ্করী এই সংবাদ দুই এক জনকে দিলে পল্লির সমস্ত অঙ্গনারা আবালবৃদ্ধা কুলবতী কুলকন্যারা আসিয়া অশ্রুবারিতে পূর্ণ হইল। একজন সুবিজ্ঞ বৈদ্য আসিয়া বলিলেন,—"যে অবস্থা দেখিতেছি তাহাতে তীরস্থ করাই শ্রেয়ঃ।" প্রাচীনা দাসী কাঁদিতে কাঁদিতে বলিল, "মা আমার বাহ্য বিষয়ে মন দিতেন না। তিন দিবস হইল আমাকে বলিলেন, 'আমার মৃত্যু শীঘ্র হইবে।' আমি বলিলাম, 'মা আমার মৃত্যু আগে হইবার কোন উপায় নাই?' তিনি বলিলেন, 'আমার মৃত্যুর পর তোমার মৃত্যু হইবে। আমাকে তুমি গেরুয়া বস্ত্র পরাইয়া দিও। আত্মীয় স্ত্রীলোকদিগকে আমার খাটের আগে খই ফেলিয়া দিতে বলিবে।' ও মা সেই দিন বুঝি আজ!" এই বলিয়া দাসী মূর্চ্ছিত হইয়া ভূমে পতিত হইল। কিছুকাল পরে গেরুয়া বসন পরাইয়া আধ্যাত্মিকার গাত্রে হাত বুলাইতে লাগিল। বৈদ্য বলিতেছেন, "বিলম্ব করিও না" তখন যাবতীয় আত্মীয় তাঁহাকে খট্টোপরি শোয়াইয়া হরিধ্বনি করিতে আরম্ভ করিলেন। খট্টের সম্মুখে যাহারা গমন করিতেছেন তাহারা লাজ ছড়াইতে ছড়াইতে চলিলেন। ইতিমধ্যে বিবি আসিয়া খট্ট ধরিয়া অস্থিরভাবে রোদন করিতে লাগিল। হিমালয়স্থ দেশ হইতে অশ্বারূঢ় জগদানন্দ অনুজ সহিত আসিয়া রোদন করতঃ আধ্যাত্মিকার পদধূলি মস্তকে দিয়া বলিলেন, "এই জীবনের সম্বল মা তোমার অসামান্য গুণ যেন আমার পরিবারে প্রেরিত হয়।"

দিনমণি অস্তমিত, আকাশ নব অভ্রতে চিত্রিত, বায়ু স্নিগ্ধ, খট্ট জাহ্নবী-তীরে আনীত। খট্টবাহিকা ও অন্যান্য অঙ্গনারা চতুষ্পার্শ্বে দাঁড়াইয়া চক্ষু-জল মুছিতেছে ও বলিতেছে, "হে জগন্মাতা, জগদ্দুহিতা, জগৎ হিতকারিণি!

তোমার জন্য সমস্ত লোকে ব্যাকুল। তুমি স্বীয় দুঃখ ও স্বীয় সুখ জন্য জন্ম-গ্রহণ কর নাই, তুমি পরদুঃখ পরসুখ জন্য জন্মিয়াছিলে। তুমি যাহাকে যে উপদেশ দিয়াছ, তুমি যে প্রকারে জীবন যাপন করিয়াছ, তুমি যে যে কার্য্য করিয়াছ তাহা চিরস্মরণীয় রহিবে। তোমার ন্যায় নারী যেন জগতে জন্মিয়া নারীজাতিকে পবিত্র করে। মাগো! তোমার চক্ষের চাউনি, তোমার ঈষদ্ধাস্য দেখিলে ও তোমার সুমধুর বাণী শুনিলে অপবিত্র লোক পবিত্র হইত। বেশ্যারা আপন পাপ মোচনার্থে তোমাকে দর্শন করিতে যাইত। যাহার প্রাণ, জীবন, হৃদয় ও আত্মা ব্রহ্মময় তিনি ব্রহ্মজ্যোতিঃ বিতরণ করেন।"

ঘাটেতে কতিপয় বৈদান্তিক সামবেদ পাঠ করিতেছিলেন নিকটে আসিয়া বলিলেন, "অনুপম রূপ, দেবমূর্ত্তি, মানবমূর্ত্তি নহে।"

আধ্যাত্মিকার আত্মা সহস্রার থেকে নয়নে চিরবিদ্যুৎস্বরূপ প্রকাশ হইল। যাবতীয় লোক দণ্ডায়মান ছিল, বলিয়া উঠিল দেখ দেখ কি চমৎকার মনোহর মূর্ত্তি! কোন্ চিত্রকর এ মুখের চিত্র করিতে পারে? এ নয়নের সৌন্দর্য্য জগতে নাই। কোন্ কবি এ মুখের বর্ণন করিতে পারে? চকিতের ন্যায় তাঁহার আত্মা জ্যোতিস্বরূপ ব্রহ্মলোকে গমন করিল। আত্মীয়, বন্ধু, বান্ধব, হাহারবে শোকে নিমগ্ন থাকিলেন।

সৎকার সময়ে একজন পরমহংস কতিপয় শিষ্য লইয়া বসিয়াছিলেন এক দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিলেন। শিষ্যেরা জিজ্ঞাসা করিল, "মহাশয় চিন্তিত কেন?" পরমহংস বলিলেন, "এই মহিলার মৃত্যু চমৎকার। ইহার জন্ম, শিক্ষা, অভ্যাস, ধ্যান, কার্য্য ও স্বভাব স্মরণ করিলে আমার বোধ হয় যে আমি পৃথিবী হইতে স্বর্গে গমন করিয়াছি। নারদ, সনৎকুমার, যাজ্ঞবল্ক্য, অষ্টাবক্র, শুক প্রভৃতি মহর্ষিরা যে উচ্চতা লাভ করিয়াছিলেন ইনিও সে উন্নতি পাইয়াছেন। ইহাঁর একই ভাব ও একই লক্ষ্য।

"নানাভাবে মনোযস্য তস্য মোক্ষ ন লভ্যতে।"

"ইহাঁর যে উগ্র ধ্যান তাহাতে—

"পাপকর্ম্ম সদা নষ্টং পুণ্যঞ্চাপি বিবর্দ্ধনং।
ত্যজেৎ পুণ্যং ত্যজেৎ পাপং তস্মাদ্ ব্রহ্মময়োভবেৎ॥"

"এই মেয়েটির বাল্যাবস্থাবধি নিষ্পাপ, নির্ম্মল, নিষ্কাম স্বভাব; এজন্য শারীরিক ও মানসিক বন্ধন শীঘ্র বিলুপ্ত হইয়াছিল। তিনি শরীর ধারণ করিতেন বটে, কিন্তু আত্মাতেই সদা অনুরাগ, শত্রু মিত্র সমভাব, আপন পরিবার ও অন্যের পরিবার সমভাব, সমস্ত জগতই সমভাব, পশু পক্ষীর প্রতি সমভাব, প্রকৃতি নির্লিপ্ত, নিরুপাধিক, শিবময়। দেখিলাম তাঁহার আত্মা পরলোকে গমন করিল, তাঁহাকে সকল দেবতা অভিবাদন করিলেন—'আ! তোমার আবির্ভাবে আমাদিগের সুখের বৃদ্ধি।' সকল

দেবিবা তাঁহার মুখচুম্বন ও তাঁহাকে আশ্লেষ করতঃ শুদ্ধপ্রেমের শৃঙ্খলায়, শুদ্ধস্পৃহা ও শুদ্ধকার্য্যে নিযুক্ত হইতেছেন। এখানে ও পরলোকে প্রকৃতি সংযুক্ত অনেকে থাকেন। প্রকৃতির তমস বিনাশ হইলে আত্মার আলোক প্রকাশ হয়। প্রকৃতি নানা শ্রেণীয়, যখন যে প্রবৃত্তি প্রবল তখনই সেই কার্য্য। প্রকৃতি প্রবৃত্তি, আত্মা নিবৃত্তি, এই হেতু অন্তর আলোক। এই জন্য এই আরাধনা "তমসো মা জ্যোতির্গময়।" যে সাধক জ্যোতিঃ লইয়া পরলোকে গমন করে, তাহারই স্বর্গলাভ, তাহারই ঈশ্বরলাভ। ধন্য আধ্যাত্মিকা! ধন্য তাঁহার ঈশ্বরপিপাসা! তাঁহার ন্যায় নারী জন্মিলে পৃথিবী স্বর্গ হইবে।"

কৈবল্যং পরমং শিবং।
শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

ত্রিংশ পরিচ্ছেদ।

বাটী দখল লওয়া।

যাহার নিকট তর্কালঙ্কারের বাটী বন্ধক ছিল, সে আদালতের ডিক্রী পাইয়া, আদালতের লোক সহিত দখল লইতে আসিল। ডিক্রীদার ধনমদে মত্ত, কেবল সোর গোল করিতেছেন। তাঁহার চীৎকার শুনিয়া ডোমকন্যা,, চম্পকলতা ও প্রাচীনা দাসী কাঁদিতে কাঁদিতে বাটীর বাহির হইয়া গেল। বাটীর চতুর্দ্দিকস্থ প্রজারা কি স্ত্রী, কি পুরুষ, কি শিশু সকলেই আইল। পল্লীস্থ যাবতীয় লোক হাহা শব্দে ভাঙ্গিয়া পড়িল। মহিলাগণ স্বীয় স্বীয় ছাদ হইতে অঞ্চল দিয়া অশ্রুজল বিমোচন করতঃ করুণভাবে পূর্ণ হইয়া দেখিতে লাগিলেন। ডিক্রীদার এক একবার ফুলিয়া উঠিতেছে ও বলিতেছে,—"বিটলে বামুন আমার অনেক টাকা মাটি করলে। তাহার ধর্ম্ম দেখে টাকা দিয়াছিলাম, বাটী দেখে দিই নাই। তাহার যেমন কায তেমনি ফল দিব,—এ বাটী ভাঙ্গিয়া শূয়ার চরাইব, পাজি অধার্ম্মিক বামুণ।" একজন স্পষ্টবক্তা বলিল, "ওহে ডিক্রীদার! বিষয়ানন্দে মত্ত হইও না, অহঙ্কার ত্যাগ কর; টাকা না দিতে পারিলেই ঋণী অধার্ম্মিক, কিন্তু পূর্ব্বাপর স্মরণ করিলে দেখিবে যে বিষয় অস্থায়ী। কত কত দেশ, কত কত নগর, কত কত পুরী সমুদ্রের দ্বারা, বা নদীর দ্বারা, বা পৃথিবীর দ্বারা গ্রাসিত হইয়াছে। হস্তীনাপুর যেখানে কুরুবংশীয় রাজারা শৌর্য্যবীর্য্যবলে রাজ্যশাসন করিয়াছিলেন, তাহা এক্ষণে কোথায়? যেখানে রাজা যুধিষ্ঠির সসাগরা পৃথিবীর রাজা একত্র করিয়া রাজসূয় যজ্ঞ করিয়াছিলেন তাহা এক্ষণে কোথায়? সূর্য্যবংশীয় রাজাদিগের

অযোধ্যাপুরীই বা কোথায়? যদুবংশীয়দিগের অসীম ঐশ্বর্য্যসম্পূর্ণ পুরীই বা কোথায়? অনেক অনেক উচ্চ পর্ব্বত চূর্ণ হইয়া গিয়াছে. কালের গ্রাস কেহ এড়াইতে পারে না, কালই বলবান ও যিনি অকাল তিনিই সত্য, তিনিই নিত্য।" ডিক্রীদার এই সকল কথা শুনিয়া স্তব্ধ হইয়া থাকিলেন। ক্ষণেক-কাল পরে প্রজাদিগকে জিজ্ঞাসা করিলেন, "তোমরা কি হারে খাজনা দিতে?" তাহারা বলিল,—"আমরা খাজনা কখন দিই নাই,—তিনি আমা-দিগের খাওয়া পরা সর্ব্বদা দিতেন, ও আপন বাটীতে প্রায় প্রতিদিন খাওয়া-ইতেন।" ডিক্রীদার বলিতে লাগিলেন,—"মানুষটা ধার্ম্মিক ছিল বটে, কিন্তু বোকা, বেহিসিবি না হ'লে ঢাকের কড়িতে মন্‌সা বিক্রী কেন হবে? যা হউক বাটীর ভিতর যাইয়া দেখিতে হইবে। তিনি চলিলেন ও তাঁহার সঙ্গে অন্যান্য লোকেও চলিল। সম্মুখে দালান শ্বেত প্রস্তরে নির্ম্মিত, দেওয়ালের উপরে স্বর্ণ অক্ষরে লিখিত "কৈবল্যং পরমং শিবম্।" দালানের দক্ষিণে একটী লম্বা ঘর তাহার ভিতরে পিঞ্জরে নানাপ্রকার পক্ষী, লোক দেখিবামাত্র রব করিয়া উঠিল। তাহাদিগের বোধ হইল আধ্যাত্মিকা আহার দিতে আসিয়া-ছেন, কিন্তু সে মধুর হাস্যবদন কোথায়? দোতালার এক ঘরে একখানি চিত্র রহিয়াছে, তাহা দেখিবামাত্রেই কে না চমৎকৃত হয়? ছবিতে এক ঋষি বসিয়া রহিয়াছেন, নয়ন ও হস্ত খেচরী মুদ্রায় সংযুক্ত, বামদিকে ঋষিপত্নী উড্ডীয়ানক অবস্থা প্রাপ্ত,—শান্ত ও সমাহিত। দক্ষিণে কন্যা সমাধি-জ্যো-তিতে পূর্ণ। দর্শকেরা বলিল,—"অনেক মূর্ত্তি ও ছবি দেখিয়াছি; কিন্তু এ দেবমূর্ত্তি দেখিলে প্রাণ শীতল হয়, পাপ তাপ দূরে যায়, ইহার নাম কি আধ্যা-ত্মিকা?" এই বলিবামাত্র সকলে রোদন করিয়া উঠিল।

যাঁহারা যথার্থ ঈশ্বরপরায়ণ তাঁহারা শরীর ত্যাগ করিলেও আমাদিগের নেত্রবারি ও হৃদয়ের শুদ্ধভাবের দ্বারা মুহুর্মুহুঃ পুনর্জ্জীবিত ও পূজিত হয়েন। সকাম সাকার ও নিষ্কাম নিরাকার এই পরিষ্কাররূপে বুঝিয়া জীবনের কার্য্য কর। এ জীবন জীবন নহে, যে জীবনে ব্রহ্মলাভ, সেই জীবনই জীবন।

সম্পূর্ণ।

ডেবিড হেয়ারের জীবন চরিত।

শ্রীপ্যারীচাঁদ মিত্র প্রণীত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।

সন ১২৯৯ সাল।

BHOWANIPORE :

B. M. BOSE : SAPTAHIK SAMBAD PRESS.

1892.

ভূমিকা।

ইতিপূর্ব্বে হেয়ার সাহেবের জীবন চরিত ইংরাজীতে লেখা হইয়াছে। এক্ষণে স্ত্রীলোক ও ইংরাজী ভাষানভিজ্ঞ ব্যক্তিদিগের জন্য তাঁহার জীবনের সংক্ষেপ বিবরণ বাঙ্গালাভাষায় লেখা গেল। যদিও রচনা উৎকৃষ্ট হয় নাই তথাপি যাঁহার গুণকীর্ত্তন করা হইল তিনি মহৎ ও চিরস্মরনীয় লোক ছিলেন। ভরসা করি এই ক্ষুদ্র পুস্তক পাঠে পাঠকের মনে মহৎভাবের উদয় হইবে।

PREFACE.

It being desirable to make the life of David Hare known to the Hindu females and the classes of the natives who do not know the English language, I have prepared this short memoir of that Philanthropist "the father of native education", which I trust will prove useful.

ডেবিড হেয়ারের জীবন চরিত।

বিলাত হেয়ার সাহেবের পিতা ঘড়ি প্রস্তুত ও মেরামত করিতেন। স্কটলণ্ডীয় এবর্ডিন দেশস্থ এক নারীকে তিনি বিবাহ করেন। তাঁহার চারি পুত্র জন্মে, জোসেফ, আলেক্‌জণ্ডর, জান্ ও ডেবিড। কলিকাতায় আসিবার অগ্রে ডেবিড এবর্ডিন দেশে আপন মাতৃসম্বন্ধীয় কুটুম্ব সকলের সহিত সাক্ষাৎ করিতে যান। পরে ডেবিড কলিকাতায় আসিলে আলেক্‌জণ্ডর এখানে আইসেন ও এক কন্যা রাখিয়া লোকান্তর গমন করেন। জানও ভারতবর্ষে আসিয়াছিলেন ও ধন উপার্জ্জন করিয়া বিলাতে জোসেফের সহিত বাস করেন।

১৭৭৫ সালে স্কটলণ্ডে ডেবিড হেয়ারের জন্ম হয়। পঁচিশ বৎসর বয়ঃক্রম হইলে পর, তিনি কলিকাতায় আগমন করেন। কয়েক বৎসর ঘড়ির কার্য্যে হেয়ার সাহেব ধন সঞ্চয় করতঃ তাঁহার বন্ধু গ্রে সাহেবকে আপন কার্য্য অর্পণ করিলেন। প্রায় অধিকাংশ ইংরাজেরা এখানে আসিয়া ধন উপার্জ্জন করতঃ স্বদেশে প্রত্যাগমন করেন। এদেশ অপেক্ষা স্বদেশ তাহাদিগের পক্ষে সর্ব্ব প্রকারে প্রার্থনীয় আর এদেশে থাকিবার কোন বন্ধন নাই। হেয়ার সাহেবেরও এখানে কোন বন্ধন ছিল না—বিলাতে তাঁহার ভ্রাতারা ও ভ্রাতাদিগের পরিবার ছিল কিন্তু তিনি সকল পার্থিব ভাব পরিত্যাগ করিয়া এদেশে কি প্রকারে বিশেষরূপে পরোপকার করিতে পারেন, তাহাই চিন্তা করিতে লাগিলেন। প্রথমতঃ ভদ্র ভদ্র হিন্দুদিগের বাটীতে গমন করিতে আরম্ভ করিলেন। যাহাতে তাঁহাদিগের সহিত সংমিলন হয় তাহাতেই উদ্যত হইলেন। কি নাচ, কি যাত্রা, কি কবি, কি আকড়াই, কি খেম্‌টানাচ, কি পাঁচালি, কি বুলবুলের লড়াই সকলেতেই হেয়ার সাহেব আহূত হইলে বসিয়া আমোদ করিতেন। উপরোক্ত আমোদ ভিন্ন ঐ সময়ে অন্যান্য কৌতুক ছিল। কোন কোন স্থানে সন্দেশের মজলিস অর্থাৎ গোল্লা বিচাইয়া তাহার উপর বসিয়া বৈঠকী সঙ্গীত হইত। কোন কোন স্থানে মানুষ পক্ষীর সভা অর্থাৎ বৃহৎ বৃহৎ খাঁচার ভিতর মনুষ্য পক্ষীস্বরূপ থাকিতেন—সভায় আনীত হইলে কেহ কাক, কেহ কাদাখোঁচা, কেহ সারস, কেহ বক এইরূপ নানা পক্ষীর প্রকৃতি দেখাইতেন ও মধ্যে মধ্যে গান করিতেন যথা "কুরুড় কিং ল্যাক্ জ্যাক্‌সন, গুলবর জ্যাক্‌সন, আলিপুরি জাক্‌সন, কু—ড়—।" কিয়ৎকাল বাবুদিগের সহবাসে হেয়ার সাহেব দেখিলেন যে, বাঙ্গালিদের মধ্যে বাঙ্গালা কি ইংরাজী কিছুই উত্তমরূপে অনুশীলিত

হইতেছে না—স্থানে স্থানে যে পাঠশালা ছিল তাহা দেখিয়া এই স্থির করিলেন যে পাঠ্য পুস্তকের অভাব। ছাত্রেরা কেবল কিঞ্চিৎ অঙ্কবিদ্যা, পত্র লেখা, জমাওয়াসিল বাকি, গুরুদক্ষিণা ও গঙ্গার বন্দনা শিখিতেছে, কিন্তু শুদ্ধ লেখনে ও কথা কহিতে অক্ষম। ইংরাজিও সামান্য রূপে শিক্ষা হইতেছে। ভাল পুস্তক নাই, ভাল শিক্ষক নাই। এই অভাব সকল ক্রমে কিসে দূর হয় এই চিন্তায় তিনি অন্যান্য যোগ্য ব্যক্তির সহিত পরামর্শ করিতে লাগিলেন। রামমোহন রায়, দ্বারকানাথ ঠাকুর, রাধাকান্ত দেব, রামকমল সেন প্রভৃতি ইহারা ঐ সময়ের বিজ্ঞ লোক ছিলেন। সুপ্রীম-কোর্টের প্রধান জজ স্যার হাইড ইষ্ট এতদ্দেশীয় লোকদিগের বড় হিতকারী ছিলেন। হেয়ার সাহেব তাঁহার নিকট যাইয়া বলিলেন এই নগরে একটী ইংরাজী বিদ্যালয় হইলে বাঙ্গালিদিগের উন্নতি হয়। স্যার হাইড ইষ্ট এই প্রস্তাব বৈদ্যনাথ মুখোপাধ্যায়কে জ্ঞাত করিয়া বলিলেন তুমি প্রধান প্রধান হিন্দুদিগের নিকট যাইয়া এবিষয়ে তাহাদিগের মত জিজ্ঞাসা করিয়া তাঁহারা যাহা বলেন তাহা আমাকে আসিয়া বল। এই সংবাদ শুনিয়া হেয়ার সাহেব সকলের নিকট যাইয়া আনুকূল্য প্রার্থনা করিতে লাগিলেন। এই জন্য সকলেই বৈদ্যনাথ বাবুর নিকটে ঐ প্রস্তাবের পোষকতা করিলেন। পরে বৈদ্যনাথ বাবু স্যার হাইড ইষ্টের নিকট আসিয়া তাঁহার প্রস্তাবে স্বদেশীয় প্রধান প্রধান লোকের সম্মতি প্রকাশ করিলেন। অনন্তর স্যার হাইড ইষ্টের বাটীতে কয়েক বৈঠকে এই ধার্য্য হইল যে এতদ্দেশীয় বালকগণের শিক্ষার্থে একটী বিদ্যালয় স্থাপিত করা কর্ত্তব্য। সকল কার্য্য নিরুদ্বেগে সমাহিত হয় না। ঐ সময়ে রামমোহন রায় সম্বন্ধীয় কলিকাতায় বড় গোলযোগ হইয়া উঠে। যাহাতে সতীদাহ নিবারণ হয়—পৌত্তলিকতা উঠিয়া যায় ও এক নিরাকার ঈশ্বরের উপাসনা সকলে করেন, এই জন্য রামমোহন রায় প্রাণপণে চেষ্টা করিতেছিলেন। হিন্দুশাস্ত্র হইতে উক্ত মতের পোষকতা প্রকাশ করিতে লাগিলেন—গায়ত্রী যাহা গোপন ছিল তাহা প্রকাশিত হইল, ও ব্রাহ্মসমাজ স্থাপন করিয়া তিনি "একমেবাদ্বিতীয়ং" মত প্রচার করিতে আরম্ভ করিলেন। যাহারা সাকার উপাসক তাহারা একেবারে চটিয়া উঠিলেন ও রামমোহন রায়ের নাম শুনিলে বলিতেন—ও পাষণ্ডের নাম করিও না—ওটা নাস্তিক! জনরব হইল যে রামমোহন রায় প্রস্তাবিত বিদ্যালয়ের এক জন অধ্যক্ষ হইবেন। কলিকাতায়ও অনেকেই রামমোহন রায়ের দ্বেষ্টা ছিলেন। যাঁহারা যাঁহারা প্রস্তাবিত বিদ্যালয় স্থাপনে আনুকূল্য স্বীকার করিয়াছিলেন। এক্ষণে বৈদ্যনাথ বাবুকে ডাকাইয়া বলিলেন—শুনিতেছি রামমোহন রায় না কি প্রস্তাবিত বিদ্যালয়ের একজন অধ্যক্ষ হইবেন? তাহা হইলে ওবিষয়ে আমাদিগের সহিত কোন সংস্রব থাকিবে না, নাস্তিকের সঙ্গে কে কার্য্য করিবে? বৈদ্যনাথ বাবু একটী শুভ কার্য্য সাফল্যে হৃষ্টচিত্ত ছিলেন, এক্ষণে এই কথা শুনিয়া ম্লান হইলেন ও

মন্দগতিতে স্যার হাইড ইষ্টের নিকটে যাইয়া অশুভ সংবাদ প্রচার করিলেন। স্যার হাইড ইষ্ট সুপ্রীম কোর্টের প্রধান জজ ও সর্ব্বপ্রকারে শ্রেষ্ঠ ও বৈদ্যনাথ বাবুও উচ্চকুলোদ্ভব ব্রাহ্মণ কিন্তু দুই জনে নিরুপায় হইয়া থাকিলেন। সকল কার্য্যে সূক্ষ্ম বুদ্ধি চাই। যে উপায়ে কার্য্য দর্শে এমন বুদ্ধি সকলের উপস্থিত হয় না—পরিষ্কার বুদ্ধি অভাবে উদ্দেশ্য সাধনে অনেক গোলযোগ ও হানি হয়। কোন্ পথ অবলম্বন করিলে কার্য্য সিদ্ধ হইতে পারে তাহা হেয়ার সাহেব ভাল বিবেচনা করিতে পারিতেন। তিনি দেখিলেন যে রামমোহন রায়কে নিরস্ত করাই শ্রেয়ঃ কল্প। এই ধার্য্য করিয়া তাঁহাকে বুঝাইলেন যে তিনি অধ্যক্ষতা হইতে ক্ষান্ত না হইলে প্রস্তাবিত বিদ্যালয় স্থাপিত হয় না। রামমোহন রায়ের উদার চরিত্র ছিল, তিনি দেশের হিত সর্ব্বদা প্রার্থনা করিতেন—আপন যশ ও গৌরব অতি ক্ষুদ্র জ্ঞান করিতেন। রামমোহন রায়ের এই প্রতিজ্ঞা ঘোষণা হইলে যাহারা আপত্তি করিয়াছিলেন তাহারা সকলে স্যার হাইড ইষ্টের বাটীতে উপস্থিত হইয়া অর্থ প্রদান পূর্ব্বক বিদ্যালয় স্থাপন করিলেন। কালেজের নিয়মাদি কয়েক বৈঠকে ধার্য্য হইল। হেয়ার সাহেব উপস্থিত থাকিয়া সৎপরামর্শ প্রদান করেন। হিন্দুকালেজ স্থাপন জন্য হেয়ার সাহেব দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া অনেক টাকা সংগ্রহ করেন। ১৮১৭ খ্রীষ্টাব্দে ২০শে জানুয়ারিতে হিন্দু কালেজ গরাণহাটা গোরাচাঁদ বসাকের বাটীতে স্থাপিত হয়। ঐ সময়ে স্যার হাইড ইষ্ট, হেরিংটন সাহেব ও হেয়ার সাহেব উপস্থিত ছিলেন। উপস্থিত বাঙ্গালীদিগকে বৈদ্যনাথ বাবু বলিলেন—এই বিদ্যালয় এক্ষণে বীজ স্বরূপ—পরে বট বৃক্ষের আকার ধারণ করতঃ অনেককে স্বীয় ছায়া দ্বারা শীতলতা প্রদান করিবে। হেয়ার সাহেব হিন্দুকালেজে প্রতিদিবস আসিয়া তাহার উন্নতি সাধন করিতে লাগিলেন। পটলডাঙ্গায় তাঁহার কিছু ভূমি সম্পত্তি ছিল কালেজ বাটীর জন্য তিনি তাহা দান করিলেন। ১৮২৪ খ্রীষ্টাব্দে ২৫শে ফেব্রুয়ারিতে হিন্দুকালেজের বাটী নির্ম্মাণের সূত্রপাত হয়। এক বৎসরের মধ্যে বাটী প্রস্তুত হয় ও হেয়ার সাহেব কমিটীর অবৈতনিক মেম্বর হয়েন। হিন্দু কালেজের কার্য্য এইরূপে চলিতে লাগিল।

এদেশের হিতার্থে হেয়ার সাহেব কেবল হিন্দুকালেজে লিপ্ত ছিলেন না। ১৮১৭ সালে কলিকাতা স্কুলবুক সোসাইটী স্থাপিত হয়। এই সভার অভিপ্রায় যে, পাঠশালার জন্য ইংরাজী ও এতদ্দেশীয় ভাষায় পুস্তক সকল প্রস্তুত হইয়া অল্প অথবা বিনামূল্যে প্রদত্ত হইবে। এই সভার সভ্য কয়েকজন ইংরাজ ও বাঙ্গালী ছিলেন। পরে তাঁহারা বিবেচনা করিলেন যে, এই নগরে কতিপয় বঙ্গবিদ্যালয় স্থাপন করা কর্ত্তব্য। এজন্য ১লা সেপ্টেম্বর ১৮১৪ খ্রীষ্টাব্দে টাউনহলে এক প্রকাশ্য সভা হয়। ঐ সভায় এই ধার্য্য হয় যে, কলিকাতা স্কুল সোসাইটী নামক এক সভা স্থাপিত হউক ও এই সভার অভিপ্রায় এই যে, বঙ্গদেশীয় লোকদিগের মধ্যে প্রয়োজনীয় জ্ঞান বিস্তার জন্য যে

সকল পাঠশালা আছে, তাহা সংশোধন করা কর্ত্তব্য ও প্রয়োজনানুসারে পাঠশালা সংস্থাপন আবশ্যক। আর, এই সকল পাঠশালায় যে সকল ছাত্র বিখ্যাত হইবে তাহাদিগকে উচ্চ বিদ্যালয়ে প্রেরণ করা যাইবে। হেয়ার সাহেব উক্ত দুই সভারই সভ্য ছিলেন। তিনি কলিকাতা স্কুল সোসাইটীর সম্পাদক হইলেন ও সকল পাঠশালারই তত্ত্বাবধান করিতেন। যে পাঠশালা আড়পুলীতে ছিল তথায় হেয়ার সাহেব অনেক সময় ক্ষেপণ করিতেন। এই পাঠশালায়, বিখ্যাত কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় বঙ্গভাষা শিখেন—প্রথমে কলা পেতে পড়ো শ্রেণীতে ভর্ত্তি হন। ১৮২৩ সালে এই পাঠশালার নিকটে এক ইংরাজী বিদ্যালয় স্থাপিত হয়। যে যে বালক পাঠশালাতে বিখ্যাত হইত তাহারা ইংরাজী বিদ্যালয়ে প্রেরিত হইত। সমস্ত নগর চারি খণ্ডে বিভক্ত করিয়া এক এক খণ্ডস্থ পাঠশালা সকল এক এক জনের অধীনে ছিল। তাঁহারা আপন আপন বাটীতে প্রধান প্রধান বালকদিগকে বৎসরের মধ্যে তিনবার পরীক্ষা করতঃ তাহাদিগকে ও গুরুমহাশয়দিগকে উপযুক্ত পারিতোষিক দিতেন। প্রতিবৎসর, কলিকাতায় যত পাঠশালা ছিল তাহার ছাত্রদিগের পরীক্ষা রাজা রাধাকান্ত দেবের বাটীতে হইত এবং ঐ পরীক্ষা দ্বারা বিশেষরূপে প্রতীয়মান হইয়া ছিল যে বঙ্গভাষা উত্তমরূপে শিক্ষিত হইতেছে। এই বাৎসরিক পরীক্ষা কালীন ফিমেল সোসাইটীস্থ বালিকাদিগের পরীক্ষা হইত ও তাহাদের ব্যুৎপত্তি সকলের সন্তোষজনক হইয়াছিল। এতদ্দেশীয় বালকেরা যে বঙ্গভাষা বিশেষ করিয়া শিক্ষা করেন ইহাই হেয়ার সাহেবের বিশেষ লক্ষ্য ছিল। আড়পুলীর ইংরাজী স্কুলে যাহারা প্রেরিত হইত তাহারা পাঠশালায় প্রাতে ও বৈকালে আসিয়া বঙ্গভাষা শিখিত। এইরূপ প্রথা হওয়ায় নিকটস্থ অন্যান্য পাঠশালার বালকদিগের বঙ্গভাষায় অনুরাগ বৃদ্ধি হইয়াছিল। হেয়ার সাহেবের তদারকের গুণে আড়পুলীর ছাত্রেরা বিখ্যাত হইয়া কেহ কেহ ইংরাজী স্কুলে ও কেহ ২ হিন্দু কালেজে প্রেরিত হইল। যাহারা হিন্দু কালেজে যাইত তাহারা প্রশংসা ভাজন হইত। ১৮২০ সালে কলিকাতা জুভিনাইল সভা স্থাপিত হয়। এই সভার অধীনে শ্যামবাজার, জানবাজার ও ইটালীতে বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। এই সময়ে রাজা রাধাকান্ত স্ত্রীশিক্ষা-বিধায়ক পুস্তক লেখেন ও ঐ পুস্তক উক্ত সভা দ্বারা প্রকাশিত হয়। ঐ গ্রন্থের মর্ম্ম এই যে, পূর্ব্বকালে স্ত্রীশিক্ষা এদেশে প্রচলিত ছিল। হেয়ার সাহেব বালিকাদিগের শিক্ষার্থেও অনুরাগী ছিলেন। ঐবিষয়েও তিনি আপন অর্থ প্রদান করিতেন ও তাহাদিগের পরীক্ষাকালীন উপস্থিত থাকিতেন। ডাক্তার ক্ষেরি ও মার্শমেন এক সভা করেন তাহার তাৎপর্য্য এই যে শ্রীরামপুরের নিকটস্থ সকল স্থানে বঙ্গভাষা অনুশীলন হইবে। হেয়ার সাহেব এই সভার ব্যয়ার্থ অর্থানুকূল্য করিতেন।

হিন্দুকালেজে যত শিক্ষক ছিল, তাহাদিগের মধ্যে ডিরোজিও কৌশল ক্রমে উৎকৃষ্ট শিক্ষা দিতেন, এজন্য কতিপয় শিষ্য অবকাশ পাইলেই তাঁহার

নিকটে যাইত। তাঁহার শিক্ষার এই ফল দর্শিল যে ছাত্রেরা ধর্ম্মজ্ঞানবিষয়ে অনেক উন্নতি লাভ করিল, কিন্তু হিন্দুধর্ম্মের প্রতি তাহাদিগের বিদ্বেষ বৃদ্ধি হইতে লাগিল। অখাদ্য ভোজন, অপেয় পান, আর হিন্দুধর্ম্মের নিন্দা ও বিদ্রূপ অনেক পরিবারে প্রকাশ পাইল। কালেজের কমিটী বৈঠক করিয়া ডিরোজিও সাহেবকে বিদায় করিলেন। কালেতে হেয়ার সাহেবের পরোপকারিতা ছাত্রদিগের হৃদয়ে কৃতজ্ঞতার বৃদ্ধি করিতে লাগিল।

১৮৩০ সালে হিন্দুকালেজের ও অন্যান্য বিদ্যালয়ের ছাত্রেরা মাধবচন্দ্র মল্লিকের বাটীতে হেয়ার সাহেবের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করণার্থ এক সভা করিলেন। তাহাতে এই ধার্য্য হইল যে হেয়ার সাহেব কায়িক পরিশ্রমে ও অর্থব্যয়ে এদেশের লোকের বিশেষ উপকার করিয়াছেন এজন্য তাঁহার প্রতিমূর্ত্তি রাখা বর্ত্তব্য। এক প্রশংসা পত্র পার্চ্চমেণ্টে লিখিত হইয়া হেয়ার সাহেবকে প্রদত্ত হইলে তিনি এই বক্তৃতা করেন।

"এদেশে আসিয়া দেখিলাম যে, এখানে নানা-প্রকার দ্রব্যাদি উৎপন্ন হইতেছে—ভূমির উৎপাদিকা ও অর্থপ্রদ শক্তি অক্ষয়—লোক সকলও বুদ্ধিমান ও পরিশ্রমী এবং অন্যান্য সভ্যদেশের লোকদিগের ন্যায় ক্ষমতাবান, কিন্তু বহুকালাবধি কুশাসন ও প্রজাপীড়ন হেতু এদেশ একেবারে অজ্ঞানতায় আবৃত হইয়াছে। এদেশের অবস্থা সংশোধন জন্য ইউরোপীয় বিদ্যা ও বিজ্ঞানশাস্ত্র প্রচার করা আবশ্যক বোধ হইতেছে। যে বীজ আমা কর্ত্তৃক রোপিত হইয়াছে, তাহা এক্ষণে বৃক্ষরূপে স্বপ্রকাশ—উৎকৃষ্ট ফল প্রদান করিতেছে এবং তাহার সাক্ষী আমার চতুষ্পার্শ্বে রহিয়াছে।"

হেয়ার সাহেবের যে ছবি প্রস্তুত হইয়াছে তাহা তাঁহার স্কুলে বর্ত্তমান আছে। কঠোপনিষদে লিখিত আছে যে প্রায় অধিকাংশ লোক প্রেয়পথ অবলম্বী—শ্রেয়ঃপথ অবলম্বী অতি অল্প লোক। প্রেয়, ইন্দ্রিয় তুষ্টিজনক—মান ও গৌরব বর্দ্ধক। শ্রেয়ঃ নিষ্কাম ভাবে ধর্ম্মানুষ্ঠান—বিঘ্ন ও কঠোরতা অতিক্রম করিয়া আধ্যাত্মিকতায় বিলীন হওন। মহা মহা পণ্ডিতেরাও প্রেয়পথ অবলম্বী হয়েন ও সামান্য জ্ঞানবান্ ব্যক্তিরা শ্রেয়ঃপথ অবলম্বন করে। প্রেয়কে ত্যাগ করিয়া শ্রেয়ঃ অনুষ্ঠান করা স্বভাবতঃ হইতে পারে ও উপদেশাধীন না হইতে পারে। যে সকল লোকের আত্মবল অধিক তাহারাই শ্রেয়ঃ অবলম্বী। হেয়ার সাহেব সামান্য লেখাপড়া শিখিয়াছিলেন। তাঁহার আহার সামান্য ছিল—মদ্য মাংসে রুচি ছিল না—তিনি বলিতেন এদেশের ঋষিরা মিতাহারী ছিলেন—এটি বড় উত্তম। এদেশের মিঠাই, সন্দেশ, চন্দ্রপুলি, ডাবের জল ও মৃদ্‌গুর মৎস্য ভাল বাসিতেন। প্রাতে তিন চারি খানি টোষ্ট, দুইটি ডিমসিদ্ধ ও এক পিয়ালা চা খাইয়া বাহির হইতেন, রাত্রে সামান্য আহার করিতেন। তাঁহার আত্মা, এক ভাবেই থাকিত—কি প্রকারে পরোপকার সাধন করিতে পারেন—এই তাঁহার ভাবনা—এই তাঁহার চিন্তা—এই তাঁহার তৃষ্ণা। প্রতিদিন দশটার মধ্যে পালকীতে ঔষধ ও পুস্তক পুরিয়া কালেজে আসিতেন।

তাহার পর আপন স্কুলে যাইতেন। রেজিষ্টরি দেখিয়া যে যে বালক অনুপস্থিত তাহাদিগের তালিকা করিতেন। পরে প্রত্যেক শ্রেণীতে যাইয়া প্রত্যেক বালক কেমন পড়িতেছে ও কিরূপ ব্যবহার করিতেছে তাহার অনুসন্ধান করিতেন। শিক্ষক ও ছাত্রদিগের যাহা বক্তব্য তাহা শুনিতেন ও যাহাকে যে পরামর্শ দেওয়া কর্ত্তব্য তাহা দিতেন। তিনি মানব স্বভাব ভাল বুঝিতেন ও যে বালকের যে দোষ তাহা শীঘ্র অনুধাবন করিতে পারিতেন। যে বালকের যে যে বিষয়ে দুর্বলতা থাকিত তাহাকে প্রকারান্তরে যথাযোগ্য ঔষধ প্রদান করিতেন। কুপ্রবৃত্তি বিনাশ করিয়া সুপ্রবৃত্তি প্রদানে তাঁহার বিশেষ কৌশল ছিল। প্রত্যেক বালক বাটীতে কিরূপে সময় ক্ষেপণ করে ও কি প্রকার বালকের সহিত একত্রে থাকে ও পরিবারের প্রতি কিরূপ ব্যবহার করে এই সকল সর্ব্বদা অনুসন্ধান করিতেন। বালকদিগের পিতা মাতা কর্ত্তৃক যাহা না হইত, তাহা হেয়ার সাহেব করিতেন। সকল বালকের সুপ্রবৃত্তি দর্শনে, তাঁহার অকৃত্রিম আহ্লাদ জন্মিত। কোন বালকের কুনীতি অথবা আলস্যের সংবাদ শুনিলে, তাঁহার মর্ম্মবেদনা হইত। বালকদিগকে, যেন স্বীয় মেষপাল জ্ঞান করিতেন—সকলেই সুপথে গমন করিতেছে এই দর্শনে, তাঁহার চিত্তে উল্লাস হইত। যে যে বালক অনুপস্থিত হইত অনুপস্থিতির কারণ লোক দ্বারা অথবা তাহার বাটীতে আপনি গিয়া জানিতেন। বালকের পীড়া হইলে তাহার নিকট দিবারাত্রি আপনি বসিয়া ঔষধ সেবন করাইয়া আরোগ্য করিতেন। কদাচিৎ কাহারও পীড়ার সংবাদ না পাইলে বিরক্ত হইতেন। যে প্রকারেই হউক পরোপকার করিতে পারিলেই আহ্লাদিত হইতেন। যে সকল বালক গ্রাসাচ্ছাদন বিহীন তাহাদিগকে অন্ন ও বস্ত্র দিয়া বিদ্যাশিক্ষা করাইতেন। যাহারা পুস্তকাদি অভাবে পড়িতে পারিত না, তাহাদিগকে পুস্তকাদি দিতেন। যাহারা লেখা পড়া শিখিয়া জীবিকার জন্য ব্যাকুল, তাহাদিগকে সুপারিস দ্বারা কর্ম্ম করিয়া দিতেন। তিনি পর দুঃখে দুঃখী, পরসুখে সুখী, দুঃখ দেখিলে দুঃখ বিমোচন করিতেন—এজন্য পরিশ্রমকে পরিশ্রম জ্ঞান করিতেন না। যদি কোন কারণ বশতঃ আশু প্রতিকারে অশক্ত, তত্রাচ দুঃখ বিমোচনের বাসনা তাঁহার হৃদয়ে সর্ব্বদা জাগ্রত থাকিত। একদা এক স্বামীহীনা নারী পুত্রকে স্কুলে ভর্ত্তি করিবার জন্য তাঁহার নিকট আইল। হেয়ার সাহেব বলিলেন ক্লাসে স্থান নাই। ঐ বিধবা স্ত্রীলোক দুঃখেতে অশ্রুপাত করিতে২ চলিয়া গেল। যিনি সামান্য দুঃখ দেখিলে কাতর হইতেন, তিনি যে দুঃখিনী স্বামীহীনার রোদনে অধিক কাতর হইবেন, তাহার আশ্চর্য্য কি? নিকটে একজন বাবু বসিয়াছিলেন, তাঁহাকে সঙ্গে লইয়া হেয়ার সাহেব ঐ দুঃখিনী নারীর বাটীতে উপস্থিত হইলেন। ঐ দুঃখিনী আপন কুটীর হইতে বাহির হইয়া পরিচয় দিল। হেয়ার সাহেব দুঃখেতে কাতর হইয়া তাহাকে কিঞ্চিৎ অর্থ দিয়া বলিলেন তুমি রোদন করিওনা, তোমার পুত্রের ভরণ পোষণ ও অধ্যয়ন করাইবার ভার আমি লইলাম।

এইরূপ অনেক দৃষ্টান্ত আছে। হেয়ার সাহেব সকল বালককে সমভাবে দেখিতেন—সকলের হিতার্থে সমান যত্ন করিতেন ও সকল বালক মনে করিত যে আমাকে হেয়ার সাহেব যেমন ভাল বাসেন তেমন আর কাহাকেও ভাল বাসেন না। মনের কার্য্য পরিমিত—তাবতম্য হয়—সর্ব্বজীব সমদৃষ্টি করিতে মন অক্ষম কিন্তু আত্মার প্রকৃতি সমদর্শন—আত্মা যত মুক্ত তত নির্বিশেষ শক্তি প্রকাশ করে।

দুঃখী দরিদ্র বালকেরা অধিক দিন পাঠশালায় থাকিতে পারে না। জীবিকা নির্ব্বাহের জন্য তাহারা ব্যস্ত হইবে, এজন্য তাহারা কেমন লেখে তাহা প্রতিদিবস বৈকালে আপনি দৃষ্টি করতঃ লেখার দোষ দর্শাইতেন ও লেখা এইরূপ তদারকে সংশোধিত হইত।

হেয়ার সাহেব দুর্গোৎসবকালীন দুঃখী ও দরিদ্র বালক ও তাহাদিগের ভগিনী এবং মাতাদিগকে বস্ত্রাদি দিতেন। উৎসব কালীন কি ধনী, কি নির্ধনী, সকলের বাটীতে তিনি গমন করিতেন, এই জন্য আবাল, বৃদ্ধ, যুবা ও কুলনারীরা তাঁহাকে ভালরূপে জানিতেন। পটলডাঙ্গায় স্কুলসোসাইটির স্কুল যাহা হেয়ারস্কুল নামে এক্ষণে বিখ্যাত, ঐ স্কুলের ছাত্রদিগের পাঠ্য পুস্তকের ও কাগজ কলমের ব্যয় হেয়ার সাহেব আপনি দিতেন। আড়পুলিতে যে পাঠশালা ছিল, তাহারও সমস্ত ব্যয় তিনি দিতেন। বাঙ্গালিদিগের হিতার্থে তিনি অন্যের নিকট ভিক্ষুক হয়েন ও আপনি লক্ষ ২ টাকা ব্যয় করেন। হিন্দুকালেজের দক্ষিণ ও পশ্চিমে তাঁহার অনেক ভূমি ছিল, ঐ সকল ভূমি বিক্রয় করিয়া এতদ্দেশীয় লোকদিগের মঙ্গলার্থে ব্যয় করেন। যখন তাহার হস্তে টাকা অল্প হইল, তখন তাঁহার চীনদেশীয় এক ধনী কুটুম্বের নিকট হইতে টাকা আনাইয়া ব্যয় করিতে লাগিলেন। ঐ ধনাঢ্য ব্যক্তি বড় পরহিতৈষী প্রযুক্ত হেয়ার সাহেবের সহিত তাঁহার বন্ধুতা হয়।

হেয়ার সাহেব যে সৎকর্ম্ম করিতেন তাহা প্রশংসা পাইবার জন্য করিতেন না,—কেবল আত্মার সন্তোষার্থে করিতেন।

হেয়ার সাহেব মিতাহারী ছিলেন—রুটিতে মাখন দিয়া খাইতেন না। যেমন অন্তরে শান্তভাব, তেমনি শরীরে বিশেষ বল ছিল। তিনি গ্রে সাহেবের সহিত থাকিতেন। এক রাত্রে চা খাইতেছেন—ইতিমধ্যে একজন যুবকের সহিত পদব্রজে গমনের কথা উপস্থিত হইল। হেয়ার সাহেব বলিলেন তুমি আমার সহিত চানকে যাইতে পার? যুবক বলিলেন, হাঁ, পারি। চানক কলিকাতা হইতে সাত ক্রোশ। হেয়ার সাহেব বলিলেন আইস, দেখা যাউক। দুই জনে উঠিলেন। কিছুকাল পরে দুইজনে ফিরিয়া আইলেন। যুবক শ্রান্ত ও বীর্য্যহীন—আস্তে আস্তে আসিতেছেন। হেয়ার সাহেব সবল ও হেয়ার ষ্ট্রীটে আসিয়া দৌড়িয়া বাটীতে প্রত্যাগমন করিলেন। এক দিবস হিন্দুকালেজের একজন ছাত্রের গাড়ি বাহিরে ছিল। একজন বলবান গোরা, কোচমান সহিসের সঙ্গে বিবাদ করিয়া, গাড়ি ভাঙ্গিয়া চূর্ণ

করিয়া দিয়া চলিয়া গেল। কালেজের চাপরাসি, ব্রজবাসি দরওয়ান কেহই তাহাকে ধরিতে পারিল না। ইতিমধ্যে হেয়ার সাহেব আসিয়া সকল সমাচার অবগত হইয়া তীরের ন্যায় গমন করতঃ গোরাকে ধৃত করিয়া থানায় জিম্মা করিয়া দিলেন।

হেয়ার সাহেব পরদুঃখে অথবা ক্লেশে সর্ব্বদা কাতর হইতেন। এক দিবস হেয়ার সাহেব বাটীতে আছেন। সন্ধ্যার সময় বৃষ্টি শ্রাবণের ধারার ন্যায় পড়িতেছে। চন্দ্রশেখর দেব বাবু বৃষ্টিতে ভিজিয়া উপস্থিত। সাহেব আস্তেব্যাস্তে তাহাকে এক বস্ত্র পরিধান করিতে দিয়া আপন হস্তে তাঁহার ধুতি ও চাদর নিংড়াইয়া শুখাইতে দিলেন। রাত্রি অধিক হইলে বৃষ্টি থামিয়া গেল। চন্দ্রশেখরকে সন্দেশ আনাইয়া খাওয়াইয়া আপনি এক বৃহৎ যষ্টি ধারণ পূর্ব্বক তাহাকে সঙ্গে লইয়া চলিলেন। চুনাগলির নিকট আসিয়া চন্দ্রশেখরকে বলিলেন, এই স্থানে মাতওয়ালা গোরা থাকে, হয়ত তোমার জন্য তাহাদিগের সহিত হাতাহাতি করিতে হইবে। পরে তাঁহারা নিরুদ্বেগে সেস্থান হইতে গমন করিলেন।

পূর্ব্বে লিখিত হইয়াছে যে, তিনি মন্দ বালকদিগের সংশোধন জন্য অতিশয় সতর্ক থাকিতেন। যে বালকের প্রতি তাঁহার সন্দেহ হইত, তাহার বাটীতে হঠাৎ উপস্থিত হইতেন। বাটীতে তাহাকে না পাইলে সে যে স্থানে থাকুক অনুসন্ধান দ্বারা বাহির করিয়া আপন শাসনাধীন করিতেন। অনেক বালক উন্মার্গগামী ছিল, পরে তাহারা হেয়ার সাহেবের যত্নে সচ্চরিত্রশীল হয়। যে ব্যক্তি কুপ্রবৃত্তি বিনাশ করিয়া সুপ্রবৃত্তি বপন করেন—যিনি পাপ মতিকে ধ্বংস করিয়া আত্মার পুণ্য জ্যোতি প্রকাশ করাইয়া দেন, তিনিই ঈশ্বরের প্রকৃত অভিপ্রায় সাধন করেন—তিনিই ঈশ্বরের প্রকৃত উপাসক।

পূর্ব্বে কলিকাতায় অনেক কুপ্রথা ছিল। স্নানযাত্রার সময় বাবুরা বেশ্যা লইয়া মাহেশে যাইতেন। শোনা গিয়াছে যে, এক বাবু সুরাপান করতঃ বজ্‌রার মাজিদের সুরাপান করান। তাহারা লোঙ্গর না তুলিয়া সমস্ত রাত্রি দাঁড় বহে ও যেখানকার বজরা সেই খানেই থাকে। এইরূপ ঘটনা হইত, পাছে বাবুদের সঙ্গে কোন বালক গমন করে এজন্য হেয়ার সাহেব সতর্ক থাকিতেন। এরূপে কোন কোন বালককে নিবৃত্ত করিয়াছিলেন। পূর্ব্বে বালকেরা পরস্পরের কুৎসা করিত। এক ধনীর পুত্র এক বালকের গ্লানি ছাপাইয়া রাত্রিযোগে কালেজে যাইয়া থামেতে মাখিয়া দেয়। হেয়ার সাহেব এই সংবাদ পাইয়া এক লাঠ্যান হাতে করিয়া উপস্থিত হইয়া কাগজ খণ্ড খণ্ড করিয়া ছিঁড়িয়া ফেলিলেন।

১৮৩৫ খ্রীষ্টাব্দে, পবলিক্ ইনষ্ট্রক্‌শন কমিটি এইমর্ম্মে রিপোর্ট করেন,—আমরা গবর্ণমেণ্টের গোচরার্থে ধর্ম্মশীল হেয়ার সাহেবের বিষয় লিখিতেছি। এতদ্দেশীয় লোকদিগের শিক্ষার্থে যে সকল ব্যক্তি যত্ন প্রকাশ করিয়াছেন,

তাহাদিগের মধ্যে হেয়ার সাহেব অগ্রগণ্য। তাঁহারই পরিশ্রমে এই রাজধানীর বাঙ্গালিরা ইংরাজী ভাষা শিক্ষা করিয়াছেন। পূর্ব্বৎ লোকের কেবল কার্য্য নির্ব্বাহোপযোগী শিক্ষা হয় নাই। তাহাদিগের এতদূর শিক্ষা হইয়াছিল যে তদ্দ্বারা ইউরোপীয় দর্শনবিদ্যা জানা যায়। হেয়ারসাহেব স্কুল সোসাইটি ও হিন্দুকালেজ স্থাপনে সাহায্য করেন। এই সকল বিদ্যালয়ের তদারক করণ জন্য অনেক বৎসরাবধি তিনি সমস্ত সময় অর্পণ করিয়াছেন। বিদ্যালয় সকল তিনি সর্ব্বদা তদারক করেন। যে বালক ভীরু তাহাকে উৎসাহ দেন—যে অজ্ঞাত, তাহাকে সৎপরামর্শ প্রদান করেন—যে অলস ও মন্দ তাহাকে স্নেহযুক্ত ভৎর্সনায় শোধন করেন। বালকদিগের মধ্যে যে কলহ হয় তাহা তিনি নিষ্পত্তি করেন ও পিতা পুত্রের মধ্যে যে বিবাদ উপস্থিত হয় তাহাও তিনি মীমাংসা করিয়া দেন। যাহার চিত্ত পরোপকারে রত ও পরোপকার করণ যাহার আহার ও পান সে ব্যক্তি ঐ চিন্তাতেই মগ্ন থাকেন। হেয়ার সাহেব যখন দেখিলেন যে বাঙ্গালিরা ইংরাজী ও বাঙ্গালা ভাষায় উন্নত হইয়াছে, তখন তাহারা ব্যবসা উপযোগী বিদ্যা শিক্ষা করিয়া বিখ্যাত হন, এই তাঁহার বাসনা হইতে লাগিল। ঐ সময়ে লার্ড আকলেণ্ড গবর্ণরজেনেরল ছিলেন। তিনি এতদ্দেশীয় লোকের প্রতি বড় আনুকূল্য করিতেন। হেয়ার তাঁহার নিকট সর্ব্বদা যাইতেন। ঐ সময়ে কলিকাতায় একটি মেডিকেল কালেজ স্থাপন করিবার প্রস্তাব হয় কিন্তু এই সন্দেহ হইতে লাগিল যে হিন্দুবালক মৃতদেহ স্পর্শ করিতে কোন আপত্তি করিবে কি না? এক দিবস হেয়ার সাহেব বসিয়া আছেন। মধুসূদন গুপ্ত তথায় উপস্থিত হইলেন। আস্তে ব্যস্তে হেয়ার সাহেব জিজ্ঞাসা করিলেন—হিন্দুধর্ম্ম মতাবলম্বীদিগের নিকট হইতে কোন আপত্তি হইবে কি? মধুসূদন বলিলেন যদি তাঁহারা বাধা দেন, তবে পণ্ডিতেরা তাঁহাদিগকে পরাজয় করিবেন। হেয়ার সাহেব বলিলেন আমি আহ্লাদিত হইলাম, কল্যই লার্ড আকলেণ্ডের নিকট যাইব। ১৮৩৫ সালে মেডিকেল কালেজ স্থাপিত হয়। কিছুকাল পরে ডাক্তার ব্রামলি বক্তৃতা করেন "হেয়ার সাহেবের উৎসাহ ও সাহায্যে কালেজ অনেক উপকৃত। কালেজ স্থাপিত হইবার অগ্রে হেয়ার সাহেব আপন সংচিত্তের ভাবে গলিত হইয়া ইহার হিত সাধন করিতে লাগিলেন। তাঁহার পরামর্শ ও সাহায্য দ্বারা অনেক উপকার দর্শিয়াছে। তিনি উপদেশ দেওন কালীন সর্ব্বদা উপস্থিত থাকিয়া শিষ্যদিগের সদ্ভাব বৃদ্ধি করিয়াছেন। আমার একং বার বোধ হইত যে কালেজ থাকা ভার কিন্তু তাঁহার ধৈর্য্য, শান্ত গুণে ও পরিশ্রম জন্য কালেজ রক্ষিত হইয়াছে। ফলতঃ হেয়ার সাহেবের সাহায্য ব্যতিরেকে এ কালেজ স্থাপন করা যাইত না এজন্য তাঁহার নিকট সংক্ষেপে কৃতজ্ঞতা স্বীকার করিতেছি।"

হেয়ার সাহেবের স্কুল হইতে মেডিকেল কালেজে অনেক ছাত্র ভর্ত্তি হয়। ঐ সকল ছাত্র তাঁহার বশীভূত ছিল সুতরাং তাহাদিগের দৃষ্টান্তে অন্যান্য বালক

তাহাদিগের ন্যায় চলিতে লাগিল। কিয়ৎকাল হেয়ার সাহেব কালেজের সম্পাদক ছিলেন, তাহার পর কালেজ কউনসেলের অনরেরি মেম্বর হন।

মেডিকেল কালেজ স্থাপিত হওয়াবধি হেয়ার সাহেব তথায় প্রতিদিন যাইতেন। অন্যান্য বিদ্যালয়ে যেরূপ তদারক করিতেন, মেডিকেল কালেজের বালকদিগেরও সেইরূপ তদারক করিতে লাগিলেন। আর হস্‌পিটলে যাইয়া প্রত্যেক রোগী কিরূপ আছে, ক্রমশঃ আরোগ্য হইতেছে, কি না—বা পীড়ার বৃদ্ধি হইতেছে এ সমস্ত বিশেষরূপে অবগত হইয়া যথাসাধ্য প্রতিকার করিতেন। সকলের পথ্য ও অন্যান্য বিষয় যাহা জানিবার আবশ্যক হইত তাহা জানিয়া রোগীদিগকে আরামে রাখিবার জন্য সম্যকরূপে চেষ্টিত হইতেন। যাঁহার চিত্ত পরোপকারে রত তাঁহার সকল কার্য্য পরদুঃখ বিমোচন ও পরসুখ বিবর্দ্ধন জন্য হইয়া থাকে।

হিন্দুকালেজ ও হেয়ার সাহেবের বিদ্যালয়ে শিক্ষিত কতিপয় যুবক ডিরোজিও সাহেবকে সভাপতি করিয়া একাডেমিক এসোসিয়াসন নামক এক সভা স্থাপন করেন। প্রতি সপ্তাহে বৈঠক হইত ও সকলে বক্তৃতা করিতেন। এইরূপে সকলের বক্তৃতা শক্তি বৃদ্ধি হইতে লাগিল। হেয়ার সাহেব প্রতিবৈঠকে উপস্থিত থাকিতেন ও পরে ঐ সভার সভাপতি হইয়া তাহার কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ করিতেন। অনন্তর, ১৮৩৪ সালে সাধারণ জ্ঞানউপার্জ্জিকা সভা স্থাপিত হয়। ঐ সভার বৈঠকে এক একজন সভ্য এক এক রচনা পাঠ করিতেন, ও তাহা লইয়া অন্যান্য সভ্যরা তর্ক বিতর্ক করিতেন। হেয়ার সাহেব এই সভার অনরেরি ভিজিটর ছিলেন। বিদ্যা অনুশীলনার্থে যে স্থানে যাহা হইত, হেয়ার সাহেব তথায় উপস্থিত হইয়া উৎসাহ ও সাহায্য প্রদান করিতেন।

১৮৩৪ সালে হিন্দুকালেজের অধ্যক্ষেরা, কালেজের নিকট বঙ্গ ভাষা উত্তম রূপে শিক্ষার্থে, এক পাঠশালা স্থাপন করিলেন। পাঠশালা গৃহের ভিত্তি স্থাপনের দিবস অনেকে উপস্থিত থাকেন। সকলে হেয়ার সাহেবের সম্মানার্থে তাঁহাকে প্রস্তর স্থাপন করিতে আহ্বান করেন। তৎকালে তিনি এক বক্তৃতা করেন, পরিশেষে জজ রাইন তাঁহার অনেক প্রশংসা করিয়া এক বক্তৃতা করেন।

যে প্রকারেই হউক এদেশের মঙ্গল সাধনে হেয়ার সাহেব কখনই শ্রান্ত হইতেন না। পূর্ব্বে সংবাদ পত্রে সকল বিষয় সাহস পূর্ব্বক লিখিত হইত না। গবর্ণমেণ্টের বিপক্ষে লিখিলে লেখকের নামে অভিযোগ হইত, আর কোন বিষয় বিবেচনার্থে প্রকাশ্য সভা হইত না। এইরূপ নিয়মে সাধারণ লোকেরা আপনার মনের ভাব ব্যক্ত করিতে অক্ষম হইত—ইহাতে দেশের অমঙ্গল ব্যতিরেকে মঙ্গল সম্ভব হয় না। এই দুই নিয়ম উঠাইয়া দিবার জন্য ও পার্লিয়ামেণ্টকে এদেশের চার্টর বিষয়ে এক দরখাস্ত করিবার জন্য ১৮৩৫ সালে ৩ জানুয়ারিতে টাউনহলে এক প্রকাশ্য সভা হয়। হেয়ার সাহেব

উপস্থিত হইয়া বলিলেন—"সভ্যগণ! যখন আমি চতুর্দ্দিকে দৃষ্টিপাত করি, ও দেখি এতদ্দেশীয় লোকেরা ইংরাজদিগের সহিত মিলিত হইয়া কর্ত্তব্যতা সাধন করিতেছেন তখন বোধ হয়, যে এদিন ভারতবর্ষের গৌরবের ও সৌভাগ্যের দিবস"।

১৮১৫ সালে মরিচ দ্বীপে এদেশ হইতে কুলি পাঠান আরম্ভ হয়। যে সকল কুলির গমনে ইচ্ছা ছিল না তাহারা ছলনা ও প্রতারণা দ্বারা প্রেরিত হইত। পটলডাঙ্গার এক বাটীতে অনেক কুলি বদ্ধ ছিল। হেয়ার সাহেব তাহা জানিতে পারিয়া পুলিসের সাহায্যে তাহাদিগকে খালাস করিয়া দিলেন। কুলিরা হেয়ার সাহেবকে ধন্যবাদ দিয়া চলিয়া গেল।

এইরূপ অহরহঃ অনেক পরোপকার হেয়ার সাহেবের দ্বারা কৃত হইত।

১৮৪২ খৃষ্টাব্দে ৩১ মে মাসের রাত্রে হেয়ার সাহেবের ওলাউঠা হয়। আপন সরদার বেহারাকে বলিলেন, গ্রে সাহেবকে বল, আমি বাঁচিব না—আমার জন্য কফিন প্রস্তুত করিতে কহে। পরদিবস বেলেস্তারার জ্বালা না সহিতে পারিয়া বলিলেন—আমাকে আরামে মরিতে দেও। কিছুকাল পরে প্রাণত্যাগ করিলেন। তাঁহার মৃত্যু সংবাদ শুনিয়া কলিকাতার সমস্ত লোক শোকান্বিত হইল। সহস্র সহস্র চক্ষু দিয়া অশ্রুপাত হইতে লাগিল—কেহ বিলাপে কাতর, —কেহ নিস্তব্ধভাবে অন্তরে রোরুদ্যমান—কেহ তাঁহার গুণবর্ণনে গলিত—কেহ কৃতজ্ঞতা ও ভক্তিতে ভাবাক্রান্ত—কেহ যেন পিতৃশোক—কেহ যেন মাতৃশোক, কেহ যেন ভ্রাতৃশোক—কেহ যেন অকৃত্রিম বন্ধু শোকে ব্যাকুল। অঙ্গনাদিগের হৃদয় কোমল—তাহারা প্রপীড়িতা হইয়া দুঃখে মগ্ন হইলেন। বালকদিগের নয়নে অন্তরের শোক প্রকাশ হইল। হেয়ার সাহেবের মৃত্যু গ্রে সাহেবের বাটীতে হয়—মৃত্যুসংবাদ প্রচার হইলে ঐ বাটী লোকে পূর্ণ হইল। হেয়ার সাহেবের দেহ স্বাভাবিক বেশে আচ্ছাদিত— কফিনে স্থাপিত—বদন শীতল ও শান্ত—নয়ন মুদিত—বালক ও যুবক নিকটে যাইয়া প্রেম ও ভক্তিতে পূর্ণ হইয়া তাঁহার বদন স্পর্শ পূর্ব্বক অনিবার্য্য কাতরতার বিগলিত বারি বর্ষণ করিতে লাগিল। ১৮৪২ খৃষ্টাব্দে ১ লা জুনে ভারি দুর্য্যোগ হয়—বৃষ্টি অবিশ্রান্ত পড়িতেছে—আকাশ ঘনমেঘে আচ্ছন্ন—রাস্তা সকল জলে সিক্ত, তথাচ লোকারণ্য হইল—মৃতদেহের সঙ্গে ন্যূনাধিক পাঁচ হাজার লোক চলিল—গাড়িতে রাস্তা পূর্ণ—কয়েক খানা কৃষ্ণবর্ণ শোক চিহ্নিত গাড়িতে ছোট ছোট বালক আরূঢ় হইল। কলিকাতার অনেক সম্ভ্রান্ত বাঙ্গালি উপস্থিত ছিলেন। সন্ধ্যার প্রাক্কালীন, ঐ মহাত্মার সমাধি হইল। সমাধি হিন্দু-কালেজের সম্মুখে হইয়াছিল। তাহার উপর যে কবর নির্ম্মিত হয়, তাহার ব্যয় বিদ্যালয়ের ছাত্রেরা এক এক টাকা চাঁদা দিয়া নির্ব্বাহ করে। চাঁদা এত হইল যে, কতক চাঁদা আদায় করণ আবশ্যক হইল না।

কিয়ৎ কাল পরে, এক প্রকাশ্য সভাতে তাঁহার প্রতিমূর্ত্তি করণ ধার্য্য হয় ও ঐ প্রতিমূর্ত্তি তাঁহার স্কুলের নিকট প্রকাশ্যরূপে স্থাপিত হইয়াছে।

হেয়ার সাহেব এতদ্দেশীয় লোকের মহোপকারী, এজন্য তাঁহার স্মরণ ও শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশার্থে বৎসর বৎসর ১লা জুন তারিখে এক সভা হয় ও ঐ বৈঠকে বক্তৃতা হইয়া থাকে।

হেয়ার সাহেবের স্মরণার্থে হেয়ার প্রাইজ কমিটি নামক এক কমিটি আছে। তাঁহাদিগের উৎসাহে ও আনুকূল্যে অনেক অনেক ভাল ২ বিষয় রচিত ও প্রকাশিত হইয়াছে। এক্ষণে ঐ কমিটি কেবল স্ত্রীলোক শিক্ষা উপযোগীপুস্তকাদি প্রকাশ করণ ধার্য্য করিয়াছেন।

হেয়ার সাহেব ঘড়ির কারবার হইতে ক্ষান্ত হইয়া অল্প পরিমাণে বাণিজ্য করিতেন। তাঁহার বাণিজ্য করিবার অভিপ্রায় এই যে যদি লাভ করিতে পারেন তবে ঐ লাভ পরোপকারার্থে অর্পণ করিবেন। তাঁহার স্বীয় অভাব অতি অল্প ছিল। সামান্য বস্ত্রাদি পরিধান করিতেন ও সামান্য রূপে ভোজন করিতেন—পানীয়—দুগ্ধ, জল ও চা মাত্র। দৈবযোগে তাঁহার সকল টাকা নষ্ট হইল ও তিনি ঋণ পাশে বদ্ধ হইলেন। একটি অর্দ্ধনির্ম্মিত বাটী ছিল তাহা গাঁথিয়া দিয়া পাওনাদারদিগকে দিলেন ও আপনি গ্রে সাহেবের বাটীতে আসিয়া থাকিলেন। ক্রমে ক্রমে তাঁহার দুই সহোদরের কাল হওয়াতে শোকে মগ্ন হইলেন। কিন্তু যদিও ক্ষতি ও শোকে পীড়িত, তথাচ তাঁহার শান্তভাবের হ্রাস হয় নাই। দৈনিক কার্য্য সকল পূর্ব্ববৎ করিতেন—বালকেরা বিরক্ত করিত কিন্তু তিনি সমাহিত থাকিতেন। যে সকল মহাত্মা শোক দুঃখে সমাহিত থাকেন—তাঁহারা আত্মার শান্ত ও শিব ভাব প্রতীয়মান করেন।

হেয়ার সাহেবের জীবন পাঠে কে না উন্নত ভাবে স্থিত হইবে? যে ব্যক্তি নিষ্কামচিত্তে আপন বল, বুদ্ধি ও অর্থ—আপন জীবন পরোপকারার্থে—পর সুখার্থে অর্পণ করিয়াছিলেন—যিনি আপনার সুখ অন্বেষণ করেন নাই—ও যাঁহার কোন পার্থিব বাসনা ছিল না, তিনি দেব ভাব প্রকাশ করিয়া গিয়াছেন তাহা কে না স্বীকার করিবে? জগদীশ্বর আমাদিগকে এই কৃপা করুন যে, হেয়ার সাহেবের যেরূপ শুদ্ধ প্রেম ছিল, সেই শুদ্ধ প্রেমে আমরা যেন পরিপূর্ণ থাকি।

সম্পূর্ণ।

বামাতোষিণী।

শ্রীপ্যারীচাঁদ মিত্র প্রণীত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।

সন ১২৯৯ সাল।

BHOWANIPORE :

B. M. BOSE' SAPTAHIK SAMBAD PRESS.

1892.

PREFACE.

THE want of suitable works for the fair sex of Bengal induced me to write several books from time to time. The first work I brought out was *Áloár Gharer Dulál*, which was very favorably received both by men and women. This was followed by a satirical work on Drinking and Caste. But for the females of Bengal, whom I wished to see elevated, I wrote *Rámáranjiká*. The Revd. Dr. Banerjea says "It is the very sort of thing to put into the hands of female pupils, the language having the rare excellency of being free from the bombastic on the one hand, and vulgarity on the other; and the subjects being calculated to furnish the mind with useful information and to impart a healthy tone to the thinking powers. Some extracts from it may be advantageously taken for the Bengal Entrance Course of the University, for our young men may also benefit by the reading of the book as well as our young women." The next work I wrote is *Jatkinchit*. The *Friend of India* for 1869 reviewed it favorably. My next work was *Abhedi*, written in the form of a novel; which was also favorably received. My next attempt was the publication of a work, *viz.*, *Etaddeśíya Strílokdiger Púrbávasthá*, or the "Condition and Culture of Hindu Females in Ancient Times," containing biographical notices of exemplary females. This was followed by the *Ádhyátmiká*, a spiritual novel, which was also received very favorably by the fair sex. Encouraged by the kind reception of these works, I submitted several of them to Mr. A. W. Croft, Director of Public Instruction, in view to their being introduced into the female schools. On the 21st July 1880, he was pleased to write to me as follows:— "I have had your books duly examined. They are very excellent light literature and may do well as prizes; but they do not fit in with any of our standards." I find there are six standards. The books read are I believe—*Kathámálá*, *Vásturichár*, *Susíkhir Upákhyán*, *Sítár Banabás*, *Navanárí*, *Barnabodh* (Part II), *Nítibodh*, *Charitávalí and Ákhyánmanjarí*. After the progress generally in our female education it is a matter for consideration whether education in schools should be confined to the reading of the above works. It is very necessary that Hindu girls should acquire a correct knowledge of their duties as daughters, wives and mothers, and above all, their duty to God, the love for whom should be instilled from childhood. They should also possess correct ideas on sanitation and know how to bring up children properly.

I have therefore written the present work, which is purely a moral tale, leaving out all particular religious ideas, and showing the value of sanitation and the proper way of bringing up children, which cannot be taught unless the girls receive a sound moral education. The plot of the tale is that an educated Hindu is blessed with an excellent wife, with whom he considered it a sacred duty to educate his daughter and son. He leaves his family and goes to England to qualify himself for the bar. From England he gives a description of English life, a brief account of the remarkable places there, of the English home and its management, how female education is carried on there, and the different humane and philanthropic works in which English ladies are engaged. It is also shown that while Hindu ladies are devoted to spiritualism, austerity and charity, English ladies, besides possessing many excellencies, distinguish themselves as active benefactresses,—as healers of the suffering, reclaimers of the fallen, educators of the convicts, and ameliorating agents of the helpless and ragged children. Although humanity to the brute creation is practised in every Hindu family, yet it is of the utmost importance that compassion for the helpless animals and birds should be developed in every Hindu boy and girl and made a part of their education. This virtue is encouraged by English ladies who, as members of families or of organized bodies, show humanity to the brute creation. The hero comes back. The heroine is joined by a devout lady, and her excellent daughter. These ladies and the hero's daughter are engaged in works of love and charity, in the education of their sex, in visiting the poor and helpless without distinction of caste, in ameliorating their meterial condition and in showing motherly and sisterly feeling towards them. The tale concludes with the marriage of the two young ladies with their full consent and at proper age.

The proofs were submitted to Mrs. Monmohini Wheeler, Inspectress of Government Female Schools in Bengal, to whom I feel much indebted for her several valuable suggestions, and her opinion of this work is subjoined.—"I have read the *Bámátoshiní*, and think it a nice story. It will be interesting, and I may say, instructive to the girls and zenáná ladies of this country."

বামাতোষিণী।

প্রথম পরিচ্ছেদ।

কৃষ্ণনগরের প্রান্তভাগে গোপালচন্দ্র দেব বাস করিতেন। তিনি কায়স্থ, সৎকুলোদ্ভব ও উচ্চচরিত্র ছিলেন। দেশের প্রথানুসারে অল্প বয়সে তাঁহার বিবাহ হয়, কিন্তু পত্নীকে প্রাণপণে শিক্ষা দিয়া তাঁহাকে প্রকৃত ধর্ম্মপত্নী করিয়াছিলেন। স্ত্রীপুরুষে সর্ব্বদা একত্র হইয়া কিরূপে জ্ঞান ও ধর্ম্ম লাভ হইতে পারে সর্ব্বদা এই চিন্তা করিতেন। কালক্রমে তাঁহাদিগের এক কন্যা ও এক পুত্র হইল।

বাটীর নিকটে কতকগুলি গোয়ালা বাস করিত। গরুর গোবর পচাইয়া তাহারা কৃষকদিগকে বিক্রয় করিত, তাহাতে সমস্ত পল্লীর বায়ু দুর্গন্ধে দূষিত হইত। যে স্থলে হউক, বিশুদ্ধ বায়ু স্বাস্থ্যরক্ষার্থে অতিশয় প্রয়োজনীয়। যে স্থানে বায়ুর বিশুদ্ধতা না হয় সে স্থানে পীড়ার প্রাবল্য। যাহারা নিশ্বাসের দ্বারা দূষিত বায়ু গ্রহণ করে তাহারাই পীড়িত হয়। বাটীর খিড়কির নিকট একটী পুষ্করিণী ছিল, তাহা গভীররূপে খনিত হয় নাই, জল সর্ব্বদা পানায় পূর্ণ থাকিত ও ঐ জল যাহারা পান করিত তাহাদের অজীর্ণ রোগ হইত। গোপাল স্বাস্থ্যরক্ষা কিরূপে হয়, তাহা অবগত ছিলেন। কিন্তু পৈতৃক ভদ্রাসনের প্রতি মায়াপূর্ণ হইয়া ভদ্রাসন ত্যাগ করিতে পারেন নাই। পরিবারের মধ্যে সর্ব্বদাই পীড়া হইত, বৈদ্য ডাক্তার সর্ব্বদাই আসিতেছেন, একটা না একটা রোগ লেগে রহিয়াছে, নেতুড় মরে না। গোপালের ভার্য্যা বড় গুণবতী,—ভর্ত্তাকে কহিলেন, দেখিতেছি আপনার আয় অপেক্ষা ব্যয় অধিক হইতেছে। চিকিৎসাতে যে ব্যয় হইতেছে তাহা সন্তানাদির শিক্ষার্থে হইলে উপকার হইত, অতএব যাহা শ্রেয়ঃ হয় তাহা আপনি করুন। গোপাল ভার্য্যার কথা শুনিয়া স্থির করিলেন যে, ভদ্রাসন ত্যাগ করা কর্ত্তব্য। রম্নাপার্কের নিকট ভূমি উচ্চ, বায়ু বিশুদ্ধ, বারি নির্ম্মল, ঐ স্থানে স্বপরিবার লইয়া উঠিয়া গেলেন। আসিবার কালীন পল্লীর স্ত্রীলোকেরা আসিয়া বলিতে লাগিল, এ কার্য্য কেহ কি করে? ভদ্রাসন ছেড়ে কে উঠিয়া যায়? পলাইয়া গেলে কি রোগ ছাড়বে? গোপাল বাবুর স্ত্রী অবশ্য স্ত্রীলোকদিগের কথায় কিছু উত্তর না করিয়া তাহাদিগের নিকট হইতে বিদায় লইয়া যাত্রা করিলেন। রম্নাপার্ক নিকটস্থ ভবনে আসিয়া গোপাল বাবু ও তাঁহার স্ত্রী,

পুত্র ও কন্যা, সকলে আরাম পাইতে লাগিলেন। স্বাস্থ্যরক্ষার্থে কি কি প্রয়োজনীয় তাহা উত্তমরূপে প্রতীয়মান হইল।

গোপাল এক বিদ্যালয়ের শিক্ষক ছিলেন। বেতন সামান্য, কিন্তু তাঁহার স্ত্রী কিঞ্চিন্মাত্র অপব্যয় করিতেন না। তিনি বিশেষরূপে তদারক করিতেন যে, আহারীয় দ্রব্যাদি পীড়াজনক না হয়, অথচ যাহার মূল্য অল্প, ও যে জল পান করিতে হইবে তাহা নির্ম্মল জল হয়। তৈল, ঘৃত ও দুগ্ধ বিশেষ অনুসন্ধানপূর্ব্বক গৃহীত হইত ও পচা মৎস্য বাটীতে আনীত হইত না। বস্ত্রাদি যাহা টেক্‌সই ও যাহার অধিক মূল্য নহে, তাহা খরিদ হইত। বস্ত্রাদি সেলাই বাটীতেই হইত। পরিমিতব্যয়ে যতদূর স্বাস্থ্যরক্ষা হয়, তাহা সম্পূর্ণরূপে রক্ষিত হইত।

সন্ধ্যাকালে গোপাল, স্ত্রী, পুত্র ও কন্যা লইয়া ঈশ্বর-উপাসনা করিতেন, ও ধর্ম্ম ও নীতিবিষয়ক পুস্তকাদি পাঠ করিতেন এবং বালক ও বালিকা দিবসে কিরূপে নিযুক্ত থাকিতেন ও তাহাদিগের চিত্ত কিরূপ ছিল, তাহার নিকাশ লইতেন। তাহাদিগকে জিজ্ঞাসা করিতেন, তোমরা কোনরূপে রাগ দ্বেষ প্রকাশ ত কর নাই, তোমাদিগের চিত্ত শান্ত ছিল কি? তোমরা কাহাকেও কটু বাক্য ত কহ নাই? সকলের প্রতি স্নেহ ও প্রেমভাবেতে ত ছিলে? পশুপক্ষীদিগের প্রতি কোন নিষ্ঠুরতা ত কর নাই? স্ত্রী, স্বামীর প্রশ্নোত্তরপ্রণালীর বিশেষ গুণ জানিয়া তদ্রূপ শিক্ষা অতি সুন্দররূপে দিতে পারিতেন। পল্লীর অন্যান্য বালক ও বালিকা তাহার নিকট আসিত, তিনি তাহাদিগকে সাদর ও স্নেহভাবে সৎশিক্ষা প্রদান করিতেন।

গোপালের স্ত্রীর নাম শান্তিদায়িনী, কন্যার নাম ভক্তিভাবিনী ও পুত্রের নাম কুলপাবন।

গোপাল ও তাঁহার পরিবার কিরূপে নিযুক্ত থাকিতেন।

ত্রিযামা অবসান না হইতে হইতেই প্রাতঃসমীরণ বহিতে থাকে। পক্ষী সকল যেন কারারুদ্ধাবস্থা হইতে মুক্তিসুখের রসপানে নানারবে ডাকিতে আরম্ভ করে। এই সময় গোপাল স্ত্রী, কন্যা ও পুত্র লইয়া রম্যাপার্কে পরিভ্রমণার্থে গমন করেন। অনেকেই বায়ুসেবনার্থে দ্রুতগমন করেন; গোপাল শারীরিক বল জন্য দ্রুতগতিতে চলিতেন। শান্তিদায়িনী, ভক্তিভাবিনী ও কুলপাবনের হস্তধারণ পূর্ব্বক মন্দ মন্দ গতিতে গমন করিতেন। চতুর্দ্দিকে উদ্ভিদ্, গুল্ম, লতা ও বনস্পতি—নানাপ্রকার শাখাপ্রশাখাবিশিষ্ট, নানাবর্ণীয় নানাপ্রকার ও নানাগন্ধীয় পুষ্পে শোভিত ও নানা মনোহর ফলে ভারাক্রান্ত। এক এক দৃশ্য দর্শনে অনেক জিজ্ঞাসা, অনেক সিদ্ধান্তের প্রয়োজন। সকল এককালীন ভাবিতে গেলে চিত্ত অভিভূত হয়; তথাপি কন্যা ও পুত্র, মাতাকে প্রশ্ন করিতে ক্ষান্ত হইতেন না। মাতা কাহাকে অঙ্কুর বলে, অঙ্কুর হইতে

কিরূপে ফুল, ফুল হইতে কিরূপে ফল হয়, ও ফুলের পাবুড়ি পর্য্যন্ত নিষ্প্রয়োজনীয় নয়, তাহাও বুঝাইয়া দিতেন। জীবের যেরূপ পিতামাতা আছে, পুষ্পেতে ও উদ্ভিদের পিতামাতা দৃষ্টিগোচর হয়। বালকবালিকা এরূপ উপদেশে চমৎকৃত হইত ও নির্জ্জনে স্রষ্টার অনন্ত শক্তি ভাবিত। তপনের তাপ প্রখর হইবার প্রারম্ভে, গোপাল তাঁহার পরিবার লইয়া বাটী প্রত্যাগমন করিতেন। পরে স্নান করিয়া যথাজ্ঞান শক্তি অনুসারে ঈশ্বর উপাসনা করিতেন। তাহার পর শান্তিদায়িনী অন্নব্যঞ্জন প্রস্তুত করিতেন; পতি, পুত্র ও কন্যাকে ভোজন করাইয়া দাস ও দাসীকে ভোজন করাইতেন, অবশিষ্ট যাহা থাকিত তাহা আপনি গ্রহণ করিতেন। ইতিমধ্যে যদি কাঙ্গালিনী আসিয়া বলিত, মা গো! এক মুঠা ভাত দেও, খিদেতে পেট জ্বলিয়া যাইতেছে, তাহা হইলে আপন আহার হইতে তাহার পরিতোষার্থে অন্নব্যঞ্জন দিতেন। দিবসে নিদ্রা না যাইয়া বাঙ্গালা ও ইংরাজী পুস্তক পাঠ করিতেন।

সৎ-মাতা হইলেই সৎসন্তান হয়। কন্যা ও পুত্র, পিতা মাতার অনুকরণ করিতে চাহে। বিশেষতঃ মাতা, পিতা অপেক্ষা শিক্ষাদায়িনী। প্রকৃত শিক্ষা তিরস্কার বা দণ্ডের দ্বারা প্রদত্ত হয় না। মাতা স্বীয় কোমল ও স্নেহযুক্তহস্তে অঙ্গস্পর্শন ও মুখচুম্বনে বালহৃদয়ে যেরূপ উন্নতিভাব প্রেরণ করিতে পারেন সেরূপ শিক্ষকের দ্বারা হইতে পারে না। জগতের প্রধান শিক্ষক নারী—নারীতেই কোমল সুন্দর ভাব নিহিত, ঐ ভাবে পুরুষ সংস্কৃত হইলে উন্নতিসোপান প্রাপ্ত হয়। অনেক মহৎ মহৎ লোক মাতাকর্ত্তৃক শিক্ষিত, এজন্য কথিত আছে, উত্তম মাতা হইলে উত্তম সন্তান হয়।

শান্তিদায়িনী কিয়ৎকাল পুস্তকাদি পাঠ করিয়া শিল্পকার্য্য করিতেন। তিনি তাঁহার মাতার নিকট হইতে শিল্পকার্য্য শিক্ষা করিয়াছিলেন। নানাপ্রকার সেলাই, নানাপ্রকার পশমের বুনন, নানাপ্রকার গহনা গড়ন, নানাপ্রকার ছবি লেখা— পেনসিল্ ও অয়েল্ পেনটিং, নানাপ্রকার খোঁদা এই সকলই শিক্ষিত হইয়াছিলেন। পূর্ব্বকালে স্ত্রীলোকেরা নানা বিদ্যা ও নানাপ্রকার শিল্পকর্ম্ম করিতে জানিতেন। মুসলমানদিগের সময়ে হিন্দুস্ত্রীলোকেরা হীনতা প্রাপ্ত হন, কিন্তু ধর্ম্মভাব যাহা তাহাদিগের হৃদয়ে প্রেরিত হইয়াছিল, তাহা উন্মূলিত হয় নাই। যে কেহ জ্ঞান ও ধর্ম্মসুধা একবার পান করিত, সে অন্যকে ঐ আস্বাদন প্রেরণ করিত। শান্তিদায়িনীর শিল্প দেখিতে অনেক স্ত্রীপুরুষ আসিতেন ও এই কারণবশতঃ অন্যান্য স্ত্রীলোকদিগের শিল্পকার্য্যে অনুরাগ জন্মিত। সন্ধ্যার প্রাককালে শান্তিদায়িনী রাত্রির আহার প্রস্তুত করিতেন। এক একদিন ভিজা কাষ্ঠজন্য উনুন জ্বলিত না, ফুঁ দিতে দিতে চক্ষে জল আসিত; তাহার ক্লেশ দেখিয়া অন্যান্য বামারা বলিত, আহা, কি ক্লেশ! দুই এক আনা দিলে ভাল শুকনো কাঠ মিলে, অল্প ব্যয়তরে এত দুঃখ কেন? শান্তিদায়িনী বলিতেন, স্বামীর আয় যৎসামান্য; যদি আমার ক্লেশে তাঁহার ব্যয় অল্প হয় তাহা করা আমার কর্ত্তব্য, এজন্য দিদি

দুঃখিত হইও না। ক্লেশ সহ্যতে বিশেষ উপকার। কন্যা কখন কখন বলিত, মা! তোমার বড় ক্লেশ হইতেছে, আমাকে এ কার্য্য শিখিতে দেও, তুমি উঠিয়া আইস, আমি উনুনের নিকট বসি। মাতা কন্যার উপকারজন্য কখন কখন সম্মত হইতেন। বৈশাখ মাসে বাটীর দ্বারের নিকট গো, মহিষ, ছাগ, মেষ ও পক্ষীদিগের পানার্থে গামলায় জল থাকিত, তাহার নিকট কন্যা ও পুত্র বসিয়া থাকিত; যে জন্তু ও পক্ষী জলপান করিতে আসিত তাহাকে তাহারা উৎসাহ দিতেন ও কোন তৃষ্ণান্বিত ব্যক্তি আসিলে তাহাকে জল দিবার অগ্রে মাতার নিকট হইতে ছোলা অথবা বাতাসা আনিয়া দিতেন। পিপাসিত ব্যক্তিরা জলপানের পর আশীর্ব্বাদ করিয়া যাইত।

বৈকালে গোপাল বাটীতে প্রত্যাগমন করিতেন। পত্নী, পুত্র ও কন্যার প্রতি স্নেহ প্রকাশপূর্ব্বক তিনি জলযোগ করিয়া তাহাদিগকে সমভিব্যাহারে লইয়া রম্নাপার্কে গমন করিতেন! ঊষাকালে যেরূপ উদ্যানের মনোহর দৃশ্য, বৈকালেও সেরূপ নয়নরঞ্জন শোভা হইত। প্রাতঃকালে পক্ষীর কলরব, মন্দ মন্দ-সমীরণ ও নানা পুষ্পের সৌগন্ধে চতুর্দ্দিক আমোদিত। শত শত পতঙ্গ এক পুষ্প হইতে অন্য পুষ্পে গমন করিতেছে। বৈকালে সূর্য্যের অস্তমিত আভা বৃক্ষোপরি পতিত হইয়া নানা রত্নস্বরূপ প্রকাশমান। নানাজাতীয় পক্ষী দিগ্‌দেশান্তর হইতে আসিয়া বাসস্থান অন্বেষণ করিতেছে। প্রান্তভাগে মেটো সুরে রাখাল গান গাইয়া যাইতেছে। গোপাল পরিবার সহিত একটী ঝিলের নিকট বসিয়া স্তব্ধভাবে থাকিতেন। নির্জ্জনে থাকিলে কাহার অন্তরের ভাব উদ্দীপন না হয়? কিয়ৎকাল পরে বাটীতে আসিয়া সকলে উপাসনা করিতেন, পরে আহার করিতেন। শান্তিদায়িনী স্বামীর সঙ্গে কোন কোন দিবস আহার করিতেন, কোন কোন দিবস পরিবেশন জন্য পরে আহার করিতেন।

আহারের পর সকলে বসিয়া নানাপ্রকার কথাবার্ত্তা কহিতেন। কখন কখন ঈশ্বরমহিমা ও করুণা বিষয়ক গান সংগীত হইত। কখন কখন নীতি, খগোল, পদার্থবিদ্যা, উদ্ভিদ্‌বিদ্যা, ইতিহাস, মহাত্মা লোকের জীবনচরিত পঠিত হইত। এই অনুশীলনে পুত্র ও কন্যার বিশেষ উপকার দর্শিল। তাহাদিগের বস্তুর উপদেশের প্রতি অধিক মনোনিবেশ হইতে লাগিল। বাক্যের উপদেশের প্রতি তত মনোযোগ হইত না। অনেক বালকবালিকা প্রায় শব্দই শিখে। বস্তুজ্ঞানের তত অনুশীলন হয় না।

দ্বিতীয় পরিচ্ছেদ।

বালিকা-বিদ্যালয়।

কৃষ্ণনগরের ইংরাজটোলার নিকট একটি বালিকা-বিদ্যালয় ছিল। ঐ

বালিকা-বিদ্যালয় কতিপয় বিবি ও এতদ্দেশীয় ভদ্রলোকের আনুকূল্যে স্থাপিত হয়।

ভদ্র ভদ্র ইংরাজ বিবি ও বাঙ্গালিরা মধ্যে একত্র হইয়া স্ত্রীশিক্ষাবিষয়ক কথোপকথন করিতেন। নানা ব্যক্তি নানা মত প্রকাশ করিতেন। কোন কোন এতদ্দেশীয় কহিতেন, পূর্ব্বকালে এদেশে স্ত্রীলোকেরা ভালরূপে ধর্ম্ম উপদেশ পাইতেন, শিল্পকার্য্য শিখিতেন ও নৃত্য গীত শিক্ষা করিতেন। কোন কোন সাহেব বলিতেন যে, বালিকারা মাতার নিকট হইতে অনেক শিক্ষা করে। বিলাতে প্রত্যেক বাটীতে সমস্ত পরিবার রাত্রিতে আগুন পোয়াইতে পোয়াইতে অনেক কথাবার্ত্তা কহে; ঐ সময়ে বালকবালিকারা অনেক উপদেশ প্রাপ্ত হয়। ইংরাজী শিক্ষার প্রণালী এই যে, শিশুদিগের জন্য বিশেষ বিশেষ বিচিত্রিত পুস্তক তাহাদিগের হস্তে দিলে তাহারা নানাপ্রকার প্রশ্ন করে, তখন মাতা, কি পিতা, কি ভ্রাতা, কি ভগিনী স্নেহ ও মুখচুম্বনের সহিত প্রশ্নের উত্তর দিতে থাকেন। বালশিক্ষার প্রথম অঙ্গ চক্ষু কর্ণকে আকর্ষণ করা, পরে মনেতে গল্পের ছলে শুদ্ধ ভাব প্রেরণ করা ও ঐ ভাবের দ্বারা ক্রমশঃ ঈশ্বরের প্রতি ভক্তি, সত্য ও সাধুসের প্রতি অনুরাগ জন্মান। শিক্ষা কোনপ্রকারেই বলপূর্ব্বক প্রদত্ত হইতে পারে না। কৌশলের দ্বারা শিখিবার পিপাসা উদ্রেক হইলে উপদেশবারি দিতে হইবেক। এইরূপে পরিষ্কার স্থানে থাকা, পরিষ্কার বস্ত্রাদি পরা, স্বাস্থ্যকর দ্রব্য আহার করা, শারীরিক বলজন্য বায়ুসেবন ও কসরত করা শিখাইতে হইবেক। রাত্রিতে যে গৃহে অগ্নি পোয়াইতে হয় সেখানে একত্রিত হইলে মহাত্মা ও পরোপকারীদিগের জীবনবৃত্তান্ত ও ধর্ম্মকর্ম্মের মাহাত্ম্য পুনঃপুনঃ বলা কর্ত্তব্য। এইরূপে বালক ও বালিকার হৃদয় সৎশিক্ষায় অঙ্কুরিত হয়। মধ্যে মধ্যে উদ্যানে বালকবালিকাদিগকে লইয়া যাওয়া আবশ্যক; তথায় নানাজাতীয় বৃক্ষ ও পুষ্প দেখিয়া তাহাদিগের মনোনেত্র ক্রমশঃ প্রকাশিত হইতে থাকে। পিতামাতার এই কর্ত্তব্য যে, বালক ও বালিকাদিগের হৃদয়ে জ্ঞান ও ধর্ম্মের প্রতি অনুরাগ দৃঢ়ীভূত করিয়া দেন, তাহা হইলে পরে তাহারা ঐ উপদেশ অনুসারে চলিয়া থাকে।

এতদ্দেশীয় একজন বলিলেন, স্ত্রীশিক্ষা বিষয় আমার কিছু জানা আছে। কেনিলন বলেন, স্ত্রীলোকের তিন কার্য্য—সংসারের কার্য্য করা, স্বামীকে সুখী করা ও সন্তানদিগকে শিক্ষা দেওয়া। সেনুফোর্ড বলেন, বালকবালিকাদিগের প্রতিদিন যাহা ঘটিবে, মাতা তাহা লইয়া যেন এক ছড়া উপদেশের মালা গাঁথিয়া দিবেন।

একজন বিবি বলিলেন, বিলাতে ধনী লোকেরা আপন আপন বাটীতে কন্যাদিগকে শিক্ষা প্রদান করেন। মধ্যবর্ত্তী লোকেরা পাঠশালাতে শিক্ষা দেন। স্কটলণ্ড, এমেরিকায় বালক ও বালিকা একত্রে পাঠ করে। স্ত্রীশিক্ষাবিষয়ে নেপলিয়েন বোনাপার্টির ও বিবি কাম্পনের সহিত কথোপকথন

হইয়াছিল। নেপলিয়েন বলিলেন, লোকদিগের শিক্ষা ভাল হইতেছে না কেন? ঐ বিবি বলিলেন, ভাল মাতা নাই। নেপলিয়েন বলিলেন, অগ্রে ভাল মাতা যাহাতে হয় এমত চেষ্টা কর। আর একটী কথা স্মরণ করা কর্ত্তব্য। একজন মাতা কোন পাদ্রিকে জিজ্ঞাসা করিলেন, ছেলেকে কোন সময় অবধি শিক্ষা দিতে হইবে। পাদ্রি বলিলেন, শিশু প্রসূত হইলে তাহার মুখে হাস্য দেখা দিবার সময় অবধি শিক্ষা আরম্ভ হইতে পারে। ইহার তাৎপর্য্য এই যে, মাতার মুখচুম্বনে শিশুর শিক্ষা হইতে পারে।

বালিকা-বিদ্যালয়ে অনেকের অনুরাগ ছিল। উত্তম প্রণালীতে চলিতে লাগিল।

তৃতীয় পরিচ্ছেদ।

শিশুশিক্ষা।

গোপালের বাটীর প্রান্তভাগে একজন তুলে থাকিত। সে প্রত্যূষে উঠিয়া কর্ম্ম করিতে যাইত। তাহার স্ত্রী হাটে কিম্বা বাজারে যাইয়া দ্রব্যাদি বিক্রয় করিত। তাহাদিগের একটী পুত্র ছিল, সে পল্লিতে দৌরাত্ম্য করিয়া জিনিষ পত্র কেড়ে বিগড়ে আনিত। রাত্রিতে তুলে বাটীতে আসিয়া তাড়ি খাইয়া গান করিত,—

"বাবলার ফুল লো কাণে লো দুললি।
মুড়ি মুড়কির নাম রেখেছ রূপলি সোণালি।"

তাহার স্ত্রী স্বামীর গান শুনিয়া খিল্ খিল্ করিয়া হাসিত। তাহার পরই পল্লীর লোকেরা আসিয়া তাহাদিগের ছেলের দৌরাত্ম্যজন্য অভিযোগ করিত। কেহ বলিত, আমার দোকান থেকে মোয়া লইয়া টপ্ টপ্ করিয়া খাইয়াছে; কেহ বলিত গলার মালা ছিড়িয়া দিয়াছে, কেহ বলিত আমার গাছের সজনা খাড়া পড়িয়া আনিয়াছে, কেহ বলিত আমার কাপড়ে আগুন ফেলিয়া দিয়াছে। কাহারও মানা শুনে না; কাহাকেও ভয় করে না; সর্ব্বদা মেরোয়া হইয়া বেড়ায়। তুলে বিরক্ত হইয়া রাগ না সম্বরণ করিতে পারিয়া ছেলেকে বেধড়ক মারিত ও ছেলে মার খাইয়া শূকরের মত চীৎকার করিত। পল্লীর সকলে বলিত, জ্বালাতন করলে, এ চীৎকার অপেক্ষা বরং শূকর গাধার চীৎকার মিষ্ট। এইরূপ হয়, ইতিমধ্যে এক রাত্রি শান্তিদায়িনী বালকের প্রহারে কাতর হইয়া ঐ তুলের বাটীতে গমন করিলেন। তুলে যৎপরোনাস্তি সম্মান-পূর্ব্বক বলিল, মা এখানে কেন? শান্তিদায়িনী বলিলেন তুমি পুত্রকে অকাতরে প্রহার কর এজন্য আসিয়াছি, বাবা। প্রহারে শিশুর সংশোধন হয় না, শিশুকে হয় লেখাপড়া কিম্বা কোন কার্য্যে নিযুক্ত রাখিলে আপনা আপনি

শান্ত হইবে। কৌশল ও স্নেহেতে শিশুর যাহা শিক্ষা হয় তাহা প্রহার, কটু-বাক্য ও রিকট বদন দর্শনে হয় না।" তুলে বলিল, মা! এমন জ্ঞান আমার ছিল না। মা! তোমাকে প্রণাম করি, তুমি সাক্ষাৎ ভগবতি।

শান্তিদায়িনী বাটী যাইয়া এ কথা বলাতে, স্বামী, পুত্র ও কন্যা সকলে বলিল, যে আপনি যাহা বলিয়াছেন তাহা যথার্থ, কারণ দণ্ড বিধানে বালক ও বালিকা মারঘেঁচ্‌ড়া হইয়া অধঃপাতে গমন করে তখন তাহাদিগের সংশোধন করা বড় কঠিন।

এই কথাবার্ত্তা হইতেছে, ইতিমধ্যে দ্বার ঠেলিবার শব্দ হইতে লাগিল। কে গা ও—কেগা ও? আমি শান্তিপুরের পিশিপেৎনী। শান্তিপুরের পিশি-পেৎনী? ও অম্বিকে বাছা, দ্বারটা খুলে দেতো। অম্বিকা দ্বার উদ্ঘাটনের পূর্ব্বে আপনা আপনি বলিতেছে—পিশিপেৎনী, এমন পোড়া নামতো বাপের জন্মে শুনি নাই। দ্বার খুলিবা মাত্রেই একজন স্থূলাঙ্গী, এক বোঝা লেপ কাঁনী মস্তকে, দেখা দিল—কেশ তৈল বিহনে শুকন সজনা খাড়ার ন্যায় ছড়িয়া পড়িয়াছে, দন্ত অপরিষ্কার, বস্ত্র মলিন, মুহুর্মুহুঃ হাই তুলছেন ও তুড়ি দিচ্ছেন ও বলিতেছেন, আমার নাম পিশীপেৎনী। কন্যা ও পুত্র এই মাগীর আকার প্রকার দেখিয়া হাস্য সম্বরণ করিতে পারিল না, মাতা নয়নভঙ্গি দ্বারা তাহাদিগকে নিবারণ করিয়া বলিলেন, আপনি কে ও কি নিমিত্ত এখানে আগমন?

জিজ্ঞাসিত রমণী বলিল, মা! আমি বড় দুর্ভাগিণী আমার পিতার আবাস হৈমপুর, জন্মাবধি আমি স্থূলাঙ্গী, কুরূপা, এজন্য আমাকে সকলে ঘৃণা করিত, কিঞ্চিৎকাল আমি কিছু লেখাপড়া করিয়াছিলাম কিন্তু পড়িলেই জ্ঞান হয় না। স্ত্রীলোকের কিরূপ চলা উচিত, স্বামীর প্রতি কিরূপ ব্যবহার করিতে হয়ও সন্তানদিগকে কি প্রকার লালনপালন ও শিক্ষা দিতে হয় তাহা আমি কিছুই জানিতাম না। গৃহ পরিষ্কার রাখিতে হয় তাহা জানিতাম না, দ্বার জানালা সর্ব্বদা বন্ধ করিয়া থাকিতাম, বায়ুর সঞ্চালন হইত না, কুজাতে পানা পুষ্করিণীর জল রাখিয়া সকলকে পান করিতে দিতাম। এই সকল দেখিয়া আমার পিতা আমার নাম পিশিপেৎনী রাখিয়াছিলেন। আমার যৌবনাবস্থা হইলে বর অন্বেষণার্থে পিতা চেষ্টান্বিত হইলেন, কিন্তু আমার রূপ ও নামের গুণে কেহই নিকটে আসিল না। অবশেষে এক বে-পাগলা বর হটাৎ আসিয়া আমাকে বিবাহ করিলেন। আমি তাঁহার সহিত শান্তিপুরে আসিয়া তাঁহাকে শান্তিস্বরূপ দেখিতে লাগিলাম। পাতিব্রত-ধর্ম্ম শৈশবাবস্থায় শুনিয়া ঐ ধর্ম্মে অনুরাগিণী হই; এক্ষণে কার্য্যদ্বারা ঐ ধর্ম্ম অভ্যাস করিতে লাগিলাম। এজন্য আমার কুরূপ পতির নিকট সুরূপ হইয়াছিল। কালেতে আমার একটী পুত্র হইল। অতিশয় স্নেহেতে মত্ত হইয়া পুত্রকে সর্ব্বদাই বুকের উপর রাখিতাম, চক্ষের অন্তর হইতে দিতাম না। ছেলেটি কোন উপদ্রব করিলে কেহ যদি কটু কহিত, অমনি আমি বাঘিনীর ন্যায় তাহার উপর ঝাঁপিয়ে পড়িয়া

দশ কথা শুনাইয়া দিতাম। আমি বলিতাম, ও আমার কেলেসোনা, ও আমার দুদের গোপাল। বল্‌তে হয় পোড়া লোক আমাকে বলুক। এই আস্‌কারায় ছেলে ধিং ধিং করিয়া নাচিয়া বেড়াইত। এই বেহিসিবি আদর পাইয়া ছেলে বদমাইসি শিক্ষা করিতে লাগিল। গুরুমহাশয়কে ক্যাঁৎ ক্যাঁৎ করিয়া লাথি মারে; গুরুমহাশয় ধরিতে আসিলে ইট ছুড়িয়া তাঁহার মুখ রক্তা-রক্তি করিত। যিনি ইংরাজি পড়াইতেন তাঁহার কাঁদে উঠিয়া নাচিত। লেখাপড়ায় জলাঞ্জলি দিয়া নানা রকম উপদ্রব ও দাঙ্গা হেঙ্গামা করিতে লাগিল। আমাকে মা বলিয়া না ডেকে পিশিপেৎনী বলিয়া ডাকিতে আরম্ভ করিল। পতি এক একবার বলিতেন, ছেলেটাকে আদর দিয়া একেবারে ভূত কর্‌লে; এমত পুত্র থাকা আর না থাকা সমান কথা। পরে স্বামীর কাল হইল, তাঁহার বিষয়াদি পাইয়া ছেলে আমাকে বাটী হইতে বাহির করিয়া দিল। আমি অনাথিনীর ন্যায় ভ্রমণ করতঃ শুনিলাম যে, আপনি কন্যা পুত্রকে উত্তম শিক্ষা দিতেছেন; কুশিক্ষিত পুত্রের জ্বালায় জ্বলিয়া পোড়া চক্ষে আপ-নাদের দেখিতে আসিয়াছি। মা! সৎশিক্ষা না হইলে ধর্ম্মে মতি হয় না ও ধর্ম্মে মতি না হইলে হিতাহিত জ্ঞান হয় না। এক একবার এই দুঃখ হয় যে, ছেলেটির সর্ব্বনাশের মূলই আমি, যদি বাল্যাবস্থাবধি পুত্রটি সুশিক্ষিত হইত, তবে আমার পুত্রটি কুলপাবন পুত্র হইত। দেখিতেছি মায়ের দোষে ও গুণে ছেলের অপকৃষ্ট ও উৎকৃষ্ট গতি হয়।

ঐ স্ত্রীলোক সেই স্থানে দুই তিন দিবস থাকিয়া কাশীধামে যাত্রা করিলেন।

চতুর্থ পরিচ্ছেদ।

—oo—

স্ত্রীপুরুষের পরামর্শ।

বৈশাখ মাস। দিবা উগ্রভাবে গিয়াছে, বৈকালের শীতলতা স্নিগ্ধ বোধ হইতেছে। সূর্য্য অস্তমিত প্রায়; কি বিচিত্র আভা! এ শোভা সকল দিন সমান হয় না; ঐ দিবস অস্তমিত সূর্য্য যে দেখিতেছে তাহার দৃষ্টি আর অধঃ হয় না। কাহারও কাহারও বোধ হইতেছে যে, পৃথিবী হইতে সৌন্দর্য্য হৃত হইয়া আকাশের পশ্চিমদিকে বিকসিত হইতেছে। গোপাল ও তাঁহার বনিতা পরস্পর হস্তধারণপূর্ব্বক উদ্যানে গমন করিলেন।

স্ত্রী। এই উদ্যান দেখিয়া পূর্ব্বকালের অনেক বৃক্ষের নাম স্মরণ হয়।

স্বামী। বল দেখি—

স্ত্রী। মন্দার, পারিজাত, সরল, তাল, তমাল, শাল, কোবিদার, মালতী, চম্পক, নাগকেশর, বকুল, কমল, অশোক, কুন্দ, কদম্ব, জাতি, মল্লিকা, নীপ, ইত্যাদি।

স্বামী। তাহার মধ্যে অনেকেই এখানে আছে।

মন্দ মন্দ বায়ু বহিতে লাগিল। পুষ্পীর নানা গন্ধ মিশ্রিত হওয়াতে ঘ্রাণেন্দ্রিয় পুলকিত হইল। কোন কোন স্থানে বড় বড় বৃক্ষের শিকড়ের উপর শিকড় ব্যাপিত হওয়াতে বসিবার স্থান হইয়াছিল। ঐ এক মেরাপের উপর স্ত্রীপুরুষ উপবেশন করিলেন।

স্বামী। দেখ, এ পর্য্যন্ত আমি একটী কথা তোমাকে বলি নাই, কিন্তু সর্ব্বদা উদ্বিগ্ন থাকি। সংসারের ব্যয় নির্ব্বাহ না করিতে পারাতে ঋণগ্রস্ত হইয়াছি। কলিকাতায় যে একটী ভাড়াটে বাটী আছে; তাহার মেরামতের জন্য অনেক ব্যয় হইয়াছে। সুহৃদ্‌গণ আমাকে এই পরামর্শ দেন, যে বিলাতে গিয়া কৌন্সলি হইয়া আসিলে আয়ের বৃদ্ধি হইবেক; কিন্তু এক্ষণে গমনাগমনের ও সেখানে থাকিবার ব্যয় জন্য কলিকাতার বাটী বিক্রয় না করিলে এ কার্য্য নির্ব্বাহ হইবেক না, তুমি কি বল?

স্ত্রী স্তব্ধ হইয়া থাকিলেন; চিন্তা করিতে লাগিলেন—তিন চারি বৎসর পতির সন্দর্শন হইবে না; পুত্র কন্যার শিক্ষা স্বামীর সংযোগ না থাকিলে উত্তমরূপে কি হইতে পারে? ব্যয় কিরূপে নির্ব্বাহ হইতে পারে? আমি অন্তঃসত্ত্বা—শিল্পকার্য্য করিতে আমার বল থাকিবে কি? এই সকল নানা চিন্তাতে চিন্তিত হইয়া শান্ত হইবার জন্য ঈশ্বরধ্যান করিলেন, পরে শান্তি পাইয়া বলিলেন,—যে প্রস্তাব করিলেন, আপাততঃ অসুখজনক, কিন্তু বৈষয়িকভাবে মাঙ্গলিক ও আপনার উন্নতি সাধন হইতে পারে। আপনাকে না দেখিবার যে অসুখ, তাহা ঈশ্বরধ্যানের দ্বারা পরিহার করিব।

স্বামী ভাবিয়াছিলেন যে, এই প্রস্তাবে তাঁহার ভার্য্যা বিহ্বল হইয়া কোনক্রমে সম্মত হইবেন না; কিন্তু স্ত্রীর ধৈর্য্য দেখিয়া চমৎকৃত হইলেন ও মনে করিতে লাগিলেন যে, যে সকল ব্যক্তি ঈশ্বরধ্যান করে তাহারা অন্তরবল প্রাপ্ত হয়। সন্ধ্যার প্রাথমিক আবরণে সৃষ্টি আচ্ছাদিত হইল। নভোপরি তারকাগণ যূথে যূথে যেন কোন লুক্কায়িত রাজ্য হইতে প্রকাশ হইতে লাগিল। স্বামী স্ত্রীকে লইয়া বাটীতে প্রত্যাগমন করিলেন।

পঞ্চম পরিচ্ছেদ।

বিলাত যাইবার উদ্যোগ ও যাত্রা।

কলিকাতার বাটী বিক্রয় হইলে বিলাত যাইবার যে যে দ্রব্যাদির আবশ্যক তাহা খরিদ হইল। সুহৃদ্ ও আত্মীয়গণ দেখা করিতে আইলেন ও অনেক সদালাপের পর তাঁহারা বলিলেন, আমরা সকলে জগদীশ্বরের নিকট প্রার্থনা করি যে, আপনি কৃতকার্য্য হইয়া নিরুদ্বেগে এখানে প্রত্যাগমন করুন। শান্তিদায়িনী পতির গমন বিষয় সর্ব্বদাই ভাবেন। তাঁহার আপন মাতার সাতিশয় সহিষ্ণুতাশক্তি সর্ব্বদা স্মরণ করতঃ এই চিন্তাতে মগ্ন হয়েন যে, অস্থি-

রতা ত্যাগ করিতে হইবে, এজন্য একাকিনী ঈশ্বরচিন্তাতে থাকেন। বদন মৃদু সৌদামিনীতে পূর্ণা, চম্পককুসম বর্ণ, যেন শান্তিসৌন্দর্য্যে রহিয়াছে। গোপালও গমনজন্য ব্যস্ত হইয়াছেন। জ্ঞানবান্ ব্যক্তিরা সকলই জানেন, কিন্তু সময়ক্রমে কারণ উপস্থিত হইলে তরঙ্গাতীত হইতে পারেন না। কি প্রকারে এমত সৎপত্নী ও পুত্র কন্যাকে ছাড়িয়া গমন করিব ও এত দীর্ঘকাল কিরূপে থাকিব, এই ভাবনায় অস্থির হইলেন। দেখিতে দেখিতে যাত্রার সময় উপস্থিত হইল। স্বামী অস্থির হইয়া স্ত্রীর গলদেশে হস্ত দিয়া রোদন করিলেন। স্ত্রী আপন অঞ্চল দিয়া তাঁহার চক্ষের জল মুছাইয়া দিয়া বলিলেন—রোদন করিও না, শান্ত হও, জগদীশ্বরকে ধ্যান করিয়া যাত্রা কর। কন্যা পুত্র পিতার হস্ত ধরিয়া নয়নজলে প্লাবিত হইল। গোপাল মেঘাচ্ছন্ন-বদনে রোরুদ্যমান হইয়া যাত্রা করিলেন। যতক্ষণ জাগ্রত থাকিতেন, আপন স্ত্রী, পুত্র ও কন্যার আকার আপন মস্তিষ্কে দেখিতেন। যাইতে যাইতে নূতন নূতন দৃশ্য দৃষ্ট হওয়াতে চিত্তের কিঞ্চিৎ পরিবর্ত্তন হইতে লাগিল।

কলিকাতা হইতে মান্দ্রাজে আইলেন। কলের জাহাজ হইতে কিছু দেখিবার যো নাই। সাগরে ঢেউয়ের তোড় বড় প্রবল। মান্দ্রাজে যে সকল লোক বসতি করে তাহারা অধিকাংশ অসভ্য। ইংরাজেরা প্রথমে এখানে আসেন, সুতরাং কাযের সুবিধার জন্য এখানকার নিম্ন-শ্রেণীর লোকে ২ পর্য্যন্ত ইংরাজী কহিতে শিখে। মান্দ্রাজে তৈলঙ্গ ভাষা প্রচলিত। তথায় হিন্দুধর্ম্ম পূজ্য ও অনেক উচ্চ উচ্চ পণ্ডিত ও উচ্চ উচ্চ নারী জন্মগ্রহণ করেন।

মান্দ্রাজ হইতে গলে আসিলেন। গল সিলনের প্রধান বন্দর। সিলনের প্রাচীন নাম লঙ্কা, যাহা রামায়ণে বর্ণিত আছে। ঐ উপদ্বীপ রম্য—নানা প্রকার বৃক্ষে সুশোভিত। দারুচিনি ও কাফির চাষ অধিক, নারিকেল বৃক্ষে বড় বড় নারিকেল ফলে। লঙ্কার লোক সকল বৌদ্ধমতাবলম্বী। লঙ্কাতে গ্রীক, রোম ও অন্যান্য জাতীয় লোকেরা বাণিজ্য করিতে আসিত। সিলন হইতে এডেনে উপস্থিত হইলেন। ঐ স্থান পার্ব্বতীয়, শস্যাদি কিছুই নাই। এখানকার লোকেরা বড় সন্তরণপটু, জাহাজ হইতে মুদ্রা সমুদ্রে নিক্ষেপ করিলে আরব বালকেরা জলে মগ্ন হইয়া ঐ মুদ্রা আনিয়া দেয়। এডেন রেড্‌সির (লোহিত সাগরের) উপকূলে; রেড্‌সির উপরে ও নিম্নে অনেক পর্ব্বত আছে, এজন্য সতর্কে জাহাজ চালাইতে হয়। রেড্‌সি হইতে সুয়েজে আসিতে হয়; ঐ স্থান হইতে সুয়েজ কেনাল দৃষ্ট হয়। ঐ কেনাল নীল-বর্ণীয় সরু খালের ন্যায়, মধ্যে মধ্যে বন্দর ও সকল স্থান দিয়া জাহাজ গমনাগমন করে। উক্ত স্থান হইতে কেরোতে যাইতে হয়, কেরো ইজিপ্ট দেশের প্রধান নগর। প্রাচীনকালে ইজিপ্ট দেশে বিদ্যা ও ধর্ম্মের অনুশীলন হইয়াছিল ও অনেক গ্রীকজাতীয় বিজ্ঞলোকে তথায় অবস্থিতি করিয়া জ্ঞান উপার্জ্জন করিয়াছিলেন। কেরোতে মুসলমান ধর্ম্ম প্রচলিত, পাশার রাজগৃহ চমৎকার। এই স্থানে একজন পাদরির অবিবাহিতা কন্যা, স্ত্রীলোক ও

বালকদিগের শিক্ষার্থে জীবন অর্পণ করিয়াছিলেন। নারীরা সর্ব্বত্র নিষ্কাম ধর্ম্মের নেত্রী।

হজিপ্টদেশীয় উচ্চ উচ্চ পিরামিড দেখিবার জন্য কেরো হইতে অনেকে গমন করে, পরে আলেকজণ্ড্রিয়াতে আসিতে হয়। ঐ স্থানের গলি সকল প্রস্তরে আচ্ছাদিত। ঐ স্থানের পর মাল্টা, সেখানে দুধারে ছায়াযুক্ত বৃক্ষ-পল্লব সকল সুন্দররূপে আচ্ছাদিত, ফলেতে পূর্ণ ও মধ্যে মধ্যে ঝর্ণা। মাল্টার পর জিবরাল্টর। ঐ স্থানের পর্ব্বত ও দুর্গ দেখিবার যোগ্য। তাহার পর সৌদ্‌হেম্পটন, তাহার পর লণ্ডন। সৌদহেম্পটন দিয়া না যাইয়া বৃনডিসি দিয়া কেলিস ও ডোবর উত্তীর্ণ হইয়া বিলাতে যাওয়া যায়।

ষষ্ঠ পরিচ্ছেদ।

—o—

স্বামীর নিকট হইতে প্রথম পত্র।

স্ত্রী বসিয়া ভাবিতেছেন, অনেক দিন হইল পতির কিছুই সংবাদ পান নাই, পুত্রকন্যা সর্ব্বদাই তাঁহার বার্ত্তা জিজ্ঞাসা করে, তাহাদিগকে সান্ত্বনা দেওয়া কঠিন। চিন্তা উদিত হইলে চিন্তাশূন্য হওয়া সহজ নহে। ইতিমধ্যে ডাক-ঘর হইতে এক জন পিয়াদা আসিয়া একখানি চিঠি আনিয়া দিল। সেই চিঠি গৃহিণীর নিকট আনীত হইলে তিনি দেখিলেন স্বামির হস্তাক্ষর। সে লিপি এই—

প্রিয়তমে শান্তে! আমার জন্য চিন্তিত হইও না, আমি কিয়ৎকাল অস্থির ছিলাম, এক্ষণে সর্ব্বপ্রকারে ভাল আছি, শারীরিক কোন পীড়া নাই। যাহা দেখিবার যোগ্য ও যাহার সহিত আলাপ করিলে উন্নতিসাধন হইতে পারে, তাহাই দেখিতেছি ও সেই সকল লোকের সহিত আলাপ করিতেছি। যতদূর সদ্ভাবে হৃদয়কে নির্ম্মল ও শান্ত রাখিতে পারি ততদূর করি, কিন্তু মধ্যে মধ্যে তোমাকে ও কন্যাপুত্রকে না দেখিবার ক্লেশ উপস্থিত হইলে কাতর হইয়া পড়ি। যে সকল পুরুষ ও স্ত্রী এক শরীর, এক প্রাণ, এক আত্মা জ্ঞান করে, তাঁহারা স্বতন্ত্র হইলে আপনাকে অর্দ্ধস্বরূপ জ্ঞান করেন, কিন্তু তাঁহারা কি অন্তরে স্বতন্ত্র হইতে পারেন? অনেক দিন তোমার মুখের বাণী শুনি নাই, তুমিও আমার কথা শুন নাই, এজন্য বিস্তারপূর্ব্বক তোমাকে লিখিতেছি। তোমাকে সর্ব্বদাই অন্তরে দেখিতেছি।

আমি অনেক রম্যস্থানে ভ্রমণ করিয়াছি, তাহার মধ্যে কতকগুলি তোমাকে বলি। সেণ্ট জেমস পার্ক অতি মনোহর স্থান। প্রকাণ্ড প্রাচীন বৃক্ষ, প্রশস্ত মাঠ, বৃহৎ সরোবর যাহাতে নানাজাতীয় পক্ষীগণ কেলি করি-তেছে। রিজেণ্ট পার্ক বড় নির্জ্জন স্থান, এস্থানে হট হৌসে অরকিড ও অন্যান্য

নানাবর্ণীয় পুষ্প লতা রক্ষিত হয়। হাইড পার্ক, কিউ গারডেন ও অন্যান্য অনেক স্থান দেখিবার যোগ্য। হট হৌস চাবাবরে যে সকল ফল এখানে ফলে না, সেই সকল ফল কৌশলে ঐ স্থানে জন্মান হয়। বিলাতে আম্র, কলা, লেবু, আনারস, প্রভৃতি জন্মে না, কিন্তু বিশেষ তদ্বিরের দ্বারা হট হৌসে তাহারা জন্মে। হট হৌস গেলাসে নির্ম্মিত। গেলাস দিয়া সূর্য্যের আভা ভিতরে আইসে ও তাহার নিম্নে প্রস্তর ও নল গরম জল দ্বারা তপ্ত করিয়া রাখা হয়, তদ্দ্বারা মৃত্তিকা ও বায়ু উষ্ণ প্রদেশের ন্যায় পরিবর্ত্তিত হয়। এখানের পুষ্প সকল বঙ্গদেশের ন্যায় নহে। নানাপ্রকার গোলাপ ও অন্যান্য পুষ্প আছে। ঐ সকল পুষ্প সুন্দর বটে, কিন্তু আমাদিগের দেশের পুষ্প সকলের চটক্ অধিক।

যে যে রম্য স্থানে আমি ভ্রমণ করিয়াছি, সেই সেই স্থানে তোমাকে স্মরণ করিয়াছি। যাহা দর্শন-শ্রবণ-মননে লব্ধ হইয়াছে তাহা তোমা বিহীনে অসম্পূর্ণরূপে ভোগ হইয়াছে।

স্ত্রীশিক্ষাপ্রণালী জানিবার ইচ্ছুক হইয়া কতিপয় ভদ্র পরিবারের সহিত আলাপ করিয়া এই জানিলাম যে, ধনী ব্যক্তিরা আপনাদিগের কন্যাদিগকে বাটীতে শিক্ষা দেন। মধ্যবর্ত্তী ও নিম্নশ্রেণীর লোকেরা আপন আপন কন্যাদিগকে পাঠশালায় প্রেরণ করেন।

ধনী লোকদিগের কন্যারা ফরাসিস, লেটিন, প্রাণিবৃত্তান্ত, উদ্ভিদ-বিদ্যা, ভূবিদ্যা, প্রভৃতি শিক্ষা করেন। অনেক পরিবারে কন্যারা অবিবাহিত থাকেন ও অন্যান্য বালিকাদিগকে শিক্ষা প্রদান করেন, শিল্পকার্য্য ও উদ্যান রক্ষণাবেক্ষণ ও লেখাপড়ার অনুশীলন করতঃ পুস্তকাদি প্রকাশ করেন। মহারাণীর বংশীয় কন্যারা নানাপ্রকার শিল্পকর্ম্ম করেন ও ঐ সকল তসবির আদি দীনদরিদ্র ব্যক্তির উপকারার্থে প্রকাশ্য নিলামে প্রেরণ করেন।

যাহারা লেখাপড়া উত্তমরূপে শিক্ষা করেন ও যাঁহাদিগের সন্তানসন্ততি নাই, তাঁহারা ধনালোকের বাটীতে শিক্ষা দেওনজন্য নিযুক্ত হন। অন্যান্য স্ত্রীলোকেরা চিকিৎসা-বিদ্যা শিখিয়া ডাক্তারি করেন। কোন কোন স্ত্রীলোক পুস্তকাদি লিখিয়া অথবা রচনা পত্রিকায় প্রকাশ করিয়া জীবিকা নির্ব্বাহ করেন। অন্যান্য স্ত্রীলোক শিল্পবিদ্যালয়ে নানারূপ শিল্পশিক্ষা করিয়া অর্থ উপার্জ্জন করেন। ভদ্র লোকের বাটীতে বালকবালিকাদিগের শিক্ষা দেওনের প্রণালী অতি সুন্দর। চিত্র, পশু, পক্ষী, বৃক্ষ, তারা, নক্ষত্র বিষয়ক ক্ষুদ্র ক্ষুদ্র পুস্তক তাহাদিগের হস্তে অর্পিত হয় ও গৃহমধ্যে এক ঘরে অনেক জানিবার যোগ্য ও তসবির গঠিত থাকে। বালকবালিকারা রাত্রে অগ্নি পোয়াইবার সময় মাতার নিকট আসিয়া যাহা চক্ষু-আকর্ষণীয় তদ্বিষয়ক জিজ্ঞাসা করে। মাতা সস্নেহ ও মুখচুম্বনের দ্বারা সকল সৎ উপদেশ তাহাদিগের হৃদয়ে বদ্ধমূল করিতে থাকেন। এইরূপে মাতা হইতে যে উপকার হয় তাহা পাঠশালার অধ্যাপকের দ্বারা হইতে পারে না। তাঁহারা কেবল

নিয়ম ও প্রথা ও প্রণালী অনুসারে শিক্ষা দেন। মাতার শুদ্ধ ভাব দেখিয়া বোধ হয় যে, তাঁহার গৃহ স্বর্গস্বরূপ। মাতার উপদেশ দ্বারা বালকবালিকার স্বভাব উৎকৃষ্ট হয়, ধর্ম্মে মতি হয়, ঈশ্বরজ্ঞান হয় ও জীবন চরিতার্থ হয়। পাঠশালায় স্মরণশক্তির অধিক চালনা হয়, কিন্তু বিবেকশক্তির মার্জ্জনা তত হয় না। শুনিতে পাই কবেট নামক একজন ইংরাজ ছিলেন। তিনি সন্তানদিগকে লইয়া সর্ব্বদা মাঠে যাইতেন ও স্বভাবের অনন্ত বস্তুর প্রতি তাহাদিগের মনোনিবেশ করাইয়া তাহাদিগের বিবেকশক্তির চালনা অভ্যাস করাইতেন।

এই মত অনুসারে মহামান্য ডাক্তার আর্ণল্ড চলিতেন। তিনি স্বীয় চেষ্টা-দ্বারা বালকদিগের জ্ঞান উদ্দীপন করাইতেন, তাহারা আপনা আপনি কিরূপে শক্তিচালনা করিতে পারে তাহাই কেবল বলিয়া দিতেন। এরূপ শিক্ষার তাৎপর্য্য এই যে, শিষ্য অন্যের উপর নির্ভর না করিয়া আপনার উপর নির্ভর করিবে। পুস্তকাদি অল্প পড়াইতেন। অনেক বিখ্যাত ব্যক্তি মাতৃশিক্ষা হেতু বিখ্যাত হইয়াছেন। সেণ্ট আগস্টিন মাতার উপদেশে পবিত্র হয়েন। কবি কৌপর প্রথমে পাপগ্রাসে পতিত হয়েন, পরে মাতার উপদেশে ঈশ্বর-পরায়ণ হইয়াছিলেন। এইরূপ অনেক দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে। এখানে জমির উপরে ও নিম্নে রেলগাড়ি চলে, গমনাগমনের ভারি সুযোগ। বিলাতে নৈসর্গিক এক আশ্চর্য্য বিষয় শুন। এখানে প্রতিবৎসর জুন মাসের ২১শে তারিখের পূর্ব্বাবধি কয়েক দিবস দীর্ঘ হয়। প্রাতে তিনটায় সূর্য্য প্রকাশ হয় ও দিবা দীর্ঘকাল স্থায়ী হয়, রাত্রি প্রায় দৃষ্ট হয় না, অথচ চন্দ্রমা প্রকাশ হয়। শীত এখানে অতি উগ্র। শীতকালে বিশেষতঃ কুজ্ঝটিকা হইলে আলোক জ্বালাইতে হয়। আমি এই চিঠি দিবসে লিখিতেছি, কিন্তু গ্যাস আলোক সম্মুখে রহিয়াছে। অন্যান্য বিষয় পরে লিখিব। শীঘ্র উত্তর প্রদানপূর্ব্বক তাপিত হৃদয় শীতল কর। কন্যা পুলকে আমার অকৃত্রিম প্রেম দিবে ও তাহারা যেন সর্ব্বপ্রকারে তোমার অনুকরণ করে।

সপ্তম পরিচ্ছেদ।

সাধারণ জ্ঞান-উপার্জ্জিকা সভা।

কৃষ্ণনগরে এই সভা মাসে মাসে সমবেত হইয়া থাকে। অনেক ভদ্র সুশিক্ষিত ব্যক্তি তথায় যাইয়া দেশসম্বন্ধীয় নানা বিষয় আলোচনা করেন। মহামান্য শ্রীযুক্ত রামতনু বাবু সভাপতির আসন গ্রহণ করিলে রসিককৃষ্ণ বাবু গাত্রোত্থান করিয়া বলিলেন,—পূর্ব্বে এদেশে কেবল ধনী লোকের সন্তানেরা শিক্ষা করিত। এক্ষণে মধ্যবর্ত্তী ও নিম্ন-শ্রেণীর ছেলেরা শিক্ষা করিতেছে। অবস্থা অনুসারে শিক্ষা। যাহারা অধিক দিন সাংসারিক কারণবশতঃ শিক্ষা

করিতে পারে না, তাহারা নানাপ্রকার বিদ্যালাভ করিতে পারে না; কিন্তু দেখা যাইতেছে, যে গরিব দুঃখীর ছেলেরা ক্লেশ সহ্য করিয়া বিখ্যাত হয়। পূর্ব্বে এতদ্দেশীয় স্ত্রীলোকেরা ধর্ম্ম উপদেশ ও ধর্ম্ম অনুশীলনে মগ্ন থাকিতেন। তাহা সতী, সাবিত্রী, সীতা, সুভদ্রা, দময়ন্তী, প্রভৃতি দৃষ্টান্তে প্রতীয়মান হইতেছে। অস্মদ্দেশীয় অঙ্গনাগণ সম্মানিত হইতেন, প্রকাশ্য স্থানে গমন করিতেন ও বৈবাহিক বয়ঃপ্রাপ্ত হইলে আপন স্বেচ্ছানুসারে পতিগ্রহণ করিতেন। পরে যৌবন-অধিকার হইলে স্ত্রীশিক্ষার ও স্ত্রীস্বাধীনতার বিশেষ ব্যাঘাত হয়, তথাচ স্থানে স্থানে হিন্দু স্ত্রীলোকেরা ধর্ম্মভাব ও উচ্চ জ্ঞানশক্তি প্রকাশ করিয়াছে। পর-উপকারার্থে কত কত স্ত্রীলোক জলাশয়, ঘাট, পথ, পেয়জলাশয়, প্রভৃতি স্থাপন করিয়াছেন। যদিও এ সব প্রশংসনীয় বটে, কিন্তু বালকবালিকার শিক্ষা মাতাকর্ত্তৃক ভালরূপে হইতেছে না। সৎ-মাতার ক্রোড় হইতে ও তাঁহার আদর ও মুখচুম্বন হইতে শিশুর ধর্ম্মভাব বিকশিত হইতে থাকে। আমাদিগের এক্ষণে লক্ষ্য এই যে, স্ত্রীশিক্ষা এইরূপ হওয়া উচিত,—যাহার দ্বারা বালিকারা গৃহকার্য্য, স্বামীর প্রতি কর্ত্তব্যতা ও মাতার কর্ত্তব্যতা জানিয়া, স্বামী ও সন্তানদিগের হিতৈষিণী হয়েন। ধর্ম্মভাবই মূলভাব।

শিবচন্দ্র বাবু উঠিয়া বলিলেন,—আমারও সম্পূর্ণ এই মত, শিক্ষা ধর্ম্মভাব ব্যতীত হইলে জীবন নীরস। আমাদিগের দেশের সুশিক্ষিত যুবারা যে ধর্ম্মভাববিহীন তাহার কারণ এই যে, এ ভাব গৃহে মাতাকর্ত্তৃক অঙ্কুরিত হয় না।

সভাপতি বলিলেন,—নাস্তিকতার প্রাবল্যের কারণ এই, আস্তিকতা গৃহে বদ্ধমূল হয় না। এটি বিদ্যালয়ে প্রায় লব্ধ হয় না, বিশেষতঃ সেখানে অধ্যাপকেরা নানা শাস্ত্র পাঠ করিয়া কেবল নির্দ্ধারিত শিক্ষাবিষয়ে মনোযোগী হয়েন।

রসিককৃষ্ণ বাবু বলিলেন,—আমার আর একটি বক্তব্য যে, বিলাতে অসতী ও অধম লোক প্রভৃতির সংশোধন জন্য নানাপ্রকার সভা আছে ও উত্তম শিক্ষা দ্বারা তাহাদিগের স্বভাব পরিবর্ত্তন হয় ও অর্থ উপার্জ্জনের নূতন পথ পাইয়া তাহারা ক্রমশঃ পাপমতি ও পাপকার্য্য হইতে মুক্ত হয়। আর যে সকল বালক অতি দরিদ্র, চীরবসনে রাস্তায় বেড়িয়া বেড়ায়, তাহাদিগের বিশেষ বিশেষ শিক্ষাস্থান আছে, তাহার নাম র‍্যাগেড স্কুল। এইরূপ শিক্ষা এদেশে হইলে মহৎ উপকার হইবে। জ্ঞান ও পবিত্রতা যত বৃদ্ধি হয়, ততই আমাদিগের আনুকূল্য করা কর্ত্তব্য।

রামশঙ্কর রায় বলিলেন,—এক্ষণে সর্ব্বদেশ ও প্রদেশে বসতির সংখ্যা অধিক হইয়াছে, কিন্তু অনেক স্থলে রাস্তা ঘাট ও বাটী ভালরূপে পরিষ্কার রাখা হয় না, এজন্য বায়ু দুর্গন্ধে দূষিত, বারি মলাপূর্ণ; এজন্য রোগের বৃদ্ধি। দেখ কলিকাতায় নির্ম্মল জল আনীত হইলে রোগের কত উপশম হইয়াছে। শরীর উত্তমরূপে রক্ষিত না হইলে বুদ্ধির স্ফূর্ত্তি হয় না ও বিদ্যা অভ্যাসের ও সৎকার্য্যের ব্যাঘাত হয়।

দীননাথ বাবু বলিলেন,—পূর্ব্বে স্ত্রীলোকের পতি-মর্য্যাদা-জ্ঞান না হইলে

বিবাহ হইত না ও নারীর মত না হইলে পিতা-মাতা তাহার বিবাহ দিতে পারিতেন না। বোধ হয়, পিতামাতার অমতে সাবিত্রী যাঁহাকে বরণ করেন তাঁহাকেই উদ্বাহ করেন। স্বয়ম্বরা ও গান্ধর্ব্ব বিবাহে কন্যার মতে বিবাহ হইত। রামায়ণে লেখে যে, যুবক ও যুবতিরা এক উদ্যানে গমন করিতেন ও সেখানে পরস্পর সন্দর্শন ও আলাপের পর চিত্ত ঐক্য হইলে বিবাহ হইত। বিবাহের মন্ত্র এই ছিল যে, প্রেমই আমাদিগের দাতা, প্রেমই গৃহীতা। ইহাতে স্পষ্ট বোধ হইতেছে যে, পরস্পরের সম্মতিযুক্ত প্রেমই বৈবাহিক বন্ধন ছিল। এক্ষণে বাল্যবিবাহে ঐ উত্তম প্রথা ভঙ্গ হইতেছে। আমাদিগের কর্ত্তব্য যে, পূর্ব্ব প্রথা বলীয়ান্ করা।

কৃষ্ণমোহন বাবু বলিলেন,—বৈদিক সময় অবধি এদেশে স্ত্রীলোক পুরুষের সহিত সমতুল্যভাবে গণ্য ও দেবীর ন্যায় সম্মানিত হইতেন। ইংরাজদিগের শিভেলরি ভাবের পূর্ব্বে এদেশে স্ত্রীলোকেরা মহামান্য হয়েন। শিভেল্‌রি প্রথা অনুসারে নারী-রক্ষার্থে প্রাণত্যাগ প্রশংসনীয় হইত। সেইরূপ উচ্চভাব প্রাচীন ভারতে হইয়াছিল। কিন্তু নারীরা "ভদ্রে" বলিয়া সম্ভাষিত হইত। স্ত্রী, পুরুষ অপেক্ষা কোন অংশে শ্রেষ্ঠ নহে; অতএব পুরুষের যেরূপ শিক্ষা হয়, সেইরূপ স্ত্রীলোকের শিক্ষা হওয়া উচিত। কি ধর্ম্মবিষয়ক, কি বিদ্যাবিষয়ক, কি ব্যবসাবিষয়ক, কি রাজকার্য্যবিষয়ক কোন বিষয়ে স্ত্রীলোকের ন্যূন শিক্ষা হওয়া অকর্ত্তব্য। যাহার যাহা অভিরুচি সেই তাহা শিক্ষা করুক। দায়াদিতেও সম অধিকার হওয়া উচিত। রাজ্যসম্বন্ধীয় বিষয়ে পুরুষ যেরূপ আপন অভিপ্রায় ব্যক্ত করে, স্ত্রীলোকেরও সেরূপ ক্ষমতা হওয়া উচিত। স্ত্রীপুরুষের সমান ক্ষমতা হইবার জন্য বিলাতে বড় আন্দোলন হইতেছে। অনেক বুদ্ধিমান্ ব্যক্তি বলেন, এরূপ হইলে স্ত্রীলোকের কার্য্য কে করিবে? কে গৃহকার্য্য দেখিবে ও কে সন্তান সন্ততিকে লালনপালন করিবে ও শিক্ষা দিবে? কেহ কেহ বলেন, এ অভাব আপনি আপনি মোচিত হইবে। স্ত্রীপুরুষকে সর্ব্বপ্রকারে সমতুল্য করা কর্ত্তব্য।

যাঁহারা সভাস্থ হইয়া উক্ত অভিপ্রায় সকল প্রকাশ করিলেন তাঁহারা উচ্চরূপে শিক্ষিত ও দেশ-অনুরাগী।

রামচন্দ্র বন্দ্যোপাধ্যায় বলিলেন,—মহাশয়দিগের মত জনকয়েক দেশে জন্মিলে বঙ্গভূমি উচ্ছন্ন হইবে। স্ত্রীলোক গৃহত্যাগ, স্বামী-ত্যাগ ও সন্তানাদি ত্যাগ করিয়া পুরুষের ন্যায় কোঁচা দুলাইয়া বাহিরে বক্তৃতা অথবা ব্যবসা করিতে গেলে হাঁড়ি ঢন্ ঢন্ করিবে ও এক মুঠা ভাত পাওয়া দুর্ল্লভ হইবে।

এই কথা শুনিয়া অনেকে হাসিয়া উঠিল ও সভা ভঙ্গ হইল।

অষ্টম পরিচ্ছেদ।

শান্তিদায়িনীর পত্র।

যেস্থানে সকলে কৌন্‌সলি হইতে যায়, তাহার নাম "ইন্‌স্ অফ্ কোর্টস্।" উক্ত "ইন্‌স্ অফ্ কোর্টস্" চারি খণ্ডে বিভক্ত ও ঐ স্থানে সকলে ভোজন করে ও পরীক্ষায় উত্তীর্ণ হইলে কৌন্‌সলির কর্ম্ম করিতে সক্ষম হয়। ঐ স্থানটী আইন শিখিবার চাটাবর।

গোপাল সাতিশয় পরিশ্রম করতঃ আইনজ্ঞ হইতেছেন। নির্জ্জন হইলে আপন পত্নীকে স্মরণ করেন। একদিবস ভোজনান্তে একখানি ইজি চৌকিতে বসিয়া আছেন এমত সময়ে এক লিপি প্রাপ্ত হইলেন, হস্তাক্ষর দেখিবামাত্র আস্তেব্যস্তে খুলিলেন, সে চিঠি এই—

প্রিয়তম পতি! আপনার গমনাবধি নির্জ্জনে ভাবিয়া এই স্থির করিলাম যে, অস্থির অবস্থা অপেক্ষা শান্ত অবস্থা শ্রেয়ঃ। এজন্য নিয়মিতরূপে ঈশ্বর-ধ্যান ও পুত্রকন্যার উন্নতিসাধনজন্য উত্তমরূপে চেষ্টা করা আমার বিশেষ কর্ত্তব্য। আপনি যখন নিকটে ছিলেন তখন এ কার্য্য আপনার দ্বারা উত্তম-রূপে সাধিত হইত আমি বিবেচনা করিয়া দেখিলাম যে, পুরুষ জ্ঞানদাতা, কিন্তু স্ত্রীলোক সদ্ভাব প্রদান করিতে পারে ও বালকবালিকার হৃদয়ে সদ্ভাব বৃদ্ধি হইলে জ্ঞান আদরপূর্ব্বক অন্বেষিত ও গৃহীত হয়। আমার কি শক্তি যে, আমি বাল্যহৃদয়ে শুদ্ধ ভাব প্রেরণ করি? আমি কেবল এই যত্ন করিতেছি যে, শিশুদিগের কোমল হৃদয়ে কুমতি না জন্মে। যদি ইহাতে কৃতকার্য্য হইতে পারি, তাহা জগদীশ্বরের কৃপায় হইবে।

আপনকার লিপি পাইয়া পরম আহ্লাদিতা হইলাম। স্ত্রীশিক্ষাবিষয়ক যাহা লিখিয়াছেন তাহা পাঠে আনন্দিতা হইলাম। দেখিতেছি বিলাতে স্ত্রীলোকেরা নানা কার্য্যে নিযুক্ত থাকে ও বাদ্য-গান শিখে, ইহাতে চিত্ত স্থির থাকে। এখানে শিল্পকার্য্যের তত বাহুল্যরূপে শিক্ষা হয় না ও যদিও সংগীত এদেশে পূর্ব্বকালে চলিত ছিল, এক্ষণে কতিপয় পরিবারে ব্যবহৃত হইতেছে। আমাদিগের কন্যা, ধর্ম্ম ও নীতিবিষয়ক কয়েকটী গান শিখি-য়াছে। যখন শ্রান্ত বোধ হয় তখন তাহার গান শুনিয়া আমি আরাম পাই। আপনি সর্ব্বদা বলিয়া থাকেন যে, বাহ্যপবিত্রতা ও আন্তরিক পবিত্রতা সর্ব্বদা ধ্যান করিবে, এ কথাটী আমার মনে বড় ভাল লাগিয়াছে। যেমন নির্ম্মল বায়ু, নির্ম্মল বারি, পরিষ্কার গৃহ, পরিষ্কার পরিধেয়, উৎকৃষ্ট এবং বলদায়িনী মিতাহার শরীর রক্ষণার্থে প্রয়োজনীয়, সেইরূপ পবিত্র চিন্তা, পবিত্র কার্য্য ও পবিত্র অনুশীলন ধর্ম্ম উন্নতির জন্য আবশ্যক।

এই লিপি পাঠানন্তর গোপাল অশ্রুজলে ভাসিত হইয়া স্ত্রীর গুণ সকল চিন্তা করিতে লাগিলেন ও তাহার লিপি পুনঃ পুনঃ পাঠ করিয়া বুকের উপর রাখিলেন।

নবম পরিচ্ছেদ।

গোপালের এক কৃষকের গৃহে গমন।

বৈকাল মনোহর; ঐ সময়ে বাহ্যসৃষ্টির স্থৈর্য্যের প্রারম্ভ। কার্য্যের কোলাহল হ্রাস হইতে থাকে। অপূর্ব্ব স্থৈর্য্যে সৃষ্টিব্যাপক হইতেছে। মেষপালক, মহিষপালক ও গোপালক গৃহে প্রত্যাগমন করিতেছে। সর্ব্বপ্রকার দ্রব্যবিক্রয়কারী মন্দ মন্দ গতিতে চলিয়াছে। এই স্থান লণ্ডন নগরের অন্তঃপাতি পল্লিগ্রামের ন্যায়। গোপাল নিকটবর্ত্তী বৃহৎ বৃহৎ ছায়াবিশিষ্ট বন, উপবন দর্শন করতঃ এক কৃষকের ভবনে উপস্থিত হইলেন। কৃষকের কুটীর কতকগুলিন বিশাল বৃক্ষের মধ্যে, তথায় বসিয়া স্ত্রীপুরুষে সন্তানদিগকে আদর করিতেছেন। দৌড়াদৌড়ি, বৃক্ষোপরি উঠন, তথা হইতে ঝাঁপ খাইয়া পড়ন, একজনের স্কন্ধে অন্য জন উঠন, পুষ্করিণীতে সন্তরণ, প্রভৃতি নানা ক্রীড়া হইতেছে। গোপাল নিকটে যাইলে সম্মানপূর্ব্বক আহূত হইলেন কৃষক ও তাহার স্ত্রী তাহাকে দেখিয়া আহ্লাদিত হইলেন ও জিজ্ঞাসা করিলেন, আপনারা সন্তানদিগকে কিরূপ শিক্ষা দেন? আমরা আপন সন্তানদিগকে সাহসের শিক্ষা দিয়া থাকি। বাল্যকালাবধি উত্তম স্বাস্থ্য, উত্তম ও বলীয়ান্ আহারের দ্বারা তাহাদিগের শারীরিক বৃত্তি যাহাতে বলীয়ান্ হয়, তাহা আমরা করিয়া থাকি। এরূপ ক্রীড়া ও কার্য্যে তাহাদিগকে নিযুক্ত করাই, যাহাতে তাহারা সর্ব্বদা অভয় অবস্থায় থাকে। বিপদ্ উপস্থিত হইলে ভীত হয় না। সাহসহীন হইলে বিপদ্ বিপদ বোধ হয়। আমরা পুত্রদিগকে অস্ত্রশিক্ষা দিই ও শীকারে প্রেরণ করি। যে বালক ভয় প্রকাশ করে, সে অন্য বালকের নিকট জাতচ্যুত হয়। গোপাল বলিলেন—আপনাদিগের এ প্রণালী উত্তম। পূর্ব্বকালে আমাদিগের এই প্রথা ছিল। ক্ষত্রিয়জাতি বীর্য্যবলে বিখ্যাত ছিল, ক্ষত্রিয়নারীরাও বীরভাব প্রকাশ করিতেন ও যাহারা ভীত হইত, তাহাদিগকে তাহারা ঘৃণা করিতেন।

কৃষক বলিলেন, এরূপ শিক্ষা না হইলে এক এক ঢেউ দেখিলে লা ডুবিবার সম্ভাবনা। আমরা যেরূপ শিক্ষা দিই, তাহাতে বালকবালিকা আপন বল ও বুদ্ধি অবলম্বনপূর্ব্বক সকল দায় হইতে মুক্ত হয়—আমরা ভয়কে ভয় করি না—নৈরাশে নিরাশ হই না ও কিছুতে ভগ্নাশ ও ভগ্নোদ্যম হই না।

কৃষকের কন্যা মাখন করিতেছিলেন; কার্য্য শেষ করিয়া সুশোভিত হইয়া খোঁপাতে পুষ্প দিয়া প্রসন্নবদনে নাচিতে নাচিতে আসিয়া পিতা-

মাতাকে চুম্বন করিতে লাগিলেন। কৃষককে গোপাল বলিলেন, আপনি সুখী। কৃষক বলিলেন,—ভাই, ধন বড় আকাঙ্ক্ষা করি না, পুত্রকন্যা সৎ-পথে থাকে, এই ঈশ্বরের নিকট নিত্য প্রার্থনা করি।

দশম পরিচ্ছেদ।

গোপালের লিপি।

শান্তিদায়িনী আহারান্তে নবকুমারকে বক্ষে রাখিয়া আদর করিতেছেন ও তাহার মুখ দেখিয়া পতিকে ভাবিতেছেন, ইতিমধ্যে ডাকযোগে এই লিপি আইল—

প্রিয়তমে! তোমার লিপি আমার তাপিত হৃদয়কে শীতল করিয়াছে। তোমার স্বভাব স্মরণ করিলে আমি শান্ত হই। তোমাকে ও সন্তানাদি দেখিবার জন্য চিত্ত কখন কখন অস্থির হয়। ধৈর্য্য অবলম্বন করতঃ শান্ত হইয়া থাকি।

পূর্ব্বে আপন পরিচয় সংক্ষেপে দিয়াছি, এক্ষণে বিশেষ করিয়া বলা আবশ্যক। যিনি এখানে কৌন্সলি হইতে আইসেন তাঁহাকে প্রথমে কাহারও বাটীতে অথবা কোন হোটেলে থাকিতে হয়, পরে তাঁহাকে চারিটী ইন্স অফ কোর্টের একটী না একটীর সভ্য হইতে হয়। ঐ চারিটী কোর্টের নাম, ইনর টেম্পেল, মিড্ডিল টেম্পেল, লিনকনস্ ইন ও গ্রেস্ ইন, ইহাদিগের প্রত্যেকের স্বতন্ত্র বাটী আছে। কৌন্সলি নিযুক্ত হইতে গেলে প্রায় ৪০ পৌণ্ড সেলামি দিতে হয় ও এক শত পৌণ্ড গচ্ছিত রাখিতে হয়। আমার অর্থের অভাব ছিল, কিন্তু অকস্মাৎ কোন বন্ধুর কৃপাতে কিছুমাত্র বিঘ্ন হয় নাই। আদালতের ব্যয়ের জন্য ২০ পৌণ্ডের দুই জন জামিন দিতে হয়। আর দুই জন কৌন্সিলের নিকট হইতে চরিত্র বিষয়ে এক সার্টিফিকেট দাখিল করিতে হয়। তাহার পর পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; আমি পরিশ্রম করিতেছি, অনেক সাহায্য পাইতেছি, বোধ করি কৃতকার্য্য হইতে পারিব।

দিবারাত্রি কেবল আইন পড়া, আইন আলাপ করা যায় না। আমার চিত্তের ভাব তুমি অবগত আছ। সারজ্ঞান বিষয়ক ধর্ম্ম ও নীতি সর্ব্বদাই আলাপ করিয়া থাকি।

এদেশে জ্ঞানবলের চিহ্ন অনেক দেখিতেছি।—টেম্‌স নদীর নীচে এক টনেল আছে, সেখানে শকট, রেলের গাড়ি ও লোক সকল গমনাগমন করে; উপরে জল, তথায় জাহাজ চলিতেছে। সকল গৃহ নদীর সহিত নলের দ্বারা সংযুক্ত, এজন্য বাটীর ময়লা নদীতে পতিত হয় ও সকল বাটী গ্যাসদ্বারা আলোকিত। গৃহস্থেরা স্বয়ং বাজার করে; অনেকের গৃহকার্য্য কিঙ্করীর দ্বারা নির্ব্বাহ হয়। অনেকের গৃহে দাসী ও চাকর আছে। আমাদিগের

দেশের ন্যায় পল্লিগ্রাম হইতে তরকারি, মৎস্য ও অন্যান্য দ্রব্য প্রাতে লণ্ডন নগরে আনীত হয়। লিবরপুল, মেঞ্চেষ্টার ও ইংলণ্ডের সকল খণ্ডে বাণিজ্যের গোলযোগে পূর্ণ। পৃথিবীর নানা দেশ হইতে নানা দ্রব্য আসিতেছে ও বিলাত হইতে নানা দ্রব্য রপ্তানি হইতেছে। নদীতে জাহাজ ও ষ্টিমার অসংখ্য, নানা রকমের তুলার বস্ত্রাদি ও নানা দ্রব্য প্রস্তুত হইতেছে। অসংখ্য লোক শ্রম করিতেছে, অনেকে অভাবজন্য দেশান্তরে গমন করিতেছে; তথাচ অনেকেই দরিদ্রতার গ্রাসে পতিত। অনুমান করি, এরূপ না হইলে ধর্ম্মপরায়ণ ব্যক্তিদিগের ধর্ম্ম অভ্যাস হইত না। দেখিবার অনেক যোগ্য স্থান আছে। ক্রুষ্টেল পালস গ্লাসে নির্ম্মিত; সেখানে পৃথিবীর নানাপ্রকার আশ্চর্য্য ও উন্নতিপ্রকাশক দ্রব্য সংগৃহীত দেখিতে বড় সুন্দর। পশুপক্ষী ও বৃক্ষাদি সুশোভিত উদ্যান (জুয়লজিকেল গারডেন), ব্রিটিষ মিউজিয়ম পুস্তকালয়, ও পারলিয়মেণ্ট হৌস দেখিবার যোগ্যস্থান বটে। পারলিয়মেণ্ট, হৌস্ অফ্ কমন্স ও হাউস অফ্ লর্ডে বিভক্ত। তাঁহারা আইনাদি করেন। তাঁহাদিগের কার্য্য রাত্রে হয়। নানা বিদ্যা অনুশীলনার্থে নানাপ্রকার সভা ও তাহারা যাহা সংগ্রহ করেন তাহা সময়ে সময়ে প্রকাশিত হয়।

দরিদ্র ও অনাশ্রয়ীদিগের ক্লেশ নিবারণার্থে এদেশে কি কি উপায় আছে, তাহা লিখিতেছি। এখানে নানাপ্রকার দুঃখ ও ক্লেশ নিবারণজন্য নানাপ্রকার উপায় আছে। যে সকল ব্যক্তি দরিদ্র ও রোগী, তাহাদিগের জন্য হাঁসপাতাল ও চিকিৎসালয় আছে। এই সকল হাঁসপাতাল ও চিকিৎসালয়ের জন্য দাই শিক্ষিত হয়। ইহারা রোগীদিগের শুশ্রূষা করিতে বিলক্ষণ জানে। মহামতী ফ্লোরেন্স নাইটিঙ্গেল স্বদেশ ত্যাগ করিয়া ১৮৫৪ সালে ইংরাজ ফৌজদিগের শুশ্রূষা করিবার জন্য ক্রাইমিয়ায় গমন করিয়াছিলেন। ঐ অসাধারণ নারীর সঙ্গে কতকগুলি শিক্ষিত দাই ছিল, এজন্য এমনি সুন্দররূপে কার্য্যনির্ব্বাহ হইয়াছিল যে, রোগী রোগের যন্ত্রণা জানিতে পারে নাই।

দুঃখী লোকদিগের গৃহাদি নির্ম্মাণ ও মেরামত করিবার জন্য নানা সভা স্থাপিত হইয়াছে ও অনেকেও দান করিয়াছে। সহায়বিহীনা ও অসতী যুবতী স্ত্রীলোকদিগের আশ্রয় ও সংশোধনের নিমিত্ত অনেক আশ্রমস্থান আছে।

অনেক দুঃখী বালক ও বালিকাদিগের জীবিকানির্ব্বাহার্থে শিক্ষা দিবার জন্য অনেক উপায় আছে। এ সকল দেখিলে চিত্ত ঈশ্বরের কৃপাধ্যানে মুগ্ধ হয়। পুরুষ হউক বা স্ত্রী হউক পাপ করিলে চিরকাল ত্যক্ত হইতে পারে না। তাহাদিগের সংশোধন করিয়া ধর্ম্মপথে আনা উচিত।

মেরি কার্পেণ্টর অসাধারণ নারী ছিলেন। প্রতি গলিতে বাটীহীন ও আশ্রয়হীন অনেক বালকবালিকা ভ্রমণ করিয়া বেড়াইতেছে ও নানা পাপে প্রবৃত্ত হইতেছে দেখিয়া তিনি তাহাদিগের জন্য বিদ্যালয় স্থাপন করেন। ঐ সকল বিদ্যালয়ে পড়িয়া দুঃখী দরিদ্র বালক ও বালিকা জ্ঞান ও ধর্ম্ম-সাধন করিয়াছে ও অর্থকরী বিদ্যা শিক্ষা করিয়া জীবিকা নির্ব্বাহ করিতেছে।

যাহারা অন্ধ বোবা ও কাণা তাহাদিগের শিক্ষার্থে বিদ্যালয় স্থাপিত হইয়াছে। এই বিদ্যালয় যখন স্থাপিত হয় তখন বিলাতে ৫০,০০০ টাকা চাঁদা উঠে।

পূর্ব্বে যাহা বলিলাম তাহা মনুষ্যের উপকারার্থে স্থাপিত, পশু-পীড়ন নিবারণ জন্যও সভা আছে ; তাহাতে মহারাণী আনুকূল্য করেন এবং অনেক ভদ্রলোক ও রমণী এই কার্য্যের পোষকতা করিয়া থাকেন।

আমাদিগের দেশে স্ত্রীলোককর্ত্তৃক অনেক সৎকর্ম্ম হইয়া থাকে ও অনেক স্থলে অর্থ ও কায়িক পরিশ্রমে পরোপকার সমাধিত হয়, কিন্তু কোন কোন বিষয়ে ইউরোপীয় নারীরা শ্রেষ্ঠতা প্রদর্শন করাইতেছেন। কয়েদী লোকদিগের শিক্ষা দ্বারা অবস্থা ভাল করা, অসতী স্ত্রীলোকদিগকে ধর্ম্মপথে লইয়া যাওয়া, রোগীদিগকে চিকিৎসালয়ে যাইয়া সেবা করা, অনাশ্রয়ী বালকবালিকাদিগকে আশ্রয় দেওয়া এই সকল কার্য্য অতিশয় প্রশংসনীয়। একজন ধর্ম্মপরায়ণা নারী অদ্য রাত্রে আহারের নিমন্ত্রণ করিয়াছেন। ঐ অঙ্গনার ধর্ম্মভাব বড় উচ্চ, বাটীতে কয়েকটী দরিদ্রলোকের কন্যাকে রাখিয়া শিক্ষা প্রদান করিতেছেন। বোধ হয় আহারের সময় তোমার পরিচয় দিতে হইবে, সেই সময় বড় কঠিন সময় হইবে। তোমার শুদ্ধভাব মনেতে ভাবিয়া বিহ্বল হই, ও সেই সময়ে জগদীশ্বরকে কৃতজ্ঞতা প্রকাশ করিতে করিতে অশ্রুপাত করি।

একাদশ পরিচ্ছেদ।

——oo——

গোপালের স্বদেশে প্রত্যাগমন।

অনেক ভ্রমণকারী কোন দেশে গেলে নানা স্থান ভ্রমণ করে, নানাপ্রকার অনুসন্ধান করে, ও নানাবিষয়ক জ্ঞান সংগ্রহ করে। গোপালের সে অভিপ্রায় ছিল না, যে কার্য্য জন্য গমন করিয়াছিলেন তাহাতে শীঘ্র কৃতকার্য্য হইবেন, এই জন্য দিবারাত্রি পরিশ্রম করিতেন। অবকাশ পাইলে ধর্ম্মপরায়ণ ব্যক্তির সহিত আলাপ করিয়া জ্ঞান ও ধর্ম্ম-সাধনের উত্তম উত্তম প্রণালী বিচার করিতেন। তাঁহার প্রধান উদ্দেশ্য এই যে, বালিকারা উত্তমরূপে কি প্রণালীতে শিক্ষিত হইতে পারে। অনেক অনুসন্ধান ও বিবেচনা করিয়া দেখিলেন যে, মাতা প্রকৃত শিক্ষাদাতা। অতএব সুমাতা না হইলে সুসন্তান হয় না। এইরূপ পূর্ব্বে তাহার সংস্কার ছিল এক্ষণে তাহা দৃঢ়ীভূত হইল। আত্মীয় বন্ধু-বান্ধবের নিকট হইতে বিদায় হইয়া স্বদেশে যাত্রা করিলেন। জাহাজে ও ষ্টিমারে তিন চারি দিন আহার করিতে হয়। গোপাল মিতাহারী। মেজের নিকট আসিয়া বসিয়া সাহেব ও বিবিদিগের সহিত নানা আলাপ করিতেন। এক দিবস একজন ভদ্র ও শান্ত বিবি নির্জ্জনে বসিয়া নানাপ্রকার আলাপ করিতে লাগিলেন। বিবি জিজ্ঞাসা করিলেন—তুমি কি বিবাহ করিয়াছ?

গোপাল বলিলেন—হাঁ ; ও এই প্রশ্নেতেই আপন ভার্য্যার প্রতিমূর্ত্তি যেন তাঁহার নয়নগোচর হইল। গোপাল আচ্ছন্নতা প্রাপ্ত হইয়া নিস্তব্ধ হইয়া থাকিলেন। বিবি জিজ্ঞাসা করিলেন—আপনাকে ভাবান্তর দেখিতেছি কেন ? গোপাল সরলভাবে আপন ভাব প্রকাশ করিলেন। বিবি বলিলেন—এইরূপ সকল স্বামীর চিত্ত হওয়া কর্ত্তব্য ; যা হউক, আমি আপনার বনিতার সহিত আলাপ করিতে বড় ইচ্ছুক হই।

দেখিতে দেখিতে ষ্টিমার ভাগীরথীতে আইল। বিলাতীয় দৃশ্য গিয়া কলিকাতার বাল্যস্মরণীয় নানা স্থানে নানা চিহ্ন প্রকাশ হইতে লাগিল। ষ্টিমার লাগান হইলে আরোহীরা নামিয়া আসিল। সকলের বন্ধু আগবাড়ান লইতে আসিল। উক্ত বিবি গমনকালীন গোপালের নিকট হইতে বিদায় লইয়া গেলেন। গোপালের কয়েকজন বন্ধু আসিয়াছিলেন ; তাঁহারা হস্ত স্পর্শ ও কোলাকুলি করিয়া তাঁহাকে লইয়া গেলেন। কেহ কেহ আহ্বান করিলেন—অদ্য আমাদিগের বাটীতে আহারাদি করিয়া রাত্রি যাপন করুন। গোপাল বলিলেন—বাটী যাইবার জন্য চিত্ত অস্থির ; এক্ষণে ক্ষমা করুন। আমি ত্বরায় আসিয়া আপনাদিগের সহিত এক দিন যাপন করিব।

দ্বাদশ পরিচ্ছেদ।

—o—

স্বামী ও স্ত্রীর সাক্ষাৎ।

গোপালের বাটীর সম্মুখে মাঠ—মাঠ ধূ ধূ করিতেছে। বৈশাখ মাস, প্রখর রবি, বায়ুর সঞ্চালন নাই। গো সকল কর্ষণে ক্লান্ত—কৃষকের আঘাতে অভিভূত হইয়া ভূমে পতিত হইয়াছে। একটি গোরু অতিশয় শ্রান্ত হইয়া হাম্বা হাম্বা রব করতঃ ভূমিসাৎ হইল। এই কাতরতা শুনিয়া শান্তিদায়িনী পুত্র ও কন্যাসহিত নিকটে আসিয়া গোরুর শুশ্রূষা করিতে লাগিলেন; গোরুকে সজীব দেখিয়া বাটী প্রত্যাগমন করিলেন। দ্বারপ্রবেশ না করিতে করিতে স্বামীর আগমনবার্ত্তা শ্রবণানন্তর পুত্র, কন্যা ও নব কুমারকে ক্রোড়ে করিয়া দণ্ডায়মান রহিলেন। স্বামী, স্ত্রী ও সন্তানদিগের মুখ অবলোকন করতঃ আহ্লাদ-অশ্রু বর্ষণ করিতে লাগিলেন। সকলের মুখচুম্বন করিয়া বাটীর ভিতর গমন করিলেন। কিয়ৎকাল পরে অনেক সদালাপ হইল। গোধূলিসময়ে স্ত্রী বলিলেন—অনেক দিবস হইল, আপনাকে রন্ধন করিয়া আহার করাই নাই। অদ্য এই কার্য্যে আপন হস্ত পবিত্র করিব।

পল্লির কতকগুলিন স্ত্রীলোক আস্তে ব্যস্তে আসিয়া জিজ্ঞাসা করিলেন—গোপাল বাবু, তুমি কি সাহেব হইয়াছ? দেখ্‌তে পাচ্ছি আবার আসনে বসিয়া আহার কর্‌ছ। সে কেমন কথা? এই শুন্‌লাম সাহেব হয়েছ আবার বাঙ্গালি হলে?

গোপাল বলিলেন—আপন শিক্ষার্থে ও জ্ঞান ও ধর্ম্মবিষয়ক উপদেশ জানিবার জন্য বিলাতে গিয়াছিলাম। আহার ও ব বহার অল্প কথা।

অঙ্গনারা "তবে ভা ন, তবে ভাল," বলিয়া খিল খিল করিয়া হাস্য করিলেন। গোপাল বলিলেন—আপনাদিগের জন্য ছুচের কাযের খেলা সম্মানচিহ্নস্বরূপ আনিয়াছি; অনুগ্রহ করিয়া গ্রহণ করুন। বিলাতে বিবিদিগের শিক্ষা ও কার্য্য কিরূপ, তাহা আপনাদিগকে বলিব। অঙ্গনারা বলিল—আমরা শুনিতে বড় ইচ্ছা করি। ঘরকন্নার কায কর্ত্তে কর্ত্তে দিন যায়, অবসর পাই নাই; যা হউক, কাল সকলে আসিব। একজন বঙ্গদেশীয় অঙ্গনা বলিলেন—আমার কপাল পোড়া; আমি আসিতে পারিব না; আমার "নাতি খাতি" দিন যায়। অন্যান্য অঙ্গনারা হাসিতে সে স্থান ছেয়ে দিয়া বলিলেন—ওমা! নাতি খাতি দিন যায়, কি অভাগার দশা! শান্তিদায়িনী বলিলেন—শিবদুর্গা দিদির অভিপ্রায় যে, স্নান ও আহার করিতে দিন যায়। ভাষা যোজনানন্তর সকল স্থানে সমান নয়। যদিচ এক বর্ণমালা হইতে সকল প্রকার শব্দ, কিন্তু শব্দের বিভিন্নতা আছে।

ত্রয়োদশ পরিচ্ছেদ।

ইউরোপীয় উচ্চ নারীদিগের বিবরণ।

পরদিন বৈকালে ভদ্র ভদ্র ঘরের কামিনীগণের সমাগম হইল। কেহ কেহ এলোকেশী, কেহ কেহ নানা প্রকার গঠনে কেশ বন্ধন করিয়াছেন। কাহার কাহারও সম্মুখে একবর্গা সিঁতে কাটা, কাহার কাহারও কেশ জুল্‌ফিতে সজ্জিত। তাহাদিগের নানাবর্ণীয় বস্ত্র পরিধান। সকলের নাসিকা-রঞ্জক টিপ। ওষ্ঠ তাম্বুলে যেন বিম্বফল দৃষ্ট হইতেছে। শান্তিদায়িনী সকলকে অভ্যর্থনা করিয়া বসাইলেন ও তালবৃন্তদ্বারা স্বয়ং বায়ু ব্যজন করিতে লাগিলেন। গোপাল সকলকে সম্মানপুরঃসর উচ্চ অঙ্গনাদিগের আখ্যায়িকা বর্ণিতে আরম্ভ করিলেন।

আমাদিগের দেশে ব্রহ্মবাদিনীরা সর্ব্বদাই অপার্থিব চিন্তায় নিমগ্ন থাকিতেন ও ঈশ্বর ও আত্মা তাঁহারা সর্ব্বদা ধ্যান করিতেন। তাঁহারা বিবাহ করিতেন না। যাঁহারা পতি গ্রহণ করিতেন, তাঁহাদিগের মধ্যে জ্ঞান ও ধর্ম্ম-বিষয়ে অনেকে উচ্চ ছিলেন। যথা—দেবহূতি, শান্তা, কেশিনী, সতী, অনসূয়া, কৌশল্যা, সীতা, সাবিত্রী, দময়ন্তী, শকুন্তলা, গান্ধারী, কুন্তী, দ্রৌপদী, সুভদ্রা, রুক্মিণী, অহল্যা বাই, সংযুক্তা, প্রভৃতি। পাতিব্রত ধর্ম্ম এদেশে স্ত্রীলোকদিগের স্বাভাবিক ধর্ম্ম। পতির দ্বারা তাড়িত হইলেও পতিত্যাগ করে না। এক্ষণে এদেশে মহিলাগণ কর্ম্মযোগ ও ভক্তিযোগ আদর করেন

ও ব্রতনিয়ম, মিতাহার ও উপবাসদ্বারা মনসংযম করেন। তাঁহারা পরহিতে রতা। যাহাদিগের অর্থ আছে, তাহারা তড়াগ, বাপি, পুষ্করিণী, অতিথিশালা, পঞ্চবটী, রাস্তা, পশুপক্ষীর আরামজন্য অর্থ ব্যয় করেন। এ প্রসংশনীয় বটে, কিন্তু বিলাতে স্ত্রীলোকদিগের পরহিতৈষিণী ভাব উচ্চরূপে প্রকাশ পাইতেছে।

(১) বিবি ফ্রাই নামে একজন মহিলা ছিলেন। পরোপকার-পিপাসা তাঁহার বাল্যকালেই প্রকাশ হয়। দরিদ্র লোকদিগের সন্তানদিগের শিক্ষার্থে পিতার ভবনে এক পাঠশালা স্থাপন করিয়া অনেক উপকার করিতে লাগিলেন। বিশ বৎসর বয়সে তাঁহার বিবাহ হয়। স্বামীর গৃহে গৃহিণী হইয়া নিকটস্থ লোকের বাটী যাইয়া তাহাদিগের দুঃখ বিমোচন করিতেন। তাঁহার সর্ব্বদা বাসনা হইত যে, পরোপকার কিরূপে অধিকরূপে করিতে পারিব। নিউগেট জেলে যাইয়া দেখিলেন, প্রায় ৩০০ স্ত্রীলোক নানা অপরাধজন্য কয়েদ আছে। পরদুঃখ মোচন হয় ও পর অধোগতি কিরূপে সংশোধিত হয়, তাহা সকলে ভাবে না, কিন্তু যাহারা ভাবে, তাহারা উপায় শীঘ্র স্থির করে। তিনি ঐ জেলে যাইয়া বস্ত্রাদি প্রদানপূর্ব্বক ধর্ম্মোপদেশ দিতে লাগিলেন। তাঁহার গদ্‌গদ্‌চিত্তের উপদেশ এমনি সংলগ্ন হইত যে, কয়েদীরা শুনিয়া অশ্রুপাত করিত। অনন্তর তিনি প্রস্তাব করিলেন যে, কয়েদীদিগের মধ্যে কুড়িটি বালিকা লইয়া তিনি শিক্ষা দিতে চাহেন। জেল-অধ্যক্ষ বলিল—ইহাতে কিছু ফল হইবে না ও শিখাইবার স্থান নাই। বিবি ফ্রাই ভগ্নোৎসাহ না হইয়া একটী অন্ধকার খুবরি ঘরে বসিয়া শিখাইতে লাগিলেন ও তাঁহার উপদেশে অনেকের স্বভাব পরিবর্ত্তন হইল। অনেকে আলস্য ও অলীক বাক্যব্যয় ত্যাগ করতঃ বুনানি ও সিলাই শিখিতে লাগিল। এইরূপ শিক্ষা পূর্ব্বে ছিল না। ইউরোপদেশীয় জেলে কয়েদীদিগের সংশোধনার্থে এইরূপ শিক্ষা হইতে লাগিল। কয়েদীদের এইরূপ শিক্ষাতে জীবিকানির্ব্বাহের সক্ষমতা লাভ করিয়া তাহারা নির্দ্দোষ পথ অবলম্বন করে। উক্ত বিবির সাহায্যে নিরাশ্রয় ও দরিদ্র ব্যক্তিদিগের আশ্রয়জন্য এক সভা স্থাপিত হয়।

(২) হেনামোর নামে একজন বিবি ছিলেন। তিনি দোকানী, চাষী ও অন্যান্যলোকদিগের উন্নতির জন্য পুস্তকাদি লিখিয়াছিলেন। দরিদ্র লোক সকলের সন্তানদিগের শিক্ষার্থে তিনি পাঠশালা স্থাপন করিয়াছিলেন। তিনি অকাতরে সৎকার্য্যে ধনব্যয় করিতেন। তাঁহার মৃত্যুকালীন পল্লিস্থ লোক সকল স্বীয় স্বীয় নয়নবারিদ্বারা কৃতজ্ঞতা প্রকাশ করিয়াছিলেন।

(৩) বিবি রো এই শ্রেণীস্থ অঙ্গনা ছিলেন। দরিদ্র ব্যক্তিদিগের জন্য তিনি সর্ব্বদা কাতর হইতেন; পুস্তকাদি লিখিয়া যাহা পাইতেন, তাহা তাহাদিগের দুঃখ বিমোচনার্থে দিতেন। এক সময়ে হাতে টাকা না থাকাতে একখানি রূপার বাসন বিক্রয় করিয়া পরদুঃখ বিমোচন করিয়াছিলেন। বাটীর বাহিরে গমনকালীন সঙ্গে অর্থ ও ধর্ম্মবিষয়ক পুস্তক থাকিত; যে যেমন পাত্র তাহাকে তাহা দিতেন। তিনি আপন ক্লেশ সম্বরণ করিতে পারি-

তেন, কিন্তু পরদুঃখেতে রোদন করিতেন। অনেক অনেক দুঃখী বালক ও বালিকাকে আপনি শিক্ষা দিতেন ও লোকে বিপদ্ ও রোগে পতিত হইলে নিকটে যাইয়া তত্ত্বাবধারণ করিতেন। তাঁহার মৃত্যুতে অনেকের চক্ষু দিয়া অশ্রু বিনির্গত হইয়াছিল।

(৪) সারা মরিটিননাম্নী একটী পিতৃ ও মাতৃহীন বালিকা ছিলেন। তিনি একটী কুটীরে বাস করিতেন ও পোসাক প্রস্তুত করিয়া জীবিকা নির্ব্বাহ করিতেন। প্রতি রবিবারে কতকগুলিন দরিদ্র বালক বালিকাকে শিক্ষা দিতেন। শিক্ষালয় হইতে বাটী আসিবার কালীন জেল দৃষ্টিগোচর হইত।—পরোপকারকরণ পিপাসা কাহার কাহারও নিধন হয় না; বরং বর্দ্ধনশীল হয়।—তাঁহার নিতান্ত বাসনা হইল যে, কয়েদীদিগের জন্য তিনি পরিশ্রম করিয়া তাহাদিগের অবস্থা উন্নতি করিবেন। এইজন্য সপ্তাহে দুই দিবস আপন ক্ষতি স্বীকার করিয়া জেলে উপদেশ দিতে যাইতেন। যে সকল ব্যক্তি আলস্যে পূর্ণ ছিল, তাহারা তাঁহার উপদেশে পরিশ্রমী হইল। তিনি সুন্দররূপে ধর্ম্ম উপদেশ দিতেন ও তস্‌বির লেখা শিখাইয়া তাহাদিগের মন আকর্ষণ করিতেন। যাহারা পাপে পতিত, তাহাদিগের জন্য বিশেষ যত্ন করিতেন ও যাহাতে তাহাদিগের আত্মোন্নতি হয়, এমত একাগ্রতার সহিত চেষ্টা করিতেন। যাহারা মালিন্যে ও ঘায়ে পূর্ণ, তাহাদিগকে পরিষ্কার রাখিতেন; ঘৃণা করিতেন না।

যদিও সারা মবিটিনের অর্থ ছিল না, কিন্তু মানসিক ও কায়িক পরিশ্রমের ত্রুটি হয় নাই। দুঃখী বালিকারা কুপথগামিনী না হয়, এজন্য তাহাদিগের শিক্ষার্থে রাত্রে এক পাঠশালা স্থাপন করিলেন। এই উচ্চ নারী গ্রাসাচ্ছাদনের অভাবে প্রপীড়িত হয়েন। তিনি সমস্ত জীবন ঈশ্বরের প্রেমে যাপন করিয়াছিলেন।

(৫) হংবির রাণী এলিজিবেথ রোগী ও দরিদ্র লোকদিগের জন্য অর্থ ব্যয় করিতেন, এবং অনাথাদিগের পালনার্থ হাসপিটেল ব্যয় নির্ব্বাহ ও দুর্ভিক্ষ স্থানে আনুকূল্য করিতেন। রোগীর শয্যার নিকট ও দুঃখী লোকের কুটীরে যাইয়া স্বহস্তে আশ্রয় প্রদান করিতেন।

(৬) চৌত্রিশ বৎসর বয়সে লিগ্রেস নামক বিবির স্বামীর কাল হয়। যখন ভর্ত্তা জীবিত ছিলেন, তখন পীড়িত ও দরিদ্র ব্যক্তিদিগের নিকট যাইয়া সাহায্য প্রদান করিতেন, মুমূর্ষু লোকদিগের সেবা করিতেন। স্বামীর মৃত্যুর পর যাহারা কোন রকম ক্লেশ পাইতেছে, তাহাদিগের দুঃখ নিবারণ জন্য সমস্ত জীবন অর্পণ করিয়াছিলেন। তাঁহার সহিত যে যে নারীরা যোগ দিতে ইচ্ছুক ছিলেন, তাহাদিগকে একত্র করিয়া দলবদ্ধ হইলেন। প্রথম কার্য্য যে, রোগীর যে পীড়া হউক, তাহাদিগকে বস্ত্র, ঔষধি ও অর্থ দিতে হইবে। দ্বিতীয়, বালিকাদিগের উত্তম শিক্ষা দেওয়া। ঐ বিবি সামান্য শয্যায় শয়ন করিতেন, সামান্য আহার করিতেন; কারণ আপনি শান্ত না হইলে অন্যকে

শান্ত করা যায় না। গৃহেতে যে দাস থাকিত, তাহাদিগের কন্যাদের লইয়া স্বীয় গৃহে শিক্ষা দিতেন।

(৭) ফ্লোরেন্স নাইটেঙ্গেল নামে একজন দরিদ্র মানুষের কন্যা অদ্যাপি আছেন। পিতামাতাকর্ত্তৃক উত্তম শিক্ষিতা হইয়া তিনি নানা স্থানে ভ্রমণ করেন; তাঁহার সহিত যাহার আলাপ হয়, তিনি আপ্যায়িত হইয়া থাকেন। বাল্যাবস্থাবধি তাঁহার দয়ালু স্বভাব প্রকাশ পায়। পিতার জমিদারিতে যে সকল দরিদ্র ব্যক্তি থাকিত, আপনি ক্লেশ স্বীকার করিয়াও তাহাদিগের দুঃখ নিবারণ করিতেন। অনেকেই তাঁহাকে উপদেশক ও বন্ধু বলিয়া গণ্য করিত। অনন্তর রাইন নদীতীরস্থ এক ধর্ম্মশালায় কতিপয় ধার্ম্মিক স্ত্রীলোকের সহিত থাকিয়া রোগীদিগের সেবা ও তত্ত্বাবধারণ করেন। তাহার পর বিলাতে প্রত্যাগমন করিয়া দুঃখিনী পীড়িতা নারীগণের আশ্রয় জন্য এক ধর্ম্মশালা ছিল, তাহার উন্নতি করেন।

এই সময়ে ইউরোপে রুশিয়াদিগের সহিত ইংরেজ ও ফরাসিদের এক ঘোরতর যুদ্ধ ক্রাইমিয়া নামক স্থানে আরম্ভ হয়। ঐ সংগ্রাম ব্যাপককাল হইয়াছিল। বিলাত ও ফ্রান্স হইতে অনেক সৈন্য প্রেরিত হয়। ফ্লোরেন্স নাইটেঙ্গেল কতিপয় ভদ্র ঘরের কন্যার সহিত ক্রাইমিয়ায় আসিয়া সৈন্যদিগের ঔষধ, পথ্যাদি প্রদান ও ধর্ম্ম উপদেশদ্বারা সান্ত্বনাকরণে দিবারাত্রি অসীম পরিশ্রম করেন। এদিকে যুদ্ধ হইতেছে—গোলার শব্দ—কামানের ধুম—অশ্বের নাদ—সৈন্যের কোলাহল; ওদিকে ঐ দয়াময়ী কন্যা অকুতোভয়ে স্নেহ পূর্ব্বক রোগীদিগের রোগের যন্ত্রণানিবারণে নিযুক্ত আছেন। এরূপ কষ্টে তাঁহার জ্বর হয়; তথাপি পরোপকারে বিরত হয়েন নাই। যুদ্ধ সাঙ্গ হইলে তিনি বিলাতে ফিরিয়া আইসেন, তৎকালীন যাবতীয় লোক অসীম সম্মানপূর্ব্বক ধন্যবাদ করিয়া তাঁহার অভ্যর্থনা করিতে লাগিল। মহারাণী আপন প্রশংসা প্রকাশার্থ এক বহুমূল্য অলঙ্কার তাঁহাকে প্রদান করিয়াছিলেন, কিন্তু ফ্লোরেন্স নাইটেঙ্গেল আপনকর্ত্তৃক কৃত কর্ম্ম অধিক বোধ না করিয়া সঙ্গীদিগেরই অনেক গুণ বর্ণনা করেন। যথার্থ ধার্ম্মিক লোকেরা ঈশ্বর উদ্দেশেই ধর্ম্ম কর্ম্ম করে; লোকসমাজে যশের জন্য করে না; বরং আপন পুণ্যকর্ম্মের গৌরবে কুণ্ঠিত হইয়া থাকেন।—রামারঞ্জিকা।

(৮) মেরি কারপেণ্টর ফ্লোরেন্স নাইটেঙ্গেলের ন্যায় বিবাহ করেন নাই; কেবল পরোপকারে জীবন কাটাইয়াছেন। ১৮৩৫ খৃঃ অব্দে দুঃখী লোকের গৃহ দেখিবার জন্য এক সভা স্থাপিত হয়; ও এই বিবি কারপেণ্টর একজন বিশেষ কর্ম্মকারিণী ছিলেন। এমন এমন স্থান ছিল, যেখানে কেবল অন্ধকার, ময়লাতে পূর্ণ ও যাহারা থাকিত, তাহারা দরিদ্রতার ক্লেশ সহ্য করিতেছে। এই সকল দেখিয়া তাঁহার চিত্ত অস্থির হইত। রাস্তায় অনেক দরিদ্র বালক বেড়াইত ও কুকর্ম্মে রত হইত। তাহাদিগের জন্য তাঁহার আনুকূল্যে এক র‍্যাগেড স্কুল স্থাপিত হয়। যাহার নিষ্কাম কার্য্যকরণের বাসনা,

সেই বাসনা নানারূপে প্রকাশ হয়। অল্প বয়সে পিতামাতার অযত্নে বালক ও বালিকা দোষ করিয়া কারারুদ্ধ হয়; এই বিষয় অনুসন্ধান করিয়া তিনি এক পুস্তক লেখেন। ইহাতে জেল শিক্ষাবিষয়ে লোকের অধিক মনোযোগ হয়। বালক ও বালিকাদিগকে কিরূপে শিক্ষা দিয়া সংশোধন করিতে হইবে, তাহা বিবেচিত হইতে লাগিল। তিনি এদেশে আসিয়া স্ত্রীশিক্ষাবিষয়ে অনেক যত্ন করিয়াছিলেন। তিনি লিখিয়া গিয়াছেন যে, এতদ্দেশীয় স্ত্রীলোকদিগের শিখিতে ও শিখাইতে বিলক্ষণ ইচ্ছা আছে। বিলাতে যাইয়া দেখিলেন যে, কয়েদী স্ত্রীলোকেরা স্ত্রীলোক রক্ষকদ্বারা রক্ষিত হইতেছে, এবং তাহারা প্রতিদিন শিক্ষা পাইতেছে।

(৯) মারকিনদেশে মরসর নামে একজন গবর্ণর ছিলেন। কিছুকাল পরে সরকারী কর্ম্ম পরিত্যাগ করিয়া চাষ-বাস করিতে আরম্ভ করিলেন। মারকিনদেশে অনেকে আফ্রিকা হইতে আনীত হাবসি গোলামের দ্বারা চাষ-বাস করে। ঐ সকল হাবসি গোলাম ক্রীত, এপ্রযুক্ত কেবল তাহাদিগের খাওয়া পরা লাগে, মাহিনা দিতে হয় না। মরসরের কেবল এক কন্যা ছিল; তাঁহার নাম মারগেরেট মরসর। পিতার মৃত্যুর পর তাঁহার সমস্ত বিষয়ের অধিকারিণী হইয়া তিনি কেবল পরহিতে রত থাকিতেন। প্রথমে দেখিলেন, তাঁহার অধীনে অনেক গোলাম আছে; তাহাদিগকে ক্রয় করিতে বিস্তর ধন ব্যয় হইয়াছে। মনুষ্য যে মনুষ্যের গোলামী করে এবং নিষ্ঠুররূপে প্রহারিত হইলেও কিছু বলিতে পারে না ও গোরু ঘোড়ার ন্যায় স্বেচ্ছাক্রমে ক্রীত বিক্রিত হয়, ইহার মূল কেবল মনুষ্যের অসদ্বিবেচনা; এমত কর্ম্ম ঈশ্বরের প্রীতিজনক কখনই হইতে পারে না; অতএব এ কর্ম্ম পাপকর্ম্ম বলিয়া গণ্য করিতে হইবে; পাপ কর্ম্ম পরিত্যাগে যদি সর্ব্বনাশ হয়, তাহাও করা বিধেয়। এই বিবেচনায় ঐ অবলা সমস্ত দাসদিগকে নিষ্কৃতি দিলেন। তাহারা পরিত্রাণ প্রাপ্ত হইয়া তাঁহাকে অসীম আশীর্ব্বাদ করিতে করিতে গমন করিল। মারগেরেট মরসরের প্রচুর আয় ছিল; এক্ষণে তাহা ঘুচিয়া যাওয়াতে তাঁহাকে পরিশ্রমদ্বারা জীবিকানির্ব্বাহ করিতে হইল। এই মহৎ কর্ম্ম করিয়া তিনি এক বালিকা-বিদ্যালয় স্থাপন করিলেন ও যাহাতে তাহাদিগের পরমেশ্বরের প্রতি ভক্তি হয়, এমত উপদেশ দিতে লাগিলেন।—রামারঞ্জিকা।

(১০) ইটেলিদেশে রোজাগোভানা নামে একজন বালিকা থাকিতেন। তাঁহার পিতামাতা ছিল না; তিনি উত্তমরূপ সেলাই করিতে পারিতেন; ঐ কর্ম্মের দ্বারা জীবিকানির্ব্বাহ হইত। পৃথিবীর সুখভোগ অথবা বিবাহকরণে তাঁহার কিছুমাত্র ইচ্ছা ছিল না। দৈবাৎ এক দিবস একটী দুঃখী অনাশ্রয় বালিকাকে দেখিয়া তাঁহার দয়া হইল। তিনি তাহাকে বলিলেন —তুমি অনাথা; আমি তোমাকে প্রতিপালন করিব; তুমি আমার নিকট থাক। এই প্রস্তাবে ঐ অনাথা বালিকা সম্মত হইলে রোজাগোভানা অন্যান্য অনাথা বালিকা সংগ্রহ করিয়া সকলকে শিল্পকর্ম্ম শিক্ষা করাইতে লাগিলেন।

ইহার তাৎপর্য্য এই যে, ঐ সকল বালিকারা পরে আপন জীবিকানির্ব্বাহে সক্ষমা হইবে ও পরিশ্রমী স্বভাব হইলে মন্দ পথে যাইবে না। প্রথম প্রথম অনেক অনেক মন্দ ও লম্পট ব্যক্তি রোজাগোভানার প্রতি পরিহাস ও দোষারোপ করিয়াছিল; কিন্তু পরমেশ্বর-উদ্দেশ্য কর্ম্মে চরমে ইষ্টলাভ অবশ্যই হইয়া থাকে।—অল্প দিনের মধ্যে রোজাগোভানার শিল্পকর্ম্মালয় পরিপূর্ণ হইয়া পড়িল ও দেশের অনেক অনাথা বালিকার উপকারপ্রাপ্তি দেখিয়া রাজপুরুষেরা বিবিধ উৎসাহ প্রদান করিতে লাগিলেন। কিছুদিনের পর রোজাগোভানা দুই একজন শিষ্য লইয়া ঐরূপ শিক্ষালয় অন্যান্য স্থানে স্থাপন করিয়া একুশ বৎসর পরোপকারার্থ আপনি পরিশ্রম করিয়া অক্লান্ত হইয়া লোকান্তর গমন করিলেন।

অদ্য সন্ধ্যা হইল; যদ্যপি অবকাশ হয়, তবে আর এক দিবস অনুগ্রহ করিয়া আইলে বড় আপ্যায়িত হইব। অঙ্গনাদিগের মধ্যে প্রেমকুমারী ও বসন্তকুমারী বলিলেন—গোপালবাবু! আপনকার উপদেশে আমরা উপকৃত হইলাম। বেদপুরাণাদিতে শুনি, এদেশের স্ত্রীলোক বড় উচ্চ ছিলেন, আধ্যাত্মিক ও জ্ঞান ধর্ম্ম আলোচনায় জীবন যাপন করিতেন ও পরোপকার সাধ্যানুসারে প্রাণপণে করিতেন। এক্ষণে দেখিতেছি যে, ইউরোপীয় ভগিনীরা নিষ্কাম ধর্ম্ম বিস্তীর্ণরূপে করেন। এদেশের স্ত্রীলোকেরা সেই সকল কার্য্য, অর্থাৎ রোগীর সেবা, রোগীকে ঔষধি ও অর্থদান, দরিদ্র লোককে আহারদান, উপায়হীন শিশুদিগকে বিদ্যাদান, রুগ্ন দেশে ঔষধিদান ও দুর্ভিক্ষ দেশে অন্নদান, এরূপ নানাপ্রকার কার্য্যে পরের দুঃখ ও ক্লেশ বিমোচন ও তাহাদিগের উন্নতিসাধন করিয়া থাকেন। এদেশের স্ত্রীলোকদিগের স্বভাব ও শিক্ষা অধিক আন্তরিক—তাঁহারা ধ্যান, ব্রত, অর্থব্যয় ইত্যাদিতে শীঘ্র মিলিত হয়েন। ইউরোপীয় নারীরা আমাদিগের অপেক্ষা অধিক শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক কার্য্য দ্বারা ধর্ম্মানুষ্ঠান করেন।

চতুর্দ্দশ পরিচ্ছেদ।

বিলাতীয় বিবিদিগের কথা।

সূর্য্য অস্তমিত হইতেছে এমত সময়ে মলের ঝুনুর ঝুনুর শব্দ হইতে লাগিল। গোপালের মধুর বাণী যে শ্রবণ করে সে বিমোহিত হয়। তাঁহার চতুষ্পার্শ্বে রমা, শ্যামা, বামা, উমা, লবঙ্গলতা, কুঞ্জলতা, ঝুমকোলতা প্রভৃতি নারীরা সুখাসীন হইলেন।

কন্দর্পদলনী জিজ্ঞাসা করিলেন, গোপাল বাবু! যদি ইংরাজ বিবির প্রতি এত অনুরাগ, তবে একটিকে বিয়ে করিয়া আনলেন না কেন?

গোপালের চক্ষু শান্তিদায়িনীর চক্ষুর উপর পতিত হইল। চারি চক্ষুর

সম্মিলনে বৈবাহিক শুভদৃষ্টির শুদ্ধতা উদ্দীপ্ত হইল। স্বামীর "আমি কেবল তোমারই" প্রকাশক দৃষ্টিতে স্ত্রীর দৃষ্টি "আমিও তোমারই" প্রকাশ হইল। অন্যান্য বামারা এই চাওনিতে চমৎকৃত হইলেন। গোপাল কথা আরম্ভ করিলেন।

গত কল্য ইউরোপীয় স্ত্রীলোকদিগের দেশহিতৈষিণী-ভাবে নানাপ্রকার ধর্ম্মকর্ম্মের বর্ণন করিয়াছি। এক্ষণে যাহা বলি তাহা শ্রবণ করুন। মাতাই প্রকৃত শিক্ষাদাতা—ভারতীয় উচ্চ লোক জন্মিয়াছে তাহারা মাতা কর্ত্তৃক শিক্ষিত। জর্জ হারবার্ট বলেন, একজন উত্তম মাতা শত শিক্ষকের সমান। আগষ্টিন সেণ্ট-আগষ্টিন হইতেন না, যদ্যপি তাঁহার মাতা মনিকার দ্বারা উপদিষ্ট না হইতেন। কবি কাউপার প্রথমে কুপথগামী ছিলেন, মাতা দ্বারা শিক্ষিত হইয়া ধর্ম্মপথ অবলম্বন করেন। সার্ উইলিয়ম জোন্স যিনি এতদ্দেশীয় শাস্ত্র ভাল জানিতেন, ও এখানে সুপ্রিম কোর্টের জজ ছিলেন, তিনি তিন বৎসর বয়সে পিতৃহীন হইয়া মাতার দ্বারা শিক্ষিত হয়েন। কবি গ্রের পিতার চরিত্র জঘন্য ছিল কিন্তু তিনি মাতার উপদেশে উত্তম হইয়াছিলেন। বিশপ হল আপন পুস্তকে লিখিয়াছেন যে, পরমেশ্বরের প্রতি ভক্তিশ্রদ্ধা করিতে তাঁহার মাতাই তাঁহাকে শিখান। জন্ ওয়েস্‌লির শিক্ষাদাতা তাঁহার মাতা। ডাক্তার জনসন, জর্জ ওয়াসিংটন, ক্রমওয়েল, নেপোলিয়ন, বেকন, আরস্কিন, ব্রুহাম, প্রেসিডেণ্ট আডাম, সকলেই মাতাকর্ত্তৃক শিক্ষিত। অনুসন্ধান করিলে অনেক প্রমাণ পাওয়া যাইবে যে উত্তম শিক্ষার বীজ মাতার দ্বারা রোপিত হয় ও শিক্ষা-বীজকে প্রেমের জলসেচনের দ্বারা অঙ্কুরিত করা কেবল মাতার দ্বারাই হইয়া থাকে। পাঠশালার শিক্ষাতে বালকবালিকারা এলো-মেলো হইয়া পড়ে; মাতার শিক্ষায় তাহাদিগের চরিত্র ধর্ম্মভাবে বদ্ধমূল হয়। ধর্ম্মের আসল শিক্ষা পরমেশ্বরেতে চিত্ত অর্পণ করা। বিপদই হউক, ক্লেশই হউক, শোকই হউক, কিছুতেই অশান্ত হইবে না।

আর একটি কথা শুনুন।—উত্তম কন্যা না হইলে উত্তম স্ত্রী হয় না; উত্তম স্ত্রী না হইলে উত্তম মাতা হয় না। ইউরোপেও পতিপরায়ণা নারী আছেন, এমন দৃষ্টান্ত অনেক পাওয়া যায়। যেমন দময়ন্তী, চিন্তা ও সীতা আপন স্বামির সহিত বনে গমন করিয়াছিলেন, সেইরূপ লিভিংষ্টন ও বেকারের স্ত্রীরা ক্লেশ স্বীকারকরতঃ দূরদেশে গমন করিয়াছিলেন। পাতিব্রত্য ধর্ম্ম অনেকেই অনুষ্ঠান করে।

এদেশে বহুকালাবধি স্ত্রীলোক সম্মানিত ও দেবভাবে গৃহীত। বিলাতে স্ত্রীপুরুষকে সর্ব্বতোভাবে সমান করণার্থে অনেক আন্দোলন হইতেছে। যাঁহারা এই আন্দোলন করিতেছেন তাঁহারা বলেন—স্ত্রীলোক কোন অংশে পুরুষের নিকৃষ্ট নয়; তবে তাহাদিগের সর্ব্ববিষয়ে সমান অধিকার কেন না হইবে? অনেক বিবি পুস্তকাদি লিখিতেছেন, কেহ উচ্চ বিদ্যা অভ্যাস করিয়াছেন, তবে পুরুষের যে যে কার্য্য ও যে যে অধিকার, স্ত্রীলোকের সেই সেই কার্য্য

ও অধিকার কেনই না হইবে? কেহ কেহ কহেন—যদি স্ত্রীলোক পুরুষের ন্যায় কার্য্যালয়ে গমন করেন, তবে বাটীর কার্য্য ও সন্তানাদির শিক্ষা কিরূপে হইবে? স্ত্রীলোক ভিন্ন গৃহ শূন্য। নিম্নশ্রেণীর লোকদিগের কন্যারা অল্প-বয়সে কার্য্যালয়ে কার্য্য করিতে যায়, এজন্য তাহাদিগের শিক্ষা কিছুই হয় না ও অনেকে ভ্রষ্টাচার শিখে। ঈশ্বর ব্যতিরেকে পবিত্রতা নাই, ঈশ্বরধ্যান ব্যতিরেকে উপাসনা নাই, উপাসনা ব্যতিরেকে ধর্ম্মাভ্যাস নাই, ধর্ম্মাভ্যাস ব্যতিরেকে জীবন জীবনই নহে।

প্রমদা।—গোপাল বাবু! ভাল বল্‌লে। আপনকার কথা শুনিলে শরীর রোমাঞ্চিত হয়।

(বঙ্গদেশীয়) শিবদুর্গা।—সব পারি; কিন্তু ভ্যাক্ না নিলে বাইরে গিয়া কাম কেমনে কর্‌ব?

বিদ্যুল্লতা।—ওগো ঠাকরুণ! ভ্যাকের দরকার কি? আপন ইচ্ছা হইলে অভাবনীয় কার্য্য হয়। টাকার দরকার নাই, সঙ্গীর দরকার নাই। কার্য্যটি ভাল এই বিশ্বাস—কার্য্যটিতে অন্যের মঙ্গল এই বিশ্বাস, ও আমাকে এই কার্য্য করিতে হইবে এই প্রতিজ্ঞা।

গোপাল।—আপনাদিগের সংস্কার হইতে পারে যে, বিলাতে স্ত্রীলোকেরা গৃহকর্ম্ম কিছুই করেন না; কিন্তু বাস্তবিক তাহা নয়। মধ্যবর্ত্তী লোকদিগের গেহিনীরা প্রত্যূষে উঠিয়া রাঁধুনিকে আহার প্রস্তুত করিতে সাহায্য করেন। সাড়ে সাতটার সময়ে বাটীর কর্ত্তা আপন কার্য্যার্থে বাটী হইতে গমন করেন। গেহিনী আপন কিঙ্করীকে লইয়া উপরে যাইয়া বিছানা করেন, গৃহ সকল পরিষ্কার করেন; পরে পাকশালায় আসিয়া হাঁড়ি সকল দেখা ও পাকের সরঞ্জাম প্রস্তুত হয়। যেমন খাদ্য পাক হয়, তেমনি সঙ্গে সঙ্গে অন্য একটা আহারীয় প্রস্তুত হয়। বেলা একটার সময় আহার প্রস্তুত; যাঁহারা উপস্থিত থাকেন, তাঁহারা ভোজন করেন। পরে গেহিনী উপরে যাইয়া পরিষ্কার হইয়া সুশোভিত হয়েন। তখন শিল্পকার্য্যের চুবড়ি লইয়া হয়ত শিল্পকার্য্য করেন, নয়ত পুস্তক পাঠ করেন, নয়ত কিছু রচনা লেখেন। বেলা পাঁচটার সময় কর্ত্তা আইসেন; তখন সকলে আহার করেন; তাহার পর বায়ুসেবনার্থে তাহারা পদব্রজে অথবা গাড়িতে বাহিরে বেড়াইতে যান। রাত্রে সঙ্গীত অথবা তাস প্রভৃতি খেলা হয়। রাত্রি নয়টার সময় কিঞ্চিত আহার করিয়া সকলে ঈশ্বরোপাসনা করেন। মধ্যবর্ত্তী লোকেরা স্বল্প ব্যয় হইবে বলিয়া প্রতি সপ্তাহে দুই দিবস আপন আপন রুটি বাটীতে প্রস্তুত করিয়া রুটিওয়ালার নিকট সেক করিতে পাঠাইয়া দেন। রবিবারে কেহ কর্ম্ম করে না; সকলে আরাম করে। অনেক পরিবারে ঐ দিবসে রান্ধিবার জন্য অগ্নি প্রজ্বলিত হয় না; কেবল শীত নিবারণজন্য যাহা আবশ্যক হয়, তাহাই হইয়া থাকে; রন্ধন পূর্ব্বদিবসে প্রস্তুত হইয়া থাকে। সোমবারে ময়লা বস্ত্রাদি ধৌত হয়। মঙ্গলবার রুটি প্রস্তুত করিবার দিবস। বুধবার হিসাব দেখিবার দিন। বৃহস্পতিবার যে সক

ক্ষুদ্র ক্ষুদ্র বস্ত্র বাটীতে ধৌত হইতে পারে তাহা হইয়া থাকে। শুক্রবারও রুটি প্রস্তুত করিবার দিবস। শনিবারে সকল পরিষ্কার হইয়া থাকে। ডুলিচা প্রভৃতি সকল সাফ হয়, যাহাতে বাটীতে কোন অপরিষ্কার না থাকে তাহাই করা হয়।—অতএব দেখিবেন যে ইংলণ্ডের গৃহিনীরা পরিশ্রমে ক্ষান্ত হয় না। এক্ষণে আপনারা অনুগ্রহ করিয়া কিঞ্চিৎ জলযোগ করুন।

এই বলিবামাত্র তাহার স্ত্রী দুইখানি সরভাজা সকলের নিকট ধরিলেন। কোন কোন রাত্রে যেমন রাশি রাশি তারা প্রকাশ হয়, সেইরূপ যামানয়ন নয়নোপরি পতিত হইয়া তারকাসাগরন্যায় ভাসমান হইল। এই উজ্জ্বল-চক্ষুতে সম্মতি স্থাপিত হইলে অর্পিত দ্রব্য পরিত্যক্ত হইল না ও সকলেই একটু একটু টুক্‌রা ভাঙ্গিয়া বদনে প্রদান করিয়া মস্তক নোয়াইয়া রহিলেন। গোপাল সকলের নিকট হইতে বিদায় লইয়া বাহির-বাটীতে আসিলেন।

দুই একজন স্ত্রীলোক বলিলেন—গোপাল বাবু বিলাত গিয়াছিলেন, এজন্য তাঁহার বাটীতে কিছু গ্রহণ করিব না, কিন্তু তাঁহার উচ্চ চরিত্র ভাবিলে ও তাঁহাকে দেখিলে জাতিভেদ মনে হয় না।

পঞ্চদশ পরিচ্ছেদ।

সন্তানাদির বিবরণ।

ভবভাবিনী ও কুলপাবন সর্ব্বদা একত্র থাকে। দুই জনেই মাতার অনুকরণ করে ও একজন যাহা শিখে তাহা অন্য জনকে বলে। তাহাদিগের মধ্যে কিছুই গোপন নাই ও সর্ব্বদা বলাবলি করে—মা বাপের মত কিরূপে হইব? তার কুমারের নাম হইল ভবতোষ, কারণ ঐ বালকটী সর্ব্বদাই হাস্য করে। ভবভাবিনী ও কুলপাবনের শিক্ষা স্কুলশিক্ষান্যায় হইত না। পিতা ও মাতা তাহাদিগের মনে উদ্বোধন করিয়া দিতেন; পরে তাহারা চিন্তা ও অনুসন্ধানদ্বারা অসারকে পরিত্যাগ করিয়া সার গ্রহণ করিতেন। বিবেক-শক্তির পরিচালনা হইলে স্মরণশক্তির উন্নতি আপনা আপনি হয়। কালেতে পুত্র ও কন্যার যৌবনাবস্থা হইল। পল্লির স্ত্রীলোকেরা আসিয়া তাহাদিগের বিবাহের কথা প্রস্তাব করিত, কিন্তু কি পিতা, কি মাতা, তাহাতে কর্ণপাতও করিতেন না। কন্যা ও পুত্র জ্ঞানানন্দে ও ধর্ম্মানন্দে এমত আনন্দিত থাকিতেন যে, বিবাহচিন্তা কদাপি করিতেন না। গোপাল কৌন্সলির কর্ম্ম করিয়া অর্থ উপার্জ্জন করিতে লাগিলেন। আয় বৃদ্ধি হওয়াতে অপ্রকাশ্য অথচ বিশেষরূপে পরোপকার করিতে লাগিলেন। বাটীতে দরিদ্র লোকের বালিকাদিগের জন্য এক পাঠশালা স্থাপন করিলেন। শান্তিদায়িনী ও ভব-ভাবিনী শিক্ষা দিতেন ও যে সকল বালিকার বস্ত্র থাকিত না, তাহাদিগকে বস্ত্র দিতেন। যে সকল বালিকা পড়িত তাহাদিগের ভবনে যাইয়া তাহা-

দিগের গৃহ পরিষ্কাররূপে আছে কি না তাহা তদারক করিতেন ও তাহাদিগের পিতামাতার অনাটন হইলে অর্থ দিতেন। যে যে বালিকা উত্তম শীল ও চরিত্র প্রকাশ করিত, তাহাদিগকে শান্তিদায়িনী কোলে লইয়া মুখচুম্বন করিতেন। বাটীতে মধ্যে মধ্যে অন্নব্যঞ্জন প্রস্তুত করিয়া খাওয়াইতেন।

এক দিবস বাটীতে গোপাল স্ত্রী ও সন্তানদিগকে লইয়া বসিয়া আছেন, এমত সময়ে বড় গোল উঠিল—"জিন্নিপাখির মা পিসিপেৎনী, মধুসেনের মা পিসিপেৎনী হো, হো, হো!" বাটীর একজন চাকর আসিয়া বলিল যে, একজন রাক্ষসীর মতন মেয়েমানুষ আসিতেছেন ও রাস্তার ছোঁড়াবা ঐ কথা চীৎকার করিয়া বলিয়া তাঁহার গায়ে ধুলা দিতেছে। দেখিতে দেখিতে ঐ স্থূলাঙ্গী আসিয়া উপস্থিত—হাঁপাইতে লাগিলেন। কিয়ৎকাল পরে বলিলেন—বাবা! অনেক যায়গায় গেলাম বটে, কিন্তু কোথাও আরাম পাই নাই। কুপুত্রের কথা স্মরণ করি ও নয়নের জলে ভেসে যাই। হা বিধাতঃ! সৎপুত্র না হইলে নিস্তার নাই।

গোপাল।—বাছা, রোদন করিও না; তুমি এইখানে থাক।

সন্ধ্যা না হইতে হইতে পল্লির দুই চারি জন আসিয়া উপস্থিত হইলেন। বালকবালিকার শিক্ষাবিষয়ক অনেক আলাপ হইল। তাঁহারা বলিলেন, সুশিক্ষা দুষ্প্রাপ্য; স্কুলে পড়িলেই সুশিক্ষা হয় না। পিতামাতা উত্তম শিক্ষক হইবেন ও আপনারা সন্তানদিগকে শিক্ষা দিবেন, নতুবা ভাল শিক্ষা হওয়া ভার।

গোপাল।—আমার এই মত।

অঙ্গনারা। কিন্তু সর্ব্বত্রে ত শান্তিদায়িনী নাই—শান্তি কোথা হইতে হইবে?

শান্তিদায়িনী করজোড় করিয়া বলিলেন,—দিদি! অত্যুক্তি হইতেছে—আমি আপনাদিগের পদতলে পড়িয়া আছি।

অঙ্গনারা।—গোপালবাবু! ভাগ্যক্রমে লক্ষ্মী পেয়েছ। এক গুণবতী স্ত্রীতেই তোমার সর্ব্ববিষয়ে শ্রী। আহা! কি সহিষ্ণুতা, কি মিষ্ট বাক্য, কি ধর্ম্মপরায়ণত্ব, কি ঈশ্বরেতে ভক্তি। এমন মেয়েমানুষের কাছে দুই দণ্ড বসিলে প্রাণ শীতল হয়।

ষোড়শ পরিচ্ছেদ।

সমাহিতার বৃত্তান্ত।

মধ্যাহ্ন সময়; প্রখর রবি। শান্তিদায়িনী শিল্পকার্য্য করিতেছেন। মস্তক নিম্নে—উত্তোলন করিবামাত্র দেখিলেন, একজন সুন্দরী কন্যা একটি বালিকার হস্তধারণপূর্ব্বক দণ্ডায়মানা। যুবতী গৌরাঙ্গী, কৃশাঙ্গী, শুষ্কবদনা, রোরুদ্য-

মামা, বিশালাক্ষী, এলোকেশী। গেহিনী আস্তেব্যস্তে জিজ্ঞাসা করিলেন—বাছা তুমি কে? ঐ রমণী সম্মুখে বসিয়া আপন বৃত্তান্ত বলিতে আরম্ভ করিলেন। —মা! আমি ব্রাহ্মণ-কন্যা; বাটী বীরভূম। ভাগ্যক্রমে এক ধর্ম্মপরায়ণ ব্যক্তির সহিত বিবাহ হইয়াছিল; তাঁহার নিকট হইতে অনেক উপদেশ পাই ও জীবনের সারকার্য্য কি তাহা জানিয়া সেই অনুসারে তাঁহার অনুকরণ করিতাম। তাঁহার প্রধান উপদেশ এই যে, শোক ও দুঃখে অস্থির হইও না, সৎসঙ্গ করিও, পবিত্র পুস্তক পাঠ করিও ও জগদীশ্বরকে সর্ব্বদা ধ্যান করিও। কালক্রমে এই কন্যাটি জন্মিলে, ইহাকে সদুপদেশ দিতেন ও কিপ্রকারে ইহাকে শিক্ষা দিতে হইবে তাহা আমাকে বলিয়া দিতেন। অনেকে কন্যা-সন্তানকে সন্তান জ্ঞান করেন না। তিনি আমাকে সর্ব্বদা বলিতেন—কন্যা ও পুত্র সমতুল্য ও সমানরূপে শিক্ষিত হওয়া কর্ত্তব্য। মনু বলিয়াছেন যে, কন্যা অতিশয় স্নেহের পাত্রী। পতির সদালাপ ও সদানুশীলনে অতিশয় সুখী ছিলাম। জীবনের স্রোত সমানরূপে বহে না ও সকল অবস্থা অতীত হইতে পারে না। দুঃখ ও শোক কি কারণে প্রেরিত হয় তাহা জগদীশ্বর জানেন; বোধ হয় আমাদের উন্নতির জন্য। আমরা দুর্ব্বল মানব, তাঁহার সকল কার্য্য বুঝিতে পারি না। দৈবাৎ পতির সাংঘাতিক পীড়া হইয়া তাঁহার মৃত্যু হইল। তিন দিবস ও তিন রাত্রি তাঁহার নিকটে থাকিয়া শুশ্রূষা করিয়াছিলাম। আমার গলদেশে হস্ত দিয়া ও আমার ক্রোড়ে মস্তক রাখিয়া প্রাণত্যাগ করিলেন। কেবল এইমাত্র বলিলেন—শান্ত হও; আমার জন্য শোকে জগদীশ্বরকে চিন্তা তোমার বৃদ্ধি হইবে, কন্যাটিকে পবিত্র শিক্ষা প্রদান করিও। তাঁহার মৃত্যুর পরে আত্মীয়গণ সাংসারিকভাবে সান্ত্বনা করিতে আসিতেন, কিন্তু কিছুই ভাল লাগিত না; বরং উত্তম উত্তম পুস্তক ও সাধু ব্যক্তিদিগের নিকটে বসিয়া পারলৌকিক কথা শুনিলে অথবা পরমেশ্বরকে ধ্যান করিলে আরাম পাইতাম। পতির বিষয়াদি যাহা ছিল তাহা সামান্য। যে বাটীতে থাকিতাম তাহা তাঁহার নিজ বিষয় ছিল না। আমি অনাশ্রয়ী—জ্ঞাতিগোত্রে মিলিয়া আমাকে বাটী হইতে বাহির করিয়া দিল। কেহ কেহ পরামর্শ দিল, তুমি নালিস কর; আমি সে পথ অবলম্বন না করিয়া প্রান্তভাগে একখানি কুটীর ভাড়া করিয়া কিছুকাল থাকিতাম ও আমার দুই এক অলঙ্কার যাহা ছিল তাহা বিক্রয় করিয়া কষ্টে গ্রাসাচ্ছাদন নির্ব্বাহ করিতাম। এক্ষণে অর্থাভাবজন্য এ কন্যাটির হস্তধারণ করিয়া পথে পথে বেড়াইতেছি। যাহা ভিক্ষা করিয়া পাই তাহা লইয়া ইহাকে এক মুটা দিই। আমার নিজের আহারজন্য ব্যস্ত নহি—হলো হলো, না হলো না হলো। যতদূর জগদীশ্বর বল দিয়াছেন ততদূর ক্লেশ সহ্য করিতেছি। ঈশ্বর ক্লেশের দ্বারা আমাদিগকে উচ্চ করেন, তিনিই ধন্য।

এই কাহিনী শুনিয়া শান্তিদায়িনী ঐ কন্যাকে ক্রোড়ে লইয়া স্বীয় অঞ্চল দিয়া তাঁহার মুখ মুছাইয়া দিতে দিতে তাঁহার দুঃখজন্য মুগ্ধ হইয়া অশ্রুপাত

করতঃ বলিলেন—মা! তুমি কৃপা করিয়া এখানে থাক। তোমার ন্যায় নারী নিকটে থাকিলে স্থান পবিত্র হয়।

যে নারী উপস্থিত হইলেন, তাঁহার নাম সমাহিতা ও তাঁহার কন্যার নাম মোক্ষবিলাসিনী। কুলপাবন ও ভবভাবিনী অন্য গৃহে ছিলেন, মাতার নিকট আসিয়া সমাহিতা ও তাঁহার কন্যাকে দেখিয়া চমৎকৃত হইলেন।

ভবভাবিনী মোক্ষবিলাসিনীকে ক্রোড়ে লইয়া তাহার মুখচুম্বন করিতে লাগিলেন। মাতা কন্যা মলিন বস্ত্র পরিধানা; তথাচ তাঁহাদিগের আত্ম-জ্যোতিঃ তাহাদিগের বদনে ভাসমান। স্নাত হইয়া ও নূতন বস্ত্র পরিধান করতঃ উভয়ে আহার করিলেন। শান্তিদায়িনী দেখিলেন যে, সমাহিতা ও তাঁহার কন্যার অন্তরের ভাবে সম্পূর্ণ সমতুল্য। তাহাদিগের লইয়া সুখে কালযাপন করিতে লাগিলেন। গোপাল কলিকাতা হইতে আসিয়া সমাহিতার সহিত আলাপ করিয়া পরম আপ্যায়িত হইলেন। সদালাপ, ধর্ম্মালাপ, ঈশ্বর-আলাপ, নিষ্কাম কার্য্যের অনুষ্ঠান, ধার্ম্মিক লোকের আত্মীয়তার মূলবর্দ্ধন হয়।

বাটীর নিকট শান্তিদায়িনী একখানি ফলফুলের উদ্যান প্রস্তুত করিলেন; সেখানে একটী কুটীর নির্ম্মিত হইল ও তথায় আপনি, কন্যাপুত্র, সমাহিতা ও মোক্ষবিলাসিনী প্রাতে ও বৈকালে যাইয়া মৃত্তিকা প্রস্তুত, বীজবপন ও উদ্ভিদ সকলের রক্ষণাবেক্ষণ করিতেন। সঙ্গে একটী কুকুর ও বিড়াল থাকিত তাহা-দিগকে আদর করিতেন। শ্রান্ত বোধ হইলে কুটীরে আসিয়া বসিতেন। ভবভা-বিনী ও মোক্ষবিলাসিনী মিষ্টস্বরে ঈশ্বরের কৃপাবিষয়ক গান করিতেন। শান্তি-দায়িনী মুগ্ধ হইতেন ও সমাহিতার নয়ন দিয়া মুক্তধারা অশ্রুতে তাহার বিমল বদনের স্বর্গীয়ভাব প্রকাশ হইত। শান্তিদায়িনী জিজ্ঞাসা করিতেন, 'ভগিনি! পতির জন্য কখন কখন কি কাতর হও?' 'দিদি! হাঁ মধ্যে মধ্যে কাতর হই, কিন্তু এই কাতরতাই আমার মঙ্গলের সোপান। যিনি শোক প্রেরণ করেন, তাঁহাকে ভাবিলে তিনি শোক হরণ করেন। যখনই ঈশ্বরকে চিন্তা করি, তখনই শোকাতীত হই।' কুটীরের ভিতর পিঞ্জরে নানা পক্ষী থাকিত। বাগানের একপার্শ্বে নানাপ্রকার পাখরা ছিল। গলাফুলা, নোটন, মুক্ষি, গেরওয়াজ, বোগদাদ, সেরাজু, গোলা ইত্যাদি;—ডানানাড়ার শব্দ, বকবকম-কুম, নিম্নে আসিয়া দানা খাইবার কোলাহল সর্ব্বদাই হইতেছে। উদ্যানের ভিতরে একটি পুষ্করিণী ছিল, তাহা মৎস্যে পরিপূর্ণ, ধৃত হইত না, মুড়ি অথবা চিড়া ফেলিলে মৎস্য ভাসিয়া উঠিত ও খেলা করিয়া বেড়াইত।

বসন্তের সমাগম। উদ্যানের বৃক্ষ ও লতা যেন নব কলেবর ধারণ করি-য়াছে। যাহা শুষ্ক তাহা রসযুক্ত হইল, যাহা জীবন-বিহীন তাহা যেন জীবন-পূর্ণ হইল। প্রত্যেক অঙ্কুর ও পুষ্প হ[illegible] রস উচ্ছ্বাসিত হইতেছে। পত্র, কুঁড়ি ও পুষ্প নানাবর্ণীয়—শ্বেত, পীত, [illegible] মরকত, লাল বর্ণে মিশ্রিত ও এত বর্ণনাতীত যে, চিত্রকর তাহা অনু[illegible] করিতে অক্ষম। চতুর্দ্দিকের গন্ধে ঘ্রাণেন্দ্রিয় বিমোহিত। দর্শনে ও ঘ্রা[illegible] সমাহিতা পুলকিতা হইয়া ঊর্দ্ধ-

নয়নী হইয়া বলিলেন—দিদি! এরূপ অবস্থাতে চিত্ত সৃষ্টিতে স্থায়ী হয় না, যিনি বিশুদ্ধ ও অনন্ত প্রেম স্বরূপ তাঁহাতেই সংযুক্ত হয়। শান্তিদায়িনী সমাহিতার বাক্য শুনিয়া তাঁহার গলদেশে হাত দিয়া প্রেমে মগ্ন হইয়া তাঁহার মুখচুম্বন করিলেন। উক্ত দুই বামা ঈশ্বরপ্রেমে মগ্ন হইয়া বিগলিতচিত্তে থাকিলেন ও তাঁহারা যেন স্বর্গ ত্যাগ করিয়া নিম্নে আসিয়াছেন এইরূপ প্রকাশ হইল।

কিয়ৎকাল পরে উক্ত দুই নারী ও তাঁহাদিগের কন্যারা পল্লীর দরিদ্র ব্যক্তিদিগের আবাসে গমন করিতে লাগিলেন। তাহাদিগের ভগ্নকুটীরে যাইয়া বালাওার মাদুরের উপর উপবেশন করেন;—তাহারা জীবিকা কিরূপে নির্ব্বাহ করিতেছে, তাহারা সন্তানাদি লালন পালন করিতে পারিতেছে কি না তাহা জিজ্ঞাসা করেন ও তাহাদিগের অভাব কি তাহা অবগত হইয়া গোপনে বিমোচন করেন। কাহাকে অর্থ দেন, কাহাকে বস্ত্র দেন, কাহাকে ঔষধি দেন, কাহাকে নীতিবিষয়ক পুস্তকাদি দেন,—এইরূপে দরিদ্রলোকের যথাসাধ্যানুসারে সুখ বৃদ্ধি করিতে চেষ্টা করেন। জাতিভেদ গণনা করেন না, হাড়ি হউক, চণ্ডাল হউক, উপকার করণের পাত্রী দেখিলেই উপকার করেন। নীচজাতীয় সন্তানদিগকে ক্রোড়ে করিয়া মুখচুম্বন করতঃ আদর করেন। যদি কেহ কোন গৃহকার্য্য করিতে অক্ষম, তাহার গৃহকার্য্য তাঁহারা করেন। যদি কেহ পীড়ায় শয্যাগত হয়, তাহার আরামজন্য শুশ্রূষা করেন। ভয়ানক রোগাদি দেখিয়া ভীত হয়েন না। বসন্ত, হাম, ইত্যাদি রোগ দেখিলে অনেকে নিকটে যায় না, তাঁহারা অকুতোভয়ে নিকটে বসিয়া সেবার দ্বারা রোগের যন্ত্রণা কমাইতেন। সামান্য স্ত্রীলোকেরা ঐ নারীদ্বয়ের উচ্চ অভিপ্রায় না বুঝিতে পারিয়া বলিত—ওমা! ব্রাহ্মণ পণ্ডিতকে দেওয়া গেল, পুরাণ শুনা গেল, ব্রত নিয়ম গেল, অস্পর্শীয় জাতিদিগের বাটীতে আসিয়া বৃথা সময় নষ্ট করিলে কি লাভ হইবে?

সপ্তদশ পরিচ্ছেদ।

জীবনচেতন সামশ্রমীর বিবরণ ও কন্যাপুত্রের বিবাহের কথাবার্ত্তা।

কলিকাতায় এক আফিস লইয়া গোপাল তথায় থাকেন। এক কামরায় যাবতীয় আইন, অ্যাক্টরিপোর্ট, প্রিভি-কৌন্সিলের ও অন্যান্য আদালতের বিচার ও সরেস সরেস আইনের পুস্তক সকল শেল্পে সাজান। মোকদ্দমা পড়িলেই তাহার সার অসার নির্ব্বাচিত করেন ও কি কি অংশ প্রমাণের ও কি কি অংশ আইনের উপর নির্ভর করেন তাহা স্বতন্ত্র করিয়া গোপাল বিশেষ মনোযোগ দিয়া আদালতের কার্য্য করিতেন। বুদ্ধি প্রখর, মেধা অসাধারণ,—যাহা হাতে লইতেন তাহাতেই প্রায় জয়ী হইতেন। যাহার পক্ষে তিনি থাকিতেন, সেই প্রায় জয়ী হইত। গোপাল অধিক বক্তৃতা করিতেন না,

কেবল কেযো কথাগুলিন শৃঙ্খলা করিয়া বলিতেন; তাহা শুনিয়া জজেরা তাঁহার পক্ষে ঝুঁকে যাইতেন।

জীবনচেতন সামশ্রমী বাল্যকালাবধি তাঁহাকে জানিতেন। তিনিও বিলাতে যাইবা কৌন্সলি হইবা আসিযাছেন। ইতিপূর্ব্বে কৃষ্ণনগরে গোপালের বাটীতে ভবভাবিনীকে দেখিয়া মনে করিতেন—এই বালিকার মুখশ্রী চমৎকার —যদি বিবাহ করিতে হয়, তবে ইহাকেই বিবাহ করিব; কিন্তু অগ্রে বিলাত হইতে ফিরিয়া আসি। বিলাতে গোপালের নিকট তাঁহার পরিবারের তত্ত্ব করিতেন। ভবভাবিনীর উপর যে তাঁহার দৃষ্টি আছে, তাহা গোপাল অনবগত; এজন্য তিনি মনে করিতেন যে, কেবল আত্মীযভাবে তত্ত্ব করিতেন। বিলাত হইতে ফিরিয়া আসিয়া জীবনচেতন গোপালের সহিত মিলিত হইলেন ও তাঁহার অনুকরণ করতঃ বিখ্যাত হইলেন। ক্রমে এক এক মোকদ্দমায় দুইজনে নিযুক্ত হইতেন। আপামর সাধারণ লোকে বলিত, দুটো বাঘাভাল্লো কৌন্সলি। জীবনচেতন গোপালকে বলিলেন—আমার নিতান্ত বাসনা যে, ছুটিতে মাতাকে দর্শন করিয়া আসি। গোপাল আহ্লাদপূর্ব্বক সম্মত হইলেন।

বৈকালে শান্তিদায়িনী ও সমাহিতা দুইটি কন্যা ও পুত্রকে লইয়া উদ্যানে বসিয়াছেন, এমত সময় গোপাল জীবনচেতনকে লইবা উপস্থিত হইলেন। সমাহিতা ও মোক্ষবিলাসিনীর বৃত্তান্ত গোপাল পূর্ব্বেই অবগত হইয়াছিলেন। শান্তিদায়িনী তাঁহাদিগের যাহা আনুকূল্য করিতেন তাহা ভর্ত্তাকে লিপিদ্বারা ব্যক্ত করিয়াছিলেন। গোপাল সমাহিতাকে বলিলেন—আপনি এখানে থাকিয়া আমাদিগকে পবিত্র করিতেছেন, আপনি আমার সহোদরা। সমাহিতা মস্তক হেঁট করিযা কেবল স্বীয কৃতজ্ঞতা প্রকাশ করিলেন। জীবনচেতন ঈষদ্ধাস্য ও মধুর কটাক্ষ ভবভাবিনীর প্রতি নিক্ষেপ করিতেছেন, কিন্তু ভবভাবিনী ভবাতীত হইযা বহিযাছেন, সমাহিতা বলিলেন, কেমন মা! গুণবতী হইযাছ এক্ষণে পতিগ্রহণ করিবার বাসনা কি হয়? ভবভাবিনী বলিলেন, না মা। কেবল আপনাদিগের ন্যায় সৎকার্য্য অর্থাৎ পরোপকার ও দয়ার কার্য্য করিতে ইচ্ছা যায়, বিবাহ করিতে ইচ্ছা যায় না। সমাহিতা—তবে মা ব্রহ্মবাদিনী অথবা ননের ন্যায় থাকিতে চাহ? কিন্তু পাতিব্রত্য ধর্ম্ম উত্তম ধর্ম্ম। ইহা অবলম্বন করিলে আত্মার উন্নতিসাধন হয়, কারণ ইহাতেই নিষ্কাম ভাবের উদ্দীপন।

ভবভাবিনী। পাতিব্রত্য ধর্ম্ম উচ্চ ধর্ম্ম বটে ও এই ধর্ম্ম অনুষ্ঠানে সকামভাব ক্রমশঃ খর্ব্ব হয়। অনেকানেক উচ্চ নারী পাতিব্রত্য ধর্ম্ম অবলম্বনে ঈশ্বরপরায়ণ হইয়াছেন; কিন্তু আমার চিত্তের ভাব নিষ্কাম কার্য্য করা।

যেরূপ জীবনচেতন ভবভাবিনীকে লক্ষ্য করিতেছেন, কুলপাবন মোক্ষবিলাসিনীর প্রতি কটাক্ষ করিতেছেন। মোক্ষ ব্রীড়াতে পূর্ণ হইয়া মস্তক নত করিতেছেন।

শান্তিদায়িনী ও সমাহিতা কর্ণে কর্ণে বলাবলি করিলেন যে উপস্থিত বিষয়ে আমাদিগের বিধি নিষেধ নাই। যখন দুই মন একমন হইবে তখন আমাদিগের বক্তব্য প্রকাশ করিব।

জীবনচেতন মনে মনে বলিতেছেন গতিক ভাল নহে—"আমি যাকে ভালবাসি সেই দেয় ফাঁকি ?" দেখিতেছি, লঙ্কায় আসিয়া হলুদের গুঁড়া লইয়া যাইতে হইবে।

গোপাল সকলই বুঝিয়াছেন, কিন্তু নিবৃত্তিভাবে থাকিলেন। পরদিন বৈকালে শান্তিদায়িনী ও সমাহিতা বাগানের আটচালায় বসিয়া আছেন। জীবনচেতন ও কুলপাবন আসিয়া তাহাদিগের পদতলে পড়িলেন। জীবনচেতন বলিলেন, মা! বহুকালের আশা পূর্ণ কর। ভবভাবিনী ভিন্ন অন্য স্ত্রীলোক আমি জানি না। এখানে ও বিলাতে অনেক সম্ভ্রান্ত পরিবারের কন্যাকে বিবাহ করিতে পারিতাম; কিন্তু ধনের অথবা মানের জন্য স্ত্রীগ্রহণ করিতে চাহি না। যাহার সহিত সঙ্গ করিলে পারলৌকিক মঙ্গল হয় সেই শ্রেষ্ঠতম নারী, সেই ধর্ম্মপত্নী হইবার যোগ্য। কুলপাবন বলিলেন, মা! যদি মোক্ষবিলাসিনীকে না পাই তবে আর পত্নীগ্রহণ করিব না, আমি বিলক্ষণ করিয়া দেখিয়াছি যে তাঁহার চিত্ত ও আমার চিত্ত সমচিত্ত, দুই জনে একত্রিত হইলে যেন অন্তরে একত্ব হয়। এই কথাবার্ত্তা হইতেছে ইতিমধ্যে ভবভাবিনী ও মোক্ষবিলাসিনী পরস্পরের গলায় হাত দিয়া এক সংস্কৃত শ্লোক পাঠ করিতে করিতে আসিয়া মায়েদের কোলে বসিলেন। জীবনচেতন ও কুলপাবন নিস্তব্ধ হইয়া থাকিলেন। কন্যাদ্বয় প্রফুল্লভাবে বাগানে ফুল তুলিতে গেলেন।

অম্বিকা কিঙ্করী আসিয়া বলিলেন—একজন ঘটকী আসিয়াছে, দেখা করিতে চায়। অনুমতি পাইয়া তিনি নিকটে আসিলেন।

ঘটকী। মা! ঘুরে ঘুরে না খাওয়া না দাওয়া করে তোমার মেয়ের ও বেটার সম্বন্ধ করিয়াছি। হরলাল বাবুর ছেলে এন্‌ট্রেন্স ও এফ এ পাস করিয়াছে এইবার বিএতে পাস হবে। ছেলেটি বড় ভাল—রাতদিন পড়ে, বাপের বিষয় প্রচুর, পুরুষানুক্রমে পায়ের উপর পা দিয়া খেলেও ফুরবে না, আর তোমার মেয়ে গহনা পরে এলে যাবে। ছেলেটির যে সম্বন্ধ করিয়াছি তাহাও বড় ভাল—পিতল রূপা সোণার বরাভরণ, ঘড়ির চেইন, হীরার আংটি, মেয়ের গা সাজন্ত গহনা ও হাজার টাকা নগদ। গড়ের বাজনা বাজাইয়া বে করিতে আসিবে। এখন কি বল, পাকা কথা অথবা দেখা শুনা না করলে আমি থামিয়া রাখিতে পারি না।

শান্তিদায়িনী কিছুতেই বিরক্ত নহেন, সকল কথা শুনেন ও যে উত্তর দিতে হয় তাহা স্বল্প কথাতে বলেন,—বুঝিলাম, আপনার কথা কর্ত্তাকে বলিব।

ঘটকী। না খেয়ে পেট চোঁ চোঁ করচে—একটা কাঁটাল ও সন্দেশ দেও, নিয়ে যাই।

শান্তিদায়িনী। অম্বিকে, ঘরে যে খাদ্য সামগ্রী আছে, ঘটক ঠাকরুণকে দাও, উনি যদি বয়ে নিয়ে যেতে না পারেন, তুই বাছা বয়ে নিয়ে যা, বাছা একটু ক্লেশ হবে কিছু মনে করিস্‌নে।

ঘটকী। মাগো! এত গুণ না হইলে তোমার ঘরে লক্ষ্মী বিরাজমান কেন হবেন? পোড়া লোকে বলে, তোমার জাত গেছে, তাদের মুখ পুড়ে যাউক।

গ্রামের কতকগুলি লোক গোপালকে ঘিরিয়া আইনসম্বন্ধীয় প্রশ্নে তাঁহাকে ক্ষতবিক্ষত করিতেছিল। তাহারা চলে গেলে গোপাল বাগানে আসিয়া আরাম পাইলেন। তিনি বসিলে প্রস্তাবিত বিবাহের কথা উপস্থিত হইল। দুইটি কন্যা বলিলেন, এ দেশে অনেক স্ত্রীলোক বিবাহ করিত না, তাহারা বিশেষ ঈশ্বরপরায়ণ ছিলেন ও আপনি বলিতেছেন, বিলাতে অনেক স্ত্রীলোক পরোপকার ও সৎকার্য্য করিয়া জীবনযাপন করেন। অবিবাহিতা হউক, বিবাহিতা হউক, সধবা হউক বা বিধবা হউক স্ত্রীলোক ঈশ্বরেতে সমভাবে মগ্ন থাকিয়া পার্থিব কার্য্য করিবে। এই নশ্বর জীবন ধারণের আনুকূল্য জন্য পতিগৃহীত হইতে পারে, নচেৎ কি প্রয়োজন?

সমাহিতা। যাহা বলিতেছ তাহা প্রশংসনীয়; কিন্তু পুরুষের দারগ্রহণ ও স্ত্রীলোকের পতিগ্রহণে পরস্পরের স্নেহ ও প্রেমের উদ্দীপন এবং সন্তান-সন্ততি হইলে তাহাদিগের লালনপালন ও শিক্ষা দেওনে আপন উন্নতি। দেখ, তোমাদিগের জন্য তোমাদের পিতা মাতা কি না করিয়াছেন? তোমাদিগের প্রতি স্নেহ অর্পণ, তোমাদিগের সৎশিক্ষা প্রদান করাতে আপন প্রেমের কবাট উদ্ঘাটন করা ও আপন জ্ঞান বৃদ্ধি করা হইয়াছে। ভবভাবিনী ও মোক্ষবিলাসিনী এই উপদেশ পাইয়া মৌন রহিলেন, মৌনতেই সম্মতি, ব্রীড়ায় মস্তক নত করিয়া থাকিলেন। জীবনচেতন ও কুলপাবন তাহাদিগের প্রতি স্নেহপূর্ণ কটাক্ষ করিতে লাগিলেন, ও কিয়ৎকাল পরে তাহাদিগকে লইয়া বাগানের প্রান্তভাগে ভ্রমণ করিতে গেলেন। এক্ষণে কথাবার্ত্তা ভিন্ন ভাবে হইতে লাগিল। এক্ষণে দূরত্ব নৈকট্য হইল, এক্ষণে বাহ্য ও আন্তরিক ভাব সমান। যাহার যে স্ত্রী তিনি তাহার হস্ত ধারণ করতঃ ভ্রমণ করিতেছেন, সদালাপে মগ্ন, বাটীতে প্রত্যাগমন করিতে হইবে তাহার চেতনা হইতেছে না, রাত্রি অধিক হইল, বাটীর দৌবারিক আসিয়া বলিল, কর্ত্তা ডাকিতেছেন, তখন তাঁহারা সকলে গৃহে প্রত্যাগমন করিলেন।

অষ্টাদশ পরিচ্ছেদ।

বিবাহ।

বিবাহের দিবস প্রাতঃকালে দিনমনি নবীন আভাতে পূর্ব্বদিক্ চমৎকার চিত্র করিলেন, সমীরণ মন্দ মন্দ বহিতে লাগিল। গোপালের ভবন উড্ডীয়মান পতাকায় সুশোভিত, নহবতখানা হইতে ভৈরব, ললিত, রামকেলী, দেয়সাক, কোকব রাগরাগিণীর আলাপ হইতেছে। দ্বারে ফকির বেওভাট নাগাতে পূর্ণ। শান্তিদায়িনী সমাহিতা ও প্রত্যূষে সমস্ত পরিবারকে লইয়া ঈশ্বর-উপাসনা সাঙ্গ করিয়া পল্লিস্থ কাঙ্গাল ভোজন করাইতেছেন। ব্রাহ্মণ পণ্ডিত লোভাক্রান্ত হইয়া বাটীতে প্রবেশ করিতেছে। দালান, পত্র ও রক্তিমাবর্ণ বস্ত্রে আচ্ছাদিত। নীল-বঙ্গের সামেয়ানা বায়ুতে দোদুল্যমান। কিঙ্কর ও কিঙ্করীরা নানাবর্ণীয় বস্ত্রে ও পৌষ্য অলঙ্কারে বিভূষিত। সন্দেশ মিঠায়ের মিষ্ট গন্ধ, ভোমরা বোল্তা ও মক্ষিকার ভন্‌ভনানি, লুচি কচুরি ভাজির ভাজন-শব্দ ও আনন্দে দেখে কোলাহলে বাটী পূর্ণ, চতুর্দ্দিকে কেবল দীয়তাং ভূজ্যতাং। আত্মীয়বর্গের আগমন আরম্ভ হইল। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি শিশু, সকলেই সুন্দররূপে আহূত ও মিষ্টালাপের দ্বারা অভ্যর্থিত হইতেছে। শান্তিদায়িনী ও সমাহিতা সর্ব্বত্রে ঘুরিয়া বেড়াইতেছেন। দুই বর এক ঘরে, দুই কন্যা এক ঘরে শান্ত হইয়া রহিয়াছেন। সন্ধ্যাকাল উপস্থিত, সাধারণ জ্ঞান-উপার্জ্জিকা সভার সভ্যেরা, কলিকাতা হাইকোর্টের এতদ্দেশীয় কৌন্সলিরা ও অন্যান্য সুহৃদ্দেরা উপস্থিত হইলেন। রামকৃষ্ণ বাবু গাত্রোত্থান-পূর্ব্বক বলিলেন, আর্য্যজাতিদিগের পূর্ব্বে জাতি ছিল না, ব্যবসা অনুসারে জাতি হয়। যাহার প্রকৃত ব্রহ্মজ্ঞান তিনিই ব্রাহ্মণ। উপস্থিত বিবাহদ্বয় যে মহামান্য রামতনু বাবু কর্ত্তৃক সমাধিত হইবে, ইহা সকলের প্রীতিজনক। তখন গোপালবাবু রামতনু বাবুর নিকট আসিয়া বলিলেন, হে ধর্ম্মাঙ্গ পবিত্র সুহৃদ, আপনি অনুগ্রহ করিয়া এই দুই যুবক ও যুবতীর বিবাহ সমাধা করুন। এই বলিবামাত্র রামতনু বাবু হস্ত জোড় করিয়া দাঁড়াইলেন; তৎক্ষণাৎ যবনিকা উত্তোলিত হইল ও অন্তর হইতে শান্তিদায়িনী মোক্ষবিলাসিনীর হস্তধারণপূর্ব্বক ও সমাহিতা ভবভাবিনীর হস্তধারণপূর্ব্বক সভামধ্যে প্রবেশ করিলেন। শান্তিদায়িনী আকাশবর্ণীয় বস্ত্র পরিধাতা ও যদিও গাত্রে, হস্তে ও গলায় অলঙ্কারে ভূষিতা তথাপি সর্ব্ব অলঙ্কার হইতে তাঁহার নয়নদ্বয় মনোহর ও আকর্ষণীয়, যে দেখিতেছে তাহার বোধ হইতেছে, চক্ষুর এরূপ জ্যোতিঃ অতি দুষ্প্রাপ্য। অন্তর অতিশয় শুদ্ধ না হইলে এরূপ দৃশ্য হয় না। মোক্ষবিলাসিনীর ঊর্দ্ধদৃষ্টি, চাওনিতে বোধ হইতেছে যেন তিনি স্বর্গ লক্ষ্য করিতেছেন। সমাহিতা মুক্তকেশী শ্বেত-বসনা দুই হস্তে দুই গাছি বলয়, দুইটি চক্ষু ত্যাগে পূর্ণ, যেন ঈশ্বর জন্য সর্ব্বত্যাগিনী হইয়া দাঁড়াইতেছেন।

সমস্ত লোক বলাবলি করিতে লাগিল, এই অঙ্গনাদিগের সৌন্দর্য্য অন্তরের সৌন্দর্য্য, বসন ভূষণ অথবা শরীরের সৌন্দর্য্য নহে। ইহাদিগের মুখচন্দ্রিকা দেখিয়া কে না বোধ করিবে যে ইহাদিগের অন্তর পবিত্রতায় পূর্ণ?

রামতনু বাবু ভক্তিপূর্ব্বক মঙ্গলময়ের আরাধনা করিয়া বলিলেন, মোক্ষ-বিলাসিনী ও কুলপাবন এবং ভবভাবিনী ও জীবনচেতন তোমরা আপন আপন ভাবি পতি ও পত্নীর হস্তধারণপূর্ব্বক মিলিত হইয়া মঙ্গলময়কে ধ্যান কর ও বল—

যদেতৎ হৃদয়ং মম তদস্তু হৃদয়ং তব।
যদেতৎ হৃদয়ং তব তদস্তু হৃদয়ং মম।
ব্রহ্মকৃপাহি কেবলং।

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।

আমার যে এই হৃদয় তাহা তোমার হউক এবং তোমার যে হৃদয় তাহা আমার হউক। হে জগদীশ্বর! তুমি আমাদিগকে কৃপা কর।

যাবতীয় বিদ্যালয়ের বালিকা তথায় উপস্থিত ছিল, তাহারা দুই বর ও দুই কন্যাকে পুষ্পবৃষ্টি করিতে লাগিল, ও আত্মীয়বর্গের শুভ আকাঙ্ক্ষা বর্ষণ হওনের পর দুই বর ও দুই কন্যা স্ত্রী স্বামীর একতা লাভ করিয়া, অন্তঃপুরে প্রবেশ করিলেন।

পরে নানাপ্রকার বাদ্য—মৃদঙ্গ বীণা সেতারা জলতরঙ্গ নাসতরঙ্গ এসরাজ বাদিত হইতে লাগিল। নানাপ্রকার গান সংগীত হইল। পিসিপেৎনী বাদ্য ও গানে উন্মত্ত হইয়া নৃত্য করতঃ এই গান করিলেন—

মা না ভাল হলে ছা ভাল হয় না গো।
মা ই তারিণী হয়ে ছাকে তরায় গো॥

বা, বা, চমৎকার চমৎকার, ওগো তোমাকে পিসিপেৎনী কে বলে? তুমি প্রকৃত উপদেশদায়িনী।

পিসিপেৎনী—ওগো! যে মুখে বলা হইয়াছিল কানিচাংমুড়ী, সেই মুখে বলা হলো সোণার গন্ধেশ্বরী—মা না ভাল হলে—

ঊনবিংশ পরিচ্ছেদ।

—◇◇—

শান্তিদায়িনীর মৃত্যু।

সংসার হলাহলে পূর্ণ। এ পৃথ্বী প্রস্তুতাবস্থা,—বিপদ, সম্পদ,—রোদন হাস্য,—অন্ধকার, আলোক। গোপাল, পুত্র ও কন্যার বিবাহের পর মনে করিতেন তিনি বড় সুখী, ধনও অজস্রধারে আসিতেছে, সৎকার্য্যও কর

হইতেছে ও ধর্ম্মানুষ্ঠান হইতেছে। কিন্তু পুষ্পের ভিতর হইতে কখন কখন ভুজঙ্গ প্রকাশ হয়। শান্তিদায়িনী বিবাহেতে অতিশয় পরিশ্রম করিয়াছিলেন। অনেক কাঙ্গালি ও দুঃখী লোককে স্বহস্তে আহার দিয়াছিলেন, তাহাদিগের তৃপ্তি জন্য আপনি পাক ও পরিবেশন করিয়াছিলেন। এই অসাধারণ পরিশ্রমে জ্বরেতে অভিভূত হইলেন, স্বামী ও পুত্র, কন্যা ও জামাতা নিকটে, তাঁহার পীড়া দেখিয়া সকলে ভীত হইয়া ডাক্তার কবিরাজ আনাইলেন। কিন্তু যে পীড়া আরোগ্য হইবার নয়, তাহা আরামের দিকে আইসে না। পীড়ার উত্তরোত্তর বৃদ্ধি। বিজ্ঞ কবিরাজেরা বলিলেন, রোগ ঔষধি মানিতেছে না। তখন স্বামী অতিশয় অস্থির হইয়া স্ত্রীর গলদেশে হাত দিয়া বলিলেন, তোমার মৃত্যুতে হয় আমি ক্ষিপ্ত হইব, নতুবা কঠোর রোগগ্রস্ত হইয়া প্রাণত্যাগ করিব। স্ত্রী উত্তর করিলেন, জন্মগ্রহণ করিলে মৃত্যু অবশ্যই হইবে। আপনার ও সন্তানদিগের প্রতি আমার যাহা কর্ত্তব্য তাহা করিয়া আমি জগদীশ্বরকে ধ্যান করতঃ পরলোকে গমন করিতেছি, তাহাতে মৃত্যুকে মৃত্যুবোধ হইতেছে না, আমি যেন শরীর হইতে সুখে গমন করিতেছি। আপনার ও সমাহিতার হস্তে ভবতোষকে দিলাম, এই সন্তান যাহাতে ঈশ্বরপরায়ণ হয় তাহা করিবেন। স্বামী পত্নীর হৃদয়ভেদী বাক্য শ্রবণ করতঃ মূর্চ্ছাগত হইলেন। শান্তিদায়িনীর পীড়ার সম্বাদ শুনিয়া আবাল বৃদ্ধ কুলকন্যা দুঃখী দরিদ্র সকলে অশ্রুপূর্ণ নয়নে আসিয়া দেখিলেন, যে উক্ত ধর্ম্মপরায়ণা নারী যদিও রোগে অভিভূত, কিন্তু বদন যেন স্থির জ্যোৎস্না ও ওষ্ঠ মৃদু-হাস্যতে পূর্ণ। যাবতীয় আত্মীয়বর্গ তাঁহার শয্যা অশ্রুতে সিক্ত করিলেন। কেহ বলেন, "আমি ইহাকে মাতার ন্যায় দেখিতাম, কেহ বলেন, আমি দুহিতার ন্যায় দেখিতাম, কেহ বলেন, আমি ইহাকে সুহৃদতম সখীর ন্যায় দেখিতাম। দুঃখী দরিদ্র লোকেরা বলিল, আমরা কাহার নিকট মাতৃস্নেহ পাইব? সকলের শোকবাক্য শ্রাবণের ধারার ন্যায় বর্ষিত হইতে লাগিল। এদিকে কালবিলম্ব নাই, নদীতীরে কেবল স্ত্রীলোকের দ্বারা মুমূর্ষু আনীত হইলেন।

সমাহিতা ঊর্দ্ধদৃষ্টিপূর্ব্বক শান্তিদায়িনীর নয়নের সহিত আপন নয়ন একত্র করিলেন। ইহাতেই তাঁহার নিগূঢ় উপাসনা ব্যক্ত হইল। যেমন সূর্য্য অস্তমিত হইল, শান্তিদায়িনী যেন সকলের শান্তি হরণ করিয়া পরলোক গমন করিলেন। অসংখ্য লোক উপস্থিত। তাহাদিগের হৃদির স্রোত হইতে অবিশ্রান্ত বারি নির্গত হইতে লাগিল। মৃত্যুর পর যে স্বর্গে যায় তাহা এখানেই জানা যায়।

সম্পূর্ণ।

কৃষি পাঠ।

শ্রীপ্যারীচাঁদ মিত্র প্রণীত।

ভারতবর্ষীয় এগ্রিকলচরাল ও হর্টিকলচরাল সোসাইটীর সভ্য।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ক্যানিং লাইব্রেরী।

সন ১২৯৯ সাল।

BHOWANIPORE :

B. M. BOSE: SAPTAHIK SAMBAD PRESS.

1892.

PREFACE.

The Krishi Patha, or the Agricultural Readings, printed on account of the Agricultural and Horticultural Society of India, consist of the following papers, reprinted from the Agricultural Miscellany, with a few alterations, and also of original articles.

1. On Teak (Translation of Dr. Roxburgh's Paper, Transactions of the Agricultural and Horticultural Society, vol. II.)
2. On Shafflower (Translation of Mr. French's Paper, Agricultural and Horticultural Society's Journal, vol. VII.)
3. On Sugar Cane, written by the Compiler for the Miscellany.
4. On the Cultivation of Flax, do. do.
5. On Silk and Paper from the Mulberry Bark, do. do.
6. On Arrowroot (Translation of Mr. C. K. Robinson's Paper, Transactions, vol. II.)
7. Tapioca (Translation of Mr. J. Bell's Paper, Transactions, vol. II.)
8. On the Muddar Plant, written by the Compiler for the Miscellany.
9. On Tobacco (Translation of Mr. Rehling's Paper, Journal, vol. V.)
10. On the Cultivation of Cotton, written specially for this work.
11. On Date Tree (from Mr. S. H. Robinson's Prize Essay.)
12. On Guinea Grass (Translation of Mr. John Bell's Directions, Transactions, vol. III.)

The object of this little compilation is to draw the attention of the Zemindars, Planters, and specially of the Rural community, to the several important subjects of agricultural interest mentioned above, and if this attempt be attended with the promotion of enquiry and interest, the Compiler will consider himself amply repaid. The Compiler is indebted to Mr. A. H. Bleehynden, Secretary of the Agricultural and Horticultural Society of India, for the assistance he has received from that gentleman.

কৃষিপাঠ।

১। সেগুন গাছ রোপণের প্রণালী।

ইংলণ্ডদেশে ওক কাষ্ঠের ন্যায় ভারতবর্ষে সেগুন কাষ্ঠ নানা বিষয়ে ব্যবহার্য্য হয়; এ দেশে ওক গাছ জন্মিয়া বৃদ্ধিশীল হইবার সম্ভাবনা নাই সুতরাং ওক ও সেগুনের গুণের তারতম্য বিবেচনা করা অনাবশ্যক। এ দেশে কেবল জাহাজ নির্ম্মাণার্থ সেগুন কাষ্ঠ উপযোগী হয় এমত নহে, ঘরের কড়ি এবং অন্যান্য যে সকল গঠনে শক্ত টেকসহি অথচ হাল্‌কা কাষ্ঠ আবশ্যক হয় সমুদায়ই সেগুন দ্বারা উত্তম ও পরিষ্কাররূপে নির্ম্মিত হইতে পারে, অতএব এই কাষ্ঠের বিষয়ে আমাদিগের মনোযোগ করা উচিত। যে দেশে এই মহামূল্যবৎ বৃক্ষ স্বভাবতঃ জন্মে না সেখানে ইহার চাস করা আবশ্যক, এই বাঙ্গালা দেশে ইহা উত্তমরূপে বৃদ্ধিশীল হইতে পারে ও অনেক কর্ম্মে আইসে, ইহাতে এদেশে ইহার কৃষি বাহুল্য করা অত্যন্ত আবশ্যক।

গবর্ণমেণ্ট এতদ্বিষয় অবগত হইয়া বহুকাল হইল ঐ গাছ এদেশে বাহুল্যরূপে উৎপন্ন করিবার নিমিত্ত উৎসাহ দিয়াছেন বটে, কিন্তু এবিষয়ে সকলের প্রবৃত্তি জন্মে একারণ সর্ব্ব সাধারণকে বিশেষতঃ এদেশের জমিদারদিগকে জানান আবশ্যক যে এই গাছ উৎপন্ন করিলে প্রচুর লাভ সম্ভাবনা আছে।

এই গাছ অতিশীঘ্র বাড়িয়া উঠে এবং নানা প্রকার পরীক্ষা করিয়া দেখা গিয়াছে সকল অবস্থাতেই ইহার কাষ্ঠ কর্ম্মণ্য হয়। সেগুন গাছ যে শীঘ্র বৃদ্ধিশীল হয় তাহার এক প্রমাণ এই, ইংরাজী সন ১৭৮৭ সালে রাজামন্ত্রি সরকার নামক স্থান হইতে কয়েকটা চারা আনাইয়া কোম্পানীর বাগানে রোপিত হইয়াছিল, সেই সকল গাছ বৃদ্ধিশীল হইলে ইংরাজী ১৮০৪ সালে পরিমাণ করিয়া দেখা যায় যে, ভূমি হইতে সাড়ে তিন ফিট্ করিয়া গুঁড়ি সকল উচ্চ হইয়াছিল আর তাহাদের বেড় ৩।৪ ফিট করিয়া মোটা হয়। বৃক্ষের এই উচ্চতা পরিমাণানুসারে অবশ্য সমধিক হইয়াছিল বলিবার আবশ্যক নাই।

ঐ সকল চারা এক বৎসর মাত্র বয়ঃক্রমের সময় রাজামন্ত্রি সরকার হইতে আনীত হয়, তাহাতে ১৭ বৎসর মধ্যে ঐ প্রকার বৃদ্ধিশীল হইয়া উঠে। অতএব এতাদৃশ স্বল্প কালের মধ্যে যদিস্যাৎ ঐ গাছ এপ্রকার বৃদ্ধিযুক্ত হইয়া জাহাজ নির্ম্মাণের উপযোগী হইল তবে ইংলণ্ডের ওক গাছের সহিত ইহার তুলনা করিয়া ইহার বিষয়ে মনোযোগ ও উৎসাহ দেওয়া অত্যন্ত

আবশ্যক। এই গাছের চারা বীজ হইতে কি প্রকারে উৎপন্ন হয় আদৌ তদ্বিষয়ে কিঞ্চিদ্বক্তব্য আছে, যেহেতু বারম্বার দেখা গিয়াছে এক গাছের বীজ লইয়া বপন করতঃ কেহ বা কৃতকার্য্য হয়েন কাহারও বা যত্ন নিতান্ত বিফলে যায়।

সেগুনের ফল অতিশয় শক্ত, তাহার মধ্যে চারিটা করিয়া গহ্বর আছে, প্রত্যেকে এক একটা বীজ থাকে। সেই বীজ ভূমির মধ্যে বপন করিলে ১৮ মাস পর্য্যন্ত তাহা হইতে গাছ উৎপন্ন হইতে পারে। সেগুনের বীজ অক্টোবর মাসে সুপক্ক হয়; সেই সময় গাছ হইতে তুলিয়া লইয়া তাহার পর বর্ষার প্রারম্ভে অথবা উত্তরপশ্চিম দিকের বায়ু বহিতে আরম্ভ হইলে রোপণ করিতে হয়। যদিস্যাৎ ঐ সময়ে বীজ বপন করা যায় (ঐ সময়ের পূর্ব্বে রোপণ করিলে আরো ভাল হয়) তাহা হইলে চৌকার উপরি আচ্ছাদন দিয়া ছায়া করিয়া তন্মধ্যে এক২ ইঞ্চ অন্তর করিয়া পুতিবে ও তাহার উপরে এক ইঞ্চের চতুর্থ ভাগ পরিমাণে মৃত্তিকা দিয়া আচ্ছাদন করিয়া দিবে, পরে পচা খড় অথবা ঘাস সেই মৃত্তিকার উপর ছড়াইয়া দিবে, অপর শুখার সময়ে সর্ব্বদা জল দিবে, তাহা হইলে মৃত্তিকা সরস থাকিবে। এইরূপ করিয়া বপন করিলে চারি সপ্তাহের পর আট সপ্তাহ মধ্যে ঐ সকল বীজের প্রত্যেক হইতে এক অবধি চারিটা পর্য্যন্ত চারা হইবে। কখনং এরূপ ঘটনা হয় যে অনেক বীজ উক্ত নিয়মিত সময়ের মধ্যে অঙ্কুরিত না হইয়া দ্বিতীয় বা তৃতীয় বৎসরে অঙ্কুরিত হয়; যদিও এরূপ ঘটনা সর্ব্বদা হয় না বটে, তথাপি এমত ভূমিতে বীজ বপন করা কর্ত্তব্য যাহা পর বৎসরের বর্ষাপর্য্যন্ত অঙ্কুর হইবার অপেক্ষায় রাখা যাইতে পারে। এবিষয়ে প্রবিধান না করাতে অনেক ব্যক্তি ইহার কোন২ বীজ অকর্ম্মণ্য বোধ করিয়া সেই ভূমি খনন পূর্ব্বক তাহাতে অন্য শস্য বুনিয়া পরিশ্রম বিফল করেন।

সেগুনের চারা উৎপন্ন হইবার সময় অতি ক্ষুদ্র থাকে, কপিশাকের চারা প্রথমতঃ যেরূপে বাহির হয় প্রায় তদ্রূপ হইয়া থাকে, কিন্তু অতি অল্পকাল মধ্যে বাড়িয়া উঠে। চারা সকল বাহির হইয়া এক বা দুই ইঞ্চ উচ্চ হইলে তুলিয়া লইয়া অন্য স্থানে ছয়২ ইঞ্চ অন্তরে এক একটা করিয়া পুতিয়া দিতে হয়, সেখানে আগামি বর্ষা পর্য্যন্ত থাকিবে। এক বৎসর পরে তথা হইতে তুলিয়া লইয়া যেখানে বরাবর থাকিবে সেই স্থানে পুতিয়া দিবে। মধ্যে একবার অন্য স্থানে না পুতিয়া চারা সকল দুই বা তিন ইঞ্চ উচ্চ হইলে যেখানে বৃদ্ধিশীল হইবে একেবারে তথায় রোপণ করিলেও গাছ হইতে পারে, কিন্তু এপ্রকারে রোপণ করা বড় ভাল নহে এতদপেক্ষা পূর্ব্বোক্ত নিয়ম উত্তম, কেননা এক স্থানে থাকিয়া চারাসকল তিন চারি ইঞ্চ উচ্চ হইলে তাহাদিগকে স্থানান্তরে রোপণ করিতে অনেক ব্যাঘাত হইবার সম্ভাবনা আছে, অর্থাৎ মূল শিকড় নষ্ট হইতে পারে তাহাতে চারার বৃদ্ধি বিষয়ে হানি এবং কখন২ গাছ শুদ্ধ নষ্ট হইয়া যাইবার সম্ভব।

কলিকাতার চতুর্দ্দিকে এই গাছ অতিশয় বাড়িয়া উঠে, পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে, যৎসামান্য তদারক করাতে কোন২ বৃক্ষ বিশেষ বৃদ্ধিশীল হইয়াছে কিন্তু এস্থলে ইহাও বক্তব্য যে নিম্ন অথবা জলপ্লাবিত ভূমিতে ইহার বীজ বপন অথবা চারা রোপণ করিলে ফল দর্শে না। অপর যে স্থানে চারা পুতিবে তথায় বন্য বৃক্ষ বা তৃণাদি না জন্মে এ বিষয়ে সর্ব্বদা সতর্ক থাকিতে হইবে ও শুখার সময় প্রথম বৎসরে অল্প২ জল দিবে। যে সকল ভূমি উত্তম এবং যাহাতে উলু অধিক না জন্মে সেই সমস্ত জমীই সেগুন চারা রোপণের উৎকৃষ্ট স্থান, ঐ প্রকার ভূমিতে চারা রোপণ করিয়া ছয় মাস তদারক করিলে তাহার পরে আর ঐ সকল চারার প্রতি সাবধান করিতে হয় না, অঙ্কুর হওয়া অবধি দুইবার দুই স্থানে রোপণ করাতে সে সময় তাহাদের বয়ঃক্রমও ১৮ মাস হয়।• ঐ সময় চারা সকল ভূমির উর্ব্বরতের তারতম্যানুসারে ৫ অবধি ১০ ফিট পর্য্যন্ত উচ্চ হয়, সুতরাং কেবল উত্তর পশ্চিমা বায়ু ব্যতীত অন্যান্য উৎপাত হইতে আপনা হইতেই রক্ষিত হয়।

সেগুন গাছের চারা যেখানে থাকিয়া বৃদ্ধিশীল হইবে তথায় কত অন্তর করিয়া চারা সকল রোপণ করিবে এতদ্বিষয়ে উপদেশ দিবার আবশ্যক নাই, কৃষিকারিরা স্ব২ বুদ্ধিতে তাহা স্থির করিতে পারিবেন। ফলতঃ ওক গাছ যে প্রকার অধিক অন্তর করিয়া রোপণ করিতে হয় সেগুনের চারা তদ্রূপ অধিক অন্তর করিয়া রোপণ করিতে হয় না; ওক গাছের শাখা সকল বক্র হয় এবং তাহা বাঁকা করা আবশ্যকও বটে, কেননা তাহা জাহাজ ইত্যাদির বাঁকা কর্ম্মে লাগে। কিন্তু সেগুন গাছ স্বভাবতঃ সরল হয় এবং বঙ্গদেশে প্রায় সকল প্রকার সরল গঠনাদিতেই ব্যবহার্য্য হয়। এদেশের বাঁকা গঠনে প্রায় শিশুকাষ্ঠ ব্যবহার করিয়া থাকে অতএব সেগুন কাষ্ঠ যত সরল হয় ততই কর্ম্মণ্য হইতে পারে, ইহাতে এই গাছের চারা অধিক অন্তর করিয়া রোপণ করিবার আবশ্যক নাই। ৮।১০ ফিট অন্তর পাচ পাচটি গাছ অর্থাৎ চারিদিকে চারিটি ও মধ্যে একটি করিয়া পুতিলেই হইবে। ফলতঃ চারা সকল ঐরূপে পরস্পরের সন্নিকটে রোপণ করিলে গাছ অধিক সরল হইতে পারিবে, ইহাতে অপর লভ্য এই যে, চারা সকল ক্ষুদ্রাবস্থায় ঝড় ও উত্তর পশ্চিমা বায় হইতে পরস্পর রক্ষিত হইতে পারিবেক। ঐ সকল চারা বাড়িয়া উঠিলে কতক গাছ কাটিয়া পাতলা করিয়া দিতে পারা যায়, সেই সকল কাটা গাছের কাষ্ঠ বৃথা নষ্ট হয় না, অনেক কর্ম্মে লাগে। এ দেশে সেগুনের বীজ যথেষ্ট পাওয়া যায় এবং এক শত বিঘা ভূমির মধ্যে বহু শত গাছ হইতে পারে, সুতরাং কতক গুলা ছোট গাছ কাটিয়া ফেলিলেও ক্ষতি বোধ হইবেক না, আর বীজ সুলভ, এ প্রযুক্ত অপকৃষ্ট ভূমিতেও অধিক চারা রোপণ করিলে হানি নাই।•

যদিস্যাৎ ১০ ফিট অন্তর করিয়া পাচ২ চারা পূর্ব্বোক্ত প্রকারে শ্রেণীপূর্ব্বক রোপণ করা যায় তাহা হইলে বাঙ্গালা এক২ বিঘা ভূমিতে ১৮৪টী গাছ

থাকিতে পারিবে। প্রথম বৎসরে ঐ সকল গাছের অর্দ্ধেক কাটিয়া ফেলিতে হইবে, কেননা তাহা না করিলে অবশিষ্ট বৃক্ষসকল বৃদ্ধির নিমিত্ত স্থান পাইবেক না, কিন্তু সে সময়ে ঐ সকল গাছ এক একটা একং টাকায় বিক্রয় হইতে পারিবে।

তদনন্তর দশ অবধি বিশ বৎসরের মধ্যে অবশিষ্ট গাছের অর্দ্ধেক কাটিয়া ফেলিতে হইবে, কেননা তাহা না করিলে তদবশিষ্ট বৃক্ষ সকল যথেষ্ট স্থান পাইয়া সমধিক বৃদ্ধিশীল হইতে পারিবেক না, কিন্তু তৎকালে ঐ সকল বৃক্ষের এক একটা চারি টাকা মূল্যে বিক্রীত হইতে পারিবে।

তৎপরে বিশ অবধি পঁচিশ বৎসরের মধ্যে তদবশিষ্ট গাছেরও অর্দ্ধাংশ কাটি। ফেলিবে তাহা হইলে প্রথম রোপিত চারার অষ্টম ভাগ মাত্র থাকিবে এবং সে সকল প্রচুর স্থান পাইয়া উত্তমরূপে বৃদ্ধিশীল হইবে, কিন্তু তৎকালে যে সকল বৃক্ষ কাটা যাইবে তাহার প্রত্যেকটা আট টাকা মূল্যে বিক্রয় হইতে পারিবে। অবশিষ্ট যে সকল গাছ বৃদ্ধির নিমিত্ত থাকিবে সে সকল সম্পূর্ণরূপে বড় হইলে তাহাদের গুঁড়ি ৩০ ফিট উচ্চ ও ৪ ফিট মোটা হইবে, তাহাতে কাষ্ঠব্যবসায়িদিগের পরিমাণানুসারে ১২ ইঞ্চ ইস্কোএর কাষ্ঠ হইবে। এইরূপ হইলে গাছের দৈর্ঘ্যাদি সমুদায় ত্রিশ কিউবিক ফিট অথবা ওজনে প্রায় ৩৬।৩৭ মোন হইবে, যদিস্যাৎ এক কিউবিক ফুটের মূল্য গড়ে এক টাকা হয় তাহা হইলে একং গাছে ৩০ টাকা হইতে পারিবে। সেগুন কাষ্ঠ এদেশে যে প্রকার বিবিধ কার্য্যে লাগে তাহাতে কস্মিন্ কালে ইহার মূল্য ন্যূন হইবে এমত বোধ হয় না। এতদ্দেশে বাণিজ্য কার্য্যের বৃদ্ধি হওয়াতে ক্রমে জাহাজ নির্ম্মাণ অধিক হইবে তাহাতে ইহার মূল্য বরং বৃদ্ধি হইবার সম্ভাবনা, আর যদিস্যাৎ ন্যূন মূল্যই ধরা যায় তাহা হইলেও প্রত্যেক ইস্কোএর বিবায় যে ৪২ টা করিয়া গাছ অবশিষ্ট থাকিবে তাহার এক একটার মূল্য অন্ততঃ ২০ টাকাও হইতে পারিবেক।

অতএব এক বিঘা ভূমিতে সেগুন গাছ রোপণ করিলে ত্রিশ বৎসরে নিম্ন লিখিত প্রকার লভ্য হইবেক।

প্রথম দশ বৎসর মধ্যে ১৭০ টা গাছ কাটিতে হইবে, তাহার প্রত্যেকের মূল্য এক টাকার হিং	১৭০
দ্বিতীয় দশ বৎসর মধ্যে আর ৮৫ টা বৃক্ষ ছেদন করিতে হইবে, তাহার এক একটার মূল্য ৪ টাকার হিং	৩৪০
তদনন্তর পাঁচ বৎসর পরে ৪৩ টা কাটা যাইবে তাহার প্রত্যেকের মূল ৮ টাকার হিং	৩৪৪
শেষে ত্রিশ বৎসর পরে অবশিষ্ট ৪২ টা গাছ ন্যূনকল্পে ২০ টাকার হিসাবে বিক্রীত হইলে	৮৪০
অতএব এক বিঘা ভূমি হইতে ত্রিশ বৎসর পরে সমুদায়ে লভ্য ... ... টাকা	১৬৯৪

কেবল গুঁড়ি হইতে উক্ত প্রকার লভ্য হইতে পারিবে, তদ্ভিন্ন গাছের বৃহৎ ২ শাখা সকল অনেক কর্ম্মে লাগিবাতে সে সকল বিক্রয়েও অধিক আয় হইতে পারিবেক।

উক্ত ষোল শত টাকা হইতে ভূমির ত্রিশ বৎসরের খাজানা ও বৃক্ষ রোপণ, বেড়া দেওন এবং প্রথম ২ কয়েক বৎসর তত্ত্বাবধারণের খরচা বাদ পড়িবেক।

জমীর খাজানা এদেশে উচ্চকল্পে বিঘাপ্রতি তিন টাকার অধিক নহে অতএব বিঘাপ্রতি তিন টাকা খাজানা ধরিলে ত্রিশ বৎসরে সমুদায় রাজস্ব ৯০

বৃক্ষ রোপণ ও বেড়া দেওনের খরচ অনুমান ২০

প্রথম পাঁচ বৎসর তত্ত্বাবধারণ নিমিত্ত এক জন লোকের বেতন শালিয়ানা ৩৬ টাকার হিং ১৮০

তদনন্তর ২৫ বৎসর এক ব্যক্তি তিন বিঘা জমীর গাছ তাদারক করিতে পারে তাহাকে বিঘা প্রতি শালিয়ানা ১২ টাকা অথবা ৩৬ টাকার হিসাবে মাহিয়ানা দিলে ত্রিশ বৎসরে ৩০০

অতএব এক বিঘা ভূমির নিমিত্ত ত্রিশ বৎসরে সমুদায় খরচ .. ৫৯০

যে ভূমিতে সেগুন গাছ রোপণ করা যায় তাহাতে গাছ ক্ষুদ্র থাকিবার সময় প্রথম কয়েক বৎসর গাছের মধ্যে২ আলু, কলাই, লাউ ইত্যাদি রোপণ করা যাইতে পারে, তাহা হইতে যে আয় হয় তদ্দ্বারা ঐ সময়ে গাছের প্রতি পরিশ্রমের বেতন পোসাইবার সম্ভব। তদনন্তর আর কোন খরচ নাই কেবল পশ্বাদির নিবারণার্থ একটা বেড়া করিয়া দিতে হইবেক।

সেগুন গাছ ত্রিশ বৎসর পর্য্যন্ত থাকিতে পারে এই অনুমান করিয়া তদনুসারে তাহার মূল্য নির্দ্ধারণ করা গেল, কিন্তু ঐ কাল অপেক্ষাও অধিক বৎসর ঐ গাছ থাকিতে পারে তাহাতে গাছের পরিমাণ বৃদ্ধি হইলে সুতরাং মূল্যেরও বৃদ্ধি হইতে পারিবেক।

থোমেস বারনেট সাহেব গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরি জি, এইচ, বাবলো সাহেবকে ইংরাজী ১৭৯৯ শালে ৮ নবেম্বরে যে এক পত্র লিখিয়াছিলেন, পূর্ব্বোক্ত বিবরণ সঙ্গে তাহার তাৎপর্য্য যোগ করা উপযুক্ত বোধ হওয়াতে নিম্নে তন্মর্ম্ম প্রকাশ করা যাইতেছে।

"কিয়দ্বৎসর গত হইল এদেশের ভিন্ন ২ প্রদেশে সেগুন গাছ উৎপন্ন করিবার নিমিত্ত গবর্ণমেণ্টের আদেশে কতকগুলা সেগুনের চারা নানা স্থানে প্রেরিত হইয়াছিল, সেই সময়ে জেলা রামপুর বোয়ালিয়াতেও কতক চারা পাঠান যায়। কিন্তু এই শেষোক্ত স্থানে ঐ সকল চারা অতি আশ্চর্য্য প্রকারে বৃদ্ধিশীল হইয়াছে—এখন সে সকলের উচ্চতা বিশ ত্রিশ ফিট ও বেড় প্রায় এক ফুট হইবে, ঐ সকল কাষ্ঠ অতিশয় শক্ত, এক্ষণে এমত বোধ হয় যে তাহা পেগু দেশের সেগুন কাষ্ঠ অপেক্ষা ভাল।"

২। কুসুম ফুলের চাস এবং বাণিজ্যার্থ বড়ি প্রস্তুত করিবার প্রণালী।

ঢাকা অঞ্চলে কুসুম ফুলের চাস কিপ্রকারে হইয়া থাকে এবং বাণিজ্যার্থ তাহার বড়ি কিরূপে প্রস্তুত হয় তদ্বিষয় বর্ণনা করিতেছি।

অনেক দিনের পুরাতন চর ভূমি কিম্বা উচ্চ জমি যেখানে বৎসরং বন্যার জল আসিয়া প্লাবিত করে এরূপ তেজাল বালুকাময় ভূমিই কুসুমফুল চাসের উপযুক্ত। ঐ জমীতে বন্যার জল শুকাইয়া গেলে দুই তিন বার লাঙ্গল দিবে, পরে মই দিয়া মাটি সমান করিয়া দিবে, তদনন্তর ঐ মাটিতে যে সকল ক্ষুদ্র গাছ এবং পূর্ব্ব ফসলের গোড়া থাকে তাহা উত্তমরূপে বাঁচিয়া ফেলিবে, তৎপরে তাহাতে বীজ ছড়াইবে। ১০২ হাত লম্বা এবং ৮৫ হাত চৌড়া এমত এক বিঘা জমিতে ছয় সের বীজ হইলেই যথেষ্ট হইবে। বীজ ছড়ান হইলে আর এক বার লাঙ্গল দিতে হইবে তাহার পর এক বার এইরূপে মই দিবে যেন তাহার দ্বারা বীজ সকল দুই তিন ইঞ্চ মাটির নীচে পড়ে। এই প্রকারে বীজ বপন হইলে অল্প দিনের মধ্যেই চারা বাহির হইবে, তাহার পর যেপর্য্যন্ত চারা সকল ১০ বা ১২ ইঞ্চ উচ্চ না হয় তাবৎপর্য্যন্ত তাহার মধ্যস্থ গাছ গাছড়া নিড়াইয়া দিতে হইবেক। চারা দশ বারো ইঞ্চ বড় হইলে তাহার মধ্যে অন্য গাছ জন্মিতে পারে না, কেবল চারাই বৃদ্ধিশীল হইতে থাকে অতএব তাহার পর নিড়াইবার আবশ্যক নাই। কার্ত্তিক মাসের পহিলা অবধি অগ্রহায়ণ মাসের দশই পর্য্যন্ত অথবা ইংরাজী অক্টোবর মাসের মধ্য হইতে নভেম্বর মাসের শেষ পর্য্যন্ত বীজ বপনের উত্তম সময়, ঐ সময়ের মধ্যে যত অগ্রে বীজ বপন হইবে ততই ফসলের পক্ষে মঙ্গল, কেননা প্রথম২ রোপণ করিতে পারিলে ফেব্রুয়ারি মাসের শেষে অথবা মার্চ্চ মাসের প্রথমে যে উত্তর পশ্চিমা বাতাস বহে তাহাতে ফসলের হানি হইতে পারিবে না। বৃষ্টির সময় ফুল তুলিতে গেলে অত্যল্প ফুল পাওয়া যায় এবং তাহার গুণও ভাল হয় না। ঝড় বাতাস দ্বারা কুসুম ফুলের যে হানি হয় তাহার প্রতীকারের উপায় আছে এবং ঐ ক্ষতি শুধরান যাইতে পারে, কিন্তু শিলাবৃষ্টি হইলে সমুদায় ফসল নষ্ট হইয়া যায়, তাহা শুধরাইবার উপায় মাত্র নাই। যাবৎ গাছে কুঁড়ি থাকে তাবৎ পর্য্যন্ত ফুল তোলা ও তদ্দ্বারা বড়ি প্রস্তুত হইতে পারে, পরন্তু যদিস্যাৎ ভাল সময় হয় তাহা হইলে মে মাস পর্য্যন্ত ঐ২ কর্ম্ম হইতে পারে।

জানুয়ারি মাসের মধ্যভাগেই কুসুম ফুলের গাছে কুঁড়ি দেখিতে পাওয়া যায়। এই সময় হইতে এক২ দিন অন্তর ফুল তুলিবে, ফুল তুলিবার সময় কৃষিকারিকে আপনার কোমরে এক খান কাপড় জড়াইয়া কোঁচড় করিতে হইবে, ডাইন হাতের দুই তিনটী আঙ্গুল দিয়া ফুলের পাবড়ীগুলি আস্তে২ তুলিয়া কোঁচড়ে রাখিবে এবং পাবড়ীর সঙ্গে বোঁটা অথবা শুক্‌না পাতা কোন

প্রকারে না আসিতে পারে এবিষয়ে বিশেষ সাবধান হইবে। এইরূপে ফুল তোলা হইলে সন্ধ্যাকালে সে সকল একত্র করিয়া জল দিয়া ঈষৎ ভিজাইয়া পিষিবে, পরে একটা চৌড়া গামলায় ফেলিয়া রাখিবে এবং তাহার উপরে অনুমান করিয়া এত জল দিবে যেন প্রাতঃকাল পর্য্যন্ত ভিজা থাকিতে পারে। পর দিন প্রাতঃকালে ঐ সকল পিষ্ট কুসুম ফুলের অনাবশ্যক জরদা রঙ্গের রস ঝরাইবার নিমিত্ত একখান দরমা এক দিকে কিছু উচ্চ করিয়া পাতিবে এবং গামলা হইতে ঐ পেষা ফুল লইয়া তাহার উপরে ফেলিবে, এক২ খান দরমায় আধ গামলা পেষা ফুল ধরিতে পারে, ঐ পরিমাণে ঐ পিষ্ট ফুল দরমায় রাখিয়া দুই হাতে দুইটা কাঠি ধরিয়া তাহার উপর ভর দিয়া সেই পেষা ফুল খদদাবা মর্দ্দন করিতে থাকিবে। ঐরূপে মাড়াইতে২ সমুদায় জরদা রঙ্গের রস নির্গত হইয়া পড়িয়া যাইবে, রস গড়াইয়া শুষ্ক হইলে তাহার উপর জল ছিটাইয়া পুনর্ব্বার সরস করতঃ মাড়াইতে থাকিবে, কেননা এইরূপ করিলে সমুদায় জরদা রঙ্গ নিঃশেষ রূপে নির্গত হইবে। এই প্রকারে জরদা রঙ্গ নির্গত হইয়া গেলে ঐ পিষ্ট ফুলে আকবোটের মত বড় করিয়া বড়ি পাকাইবে এবং পাকাইবার সময় হাত দিয়া চাপিয়া অবশিষ্ট রসও নির্গত করিবে। পরে গুনচটে অথবা দরমার উপরে চেপটা করা বড়ি ফেলিয়া শুকাইলেই, বাণিজ্যের উপযুক্ত কুসুমফুলের বড়ি হইবে। কুসুমফুলের চাস করিয়া বিঘা প্রতি যদিস্যাৎ ৮ বা ৯ সের ঐরূপ বড়ি পাওয়া যায় তাহা হইলেই উত্তম ফসল হইল।

রাইয়তদিগের পক্ষে কুসুম ফুলের চাস অধিক লভ্যদায়ক, কেননা এই চাসে উচ্চকল্পে ৭ বা ৮ মাস মাত্র জমি আবদ্ধ থাকে তাহার পরে সেই ভূমিতে বর্ষার ফসল আমন ধান্য হইতে পারে। কুসুম ফুলের চাস করিলে ফুল অপেক্ষা বীজই অধিক হয় বটে, কিন্তু সে সকল বীজ বৃথা যায় না। বাজারে এক২ মোন এক২ টাকা মূল্যে বিক্রয় হয়, যে সকল বীজ মন্দ, পর বৎসরে বুনানীর যোগ্য না হয় তাহা একত্র করিয়া কুটিয়া সিদ্ধ করিলে তাহা হইতে এক প্রকার তৈল বাহির হয়, কিন্তু ঐ তৈল দুর্গন্ধ, তাহাতে খাদ্য সামগ্রী পাক করা হইতে পারে না, কেবল জ্বালানি হইয়া থাকে। অপর বীজের ছাল সকলও নষ্ট হয় না, তাহা গোবৎসাদি পশুর ও হাঁস মুরগি ইত্যাদি পক্ষীর আহার হয়, আর কুসুম ফুলের শুক্না কাঠি সকলও ব্যর্থ নষ্ট হয় না, তাহা দীন দরিদ্র লোকের জ্বালানি কাষ্ঠ হয়।

কলিকাতা নগরে কুসুম ফুলের বাণিজ্য বৃদ্ধি হওয়াতে কয়েক বৎসরাবধি উহার চাস অধিক এবং মূল্যের বৃদ্ধি হইয়াছে, অনেক অনেক বাণিজ্যকারিদিগের মোক্তিয়ারেরা যেখানে কুসুম ফুলের চাস ও বড়ি প্রস্তুত হয় তথায় গিয়া ক্রয় করিবার নিমিত্ত উপস্থিত থাকে, যেমন প্রস্তুত হয় ক্রয় করিয়া লয়। গত বৎসর যে ফসল হইয়াছিল তাহার মধ্যে উত্তম প্রকার ফসলের মোণ পঞ্চাশ অবধি পঞ্চান্ন টাকা মূল্যে বিক্রীত হইয়াছে। কুসুম ফুলের সকল প্রকার বড়ির গুণ সমান দেখা যায় না, ভিন্ন২ হইয়া থাকে; তাহার কার

এই, এদেশের কৃষিজীবিরা তাহাতে ভেজাল দেয়। নীলকরেরা যেমন নিজ চাস করে তাহার মত কোন২ বাণিজ্যকারী স্বয়ং ঐ চাসে প্রবৃত্ত হইয়াছিলেন, কিন্তু তাহাতে তাঁহাদের লভ্য হয় নাই, ফলতঃ প্রস্তুত করা কুসুম ফুলের বড়ি ক্রয় করিতে যত লাগে নিজে চাস করিয়া বড়ি প্রস্তুত করিলে অধিক খরচা পড়ে। তুলা, মরিচ, শণ এবং অন্যান্য বাঙ্গালা চাস রাইয়তেরা নিজে করিলে তাহাতে তাহাদের লাভ হয়, কেননা সপরিবারে চাসের কার্য্য করিয়া থাকে, তাহাদের নিজ চাসে গাছ নিড়ান ও ফুল তোলা এই দুই কর্ম্ম স্ত্রীলোকদের হইতেই হয়, অপর সপরিবারে সর্ব্বদা ক্ষেত্রের প্রতি মনোযোগী থাকাতে গোরু বাছুরে হানি করিতে পারে না, ফলতঃ এই সকল কারণেই চাসারা নিজে চাস করিলে তাহাদের লভ্য হয়, ইংরাজরা চাস করিতে গেলে তাঁহাদের ক্ষতি হইয়া থাকে। পূর্ব্বে কুসুম ফুল কেবল হরিদ্রা রঙ্গের জন্য প্রস্তুত হইত, তাহার সারভাগের গুণ অজ্ঞাত থাকাতে তাহা সিটার ন্যায় ফেলিয়া দিত।

৩। ইক্ষুর চাস।

ফাল্গুন ও চৈত্র মাসের দশ বারো দিনের মধ্যে জমিতে চাস দিতে হইবেক। লাঙ্গল চারি বারের কম হইবেক না, অধিক দিতে পারিলে ভাল। তাহার পরে খইল, গোবর ও দেয়াল ভাঙ্গা মাটি জমিতে মিশাইয়া আবার লাঙ্গল দিবে। তাহার পরে মই দিয়া জমি তৈয়ার করিতে হইবে। এইরূপ করিলে মাটি ধূলার ন্যায় হইবে তাহার পরে জমিতে দাঁড়া টানিতে হইবে তাহা হইলে দাঁড়ার মধ্যে ২ এক ২ জোল হইবে, সেই জোলের মুটম হাত অন্তরে ইক্ষুর বীজ পুতিতে হইবে। বীজ পুতিবার সময় খইলকে ঢেঁকিতে কুটীয়া মিহিন করিয়া এক ২ খাদে এক ২ পোয়া দিবে। বীজ পোতা হইলে দুই সপ্তাহ পর্য্যন্ত রোজ ২ এক ২ সের জল এক ২ গাছের গোড়ায় দিতে হইবে। পোনর দিন পরে গোবরের সার ও খইল মিশাইয়া গাছের গোড়ায় দিয়া মাটি খুঁচিতে হইবে। ঐ বীজের গোড়া চারি পাঁচ দিন শুকনা করিতে হইবেক, শুষ্ক হইলে পরে জল সেঁচিয়া দিতে হইবে। জল মাটিতে টানিয়া আসিলে দাঁড়ার মাটি বীজের গোড়ায় দিতে হইবে। এইরূপ করিলে ইক্ষুর প্রথম পাইট হইবে। এই প্রকার সেঁচ ও দাঁড়া টানা তিন বার করিতে হইবে। এই রূপ করিলে গাছ যদ্যপি গজিয়া না উঠে তবে পুনরায় সেঁচ দিতে হইবে। যখন দুই ফুট আন্দাজ গজিয়া উঠিবে তখন পাতা বান্ধিতে ও ভাঙ্গিতে হইবে ও ক্ষেতের মধ্যে ঘাস পালা সাফ করিতে হইবে ও ইক্ষু শুষ্ক হইলে সেঁচ দিতে হইবে। এরূপ করিলে গাছে পোকা ধরিতে পারিবে না। ফাল্গুন মাসে আউক কাটিবার লায়েক হইবে। এক ফসল বাদে আউকের মুড়ি রাখিলে আর এক ফসল হইতে পারে। কিন্তু সে ফসলের নিমিত্ত অধিক পাইট দর-

কার করে না। আউক কাটা হইলে ঘাস পালা সাফ করিয়া গাছের গোড়ায় এক ২ সেঁচ জল দিতে হইবে তাহার পর জমিতে কোপ দেওয়া আবশ্যক। পরে সার মাটি দিতে হইবেক ও মাসে ২ একটা ২ সেঁচ দিতে হইবেক। উপরোক্ত প্রকারে পাতা ভাঙ্গিয়া ও বান্ধিয়া দিতে হইবেক।

ইক্ষুর চাস জন্য উচ্চ দোআঁসলা মাটি চাই। এক বিঘা জমিতে চাস করিতে গেলে ২৫। ৩০ টাকা খরচ পড়ে। তাহাতে প্রায় ৬০। ৭০ টাকার ইক্ষু তৈয়ার হইতে পারে। সেই ইক্ষুকে মাড়িয়া গুড় করিলে ১০০ টাকা হইতে পারে।

উপরে কেবল দেশী আউকের সংক্রান্ত বিষয় বলা গেল। দেশী আউকের অপেক্ষা ওটাহিটি ও চিনদেশের আউকে অধিক গুড় পাওয়া যায়। ওটাহিটি আউক মোটা ও আবাদ করিতে গেলে অনেক জায়গা লাগে। চিনের আউক সরু সুতরাং কম জায়গা লয়। কিন্তু এক বিঘা জমির ওটাহিটি ও চিনের আউকের গুড় বাহির করিলে চিনের আউকের গুড় ওজনে ভারি হইবে, এই জন্য চিনের আউক আবাদ করিলে অধিক লাভ হইতে পারে। চিনদেশের আউক বড় শক্ত, এ কারণ তাহাতে পোকা লাগিতে পারে না ও অধিক তাত হইলেও হানি হয় না। এক বিঘাতে ঐ আউক চাস করিলে ২০০ মোন আউক পাওয়া যায়। দেশী আউকেতে ১৫০ মোনের অধিক হয় না। চিনের আউক হইতে যে গুড় হয় তাহার ছিবড়ের সহিত ওজন করিলে গুড়ের ওজন অর্দ্ধেকের অপেক্ষা ভারি হইবে। চিনের আউক সরু বটে, কিন্তু লম্বে দশ বারো ফিট হয় ও কাটা হইলে এক২ আউকের গোড়া হইতে প্রায় কুড়িটা আউকের চাবা হইতে পারে।

ইংরাজী ১৮৫৪ সালের জুলাই মাস অবধি ১৮৫৫ সালের জুন মাস পর্য্যন্ত কলিকাতা হইতে বিলাত ও অন্যান্য দেশে ১২৮৯৫৪৩ মোন আউকো ও খেজুরে চিনি রপ্তানি হইয়াছে তাহার মধ্যে বিলাতে ৮৮২৪৯৯ মোন গিয়াছে। বিলাতে ১১৭৬০০০০ মোন চিনি বৎসর ২ খরচ হয়। এদেশ হইতে যত চিনি রপ্তানি হয় বোধ হয়, তাহার চারি পাঁচ গুণ অধিক এখানে জন্মে ও খরচ হয়।

———o———

৪। ফ্লাক্সের চাস।

যে গাছে তিসি হয় সেই গাছের ডাঁটার আঁষে ফ্লাক্স তৈয়ার হইয়া থাকে। বিলাতে প্রতি বৎসর ২২৫২৬৮ টন অর্থাৎ প্রায় এক ক্রোর মোন ফ্লাক্স আমদানী হয়। তথায় ঐ দ্রব্য নানা কর্ম্মে লাগে কিন্তু খরচার পড়্তা অধিক হয় অতএব অনেকে তাহাতে কেবল পরিবার কাপড় তৈয়ার করিয়া থাকে। ফ্লাক্সে যে সকল কাপড় প্রস্তুত হয় কাপাসের কাপড় অপেক্ষা সে সকল অধিক দামে বিক্রয় হইয়া থাকে।

ইদানি এদেশের অনেক স্থানে ফ্লাক্সের গাছের চাস হইয়াছে, কিন্তু চাসী

লোকেরা তাহাতে কি প্রকারে অধিক তিসি জন্মিবেক এই বিষয়েই ব্যস্ত থাকুক, ফ্লাক্স তৈয়ার করণের বিষয়ে মনোযোগ করে না। কিয়ৎকাল হইল ইংরাজ ও ফরাসিদের রুশিয়ার সহিত লড়াই হওয়াতে রুশিয়া দেশ হইতে বিলাতে তিসির আমদানী প্রায় বন্ধ হইয়াছিল। এদেশ হইতে যে তিসি রপ্তানি হইত তাহাতেই বিলাতে কর্ম্ম চলিয়াছিল, সুতরাং এখানকার লোকদের তিসির ব্যবসাতে কয়েক বৎসর অধিক লাভ হইয়াছিল। কিন্তু এক্ষণে যুদ্ধের নিষ্পত্তি হওয়াতে রুশিয়া হইতে পূর্ব্বের ন্যায় বিলাতে তিসির আমদানী হইবে অতএব এখন এদেশের চাসী লোকদের কেবল তিসির উপর নির্ভর করা উচিত হয় না। এক্ষণে তিসির গাছ হইতে ফ্লাক্স তৈয়ার করিতে মনোযোগ করিলে ভাল হয়। ফ্লাক্স তৈয়ার করণে অধিক যত্ন করিলে তিসি অপেক্ষা তাহাতে অধিক লভ্য হইবেক। যদিও রুশিয়া ও অন্যান্য দেশ হইতে বিলাতে ফ্লাক্স আমদানী হইতেছে, তথাচ সেখানে ঐ দ্রব্য দিন২ নানা কর্ম্মে অধিক ব্যবহার হওয়াতে তাহার খরচ বৃদ্ধি হইতেছে, অতএব ভালরূপে তৈয়ার করিয়া তথায় পাঠাইলে অলাভ হইবার সম্ভাবনা নাই। ভাল রকমের ফ্লাক্স বিলাতের সকল স্থানেই দামে বিক্রয় হয়, যেটে রকমের ফ্লাক্স যদিও তথায় অধিক কাটে না তথাচ ডণ্ডি* দেশের কলে তাহারও অধিক কাট্‌তি আছে।

এদেশে এক্ষণে যে ভালরূপ ফ্লাক্স তৈয়ার হয় না তাহার কারণ এই, যে ক্ষেতে বীজ বুনিয়া ফ্লাক্সের গাছ করে সেই ক্ষেতে সরিষা ও অন্যান্য রবিশস্য বুনিয়া থাকে। সঙ্গে২ ঐ সকল গাছ হওয়াতে ফ্লাক্সের গাছের তেজ থাকে না, সুতরাং তাহা হইতে ভাল আঁষ হইতে পারে না।

যদি ভালরূপে ফ্লাক্স তৈয়ার করা অভিপ্রায় হয় তাহা হইলে ক্ষেতে কেবল তিসির বীজ ঘন২ করিয়া পুতিবে। গাছ ঘন২ না হইলে চারিদিকে অনেক ডাল পালা বাহির হইবে তাহাতে গাছ উচ্চ হইয়া উঠিবে না। গাছ তিন চারি ফিট উচ্চ হয় এবং ডাল পালা না জন্মে ও ডাঁটা খুব সরু হয়, তাহা হইলেই ভাল ফ্লাক্স হইবেক। এদেশে অক্টোবর মাসে তিসির বীজ পুতিবেক তাহাতে মার্চ্চ মাসে গাছ তৈয়ার হইবেক। ফ্লাক্সের ক্ষেত উচ্চ করিবে, উচ্চ জমিতেই বীজ পুতিবে; যে জমিতে জল পড়িলে বাহির হয় না তাহাতে কখন ফ্লাক্সের গাছ হইতে পারে না, অতএব ঐরূপ ভূমিতে কখন বীজ বুনিবেক না। ফ্লাক্সের গাছের নিমিত্ত অধিক সার দিয়া জমি তৈয়ার করিতে হইবেক, ঐ প্রকার তৈয়ারি জমিতে বীজ পুতিলেই গাছ তাজা হইয়া উঠিবে। কিন্তু যে জমিতে একবার ফ্লাক্সের চাস হইবেক তাহাতে সে বৎসর আর ফ্লাক্স দিবেক না, অন্য কোন দ্রব্যের চাস করিবে। তাহার পর বৎসরে ঐ জমিতে ফ্লাক্সের চাস হইতে পারিবে। অপর ফ্লাক্স চাসের নিমিত্ত

* এই সহর স্কটলণ্ডদেশে আছে—স্কটলণ্ড ইংলণ্ডের নিকটস্থ।

জমিটি কিছু আঁটাল করা আবশ্যক, কারণ নরম মাটি থাকিলে ঝড়ে ও বৃষ্টির ঝাপটে চারা সকল পড়িয়া যাইতে পারে, চারা একবার পড়িয়া গেলে তাহাকে খাড়া করা বড় কঠিন। জমিতে ফ্লাক্সের বীজ বুনা হইলে এক মাস না হইতেই নিড়াইতে হইবেক, গাছে তিসি জন্মিয়া যখন তাহা পুষ্ট হইবে তখন তিসি পাকিবার ও পাতা ঝরিয়া পড়িবার অগ্রে জমি হইতে গাছ সকল তুলিয়া দিবেক। পরে যে প্রকারে পাট কাটিয়া জলে ফেলিয়া তাহা হইতে পাট তৈয়ার করে, সেই প্রকারে ঐ সকল গাছ জলে পচাইয়া তাহা হইতে আঁষ বাহির করিবেক। পচাইবার সময় এই বিষয়ে অধিক সাবধান হইতে হইবেক যেন গাছ অধিক না পচে, কারণ অধিক পচিলে আঁষ সকল শক্ত হইবেক না।

বিলাতে সামান্য ফ্লাক্সের দর ফি টন ৩৫ পৌণ্ড হইতে ৫০ পৌণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রতি সাতাশ মোন দশ সেরের দাম ৩৫০ টাকা অবধি ৫০০ টাকা পর্য্যন্ত হইয়া থাকে।

কিয়ৎকাল গত হইল বেহার অঞ্চলে ফ্লাক্স উৎপন্ন করিবার চেষ্টা হইয়াছিল, কিন্তু ফ্লাক্স প্রস্তুত করণ বিষয়ে যত যত্ন হইয়াছিল চাসের বিষয়ে তত মনোযোগ হয় নাই এবং কল ইত্যাদি খরিদ করিতে অনেক ব্যয় হইয়াছিল, এই কারণে ঐ চেষ্টায় কোন ফলোদয় হয় নাই।

পরে পঞ্জাবদেশে ফ্লাক্সের যেরূপ চাস হইয়াছিল তাহাতে বোধ হইতেছে ঐ দেশে ভাল রকম ফ্লাক্স উৎপন্ন হইতে পারিবে। বাঙ্গালা অপেক্ষা পঞ্জাব দেশে যে অধিক ফ্লাক্স হইবে তাহাতে সন্দেহ মাত্র হয় না, কারণ পঞ্জাবে শীত অধিক এবং শীত অধিক দিন থাকে। কিন্তু অপকৃষ্ট রকমের ফ্লাক্স বাঙ্গালায় অনায়াসে জন্মিতে পারে, বিলাতে ঐ প্রকার ফ্লাক্সেরই অধিক কাট্‌তি।

৫। তুতগাছের ছাল হইতে রেসম ও কাগজ প্রস্তুত করণ।

সকলেই অবগত আছেন যে নানা প্রকার জঙ্গলিয়া ও ঘরে রাখা পোকা হইতে রেসম উৎপন্ন হয়। যে রেসম সওদাগরি কর্ম্মে লাগে তাহা ইউরোপ ও এসিয়াস্থ তুতের পাতা খেকো অনেক রকম পোকা হইতে হয়। তুতগাছের ছাল হইতে যে রেসম হয় তাহা প্রায় ২৫০ বৎসর হইল প্রকাশ হইয়াছে। সম্প্রতি ইটেলি দেশস্থ লটিরাই নামক এক ব্যক্তি ইউরোপীয় তুতের নরম ছাল হইতে উত্তম রেসম ও ঐ ছাল জলে ভিজাইয়া অনায়াসে কাগজ তৈয়ার করিয়াছেন। ইউরোপীয় তুতবৃক্ষ এদেশের তুত বৃক্ষ হইতে বড়। এদেশে গাছ ছয় মাস বড় না হইতেই পাতা সকল ছাঁটা হয় ও তিন বৎসরের পরে গাছ উপড়িয়া ফেলা হয়, একারণে গাছ প্রায় বার ফিট উচ্চ হয় ও গুঁড়ির পার্শ্বস্থ ডাল সকল সরু হইয়া পড়ে। ইউরোপে পাতা খুব তেজাল না

হইলে ছাঁটা হয় না, বৎসর ২ নূতন নূতন পাতা জন্মে, আর গাছ ৩০।৪০ ফিট উচ্চ হয় ও পার্শ্বস্থ ডাল পালা ঘন হয়। এক ২ বৎসর অন্তর ঐ সকল ডাল পালা কাটিয়া জ্বালানি কাষ্ঠ হইয়া থাকে। ঐ ডাল পালার ছাল হইতে বেসম ও কাগজ তৈয়ার করা যাইতে পারে।

তুতগাছের ছালের বেসম ও কাগজ এগ্রিকলচরেল সোসাইটিতে লাটিবাই সাহেব পাঠাইয়াছিলেন। সওদাগরিতে যে রকম রেসমের কাট্‌তি, সেই প্রকার রেসম তুত গাছের ছাল হইতে প্রস্তুত হইতে পারে কি না তাহা এক্ষণে নিশ্চয়রূপে বলা যায় না, কিন্তু লিনেনের নেকড়া অপেক্ষা ঐ ছালের দ্বারা কাগজ শস্তায় তৈয়ার হইতে পারে। কয়েক বৎসর হইল বিলাতে কাগজ তৈয়ার করা অধিক হইয়াছে, কিন্তু যে ২ দ্রব্যে কাগজ প্রস্তুত হয় তাহার সংখ্যা অল্প, এ কারণ উক্ত ছালের দ্বারা কাগজ করিলে বড় কর্ম্মে আসিতে পারিবে। ইউরোপে যে তুত গাছ আছে তাহার ডাল পালাতে প্রতি বৎসর ২৫০০০০০ মোন জ্বালানি কাষ্ঠ হইতে পারে ও কাগজ করিবার জন্য ছয় লক্ষ মোন ছাল পাওয়া যাইতে পারে।

এক্ষণে এদেশের লোকদের এই বিবেচনা করা কর্ত্তব্য যে চারা গাছের পাতাথেকো পোকা হইতে রেসম বাহির করিলে সে রেসম বিলাতীয় রেসমের ন্যায় ভাল হইতে পারে না। গাছ তাজা ও বড় করিলে যে পোকা তাহার পাতা খাইবে তদ্দ্বারা ভাল রেসম হইবে সেই গাছের ছাল হইতে কাগজও হইতে পারিবে।

৬। আরোরুট নামক পাল প্রস্তুত করিবার বিষয়।

ভারতবর্ষীয় আরোরুট বহুকালাবধি ওয়েষ্ট ইণ্ডিস্ দেশের উদ্যান ও শস্য ক্ষেত্রে রাশি ২ পরিমাণে উৎপন্ন হইয়া থাকে। একজন প্রধান কৃষক উক্ত পাল উত্তম রূপে প্রস্তুত করিবার পশ্চাল্লিখিত ধারা প্রকাশ করিয়াছিলেন।

"রোপণ করিবার এক বৎসর পরে মৃত্তিকা হইতে মূল বাহির করিয়া জলেতে উত্তম রূপে ধৌত করতঃ ঢেঁকিতে কুটিয়া শাঁসের ন্যায় নরম করিতে হইবেক। অনন্তর ঐ শাঁস একটা বড় টবের মধ্যে পরিষ্কার জলে ভিজাইয়া রাখিবা তাহাতে যে ছিবড়া থাকে তাহা নিংড়িয়া ফেলিয়া দিবে। পরে ঐ শাঁস মিশান শাদা জল মোটা কাপড়ে ছাঁকিয়া স্থির হইতে দিবে। জল স্থির হইলে পর তলস্থ শুভ্র সার জল হইতে পৃথক্ করিয়া পুনশ্চ তাহা জলে মিশাইয়া ছাঁকিতে হইবেক। অবশেষে তাহা পাতের উপরে রাখিয়া রৌদ্র দিয়া শুষ্ক করিলে ব্যবহারের যোগ্য হইবে।"

এই পাল জলেতে সিদ্ধ করিলে পরিষ্কার সুখাদ্য মণ্ড হয় তাহা সাগু এবং টেপিওকা হইতে উত্তম, প্রধান ২ বৈদ্যেরা কহিয়াছেন যে উক্ত পাল বালক

এবং রোগির পক্ষে উত্তম পথ্য। ঐ মণ্ড পশ্চাল্লিখিত ধারাতে প্রস্তুত করা যায়, যথা এক মধ্যম চামচ পূর্ণ আরোরুট লইয়া শীতল জলেতে ভিজাইয়া তাহাতে তিন ছটাক ফুটন্ত উষ্ণক জল ঢালিয়া শীঘ্রং ঘুঁটিয়া অল্পক্ষণ সিদ্ধ করিলে পরিষ্কার মণ্ড হইবে। বয়ঃপ্রাপ্ত লোক দুর্ব্বলাবস্থায় তাহা সেবন করিলে যৎকিঞ্চিৎ চিনি এবং শেরি শরাব মিশ্রিত করা ভাল, কিন্তু শিশুদের নিমিত্তে দুই একফোঁটা মৌরি কিম্বা দারুচিনির আরক দেওয়া কর্ত্তব্য, কেননা শরাব দিলে শিশুদের উদরে অম্ল হয় এবং তৎপ্রযুক্ত রোগ জন্মিবার সম্ভাবনা। আরোরুট প্রস্তুত করণে জলের পরিবর্ত্তে শুদ্ধ দুগ্ধ অথবা জল মিশ্রিত দুগ্ধ ব্যবহার করা যাইতে পারে। অতিশয় ক্ষীণ লোকের জন্য বিশেষতঃ দুর্ব্বল শিশুদের নিমিত্তে আরোরুটেতে হরিণ শৃঙ্গের চাঁচনী মিশ্রিত করিলে শুদ্ধ আরোরুট অপেক্ষা অধিক পোষক খাদ্য হয়। তাহা এই রূপে করা যাইতে পারে। প্রকৃত হরিণ শৃঙ্গের চূর্ণ এক কাঁচ্চা পরিমাণে এক পাইণ্টবোতল জলেতে পঞ্চদশ মিনিট পর্য্যন্ত সিদ্ধ করিয়া, তাহা ছাঁকা দুই চামচ এক বাটী জলেতে উত্তম রূপে মিশ্রিত করিয়া চূর্ণপাল তাহাতে সংযুক্ত করিয়া যথেষ্ট রূপে নাড়িয়া কতিপয় মিনিট পর্য্যন্ত তাহা সিদ্ধ কর। শিশুর উদরে যদি অধিক বায়ু জন্মিয়া থাকে তবে তিন চারি অথবা পাঁচ ছয় ফোঁটা মৌরির আরক অথবা জায়ফল চূর্ণ সংযুক্ত করা যাইতে পারে, কিন্তু বয়ঃপ্রাপ্ত লোকদের পক্ষে পোর্ট শরাব অথবা ব্রাণ্ডিই উত্তম হয়। এই প্রকার পথ্য দ্বারা এমত অনেকানেক শিশুর পোষণ করা গিয়াছে যাহারা কেবল স্তন্য দুগ্ধ পান করিলে অথবা মাংসের যূষ প্রভৃতি ভক্ষণ করিলে কখন বাঁচিত না। কোন একজন ভদ্র কুলোদ্ভবা নারীর পাঁচ সন্তান তড়কা এবং উদরাময় বশতঃ নষ্ট হইবার পর অপর দুই শিশুকে উক্ত রূপ পথ্য প্রদান করাতে তাহারা এক্ষণে সুস্থ শরীরে জীবিত আছে।

ডাক্তার কাডোগান নিজপ্রণীত শিশু চিকিৎসা বিষয়ক গ্রন্থে লিখিয়াছেন যে শিশুদের পক্ষে তরকারির সহিত মাংস যূষ সংযোগ করিলে ভাল হয়, তিনি যথার্থতঃ কহেন যে শিশুদের অধিকাংশ রোগ কেবল অধিক তরকারি আহার করাতেই হয়। পূর্ব্বোক্ত ধারায় তরকারিতে মাংসের স্বত্ব মিশ্রিত করিলে তাহা গর্ভধারিণীর দুগ্ধ তুল্য হয়, বরং তাহা রোগগ্রস্তা প্রসূতির দুগ্ধ অপেক্ষাও উত্তম।

জেমেকা উপদ্বীপের হেনেরি ষ্টর্ণ নামক সাহেব যিনি বহুকালাবধি আরোরুট এবং আরোরুট চূর্ণ প্রস্তুত করণে বিশেষ মনোযোগী হইয়াছেন। তিনি লণ্ডন নগরীয় ব্যবসায়িরা ঐ দ্রব্য কৃত্রিম করিত ইহা নিশ্চয় জানিয়া সেই সময় হইতে এই প্রতিজ্ঞা করেন যে, এক পোয়া অবধি এক সের পর্য্যন্ত পরিমিত আরোরুট আধারে বদ্ধ করিয়া স্বয়ং জেমেকা হইতে ইংলণ্ডে পাঠাইবেন। আধারের উপর আপনার নাম স্বাক্ষর করিতেন সুতরাং তাহা কেহ আর কৃত্রিম করিতে পারিত না এবং তাঁহারও যথার্থ, সুখ্যাতির হানি সম্ভাবনা হইত না। ষ্টর্ণ

সাহেবের স্বাক্ষর সহিত ঐ প্রকার আরোরুট চারি টাকায় সের পাওয়া যাইতে পারে। কোন ২ ধন প্রয়াসি ব্যবসায়িরা উৎকৃষ্ট আরোরুট বলিয়া যাহা তিন টাকায় সের বিক্রয় করে তদপেক্ষা ঐ আরোরুট যে উত্তম তাহার সন্দেহ নাই।

৭। টেপিওকা।

আমি টেপিওকা পৌডর প্রস্তুত করিয়া সোসাইটীতে নমুনা পাঠাইতেছি, যদিও ইহা সামান্য ক্যাশবা ফ্লাওয়ার ও বাণিজ্য সম্বন্ধীয় টেপিওকা এই দুয়ের গুণ ধারণ করে, তথাপি যে প্রণালীতে প্রস্তুত করিয়াছি তাহাতে সাধারণ ক্যাশবার গুঁড়া ও বাণিজ্য সম্বন্ধীয় টেপিওকা এই দুইয়ের কোনটার মধ্যে ইহা গণ্য হইতে পারে না, অতএব ইহার নাম টেপিওকা পৌডর রাখিয়াছি।

কিয়ৎকাল গত হইল আমি মেং এনড্রু সাহেবের নিকট হইতে ক্যাশবার কাটী কলম আনিয়া হাল্কা বালুকাময় উর্ব্বর ভূমিতে পাঁচ২ ফিট অন্তর করিয়া রোপণ করিয়াছিলাম তাহাতে প্রচুর শস্য প্রাপ্ত হইয়াছি। যদিস্যাৎ আমি আপনার আবাদ বৃদ্ধির আকাঙ্ক্ষায় সময়ে২ মূল বৃক্ষসকলের শাখাসকল কাটিয়া না দিতাম তাহা হইলে আরো অধিক শস্য পাইতে পারিতাম, কিন্তু সর্ব্বদা শাখাচ্ছেদনে বৃক্ষ সকল সম্পূর্ণ বৃদ্ধি প্রাপ্ত না হওয়াতে তাহাদের হানির সঙ্গে ফল হানি হইয়াছিল।

ওয়েষ্ট ইণ্ডিয়াতে যে সকল টেপিওকার মূল দেখিয়াছিলাম, আমার রোপিত টেপিওকা বৃক্ষের মূলও আকারে তদ্রূপ হইয়াছিল। আমি ঐ সকল মূল তুলিয়া লইয়া অগ্রে জল দিয়া ধৌত করি, পরে ছাল ফেলিয়া দিয়া পেষণ করিয়াছিলাম। তদনন্তর সেই সকল পেষণ করা পাল বস্ত্রে বাঁধিয়া নিষ্পীড়ন করাতে তাহার বিষাক্ত রস নির্গত হয়। ঐ নিষ্পেষিত পাল সকলে কদর্য্য রসের কতক অংশ উক্ত প্রকারে নির্গত হইয়া গেলে পর কয়েক ঘণ্টা রৌদ্রে রাখিয়া শুষ্ক করিয়াছিলাম, তাহাতে অবশিষ্ট রস সম্পূর্ণরূপে নষ্ট হইয়াছিল। তৎপরে ঐ সকল পাল জলে মিশ্রিত করিয়া এরারুটের ন্যায় ছাঁকিয়া সিটা সকল ফেলিয়া দিলাম এবং দুগ্ধের মত যে ভাল সার অবশিষ্ট থাকিল তাহা থিতুইতে লাগিল। ঐ সার ভাগ থিতুইলে তাহার উপরের নির্ম্মল জল তুলিয়া ফেলিয়া দিলাম। পরে সেই সার ভাগে বারম্বার জল মিশাইয়া যাবৎ সম্পূর্ণ খাঁটি এবং একান্ত শুভ্র না হইল তাবৎ ঐরূপে ধৌত করিলাম, শেষে সূর্য্যের আতপে শুষ্ক করিয়া ভাল মলমল কাপড়ে ছাঁকিয়া লইয়াছি।

উক্ত প্রকার টেপিওকা পৌডর প্রস্তুত করণে অতি সামান্য পরিশ্রম লাগে; এই দ্রব্যের যেরূপ গুরুতর মূল্য এবং টাট্‌কা ও খাটি টেপিওকার পাল যেরূপ দুষ্প্রাপ্য, তাহা বিবেচনা করিলে আমার বোধ হয় ভারতবর্ষের মধ্যে টেপিওকার চাস আবদ্ধ হইলে যথেষ্ট উপকার দর্শিবে। এখানে উহার

চাস হইলে অতিশয় পুষ্টিকর ও স্বাস্থ্যদায়ক টাটকা পাশ কি ধনী কি নির্ধন সকলের পক্ষে সুলভ হইতে পারিবে। এক্ষণে ঐ দ্রব্য, ভিন্নদেশীয় বণিজ্যালয় মাত্রে প্রাপ্য হওয়াতে এ দেশের সহস্র ২ রোগী ও শিশু সহজে পাইতে পারে না; যদিস্যাৎ কেহ আপনার আয়ের দিকে দৃষ্টি না করিয়া অনর্থ অধিক ব্যয় স্বীকার করেন তাহা হইলেও অত্যল্প মাত্র প্রাপ্ত হইয়া থাকেন।

এই টেপিওকার পৌডর এইরূপে ব্যবহার করিতে হয়, যথা—অগ্রে এক বড় চামচা নির্ম্মল জল দিয়া গুঁড়াসকলকে মণ্ডের মত করিয়া পরে তাহাতে উষ্ণ জল ঢালিয়া নাড়িতে হয়, তাহার পরে কেবল তিন মিনিট কাল অগ্নির উত্তাপে রাখিলে পরিষ্কৃত সেবব্বার মত হয়। কিন্তু যে সকল টেপিওকা দানাদার, তাহা জ্বাল দিয়া গলাইতে অনেক কাল বিলম্ব হয়।

পুং, বোপণ করিয়া পরীক্ষা করিয়া দেখিয়াছি, উর্ব্বর অথচ ভারি মৃত্তিকাতে টেপিওকা পুতিলে কৃতকার্য্য হওয়া যায় না।

৮। আকন্দ গাছ।

আকন্দ গাছ অনেকের বাগানে ও বাটীর নিকট হইয়া থাকে ঐ গাছ নানা কর্ম্মে লাগে। উহার শিকড়, ছাল প্রভৃতিতে অনেক ঔষধ প্রস্তুত ও দুগ্ধ জমাইয়া রাখিলে গেটাপার্চ্চার ন্যায় অনেক কর্ম্মে আসিতে পারে। গেটাপার্চ্চা ইলেকট্রিক টেলিগ্রাফের তারে জড়ান যায়, সে কর্ম্মে উক্ত জমা দুগ্ধ লাগিতে পারে না।

এ গাছ আরো যে এক কর্ম্মে লাগে তাহা মেজর হালিংস সাহেব কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ১২ অথবা ১৮ ইঞ্চি লম্বে ইহার ডাল কাটিতে হইবে তাহার পরে তাহাদিগের ছাল ভাল করিয়া ছাড়াইয়া ফেলিয়া ভিতরে যে তুলা থাকিবে তাহা একত্র করিবে। তুলার দুই পার্শ্বে সুতা দিয়া রগড়াইলে অথবা মিজিলে সেই তুলা একেবারে সুতা হইবে। যেমন দর্জ্জিতে সেলাইয়ের জন্য তুলা মিজিয়া সুতা করে সেই মত করিতে হইবে। এই কার্য্যে জল আবশ্যক হইবেক না কেবল হাতের দ্বারাই সম্পন্ন হইবে। কেহ ২ বলে আকন্দের সুতা ভিজাইলে শক্ত হয়।

মেজর হালিংস আকন্দের সুতার কাপড় ও দড়ি যাহা সোসাইটিতে পাঠাইয়া দিয়াছিলেন তাহা শক্ত অথচ পাতলা বোধ হয়। যে ২ কর্ম্ম ফ্লাক্সেতে হয়, আকন্দ সুতার দ্বারা তাহা হইতে পারে।

আকন্দ শুঁটী কাপাসের শুঁটীর ন্যায়, সুতরাং ইহার শুঁটী হইতেও তুলা পাওয়া যায়। কাপাসের তুলা যেমন শক্ত, আকন্দের তুলা তেমন নহে কিন্তু সহজে রং হয়। পঞ্জাবের এক জন লোকের দ্বারা মেজর হালিংস আকন্দের তুলায় এক খানি দুলিচা তৈয়ার করিয়াছেন তাহা বড় উত্তম হইয়াছে, যদি বিলাতের লোকের ন্যায় এদেশের লোকের যন্ত্র আদি ভাল হইত ও কিমিয়া

বিদ্যা ভাল জানিত, তবে বোধ হয় এ সকল কর্ম্ম আরো উত্তম রূপে হইতে পারিত।

বঙ্গদেশে আকন্দ গাছ যত বড় হয় পঞ্জাবে তাহা অপেক্ষা অধিক বড় হয়। ঐ দেশে লোকেরা আকন্দ গাছের বড় ২ শিকড়কে ফাঁপা করিয়া সেতারের লাউ করে, পাতা লইয়া জলে ফেলিয়া কষ করিবার কর্ম্মে লাগায় ও কাষ্ঠ পোড়াইয়া বারুদের কয়লা করে।

দয়াময় পরমেশ্বরের অনেক দ্রব্য হেয় কর্ম্মেও ব্যবহার্য্য হয়। পঞ্জাবে উক্ত গাছের দুগ্ধ লইয়া দাইয়েরা আপন স্তনে দিয়া কন্যা সন্তানদিগকে পান করাইয়া নষ্ট করে।

৯। তামাকু।

মৃত্তিকা এবং সার।—রংপুর জিলায় বিশেষতঃ তত্রত্য নগরের নিকটবর্ত্তী স্থানে এবং তাহার ঠিক উত্তর পশ্চিম এবং পূর্ব্বভাগস্থ অঞ্চলে যে সকল উচ্চ বালুকাময় প্রান্তর আছে তাহাতে তামাকের বাহুল্যরূপ চাস হইয়া থাকে। দক্ষিণ ভাগে অত্যল্প পরিমাণে জন্মে এবং তাহা স্থানীয় লোকদের ব্যবহারেই শেষ হয়। তামাকু চাসের নিমিত্তে উর্ব্বরা বালিগা মাটী অতিশয় উপযোগী যেহেতু, যে পর্য্যন্ত চারা পূর্ণাবস্থা প্রাপ্ত না হয়, সে পর্য্যন্ত উক্ত মৃত্তিকা তাহাকে স্নিগ্ধ ও আর্দ্র রাখে, পরন্তু গাছ প্রস্তুত ও পাতা সকল পক্ক হইলে তাহা নীরস হইয়া যায়। এই চাসের জন্য ভূমিতে উত্তমরূপে সার মিশ্রিত করা কর্ত্তব্য। সচরাচর গোমল এবং নীল খাগড়ার সার দেওয়া যায়, কিন্তু শেষোক্ত সারের বিশেষ আদর আছে কারণ তদ্দ্বারা বহুতর বিস্তীর্ণ বালুকাময় মরুভূমি কৃষি কার্য্যের যোগ্য হইয়াছে। তাহা এইরূপে ব্যবহার হয়, যথা—প্রথমতঃ লাঙ্গল দ্বারা ক্ষেত্র সকল কর্ষিত করিয়া হৌজ হইতে নিক্ষিপ্ত আর্দ্রীভূত নীল খাগড়া সকল লইয়া ক্ষুদ্র২ স্তূপাকারে মৃত্তিকার তেজ বিবেচনা করিয়া কিঞ্চিৎ২ অন্তরে রাখিতে হইবেক। পরে ঐ সকল স্তূপের উপরে এক২ চাপড়া মৃত্তিকা দিবেক। অনন্তর কিঞ্চিৎ কালান্তে তাহা পচিয়া উঠিলে হল চালনা করিলে চারা রোপণার্থ মৃত্তিকা প্রস্তুত হইবেক।

চারা উৎপাদনের প্রকরণ।—সচরাচর আগষ্ট মাসের শেষে অথবা সেপ্টেম্বরের প্রথমে বীজ বপন হয়। বীজের কেয়ারী সকল উত্তম মৃত্তিকায় উচ্চ করিয়া সুন্দররূপে নির্ম্মিত করিবে যে তাহাতে কাঠী বা কোন কঠিন দ্রব্য না থাকিতে পায়, অপর অতি গভীর স্থানে বীজ বুনিতে হইবেক। যদি ভারি বৃষ্টি হয়, তবে তাহার ক্ষতিকর উৎপাত হইতে চারা সকলকে রক্ষা করণার্থ ক্ষুদ্র২ তৃণাচ্ছাদিত চালা অগ্রে প্রস্তুত করিয়া রাখিতে হইবেক। কেহ২ এরূপ করে, যে পর্য্যন্ত চারা সকল ভূমি হইতে উত্থিত না হয় তাবৎ পর্য্যন্ত পাতলা করিয়া পোআলীর ছাঁউনী দ্বারা আচ্ছাদন দেয়। বীজ বুননের ১৫ বা ২০

দিবস পরে চারা বহির্গত হয়। অপর কেয়ারীতে যখন চারা বৃদ্ধি হইবে তখন তৃণাদি নিড়াইয়া সর্ব্বদা পরিষ্কার রাখিতে হইবে এবং বৃষ্টির বিড়ম্বনা হইতেও রক্ষা করিতে হইবে।

চারা রোপণ এবং তদনন্তর যেরূপ বিধান করা আবশ্যক তদ্বিবরণ।—অক্টোবর মাসের প্রথম ক্ষেত্রে চারা লইয়া রোপণ করণের উপযুক্ত কাল। তখন চারাতে ৫টি কিম্বা ৬টি পাতা ধরে। এইরূপ রোপণের কার্য্য ডিসেম্বরের মধ্যভাগে সম্পূর্ণ হয়। তৎপরে যাহা রোপিত হয় তাহাতে উত্তম ফসল জন্মে না, যেহেতু সে সময়ে মৃত্তিকা অতিশয় শুষ্ক হয় সুতরাং তাহাতে নবীন বৃক্ষের শিকড় প্রবিষ্ট না হওয়াতে তাহা বৃদ্ধি পায় না। এরূপ দেখা গিয়াছে যে নিম্ন জলাভূমিতে জানুয়ারি মাস পর্য্যন্ত রোয়া হইয়াছে; কিন্তু এ প্রকার ভূমিতে মধ্যম প্রকার তামাকুও জন্মে না। নীলকাঠি এবং গোবরের দ্বারা উক্তমত উত্তমরূপে সার দিয়া ক্ষেত্রে ভাল করিয়া লাঙ্গল দিতে হয়, এবং যে প্রকার শাকাদি জন্মাইবার নিমিত্ত উৎকৃষ্টরূপে মৃত্তিকার পাট হইয়া থাকে, তামাকুর ক্ষেত্রেও তদ্রূপ যত্ন করিতে হয়। ২।৩ ফিট অন্তরে চারার শ্রেণী সকল স্থাপন করিবেক এবং প্রতি শ্রেণীতে এক চারা হইতে অপর চারা উক্তরূপ অন্তরে রোপণ করিবেক। যদি মৃত্তিকা শুষ্ক হইয়া যায় তবে যে পর্য্যন্ত শিকড় না নামিবেক তাবৎ পর্য্যন্ত জল দিতে হইবে। কীট হইতেও চারাসকলকে রক্ষা করা পরামর্শ সিদ্ধ। এ নিমিত্ত কাঁচা কলা গাছের বাকড়া এক২ ফুট লম্বা করিয়া কাটিয়া দেয়, তদ্দ্বারা অতি পরিপাটীরূপে সূর্য্যাতপ হইতে কোমল চারা সকল রক্ষিত হইয়া থাকে। এ স্থলে ইহাও বক্তব্য, যে কপির চারা স্থানান্তর করিবার সময়েও উক্ত প্রকারে আচ্ছাদন দিয়া থাকে। পরে চারা সকল বৃদ্ধি পাইতে থাকিলে মৃত্তিকা উত্তমরূপে খুসিয়া ও বনগাছ নিড়াইয়া সম্পূর্ণরূপে পরিষ্কার রাখা কর্ত্তব্য, এই কার্য্য সহজে সাধনার্থ এক খানা ক্ষুদ্র বিদাকাঠী উভয় শ্রেণীর মধ্য দিয়া উভয় দিকে অর্থাৎ উত্তর হইতে দক্ষিণ এবং পূর্ব্ব হইতে পশ্চিমে সঞ্চালিত হয়। তাহাতে উক্ত যন্ত্র মূল স্পর্শ না করিয়া কিঞ্চিৎ অন্তর দিয়া চলিয়া যায়। এই প্রকরণ পুনঃ২ করিতে হয়। বিদাকাষ্ঠ দ্বারা যে সকল আগাছা উৎপাটীত না হয় সে সকল পেষণ অথবা নিড়ানী দ্বারা নিবারিত হইয়া থাকে। যদি মৃত্তিকায় উপযুক্ত মত সার দেওয়া না হয় তবে খলী ও গোময় একত্র করিয়া তাহার গুঁড়া মূলের চতুষ্পার্শ্বে দিয়া মৃত্তিকায় মিশ্রিত করিয়া দিতে হয়। যে সময়ে চারায় বড়২ পাঁচ ছয় টা পাতা বাহির হয় সেই সময় তাহার বৃদ্ধি নিবারণ নিমিত্ত পুষ্প মঞ্জরী সকল ভাঙ্গিয়া দেওয়া কর্ত্তব্য, তাহাতে নূতন২ ফেকড়ী ও পল্লব গজিয়া উঠিবে, সে সমুদায় নির্গত হইবা মাত্র যত্নপূর্ব্বক ভাঙ্গিয়া দিতে হইবেক। এরূপ করণের ফল এই যে তদ্দ্বারা অতি দীর্ঘ ও উত্তম গুণশালী পত্র সকল পাওয়া যাইবেক, যেহেতু চারার সমুদায় রস পত্র নিকরেই উত্থিত হয়। উক্ত প্রকরণ সমাপ্ত হইলে চারার নীচে যে সকল ক্ষুদ্র২ পাতা থাকে,

তত্তাবৎ ভাঙ্গিয়া লইয়া কিয়দ্দিবস মৃত্তিকার উপর রাখিয়া শুখাইয়া ছোটং আটী বাঁধিয়া ছাদের নিম্নে ঝুলাইয়া রাখা যায়। এই সকল পাতা দুঃখী লোকেরা হুঁকায় সাজিয়া খায়।

" পাতা কাটুনী ও প্রস্তুত করণ। যখন পত্র সকল সুপক্ক অর্থাৎ হরিদ্বর্ণের পরিবর্ত্তে ঈষৎ পীতবর্ণ ও আশু ভঞ্জনীয় হয় এবং তাহার সমুদয়াংশ অসমান তথা কঞ্চিত হয়, তখনি কাটুনির কর্ম্মারম্ভ হইয়া থাকে। কাটিবার সময় কিঞ্চিৎ ২ বৃক্ষের ছাল সুদ্ধ কাটিয়া লইতে হয়। পরে পত্র সকল কাটা হইলে ভূমির উপর এরূপ নিয়মে বিস্তৃত করিয়া শুখাইতে হইবেক যে, তাহাদিগকে নোয়াইলে না ভাঙ্গে অর্থাৎ মড়্‌মড়িয়া না যায়। অনন্তর সে সকল লইয়া ছাওয়ায় রাখিবেক। পরন্তু প্রয়োজনানুসারে ২ কি ৪ টা করিয়া পাতা লইয়া আটি বান্ধিয়া রাখারিব উপর হাল্‌সি গাঁথিয়া পুনশ্চ তত্তাবৎ স্বল্প তৃণাচ্ছাদিত চৌড়া চালের নীচে ঝুলাইয়া রাখিতে হইবেক, তথায় ঈষৎ পিঙ্গলবর্ণ হইলে সে সকল লইয়া এক গৃহেব চালের নীচে ঊর্দ্ধ স্থান হইতে অধোভাগ পর্য্যন্ত একটাব পর আব একটা, এইরূপ সারি করিয়া সাজাইতে হইবেক। সেখানে সে সকল উত্তম রূপে শুষ্ক হইলে নামাইয়া লইয়া নানাবিধ আকারে আটি বদ্ধ করে কিন্তু ঐ বিষযে এরূপ সতর্কতার আবশ্যক যেন মেঘাচ্ছন্ন দিনে এই কর্ম্ম সম্পন্ন হইতে পারে, যেহেতু রৌদ্রের সময় পত্র সকল শুখাইলে ঠুনকা হইয়া উঠিবাতে নষ্ট হয়। এ দেশে পাতা ঘামাইবার ও গাঁজিবার প্রথা নাই কিন্তু এখানে যে সামান্য নিয়মে পাতা নির্দ্দোষ করা যায়, তৎপরিবর্ত্তে কিউবা দেশের প্রচলিত নিয়মাবলম্বন করিলে অত্যুৎকৃষ্ট তামাকু উৎপন্ন হইতে পারে। অপর আঁটি বাঁধিবার সময় নূতন বিচালীর লঘু আচ্ছাদন ব্যবহার করা যায়।

কৃষি এবং উৎপত্তিব পরিমাণ প্রভৃতি। এবিষয়ের পরিমাণ নিশ্চয় রূপে স্থিব করা যায় না, অনুমান হয়, প্রতি বৎসর লক্ষ মোন উৎপন্ন হয়। এতৎ পরিমাণ বিঘা করিয়া অবধারিত হইল। এই জিলায় আনুমানিক তিন লক্ষ বিঘায় তামাকু চাস হয়; তামাকুর সহিত নীল চাসের তুলনা করাতে দেখা গিয়াছে, যেস্থলে নীলের চাস এক বিঘা সে স্থলে তামাকুর চাস তিন বিঘা ভূমিতে আছে সুতরাং ঐ জিলায় নীলেব চাস এক লক্ষ বিঘায় হইয়া থাকে। সেরাজগঞ্জ, পাবনা, কালনা এবং বাঙ্গালা দেশের নিম্ন প্রদেশের যাবতীয় বন্দর ও গঞ্জের মহাজনদিগের হস্তেই রঙ্গপুরীয় তামাকুব ব্যবসা রহিয়াছে, তাহারা বর্ষাকালে বড়ং নৌকা করিয়া আসিয়া ভরপুর বোঝাই লইয়া উপরি উক্ত স্থান সকলে লইয়া যায়। মগেরাও নৌকা করিয়া আসিয়া বহুল পরিমাণে ক্রয় করে। উৎপত্তি এবং অন্যান্য কারণানুসারে ২ টাকা হইতে ৩ টাকা পর্য্যন্ত বাজার দরে প্রত্যেক মোনের মূল্যের ন্যূনাতিরেক হয়। যদবধি ঐ জিলায় নীলের ব্যবসা চলিয়াছে তদবধি নীল খাগড়ার উর্ব্বরাকরত্ব গুণ বিধায় প্রচুর পরিমাণে সার পাওয়াতে তামাকুর চাস বৃদ্ধি হই-

যাছে। প্রজারা এই দ্রব্যের কৃষির নিমিত্ত দিবারাত্রি পরিশ্রম করে। তাহাতেই তাহারা ভূম্যধিকারি এবং মহাজনদিগের গুরুতর দাবী দিতে সক্ষম হয়। কোন্ সময়ে তামাকু এদেশে চলিত হইয়াছে তাহা নিশ্চয় বলা যায় না, কিন্তু বাঙ্গালা তামাকু শব্দের সহিত পর্ত্তুগীস তাবাকা শব্দের ঐক্য বিধায় বোধ হয় পর্ত্তুগীস জাতিরাই আনিয়া থাকিবেক। পাতা পাকিবার সময় যদি ঐ জিলায় ভারি শিলা বৃষ্টি হয় তাহা হইলে তামাকুর পত্র আশু ভঞ্জনীয় বিধায় অত্যন্ত ক্ষতি হইয়া থাকে, তাহাতে অনেক প্রজার সর্ব্বনাশ হইয়া যায়।

১০। তুলা।

বিলাতে নানা প্রকার কাপড় প্রস্তুত হয়, এজন্য তুলার খরচ অধিক। মার্কিন দেশে উত্তম তুলা জন্মে। সে দেশ হইতে বিলাতে বৎসর ২ প্রায় ১৪ ক্রোর মোন তুলা আমদানি হইয়া থাকে। এতদ্ব্যতিরিক্ত অন্যান্য দেশ হইতে বিলাতে তুলা আইসে।

যে তুলা টানিলে শীঘ্র না ছিঁড়ে ও যাহার নাম লাংষ্টেপেল তাহারি কাট্‌তি অধিক। এইরূপ তুলা ধারওয়ার ও নাগপুরে জন্মে।

মার্কিন দেশীয় তুলা এতদ্দেশীয় তুলা অপেক্ষা উৎকৃষ্ট ও তাহার চাস এখানে করাতে লাভজনক হইতে পারে। নিউ আরলিন্স নামে মার্কিন দেশীয় যে তুলা তাহার বীজ সবুজ ও ঐ বীজ হইতে তুলা সহজে ছাড়ান যায় না। ঐ তুলার চাস বেহার, উপর বঙ্গদেশ ও উত্তর পশ্চিম অঞ্চলে ভাল হইতে পারে। সি আইলেণ্ড নামক যে মার্কিন দেশীয় তুলা তাহার বীজ কাল এবং ঐ বীজের গায়ে তুলা কেবল লেগে থাকে, ও তাহা অতি সহজে ছাড়ান যাইতে পারা যায়। ঐ তুলার চাস সুন্দর বনে এবং বে আব বেঙ্গলের দুই ধারে উত্তম রূপ হইতে পারে।

মারকিন দেশীয় তুলার চাস করিতে গেলে ফেব্রুয়ারি অথবা মার্চ্চ মাসে জমি তৈয়ার করিতে হইবে। জমিতে ভাল করিয়া লাঙ্গল দিতে হইবেক ও আগাছা পরগাছা সকল পরিষ্কার করিতে হইবেক। সারের মধ্যে গোবর ও গাছপচা তুলার চাসের পক্ষে উত্তম সার। লাঙ্গলের পরে জমিতে চারি২ ফিট অন্তর আল বাঁধিয়া দিতে হইবেক, কিন্তু শুষ্ক মৃত্তিকায় আল দিবার আবশ্যক নাই একারণ বেহার পর্য্যন্ত মাটিতে আল করা চলিতে পারে। তুলার চাস জন্য এমত উচ্চ বেলে মাটি চাই, যাহাতে শিশির বড় না থাকে ও যদিও মধ্যে২ বৃষ্টির আবশ্যক তথাপি নীচু সেঁতসেঁতে স্থানে ইহার চাস করা অকর্ত্তব্য।

মে অথবা জুন মাসে আলের উপর ২। ৩ ফিট অন্তরে তাজা বীজ ৩ নাগাদ ৬ টি ১। ২ ইঞ্চি অন্তর একটি২ গর্ত্তের ভিতর পুতিবে। যখন এক২ স্থানে দুইটি বীজের অধিক অঙ্কুর হইবে তাহাদের তিনটি বা চারিটি পাতা বাহির হইলে গাছ ঘরে নাড়িয়া রাখিবে—আলের অন্য গর্ত্তে প্রয়োজন হইলে তথায়

বসাইয়া দিবে। দশ দিন পরে ঐ দুইটি অঙ্কুরিত বীজের মধ্যে একটিকে নাড়িতে হইবে, ফলতঃ এক২ গর্ত্তে একটী২ অঙ্কুরিত বীজ থাকিবে। বীজ তাজা হইলে, এবং বৃষ্টি না হইলে এক সপ্তাহের মধ্যে অঙ্কুরিত হয়। যখন চারা গজিয়া উঠিবে তখন জমি পরিষ্কার ও নরম রাখিবার জন্য কোদাল দিতে হইবেক। জমি আল্‌গা রাখা বড় আবশ্যক, কারণ তাহা হইলে শিকড় জোরে প্রবেশ করে ও শিকড় এরূপ প্রবেশ করিলে চারা সকল নিম্ন মাটির রস পাইয়া অনাবৃষ্টি ইত্যাদি হইতে রক্ষিত হইতে পারে। যখন চারা ১৮ ইঞ্চ উচ্চ হইয়া উঠিবে, তখন জমিতে বনাজ পরিষ্কার করিয়া পুনর্ব্বার কোদাল দিতে হইবেক এবং ডাঁটার নিম্ন ভাগের পার্শ্বে মাটি দিতে হইবেক।

বীজ বপন করিবার তিন মাসের মধ্যে ঝড় বৃষ্টি না হইলে ও মাটি ভাল হইলে চারা তিন ফিট হইয়া ফুল ধরিতে আরম্ভ করিবে। ৬। ৮ সপ্তাহের মধ্যে অর্থাৎ অক্টোবর মাসে যখন বৃষ্টির শেষ ও অধিক শিশির জন্য চারার হানির সম্ভব নাই, কতকগুলিন সুঁটি পাকিবে। এ সময়ে দেখিতে হইবে যে ডাল পালা অথবা পাতার দ্বারা ফুলের এবং সুঁটির হানি হইতেছে কি না —যদি হয় তবে চারার মাথা দুই এক ইঞ্চ কাটিয়া দিতে হইবেক।

সুঁটি পাকিলে বড় সাবধানে তুলিয়া আনা আবশ্যক। কৃষকের তিনটি থলিয়া লইয়া যাওয়া উচিত। উত্তম মধ্যম ও অধম সুঁটি দেখিয়া থলিয়াতে স্বতন্ত্র করিয়া রাখিতে হইবেক। সুঁটি সংগ্রহ করণের সময় এই সাবধান হওয়া কর্ত্তব্য যে, শুষ্ক পাতা ইত্যাদি তাহার সহিত না মিশ্রিত হয় কারণ এই সকল দ্রব্য সুঁটির সঙ্গে মিশ্রিত হইলে তুলা নরম হইয়া পড়ে। সুঁটি সংগ্রহ করণের যে পর্য্যন্ত শেষ না হয় সে পর্য্যন্ত দিন ২ সংগ্রহ করা উচিত। সুঁটির মুখ খুলিতে আরম্ভ হইলে শীঘ্র তুলিয়া না লইলে শিশির ও রৌদ্রদ্বারা শুষ্ক ও শক্ত হয়। সুঁটি সংগৃহীত হইলে তৃতীয় খণ্ডিস্থ যে সকল বিবর্ণ সুঁটি সে সকল বাছির করিয়া বাকি ভাল সুঁটি অন্য দুই থলির সুঁটির সঙ্গে মিশ্রিত করিতে হইবে। পরে কিছু কাল রৌদ্রে দিয়া তুলা বাহির করিতে হইবেক।

তুলার চাস করিতে গেলে যে ব্যয় হয় তাহার বিবরণ দেওয়া যাইতেছে।

তিন শত বিঘার খাজানা এক টাকার হিং	...	৩০০৲
জমি প্রস্তুতকরণের খরচ কি বিঘা ৫৲ টাকার হিং	...	১৫০০৲
বীজের মূল্য, কি বিঘা ।০ হিং	...	৭৫৲
৩০০ মোন তুলা পরিষ্কার করিবার ব্যয়	...	৪৫০৲
মোড়াই করিবার খরচ কি মোন ।০ হিং	...	৭৫৲
কলিকাতায় আনয়ন খরচ আন্দাজ	...	৪৫০৲
অন্যান্য বাজে খরচ	...	২২৫৲
		৩০৭৫৲

তিন শত বিঘায় ৩০০ মোন তুলা হইতে পারে, তাহা ২০ টাকা মোনে

বিক্রয় হইলে ৬০০০ টাকা হইবেক। যে জমিতে এক বৎসর তুলার চাস করা হইবেক তাহাতে পর বৎসর অন্য ফসল করিতে হইবেক। তুলা যে দরে বিলাতে বিক্রীত হইয়া থাকে তাহার তালিকা দেওয়া যাইতেছে।

বোম্বে তুলা	৪। ৫	পেন্স*	ফি পৌণ্ড*।
মান্দ্রাজ তুলা	৫। ৬	ঐ	ঐ
বাঙ্গালা তুলা	৪। ৪॥	ঐ	ঐ
মারকিন তুলা	৬। ৯	ঐ	ঐ

এখান হইতে বিলাতে তুলা পাঠাইতে গেলে রপ্তানি খরচ জাহাজের ভাড়া বিমা ও সেখানকার সকল খরচ ফি পৌণ্ড ১॥ পেন্স পড়তা হয়। এতদ্দেশীয় তুলার মধ্যে ধারওয়ার, নাপুর ও তিনিবেলির তুলা বিলাতে ভাল বিক্রয় হয় বটে, কিন্তু মারকিন দেশীয় তুলাতে সর্ব্ব প্রকার বস্ত্রাদি প্রস্তুত হয়। এতদ্দেশীয় তুলায় কেবল ঘেটে গোঁচের কাপড় চোপড় তৈয়ার হয়। এদেশে তুলা ভাল যে না জন্মিবে তাহার কিছুই কারণ নাই। মারকিন দেশে অতিশয় যত্নে তুলার চাস হয় তাহার প্রণালী পূর্ব্বে উক্ত হইয়াছে। এখানে হাত দিয়া বীজ ছড়ান হয় তাহাতে চারার এমন ঘেঁস হয় যে কোদাল দিবার, পরিষ্কার করিবার অথবা ডাল পালা কাটিবার স্থান থাকে না। আর এক প্রধান দোষ এই যে এদেশে বীজের পরিবর্ত্তন হয় না, মারকিন দেশে পাঁচ বৎসরের পর এক রকম বীজ ব্যবহার হয় না। মারকিন দেশে তুলার গাছ ৫ ফিট লম্বা হইয়া উঠে।

গঙ্গা ও যমুনার মধ্যে যে দেশ তথা হইতে তুলা পূর্ব্বে রপ্তানি হইত কিন্তু এক্ষণে যে তুলা উৎপত্তি হয় তাহা তথায় খরচ হয়। পূর্ব্বাপেক্ষা এতদ্দেশীয় তুলার রপ্তানি বিলাতে অধিক হইতেছে বটে, কিন্তু এক্ষণে মারকিন দেশে ঘরাও বিবাদ উপস্থিত হওয়াতে সেখান হইতে বিলাতে তুলার রপ্তানি অল্প হইতে পারে, অতএব এদেশে তুলার চাস বিবেচনা পূর্ব্বক করিতে পারিলে লাভের সম্ভাবনা বোধ হইতেছে।

১১। খেজুরিয়া গুড়।

এপ্রেল অথবা মে মাসে কিঞ্চিৎ বৃষ্টি হইলে খেজুর গাছের চারা ১০।১২ ফিট অন্তর পুতিবে। গাছ পুতিলে পরে সার দেওয়া অথবা অন্য কোন ব্যয়ের আবশ্যক নাই। গাছের মধ্যে সরষে তিসি ইত্যাদির ফসল হইতে পারে। এক বিঘাতে ১০ ফিট অন্তর করিয়া গাছ পুতিলে ১৬০টী গাছ হইবে। ইহার পাঁচ বৎসরের ব্যয় আন্দাজি কোং সিক্কা ১০৮০। পাঁচ বৎসরের পর রস বাহির করিলে ভাল হয়। তিন বৎসরের পর কেহ২ রস বাহির করিয়া

* এক পেনি আড়াই পয়সা ও এক পৌণ্ড প্রায় অর্দ্ধ সের।

থাকে কিন্তু তাহাতে অধিক রস পাওয়া যায় না। এক বিঘায় ১৬০টী গাছ হইলে ৭৮৭৷৷০৷৶০ বাজার মোন রস জন্মে এবং ঐ রসে ৮৭৸০ বাজার মোন গুড় হয়। গুড় করিবার ব্যয়ের সহিত ১০৸০ একত্র করিলে কোং সিক্কা ৫৯০ অথবা এক২ মোন গুড়ের খরচা ৸০ পড়তা হয়। খেজুরিয়া গুড় কোং সিক্কা ২৸০। ৩ টাকায় সচরাচর বিক্রয় হইয়া থাকে, খেজুর গাছের চাস বাহুল্যরূপে করিলে অর্থাৎ ১০০০। ২০০০ বিঘায় চাস করিলে বিলক্ষণ লাভের সম্ভাবনা। গাছ গুলিন শ্রেণী পূর্ব্বক পুতিলে রস সংগ্রহ অল্প ব্যয়ে হইতে পারে।

১২। গিনি ঘাস।

গিনি ঘাস গো মহিষাদির পক্ষে অতি উপকারক বিশেষতঃ দুগ্ধবতী গাভীর পক্ষে ইহার ন্যায় আর খাদ্য নাই।

প্রাতঃকালে রৌদ্র না লাগে এমত একটা স্থান আয়ত্ত করিয়া লইয়া তাহার মৃত্তিকা প্রথমতঃ সুন্দর রূপ গুঁড়া করিয়া প্রচুর রূপে বীজ ছড়াইয়া দিতে হয়, পরে মালী ঐ গুড়া মাটী হস্ত দ্বারা উপরে২ চালিয়া দিয়া সেই সমস্ত বীজ যাহাতে আল্‌গা মাটীতে চাপা পড়ে এমত করিয়া দেয়, গ্রীষ্ম বাহুল্য হইলে জল সেক না করিয়া দিন কয়েক ঐ স্থান কেবল দরমা চাপা দিয়া আচ্ছাদিত করিয়া রাখিয়া দিতে হয়। এইরূপ করাতে যথেষ্ট ঘাস জন্মিয়াছে, কখন কোন ব্যাঘাত হয় নাই, নূতন২ ঘাস যখন তিন অঙ্গুলি পরিমাণ উচ্চ হইয়া উঠে তখন গোড়া নষ্ট না হয় এমত করিয়া প্রত্যেক গাছ অতি সাবধানে মাটী সুদ্ধ তুলিয়া লইয়া দুই ফিট অন্তরে রীতি পূর্ব্বক রোপণ করিয়া কয়েক দিবস পর্য্যন্ত স্বায়ংকালে গোড়ায় জল দিতে২ ক্রমশঃ সেই নূতন মাটীতে শিকড় বদ্ধ হইয়া বসিয়া যায়।

সম্পূর্ণ।